এই পুস্তক কলিকাতা ২৯৮ নম্বর অপার সার্কুলার রোড,
গ্রন্থকারের নিকট প্রাপ্তব্য।

দ্বিতীয় সংস্করণের ভূমিকা।

প্রথম সংস্করণের "ভৈষজ্য-তত্ত্ব" সমুদয় নিঃশেষিত হওয়াতে, ইহা পুনর্মুদ্রিত হইয়া প্রকাশিত হইল। এই সংস্করণে গ্রন্থ-খানির [illegible]নকাংশ সংশোধিত এবং পরিবর্দ্ধিত হইয়াছে। নূতন ঔষ[illegible] ঔষধ-প্রস্তুত-করণ প্রণালী প্রভৃতি সন্নিবেশিত হওয়ায়, পু[illegible] কলেবর পূর্ব্বাপেক্ষা অনেক বৃহৎ হইয়াছে।

পরিশেষে কৃতজ্ঞতার সহিত উল্লেখ করিতেছি যে, কলিকাতা মেডিক্যাল্ স্কুলের এসিষ্ট্যাণ্ট্ ডিমনষ্ট্রেটর্ ডাক্তার বেণীমাধব [illegible]সু পুস্তক সংস্করণ সম্বন্ধে সাহায্য করিয়া, আমাকে অতিশয় উপকৃত করিয়াছেন।

[illegible]লিকাতা মেডিক্যাল্ স্কুল,
কলিকাতা, ১লা জুন ১৮৯[illegible]।

গ্রন্থকার।

ভৈষজ্য-তত্ত্ব।

চতুর্থ অধ্যায়।

পঞ্চম অধ্যায়।

জান্তব ঔষধ শ্রেণী।

ভৈষজ্য-তত্ত্ব।

ঔষধের ক্রিয়া ও প্রয়োগাদির বিবরণ।

যে যে উপায় অবলম্বন ও যে যে দ্রব্য প্রয়োগ দ্বারা রোগের প্রতিকার হয়, সেই সকলকেই ঔষধ কহে।

ঔষধ সকল তিন প্রকার। ১ম উদ্ভিদ্ ; যথা, বৃক্ষ ও লতাদির পত্র, বল্কল, ফল, পুষ্প ও মূলাদি। ২য় পার্থিব ; যথা, ধাতু ও তৎসজ্বটিত দ্রব্যাদি। ৩য় জান্তব ; যথা, পশু, পক্ষী, কীট ও পতঙ্গাদি।

এতদ্ব্যতীত আহার বিহারাদির নিয়ম, বায়ু-পরিবর্ত্তন, ব্যায়াম, ইলেক্‌ট্রিসিটী (Electricity), গ্যাল্‌ভ্যানিজম্ (Galvanism), ম্যাগ্‌নেটীজম্ (Magnetism), অস্ত্রচিকিৎসা প্রভৃতিও ঔষধ মধ্যে গন্য।

ঔষধদ্রব্য সকল মুখ্য (Direct) ও গৌণ (Remote),—এই দুই প্রকারে শরীরের উপর কার্য্য করে। ঔষধ সেবনের পর যে ক্রিয়া প্রকাশ পায়, তাহাকে মুখ্য ক্রিয়া কহে। মুখ্য ক্রিয়া প্রকাশের পর আবার যে ক্রিয়া প্রকাশ পায়, তাহাকে গৌণ ক্রিয়া কহে। যথা, টার্টার-এমিটিক বুকের উপর মর্দ্দন করিলে, ঐ স্থান আরক্তিম হয়। ইহা টার্টার এমিটিক প্রয়োগের মুখ্য ফল। পরে ঐ মর্দ্দন হেতু রোগীর যে বমন উপস্থিত হয়, তাহা ইহারই গৌণ ক্রিয়া।

মুখ্য ক্রিয়া। ১ম—ফিজিক্যাল্ (Physical) অর্থাৎ ভৌতিক; ২য়—কেমিক্যাল্ (Chemical) রাসায়নিক; ৩য়—ভাইট্যাল্ (Vital) বা জীবন; এই তিন প্রকার নিয়মে কার্য্য করে।

১। ভৌতিক নিয়ম তিন প্রকার। যথা, শোষণ, আবরণ ও তরলকরণ।

(ক) শোষণ-ক্রিয়া অন্তর্ব্বাহ ও বহির্ব্বাহ (Endosmosis and Exosmosis) নামক নিয়মের অধীন। এই নিয়মানুসারে যদি কোন জান্তব ঝিল্লির দুই পার্শ্বে দুই প্রকার তরল পদার্থ রাখা যায়, অথবা উহাদের মধ্যে একটি তরল ও অপরটি গাঢ় হয়, তাহা হইলে দেখা যায় যে, প্রথমে পরস্পর পরস্পরকে আকর্ষণ করিতে থাকে ও পরে উভয়ে আকৃষ্ট হইয়া মিশ্রিত হইয়া যায়। ইহাদের পরস্পরের আকর্ষণশক্তি সমান নহে। গাঢ় পদার্থ তরল পদার্থকে অধিক পরিমাণে আকর্ষণ করে। ঔষধের ক্রিয়াপ্রকাশার্থ এ নিয়ম অতি প্রধান; কারণ, এই নিয়মের অনুবর্ত্তী হইয়া ঔষধ সকল শরীর মধ্যে শোষিত হয় ও পরে রক্তস্রোতের সহিত সঞ্চারিত হইয়া যথাস্থানে নিজ-নিজ ক্রিয়া প্রকাশ করে।

(খ) আবরণ। শরীরের কোন স্থানে ঔষধ সংলগ্ন করিয়া, ঐ স্থানকে আচ্ছাদিত করার নাম, আবরণ। এই প্রণালী দ্বারা আচ্ছাদিত স্থান অপর দ্রব্যের ঘর্ষণ ও রাসায়নিক ক্রিয়া হইতে রক্ষিত হয়। যথা, ক্ষতাদিতে কলোডিয়ন্ (Collodion) বা মলম প্রয়োগ।

(গ) তরলকরণ। জলীয় দ্রব্য অধিক পরিমাণে সেবন দ্বারা ইহা সাধিত হয়।

২। রাসায়নিক নিয়ম। যথা, ক্ষার দ্বারা অম্লনাশ ও অম্ল দ্বারা ক্ষারনাশ, জান্তব অঙ্গার দ্বারা বিবিধ উদ্ভিদ-বীর্য্যের ক্রিয়ালোপ প্রভৃতি।

৩। জীবনিক নিয়ম। এই নিয়ম দ্বারা ঔষধ দ্রব্য সকল রক্ত-স্রোতের সহিত শোষিত হইয়া যন্ত্রবিশেষের ক্রিয়া দর্শায়। মৃত শরীরে এই ক্রিয়া দেখা যায় না। ভৌতিক ও রাসায়নিক নিয়মানুযায়ী কার্য্য মৃতদেহে দেখা যাইতে পারে, কিন্তু জীবনিকনিয়ম জীবন ভিন্ন অন্যে প্রকাশ পায় না।

ক্রিয়ার বিবরণ। পূর্ব্বে ইহার বিষয় বর্ণিত হইয়াছে। এক্ষণে তাহা কি প্রকারে প্রকাশ পায়, তাহা বর্ণন করা যাইতেছে।

১ম। উত্তেজনার পর দৌর্ব্বল্য। শরীরের নিয়ম এই যে, কোন যন্ত্রের ক্রিয়া উত্তেজিত হইলে পর, তাহার শক্তি ব্যয়িত হইয়া নিস্তেজ হয়। এই অবস্থা কিছুকাল থাকে। আবার শক্তির পুনরুদ্রেক হয়। যথা, ১ম—মদ্যপানের পর শরীরের অবসন্নতা। ২য়—দৌর্ব্বল্যের পর উত্তেজনা। যথা,—বিসূচিকা রোগের হিমাঙ্গাবস্থায় শরীর শীতল হয়। পরে ক্রমে ক্রমে জীবনীশক্তি উন্নত হইয়া পূর্ব্বের মত উষ্ণ হওয়াকে প্রতিক্রিয়া (Reaction) কহে। ৩য়—শারীরিক ক্রিয়া সকলের আনুগত্য সম্বন্ধ। শারীরিক এক বা একাধিক প্রধান ক্রিয়ার দোষ জন্মিলে অন্যান্য ক্রিয়া সকলেরও দোষ জন্মে। যথা, মাদকদ্রব্য অধিক পরিমাণে সেবন করিলে মস্তিষ্কে রক্তাধিক্য প্রযুক্ত তাহার ক্রিয়ার হ্রাস হয় ও ইহার সঙ্গে সঙ্গে শ্বাস প্রশ্বাস, রক্তসঞ্চালনাদির ক্রিয়ারও হ্রাস হয়। বৃহৎ অস্ত্রচিকিৎসাদিতে বা ভয়ে শরীরের যে অবসন্নতা উপস্থিত হয়, ইংরাজিতে তাহাকে শক (Shock) কহে। তাহাও এই নিয়মাধীন।

৪র্থ। স্নায়ুনীত ফল (Sympathy)। যথা, প্রসবের পর সন্তান প্রসূতির স্তনপান করিলে জরায়ুর সঙ্কোচন হয়।

৫ম। প্রত্যুগ্রতাসাধন (Counter Irritation)। যদি কোন স্থানে কোন কারণ বশত রক্ত ও স্নায়ুশক্তি সংগৃহীত হয়, (Inflammation) তাহা হইলে ঐ স্থানে উগ্র ঔষধ প্রয়োগ দ্বারা আক্রান্ত স্থানকে প্রকৃতিস্থ করা যায়।

৬ষ্ঠ। শারীরিক নিরাময়িক শক্তি। শরীরে কোন প্রকার ক্ষতি উপস্থিত হইলে এই নিরাময়িক শক্তি দ্বারা উহা পূরণ হয়। কখন কখন ঔষধ দ্বারা নূতন রোগ উপস্থিত করিয়া, এই নিরাময়িক শক্তির উদ্রেক দ্বারা পূর্ব্ব রোগের প্রতিকার করা হয়। যথা, পুরাতন ক্ষতাদিতে দাহক ঔষধ দ্বারা প্রদাহ জন্মাইয়া অবশেষে ঐ ক্ষত আরোগ্য করা হয়।

৭ম। রোগের মূল কারণ বিনাশ দ্বারা আরোগ্য লাভ। যথা, অজীর্ণ বশতঃ শিরঃপীড়ায় অজীর্ণ রোগের চিকিৎসা করিলে শিরঃপীড়া আরোগ্য হয়।

ঔষধ সকল দ্বাদশ প্রকারে রোগের প্রতিকার করে। যথা,—

১ম। দোহন (Depletion)। ইহা দুই প্রকারে সম্পাদিত হয়। ১ম—মুখ্য (Direct) দোহন। ইহা ব্যাপ্ত ও স্থানিক রক্তমোক্ষণ ও শরীরস্থ রস নিস্রবণের আধিক্য করণ। ২য়—গৌণ (Indirect) দোহন। যথা, পুষ্টিকর আহার বন্ধ করা। দোহন দ্বারা দুইটি উদ্দেশ্য সাধিত হয়। ১ম—রক্তাধিক্য ও প্রদাহ নিবারণ। ২য়—বদ্ধরস শোষণ।

রক্তমোক্ষণ দ্বারা রক্তের পরিমাণ হ্রাস ও প্রদাহ নিবারণ হয়। বদ্ধরস শোষণ করিতে হইলে প্রস্রাব-ক্রিয়ার পরিবর্দ্ধন ও গৌণ দোহন আবশ্যক। প্রদাহ নিবারণার্থ দোহন ব্যবহার করিলে তাহাকে প্রদাহনাশক (Anti-phlogistic) কহে।

২য়। পোষণ (Repletion)। ইহার ক্রিয়া দোহনের বিপরীত। পোষণের নিমিত্ত পুষ্টিকর আহার, নির্ম্মল বায়ুসেবন, শীতল জলে স্নান, বলকারক ঔষধ ইত্যাদি ব্যবহার্য্য।

৩য়। সংশোধন (Elimination)। শরীরস্থ ত্যাজ্য বস্তু সকল রক্তে শোষিত হইয়া সংস্কারযন্ত্র সকলে নীত হয়। পরে ঐ সকল যন্ত্র দ্বারা রক্ত হইতে ভিন্ন হইয়া নির্গত হয়। ইহা দ্বারা রক্ত সংশোধিত হইয়া থাকে। কোন কারণ বশতঃ সংস্কারকযন্ত্রের ক্রিয়া বন্ধ হইলে শরীরস্থ ত্যাজ্য বস্তু সকল সঞ্চিত হয় এবং সেই হেতু উৎকট রোগ সকল উৎপন্ন করে। এমত অবস্থায় সংস্কারকযন্ত্রদিগের ক্রিয়াবর্দ্ধন দ্বারা রোগের প্রতিকার করা যাইতে পারে। এই প্রক্রিয়াকে সংশোধন কহে।

৪র্থ। উত্তেজন (Stimulation)। ইহা দুই প্রকার। ব্যাপ্ত অর্থাৎ সমুদায় শরীরে প্রকাশ্য। স্থানিক, অর্থাৎ কেবল স্থান বা যন্ত্র

বিশেষে প্রকাশ্য। সুরা, ইথার প্রভৃতি ঔষধ ব্যাপ্তউত্তেজক এবং মূত্রকারক। কফনিঃসারক প্রভৃতি ঔষধ স্থানিক উত্তেজক।

৫ম। তরলকরণ (Dilution)। জলীয় দ্রব্য অধিক পরিমাণে সেবন দ্বারা ইহা সম্পাদিত হয়। পাকাশয়ে অধিক পরিমাণে অম্লরস হইলে তন্নিবন্ধন বুকজ্বালা প্রভৃতি অম্লের লক্ষণ প্রকাশ পায়। ঐ সময়ে এক গ্লাস আন্দাজ জল পান করিলে ঐ বুকজ্বালার উপশম হয়। রক্তের পরিমাণ গাঢ় হইলে অধিক পরিমাণে জলপান দ্বারা উহা শরীরে শোষিত হয় ও রক্তের তারল্য বৃদ্ধি করে।

৬ষ্ঠ। অবসাদন (Sedation)। ইহা উত্তেজনার বিপরীত। অবসাদন দুই প্রকার—ব্যাপ্ত ও স্থানিক।

যে সকল ঔষধ সমুদয় শরীরের অবসাদন ক্রিয়া প্রকাশ করে, তাহাদিগকে ব্যাপ্ত অবসাদন কহে। আর যাহারা শরীরস্থ বিশেষ বিশেষ যন্ত্রের ক্রিয়ার হ্রাস করে, তাহাদিগকে স্থানিক অবসাদন কহে।

ক্লোরোফরম, শৈত্য প্রভৃতি ঔষধ ব্যাপ্ত অবসাদক। এই ব্যাপ্ত অবসাদক ঔষধ আবার স্থানীকরূপে প্রয়োগ করিলে স্থানিক অবসাদন ক্রিয়া প্রকাশ করে।

৭ম। দমন (Supercession) অর্থাৎ ঔষধ দ্বারা শরীরে নূতন রোগ সংস্থাপন করতঃ পূর্ব্ব রোগের প্রতিকার করা।

৮ম। প্রত্যুগ্রতাসাধন (Counter Irritation) ইহা দ্বারা এক স্থানে প্রদাহ সংস্থাপন পূর্ব্বক অন্য স্থানের প্রদাহের প্রতিকার করা হয়।

৯ম। পরিবর্ত্তন (Alteration)। ঔষধ দ্বারা শরীরের ভাব ক্রমশঃ পরিবর্ত্তিত করিয়া রোগের প্রতিকার করণ।

১০ম। আণ্টিকজেসন্ (Anticausation)। রোগের মূল কারণ বিনাশ দ্বারা তজ্জনিত আময়িক লক্ষণ নিবারণ। যথা, যকৃতপ্রদাহে ক্যালমেল প্রভৃতি পিত্তনিঃসারক ঔষধ দ্বারা যকৃতের ক্রিয়াবিকৃতি সংশোধিত করিলে যকৃতঘটিত জ্বর নিবারণ হয়।

১১শ। রাসায়নিক শক্তি (Chemical Influence)। যথা, ক্ষার দ্বারা অম্লনাশ ও অম্ল দ্বারা ক্ষারনাশ ইত্যাদি।

১২শ। ভৌতিক শক্তি (Mechanical Influence)। ইহা পাঁচ প্রকার। যথা, (১ম) সংস্থাপন (Position); (২য়) চাপন (Comprĺssion); (৩য়) স্ফীত করণ (Distěntion); (৪র্থ) ঘর্ষণ (Friction), (৫ম্) আচ্ছাদন (Covering)।

ঔষধদ্রব্যের গুণনির্ণয়।

১ম। প্রায় সমস্ত গন্ধদ্রব্য বায়ুনাশক, বমননিবারক, উত্তেজক ও আগ্নেয় হইয়া থাকে। তিক্ত দ্রব্য বলকারক এবং মিষ্টাস্বাদের দ্রব্য প্রায়ই স্নিগ্ধকারক। দুর্গন্ধ দ্রব্য প্রায়ই আক্ষেপ নিবারক হয়।

২য়। রাসায়নিক তত্ত্বের সাদৃশ্যহেতু ধাতব অম্ল উদ্ভিদ্ অম্লের পরিবর্ত্তে ব্যবহার করা যায়।

৩য়। অনেক স্থলে উদ্ভিদের জাতিভেদে ঔষধের গুণ নির্ণয় করা যায়।

৪র্থ। মনুষ্য, পশু, পক্ষ্যাদি জীবের উপর ঔষধের ক্রিয়া পরীক্ষা করিবে। ইহার মধ্যে মানব দেহের পরীক্ষাই সর্ব্বশ্রেষ্ঠ।

ঔষধের ক্রিয়া ও ব্যবহার নির্ণয়।

(Action and uses of Drugs.)

ঔষধবিষয়ে ব্যুৎপত্তি লাভ করিতে হইলে ইহার ক্রিয়া (Physiological action) ও আময়িক (Therapeutical) প্রয়োগ সকল বিশেষরূপে জানা আবশ্যক। মানবশরীর মধ্যে ঔষধ সকল, যে উপায়ে কার্য্য করুক না কেন, তাহাদিগকে চারিভাগে বিভক্ত করা যাইতে পারে।

১ম। ঔষধ স্থানিক প্রয়োগে ক্রিয়া শীঘ্র প্রকাশ করা। (Immediate local action)। যখন কোন ঔষধ আভ্যন্তরিক বা বাহ্য প্রয়োগ করা যায় তাহা তৎক্ষণাৎ সেই স্থানে কার্য্য করিয়া থাকে। যেমন ইহার চর্ম্মোপরি লাগাইলে সেই স্থানে ফোস্কা উৎপাদন করিয়া থাকে। সাল্‌ফিউরিক্ এসিড খাইলে অর্শের উগ্রতা উৎপাদন করিয়া থাকে।

২য়। রক্তের উপর ঔষধের ক্রিয়া (Action in and on the blood)। প্রায় বহুসংখ্যক ঔষধ রক্তের প্লাজ্মার সহিত মিশিয়া শরীরে কার্য্য করিয়া থাকে।—যেমন, পটাস্ আওডাইড, সোডিয়ম্, সমুদায় এরোমেটীক্, লৌহ ইত্যাদি।

৩য়। পরীক্ষা সিদ্ধ ক্রিয়া (Specific action)। কতকগুলি ঔষধ রক্তের সহিত মিশ্রিত না হইলেও তাহারা তন্তু (Tissues) এবং যন্ত্রের (Organs) ভিতর প্রবেশ করিয়া ক্রিয়ার ব্যতিক্রম ঘটাইয়া থাকে। যথা, কুইনাইন ইত্যাদি।

৪র্থ। স্থান বিশেষে ঔষধ প্রয়োগে বিলম্বে ক্রিয়া প্রকাশ করা (Remote local action)। কতকগুলি ঔষধ স্থানিক প্রয়োগ করিবা মাত্র কিম্বা সেবন করিবা মাত্র তাহার ক্রিয়া প্রকাশ না করিয়া বিলম্বে কার্য্য করিয়া থাকে। যেমন পারদ, ডিজিটেলিস্ ইত্যাদি।

ঔষধপ্রয়োগরূপ।

ব্রিটিস্ ফার্ম্মাকোপিয়া মতে যে সকল প্রয়োগরূপ ব্যবহার করা হয়, তাহার তালিকা। ১। এসিডম্ (Acidum) ইং (Acid) বাং অম্ল। ২। এসিটম্ (Acetum) ইং, (Vinegar); বাং সির্কা। ৩। একোয়া (Aqua) ইং (Water) বাং জল। ৪। কনফেক্সিয়ো (Confectio) ইং (Confection); বাং খণ্ড। ৫। ডিকক্টম্ (Decoctum); ইং (Decoction) বাং কাথ। ৬। এসেন্সিয়া (Essentia) ইং (Essences) বাং সুগন্ধিদ্রব্য। ৭। এক্সট্রাক্টম্ (Extractum) ইং (Extract); বাং সার। ৮। ইন্‌ফিউজম্ (Infusum) ইং (Infusion) বাং কাণ্ট। ৯। মেল (Mel) ইং (Honey) বাং মধু। ১০। লিকর (Liquor); ইং (Solution); বাং দ্রব। ১১। মিস্‌চুরা (Mistura) ইং (Mixture) বাং মিক্শ্চার বা মিশ্র। ১২। মিউসিলেগো (Mucilago) ইং (Mucilage) বাং মণ্ড। ১৩। ওলিয়ো-রেজিনা (Oleo Resina) ইং (Oleo-Resin) তৈল মিশ্রিত ধুনা। ১৪। ওলিয়ম্ (Oleum); ইং (Oil); বাং তৈল। ১৫। অক্সিমেল্ (Oxymel) ইং (Oxymel); বাং সির্কামধু। ১৬। পাইলুলা (Pilula); ইং (Pill); বাং বটিকা। ১৭। পলভিস্

(Pulvis) ; ইং (Powder) ; বাং চূর্ণ। ১৮। সক্কাস্ (Succus) ; ইং (Juice) ; বাং রস। ১৯। স্পিরিটস্ (Spiritus) ; ইং (Spirit) ; বাং সুরা। ২০। সাইরুপাস্ (Syrupus) ইং (Syrup) ; বাং পাক। ২১। ট্যাবেলি (Tabellæ) ইং (Tablets) বাং এক প্রকার ক্ষুদ্র চাক্তি। ২২। টীংচুরা, ইং (Tincture) বাং অরিষ্ট। ২৩ ; টে াচিসাই (Trochisci) ; ইং (Logenges) ; বাং চাক্তি। ২৪। ভেপর (Vapor) ইং (Inhalation) বাং বাষ্প। ২৫। ভাইনম্ (Vinum) ; ইং (Wine) ; বাং দ্রাসব।

বাহ্য প্রয়োগরূপ। ১। ক্যাটাপ্লাজ্মা (Cataplasma) ইং Poultice ; বাং পুল্‌টিস্। ২। চার্টা (Charta) ; ইং Paper ; বাং কাগজ। ৩। এমপ্লাস্ট্রম (Emplastrum) ; ইং Plaster ; বাং পলস্তা। ৪। গ্লিশিরাইনম্ (Glycerinum) ; ইং Glycerine বাং গ্লিসারিণ। ৫। ইন্‌জেক্‌সিও হাইপোডার্ম্মিকা (Injectio Hypodermica ; ইং Hypodermich Injection ; বাং চর্ম্মমধ্যে পিচকারি। ৬। ল্যামেলি (Lamallæ) ; ইং Discs বাং ডিস্ক। ৭। লোসিয়ো (Lotio) ; ইং Lotion ; বাং ধৌত। ৮। এনিমেটা (Enemeta) ; ইং Enema ; বাং পিচকারী। ৯। সাপোজিটোরিয়া (Suppositoria) ; ইং Suppository ; বাং রথচূড়াকারে প্রস্তুত ঔষধদ্রব্য মল দ্বারে দেওয়া হয়। ১০। লিনিমেণ্টম্ (Linimentum) ; ইং Linimentum ; বাং মর্দ্দন। ১১। ওলিয়েটম্ (Oleatum) ; ইং Oleate ১২। অঙ্গুয়েণ্টম্ (Unguentum) ; ইং Ointment ; বাং মলম।

ব্যবস্থা পত্র দেখিয়া ঔষধদ্রব্য সংমিশ্রণ করিতে হইলে কি কি জানা আবশ্যক।

COMPOUNDING AND DISPENSING OF PRESCRIPTIONS.

এই বিষয় সুধু পুস্তকের উপর নির্ভর করিলে বিশেষ শিক্ষা পাওয়া যায় না। আপন হাতে অর্থাৎ প্র্যাক্‌টীক্যালি (Practically) না করিলে

এ বিষয়ে বুৎপত্তি লাভ করা যায় না। তথাপি মোটামুটি ইহার বিষয় উল্লেখ করা হইল :—

১। একটী কাউণ্টার লম্বা ৫ হাত প্রস্থ ৩ হাত হওয়া আবশ্যক। তাহার দুই পার্শ্বে ছোট ছোট দেরাজ থাকা উচিত। ডিস্পেন্সার (dispensor) তাহার মধ্য স্থানে দাঁড়াইয়া ঔষধাদী বন্টন করিবে। সেই দেরাজের মধ্যে আবশ্যকীয় জিনিষ থাকা উচিত যথা—দাগ কাটা কাগজ, কাঁচি, ছুঁচ, সূতা নানা প্রকার লেবেল, ছুরি, ছিপি, গালা মোহর ইত্যাদি।

(ক) কাউণ্টারের উপর সচরাচর ব্যবহার্য্য জিনিষ পার্শ্বে সাজাইয়া রাখা উচিত, যথা—নানা প্রকার জল (Aqua) মেজর গ্ল্যাস, পিলটাইল্ (Pill tile,) স্পেচুলা (Spatula) ইত্যাদি ও মধ্যস্থলে তৌল (Scale) রাখিবেক।

২। ডিস্পেন্সর (Dispensor) ব্যবস্থা পত্র পাইবা মাত্র বিশেষ মনোযোগের সহিত দুইবার আদ্যোপান্ত পাঠ করিবেন। তৎপরে ভালরূপ বুঝিয়া সেই ব্যবস্থা পত্র অনুযায়িক ঔষধ আনিয়া, ডিস্পেন্সার আপন বাম পার্শ্বে রাখিবেন। পরে যে ঔষধটি দেওয়া হইয়া যাইবে তাহা লইয়া আপন ডান পাশে রাখিবে তাহা হইলে কোনক্রমে ভ্রম হইবার আশঙ্কা নাই।

(ক) যদি ব্যবস্থা পত্র ভাল করিয়া বুঝিতে না পারে অথবা তাহাতে মাত্রা কি অন্য সম্বন্ধে অসঙ্গত থাকে তাহা ফেরৎ দিবে।

৩। ব্যবস্থা পত্রের মধ্যে যদি বিষাক্ত (Poisonous) ঔষধ থাকে তবে শিশির গাত্রে লেবেলে বিষ (Poison) এই শব্দটী স্পষ্ট করিয়া, বড় অক্ষরে শিশির নিম্নে বসাইয়া দিবে।

৪। ব্যবস্থা পত্র যে প্রকারের সেই প্রকার লেবেল বসাইবে অর্থাৎ যদি পাউডার (Powder) হয় তবে লেবেলে পাউডার (Powder) এই শব্দটী লিখিবে ইত্যাদি—

৫। ঔষধ সম্মিলন সম্বন্ধে ভাল জ্ঞান থাকা আবশ্যক, নতুবা অনেক স্থলে ৪। ৫টী ঔষধ একত্র মিশ্রিত করিলে ঔষধ ডিকম্পোজ (Decompose)

হইয়া নষ্ট হইয়া যায়। এজন্য কোন্ ঔষধের সহিত কোন্ ঔষধ মিশ্রিত করিলে ডিকম্পোজ হয় তাহা জানা উচিত। ইহার বিশেষ বিবরণ পরে বর্ণিত হইবে।

WEIGHTS AND MEASURES OF CAPACITY.

ঔষধের তৌল ও পরিমান।

ব্রিটিশ ফার্মাকোপিয়ায় ঔষধদ্রব্য ওজন জন্য যে তৌল ও পরিমাণ ব্যবহৃত হয়। তাহাদিগের নাম যথা—

১ গ্রেণ সাঙ্কেতিক চিহ্ন gr i = ১/২৫২·৪৫৬ cubic inch of water.

১ আউন্স = ৪৩৭·৫ গ্রেণ।

১ পাউণ্ড fl. ১৬ আউন্স = ৭০০০ গ্রেণ।

দ্রবদ্রব্যের পরিমাণার্থ নিম্নলিখিত মাপ ব্যবহৃত হয়।

১/২ মিনিম্ চিহ্ন, Ss.

১ মিনিম্ ,, Mni. = Min.

১ ড্রাম ,, fl.ʒi. = 60 মিনিম্ (Minims).

১ আউন্স ,, fl.℥i. = 8 fl. ʒ (Fluid drachms).

১ পাইন্ট ,, o.i = 20 fl. ℥ (Fluid ounce).

১ গ্যালন্ ,, c.i = 8 o. (Pints) বাং ৫ সের।

১ টিস্পুনফুল্ (Tea spoonful) = ১ ড্রাম (fl ʒi).

১ ডেজার্ট স্পুনফুল্ (Dessert spoonful) = ২ ড্রাম্ (fl ʒii)

১ টেবল্ স্পুনফুল্ (Table spoonful) = ৪ ড্রাম্ বাং ১/২ আউন্স (fl ʒiv)

১ ওয়াইন্ গ্লাস্ফুল্ (Wine glassful) = ২ আউন্স্ (fl ℥ii)

১ টি কপ্ফুল্ (Tea cupful) = ৫ আউন্স (fl ℥v)

১ ব্রেকফাষ্ট কপ্ফুল্ (Breakfast cupful)...৮ আউন্স (fl ℥viii)

১ টম্বলারফুল্ (Tumblerful) = ১০ আউন্স (℥ x)

এপথিক্যারিজ্ ওয়েট্ (Apothecary's weight) যথা—২০ গ্রেণ (20 grs. make one scruple) ১ স্কুপল্ চিহ্ন ℈ i। ৩ স্কুপল্ অথবা

৬০ গ্রেণ (3 scruples make one drachm) ১ ড্রাম্ চিহ্ন ʒi। ৮ ড্রাম্ অথবা ৪৮০ গ্রেণ (8 drachms make an ounce) ১ আউন্স চিহ্ন ℥ i। ১২ আউন্স অথবা ৫৭৬০ গ্রেণ (12 ounces make one pound) ১ পাউণ্ড চিহ্ন lb i।

ঔষধের মাত্রার সংখ্যা নির্ণয়ার্থ রোমীয় চিহ্ন ব্যবহারকরা হয়। যথা—১ i, ২ ii, ৩ iii, ৪ iv, ৫ v, ৬ vi, ৭ vii, ৮ viii, ৯ ix, ১০ x, ১১ xi, ১২ xii, ১৩ xiii, ১৪ xiv, ১৫ xv, ১৬ xvi, ১৭ xvii, ১৮ xviii, ১৯ xix, ২০ xx, ৩০ xxx, ৪০ XL, ৫০ L, ৬০ LX, ৭০ LXX, ৮০ LXXX, ৯০ XC, ১০০ C.

বিন্দু বা ফোঁটা, ইংরাজি ড্রপ (Drop) চিহ্ন gtt.। বোতলের মুখের পরিমাণ অনুসারে বিন্দু বড় ও ছোট হইয়া থাকে।

মিনিমের পরিমাণ সমান, কম বেশী নাই। মিউরাও সাহেব পরিক্ষা দ্বারা স্থির করিয়াছেন যে পরিস্রুত জল ৪৫ বিন্দুতে, লবণ দ্রাবক ৫৪, গন্ধক দ্রাবক ৯০' সুরা ১৩৮, ইথার ১৫০, লডেনম্ ১২০, হাইড্রোসিয়ানিক্ এসিড্ ৪৫ বিন্দুতে এক ড্রাম হইয়া থাকে।

এই পুস্তকে গ্যালন্ স্থানে গ্যাং, পাউণ্ড স্থানে পৌং, পাঁইন্ট স্থানে পাং, আউন্স স্থানে আং, ড্রাম্ স্থানে ড্রাং, গ্রেণ স্থানে গ্রেং, মিনিম স্থানে মিং ব্যবহার করা যাইবে।

ঔষধদ্রব্য সংস্করণ-প্রক্রিয়া।

ঔষধদ্রব্য সকলকে বিবিধ প্রক্রিয়া দ্বারা ব্যবহারযোগ্য করা হয়। যথা;

ডিক্যাণ্টেশন্ (Decantation) বাং অংশতঃপাত্রান্তর করণ। পাত্রের তলদেশে যে সকল পদার্থ অধঃস্থ হয় ও উপরিভাগে যে তরল পদার্থ থাকে তাহাকে পৃথক করিয়া অন্য পাত্রান্তর করার নাম ডিক্যান্টেশন্।

ক্লারিফিকেশন্ (Clarification) বাং নির্ম্মলকরণ। তরল পদার্থকে উত্তপ্ত করত মন্থন দ্বারা ছাঁকিয়া লওয়ার নাম ক্লারিফিকেশন্।

কন্টিউশন্ (Contution) বাং নিষ্পেষণ। কঠিন পদার্থকে চূর্ণ করিবার নাম কন্টিউশন্।

ক্রশিং (Crushing) বাং নিষ্পীড়ন। ঔষধদ্রব্য (শাক লতাদি) খলে মাড়িয়া তাহার রস নির্গত করার নাম ক্রশিং।

কম্মিনিউসন্ (Cosmunution) বাং কুট্টিত করণ। উদ্ভিদ পদার্থের মূল, কাষ্ঠ, বল্কল আদি খণ্ড করার নাম কম্মিনিউসন্।

পার্কোলেসন (Percolation)। এই প্রক্রিয়ায় ঔষধদ্রব্যের চূর্ণ মধ্য দিয়া দ্রবকারক দ্রব ঔষধ দ্রব্যের সারাংশ গ্রহণ করিয়া নিস্যন্দিত হয়।

চোয়ান (Distillation)। ইহার দ্বারা কোন পদার্থকে প্রথমে বাষ্পাকারে পরিণত করিয়া পরে ঐ বাষ্পকে তরল অবস্থায় আনা যায়।

ধৌতকরণ (Eleutriation); এই প্রক্রিয়া দ্বারা চূর্ণ পদার্থের কণিকা সমূহের সূক্ষ্মতার পরিমাণ অনুসারে তাহাদিগকে পৃথক পৃথক করিয়া লওয়া যায়।

উৎপাতন (Evaporation)। তরল পদার্থকে বাষ্পাকারে পরিবর্ত্তন করণ।

ছাঁকন (Filtration)। ইহা দ্বারা অপরিষ্কার দ্রব্যের কঠিন পদার্থ পৃথক করিয়া দ্রব্যকে নির্ম্মল করিয়া লওয়া হয়।

গ্রানুলেশন্ (Granulation)। এই প্রক্রিয়া দ্বারা দস্তা, টিন প্রভৃতি ধাতুকে ভিন্ন ভিন্ন প্রকার চূর্ণাবস্থায় পরিণত করা যায়।

লেভিগেসন্ (Lavigation)। এই প্রক্রিয়া দ্বারা কোন পদার্থকে দুইটী কঠিন পদার্থ দ্বারা ঘর্ষণ করিয়া, সূক্ষ্ম চূর্ণাকারে আনয়ন করা যায়।

লিক্সিভিয়েসন্ (Lixiviation) জল সংযোগ দ্বারা কোন কোন পদার্থের দ্রবণীয় পদার্থ হইতে অদ্রবণীয় পদার্থ পৃথক করিবার জন্য এই প্রক্রিয়ার আবশ্যক।

ম্যাসারেশন্ (Maceration)। সাধারণ উত্তাপে কোন রূপ তরল ঔষধ-দ্রব্যকে দ্রবীভূত করণ এই প্রক্রিয়ার উদ্দেশ্য।

অধঃপাতিত করণ (Precipitation)। এই প্রক্রিয়া দ্বারা দ্রবীভূত কঠিন পদার্থ, দ্রব হইতে পৃথক করা হয়।

চূর্ণ করণ (Pulverisation)। ঔষধ দ্রব্য চূর্ণ করত ছাঁকুনি দ্বারা ছাঁকিয়া লওয়া হয়। ছাঁকুনির ছিদ্রের আকার অনুসারে চূর্ণের সূক্ষ্মতা নির্ণয় করা হয়। ব্রিটিস্ ফার্ম্মাকোপিয়াতে ১০ হইতে ৮০ পর্য্যন্ত ভিন্ন ভিন্ন আকারের ছিদ্র বিশিষ্ট ছাঁকুনি গৃহীত হয়।

দ্রবকরণ (Solution)। দুই প্রকার। সামান্য মিশ্র ও রাসায়নিক মিশ্র। যদি দ্রবীভূত পদার্থকে অপরিবর্ত্তিত অবস্থায় পুনঃ প্রাপ্ত হওয়া যায় সেই দ্রবকে সামান্যদ্রব বলে। আর যে দ্রব পদার্থকে এ অবস্থায় পুনঃ প্রাপ্ত না হওয়া যায় সেই দ্রবকে রাসায়নিক দ্রব বলে।

চূড়ান্ত দ্রব (Saturation)। ইহা দুই প্রকার; রাসায়নিক ও ভৌতিক। নির্দ্দিষ্ট পরিমাণ এসিড্ সংযোগে ক্ষারকে সমক্ষারাম্ল করণকে রাসায়নিক স্যাচুরেশন্ কহে। যদি কোন কঠিন পদার্থকে জল বা অন্য দ্রবকারক পদার্থে যতদূর দ্রবীভূত হয়, ততদূর দ্রবকরা যায়, তাহা হইলে সেই প্রক্রিয়াকে ভৌতিক স্যাচুরেশন্ কহে।

ঊর্দ্ধপাতিত করণ (Sublimation)। উত্তাপ দ্বারা শুষ্ক পদার্থ হইতে বায়বীয়-বীর্য্য প্রাপ্ত হওয়া যায়।

দানা বাঁধন (Crystalization)। বিবিধ ঔষধ দ্রব্যের দানা বাঁধিয়া লওয়ার প্রক্রিয়াকে ক্রিষ্টালিজেশন্ কহে।

ট্রিটিউরেশন্ (Trituration)। এই প্রক্রিয়া দ্বারা খল ও উদুখলে ঔষধ চূর্ণ করিয়া লওয়া যায়।

ধৌত করণ (Washing)। এই প্রক্রিয়া দ্বারা অধঃস্থ পদার্থ অন্য জাতীয় পদার্থ হইতে পৃথক্ করা হয়।

ব্রিটিস্ ফার্ম্মাকোপিয়ার প্রয়োগরূপ সকলের বিবরণ।

১। এসিডা (Acida), ইং (Acids) ভিন্ন ভিন্ন খনিজ ও উদ্ভিদ পদার্থ ভিন্ন ভিন্ন দ্রব্য সংযোগে রাসায়নিক ক্রিয়া দ্বারা এসিডম্ প্রস্তুত হয়। আবার ইহাতে যথাযোগ্য জল মিশ্রিত করিয়া ডাইলিউটেড্ এসিডম্ প্রস্তুত হয়। ব্রিটিস্ ফার্ম্মাকোপিয়ার এই সকল এসিডম্ (Acidum) ব্যবহৃত হয়।' যথা, এসিডম্ এসিটিকম্ (Acidum Aceticum), এসিডম্ এসিটীকম্ ডাইলিউটম্ (Acidum Aceticum Dilutum), এসিডম্ এসিটীকম্ গ্লেসিয়েল্ (Acidum Aceticum Glaciale) এসিডম্ আর্সেনিয়োসম্ (Acidum Arseniosum), এসিডম্ বেন্জোইকম্ (Acidum Benzoicum) এসিডম্ বোরিকম্ (Acidum Boricum), এসিডম্ কার্ব্বোলিকম (Acidum Carbolicum) এসিডম্ কার্ব্বোলিকম্ লিকুইফ্যাক্টম্ (Acidum Carbolicum Liquefactum), এসিডম্ ক্রোমিকম্ (Acidum Chromicum), এসিডম্ সাইট্রিকম্ (Acidum Citricum) এসিডম্ গ্যালিকম্ (Acidum Gallicum), এসিডম্ হাইড্রোব্রোমিকম্ ডাইলিউটম্ (Acidum Hydrobromicum Dilutum), এসিডম্ হাইড্রোক্লোরিকম্ (Acidum Hydrochloricum) এসিডম্ হাইড্রোক্লোরিকম্ ডাইলিউটম্ (Acidum Hydrochloricum Dilutum), এসিডম্ হাইড্রোসিয়ানিকম্ ডাইলিউটম্ (Acidum Hydrocyanicum Dilutum), এসিডম্ ল্যাক্টিকম (Acidum Lacticum), এসিডম্ ল্যাক্টিকম্ ডাইলিউটম্ (Acidum Lacticum Dilutum), এসিডম্ মিকোনিকম্ (Acidum Meconicum), এসিডম্ নাইট্রীকম্ (Acidum Nitricum), এসিডম্ নাইট্রীকম্ ডাইলিউটম্ (Acidum Nitricum Dilutum) এসিডম্ নাইট্রো-হাইড্রোক্লোরিকম্ ডাইলিউটম্ (Acidum Nitro-Hydrochloricum Dilutum); এসিডম্ ওলিইকম (Acidum Oleicum); এসিডম্ ফস্ফরিকম্ কন্‌সেনট্রেটম্ (Acidum Phosphoricum Concentratum); এসিডম্ ফস্ফরিকম্ ডাইলিউটম্ (Acidum Phosphoricum Dilutum); এসিডম্ স্যালিসিলিকম (Acidum Salicylicum);

এসিডম্ সলফিউরিকম্ Acidum Sulphuricum) ; এসিডম্ সলফিউরিকম্ ডাইলিউটম্ (Acidum Sulphuricum Dilutum) ; এসিডম্ সলফিউরিকম্ এরম্যাটিকম্ (Acidum Sulphuricum Aromaticum); এসিডম্ সলফিউরোসম্ (Acidum Sulphurosum) ; এসিডম্ ট্যানিকম্ (Acidum Tannicum) : এসিডম্ টার্টারিকম্ (Acidum Tartaricum)।

উদ্ভিক্ষার (Alkaloidea)। ভিন্ন ভিন্ন উদ্ভিজ্জ পদার্থ হইতে ভিন্ন ভিন্ন রাসায়নিক [illegible] দ্বারা এলকালয়িডিয়া প্রস্তুত হয়। ইহাদের মধ্যে কতকগুলি দানাদার, (Crystaline) কতকগুলি এমরফস্ (Amorphous) ও কতকগুলি তরল পদার্থ (Liquids)। যথা—একনিটাইনা, (Aconitina), মরফাইনা (Morphina) ইহারা এমরফস্। এট্রপিনা (Atropina) ; কাফিনা (Caffeina) ; কোডিনা (Codeina) ; ষ্ট্রিকনানা (Strychnina) ইহারা ক্রিষ্টালাইন (Crystaline)। কোনাইনা (Conina) ; নিকোটাইনা (Nicotina) ইহারা স্বাভাবিক ভৌতিক উত্তাপে তরল পদার্থ (Liquids)। একোনাইটিনা (Aconitina), এপমরফাইনি হাইড্রোক্লোরাস্ (Apomorphine Hydrochloras); এট্রপিন্ (Atropinæ), এট্রপাইনা সলফাস্ (Atropinæ Sulphas,) বেবেরিনা সলফস্ (Beberinæ Sulphas,) ক্যাফিনা (Caffeina), ক্যাফিনি সাইট্রাস্ (Caffeinæ Citras), সিনকোনাইডিনি সলফাস্ (Cinchonidinæ Sulphas), কোকেনি হাইড্রোক্লোরাস্ (Cocainiæ Hydrochloras), কোডিইনা (Codeinæ) এলাটেরিয়ম (Elaterium), মরফাইনি এসিটাস্ (Morphinæ Acetas) মরফাইনি হাইড্রোক্লোরাস্ (Morphinæ Hydrochloras), মরফাইনি সলফাস্ (Morphinæ Sulphas), ফাইসস্টিগ্মিনা (Physostigmina), পিক্রোট্কসিনা (Picrotocina), পাইলোকারপিন্ নাইট্রাস্ (Pilocarpinæ Nitras), কুইনাইনি হাইড্রোক্লোরাস্ (Quininæ Hydrochloras), কুইনাইনি সলফাস্ (Quininæ Sulphas), ষ্ট্রিকনাইনা (Strychninæ), ভিরাট্রিনা (Veratrina).

এসিটম্ (Acetum) এই প্রয়োগরূপ প্রস্তুত করণার্থ ঔষধ দ্রব্যকে

সির্কাদ্রাবক দ্বারা পার্কোলেশন করিয়া প্রস্তুত করা হয়। এসিটম্ ক্যান্থারিডিস্ (Acetum Cantharidis); এসিটম্ ইপিক্যাকুয়ান্হা (Acetum Ipecacuanhæ), এসিটম্ সিলি (Acetum Scillæ)।

একোয়া। (Aqua) ইহা দুই প্রকারে প্রস্তুত হয়। ১ম ঔষধ দ্রব্যকে জলের সহিত বক যন্ত্রে চুয়াইয়া প্রস্তুত করা হয়। যথা—একোয়া এনিথি (Aqua Anethi); এনিসি (Anisi); অরেন্সিয়াই ফ্লোরিস্ (Aurantii Floris); ক্যারুই (Carui); সিনেমোমাই (Cinnamomi); ফিনিকিউলাই (Foeniculi); লরোসিরেসাই (Laurocerasi); পাইমেন্টি (Pimentæ); রোজি (Rosæ); স্যামবিউসি (Sambuci)

২য়। যে দ্রব্যের জল প্রস্তুত করিতে হইবে তাহার তৈল ১।০ ড্রাম্; ১।০ গ্যালন্ জলের সহিত মিশ্রিত করিয়া বক যন্ত্র দ্বারা ১ গ্যালন্ চুয়াইয়া লইতে হয়। যথা—একোয়া মেন্থি পাইপেরিটি (Menthæ Piperitæ); মেন্থি ভিরিডিস (Menthæ Varidis)।

একোয়া ক্যাম্ফরি (Aqua Camphoræ) ও একোয়া ক্লোরোফর্মাই (Aqua Chloroformi) প্রস্তুত করণার্থ কর্পূর ও ক্লোরোফরমকে পরিস্রুত জলে দ্রব করিয়া লইতে হয়।

একোয়া ডেষ্টিলেটা (Aqua Destillata) প্রস্তুত করিতে জলকে চুয়াইয়া প্রস্তুত করিতে হয়।

ক্যাটাপ্লাজমা (Cataplasma); শম, সুজি, বা তিসিচূর্ণ উষ্ণ জলে মিশ্রিত করিয়া কর্দ্দমাকার করিলে পুল্টিস্ প্রস্তুত হয়। অন্য কোন ঔষধ দ্রব্য ইহার সহিত মিশ্রিত করিলে, পুল্টিস্ সেই নাম প্রাপ্ত হয়। পুল্টিস্ সকলের নাম।

ক্যাটাপ্লাজমা কার্ব্বনিস্ (Carbonis); কোনিয়াই (Conii); ফার্মেন্টাই (Fermenti); সিনেপিস্ (Sinapis); লাইনাই (Lini); সোডি ক্লোরিনেটি (Sodæ Cholorinatæ)।

চার্টা (Charta)। বাহ্য প্রয়োগার্থ ঔষধদ্রব্য কাগজের উপর মাখাইয়া শুষ্ক করিয়া লইলে ইহা প্রস্তুত হয়। চার্টার নাম—
চার্টা এপিস্প্যাস্টিকস্ (Epispasticus), সিনাপিস্ (Sinapis)।

কন্‌ফেক্‌সিয়ো (Confectio)। ঔষধদ্রব্যকে শর্করা বা শর্করার পাক বা মধুর সহিত মর্দন করিয়া প্রস্তুত হয়। যথা—কন্‌ফেক্‌সিয়ো ওপিয়াই (Opii); পিপারিস্ (Piperis); রোজি ক্যানাইনি (Rosæ Caninæ); রোজি গ্যালিশি (Rosæ Gallicæ); স্ক্যামোনিয়াই (Scammonii); সেনি (Sennæ); সল্‌ফিউরিস্ (Sulphuris); টেরিবিন্‌থিনি (Terebinthinæ)।

ডিকক্টম্ (Decoctum)। জলের সহিত উদ্ভিজ্জ পদার্থকে সিদ্ধ করিয়া কাথ প্রস্তুত করা হয়। দাড়িম্ব ছালের কাথ ভিন্ন, সমুদায় কাথ প্রস্তুত করিতে ১০।১৫ মিনিট পর্য্যন্ত আবৃত পাত্রে ফুটাইয়া ছাঁকিয়া লইতে হয়। দাড়িম্ব মূলের কাথ প্রস্তুত করিতে দুই পাইন্ট জল দিয়া সিদ্ধ করিয়া ১ পাইন্ট থাকিতে নাবাইবে। ডিকক্টম্ এলোজ কম্পজিটা (Aloes Composita); সার্সি কম্পজিটা (Sarsæ Composita) ইহাদের কাথ প্রস্তুত করিতে অনেক গুলি ঔষধ দ্রব্য একত্র সিদ্ধ করিতে হয়। কাথ সকলের নাম। ডিকক্টম্ এলোজ কম্পজিটম্ (Aloes Compositum); সিট্রেরি (Cetrariæ), সিন্‌কোনি (Cinchonæ); গ্র্যানেটাই র‍্যাডিসিস্ (Granati Radicis); হেমেটক্সিলাই (Haematoxyli); হর্ডি (Hordei); প্যাপাভারিস্ (Papaveris); প্যারাইরি (Pareiræ); কুয়ার কাস্ (Quercus); সার্সি (Sarsæ); সার্সিকম্পজিটম্ (Sarsæ Compositum); স্কোপেরিয়াই (Scoparii); ট্যারাক্সেসাই (Taraxaci)

এম্‌প্লাষ্ট্রম্ (Emplastrum)। কঠিন সাবান, মোম, জলপাইয়ের তৈল ও মুস্রাশঙ্খ প্রভৃতি দ্রব্য যথা পরিমাণে উত্তাপ দ্বারা গলাইয়া পলস্তা প্রস্তুত হয়। যে যে দ্রব্যের পলস্তা করিতে হয় সেই সেই দ্রব্য ইহার সহিত উচিত পরিমাণে মিশাইয়া লইতে হয়।

পলস্তার নাম—এম্‌প্লাষ্ট্রম্ এমোনিয়েসাই কম্ হাইড্রার্জিরো (Ammo-

niaci Cum Hydrargyro); বেলাডনি (Belladonnæ); ক্যালিফেসিয়েন্স (Calefaciens); ক্যান্থ্যারাইডিস্ (Cantharidis); ফেরাই (Ferri); গ্যাল্‌বেনাই (Galbani); হাইড্রার্জিরাই (Hydragyri); মেনথল্ (Menthol); ওপিয়াই (Opii), পাইসিস্ (Picis), প্লম্বাই (Plumbi); প্লম্বাই আইয়োডিডাই (Plumbi Iodidi), রেজাইনি (Resinæ); স্যাপোনিস্ (Saponis); স্যাপোনিস্ ফস্‌কম্ (Saponis Fuscum)।

এনিমেটা (Enemata)। শ্বেত সারের (Starch) মণ্ডের সহিত সমুদায় পিচকারি প্রস্তুত হয়। কেবল হিঙ্গু ও তামাকের পিচকারি জল সহযোগে প্রস্তুত করা হয়। পিচকারি (Enemata) সকলের নাম—

এনিমা এলোজ (Aloes); এসাফোটিডা (Asafœtidæ); ম্যাগনেসিয়াই সল্‌ফেটিস্ (Magnesii Sulphatis); ওপিয়াই (Opii); টেরিবিন্থিনি (Terebinthinæ)।

এসেন্সিয়া (Essentia)। ১ অংশ ঔষধ দ্রব্যের তৈল ৪ অংশ শোধিত সুরায় দ্রব করিলে ইহা প্রস্তুত হয়। এসেন্স সকলের নাম এসেন্সিয়া এনিসাই (Anisi), মেন্থিপাইপ্যারিটি (Menthæ Piperitæ)।

এক্‌ষ্ট্রাক্টম্ (Extractum)। ব্রিটিস্ ফার্মাকোপিয়াতে চারি প্রকারে সার প্রস্তুত করা হয়।

১ম প্রকার। ইহাদিগকে গ্রীন্‌এক্‌ষ্ট্রাক্ট। ২য় প্রকার। ওয়াটারি এক্‌ষ্ট্রাক্ট। ৩য় প্রকার। লিকুয়িড্ এক্‌ষ্ট্রাক্ট। ৪র্থ। ইথিরিয়েল এক্‌ষ্ট্রাক্ট বা ইথার ঘটিত সার।

১ গ্রীন্‌এক্‌ষ্ট্রাক্ট। সরস বা টাটকা পত্র, ছাল ও মূল নিষ্পীড়িত করিয়া যে রস পাওয়া যায়, তাহাকে প্রথমতঃ ১৩০ তাপাংশ পর্য্যন্ত জলস্বেদন যন্ত্রে তপ্ত করিবে ও বস্ত্র দ্বারা তাহার বর্ণজনক পদার্থকে পৃথক করিয়া রাখিবে। পুনর্ব্বার ঐ রসকে ২০০ তাপাংশ পর্য্যন্ত তপ্ত করিয়া তাহার সংযত অণ্ড লালিক (Albumen) পদার্থকে ছাঁকিয়া ফেলিয়া দিবে। পরে ঐ পদার্থ, যাহা ছাঁকিয়া পৃথক করিয়া রাখা হইয়াছিল

ইহার সহিত মিশ্রিত করিয়া জলশোষন যন্ত্র দ্বারা যথোপযুক্ত গাঢ় করিয়া লইবে। গ্রীণ্ এক্‌ষ্ট্রাক্ট সকলের নাম। এক্‌ষ্ট্রাক্টম্ একনিটাই (Aconiti); বেলেডোনী (Belladonnæ), কল্‌চিসাই (Colchici); কোনিয়াই (Conii); হাইওসাইমাই (Hyoscyami); ল্যাকটুসি (Lactucæ); টারাক্‌সেসাই (Taraxaci)।

২। ওয়াটারি এক্‌ষ্ট্রাক্ট। ইহা দুই প্রকার। ১ম প্রকার—শুষ্ক বনজ দ্রব্যকে শীতল বা গরম জলে ভিজাইয়া ইন্‌ফিউজন্ প্রস্তুত করিবে। পরে ঐ ইন্‌ফিউজন্‌কে উত্তাপ দ্বারা গাঢ় করিয়া লইবে।

প্রথম প্রকারের একষ্ট্রাক্টস্। একষ্ট্রাক্টস্ এলোজ বার্ব্বাডেন্‌সিস্ (Aloes Barbadensis); এলোজ সকোট্রাইনি (Aloes Socotrinæ); এন্‌থিমিডিস্ (Anthemidis), জেন্সিয়ানি (Gentianæ); গ্ল্যাইসিরিজী (Glycyrrhizæ); হেম্যাটক্সিলি (Haematoxyli); ক্রামেরি (Krameriæ); ওপিয়াই (Opii); প্যারেরি (Pareiræ) কোয়াসিয়ি (Quassiæ)।

দ্বিতীয় প্রকারের এক্‌ষ্ট্রাক্টস্। প্রথম প্রকারের ন্যায় প্রস্তুত হয়, তবে সার বাহির করিবার জন্য জলের পরিবর্ত্তে স্পিরিট কিম্বা প্রুফ স্পিরিট ব্যবহৃত হয়। যথা—এক্‌ষ্ট্রাক্টম্ বেলাডোনী এল্‌কোহলীকম্ (Belladonnæ Alcoholicum), ইহাতে প্রথমে সুরা পরে জল; ক্যালম্বি (Calumbæ) ইহাতে প্রুফ স্পিরিট; ক্যানাবিজ ইণ্ডিসি (Cannabis Indicæ) ইহাতে শোধিত সুরা, ক্যাস্‌কেরি স্যাগ্রাডি (Cascaræ Sagradæ) প্রথমে প্রুফ স্পিরিট পরে জল; কলসিন্থিডিস্ কম্পজিটম্ (Colocynthidis Compositum); প্রুফ স্পিরিট; জেলসিমিয়াই এলকোহলিকম্ (Gelsemii Alcoholicum) প্রথমে শোধিত সুরা পরে জল; জেবরাণ্ডি (Jaborandi); প্রথমে প্রুফ স্পিরিট পরে জল; জেলেপি (Jalapæ); প্রথমে স্পিরিট পরে জল; লুপুলি (Lupuli) প্রথমে স্পিরিট পরে ফুটন্ত জল; নিউসিস্ ভমিসি (Nucis Vomicæ) প্রথমে শোধিত সুরা পরে জল; প্যাপাভেরিস (Papaveris) প্রথমে ফুটন্ত জল পরে শোধিত সুরা; র‍্যামনাই ফ্র্যাঙ্গুলি (Rhamni Frangulæ)

প্রথমে একক স্পিরিট পরে জল ; রিয়াই (Rhei) প্রথমে স্পিরিট পরে জল ; ষ্ট্রামোনিয়াই (Stramonii) একক স্পিরিট।

৩য়। লিকুয়িড্ এক্স্ট্রাক্টস্ (Liquid Extracts)। ইহা প্রস্তুত করিতে হইলে প্রথমে শুষ্ক ঔষধ পদার্থকে জলে ভিজাইতে হয় ; পরে সেই ভিজান জলকে উত্তাপ দ্বারা গাঢ় করণান্তর আবার যথাযোগ্য স্পিরিট মিশ্রিত করিয়া লওয়া হয়। লিকুয়িড্ এক্‌ট্রাক্ট সকলের নাম। বেলি লিকুয়িডম্ (Belæ Liquidum); ক্যাসকারি স্যাগ্রাডি লিকুয়িডম্ (Cascaræ Sagradæ Liquidum) ; সিমিসিফিউগি লিকুয়িডম্ (Cimicifugæ Liquidum) সিনকোনি লিকুয়িডম্ (Cinchonæ Liquidum) ; কোকি লিকুইডম্ (Cocæ Liquidum) ; আর্গটি লিকুইডম্ (Ergotæ Liquidum) ; ফিলিসিস্ লিকুয়িডম্ (Filicis Liquidum), এক্‌ট্রাক্টম্ গ্লাইসিরিজি লিকুয়িডম্ (Glycyrrhizæ Liquidum) ; এক্‌ট্রাক্টম্ হামামেলিডিস্ লিকুয়িডম্ (Extractum Hamamelidis Liquidum), এক্সট্রাক্টম্ হাইড্রাসটিস্ লিকুয়িডম্ (Extractum Hydrastis Liquidum) এক্‌ট্রাক্টম্ ওপিয়াই লিকুয়িডম্ (Opii Liquidum) ; প্যারাইরী লিকুয়িডম্ (Parieræ Liquidum) র‍্যামনাই ফ্রাঙ্গুলি লিকুয়িডম্ (Rhamni Frangulæ Liquidum) , সার্জি লিকুয়িডম্ (Sarsæ Liquidum) ; ট্যারাক্সেসাই লিকুয়িডম্ (Taraxaci Liquidum)

কোন কোন লিকুয়িড এক্‌ট্রাক্ট প্রস্তুত করিতে জলের পরিবর্ত্তে ইথার ব্যবহৃত হয়, কারণ ইথার দ্বারা ঔষধ দ্রব্যের তৈলাক্ত পদার্থ দ্রবীভূত হয়। এক্‌ট্রাক্টম্ ষ্ট্রামোনিতে (Extractum Stramonii) তৈলাক্ত পদার্থ পৃথক করিবার জন্য ইথার ব্যবহৃত হয়। এক্সট্রাক্টম্ ফিলিসিস লিকুয়িডম্ প্রস্তুত করিতে ইথার ইহার সার পদার্থ দ্রব করিবার জন্য ব্যবহৃত হয়।

এক্সট্রাক্টম্ মেজেরি ইথিরিয়ম (Mezerei Æthereum)। ইহা প্রস্তুত করিতে ইথার ও শোধিত সুরা আবশ্যক হয়। এক্সট্রাক্টম্ কলচিসাই এসিটিকম্ (Colchici Aceticum) ইহার কন্দের সার এসিটিক এসিড্ দ্বারা দ্রব হয়। এতদ্ব্যতীত এক্সট্রাক্টম্ ইউনিম্যাইনিকম (Extra-

ctum Euonymi sicum) আছে, যাহা চূর্ণাকারে প্রস্তুত করিয়া বোতলের মধ্যে ছিপি দিয়া বন্ধ করিয়া রাখা হয়।

গ্লিসিরীনা (Glycerina)। ফার্ম্মাকোপিয়ার কতকগুলি ঔষধ দ্রব্য গ্লিসিরীন দ্বারা দ্রব করিয়া ব্যবহৃত হয়। গ্লিসিরীন্ সকলের নাম। গ্লিসিরাইনম (Glycerinum) : এসিডাই কার্ব্বলিসাই (Acidi Carbolici) এসিডাই গ্যালিসাই (Acidi Gallici) ; এসিডাই ট্যানিসাই (Acidi Tannici) ; এলিউমিনিস (Aluminis) ; এমিলাই (Amyli) ; বোরাসিস (Boracis) ; প্লামবাই সব এসিটেটিস্ (Plumbi Subacetatis); ট্র্যাগাক্যান্থি (Tragacathæ)।

ইন্‌ফিউজা (Infusa); অধিকাংশ ইনফিউজন্ প্রস্তুত করিতে হইলে ঔষধ দ্রব্যের সার দ্রব করিবার জন্য ফুটীত জলে ১০ মিনিট হইতে ৪ ঘণ্টা পর্যন্ত ভিজান আবশ্যক হয়। ইনফিউজন্ অব্ চিরেতা ও কসপেরিয়া (Infusion of Chireta and Cusperia) প্রস্তুত করিতে ১২০ তাপাংশে উত্তপ্ত পরিশ্রুত জল ব্যবহৃত হয়। কলম্বা ও কোয়াসিয়ার (Calumba and Quassia) ইনফিউজন্ প্রস্তুত কবিতে শীতল পরিশ্রুত জল ব্যবহার করা হয়, কারণ শীতল জলে কলম্বার ষ্টার্চ পদার্থ দ্রব হয় না। ইন্‌ফিউসা (Infusa) সকলের নাম :—এন্থিমিডিস্ (Anthemedis), অরেন্সাই (Aurantii), অরেন্সাই কম্পসিটা (Aurantii Camposita), বুকু (Buchu), ক্যালম্বা (Calumbæ), ক্যারিওফিলাই (Caryophylli), ক্যাস্‌কেরিলা (Cascarillæ), ক্যাটিকু (Catechu), চিরটা (Chirata), সিন্‌কোনা এসিডম্ (Cinchonæ Acidum), কস্‌পেরিয়া (Cuspariæ), কুসো (Cusso), ডিজিটেলিস্ (Digitalis), আর্গট্ (Ergota), জ্যাবরাণ্ডি (Jaborandi), জেন্সিয়ানি কম্পসিটম্ (Gentianæ Compsitum), ক্রামেরিয়া (Kramariæ), লিনি (Lini), লুপুলাই (Lupuli) ; ম্যাটিসি (Maticæ), কোয়াসিয়া (Quassiæ), রিয়াই (Rhei), রোসি এসিডম্ (Rosæ Acidum), সেনেগা (Senegæ), সেনি (Sennæ), সারপেন্টারি (Serpentariæ), ইউভি উর্সি (Uvæ Ursi), ভ্যালেরিয়েনি (Valerianæ)

ইঞ্জেকসিয়ো হাইপোডার্ম্মিকা (Injectio Hypodermica) এই সকল প্রয়োগ রূপ ত্বকনিম্নস্থ বিল্লিমধ্যে সূক্ষ্মপিচকারি দ্বারা প্রয়োজিত হয়। ইঞ্জেক্সিয়ো সকল। ইঞ্জেক্সিয়ো এপমর্ফাইনি হাইপোডার্ম্মিকা (Injectio Apomorphinæ Hypodefmica); ইঞ্জেক্সিয়ো অর্গটিনি হাইপোডর্ম্মিকা (Injectio Ergotini Hypodermica); ইঞ্জেক্সিয়ো মর্ফাইনি হাইপোডার্ম্মিকা (Injectio Morphinæ Hypodermica).

লিনিমেণ্টা (Linimenta)। ফার্ম্মাকোপিয়াতে অধিকাংশ তরল ঔষধ-দ্রব্য বাহ্য প্রয়োগে মর্দ্দনরূপে ব্যবহৃত হয়। ইহাদের মধ্যে অধিকাংশ, তৈল, সুরা, সাবান, ও কর্পূর ইত্যাদি দ্বারা প্রস্তুত হয়। কেবল লিনিমেণ্টম্ আইয়োডিন মর্দ্দনের নিমিত্ত ব্যবহৃত হয় না। ইহা পেণ্ট (Paint) রূপে ব্যবহৃত হয়। ব্রিটিস্ ফার্ম্মাকোপিয়ার লিনিমেণ্ট (Liniment) সকলের নাম; যথা, একনিটা (Aconita), এমোনিয়া (Ammonii), বেলেডোনা (Belladonnæ), ক্যাল্‌সিস্ (Calcis), ক্যাম্ফর্ (Camphoræ), কম্ফরি কম্পজিটম্ (Camphoræ Compositum), ক্লোরোফর্ম্মাই (Chloroformi), ক্রোটোনিস্ (Crotonis), হাইড্রাজিরাই (Hydrogyri), আয়োডাই (Iodi), ওপিয়াই (Opii), পটাসি আয়োডাইডি কম্ সেপনি (Potassi Iodidi Cum Saponi), সেপনিস্ (Saponis), সিনেপিস্ কম্পজিটম্ (Sinapis Compositnm), টেরিবেন্থিনি (Terebenthinæ), টেরিবেন্থিনি এসিটিকম্ (Terebinthinæ Aceticum.)

লাইকরিস্ (Liquores)। ইহারা জলীয় দ্রব; অর্গ্যানিক্ ও ইন্-অর্গ্যানিক (Organic or Inorganic) পদার্থ হইতে প্রস্তুত হয়। যে সকল মিশ্রের আভ্যন্তরিক প্রয়োগ হয়; তাহাদের পরিমাণ ১ শত ভাগে ১ ভাগ লবণ বা উপক্ষার থাকে। যথা লাইকর আর্সেনিকেলিস (Arsenicalis); আর্সেনিসাই হাইড্রোক্লোরিকস্ (Arsenici Hydrochloricus); সোডিয়াই আর্সেনিয়েটিস্ (Sodii Arseniatis); আর্সেনিয়াই এট্ হাইড্রার্জিরাই আইয়োডিডাই (Arsenii et Hydrargyri Iodidi); পটাসিয়াই প্যারম্যাঙ্গানেটিস্ (Potassi Permanganatis); এট্রোপাইনি সল্‌ফেটিস্ (Atro-

pinæ Sulphatis); মর্ফাইনি এসিটেটিস্ (Morphinæ Acetatis) মর্ফাইনি হাইড্রোক্লোরেটিস্ (Morphinæ Hydrochloratis); ষ্ট্রিক্‌নাইনি হাইড্রোক্লোরেটিস্ (Strychninæ Hydrochloratis); কেবল লাইকর হাইড্রার্জিরাই পার্ক্লোরাইডিতে (Liquor Hydrargyri Perchloridi) এক আউন্স দ্রব্যে অর্দ্ধ গ্রেণ এবং লাইকর মর্ফাইনি বাইমিকোনেটিসে (Liquor Morphinæ Bimeconatis) শত করা ১।০ ভাগ বাইমিকোনিটিস্ থা— —ত্রিটিস্ কীর্ষাকোপিয়ার লাইকর (Liquor) সকলের নাম; যথা,—এসিডাই ক্রোমিসাই (Acidi Chromici), এমোনি (Ammoniæ), এমোনি ফর্সিয়র্ (Ammoniæ Fortior), এমোনি এসিটেটিস্ (Ammonii Acetatis), এমনি এসিটেটিস্ ফর্সিয়র্ (Ammonii Acetatis Fortior), এমনি সাইট্রেটিস্ (Ammonii Citratis), এমনি সাইট্রেটিস্ ফর্সিয়র্ (Ammonii Citratis Fortior এন্টিমনি ক্লোরাইডি (Antimonii Chloridi), আর্সেনিকেলিস্ (Arsenicalis), আর্সেনিসাই হাইড্রোক্লোরিকস্ (Arsenici Hydrochloricus), আর্সেনিয়াই এট্ হাইড্রার্জিরাই আইয়োডিডাই (Arsenii et Hydrargyri Iodidi), এট্রোপাইনি সল্‌ফেটিস্ (Atropinæ Sulphatis), বিস্‌মথাই এট্ এমনি সাইট্রেটিস্ (Bismuthi et Ammonii Citratis), ক্যাল্‌সিয়াই ক্লোরাইডি (Calcii Chloridi), ক্যাল্‌সিস্ (Calcis), ক্যাল্‌সিস্ ক্লোরিনেটি (Calcis Chlorinatæ), ক্যাল্‌সিস্ স্যাকারেটস্ (Calcis Saccharatus), ক্লোরাই (Chlori), কোকেনি হাইড্রোক্লোরেটিস্ (Cocainæ Hydrochloratis), এপিস্‌পাস্টিকস্ (Epispasticus), ফেরি এসিটেটিস্ (Ferri Acetatis), ফেরি এসিটেটিস্ ফর্সিয়র্ (Ferri Acetatis Fortior), ফেরি ডাইয়ালিসেটস্ (Ferii Dialysatus), ফেরি পার্ক্লোরাইডি (Ferri Perchloridi), ফেরি পার্ক্লোরাইডি ফর্সিয়র্ (Ferri perchloridi Fortior), ফেরি পার্নাইট্রেটিস্ (Ferri Pernitratis), ফেরি পার্সল্‌ফেটিস্ (Ferri Persulphatis), গাটা পার্চা (Gutta Percha), হাইড্রার্জিরাই নাইট্রেটিস্ এসিডস্ (Hydrargyri Nitratis Acidus), হাইড্রার্জিরাই পার্ক্লোরাইডি (Hydrargyri Perchloridi), আইয়োডাই

(Iodi), লিথি এফারভেসেন্স (Lithiæ Effervescens), ম্যাগ্নেসিয়াই কার্বোনেটিস্ (Magnesii Carbonatis), ম্যাগ্নেসিয়াই সাইট্রেটিস্ (Magnesii Citratis), মর্ফাইনি এসিটেটিস্ (Morphinæ Acetatis), মর্ফাইনি বাইমিকোনেটিস্ (Morphinæ Bimeconatis), মর্ফাইনি হাইড্রোক্লোরেটিস্ (Morphinæ Hydrochoratis), মর্ফাইনি সল্‌ফেটিস্ (Morphlnæ Sulphatis), প্লম্বাই সব্‌এসিটেটিস্ (Plumbi Subacetatis), প্লম্বাই সব্‌এসিটেটিস্ ডাইলিউটস্ (Plumbi Subacetatis Dilutus), পোটাসি (Potassæ), পোটাসি এফারভেসেন্স (Potassæ Effervescens), পোটাসি পার্ম্যান্‌গানেটিস্ (Potassæ Permanganatis), সোডি (Sodæ) সোডি আর্সেনিয়েটিস্ (Sodii Arseniatis), সোডি ক্লোরিনেটি (Sodae Chlorinatæ), সোডি এফারভেসেন্স (Sodæ Effervescens), সোডি এথিলেটিস্ (Sodii Ethylatis), ষ্ট্রিক্‌নাইনি হাইড্রোক্লোরেটিস্ (Strychninæ Hydrochloratis), ট্রিনিট্রিনি (Trinitrini), জিন্‌সাই ক্লোরিডাই (Zinci Chloridi).

লোসিও (Lotio)। ঔষধ, জল বা অন্য কোন জলীয় পদার্থের সহিত মিশ্রিত করিয়া ধৌতার্থে ব্যবহৃত হয়,।

ব্রিটিস্ ফার্মাকোপিয়ার লোসিওদ্বয়ের নাম যথা,—হাইড্রার্জিরাই ফ্লেভা (Hydrargyri Flava), হাইড্রার্জিরাই নাইগ্রা (Hydrargyri Nigra).

মিস্‌চ্যুরি (Misturæ)। ফার্মাকোপিয়ায় মিশ্র প্রস্তুত করিতে অদ্রব পদার্থ সকলকে গঁদযুক্ত ঔষধ দ্রব্য দ্বারা জলে মিশাইয়া লওয়া হয়। ব্রিটিস্ ফার্মাকোপিয়ার মিক্শ্চুরা (Mistura) সকলের নাম; যথা—এমোনিয়াসাই (Ammoniaci), এমিগ্‌ডেলি (Amygdalæ), ক্রিয়াজোটাই (Creasoti), ক্রীটি (Cretæ,), ফেরি এরোমেটিকা (Ferri Aromatica), ফেরি কম্পোজিটা (Ferri Composita), গুয়েসাই (Guaiaci), ওলিয়াই রিসিনি (Olei Ricini), স্ক্যামোনি (Scammonii), সেনা কম্পোজিটা (Sennæ Composita), স্পিরিটাস্ ভাইনাই গ্যালিসাই (Spiritus Vini Gallici).

মিউসিলাজিনিস্ (Mucilagines)। ইহারা কতকগুলি দ্রব্যের জলীয় পদার্থ, মধুরায় কিম্বা কতকাংশ জলে দ্রব হইয়া আঠাবৎ পদার্থ হয়।

ইহা দ্বারা অমিশ্র শুষ্ক পদার্থ সকলকে একত্র করিয়া রাখা হয়। ব্রিটিস্ ফার্ম্মাকোপিয়ার মিউসিলেজ্ (Mucilage) দিগের নাম ! যথা,— একেসিয়া (Acaciæ), এমিলাই (Amyli,), ট্র্যাগাকান্থা (Tragacantha)।

মেল (Mel)। মধু সহযোগে মর্দ্দন করিয়া ঔষধ প্রস্তুত হয়। ব্রিটিস্ ফার্ম্মাকোপিয়ার দুইটী মাত্র প্রযোগরূপ প্রস্তুত হয়। যথা, মেল্ বোরেসিস্ (Mel Boracis), মেল্ ডেপুরেটম্ (Mel Depuratum).

ওলিয়ম্ (Oleum)। বীজ, বল্কল, ফল, পত্র, পুষ্প আদি মর্দ্দন করিলে বা জলের সহিত চুয়াইলে তৈল পাওয়া যায়। তৈল সমুদায়ই ঔদ্ভিজ্জ, কেবল কডলিভর তৈল (Oleum Morrhuæ) জান্তব ও ওলিয়ম্ ফসফরেটম্ (Oleum Phosphoratum) অধাতব জড়পদার্থ হইতে প্রস্তুত। তৈল সকল দুই প্রকার। ফিক্সড্ অর্থাৎ স্থায়ী তৈল (Fixed Oil) ও ভলেটাইল্ অর্থাৎ বায়ী তৈল (Volatile Oil)। যে তৈল গাত্রে লাগাইলে শুষ্ক হয় না, তাহাকে স্থায়ী তৈল (Fixed Oil) কহে। যথা কডলিভার অয়েল, অলিভ অয়েল প্রভৃতি। যে সকল তৈল গাত্রে লাগাইলে শীঘ্রই শুষ্ক হয় তাহাদিগকে বায়ী তৈল (Volatile Oil) কহে। যথা—ক্যাজুপুট্ অয়েল, তার্পিন তৈল প্রভৃতি। ব্রিটিস্ ফার্ম্মাকোপিয়ার ওলিয়ম্ (Oleum) সকলের নাম; যথা,— এমিগ্‌ডেলি (Amygdalæ), এনিথাই (Anethi), এনিসাই (Anisi), এন্থিমিডিস্ (Anthemidis), ক্যাজুপুটি (Cajuputi), কারুই (Carui) ক্যারিওফিলাই (Caryophylli), সিনামোমাই (Cinnamomi), কোপাইবা (Copaibæ), কোরিয়ানড্রাই (Coriandri) ক্রোটোনিস্ (Crotonis), ক্যাডিনম্ (Cadinum), কিউবেবি (Cubebæ), ইউক্যালিপ্টাই (Eucalypti), জুনিপেরি (Juniperi), ল্যাভান্ডুলি (Lavandulæ), লিমোনিস্ (Limonis), লাইনাই (Lini), মেন্থিপাইপ্যারিটী (Menthæ Piperitæ), মেন্থ ভিরিডিস্ (Menthæ Viridis), মর্‌হু (Morrhuæ), মাইরেস্টিকি (Myristicæ), মাইরেস্টিকি এক্সপ্রেসম্ (Myristicæ Expressum), অলিভ্ (Olivæ), ফসফোরেটম্ (Phosphoratum), পাইমেন্টি (Pimentæ), পাইনাই সিলভেস্ট্রিস্ (Pini Sylvestris), রিসিনাই (Ricini), রোজমারিনি (Rosemarini),

রুটা (Rutæ), সাবাইনি (Sabinæ), স্যাণ্টালি (Santali), সিনাপিস (Sinapis), টেরিবিন্থিনি (Terebinthinæ), থিয়োব্রোমেটিস (Theobromatis); এতদ্ব্যতীত ওলিএটম্ হাইড্রার্জিরাই (Oleatum Hydragyri) ও জিন্সাই (Zinci), আছে। ইহারা ওলিইক্ এসিড্ দ্বারা প্রস্তুত হয়।

ওলিয়োরেজিইনা (Oleo Resina), রেজিন্ ও বায়ীতৈল মিশ্রিত দ্রব্য। যথা— ওলিয়োরেজিইনা কিউবেবি (Oleo Resina Cubebæ), নামক একটি মাত্র প্রয়োগ রূপ বৃটিশ্ ফার্মাকোপিয়াতে গৃহীত হইয়াছে।

পাইলুলা (Pilula)। ঔষধ দ্রব্যকে গোলাবের খণ্ড, শর্করার পাক, সাবান ও গুড় প্রভৃতি মিশ্রিত করিয়া বটিকাকারে প্রস্তুত করা হয়। ব্রিটিশ্ ফর্ম্মাকোপিয়ার বটিকা (Pilula) সকলের নাম; যথা,— এলোস্ বার্বেডেন্সিস (Aloes Barbadensis), এলোস্ এট্ এসাফেটিডা (Aloes et Asafœtidæ), এলোস্ এট্ ফেরি (Aloes et Ferri), এলোস্ এট্ মার্হি (Aloes et Myrrhae), এলোস্ সকোট্রিনি (Aloes Socotrinæ), এসাফোটিডা কম্পোজিটা (Asafœtidæ Composita), ক্যাম্বোজিয়া কম্পোজিটা (Cambogiæ Composita), কোলোসিন্থিডিস্ কম্পোজিটা (Colocynthidis Composita), কোলোসিন্থিডিস্ এট্ হাইয়োসায়েমাই (Colocynthidis et Hyoscymi) কোনিযাই কম্পোজিটা (Conii composita), ফেরি (Ferri), ফেরি কার্ব্বোনেটিস্ (Ferri Carbonatis), ফেরি আইয়োডিডাই (Ferri Iodidi), হাইড্রার্জিরাই (Hydrargyri), হাইড্রার্জিরাই সবক্লোরিডাই কম্পোজিটা (Hydrargyri, Subchloridi Composita), ইপিকাকুয়ান্হি কম্ সিলা (Ipecacuanhæ Cum Scilla), ফস্ফরাই (Phosphori). প্লম্বাই কম্ ওপিয়ো (Plumbi Cum Opio), রিয়াই কম্পোজিটা (Rhei Composita), সেপোনিস্ কম্পোজিটা (Saponis Composita), স্ক্যামোনি কম্পোজিটা (Scammonii Composita), সিলি কম্পোজিটা Scillæ Compsita),

ল্যামেলি (Lamellæ)। ইহারা গ্লিসিরিন্সংযুক্ত জেলেটিনের ক্ষুদ্র চাক্তি। প্রত্যেক চাক্তির ওজন ১/৫০ গ্রেণ্। বৃটিশ্ ফার্ম্মাকোপিয়ার তিনটি চাক্তি আছে। যথা, ল্যামেলি এট্রোপাইনি (Lamellæ Atropinæ), এট

পাইনের পরিমাণ প্রত্যেক চাক্তিতে ১/৫০০০ গ্রেণ; ল্যামেলি কোকেইনি (Lamellæ Cocainæ), কোকেয়িনের পরিমাণ প্রত্যেক চাক্তিতে ১/২০০ গ্রেণ, ল্যামেলি ফাইসস্টিগমিনি (Lamellæ Physostigminæ) ফাইসস্টিগমিনের পরিমাণ প্রত্যেক চাক্তিতে ১/১০০০ গ্রেণ।

পল্ভ্যারিস্(Pulveris)। একাধিক শুষ্ক ঔষধদ্রব্যকে চূর্ণ করিয়া একত্র করিয়া মিশ্রিত করিলে ইহা প্রস্তুত হয়। ব্রিটিস্ ফার্ম্মাকোপিয়ার পাল্ভিস্ (Pulvis), সকলের নাম, যথা,—এমিগ্ডেলি কম্পোজিটস্ (Amygdalæ Compositus), এন্টিমোনিয়ালিস্ (Antimonialis), ক্যাটিকিউ কম্পোজিটস্ (Catechu Compositus), সিনামোমাই কম্পোজিটস্ (Cinnamomi Compositus), ক্রিটিএরম্যাটিকস্ (Cretæ Aromaticus) ক্রিটি এরোম্যাটিকস্ কম্ ওপিয়ো (Cretæ Aromaticus Cum Opio), ইলাটিরিনি কম্পোজিটস্ (Elaterini Compositus) গ্লিসারাইজা কম্পোজিটস্ (Glycyrrhizæ Compositus), ইপিকাকুয়ান্হা কম্পোজিটস্ (Ipecacuanhæ Compositus), জ্যালাপি কম্পোজিটস্ (Jalapæ Compositus), কাইনো কম্পোজিটস্ (Kino Compositus), ওপিয়াই কম্পোজিটস্ (Opii Compositus), রিয়াই কম্পোজিটস্ (Rhei Compositus) সোডি টার্টারেট্ এফারভেসেন্স (Sodæ Tartaratæ, Effervescens), স্ক্যামোনিয়াই কম্পোজিটস্ (Scommonii Compositus) ট্র্যাগাকান্থি কম্পোজিটস্ (Tragacanthæ Compositus).

স্পিরিটস্ (Spiritus) ফার্ম্মাকোপিয়ার যে সকল স্পিরিটস্ বায়বীয় তৈল দ্বারা প্রস্তুত হয়, তাহাদের পরিমাণ ১ ভাগ তৈল ও ৪৯ ভাগ স্পিরিট্। যথা—স্পিরিটস্ ক্যাজুপটি (Cajuputi); সিনেমোমাই (Cinnamomi); জুনিপ্যারী (Junipari) ল্যাভন্ডুলি (Lavandulæ) মেন্থি প্যাইপ্যারিটি (Menthæ Piperitæ); মিরিষ্টিকি (Myristicæ); রোজ মেরাইনি (Rosmarini).

স্পিরিটস্ ক্লোরফর্মাইভে (Spiritus Choroformi) ১ ভাগ ক্লোরফরম্ ও ১৯ ভাগ শোধিত সুরা আছে। স্পিরিটস্ ক্যাম্ফরিভে (Spiritus Camphorae) ১ ভাগ ক্যাম্ফর ও ৯ ভাগ শোধিত সুরা থাকে। এতদ্ব্যতীত

আরও স্পিরিটস্ (Spiritus) আছে। যথা,—ইথারিস্ (Ætheris,) ইথারিস্ কম্পোজিটস্ (Ætheris Compositus) ইথারিস্ নাইট্রোসাই (Ætheris Nitrosi), এমোনি এরোমাটিকস্ (Ammoniæ Aromaticus), এমোনি ফিটিডস্ (Ammoniæ Fœtidus),* আর্মোরেসাই কম্পোজিটস্ (Armoraciæ Compositus), রেক্টিফিকেটস্ (Rectificatus), টেনুইয়র্ (Tenuior), ভাইনাই গ্যালিসাই (Vini Gallici).

সক্কাই (Succi)। সরস ফল, মূল, ঔ শাখাদির নিষ্পীড়িত রসের ৩ অংশ ও এক অংশ শোধিত সুরা মিশ্রিত করিয়া সকস্ প্রস্তুত হয়। রস সকলের নাম। সকস্ বেলেডোনা (Belladonnæ); কোনিয়াই (Conii) হাইয়োসাইমাই (Hyoscyami); স্কোপেরিয়াই (Scoparii); ট্যারেক্সেসাই (Taraxaci).

সপোজিটোরিয়া (Suppositoria) বৃটিস্ ফার্মাকোপিয়াতে গুহ্য মধ্যে প্রয়োগের জন্য ৮ প্রকার সপোজিটোরি ব্যবহৃত হয়। যথা,—সপজিটোরিয়া এসিডাইকার্বলিসাই কম্ সেপনি (Suppositoria Acidi carbolici cum sapone); এসিডাইট্যানিসাই (Acidi Tannici); এসিডাই ট্যানিসাই কম্ সেপনি (Acidi Tannici cum sapone), গ্লিসিরাইনাই (Glycerini) হাইড্রার্জিরাই (Hydragyri); আইয়োডোফর্মাই (Iodoformi); মর্ফাইনি (Morphinæ); মর্ফাইনি কম্ সেপনি (Morphinæ cum Sapone); প্লম্বাই কম্পজিটা (Plumbi Composita).

সাইরুপি (Syrupi)। ঔষধ দ্রব্য সকল খাইতে সুস্বাদ হইবার নিমিত্ত শর্করার সহিত মিশ্রিত করিয়া অনেক গুলি প্রয়োগরূপ বৃটিস ফার্মাকোপিয়াতে গৃহিত হইয়াছে। সাইরুপস্ (Syrupus),—সকলের নাম; অরান্সাই (Aurantii), অরান্সাই ফ্লোরিস্ (Auran Floris), ক্লোরাল্ (Chloral), ফেরি আইয়োডিডাই (Ferri Iodidi), ফেরি ফস্ফেটিস্ (Ferri Phosphatis), ফেরি সব্‌ক্লোরাইডি (Ferri Subchloridi), হেমিডেস্মাই (Hemidesmi), লিমোনিস্ (Limonis), মোরাই (Mori) প্যাপেভেরিস্ (Papaveris), রিয়াই (Rhei), রিয়াডোস্ (Rhœados).

রোজি গ্যালিসাই (Rosæ Gallicæ), সিলি (Scillæ), সেনি (Sennæ) টোলিউটেনস্ (Tolutanus), জিন্জিবেরিস্ (Zingiberis).

ট্যাবেলি (Tabellæ) ইহা একপ্রকার চাক্তি। বৃটিস্ ফার্ম্মাকোপিয়াতে একটি মাত্র ট্যাবেলি গৃহিত হইয়াছে। ট্যাবেলি নাইট্রোগ্লিসিরাইনি (Tabellæ Nitro Glycerini) প্রত্যেক চাক্তিতে ১/১০০ গ্রেণ্ বিশুদ্ধ নাইট্রোগ্লিসিরীন্ আছে।

টিংচরি (Tincturæ)। বৃটিস্ ফার্ম্মাকোপিয়াতে অনেক গুলি অরিষ্ট আছে। ইহাদের মধ্যে কতকগুলি শোধিত সুরা দ্বারা, অধিকাংশ প্রুফ্ স্পিরিট্ দ্বারা, ও সামান্য দুই চারিটী কম্পাউণ্ড স্পিরিট্ অব্ এমোনিয়া এবং স্পিরিট্ অব্ ইথর সহযোগে প্রস্তুত হয়।

শোধিত সুরা (Rectified Spirit), দ্বারা এই সকল অরিষ্ট প্রস্তুত হয়। আর্নিসি (Arnicæ); একনাইটি (Aconiti) ; এসাফিটিডি (Asafœtidæ) অরেন্সিয়াই রিসেন্টিস্ (Aurantii Recentis) বেনজোয়িনি কম্পোজিটা (Benzoini Composita); ক্যানাবিস্ ইণ্ডিসি (Cannabis Indicæ) ; ক্যাপসিসাই (Capsici) ; সিনেমোমাই (Cinnamomi) ; কিউবেবি (Cubebæ); ফেরি এসিটেটিস (Ferri Acetatis) ; আইয়োডি (Iodi) লেরিসিস (Laricis); ল্যাভান্ডুলি কম্পোজিটা (Lavandulæ Composita) ; মার্ (Myrrhæ) ; পডফিলাই (Podophylli); পাইরিথ্রি (Pyrethri) ; সম্বল্ (Sumbul) ; টলিউট্যানা (Tolutana) ; ভিরাট্রি ভিরিডিস্ (Veratri Viridis) ; জিন্জিবারিজ্ (Zingiberis) ; জিন্জিবারিজ্ ফোর্সিয়র্ (Zingiberis Fortior) ; শোধিত সুরা দ্বারা ঔষধ দ্রব্যের তৈলবৎ পদার্থ ও ধুনাযুক্ত সার দ্রব করিবার নিমিত্ত ব্যবহৃত হয়।

এরম্যাটিক্ স্পিরিট অব্ এমনিয়া (Aromatic Spirit of Ammoniæ) শোধিত সুরার ন্যায় তৈল ও ধুনাযুক্ত পদার্থকে দ্রব করিবার নিমিত্ত ও নিজ ঔষধ সম্বন্ধীয় শক্তির জন্য ব্যবহৃত হয়।

ইহার নিম্নলিখিত অরিষ্ট সকল ব্যবহৃত হয়। টিংচুরা গুয়েসাই এমনিয়েটা (Tinctura Guaici Ammoniata) ; টিংচুরা ভ্যালিরিয়েনা

এমনিয়েটা (Tinctura Valerianæ Ammoniata); এবং টিংচুরা ওপিয়াই এমনিয়েটা (Tinctura Opii Ammoniata)।

স্পিরিট্ অব্ ইথার (Spirit of Ether) টিংচুরা লোবেলিয়া ইথিরিয়া (Tinctura Lobeliæ Ætherea) প্রস্তুত করিতে ব্যবহৃত হয়।

ব্রিটিস্ ফার্মাকোপিয়ার প্রুফ্ স্পিরিট্ (Proof Spirit) দ্বারা নিম্ন-লিখিত অরিষ্ট সকল্ প্রস্তুত হয়; যথা,—

এলোস্ (Aloes), অরেন্সাই (Aurantii), বেলেডোনা (Belladonnæ), বুকু (Buchu), কলম্বা (Calumbæ), ক্যাম্ফরি কম্পোজিটা (Camphoræ Composita) ক্যান্থারাইডিস্ (Cantharidis), কার্ডা-মোমাই কম্পোজিটা Cardamomi Composita), ক্যাস্ক্যারিলি (Cascarillæ), ক্যাটিকিউ (Catechu), চিরেটা (Chiratæ), সিমিসিফিউগা (Cimicifugæ), সিন্কোনি (Cinchonæ), সিন্কোনি কম্পোজিটা (Cinchonæ Composita), সিনামোমাই (Cinnamomi), কোকাই (Cocci), কলচিসাই সেমিনম্ (Colchici Seminum), কোনাই (Conii), ক্রোকাই (Croci), ডিজিটেলিস্ (Digitalis), জেল্সিমাই (Gelsemii), হ্যামামেলিডিস্ (Hamamelidis), হাইড্রাস্টিস্ (Hydrastis), জ্যাবোরাণ্ডি (Jaborandi), আর্গটি (Ergotæ), গ্যালা (Gallæ), জেন্সিয়ানি কম্পোজিটা (Gentianæ Composita), হাওস্যাইমাই (Hyoscyami), জ্যালাপি (Jalapæ), ক্রামেরি (Krămeriæ), লিমনিস্ (Limonis), লোবেলিয়া (Lobeliæ) লুপুলাই (Lupuli), ওপিয়াই (Opii), কোয়াসিয়া (Quassiæ), কুইনাইনি এমোনিয়েটা (Quininæ Ammoniata), রিয়াই (Rhei), স্যাবাইনি (Sabinæ), সিলা (Scillæ), সেনেগা (Senegæ), সেন্নি (Sennæ) সার্পেণ্টারিয়া (Serpentariæ), ষ্ট্রামোনাই (Stramonii), ভ্যালিরিয়েনি (Valerianæ).

এতদ্ব্যতীত শোধিত সুরা দ্বারা আরও কতকগুলি অরিষ্ট ও অন্যান্য দ্রব্য মিশ্রিত করিয়া প্রস্তুত হয়। যথা,—ক্লোরো-ফর্মাই কম্পোজিটা (Chloroformi Composita), ক্লোরোফর্মাই এট্ মর্ফাইনি (Chloroformi et Morphinæ), ফেরি এসিটেটিস্ (Ferri Acetatis), ফেরি পারক্লোরাইডি (Ferri Perchloridi); কাইনো (Kino),

নিউসিস্ ভোমিসি (Nucis Vomicæ), ষ্ট্রোফান্থি (Strophanthi), কুইনাৰি (Quininæ) লোবেলিয়া ইথিরিয়া (Lobeliæ Ætherea).

ট্রোচিসাই (Trochisci)। শর্করা ও গঁদের সহিত ঔষধ দ্রব্যকে ক্ষুদ্র ক্ষুদ্র চাক্তির, আকারে প্রস্তুত করা হয়। বৃটিস্ ফার্মাকোপিয়াতে ১৩টী প্রয়োগ রূপ আছে। যথা ট্রোচিসাই (Trochisci) এসিডাই বেন্‌জোয়িসাই (Acidi Benzoici) ; এসিডাই ট্যানিসাই (Acidi Tannici) ; বিস্‌মথাই (Bismuthi) ; ক্যাটেচু (Catechu) ; ফেরি রিডাক্টাই (Ferri Redacti) ; ইপিক্যাকোয়ান্হি (Ipecacuanhæ) ; মর্ফাইনি (Morphinæ) মর্ফাইনি এট্ ইপিক্যাকোয়ান্হি (Morphinæ et Ipecacuanhæ) ; ওপিয়াই (Opii) ; পটাসিয়াই ক্লোরেটিস্ (Fotassii (Chloratis), স্যান্টোনাইনি (Santonini) ; সোডিয়াই বাইকার্বনেটিস্ (Sodii Bicarbonatis), সলফিউরিস্ (Sulphuris)।

অঙ্গুয়েণ্টা (Unguenta)। মোমের মলম, মেষ বা শূকরের বসা বা বেন্‌জোয়েটেড্ লার্ডের সহিত ঔষধ দ্রব্য মর্দ্দন করিয়া ইহা প্রস্তুত করিতে হয়। ব্রিটিস্ ফার্মাকোপিয়ার মলম (Unguentum) সকলের নাম ; যথা,— এসিডাই বোরিসাই (Acidi Borici), এসিডাই কার্বোলিসাই (Acidi Carbolici), একোনাইটিনা (Aconitinæ), এন্টিমনি টার্টারেটাই (Antimonii Tartarati), এসিডাই স্যালিসিলিসাই (Acidi Salicylici), এট্রোপিনা (Atropinæ), বেলেডোনা (Belladonnæ), ক্যালামিনি (Calaminæ). ক্যান্থারাইডিস্ (Cantharidis), সিটেসিয়াই (Cetacei), ক্রাইসারোবাইনাই (Chrysarobini), ক্রিয়াজোটাই (Creasoti), কোনাই (Conii), ইলিমাই (Elemi), ইউক্যালিপটাই (Eucatypiti), গ্যালা (Gallæ), গ্যালা কম্ ওপিও (Gallæ Cum Opio), গ্লিসিরাইনাই প্লম্বাই সব এসিটেটিস (Glyrini Plumbi sub acetatis) হাইড্রার্জিরাই (Hydrargyri), হাইড্রার্জিরাই এমোনিয়েটাই (Hydrargyri Ammoniati), হাইড্রার্জিরাই কম্পোজিটম্ (Hydrargyri Compositum), হামামেলিডিস্ (Hamamelrdis), হাইড্রার্জিরাই আইয়োডিডাই রুব্রাই (Hydrargyri Iodidi Rubri), হাইড্রার্জিরাই নাইট্রেটিস্ (Hydra-

gyri Nitratis) হাইড্রার্জিরাই নাইট্রেটিস্ ডাইলুটম্) Hydrargyri Nitratis Dilutum), হাইড্রার্জিরাই অক্সাইডাই রুব্রাই (Hydrargyri Oxidi Rubri), হাইড্রার্জিরাই সব্‌ক্লোরাইডি (Hydrargyri Subchlo ridi), আইয়োডাই (Iodi), আইয়োডোফর্ম্মাই (Iodoformi), পাইসিস্ লিকুইডি (Picis Liquidæ), প্লম্বাই এসিটেটিস্ (Plumbi Acetatis), প্লম্বাই কার্ব্বোনেটিস্ (Plumbi Carbonatis), প্লম্বাই আয়োডিডাই (Plumbi Iodidi), পোটাসি সল্‌ফিউরেটি (Potassae Sulphuratæ), পোটাসি আইয়োডিডাই (Potassae Iodidi), রেজিনি (Resinæ), সাবাইনি (Sabinæ) সিম্‌প্লেক্স্ (Simplex), ষ্টাফিসাগ্রাই (Staphisagriæ), সল্‌ফিউরিস্ (Sulphuris), সল্‌ফিউরিস্ আইয়োডিডাই (Sulphuris Iodidi), টেরিবিন্থিনি (Terebinthinæ), ভেরাট্রিনি (Veratrinæ), জিন্‌সাই (Zinci), জিন্‌সাই ওলিয়েটাই (Zinci Oleati),

উদ্ভিদ্ বীর্য্য হইতে যে মলম (Unguentum), প্রস্তুত হয়, তাহার এক আউন্স পরিমাণ মলমে ৮ গ্রেণ বীর্য্য থাকে।

ভেপরিস্ (Vapores)। ইহাদিগকে ব্যবহার করিবার পূর্ব্বে প্রস্তুত করা হয়, এবং ঔষধ দ্রব্যকে শীতল বা উষ্ণ জলের সহিত মিশ্রিত করিয়া উপযুক্ত ইন্‌হেলার (Inhaler) যন্ত্র মধ্যে রাখিতে হয়। পরে ইহা হইতে যে ধূম নির্গত হয়, তাহা শ্বাসদ্বারা গ্রহণ করা হয়। বৃটিশ ফার্ম্মাকোপিয়াতে ৬টী মাত্র ইহার প্রয়োগ রূপ গৃহীত হইয়াছে। যথা, ভেপর এসিডাই হাইড্রোসিয়ানিসাই (Vapor Acidi Hydrocyanici); ক্লোরাই (Chlori); কোনাইনি (Coninæ); ক্রিয়াজোটাই (Creasoti); আইয়োডাই (Iodi); ওলিয়াই পাইনাই সিল্‌ভেস্‌ট্রিস্ (Oleii Pini Sylvestris)।

ভাইনা (Vina)। এই সকল প্রয়োগ রূপ প্রস্তুত করিতে শোধিত বা প্রুফ স্পিরিটের পরিবর্ত্তে সেরি (Sherry) ব্যবহৃত হয়। ব্রিটিশ ফার্ম্মাকোপিয়ার ভাইনম্ (Vinum) সকলের নাম; যথা,—এলোস্ (Aloes), এন্টিমোনিয়ালি (Antimoniale), অরেন্সাই (Aurantii), কল্‌চিসাই (Colchici), ফেরি (Ferri), ফেরি সাইট্রেটিস্ (Ferri Citratis),

ইপিকাকুয়াহ্না (Ipecacuanhæ), ওপিয়াই (Opii), কুইনাইনি (Quininae), রিয়াই (Rhei), জারিকম্ (Xericum).

ঔষধদ্রব্য প্রস্তুত করিবার সময় নিম্নলিখিত নিয়মগুলি স্মরণ রাখা কর্ত্তব্য।

১। যে পাত্রে ঔষধ দ্রব্য প্রস্তুত করিতে হইবে, তাহা যেন উত্তমরূপে পরিষ্কার হয়। পাত্রটি যেন কাঁচ কিম্বা পর্শিলেনের (Porcelain) নির্ম্মিত হয়।

২। সকল প্রকার এসিডস্, ক্ষার, ধাতুঘটিতঔষধ ও সকলপ্রকার লবণ দ্রব্য ষ্টপার্ডগ্লাস বোতল্ (Stoppered glass Bottles) মধ্যে রাখা উচিত এবং বোতলের বর্ণ সবুজ কিম্বা কাল হইলে আরও ভাল হয়।

৩। অম্ল ও ক্ষার ঘটিত দ্রব্য সকল চূড়ান্ত দ্রব (Saturation) করিতে হইলে পরিশ্রুত জল ব্যবহার করা উচিত।

৪। কোন ২ ঔষধ দ্রব্য প্রস্তুত করিতে উত্তাপের প্রয়োজন হয়। ইহার পরিমাণ ফারণহিট্ কিম্বা সেন্টিগ্রেড্ স্কেলে (Fahrenheit or Centigrade Scales) মাপ করা হয়। ফারণহিট্ স্কেলে ২১২ ও সেন্টিগ্রেড্ স্কেলে ১০০ তাপাংশে জলকে উত্তপ্ত করিলে ইহা হইতে বাষ্প নির্গত হয়।

ওয়াটার বাথ (Water Bath)। গরম জলে কিম্বা গরম জলের বাষ্পে উপযুক্ত পাত্র বসাইয়া উত্তাপ লাগাইবার নাম 'ওয়াটার বাথ্।'

স্যাণ্ডবাথ (Sand Bath)। কোন উপযুক্ত পাত্রে বালি রাখিয়া অগ্নি সন্তাপ দিলে 'স্যাণ্ডবাথ' প্রস্তুত হয়।

ঔষধ প্রয়োগের জ্ঞান (THERAPEUTICS).

প্রত্যেক ঔষধের আময়িক প্রয়োগ পৃথক্ পৃথক্ না লিখিয়া, এ অধ্যায়ে সমগ্র ঔষধের কেবল সাধারণ প্রণালী, সেবন সময় ও উপকারিতা সম্বন্ধে কিছু বলা যাইতেছে।

১। ঔষধ প্রয়োগকালীন ঔষধ দ্রব্য সমূহের সম্মিলনতা সম্বন্ধে বিশেষ মনোযোগ রাখা আবশ্যক।

২। ব্যবস্থাপত্র লিখিবার সময় ঔষধের সংখ্যা যত অল্প হয় ততই ভাল। বিশেষ প্রয়োজন ব্যতীত একত্রে কতকগুলি ঔষধ ব্যবস্থা করা অনুচিত। যাঁহারা মনে করেন যে, এককালীন নানা ঔষধ ব্যবস্থা করিলে, ইহার মধ্যে কোন না কোনটি অবশ্যই ফলদায়ক হইবেক, তাঁহাদের আরও স্মরণ রাখা কর্ত্তব্য যে, ঐরূপ প্রয়োগে বিপরীত ফলও ঘটিতে পারে। সকল সময় এই নিয়ম খাটে না। রোগবিশেষে দুই বা ততোধিক ঔষধ দ্রব্য একত্রে প্রয়োগ করিলে উপকার পাওয়া যায়। কতকগুলি বিরেচক ঔষধ অন্ত্রের এক অংশের উপর ক্রিয়া প্রকাশ করে। অপর কতকগুলি ঔষধ অন্ত্রের অপর কোন অংশের উপর ক্রিয়া দর্শায়। এক শ্রেণীর ঔষধ অন্ত্রের কৃমিক্রিয়া বৃদ্ধি (Vermicular action) করে, অপর এক শ্রেণীর ঔষধ অন্ত্রের শ্লৈষ্মিক ঝিল্লির উগ্রতা সাধন করিয়া অধিক পরিমাণে রস নির্গত করায়। ব্যবহার দ্বারা ইহাও প্রমাণ হইয়াছে যে, বিরেচক ঔষধ দ্রব্য, এক একটি পৃথক রূপে ব্যবহার করিলে সুফল পাওয়া যায় না। কিন্তু ঐ সকল ঔষধ যদি অন্য বিরেচক ঔষধের সহিত প্রয়োগ করা হয়, তাহা হইলে সন্তোষজনক ফললাভ করা যায়। যেমন শুষ্ক সোনামুখী সেবন করিলে অন্ত্রের প্রদাহ উপস্থিত হয়; ইপসম্ (Epsom salt) লবণ প্রয়োগে অন্ত্রের অনিয়মিত সঙ্কোচন ক্রিয়া প্রকাশ করে, আর ইহাতে অন্ত্রের স্ফীতি সম্পাদিত হয়। কিন্তু এই দুই দ্রব্য একত্র করিয়া ব্যবহার করিলে উভয়রূপ বিরেচক ক্রিয়া সম্পাদন করে। ইহা দ্বারা প্রমাণিত হইতেছে যে, অন্ত্রের বিরেচক ক্রিয়া সুচারুরূপে সম্পন্ন করিতে হইলে, ভিন্ন ২ শ্রেণীর বিরেচক ঔষধ দ্রব্য সম্মিলন করিয়া প্রয়োগ করা কর্ত্তব্য।

ঔষধ প্রয়োগরূপ ও ঔষধ প্রয়োগ সময়।

দিবসের কোন সময়, আহারের অগ্রে কিম্বা পরে, ঔষধ দ্রব্য তরল কিম্বা কঠিনাকারে (Pillform) সেবনীয়, চিকিৎসকদিগের এই সকল বিষয়ে জ্ঞান থাকা আবশ্যক।

ক্রিয়া শীঘ্র দর্শাইতে হইলে ঔষধ তরল অবস্থায় ও খালি পেটে প্রয়োগ করা বিধেয়। কঠিন বা ঘন (Solid form) আকারের ঔষধ পাকস্থলীর পাকরসে দ্রব হইতে সময় লাগে। যতক্ষণ পাকস্থলীতে ভক্ষ্যদ্রব্য থাকিবে, ততক্ষণ শোষণ কার্য্য ভাল রূপে সাধিত হইবে না।

সমভাগ কুচিলার বীর্য্য (Stychnia) ভিন্ন আকারে অর্থাৎ তরল (Liquid form) কিম্বা বটিকাকারে (Pill form) প্রয়োগ করিলে, ঔষধের ফল প্রকাশ পাইতে সময়ের তারতম্য দেখা যায়। তরলাকারে ক্রিয়া শীঘ্র ও কঠিনাকারে ক্রিয়া বিলম্বে প্রকাশ পায়। সেইরূপ কুচিলার সার (Ext Nucis Vomicæ) সমান অংশে খালি পেটে ও ভরা পেটে সেবন করিলে উহার ক্রিয়া প্রকাশ পাইতে ঐরূপ সময়ের তারতম্য দেখা যায়। অন্যান্য ঔষধও এইরূপ নিয়মে কার্য্য প্রকাশ করে।

ঔষধ দ্রব্যের ক্রিয়া বিলম্বে প্রকাশ করিতে হইলে ঔষধ দ্রব্য কঠিনাকারে (Solid form) ও ভরা পেটে প্রয়োজ্য।

১। পাকস্থলীর উগ্রতা দমনার্থ ও পাকস্থলীর স্বাভাবিক ক্রিয়া সম্পাদনার্থ আহারের অর্দ্ধ হইতে এক ঘণ্টা পূর্ব্বে ঔষধ সেবন করান কর্ত্তব্য।

২। ক্ষার ঔষধ আহারের এক ঘণ্টা পূর্ব্বে বা ৩।৪ ঘণ্টা পরে প্রয়োগ বিধেয়। আহারের এক ঘণ্টা পূর্ব্বে ক্ষার ঔষধ সেবন করিলে অম্লরস নষ্ট হইয়া শিরা দ্বারা শোষিত হয় ও রক্তের সহিত মিশ্রিত হইয়া থাকে। আহারের ৩।৪ ঘণ্টা পরে ক্ষার ঔষধ সেবন করিলে পরিপাক ক্রিয়াজনিত পাকস্থলীস্থ অবশিষ্ট অম্লরস নষ্ট হয়।

ক্ষার ঔষধ আহারের সহিত সেবন করিলে পরিপাক ক্রিয়ার বিঘ্ন জন্মে, কারণ, পরিপাক ক্রিয়া সুচারুরূপে সম্পন্ন করিতে হইলে অম্লরসের প্রয়োজন হয়।

৩। যে সকল ঔষধ শোষিত হইয়া রক্ত সংশোধন ও শরীরের পুষ্টিসাধন করে, তাহাদিগকে আহারের সহিত অথবা আহারান্তে সেবন করান উচিত। এই শ্রেণীস্থ ঔষধ; যথা, লৌহঘটিত ঔষধ সকল, কড্‌লিভার তৈল প্রভৃতি।

৪। উগ্র ঔষধ আহারান্তেই সেবন করা উচিত। কারণ, পূর্ণ

পাকস্থলীতে উহাদের উগ্রতা প্রকাশ পায় না। এই শ্রেণীস্থ ঔষধ, আর্সেনিক ইত্যাদি।

৫। নিদ্রাকারক ঔষধ বটিকাকারে সেবন করিলে বিলম্বে এবং তরলাকারে সেবন করিলে আশু ফল দর্শায়।

৬। অভ্যাস দোষে ঔষধের ক্রিয়ারও তারতম্য হইয়া থাকে। অহিফেন, প্রথম ২ অল্প মাত্রায় সেবন করিলে, ইহার ক্রিয়া শীঘ্র প্রকাশ পায়। কিন্তু সেবন অভ্যস্ত হইলে সেই মাত্রায় আর তত শীঘ্র কার্য্য করে না।

৭। বিরেচক ঔষধ কোন্ আকারে ও কোন্ সময়ে সেবন করা উচিত। ইহার তারতম্য অনুসারে বিরেচক ঔষধের ক্রিয়া দর্শায়। ইহা প্রয়োগ করিতে হইলে আহারের অর্দ্ধ ঘণ্টা পূর্ব্বে কিম্বা ৩।৪ ঘণ্টা পরে প্রয়োগ করা কর্ত্তব্য। যথা একটি "ডিনার পিল্" (Dinner Pill with one grain of Extract of Aloes) এক গ্রেণ মুসব্বরের সার সহযোগে আহারের পূর্ব্বে সেবন করিলে বিরেচক ক্রিয়া বিশেষরূপে প্রকাশ করে; কিন্তু ঐ পিল্ শুইবার সময় সেবন করিলে সেইরূপ বিরেচক ক্রিয়া প্রকাশ করে না।

৮। কৃমিনাশক ঔষধ সেবনের প্রয়োজন হইলে আহারের ৩।৪ ঘণ্টা পূর্ব্বে প্রয়োগ করা উচিত। তাহা হইলে, ঔষধ সকল কৃমির উপর কার্য্য করে ও উহাদিগকে শীঘ্র নষ্ট করে।

ব্যবস্থাকালীন ঔষধ-দ্রব্যের অসম্মিলনতা (Incompatibility in Prescribinig).

কিছুকাল পূর্ব্বে বিশ্বাস ছিল যে, দুইটি ঔষধ মিশ্রিত কম্পাউণ্ড (Compound) জলে দ্রব না হইলে, ঐরূপ সম্মিলনকে ঔষধের অসম্মিলন বলিয়া গণ্য হইত। যথা ইপিক্যাকুয়ান্হা, ট্যানিক্ এসিড যুক্ত উদ্ভিজ্জের সহিত প্রয়োগ অবিধেয়। কারণ, ট্যানেট্ অব্ এমিটিন্ (Tannate of Emetine is insoluble in water) জলে অদ্রবনীয়। পরীক্ষা দ্বারা প্রমাণ হইয়াছে যে, অনেক ঔষধ দ্রব্য, যাহা জলে অদ্রবনীয়, তাহা পাকাশয় ও অন্ত্রের রসে দ্রব হয় ও সহজেই শোষিত হইয়া রক্তের সহিত মিশ্রিত হয়। ট্যানেট্ অব

এমিটিন্ (Tannate of Emitin) সেবনে বমন হইয়া থাকে, ট্যানেট্ অব্ ষ্ট্রিক্নিন্ (Tannate of Strychnine) সেবনে ষ্ট্রিক্নিয়ার লক্ষণ সকল প্রকাশ পায় এবং ট্যানেট্ অব্ মর্ফাইন্ (Tannate of Morphine) সেবনে ঘুম ইত্যাদি মর্ফিয়ার লক্ষণ সকল দেখা যায়। তবে ট্যানেট্যুক্ত উপকার সকল লবণ বিশিষ্ট উপকার অপেক্ষা দ্রব হইতে বেশী সময় লাগে। উভয়ের ক্রিয়ার কোন প্রভেদ নাই। আবার দেখা যায়, ক্যালোমেল্ (Calomel), রিডিয়ুস্ড্ আয়রণ (Reduced Iron) সবনাইট্রেট্ অব্ বিস্মথ্ (Subnitrate of Bismuth), ইহারা জলে দ্রব হয় না। অথচ ইহাদিগকে সেবন করিলে ইহাদের ক্রিয়া বিশেষরূপে প্রকাশ পায়।

ইহা বলিয়া যে, সকল মিশ্র সম্মিলন, তাহা নহে। যথা, গন্ধকদ্রাবক, এসিড্ ইন্‌ফিউজন্ অব্ রোজ্ সহযোগে সঙ্কোচক পানীয়রূপে সেবন করিলে ও তৎসঙ্গে এসিটেট্ অব্ লেড্ (Acetate of Lead) বটিকাকারে সেবন করাইলে, সঙ্কোচক ক্রিয়ার লোপ পায় এবং সল্ফেট্ অব্ লেড্ (Sulphate of Lead) প্রস্তুত হয়, যাহা পাকাশয়স্থ অম্লরসে দ্রব হয় না। কম্পাউণ্ড ক্যাম্ফর লিনিমেন্ট (Compound Camphor Liniment) এসিটিক্ এসিডের (Acetic Acid) সহিত একত্র করিয়া বাহ্য প্রয়োগে কোন রূপ ক্রিয়া প্রকাশ করিতে পারে না। কারণ, এসিটিক্ এসিড্ (অম্লপদার্থ) ও এমোনিয়া (ক্ষারপদার্থ) একত্র করণে রাসায়নিক ক্রিয়া দ্বারা পরস্পরের ক্রিয়ার লোপ হয়। ক্রিয়াজোট্ (Creasote) অক্সাইড্ অব্ সিল্ভার (Oxide of Silver) সহযোগে প্রয়োগ করিলে রাসায়নিক ক্রিয়া দ্বারা অগ্ন্যুৎপাদন হয়। কষ্টিক্ এল্ক্যালাইন্ সোলিউসন্ (Caustic Alkaline Solution), যথা সোলিউসন্ অব্ পটাস্ (Solution of Potash); হেনবেন (Henbane); ষ্ট্র্যামোনিয়ম্ (Starmonium) এবং বেলেডোনা (Belladonna) প্রয়োগরূপ সহযোগে প্রয়োগ করিলে, ইহাদের ক্রিয়া প্রকাশ পায় না। কিন্তু সোলিউসন্ অব্ পটাশের পরিবর্ত্তে ক্ষার কার্ব্বনেট্ কিম্বা ক্ষার বাইকার্ব্বনেট্ সহ প্রয়োগ করিলে ক্রিয়ার কোনরূপ ব্যতিক্রম ঘটে না। ক্লোরাইড্ সকল নাইট্রেট্ অব্ সিল্ভার সহযোগে অমিশ্রিত হয়। ক্ষার,

ক্ষারভৌম পদার্থ ও উহাদের কার্ব্বনেট, হাইড্রোসিয়ানিক্ এসিড, চুনের জল, পটাস, আইয়োডাইড, নাইট্রিক্ এসিড, সমস্ত লৌহ ঘটিত লবণ ইত্যাদি সংযোগে ক্যালমেল্ (Calomel) বিযুক্ত হয়।

অধিকাংশ দ্রাবক ও অম্ল লবণ সকলের দ্বারা আইয়োডাইড অব্ পটাসিয়াম্ বিযুক্ত হইয়া থাকে। অহিফেন বা অহিফেন ঘটিত প্রয়োগরূপ সহ ক্লোরোফরম্ মিশ্রিত করিলে, ক্লোরোফরম্ দ্বারা নার্কটিন্ জড়িত হইয়া নিম্নগত হয়। দ্রাবক সহযোগে ব্রোমাইড অব্ পোটাসিয়ম্ বিযুক্ত হয়।

লৌহ ঘটিত ঔষধ সকল সমুদায় ইনফিউজনের সহিত অধঃস্থ হয়। কেবল ইনফিউজন্ অব্ কলম্বা এবং কোয়াসিয়ার সহিত অধঃস্থ হয় না; কারণ উহাতে ট্যানিন্ নাই।

নাইট্রেট্ অব্ পোটাসিয়ম্ অধিকাংশ সল্ফেটস্ দ্বারা বিযুক্ত হয়; এবং ফট্কিরি সহযোগে ডবল্ সল্ফেট্ প্রস্তুত হয়।

MODE IN WHICH MEDICINES ARE INTRODUCED INTO THE SYSTEM.

ঔষধ প্রয়োগের বিবরণ।

প্রয়োজন ভেদে শরীরের বিবিধ স্থানে বিবিধ উপায়ে ঔষধ প্রয়োগ করা হয়।

১। **ঔষধ সেবন বা উদরস্থকরণ।** এই প্রকার প্রয়োগ, সহজ ও বিশেষ ব্যবহার্য্য। কিন্তু কোন কোন রোগে, যথা, সংন্যাস, হিষ্টিরিয়া, উন্মাদ প্রভৃতি রোগে ঔষধ উদরস্থ করন সহজ নহে। সে স্থলে ষ্টমাক্ পম্প ও পিচকারী দ্বারা ঔষধ সেবন করান হয়।

২। **গুহ্য মধ্যে ঔষধ প্রয়োগ।** ইহা দুই উদ্দেশ্যে ব্যবহৃত হয়। যথা—১। শোষণ, ২। বিরেচন। শোষনার্থে ঔষধ গুহ্যমধ্যে প্রয়োগ করিতে হইলে, ইহার অল্প পরিমাণ (১ হইতে ৩ আউন্স) জলীয় পদার্থের সহিত মিশ্রিত করিয়া প্রয়োগ করা উচিত। অধিক পরিমাণ জলীয় পদার্থের সহিত ঔষধ দ্রব্য ব্যবহার করিলে অন্ত্রের কৃমিক্রিয়া (Peristaltic or Vermicular Action) বৃদ্ধি করিয়া বিরেচক গুণ প্রকাশ করে।

ঔষধ দ্রব্য তরলাকারে পিচকারী দ্বারা গুহ্য মধ্যে প্রয়োগ করাকে 'এনিমেটা' (Enemata) কহে। যে সকল ঔষধ দ্রব্য বটিকাকারে গুহ্য মধ্যে প্রয়োগ করা হয়, তাহাদিগকে 'সপোজিটরিয়া' (Suppositoria) কহে।

গুহ্য মধ্যে ঔষধ প্রয়োগের মাত্রা, ঔষধ সেবনের মাত্রাপেক্ষা ৩ গুণ অধিক।

কোন্ কোন্ অবস্থায় গুহ্য মধ্যে ঔষধ প্রয়োগ করা উচিত। যখন ঔষধ দ্রব্য উদরে থাকে না ও কেবল বমন হইয়া যায়। উদর কিম্বা মুখে কোন রূপ পীড়া বশত রোগীকে ঔষধ সেবন নিষিদ্ধ. এমন অবস্থায় গুহ্য মধ্যে ঔষধ প্রয়োগ করা কর্ত্তব্য। গুহ্য বা তন্নিকটস্থ যন্ত্রের, যথা, মূত্রাশয় জরায়ু প্রভৃতি রোগে, গুহ্য মধ্যে ঔষধ প্রয়োগ করা হয়।

ঔদ্ভিজ্জ্য বীর্য্য (Alkaloids)। পাকাশয়স্থ শ্লৈষ্মিক ঝিল্লি অপেক্ষা সরলান্ত্রের শ্লৈষ্মিক ঝিল্লি দ্বারা শীঘ্র শোষিত হয়।

'এনিমা' (Enema) প্রয়োগের উদ্দেশ্য। রেক্টম্ (Rectum) ও কোলন্ (Colon)। কোন কারণে বা রোগবশত মল বদ্ধ হইলে, তাহা নির্গতকরণ। কোন কোন পীড়ায়, যখন রোগীকে মুখ দ্বারা খাওয়ান দুঃসাধ্য হয়, তখন পিচকারী দ্বারা পুষ্টিকর আহার দ্রব্য জলীয়াকারে প্রয়োগ করা যায়।

'সপোজিটরি' (Suppository)। ইহা দ্বারা বস্তিগহ্বরস্থ যন্ত্রাদির বেদনানাশার্থ অহিফেন, মর্ফিয়া প্রভৃতি রথচূড়াকারে নির্ম্মিত বটিকা গুহ্য মধ্যে প্রয়োগ করা হয়।

৩। 'ইঞ্জেক্সন্' (Injection)। গুহ্য ভিন্ন শরীরের অন্যান্য গহ্বরে ও পথে পিচকারী দ্বারা ঔষধ প্রয়োগ করাকে 'ইঞ্জেক্সন্' কহে।

পুরুষদিগের প্রমেহ, ও স্ত্রীলোকদিগের প্রমেহ, শ্বেত প্রদর, রক্তস্রাবাদি বিবিধ রোগে লিঙ্গনাল, যোনি, কর্ণ, নাসিকাদিতে পিচকারী ব্যবহার করা হয়।

৪। 'ইন্হেলেসন্' (Inhalation)। শ্বাসদ্বারা ঔষধ দ্রব্য কণ্ঠনলি এবং ফুস্ফুসের অন্তর্গত করণ। ঔষধের ধূম ও বাষ্পীয় ঔষধ সকল এই

প্রকারে প্রয়োগ হয়। ফুসফুসাভ্যন্তর্গত হইলে ঔষধ সকল শীঘ্র শোষিত হইয়া ক্রিয়া প্রকাশ করে। ক্লোরোফরম্, গাঁজা ইত্যাদির ধূম গ্রহণে ইহা সপ্রমাণ হয়।

৫। 'ইন্‌ফ্লেশন্' (Inflation)। এই উপায় দ্বারা ঔষধ দ্রব্য অতি সূক্ষ্ম চূর্ণ করত নলমধ্যে রাখিয়া ঐ নল রোগীর গলার ভিতর প্রবিষ্ট করাইয়া ফুৎকার দ্বারা স্বরযন্ত্র ও কণ্ঠনলি মধ্যে প্রয়োগ করা যায়। ফট্‌কিরি, বিস্‌মথ্, ক্যালোমেল্ ইত্যাদির চূর্ণ এইরূপে প্রয়োগ করা হয়।

৬। চর্ম্মের উপর ঔষধ প্রয়োগ। কতকগুলি ঔষধ চর্ম্মের উপর ঘর্ষণ দ্বারা প্রয়োগ করা হয়। কতকগুলি ঔষধ গ্লিসিরীনের সহিত মিশ্রিত করিয়া, কতকগুলি ঔষধের মলম ইত্যাদি দ্বারা প্রলেপরূপে চর্ম্মের উপর লাগান হয়, এই প্রক্রিয়াকে ইনংসন্ (Inunction) কহে। শোষণ ক্রিয়া শীঘ্র প্রকাশ পাইবার নিমিত্ত চর্ম্মের উপর ব্লিষ্টার দিয়া ফোস্কা করা যায় এবং ঐ ফোস্কার চামড়া উঠাইয়া উহার উপর ঔষধ দ্রব্য সূক্ষ্ম চূর্ণাকারে ছড়াইয়া দেওয়া যায়। এই প্রক্রিয়াকে 'এন্‌ডার্মিক' (Endermic Method) উপায় কহে।

বাথ্ (Bath)। শুদ্ধ জল বা ঔষধ দ্রব্য মিশ্রিত জল দ্বারা সমুদয় শরীর বা শরীরের অংশ আর্দ্র, করণের নাম স্নান। ইহা তিন প্রকার।১। সম্পূর্ণ স্নান বা (full-bath)। ২। নাভী অবধি উরু পর্য্যন্ত স্নান করিলে তাহাকে 'হিপ্-বাথ্' (Hip-bath) কহে। ৩য়। জানু হইতে পদ পর্য্যন্ত স্নান করিলে, তাহাকে 'ফুটবাথ্' (Foot-bath) কহে। ইহা ভিন্ন, ভেপর বাথ্ ওয়াটার বাথ্ ডুস, স্পঞ্জিং ইত্যাদি প্রকারের স্নান আছে।

৮। সব্‌কিউটেনিয়স্ ইঞ্জেক্সন্ (Subcutaneous Injection) চর্ম্মের নিম্নস্থ জালবৎ ঝিল্লিতে ঔষধ প্রয়োগ। ইহাকে 'হাইপোডার্ম্মিক' মেথড (Hypodermic Method) কহে। এই কার্য্য সম্পাদনার্থ হাইপোডার্ম্মিক্ সিরিঞ্জের প্রয়োজন (Hypodermic Syringe) হয়। ইহার প্রয়োগ কালে দুইটী বিষয় স্মরণ রাখা উচিত।

১ম। আভ্যন্তরিক প্রয়োগে ঔষধের পরিমাণ যাহা ব্যবহার করা হয়, তাহার ১/০ অংশ হাইপোডার্ম্মিক্ রূপে প্রয়োগ করিতে হইবে।

২য়। ঔষধ দ্রব্য ক্ষারাধিক্য বা অম্লাধিক্য করিয়া প্রয়োগ করিবে না। কারণ, ইহাতে স্থানিক উগ্রতা হইবার আশঙ্কা থাকে।

হাইপোডার্ম্মিক মতে ঔষধ প্রয়োগের বিশেষ ফল এই যে, অল্প মাত্রায় ও শীঘ্র ঔষধের ক্রিয়া দর্শায়।

৯। শিরা দ্বারা ঔষধ প্রয়োগ (by injection into the Veins), এইরূপ প্রণালীতে ঔষধ দ্রব্য প্রয়োগ এক্ষণে আর দেখিতে পাওয়া যায় না। পূর্ব্বকালে কলেরার (Choleraic Collapse) হিমাঙ্গবস্থায় ব্যবহার হইত।

১০। গার্গল্ (Gargle)। কুল্য রূপে ঔষধ প্রয়োগ করা যায়।

১১। ক্লিরিয়ম্ (Collyrium); ইং (Eyewash)। চক্ষু রোগে যে সকল ঔষধ ধৌত, চক্ষে প্রয়োগ করা যায়।

অবস্থাভেদে শরীর মধ্যে ঔষধ দ্রব্যের ক্রিয়ার তারতম্য।

এই অবস্থা দুই প্রকার; স্বাভাবিক ও আগন্তুক। স্বাভাবিক যথা— স্ত্রী পুরুষভেদ, ধাতু (Temperament); শরীরের ভাব (Idiosyncrasy); বয়ঃক্রম। আগন্তুক যথা,—রোগ, অভ্যাস, বৃত্তি, মনের ভাব, দেশস্থ জল বায়ু।

স্ত্রী পুরুষ ভেদ। যথা—স্ত্রী অপেক্ষা পুরুষের জন্য ঔষধ অধিক মাত্রায় প্রয়োগ বিধি।

ধাতু।—(Temperament)। রক্তপ্রধান ধাতুতে রক্তমোক্ষণ, ও বিরেচনাদি দোহন ক্রিয়া অধিক পরিমাণে সহ্য হয়। উত্তেজক ও উষ্ণকারক ঔষধ সকল ভালরূপ সহ্য হয় না। শ্লেষ্মাপ্রধান ধাতুতে উগ্র ও উত্তেজক ঔষধ সকল বেশী পরিমাণে সহ্য হয়। বায়ুপ্রধান ধাতুতে স্নায়বীয় উত্তেজক ঔষধ বিলক্ষণ সহ্য হয়। পিত্তপ্রধান ধাতুতে বিরেচক ঔষধ সকল অধিক সহ্য হয়।

শরীরের ভাব (Idisoyncrasy)। কোন্ কোন্ ব্যক্তি এরূপ

আছে যে, তাহারা কোন ঔষধ অল্প পরিমাণে সেবন করিলে পূর্ণমাত্রায় ঔষধ সেবন ক্রিয়ার ফল পায়।

বয়ঃক্রম।—(Age)। ছোট ছেলেদের অহিফেনাদি মাদক ঔষধ অতি অল্প মাত্রাতেও সহ্য হয় না। বিশেষ প্রয়োজন বশতঃ ব্যবহার করিতে হইলে খুব সাবধানতার সহিত ব্যবহার করা কর্ত্তব্য। পারাঘটিত ঔষধ সকল অধিক মাত্রায় শিশুদের ব্যবস্থা করিলেও কোন রূপ আশঙ্কা নাই।

ইয়ঙ্গ সাহেবের মতে ঔষধ ব্যবস্থা।

$$\frac{\text{বৎসর বয়স}}{\text{বৎসর বয়স} + ১২} = \text{মাত্রা}$$

রোগ (Disease)।—কোন কোন পীড়া থাকিলে কোন কোন ঔষধ সহ্য হয় না। যথা—মূত্রগ্রন্থির প্রদাহ থাকিলে টার্পেন্টাইন, ক্যান্থারাইডিস্ প্রভৃতি ঔষধ প্রয়োগ করা উচিত নয়। প্লীহা, স্ক্রফিউলা, স্কর্ভি প্রভৃতি রোগে পারাঘটিত ঔষধপ্রয়োগ নিষিদ্ধ।

অভ্যাস (Habit)।—অনেকে অভ্যাস বশতঃ উগ্র ও বিষাক্ত ঔষধ অধিক পরিমাণে সেবন করিয়া থাকে। যথা—অহিফেন, ধুতুরা, আর্সেনিক্ ইত্যাদি।

বৃত্তি।—যাহারা বলিষ্ঠ ও শ্রমজীবী, তাহাদের ঔষধ পূর্ণ মাত্রায় প্রয়োগ করা হয়। যাহারা দুর্ব্বল ও অধিক পরিমাণে মানসিক পরিশ্রম করিয়া থাকে, তাহাদিগকে অবসাদক ঔষধ প্রয়োগ করিতে হইলে, অতি সাবধানে প্রয়োগ করিবে।

মনের ভাব। ভয়, দুঃখ, দারিদ্রতা, শোকাদি প্রযুক্ত জীবনীশক্তি হ্রাস ও শরীর দুর্ব্বল হয়; এবং ইহাদের বিপরীত ভাব দ্বারা মনে স্ফূর্ত্তি ও জীবনী শক্তি উন্নত হয়। এরূপ অবস্থায় ঔষধ বিবেচনার সহিত প্রয়োগ করা উচিত।

দেশস্থ জলবায়ু। উক্ত দেশবাসীদিগের দোহন কারক ঔষধ প্রকৃত উত্তম রূপে সহ্য হয় না।

ব্যবস্থা পত্র (Prescription)।

ঔষধ প্রস্তুতকারীর অবগতির জন্য চিকিৎসক রোগীর নিমিত্ত যাহা লিপিবদ্ধ করিয়া দেন, তাহাকে ব্যবস্থা পত্র, (Prescription) কহে। ব্যবস্থা পত্র লিখিতে হইলে, অগ্রে ঔষধ দ্রব্যের উৎপত্তি, স্বরূপ, রাসায়নিক তত্ত্ব, প্রাকৃতিক বিজ্ঞান এবং দ্রব্যের আময়িক প্রয়োগ বিষয়ে জ্ঞান লাভ করা উচিত।

ব্যবস্থা পত্রের সাঙ্কেতিক চিহ্ন –

Ad. up to, amount to, অর্থাৎ সর্ব্বসমেত।

A বা aa. (Ana) each অর্থাৎ প্রত্যেকের।

Ft. (Fiat) make অর্থাৎ প্রস্তুত কর বা প্রস্তুত করিতে দাও।

Haust. (Haustus) drink অর্থাৎ পেয়।

M (Misce) mix অর্থাৎ মিশ্রিত কর।

Q S. (Quantum sufficit) Sufficiency অর্থাৎ যথা প্রয়োজন।

S.s. (Semis) half অর্থাৎ অর্দ্ধেক।

S. sig (Sign) Sign অর্থাৎ চিহ্নিত কর।

C. (Cum) with অর্থাৎ সহিত।

No (Numerus) number অর্থাৎ সংখ্যা।

Rep (Repetatur) repeat অর্থাৎ পুনর্ব্বার দেওয়া।

P. R. N. (Pro-ve-nata) as required অর্থাৎ যেমন দরকার।

R. (Recipe) take অর্থাৎ লও।

ব্যবস্থা পত্র চারি ভাগে বিভক্ত।

১। ঊর্দ্ধলেখা বা শিরোভাগ। ইহাতে ইংরাজীতে সুপারস্ক্রিপসন (Superscription) কহে।

২। "R", এইরূপ চিহ্ন শিরোভাগে ব্যবহৃত হয়। ইহার অর্থ গ্রহণ কর বা লও। যথা, R. Tinct Belladonna min iv, অর্থাৎ টিংচার বেলেডোনা চারি ফোঁটা গ্রহণ কর।

২। মধ্য লেখা বা যে অংশে ঔষধ দ্রব্য সকলের নাম ও মাত্রা লিখিত হয়। ইহাকে ইংরাজীতে ইন্‌স্ক্রিপ্‌সন্‌ (Inscription) বলে।

যথা—Liquor Amon Acet ʒii

Spt. Ether. Nitrosi Min xx

Pot. Bicarb. gr x

Aqu Anisi ad ℥i

৩। অধোলেখ্য বা ঔষধ প্রস্তুতকারীকে ঔষধ প্রস্তুত সম্বন্ধে উপদেশ। ইহাকে ইংরাজীতে সাব্‌স্ক্রিপ্‌সন্‌ (Subscription) বলে।

যথা, M. (mix) অর্থাৎ মিশ্রিত কর।

Ft. (make) অর্থাৎ প্রস্তুত কর।

M. Ft. pil অর্থাৎ মিশ্রিত করিয়া পিল্‌ প্রস্তুত কর।

৪। ঔষধ ব্যবহার সম্বন্ধে রোগীকে উপদেশ। ইহাকে ইংরাজীতে সিগ্‌নেটিউরা (Signatura) কহে।

S বা Sig. ইহা সাঙ্কেতিক চিহ্নরূপে ব্যবহৃত হয়। ইহার অর্থ, লিখ বা চিহ্নিত কর।

এতদ্ব্যতিত প্রেস্‌ক্রিপ্‌সনে রোগীর নাম, তারিখ, চিকিৎসকের, নামের ও ঠীকানা থাকা উচিত। উদাহরণ স্বরূপ :—

For Mr. D' Cruz.

R. Vin Ipecac min v

Pot chloras gr x

Spt ammon aromat min xv

Liq Ammon Acet ʒii

Tinct Nucis Vemicis min v

——Stropanthe min iii

Syrups Tolu ʒ s.s

Aqua ad ℥i

M. Ft. mist dose i send 12 such, every 3 hrs.

11. 3. 96. **M. C**

CLASSIFICATION OF MEDICINES.

ঔষধ দ্রব্য সকল নিম্নলিখিত শ্রেণীতে বিভক্ত হয়।

বিভাগ (Division) I। আভ্যন্তরিক প্রয়োগের ঔষধ সমূহ।

ইহাদের ক্রিয়া শরীরের ভিন্ন ভিন্ন যন্ত্র ও স্থানের উপর প্রকাশ হেতু ইহাদিগকে আবার ভিন্ন ভিন্ন শ্রেণীতে আবদ্ধ করা যায়। যথা—

শ্রেণী (Class) I. এই সকল ঔষধ রক্তের উপর ক্রিয়া প্রকাশ করতঃ ইহাকে বিশুদ্ধ করে ও এবম্বিধায় শরীরের সকল স্থানের ক্রিয়া পরিবর্ত্তন করে। ইহাদিগকে আবার নিম্নলিখিত শ্রেণীবদ্ধ করা হইল। যথা.— ১ম। রক্তপরিষ্কারক ঔষধ (Blood Tonics); ২য়। ক্ষারঔষধ (Alkaline remedies); ৩য়। ক্ষারনাশক ও সঙ্কোচক ঔষধ (Acids and Astringents) ৪। শৈত্যকারক ঔষধ (Refrigerants); ৫। উত্তাপহারক ঔষধ (Antipyretics); ৬। পরিবর্ত্তক ঔষধ (Alteratives).

শ্রেণী (Class) II. এই সকল ঔষধের ক্রিয়া স্নায়ুর উপর প্রকাশ পায়। ইহারা আবার তিন ভাগে বিভক্ত হয়। যথা—

উপশ্রেণী (Subclass) I. এই সকল ঔষধ মস্তিষ্ক বা মস্তিষ্কের কোন অংশের উপর ক্রিয়া প্রকাশ করে। ইহারা আবার তিন ভাগে বিভক্ত হইয়াছে। যথা—১। মস্তিষ্ক উত্তেজক (Exhilarants); ২। মাদক, নিদ্রাকারক, এবং বেদনানিবারক (Narcotics, Soporifics and (Anodynes); ৩। স্পর্শহারক (Anæsthetics)।

উপশ্রেণী) Subclass) II. এই সকল ঔষধ কশেরুকামর্জ্জার (Spinal cord) উপর ক্রিয়া প্রকাশ করে। ইহাদিগকে আবার দুই শ্রেণীতে বিভক্ত করা হয়। যথা—১। কশেরুকামর্জ্জা উত্তেজক (Spinal Stimulants) ২। কশেরুকামর্জ্জা অবসাদক (Spinal Sedatives)।

উপশ্রেণী (Subclass) III. এই সকল ঔষধ গ্যাংগ্লিয়নিক (Ganglionic System) ও স্নায়ু কেন্দ্রের (Nervous Centres) ভিন্ন ভিন্ন অংশের উপর ক্রিয়া প্রকাশ করে। যথা—১। আক্ষেপনিবারক ঔষধ

(Antispasmodics) ; ২। নার্ভাইন্ টনিক্স ও পর্য্যায়নিবারক ঔষধ সমূহ (Nervine Tonics and Antiperiodics)।

শ্রেণী (Class) III. এই সকল ঔষধ হৃৎপিণ্ড ও রক্তবহা নাড়ী সকলের উপর ক্রিয়া প্রকাশ করে। ইহাদিগকে আবার তিন উপশ্রেণীতে বিভক্ত করা হয়। যথা ১। ধামনিক উত্তেজক (Vascular Stimulants) ; ২। ধামনিক অবসাদক (Vascular Sedatives) ; ৩। ভ্যাস্কুলার টনিক্স (Vascular Tonics).

শ্রেণী (Class) IV. এই সকল ঔষধ বিশেষ বিশেষ যন্ত্রের উপর ক্রিয়া প্রকাশ করে। ইহাদিগকে আবার ছয় ভাগে বিভক্ত করা হইয়াছে। যথা—

উপশ্রেণী (Subclass) I. এই সকল ঔষধ অন্নবহা নলির ভিন্ন ভিন্ন স্থানের উপর ক্রিয়া দর্শায়। ইহারা সাত ভাগে বিভক্ত হয়। যথা—১। লালনিঃসারক (Sialagogues) ; ২। বমনকারক (Emetics) ৩। বিরেচক (Purgatives or Cathartics)। বিরেচক ঔষধ (Purgatives) আবার ৬ ভাগে বিভক্ত। যথা—ক মৃদুবিরেচক (Laxatives), খ। সিম্পিল্ বিরেচক (Simple Purgatives) ; গ। ড্রাস্টিক্ পর্গেটিভস্ (Drastic Purgatives) ; ঘ। হাইড্রাগগ্ পর্গেটিভস্ (Hydragogue Purgatives) ; ঙ। সেলাইন্ পর্গেটিভস্ (Saline Purgatives) ; চ। কৌলাগগ্ পর্গেটিভস্ (Cholagogue Purgatives) , ৪। কৃমিনাশক (Anthelmintics) ; ৫। ষ্টম্যাকিক্ টনিক্স (Stomachic Tonics) ; ৬। ষ্টম্যাকিক্ ষ্টিমুল্যাণ্টস্ বা কার্ম্মিনেটিভস্ (Stomachic Stimulants or Carminatives) ; ৭। ষ্টম্যাকিক্ সিডেটিভস্ (Stomachic Sedatives).

উপশ্রেণী (Subclass) II. এই সকল ঔষধ শ্বাস ও প্রশ্বাস যন্ত্রের উপর ক্রিয়া প্রকাশ করে। ইহারা আবার তিন শ্রেণীতে বিভক্ত। যথা—১। এর্হিন্স (Errhines) ; ২। কফনিঃসারক (Expectorants) ৩। ফুসফুস্-অবসাদক (Pulmonary Sedatives).

উপশ্রেণী (Subclass) III. এই সকল ঔষধ দ্বারা চর্ম্মের ক্রিয়া বৃদ্ধি হয়। ইহারা ঘর্ম্মকারক ঔষধ (Sudorifics and Diaphoretics).

উপশ্রেণী (Subclass) IV. এই সকল ঔষধ মূত্র-যন্ত্র ও মূত্রগ্রন্থির উপর ক্রিয়া প্রকাশ করে। ইহারা তিন ভাগে বিভক্ত হয়। যথা—১। মূত্রকারক (Diuretics) ; ২। অশ্মরীনাশক (Lithontriptics) ; ৩। মূত্রমার্গের শ্লৈষ্মিক ঝিল্লির উপর যে সকল ঔষধ ক্রিয়া প্রকাশ করে (Medicines influencing mucous membrane of urinary tract)।

উপশ্রেণী (Subclass) V. এই সকল ঔষধ জননেন্দ্রিয়ের উপর কার্য্য করে। ইহাদিগকে তিন ভাগে বিভক্ত করা হয়। যথা—১। রজো নিঃসারক (Emmenagogues and Ecbolics) ; ২। কামোদ্দীপক (Aphrodisiacs)। কামনাশক (Anaphrodisiacs)।

উপশ্রেণী (Subclass) VI। এই সকল ঔষধ চক্ষুর উপর ক্রিয়া প্রকাশ করে। ইহারা দুই ভাগে বিভক্ত। যথা,—১। কনীনিকা প্রসারক (Pupil dilators) ; ২। কনীনিকা সঙ্কোচক (Pupil contractors).

শ্রেণী (Division) II, এই সকল ঔষধ বাহ্যপ্রয়োগার্থ ব্যবহৃত ইহাদিগকে পাঁচটী উপশ্রেণীতে বিভক্ত করা হয়। যথা—১। দাহক (Irritants)। ইহা তিন ভাগে বিভক্ত। যথা—(ক) রুবিফেসিয়েণ্টস্ (Rubefacients) ; (খ) ফোস্কাকারক (Epispastics or blistering agents) ; গ। পস্টুল্যাণ্টস্ (Pustulants)। ২। বাহ্যিক অবসাদক ঔষধ (External Sedatives) ৩। এমোলিয়েণ্টস্ এবং ডিমল্সেণ্টস্ (Emollients and demulcents) ; ৪। সঙ্কোচক এবং রক্তরোধক (Astringents and Styptics) ; ৫। কষ্টিক্স্ এবং এস্ক্যারটিক্স্ (Caustics and Escharotics)।

রাসায়নিক দ্রব্য সমূহ। শ্রেণী (Division) III. ইহাদিগকে দুই শ্রেণীতে বিভক্ত করা হইয়াছে। ১ম বিষ নাশক ঔষধ (Antidotes) ; ২য় দুর্গন্ধ হারক ও পচন নিবারক ঔষধ (Disinfectants and Antiseptics)।

শ্রেণী (Division)। এই শ্রেণীস্থ ঔষধ সকল প্রথমে রক্তের উপর ক্রিয়া প্রকাশ করিয়া ইহার অবস্থা ও বিধান, সমস্ত (Composition) পরিবর্ত্তন করতঃ সমস্ত শরীরে কার্য্যকারী হয়।

শাখা (Order) ৪। ব্লড্ টনিক্স (Blood Tonics), এনালেপ্টিক্ টনিক্স (Analeptic Tonics), ব্লড্ রেষ্টোরেটিভস্ (Blood Restoratives)। রক্তের উপাদান সামগ্রীর হ্রাস হইলে এই জাতীয় ঔষধ সেবনে দ্বারা উহা বর্দ্ধিত হইয়া রক্তকে বিশুদ্ধাবস্থায় আনয়ন করে। এই শ্রেণিস্থ ঔষধ যথা,— রিডিউস্‌ড্ আয়রণ্ (Reduced iron); ডায়েলাইস্‌ড্ আয়রণ্ (Dialysed iron); কার্ব্বনেট্ অব্ আয়রণ্ (Carbonate of iron); হাইড্রেটেড্ পারক্সাইড্ অব্ আয়রণ্ (Hydrated peroxide of iron); সল্‌ফেট্ অব্ আয়রণ্ (Sulphate of iron); ফস্ফেট্ অব্ আয়রণ্ (Phosphate of iron); পার্ এসিটেট্ অব্ আয়রণ্ (Peracetate of iron); প্যার্ ক্লোরাইড্ অব্ আয়রণ্ (Perchloride of iron); প্যারনাইট্রেট্ অব্ আয়রণ্ (Pernitrate of iron); সাইট্রেট্ অব্ আয়রণ্ এণ্ড এমোনিয়ম্ (Citrate of iron and Ammonium); টার্টারেটেড্ আয়রণ্ (Tartarated iron); সাইট্রেট্ অব্ আয়রণ্ এণ্ড কুইনিন্ (Citrate of iron and Quinine); আইয়োডাইড্ অব্ আয়রণ্ (Iodide of iron); অক্সাইড্ এণ্ড সল্টস্ অব্ ম্যান্‌গানিজ (Oxide and salts of manganese), কড্ লিভর অয়েল্ (Codliver-oil); প্রভৃতি বিবিধ জান্তব তৈল, (Other animal oils); ঔদ্ভিজ্জ্য তৈল (Vegetable oils); তাজা ফল এবং শাক সবুজি (Fresh fruits and vegetables); বিশুদ্ধ বায়ু (Fresh air); আলোক (Light); ব্যায়াম (Exercise); প্রভৃতি রক্তের পুষ্টি সাধন করে।

ব্লড্ টনিক্সের উদ্দেশ্য—

যে সকল উপাদানে শরীরে রক্ত নির্ম্মিত হয় তাহাদের পরিমাণের স্বল্পতা হইলে এই শ্রেণিস্থ ঔষধ সেবনের প্রয়োজন হয়। যথা এনিমিয়া (Anæmia), স্কর্ভি (Scurvy), শীর্ণতা (wasting), আদি রোগে রক্তের উপাদান সমষ্টির হ্রাস হয়। এবং ইহা পরিপূরণার্থ এনিমিয়া রোগে লৌহ ঘটিত ঔষধে উপকার করে; শীর্ণতা (wasting) রোগে কড্ লিভার অয়েল

ও অন্যান্য তৈল সেবন ; ও স্কর্ভি (Scurvy) রোগে টাট্‌কা ফল এবং শাক সবজি সেবনে বিশেষ উপকার পাওয়া যায়।

শাখা (Order) II। ক্ষার বা অম্লনাশক, (Alkaline) ঔষধ সমূহ। এই সকল ঔষধ সেবনে রক্তের ক্ষারের পরিমাণ বৃদ্ধি করে ; সুতরাং, শরীরস্থ অম্লরসে পরিণত রসকে বিনষ্ট করিয়া ক্ষারাধিক্য সম্পাদন করে।

ইহারা ত্রিবিধ অর্থাৎ কতকগুলি মুখ্য (Direct), কতকগুলি গৌণ (Remote') ও কতকগুলি প্রকৃত অম্লনাশক (Direct antacids)। সাক্ষাৎ ক্ষার বিশিষ্ট ঔষধ সকল। (Direct alkaline remedies), যথা, সোলিউসন্ অব্ কষ্টিক্ পটাশ্ (Solution of Caustic Potash) ; কার্ব্বনেট্ অব্ পটাসিয়ম্ (Carbonate of Potassium) ; বাই কার্ব্বনেট্ অব্ পটাসিয়ম্ (Bicarbonate of Potassium) ; সোলিউসন্ অব্ কষ্টিক্-সোডা (Solution of Caustic Soda), কার্ব্বনেট্ অব্ সোডিয়ম্ (Carbonate of Sodium), বাই কার্ব্বনেট্ অব্ সোডিয়ম্ (Bicarbonate of sodium) ; সোলিউসন্ অব্ কষ্টিক্ লিথিয়া (Solution of Caustic Lithia) ; কার্ব্বনেট্ অব্ লিথিয়ম্ (Carbonate of Lithium) ; লিথিয়া ওয়াটার (Lithia Water), ম্যাগ্নিসিয়া, (Magnesia) কার্ব্বনেট্ অব্ ম্যাগ্নিসিয়ম্ (Carbonate of Magnesium) ; ফ্লুয়িড্ ম্যাগ্নিসিয়া (Fluid Magnesia) ; লাইম্ ওয়াটার্ এবং ষ্ট্রং স্যাক্যারাইন্ সোলিউসন্ অব্ লাইম্ (Lime Water and Strong Saccharine Solution of lime) ; কার্ব্বনেট্ অব্ ক্যাল্সিয়ম্ (Carbonate of Calcium or chalk).

প্রকৃত অম্লনাশক ঔষধ (Direct Antacids). যথা,—সোলিউসন্ অব্ এমোনিয়া (Solution of Ammonia), কার্ব্বনেট্ অব্ এমোনিয়ম্ (Carbonate of Ammonium), এরম্যাটিক্ স্পিরিট্ অব্ এমোনিয়া (Aromatic Spirit of Ammonia) ; কাষ্ঠাঙ্গার (Wood Charcoal) ; জান্তব অঙ্গার (Animal Charcoal)।

গৌণ ক্ষার বিশিষ্ট ঔষধ (Remote Alkaline Remedies) ; যথা—পটাশিয়ম্ ঘটিত লবণ ও বিবিধ উদ্ভিদ্ অম্ল (Salts of Potassium with a

vegetable acid, as Acetate, Citrate, and Neutral Tartate of Potassium); এসিড টার্ট্রেট অব পটাসিয়ম্ অল্প মাত্রায় (Acid Tartrate of Potassium in small dose); উদ্ভিদ্ অম্লরসের সহিত সোডা ঘটিত লবণ (Salts of Sodium with a Vegetable Acid); সাইট্রেট অব লিথিয়ম্ (Citrate of Lithium)।

সাক্ষাৎ ক্ষার বিশিষ্ট বা অম্লনাশক ঔষধ সেবনের উদ্দেশ্য।

১ম। পাকাশয় ও অন্ত্রের অম্লরস নষ্ট করণ। ২য়। রক্তের ক্ষারাধিক্য করণ। যেমন, জ্বর, বাত (Rheumatism).

৩য়। বিবিধ স্রাবন গ্রন্থির রসের ক্ষারাধিক্য করণ। বিশেষত মূত্রের ক্ষারাধিক্য করণ। মুখ্য অম্লনাশক (Direct antacids) ঔষধ সকলের প্রতিক্রিয়ার ক্ষার আছে। সেই জন্য লাল লিট্‌মস্ (Red Litmus) কাগজ ইহাতে নিমগ্ন করিলে তাহার নীল (Blue) রং হইয়া যায়। কিন্তু গৌণ অম্লনাশক (Remote Antacids) ঔষধ সকলের ক্ষার প্রতিক্রিয়া নাই।

শাখা (Order) III. অম্ল ও সঙ্কোচক ঔষধ সমূহ (Acids and Astringents)।

সঙ্কোচক ও অম্লজনক ঔষধ একত্রে লিখিবার উদ্দেশ্য এই যে, অধিকাংশ অম্লজনক ঔষধ সঙ্কোচক। সঙ্কোচক ঔষধ সকল রক্তের অবস্থা পরিবর্ত্তন করত তাহার সংযমন ক্রিয়া বৃদ্ধি করে, কৈশিক নাড়ী, ধমনী ও স্রাবন প্রণালী সমূহের পরিধি কুঞ্চিত করে এবং তন্নিবন্ধন রসনিঃস্রবন ও শোষনাদি ক্রিয়ারও হ্রাস হয়। এই শ্রেণীস্থ ঔষধ যথা,—

উদ্ভিদ্ অম্ল বিশিষ্ট ঔষধ (Vegetable Acids and Substances containing them)। যথা,—এসিটিক্ এসিড্ (Acetic Acid); শির্কা (Vinegar); টার্টারিক্ এসিড্ (Tartaric Acid); সাইট্রিক্ এসিড্ (Citric Acid); ট্যানিক্ এসিড্ (Tannic Acid); গ্যালিক্ এসিড্ (Gallic acid); বেঞ্জোয়িক্ এসিড্ (Benzoic Acid).

যে সকল উদ্ভিদ্ পদার্থে ট্যানিক্, গ্যালিক্, ক্যাটিকিউ প্রভৃতি এসিড

পাওয়া যায়। (Substances containing Tannic, Gallic or other allied Acids); মাজুফল (Nut Galls); ওক্ বার্ক (Oak bark); খদির (Catechu); কাইনো (Kino); ইউক্যালিপ্টল্ (Eucalyptol) লগ্‌উড্ (Log wood); রাটানি রুট্ (Rhatany root); গোলাব পত্র (Rose leaves); গুয়ারানা (Guarana); চা (Tea)।

পার্থিব অম্ল (Mineral Acids); যথা,—ডাইলিউট্ সল্‌ফিউরিক্ এসিড্ (Dilute Sulphuric Acid); ডাইলিউট্ হাইড্রোক্লোরিক্ এসিড্ (Dilute Hydrochloric Acid); ডাইলিউট্ নাইট্রিক্ এসিড্ (Dilute Nitric Acid); ডাইলিউট্ নাইট্রোহাইড্রোক্লোরিক্ এসিড্ (Dilute Nitro Hydrochloric Acid); ডাইলিউট্ ফস্‌ফরিক্ এসিড্ (Dilute Phosphoric Acid); ফট্‌কিরি (Alum); হিরাকস্ (Sulphate of Iron); পারক্লোরাইড্ অব্ আয়রণ্ (Perchloride of Iron); প্যারনাইট্রেট্ অব্ আয়রণ্ (Pernitrate of Iron); অক্সাইড্ অব্ জিঙ্ক (Oxide of Zinc); কার্ব্বনেট্ অব্ জিঙ্ক (Carbonate of Zinc); এসিটেট্ অব্ জিঙ্ক (Acetate of Zinc); সল্‌ফেট্ অব্ জিঙ্ক (Sulphate of Zinc); অক্সাইড্ অব্ লেড্ (Oxide of Lead); কার্ব্বনেট্ অব্ লেড্ (Carbonate of Lead); এসিটেট্ অব্ লেড্ (Acetate of Lead); তার্পিন তৈল (Oil of Turpentine); কার্ব্বলিক্ এসিড্ (Carbolic Acid); ক্রিয়াজোট্ (Creasote); ম্যাটিকো (Matico); আর্গট্ (Ergot)।

তার্পিন তৈল, ক্রিয়াজোট্ এবং কার্ব্বলিক্ এসিড্ রক্তবহা নাড়ীর প্রাচীর কুঞ্চিত করে। ওপিয়ম্, আর্গট্ ও সীস ধাতু ঘটিত লবণ সমূহ স্নায়ুমণ্ডলীর উপর ক্রিয়া প্রকাশ করতঃ সঙ্কোচক গুণ প্রকাশ করে।

সঙ্কোচক ঔষধ প্রয়োগের উদ্দেশ্য।

১। রক্তস্রাব রোধ করণ। ২। শ্লৈষ্মিক ঝিল্লির স্রাবন ক্রিয়ার আধিক্যতা দমন করণ। ৩। চর্ম্ম ও মূত্রগ্রন্থির ঘর্ম্ম ও মূত্রাধিক্য রোধ করণ।

শাখা (Order) IV। শৈত্যকারক ঔষধ সমূহ (Refrigerants)। অন্নযোগে ইহাদিগকে সেবন করিলে তৃষ্ণা নিবারিত হয়। এই শ্রেণীস্থ

ঔষধ। যথা,—জল (Water), এসিটিক্ এসিড্ (Acetic Acid), সাইট্রিক্ এসিড্ (Citric Acid), টার্টারিক্ এসিড্ (Tartaric Acid), ক্রিম্ অব্ টার্টর দ্রব (Cream of Tartar in Solution), ফস্ফরিক্ এসিড্ (Phosphoric Acid), সোরা (Nitrate of Petassium), ক্লোরেট্ অব্ পটাশিয়ম (Chlorate of Potassium), দ্রাক্ষারস (Grape Juice), তেঁতুল (Tamarinds).

শৈত্যকারক ঔষধ সেবনের উদ্দেশ্য। অধিকাংশ শৈত্যকারক ঔষধ (Refrigerants) অম্ল ও সঙ্কোচক শ্রেণী ভুক্ত হয়। জ্বর রোগে ইহারা পিপাসা দমন করে।

শাখা (Order) V। উত্তাপহারক ঔষধ (Antipyretics)।

জ্বররোগে শরীরস্থ কোন বিশেষ যন্ত্রের উপর ক্রিয়া না দর্শাইয়া উত্তাপাধিক্য দমনের জন্য ইহাদিগকে প্রয়োগ করা হয়। এই শ্রেণীস্থ ঔষধ ; যথা, স্যালিসিলিক্ এসিড্ এবং স্যালিসিলেট্ অব্ সোডিয়ম্ (Salicylic Acid and Salicylate of Sodium), কুইনাইন-ঘটিত লবণ (Quinine Salts), সিন্‌কোনিন্ সল্ট্‌স্, (Cinchonine Salts), অ্যাল্‌কোহল্ (Alcohol), ক্লোর‍্যাল্ হাইড্রেট্ (Chloral Hydrate), ট্রাইমেথিল্যামিন্ (Trimethylamin), ইউক্যালিপ্টল্ (Eucalyptol), কর্পূর এবং বায়ীতৈল সমূহ (Camphor and Essential Oils), একোনাইট্ (Aconite), ভিরাট্রি (Viratri), ডিজিট্যালিস্ (Digitalis), শীতল জলে স্নান (Cold Baths), ফিনাসিটিন্ (Phenacetin), এন্টিফেব্রিণ্ (Antifebrin), এন্টিপাইরিণ্ (Antipyrin), শিরা ভেদ দ্বারা রক্তমোক্ষণ (Venesection), বিরেচক ঔষধ সমূহ (Purgatives), ফোস্কাকারক ঔষধসমূহ (Blisters)।

উত্তাপহারক ঔষধ সেবনের উদ্দেশ্য। জ্বরের উত্তাপাধিক্য দমন করণ।

উত্তাপহারক ঔষধ সমূহ (Antipyretics) প্রকৃত কিরূপ উপায়ে যে কার্য্য করে, তাহা, এ পর্য্যন্ত কিছু ঠিক হয় নাই। কিন্তু সম্ভবতঃ, ঔষধ সমূহ একরূপ কার্য্য করিলে জ্বরের উপশম হয় না। যথা, সালিসিলিক্ এসিড্ এবং

ইহার লবণ (Salicylic Acid and its Salts) সম্ভবতঃ শরীরের তন্তুর (Tissues) পরিবর্ত্তন ঘটাইয়া জ্বরের উত্তাপ লাঘব করে। ক্লোরাল (Chloral) সম্ভবতঃ চর্ম্মোপরি রক্তবহা ধমনী সকলকে প্রসারিত করিয়া শারীরিক উত্তাপ লাঘব করে।

কুইনাইন (Quinine) রক্তের ও তন্তুর অক্সাইডেসন্ উপায় (Process of Oxidation) দমিত করিয়া উত্তাপ নাশ করে। ইত্যাদি।

শাখা (Order) VI. পরিবর্ত্তক ঔষধ সমূহ (Alteratives) রক্ত পরিষ্কারক ঔষধ (Blood tonics) এবং ক্ষারবিশিষ্ট ঔষধ (Alkaline Remedies) সকল পরিবর্ত্তক ঔষধরূপে ব্যবহার করা যাইতে পারে। তাহারা যে কিরূপে কার্য্য করে, তাহা বুঝা যায় না। কিন্তু সচরাচর পরিবর্ত্তক রূপে উহারা ব্যবহৃত হয়। তাহাদের বিষয় পূর্ব্বে বিশেষরূপে লিখিত হইয়াছে। এই শ্রেণীস্থ ঔষধ সেবন দ্বারা শরীরের অবস্থা ক্রমশঃ পরিবর্ত্তিত হইয়া স্বাভাবিক অবস্থা প্রাপ্ত হয়। এই পরিবর্ত্তন ক্রিয়া যে কিরূপে সাধিত হয়, তাহা অদ্যাবধি কেহই স্থির করিতে পারেন নাই। এই শ্রেণীস্থ ঔষধ সকল পুরাতন রোগেই ব্যবহার্য্য।

ইহারা আট ভাগে বিভক্ত।

শ্রেণী। (Group) I. পারদীয় পরিবর্ত্তক (Mercuric Alteratives). যথা সূক্ষ্মাকারে পারদ যথা, ব্লুপিল্ এবং গ্রে পাউডার (Mercury in a highly divided state as in Blue Pill and Grey Powder). ক্যালোমেল্ (Subchloride of Mercury or Calomel).

পারক্লোরাইড্ অব্ মার্কারি (Perchloride of Mercury or Corrosive Sublimate). রেড্ আইয়োডাইড্ অব্ মার্কারি (Red Iodide of Mercury).

শ্রেণী (Group) II. আইয়োডিন্ পরিবর্ত্তক (Iodine Alteratives). যথা—

আইয়োডিন্ (Iodine). আইয়োডাইড অব্ পটাসিয়ম্ (Iodide of Potassium). আইয়োডাইড্ অব্ আয়রণ্ (Iodide of Iron). আইয়োডাইড্ অব্ সল্ফার (Iodide of Sulphur). আইয়োডাইড্ অব্

লেড্ (Iodide of Lead). আইয়োডাইড্ অব্ সোডিয়ম্ (Iodide of Sodium) আইয়োডাইড্ অব্ আর্সিনিয়ম্ (Iodide of Arsenium), আইয়োডাইড্ অব্ আর্সিনিয়ম এবং মার্করি (Iodide of Arsineum and Mercury)।

শ্রেণী (Group) III. ক্লোরিণ্ পরিবর্ত্তক (Chlorine Alteratives). যথা ক্লোরিণ্ ওয়াটার (Chlorine Water). ক্লোরিণেটেড্ সোডা (Chlorinated Soda). ক্লোরিণেটেড্ লাইম্ (Chlorinated Lime). ক্লোরেট্ অব্ পটাসিয়ম্ (Chlorate of Potassium). ক্লোরাইড্ অব্ সোডিয়ম্ (Chloride of Sodium). ক্লোরাইড্ অব্ এমোনিয়ম্ (Chloride of Amonium). নাইট্রোহাইড্রোক্লোরিক্ এসিড্ (Nitro-Hydrochloric Acid).

শ্রেণী (Group) IV. আর্সেনিক্যাল্ পরিবর্ত্তক (Arsenical Alteratives). আর্সেনিয়স্ এসিড্ (Arsenious Acid). আর্সেনাইট্ অব্ পটাসিয়ম্ (Arsenite of Potassium in Liquor Arsenicals). হাইড্রোক্লোরিক্ সলিউসন্ অব্ আর্সেনিক্ (Hydrochloric Solution of Arsenic). আর্সেনাইট্ অব্ সোডিয়ম্ (Arsenite of Sodium).

শ্রেণী (Group) V. এণ্টিমনিয়াল্ পরিবর্ত্তক (Antimonial alteratives). যথা, অক্সাইড্ অব্ এণ্টিমনি (Oxide of Antimony). সলফিউরেটেড্ এণ্টিমনি (Sulphurated Antimony). টার্টারেটেড্ এণ্টিমনি (Tartarated Antimony).

শ্রেণী (Group) VI. সল্ফার পরিবর্ত্তক (Sulphur alteratives). সল্ফার (সব্লাইমড্ বা প্রিসিপিটেটেড্) [(Sulphur Sublimed or Precipitated)]. যথা—সল্ফিউরেট্ অব্ এমোনিয়া (Sulphurate of Ammonia).

শ্রেণী (Group) VII. ফস্ফরাস্ পরিবর্ত্তক (Phosphorus alteratives). ফস্ফরাস্ (তৈল কিম্বা বটিকা) [Phosphorus in Pill or Oil]. হাইপোফস্ফাইট্ অব্ সোডিয়ম্ (Hypophosphite of Sodium). হাইপোফস্ফাইট্ অব্ ক্যাল্সিয়ম্ (Hypophosphite of Calcium).

শ্রেণী (Group) VIII. Alterative of undetermined Action. যথা:—হেমিডিস্‌মিস্ (Hemedismis). টারাক্সেকম্ (Taraxacum).

পরিবর্ত্তক ঔষধ প্রয়োগের উদ্দেশ্য। বিবিধ রোগজনিত দেহ বিকৃতিকে স্বাভাবিকাকারে পরিবর্ত্তিত করণ।

শ্রেণী (Class) II. যে সকল ঔষধ স্নায়ুমণ্ডলীর উপর ক্রিয়া প্রকাশ করে।

উপশ্রেণী (Sub-class) I. যে সকল ঔষধ মস্তিষ্কের উপর ক্রিয়া প্রকাশ করে।

শাখা (Order) I. মস্তিষ্ক উত্তেজক ঔষধ (Exhilarants)।

এই শ্রেণীস্থ ঔষধ অল্প পরিমাণে সেবন করিলে প্রথমে মনোমধ্যে আনন্দের উদয় হয় ও পরে উত্তেজিত হইয়া মস্তিষ্ক ও সর্ব্ব শরীরকে ঈষৎ পরিমাণে উত্তেজিত করে। মাত্রাধিক্য হইলে মাদকতা শক্তি বৃদ্ধি করে।

এই শ্রেণীস্থ ঔষধ যথা ;—স্পিরিট্ (Spirit), ব্রাণ্ডি (Brandy), ওয়াইন্ (Wine), মল্ট্ লিকর্ (Malt Liquors), ইথার (Ether), এসিটিক্ ইথার (Acetic Ether), ক্লোরোফরম্ (Chloroform), গাঁজা (Indian Hemp), অহিফেন (Opium) অল্প মাত্রায়।

মস্তিষ্ক উত্তেজক ঔষধ প্রয়োগের উদ্দেশ্য। অবসন্নাবস্থায় জীবনীশক্তি উন্নত করণ।

শাখা (Order) II। মাদক (Narcotics), বেদনা নিবারক (Anodynes), নিদ্রাকারক (Soporifics) ঔষধ।

এই সকল ঔষধ সেবনে স্নায়ুমণ্ডলীর উপর ক্রিয়া প্রকাশ পায় ও তন্নিবন্ধন বেদনার উপশম ও নিদ্রা উপস্থিত হয়।

এই শ্রেণীস্থ ঔষধ যথা—অহিফেন (Opium), মর্ফিয়া ঘটিত লবণ (Salts of Morphine), ক্লোর‍্যাল্ হাইড্রেট্ (Chloral Hydrate), বিউটিল্-ক্লোর‍্যাল্ হাইড্রেট্ (Butyl-chloral Hydrate), গাঁজা (Indian Hemp), হপ্‌স (Hops), লেটিউস্ (Lettuce), ব্রোমাইড্ অব্ পটাশিয়ম্ (Bromide of Potassium), ব্রোমাইড্ অব্ এমোনিয়ম্ (Bromide of Ammo-

nium), ব্রোমাইড্ অব্ সোডিয়ম্ (Bromide of Sodium)। এই সমুদয় ঔষধ বেদনানিবারক ও নিদ্রাকারক। বেলেডোনা (Belladonna), এট্রপিন্ (Atropine), ধুতুরা (Stramonium), হাইয়োসিয়ামস্ (Hyoscyamus)। ইহারা বেদনা ও আক্ষেপ নিবারক।

একোনাইট্ (Aconite), একোনাইটিন্ (Aconitine), জেল্‌সিমিয়ম্ (Gelsimium), কোনায়ম্ (Conium), ডিজিট্যালিস্ (Digitalis)। ইহারা বেদনা নিবারক।

মাদক ও নিদ্রাকারক ঔষধ সকল প্রয়োগের উদ্দেশ্য। নিদ্রাকরণ, বেদনা ও আক্ষেপ নিবারিত করণ।

শাখা (Order) III। স্পর্শহারক (Anaesthetics)।

এই সকল ঔষধের বাষ্প আঘ্রাণ করিলে চৈতন্য হ্রাস ও যন্ত্রণা নিবারিত হয়। ইহারা নিদ্রাকারক ও বেদনানিবারক। ইহাদের মাদকতা শক্তি অল্পক্ষণ স্থায়ী হয়। এই শ্রেণীস্থ ঔষধ সমূহ। যথা, ক্লোরোফরম্ (Chloroform), ইথার (Ether), টেট্রাক্লোরাইড্ অব্ কার্বন্ (Tetrachloride of Carbon), বাইক্লোরাইড্ অব্ মেথিলিন্ (Bichloride of Methylene), প্রটক্সাইড্ অব্ নাইট্রোজেন্ (Protoxide of Nitrogen), কোকেনি (Cocainæ) ইহা স্থানিক স্পর্শহারক।

স্পর্শ হারক ঔষধ সেবনের উদ্দেশ্য। ১ম। যন্ত্রণা ও আক্ষেপ নিবারণ করণ। ২য়। বৃহৎ অস্ত্রচিকিৎসা কিম্বা প্রসববেদনাজনিত ক্লেশ লাঘব করিবার জন্য চৈতন্য লোপকরণ। ৩য়। মদাতঙ্করোগ ও বিবিধ মস্তিষ্কঘটিত পীড়ার প্রলাপ লাঘবকরণ। ৪র্থ। সন্ধিবিচ্যুতি ও অন্ত্র বৃদ্ধির চিকিৎসাতে পেশী সকলকে শিথিল করণ।

উপশ্রেণী (Sub-Class) II. যে সকল ঔষধ কশেরুকা মজ্জার উপর ক্রিয়া প্রকাশ করে। ইহারা দুই ভাগে বিভক্ত।

শাখা (Order) I. স্পাইন্যাল্ ষ্টিমুল্যান্ট্স্ (Spinal Stimulants), এই সকল ঔষধ সেবনে কশেরুকা মজ্জার ক্রিয়া উত্তেজিত হয়। এই শ্রেণীস্থ ঔষধ যথা,—কুচিলা (Nuxvomica), ষ্ট্রিকনিন (Strychnine),

ব্রুসিন্ (Brucine), থিবেইন্ (Thebaine), ক্যান্থারাইডিস্, (Cantharidis), ফস্ফরস্ (Phosphorus), আর্নিকা (Arnica), আর্গট্ (Ergot), অহিফেন (Opium), মর্ফাইন্ (Morphine), বেলেডোনা (Belladonna), গাঁজা (Indian Hemp)।

কশেরুকা মজ্জা উত্তেজক ঔষধ সেবনের উদ্দেশ্য। ১ম। স্থানিক অবশতা (Paralysis) ও অর্দ্ধাঙ্গের পক্ষাঘাত (Hemiplegia) দূরীভূতকরণ। ২য়। কশেরুকা-মর্জ্জার বৈধানিক ক্রিয়ার বৈলক্ষণ্য দূরীকরণ। ৩য়। প্যারাপ্লেজিয়া রোগে যখন প্রদাহের চিহ্ন বর্ত্তমান থাকে না, তখন ইহা সেবন দ্বারা রোগের প্রতিকার করণ।

শাখা (Order) II. স্পাইন্যাল্ সিডেটিভস্ (Spinal Sedatives)।

এই সকল ঔষধ সেবন দ্বারা কশেরুকা-মর্জ্জার বৈধানিক ক্রিয়ার হ্রাস হয়। এই শ্রেণীস্থ ঔষধ সকল। যথা, কোনায়ম্ (Conium), জেল্সিমিয়ম্ (Gelsimium), ব্রোমাইড্ অব্ পটাশিয়ম্ (Bromide of Potassium), ব্রোমাইড্ অব্ এমোনিয়ম্ (Bromide of Ammonium), ব্রোমাইড্ অব্ সোডিয়ম্ (Bromide of Sodium), ক্যালাবারবিণ্ (Calabarbean), হাইড্রোসিয়ানিক্ এসিড্ (Hydrocyanic Acid)।

কশেরুকা মজ্জা অবসাদক ঔষধ সেবনের উদ্দেশ্য।

(১ম) যখন প্রদাহের চিহ্ন বর্ত্তমান থাকে, সেই সময় কশেরুকা-মর্জ্জার উগ্রতা দমনকরণ; (২য়) আক্ষেপজনক কফ ও পেশীর স্পন্দনাধিক্য নিবারণ করণ। (৩য়) জননেন্দ্রিয়ের উত্তেজন ক্রিয়ার লাঘব করণ।

উপশ্রেণী (Sub-class) III. যে সকল ঔষধ স্নায়ুকেন্দ্রের উপর ক্রিয়া দর্শায়।

শাখা (Order) I. আক্ষেপ নিবারক ঔষধ (Antispasmodics)।

যে সকল ঔষধ কশেরুকা-মর্জ্জার উপর অবসাদক ক্রিয়া প্রকাশ করে, তাহারা আক্ষেপ নিবারক ঔষধ শ্রেণীমধ্যে গণ্য হয়। ইহারা দুই শ্রেণীতে বিভক্ত। যথা—(১ম) মুখ্য (Direct) ও (২য়) গৌণ (Indirect) আক্ষেপ নিবারক ঔষধ।

মুখ্য আক্ষেপ নিবারক (Direct Antispasmodics) ঔষধ। যথা,—হিঙ্গু (Asafœtida), গ্যাল্‌বেনম্ (Galbanum), এমোনিয়েকম্ (Ammoniacum), ভ্যালিরিয়ান্ (Valerian), সম্বল্ (Sambul), মৃগনাভি (Musk), অয়েল্ অফ্ রিউ (Oil of Ruc), অয়েল্ অব্ টার্পেন্‌টাইন্ (Oil of Turpentine), অয়েল্ অব্ ক্যাজুপট্ (Oil of Cajuput), কর্পূর (Camphor), এমোনিয়া (Ammonia free), কার্ব্বনেট্ অব্ এমোনিয়ম্ (Carbonate of Ammonium)।

গৌণ আক্ষেপ নিবারক ঔষধ যথা,—কোনায়ম্ (Conium), ব্রোমাইড অব্ পটাসিয়ম্ (Bromide of Potassium), ব্রোমাইড্ অব্ এমোনিয়ম্ (Bromide of Ammonium), ব্রোমাইড্ অব্ সোডিয়ম্ (Bromide of Sodium), জিঙ্কধাতু ঘটিত লবণ সমূহ (Salts of Zinc), রৌপ্যধাতু ঘটিত লবণ সমূহ (Salts of Silver), হাইড্রোসিয়ানিক্ এসিড্ (Hydrocyanic Acid), বেলেডোনা (Belladonna), ধুতুরা (Stramonium), হেন্‌বেন্ (Henbane), গাঁজা (Indian Hemp), অহিফেন্ (Opium), ক্লোরোফরম্ (Chloroform), ইথার (Ether), এসিটিক্ ইথার (Acetic Ether).

আক্ষেপ নিবারক ঔষধ সেবনের উদ্দেশ্য। হিষ্টিরিয়া, কোরিয়া, মৃগী প্রভৃতি স্নায়বীয় পীড়ায় আক্ষেপ দমন করণ।

শাখা (Order) II। স্নায়বীয় বলকারক ও পর্য্যায়-নাশক ঔষধ (Nervine Tonics and Antiperiodics)।

এই শ্রেণীস্থ ঔষধ সেবন দ্বারা স্নায়ুমণ্ডলের ক্রিয়া মৃদুভাবে উত্তেজিত হয়। ইহাদের মধ্যে কতকগুলি ঔষধ পর্য্যায়নাশক (Antiperiodics)। এই শ্রেণীস্থ ঔষধ। যথা—সিঙ্কোনা (Cinchona), কুইনাইন্ (Quinine Salts), কুইনিডাইন্ লবণ (Salts of Quinidine), সিন্‌কোনাইন্ লবণ (Cinchonine Salts) বেবেরীন (Beberin), আর্সেনিক্ (Arsenic), ইউক্যালিপ্‌টস্ গ্লবিউলস্ (Eucalyptus Globulus)।

স্নায়বীয় বলকারক ঔষধ। যথা,—রৌপ্য ঘটিত লবণ (Salts of Silver), জিঙ্ক ধাতু ঘটিত লবণ (Salts of Zinc); তাম্র ধাতু ঘটিত লবণ (Salts

of Copper); লৌহ ধাতু ঘটিত লবণ (Salts of Iron); কুচিলা (Nuxvomica); ষ্ট্রিক্ নাইন্ (Strychnine); ব্রুসিন্ (Brucine); কস্পেরিয়া (Cusparia); কেমোমাইল (Chamomile); কলম্বা (Calumba); কোয়াসিয়া (Quassia). স্যালিসিন্ (Salicin)।

পর্য্যায় নিবারক ও স্নায়বীয় বলকারক ঔষধ সেবনের উদ্দেশ্য।

১ম। স্নায়বীয় সর্ব্বপ্রকার সবিরাম জ্বর দমনকরণ। ২য়। সবিরাম স্নায়ুশূল তিরোহিত করণ। ৩য়। কোরিয়া, হিষ্টিরিয়া, মৃগী প্রভৃতি রোগে বলাধান করণ।

শ্রেণী (Class) III। যে সকল ঔষধ প্রধানতঃ হৃৎপিণ্ড ও রক্তবহা নাড়ীর উপর ক্রিয়া প্রকাশ করে।

শাখা (Order) I। ধামনিক উত্তেজক ঔষধ সকল (Vascular Sitmulants) ইহারা দুই প্রকার। ১ম। এই শ্রেণীস্থ ঔষধ সেবনে হৃৎপিণ্ড ও বৃহৎ বৃহৎ ধমনী সমূহের ক্রিয়া উত্তেজিত হয়। যথা,—সোলিউসন্ অব্ এমোনিয়া (Solution of ammonia); কার্ব্বনেট্ অব্ এমোনিয়ম্ (Carbonate of Ammonium) এরম্যাটিক্ স্পিরিট্ অব্ এমোনিয়া (Aromatic Spirit of Ammonia); ব্রাণ্ডি, (Brandy); ওয়াইন্ (Wine); ইথার (Ether); স্পিরিট্ অব্ ইথার (Spirit of Ether), অয়েল্ অব্ টার্পেণ্টাইন্ (Oil of Turpentine); এরম্যাটিক্ ভোলেটাইল্ অয়েল্ (Aromatic Volatile Oil); কর্পূর (Camphor); হিঙ্গু (Asafœtida); ভ্যালিরিয়ন্ (Valerian); সম্বল (Sumbal) ক্লোরোফরম্ (Chloroform)।

২য়। যে সমস্ত ঔষধ সেবনে কৈশিক ও ক্ষুদ্র ক্ষুদ্র নাড়ী সমূহের ক্রিয়া উত্তেজিত হয়।

এই শ্রেণীস্থ ঔষধ যথা,—এসিটেট্ অব্ এমোনিয়ম্ (Acetate of Ammonium); সাইট্রেট্ অব্ এমোনিয়ম্ (Citrate of Ammonium); গুয়েকম্ (Guiacum); সার্পেণ্টরি (Serpentary); স্যাস্যাফ্রাস

(Sassafras); মেজেরিয়ন্ (Mezereon); রেজিন্ (Resin); গ্যাল্বেনম্ (Galbanum); এমোনায়েকম্ (Ammoniacum)।

ধামনিক উত্তেজক ঔষধ সেবনের উদ্দেশ্য।

১ম। দৌর্ব্বল্যে হৃৎপিণ্ড ও রক্তবহা নাড়ী সমূহের ক্রিয়া উত্তেজন করণ।

২য়। পুরাতন প্রদাহরোগদৌর্ব্বল্যে 'স্থানিক' কৈশিক নাড়ীর উত্তেজনকরণ।

শাখা (Order) II। ধামনিক অবসাদক ঔষধ (Vasculai Sedatives)। যে সকল ঔষধ হৃৎপিণ্ড ও রক্তবহা নাড়ী সকলের ক্রিযার অবসাদন প্রকাশ করে। ইহারা আবার দুই শ্রেণীভুক্ত। ১। যে সকল ঔষধ হৃৎপিণ্ডের উপর অবসাদন ক্রিযা প্রকাশ করে। যথা,—ডিজিট্যালিস্ (Digitalis), তাম্রকূট্ (Tobacco); একোনাইট্ (Aconite); কল্চিকম্ (Colchicum) হাইড্রোসিয়ানিক্ এসিড্ (Hydrocyanic Acid); ক্যালাবার বিন্ (Calabar bean); ভেরাট্রিন্ (Veratrine); গ্রিণ্ হেলিবোর (Green Hellebore), ২য়। যে সকল ঔষধ কৈশিক ও ক্ষুদ্র ক্ষুদ্র নাড়ীর উপর অবসাদন ক্রিযা প্রকাশ করে। যথা,—টার্টারেটেড এন্টিমনি (Tartarated Antimony); অক্সসাইড্ অব্ এন্টিমনি (Oxide of Antimony); সোরা (Nitiate of Potassium); এসিটেট্ অব্ লেড্ (Acetate of Lead), ইপিক্যাকুয়াহ্বা (Ipecacuanha) আর্গট্ (Ergot); এমিল্ নাইট্রাইট্ (Amyl Nitrite); নাইট্রোগ্লিসিরিন্ (Nitro Glycerine)।

ধামনিক্ অবসাদক ঔষধ প্রয়োগের উদ্দেশ্য। হৃৎপিণ্ড ও রক্তবহা নাড়ী সমূহের ক্রিয়াধিক্য দমন করণ।

শাখা (Order) III। ধামনিক বলকারক ঔষধ (Vascular Tonics) এই সকল ঔষধ সেবনে, হৃৎপিণ্ড ও রক্তবহা নাড়ীর দুর্ব্বলতার বলাধান হয়। যথা,—লৌহঘটিত ঔষধ সকল (Iron Preparations); ডিজিট্যা-

লিস্ (Digitalis); অম্ল ও সঙ্কোচক ঔষধ সমূহ (Acids and astring ents); স্নায়বীয় বলকারক ঔষধ (Nervine Tonics); অগ্রের ঔষধ (Stomachic Tonics); ব্লড্ টনিক্স (Blood Tonics)।

ধামনিক বলকারক ঔষধ সেবনের উদ্দেশ্য। হৃৎপিণ্ড ও রক্ত-বহা নাড়ীসমূহের বিবিধ পীড়ায় বলাধান করণ।

শ্রেণী (Class) IV. যে সকল ঔষধ বিশেষ বিশেষ যন্ত্রের উপর ক্রিয়া প্রকাশ করে।

উপশ্রেণী (Subclass) I. এই শ্রেণীস্থ ঔষধ সেবনে অন্নবহা নালীর বিশেষ বিশেষ অংশের উপর ক্রিয়া প্রকাশ করে।

শাখা (Order) I. এই শ্রেণীস্থ ঔষধ সেবনে অধিক পরিমাণে লালা নিঃসরণ হয়।

লালা নিঃসারক ঔষধ (Sialagogues)। ইহারা দুই প্রকার। ১ম—মুখ্য। ইহাদিগকে চর্ব্বণ করিলে লালা গ্রন্থির ক্রিয়া উত্তেজিত হইয়া অধিক পরিমাণে লালা নিস্রবন হয়।

এই শ্রেণীস্থ ঔষধ। যথা,—পেলিটরি রুট্ (Pellitory Root); হর্স-রেডিশ্ (Horse Radish); সর্ষপ (Mustard); তাম্রকূট (Tobacco)। ২য়। গৌণ (Remote), এই সকল ঔষধ সেবন করিলে ইহারা রক্তের সহিত শোষিত হইয়া ক্ষণকাল বিলম্বে লালাগ্রন্থি সকলকে উত্তেজিত করিয়া তাহাদের ক্রিয়া বৃদ্ধি করে। যথা,—পারদ ঘটিত লবণ (Mercurial Salts); আইয়োডাইড্ অব্ পটাশিয়ম্ (Iodide of Potassium); জ্যাবরাণ্ডি (Jaborandi)

লালানিঃসারক ঔষধ সেবনের উদ্দেশ্য। মুখ মধ্যে লালা নিস্রাবন ক্রিয়ায় সহায়তা করণ।

শাখা (Order) II। বমন কারক ঔষধ (Emetics)।

এই শ্রেণীস্থ ঔষধ সেবনে অন্নবহা নালী ও পাকাশয়ের শ্লৈষ্মিক ঝিল্লি হইতে অধিক পরিমাণে শ্লেষ্মা নির্গত হইয়া থাকে ও পরে বমন হয়। বমন

হইবার সঙ্গে সঙ্গে শরীর দুর্ব্বল ও ঘর্ম্মাভিষিক্ত হয়। বমনকারক ঔষধ দ্বিবিধ। ১ম মুখ্য (Direct); যথা,—সল্‌ফেট্‌ অব্‌ জিঙ্ক (Sulphate of Zinc), কার্ব্বনেট্‌ অব্‌ এমোনিয়ম্‌ (Carbonate of Ammonium); সর্ষপ চূর্ণ (Mustard Flour); ক্যামোমাইল্‌ (Chamomile); সামান্য লবণ (Common Salt).

২য়। গৌণ (Remote); যথা—ইপিকাকুয়াহ্বা (Ipeacuanha); টারটারেটেড্‌ এন্টিমনি (Tartarated Antimony) এপমর্ফাইন্‌ (Apomorphine); ইহা ভিন্ন গলমধ্যে অঙ্গুলি প্রয়োগেও বমন হইয়া থাকে।

বমন কারক ঔষধ প্রয়োগের উদ্দেশ্য। উদর হইতে অজীর্ণ ভক্ষ্য বা বিষাক্ত দ্রব্য বমন দ্বারা নির্গত করণ।

শাখা (Order) III। বিরেচক ঔষধ সমূহ (Purgatives or Cathartics)।

এই শ্রেণীস্থ ঔষধ সেবনে অধিক পরিমাণে ভেদ হয়। ইহারা ছয় প্রকার। ১ম। মৃদু বিরেচক ঔষধ (Laxative Purgatives)। ইহাদের ক্রিয়া অতিশয় মৃদু; সেবনে অন্ত্রস্থ শৈষ্মিক ঝিল্লির উগ্রতা প্রকাশ করে না ও মলসংযুক্ত কোষ্ঠ নির্গত হয়। এই শ্রেণীস্থ ঔষধ। যথা,—ডুম্বুর (Figs); আলুবখরা (Prunes); মধু (Honey); গুড় (Treacle); ম্যানা (Manna); তেঁতুল (Tamarinds); ক্যাসিয়া পল্প (Casia Pulp); গন্ধক (Sulphur); জলপাইয়ের তৈল ((Olive Oil)); এরণ্ড তৈল (Castor Oil); ম্যাগ্‌নিসিয়া (Magnesia); কার্ব্বনেট্‌ অব্‌ ম্যাগ্‌নিসিয়ম্‌ (Carbonate of Magnesium)।

২য়। সরল বিরেচক ঔষধ (Simple Purgatives)। ইহাদের ক্রিয়া মৃদু বিরেচক অপেক্ষা কিয়ৎ পরিমাণে প্রখর। এই শ্রেণীস্থ ঔষধ। যথা,—রেউচিনি (Rhubarb); সোনামুখি (Senna); বক্‌থরণ জুস্‌ (Buckthorn Juice); মুসব্বর (Aloes); জ্যালাপ্‌ (Jalap); ক্যাস্‌ক্যারা স্যাগ্রেডা (Cascara Sagrada); র‍্যাম্‌নস্‌ ফ্র্যাঙ্গুলা (Rhamnus Frangula)।

৩য়। অতিবিরেচক ঔষধ (Drastic Purgatives)। ইহাদের ক্রিয়া অনেকাংশে সরলবিরেচকের ন্যায়। কিন্তু ইহাদের সেবনে অধিক পরিমাণে ভেদ ও অন্ত্রের শ্লেষ্মা নির্গত হয়। এই শ্রেণীস্থ ঔষধ যথা,—জ্যালাপ (Jalap); স্কামনি (Scammony) ; ইন্দ্রবারুণী (Colocynth) ; জয়পালের তৈল (Croton Oil); পডফিলম্ রেজিন্ (Podophyllum Resin) ; গ্যাম্বোজ্ (Gamboge)।

৪র্থ। হাইড্রাগগ্ পর্গেটিভ্ ঔষধ (Hydragogue Purgatives)। ইহাদের সেবনে অধিক পরিমাণে জলবৎ ভেদ ও অন্ত্রের শ্লৈষ্মিক ঝিল্লি হইতে রস নির্গত হয়। ইহাদের ক্রিয়া অনেকাংশে ড্রাস্টিক্ পর্গেটিভ্সের ন্যায়।

এই শ্রেণীস্থ ঔষধ। যথা—গ্যাম্বোজ্ (Gamboge), ইলাটিরিয়ম্ (*Elaterium*), *ইলাটিরিন্* (*Elaterin*), *ক্রিম্ অব্ টার্টার্* (*Cream of* Tartar) অধিক মাত্রায়।

৫ম। সেলাইন্ পর্গেটিভ্ ঔষধ (Saline Purgatives)। এই শ্রেণীস্থ ঔষধ সেবনে জলবৎ ভেদ হয়। ইহাদের দ্বারা ড্রাস্টিক্ পর্গেটিভ্সের ন্যায় অন্ত্রস্থ শ্লৈষ্মিক ঝিল্লির উগ্রতা প্রকাশ হয় না। যথা,—ফস্ফেট্ অব্ সোডিয়ম্ (Phosphate of Sodium) ; টার্টরেট্ অব্ পটাশিয়ম্ (Tartarate of Potassium); টার্টারেটেড্ সোডা (Tartarated Soda), সল্ফেট্ অব্ সোডিয়ম্ (Sulphate of Sodium), সল্ফেট্ অব্ ম্যাগ্নিসিয়ম্ (Sulphate of Magnesium), সাইট্রেট্ অব্ ম্যাগ্নিসিয়ম্ (Citrate of Magnesium), সল্ফেট্ অব্ পটাসিয়ম্ (Sulphate of Potassium), ক্রিম্ অব্ টার্টার (Cream of Tartar) মধ্যম মাত্রায়।

৬। ক্যোলাগগ্ পর্গেটিভ্ ঔষধ (Cholagogue Purgatives), এই শ্রেণীস্থ ঔষধ সকল যকৃতের উপর ক্রিয়া প্রকাশ করতঃ অধিক পরিমাণে পিত্ত নিঃসরণ করে ও এইহেতু অধিক পরিমাণে ভেদ হইয়া থাকে। এই শ্রেণীস্থ ঔষধ। যথা,—গ্রে পাউডার্ (Grey Powder), ব্লু পিল্ (Blue

Pill), ক্যালোমেল্ (Calomel), মুসব্বর (Aloes), এলোইন্ (Aloin), পডোফিলম্ রেজিন্ (Podophyllum Resin), ট্যার‍্যাক্সেকম্ (Taraxacum), অধিক মাত্রায় ; কল্ চিকম্ (Colchicum), গন্ধক (Sulphur) অল্প মাত্রায়।

সহকারী বিরেচক ঔষধ (Adjuvants to Purgatives). এই সকল ঔষধ বিরেচক ঔষধের উগ্রতা নিবারণের জন্য ইহাদের সহিত ব্যবহৃত হয়। ইহারা, যথা,—কুচিলা (Nuxvomica), হিরেকস (Sulphate of Iron), গন্ধদ্রব্য এবং অন্যান্য বায়ী তৈল (Aromatic and other Volatile Oils), হেনবেন্ (Henbane), ধুতুরা (Stramonium), বেলেডোনা (Belladonna), ইপিক্যাকুযান্থা এবং এণ্টিমোনিয়েল্স্ (Ipecacuanha and Antimonials) অল্প মাত্রায়, পিচকারী (Enemata) ; শৈত্য, উদরোপরি হস্ত দ্বারা ঘর্ষণ।

বিরেচক ঔষধ প্রয়োগের নিয়ম। বালক ও বৃদ্ধদিগের পক্ষে মৃদু বিরেচক, স্ত্রীলোকের ঋতু সময়ে, বিশেষত গর্ভাবস্থায়, বিশেষ সতর্কতার সহিত বিরেচক ঔষধ প্রয়োগ করিবে। অন্ত্র প্রদাহে বিরেচক ঔষধ প্রয়োগ করিবে না।

বিরেচক ঔষধ প্রয়োগের উদ্দেশ্য। (১ম) অন্ত্র হইতে বদ্ধমলবহির্গত করণ। (২য়) পিত্তনিঃসরণ ও শোষক শিরা সকলের ক্রিয়া বর্দ্ধন করণ। (৩য়) মস্তিষ্কাদিযন্ত্রের রোগে প্রত্যুগ্রতা সাধন করণ। (৪র্থ) রক্তসংস্কার করণ। (৫ম) জরায়ুস্থ স্নায়ু ও শিরা সকলের উপরে ক্রিয়া দর্শাইয়া রজোনিঃসরণ করণ। (৬ষ্ঠ) অন্যান্য স্রাবন গ্রন্থির ক্রিয়া বৃর্দ্ধন করণ।

শাখা (Order) IV। কৃমিনাশক ঔষধ (Anthelmintics)।

এই শ্রেণীস্থ ঔষধ সেবন দ্বারা অন্ত্রস্থ কৃমি নষ্ট হয়। ইহারা তিন প্রকারে কার্য্য করে। ১ম। মুখ্য কৃমিনাশক বা ভার্মিসাইড্স্ ঔষধ (Direct Anthelmintics or Vermicides) যথা,—অয়েল্ অব্ মেলফারন্ (Oil of Malefern) ; টার্পিণ তৈল (Oil of Turpentine) ; কসো (Kousso) ; ক্যামেলা (Kamala) ; স্যাণ্টোনিন্ (Santonin) ;

দাড়িম্ব ছাল (Bark of Pomegranate root) ; কাউহেজ্ (Cowhage); ইহাদের সেবনে কৃমি সকল বিষাক্ত হইয়া নষ্ট হয়। (২য়)। গৌণ কৃমিনাশক বা ভার্মিসাইড্স্ (Indirect Anthelmintics or Vermicides)। যথা, ক্যালোমেল্ (Galomel); স্ক্যামনি (Scammony) ; জ্যালাপ্ (Jalap) ; গ্যাম্বোজ্ (Gamboge) ; এরণ্ড তৈল (Castor Oil)। ৩য়। কৃমি নিবারক ঔষধ (Worm Preventive)। যথা—লৌহঘটিত ঔষধ সকল (Iron Salts) ; কোয়াসিয়া (Quassia), কুচিলা (Nuxvomica) ; ইত্যাদি।

মুখ্য (Direct) কৃমিনাশক ঔষধ দ্বারা অন্ত্রস্থ কৃমি সকল বিনষ্ট হয়।

গৌণ (Indirect) কৃমিনাশক ঔষধ দ্বারা জীবন্ত বা মৃত কৃমি বাহির হয়।

কৃমি নিবারক (Worm Preventives) ঔষধ সেবনে অন্ত্র মধ্যে আর কৃমি জন্মিতে পারে না।

কৃমি নাশক ঔষধ সেবন করাইবার পূর্ব্বে রোগীকে ৩।৪ ঘণ্টা উপবাসী রাখা কর্ত্তব্য। ইহাদের সেবনান্তে বিরেচক ঔষধ সেবনের প্রয়োজন হয়। এই নিয়মে ঔষধ সেবন করিলে শীঘ্র কৃমি নষ্ট হইয়া মলের সহিত বহির্গত হয়।

সূত্রখণ্ডবৎ কৃমি (Thread Worms)। ইহারা সরলান্ত্রে বাস করে। ইহাদিগকে নষ্ট করিতে হইলে কৃমি বিনাশক ঔষধের পিচকারী দিতে হয়।

কৃমি নাশক ঔষধ প্রয়োগের উদ্দেশ্য। অন্ত্রমধ্যে কৃমি বিনাশ ও বহির্গত করণ।

শাখা (Order) V। আমের ঔষধ সমূহ (Stomachic Tonics)।

এই সকল ঔষধ সেবনে পাকাশয়স্থ শ্লৈষ্মিক ঝিল্লির ক্রিয়ার মৃদু ভাবে উত্তেজিত হয়। ইহাদিগকে সেবন করিলে পরিপাকশক্তি বৃদ্ধি পায় ও ক্ষুধার উদ্রেক হয়।

এই শ্রেণীস্থ ঔষধ সকল। যথা,—কলম্বা (Calumba) ; জেন্‌সিয়ান (Gentian) ; ক্যাস্‌কেরিলা (Cascarilla) ; চিরেতা (Chiretta) ;

কোয়াসিয়া (Quassia) ; হপ্স (Hops) ; যবক্ষার দ্রাবক (Nitric Acid) ; লবণ দ্রাবক (Hydrochloric Acid) ; নাইট্রো-হাইড্রোক্লোরিক্ এসিড (Nitro-Hydrochloric Acid) ; কুচিলা (Nuxvomica) ; সিন্‌কোনা বার্ক (Cinchona Bark) ; কুইনাইন্ ঘটিত লবণ (Salts of Quinine) ; সল্‌ফেট্ অব্ বেবেরিণ্ (Sulphate of Beberine) ; লৌহ ঘটিত লবণ (Iron Salts) ; পেপ্‌সিন্ (Pepsine) ; বৃষ পিত্ত (Ox Gall); প্যান্‌ক্রিয়াটিন্ (Pancreatin) ; মুসব্বর (Aloes) ; রেউচিনি (Rhubarb) ; ট্যারক্সেকম্ (Taraxacum) ।

আগ্নেয় ঔষধ সেবনের উদ্দেশ্য। পাকাশয়স্থ শৈষ্মিক ঝিল্লির পীড়া বশতঃ অজীর্ণ ও ক্ষুধামন্দা রোগের প্রতিকার, অম্লনাশ ও ক্ষুধা বৃদ্ধি করণ।

শাখা (Order) VI। পাকাশয়ের উত্তেজক বা বায়ুনাশক ঔষধ (Stomachic Stimulants or Carminatives)। এই শ্রেণীস্থ ঔষধ সেবনে পাকাশয় ও অন্ত্রের বেদনা দমন ও বায়ু নির্গত হয়। এই সকল ঔষধ। যথা,— আদ্রক (Ginger) ; লঙ্কা (Chillies) ; এলাচ (Cardamoms) ; সরিষা (Mustard) ; হর্স র‍্যাডিস্ (Horse Radish) ; মরিচ (Pepper) ; দারুচিনির তৈল (Cinnamon Oil); জায়ফল ও ইহার তৈল (Nutmeg and its Oil) ; লবঙ্গ ও ইহার তৈল (Cloves and its Oil); ক্যাজুপুটি তৈল (Oil of Cajuput) ; ভ্যালিরিয়ান্ (Valerian) ; মৌরি ও ইহার তৈল (Aniseed and Oil) ; বিলাতি জীরা ও ইহার তৈল (Caraway and its Oil) ; ধনে ও ইহার তৈল (Coriander and its Oil) ; ডিল্ ও ইহার তৈল (Dill and its Oil) ; ফেনেল্ (Fennel) ; পিপারমেণ্ট তৈল (Oil of Peppermint) ; অয়েল্ অব্ স্পিয়রমেণ্ট (Oil of Spearmint) ; ইথার এবং এসিটিক্ ইথার (Ether and Acetic Ether).

পাকাশয় উত্তেজক বা বায়ুনাশক ঔষধ সেবনের উদ্দেশ্য।

১। বিরেচক ঔষধের [illegible] হ্রাস করণ। ২। পরিপাক শক্তির বৃদ্ধি করণ। ৩। পাকাশয় ও অন্ত্রের বেদনা নিবারণ ও বায়ু নির্গত করণ।

শাখা (Order) VII. পাকাশয়ের অবসাদক ঔষধ (Stomachic Sedatives)। এই শ্রেণীস্থ ঔষধ প্রয়োগে পাকাশয় ও অন্ত্রের শৈম্মিক ঝিল্লির উত্তেজনা হ্রাস হয়। এই শ্রেণীস্থ ঔষধ। যথা,—ডাইলিউট্ হাইড্রোসিয়ানিক্ এসিড্ (Dilute Hydrocyanic Acid) ; কার্ব্বনেট্, সাবনাইট্রেট এবং অক্সাইড্ অব্ বিস্মথ্ (Carbonate, Subnitrate and Oxide of Bismuth) ; সাইট্রেট্ অব্ এমোনিয়ম্ এবং বিস্মথ্ (Citrate of Ammonium and Bismuth); নাইট্রেট্ অব্ সিল্ভার (Nitrate of Silver) ; অক্সাইড্ অব্ সিল্ভার (Oxide of Silver) ক্রিয়াজোট্ (Creasote); অক্সেলেট্ অব্ সিরিয়ম্ (Oxalate of Cerium); কার্ব্বলিক্ এসিড্ (Carbolic Acid) সোডা দ্রব (Solution of Soda); পটাশ্ দ্রব (Solution of Potash) ; বাইকার্ব্বনেট্ অব্ সোডিয়ম্ (Bicarbonate of Sodium) ; বাই কার্ব্বনেট্ অব্ পটাশিয়ম্ (Bicarbonate of Potassium) ; বেলেডোনা (Belladonna) ; ধুতুরা (Stramonium); হেন্‌বেন্ (Henbane) ; অহিফেন (Opium)।

পাকাশয়ের অবসাদক ঔষধ সেবনের উদ্দেশ্য। ১। পাকাশয় ও অন্ত্রের বেদনা (Gastrodynia and Enterodynia), নিবারিত করণ। ২য়। বমন ও মুখ হইতে জল উঠা নিবারিত করণ।

উপশ্রেণী (Sub-class) II। যে সকল ঔষধ শ্বাস ও প্রশ্বাস যন্ত্র এবং নলীর উপর ক্রিয়া দর্শায়।

শাখা (Order) I। ক্ষুৎকারক ঔষধ (Errhines)।

এই সকল ঔষধ নাসারন্ধ্রে প্রয়োগ করিলে নাসিকাস্থ শ্লৈষ্মিক ঝিল্লি হইতে অধিক পরিমাণে শ্লেষ্মা ও রস নির্গত হয়। এই শ্রেণীস্থ ঔষধ। যথা,– তাম্রকূট নস্য (Tobacco Snuff) ; সব্ সল্ফেট্ অব্ মার্কারী (Sub-Sulphate of Mercury) , ভিরাট্রম্ ভিরিডি (Veratrum Viride in Powder) চূর্ণ।

ক্ষুৎকারক ঔষধ সেবনের উদ্দেশ্য। নাসারন্ধ্রের শ্লৈষ্মিক ঝিল্লি শুষ্ক হইলে ইহা দ্বারা শ্লেষ্মা বহির্গত করণ।

শাখা (Order) II. কফ নিঃসারক ঔষধ (Expectorants)।

এই সকল ঔষধ দ্বারা শ্বাসনলী ও ফুস্‌ফুস্‌ মধ্যস্থ শ্লৈষ্মিক ঝিল্লি হইতে অধিক পরিমাণে শ্লেষ্মা নিঃসৃত হয়। এই শ্রেণীস্থ ঔষধ সকল। যথা,—

১ম। এমোনিয়া (Ammonia Free); কার্ব্বনেট্‌ অব্‌ এমোনিয়া (Carbonate of Ammonia); সেনেগা (Senega); স্কুইল্‌ (Squill); বেন্‌জোয়িক্‌ এসিড্‌ (Benzoic Acid); বেন্‌জোয়েট্‌ অব্‌ এমোনিয়ম্‌ (Benzoate of Ammonium), বেন্‌জোইন্‌ (Benzoin); বাল্‌সম্‌ অব্‌ পেরু (Balsam of Peru); ব্যাল্‌সম্‌ অব্‌ টলু (Balsam of Tolu); ষ্টোর্যাক্স (Storax); এমোনিয়াকম (Ammoniacum); গ্যাল্‌বেনম্‌ (Galbanum); হিঙ্গু (Asafœtida); ম্যার্‌ (Myrrh); কোপেবা (Copaiba); টার (Tar)।

২য়। ইপিক্যাকুয়াঙ্কা (Ipecacuanha) টার্টরেটেড্‌ এন্টিমনি (Tartarated Antimony); অক্সাইড্‌ অব্‌ এন্টিমনি (Oxide of Antimony)।

৩য়। জলের বাষ্প (Vapor of Water); ক্লোরিণ্‌ (Chlorine); আইয়োডিন্‌ (Iodine); ক্রিয়াজোট্‌ (Creasote); কার্ব্বলিক্‌ এসিড্‌ (*Carbolic Acid*)।

প্রথম শ্রেণীস্থ ঔষধ সকল রক্তবহা যন্ত্রের ক্রিয়া উত্তেজিত করে। ইহারা জ্বরশূন্য পুরাতন বায়ুভুজনলী প্রদাহে (Chronic Bronchites) উপকার দর্শায়।

২য় শ্রেণীস্থ ঔষধ সকল অবসাদক ক্রিয়া প্রকাশ করে। ইহারা তরুণ জ্বর সংযুক্ত বায়ুভুজনলী প্রদাহে (Acute Bronchites); উপকার দর্শায়।

৩য় শ্রেণীস্থ ঔষধ সকল শ্বাসনলী ও ফুস্‌ফুসের শ্লৈষ্মিক ঝিল্লির উগ্রতা হ্রাস করে। ইহাদের ধূম পুরাতন বায়ুভুজনলী প্রদাহে বিশেষ উপকারিক।

কফ নিঃসারক ঔষধ সেবনের উদ্দেশ্য। শ্লৈষ্মিক ঝিল্লি হইতে অধিক পরিমাণে কফ ও রস নির্গত করণ।

শাখা। (Order) III। ফুস্‌ফুসাবসাদক ঔষধ (**Pulmonary Sedatives**)। এই শ্রেণীস্থ ঔষধ দ্বারা শ্বাস প্রশ্বাস যন্ত্রের অবসাদক ক্রিয়া

প্রকাশ হয়, ও শ্বাসনলী ও ফুস্ফুসের শ্লৈষ্মিক ঝিল্লির রসের পরিমাণের ও হ্রাস হয়। এই শ্রেণীস্থ ঔষধ। যথা—অহিফেন (Opium); মর্ফাইনি (Morphine); কোনায়ম্ (Conium); বেলাডোনা (Belladonna); ধুতুরা (Stramonium); হাইড্রোসিয়ানিক্ এসিড্ (Hydrocyanic Acid); এসিটেট্ অব্ লেড্ (Acetate of Lead); তাম্রকূট (Tobacco in smoke) ধূম; ধুতুরার ধূম (Stramonium in smoke); কোনাইন্ (Conine); হাইড্রোসিয়ানিক্ এসিড্ বায়ু। (Vapour of Hydrocynic Acid).

ফুস্ফুসাবসাদক ঔষধ সেবনের উদ্দেশ্য। শ্লৈষ্মিক যন্ত্রের উগ্রতা দমন ও শ্লেষ্মার পরিমাণ হ্রাস করণ।

উপশ্রেণী (Subclass) III; এই শ্রেণীস্থ ঔষধ দ্বারা চর্ম্মের ক্রিয়া প্রকাশ পায়।

শাখা (Order) I। ঘর্ম্মকারক ঔষধ (Sudorifics or Diaphoretics)।

এই শ্রেণীস্থ ঔষধ সকল তিন প্রকারে কার্য্য করে। ১ম। চর্ম্মস্থ স্বেদ নিঃসরণকারী (Sudoriferous Glands) গ্রন্থির উপর ক্রিয়া বৃদ্ধি করিয়া ঘর্ম্মোৎপাদন করে। ২য়। শিরা সকলের শৈথিল্য সাধন করত ঘর্ম্ম নির্গত করে। ৩য়। চর্ম্মস্থ শিরা সকলের রক্ত সঞ্চালন ক্রিয়া অধিক পরিমাণে সঞ্চালন করিয়া ঘর্ম্ম উৎপাদন করে। এই শ্রেণীস্থ ঔষধ সকল যথা,—

এমোনিয়া (Free Ammonia); কার্ব্বনেট্ অব্ এমোনিয়ম্ (Carbonate of Ammonium), এসিটেট্ অব্ এমোনিয়ম্ (Acetate of Ammonium); সাইট্রেট্ অব্ এমোনিয়ম্ (Citrate of Ammonium); নাইট্রাইট্ অব্ ইথিল্ (Nitrite of Ethyl); সুরা (Wine); ইথার (Ether); ক্লোরোফরম্ (Chloroform); জেবরাণ্ডি (Jaborandi); গুয়েকম্ (Guiacum); সার্পেণ্টারি (Serpentary); স্যাসাফ্রাস্ (Sassafras); মেজেরিয়ন্ (Mezereon); সার্সাপেরিল্লা (Sarsaparilla); ডল্ক্যামারা (Dulcamara); সেনেগা (Senega); কর্পূর (Camphor); গন্ধক (Sulphur); অহিফেন্ ঘটিত ঔষধ দ্রব্য (Opium Preparations); মর্ফাইন্ সংযুক্ত লবণ (Morphine Salts)।

অবসাদক ঘর্ম্মকারক ঔষধ (Sedative Sudorifics); ইহারা, অক্সাইড্ অব্ এণ্টিমনি (Oxide of Antimony); টার্টারেটেড্ এণ্টিমনি (Tartarated Antimony); ইপিকাকুয়ানা (Ipecacuanha)। সহকারী ঘর্ম্ম কারক ঔষধ (Assistant Sudorifics); শরীরের উত্তাপ লাগান (Warmth to the surface); চর্ম্মে উষ্ণ জলের বাষ্প লাগান (Hot water vapour to the skin): উষ্ণ পানীয় সেবন (Hot drinks); ব্যায়াম (Exercise)।

ঘর্ম্মকারক ঔষধ প্রয়োগের উদ্দেশ্য। ১ম। শৈত্য বা অন্য কোন কারণবশত ঘর্ম্ম রোধ হইলে তাহা মুক্ত করণ। ২। জ্বর ও প্রদাহাদি রোগে চর্ম্মেরউষ্ণতা নিবারণের প্রতিকার করণ।

৩। যে সকল রোগ, শরীর হইতে প্রচুর পরিমাণে ঘর্ম্ম নিঃসরণদ্বারা আরোগ্য হয়, তাহাদের জন্য প্রতিকার করণ।

৪। মূত্র গ্রন্থির বিবিধ আভ্যন্তরিক প্রদাহে মূত্র গ্রন্থির ক্রিয়ার হ্রাস করতঃ চর্ম্মের ক্রিয়া বৃদ্ধি করণ।

উপশ্রেণী (Subclass) IV। যে সকল ঔষধ মূত্র গ্রন্থি ও মূত্র যন্ত্রের উপর ক্রিয়া প্রকাশ করে।

শাখাদ্বয় (Orders) I and II। মূত্র কারক, ও অশ্মরী নাশক ঔষধ (Diuretics, and Lithontriptics); মূত্রকারক ঔষধ সেবনে মূত্র গ্রন্থির ক্রিয়া বৃদ্ধি ও প্রস্রাবের পরিমাণ অধিক হয়।

অশ্মরী নাশক ঔষধ সেবন করিলে প্রস্রাবের ক্ষার ও অম্লত্ব দোষ নিবারিত হয়। এই কারণে অশ্মরী জন্মিতে পারে না। মূত্র কারক ঔষধ। যথা; স্কুইল্ (Squill) স্কোপেরিয়ম্ (Scoparium); তাম্রকূট (Tobacco); কল্চিকম্ (Colchicum)। ইহারা অবসাদক মূত্রকারক (Sedative Diuretics);

জুনিপার্ (Juniper); তার্পিন তৈল (Turpentine); কোপেবা (Copaiba); ক্যান্থারাইডিস্ (Cantharides); নাইট্রাইট্ অব্ ইথিল্ (Nitrite of Ethyl); এল্কোহল্ (Alcohol); ইহারা উত্তেজক মূত্রকারক (Stimulant Diuretics)।

পটাশিয়ম্, সোডিয়ম্ ও লিথিয়ম্ ঘটিত লবণ সকল Potassium, Sodium and Lithium Salts), জল (Water) ডিজিটালিস্ (Digitalis); কটিদেশে প্রত্যুগ্রতা সাধক পলস্তা (Counter irritation to loins); কটিদেশ হইতে রক্ত দোহন (Depletion from loins); ইহারা মুখ্য (Direct) মূত্রকারক।

হাইড্রাগগ্ পার্গেটিভ্স্ (Hydragogue Purgatives)। যথা, ইলেটিরিয়ম্ (Elaterium), ক্রিম্ অব্ টার্টর (Cream of Tartar), গ্যাম্বোজ্ (Gamboge), ফস্ফরিক্ এসিড্ (Phosphoric Acid), সাইট্রিক্ এসিড্ (Citric Acid) বেন্‌জোইক্ এসিড্ (Benzoic Acid), বেন্‌জোয়েটেড্ এমোনিয়ম্ (Benzoated Ammonium)। ইহারা গৌণ (Indirect) মূত্রকারক।

অশ্মরীনাশক ঔষধ। যথা—কার্ব্বনেট্ অব্ লিথিয়ম্ (Carbonate of Lithium), সাইট্রেট্ অব লিথিয়ম্ (Citrate of Lithium), বাইকার্ব্বোনেট্ অব্ পটাশিয়ম্ (Bicarbonate of Potassium), সাইট্রেট্ অব্ পটাশিয়ম্ (Citrate of Potassium), এসিটেট্ অব্ পটাশিয়ম্ (Acetate of Potassium), বাইকার্ব্বোনেট্ অব্ সোডিয়ম্ (Bicarbonate of Sodium), ভিচি জল (Vichy Waters) ফস্‌ফেট্ অব্ সোডিয়ম্ (Phosphate of Sodium), সোহাগা (Borax)।

মূত্রকারক ও অশ্মরীনাশক ঔষধ সেবনের উদ্দেশ্য। ১ম। প্রস্রাবের পরিমাণ বৃদ্ধিকরণ। ২য়। ঔষধ দ্বারা বিষাক্ত হইলে শরীর হইতে প্রস্রাব দ্বারা ঐ বিষ বহির্গত করণ। ৩য়। বিবিধ পীড়ায় শরীরের বিবিধ যন্ত্রে উৎপন্ন নানা প্রকার অস্বাস্থ্যকর পদার্থকে প্রস্রাব দ্বারা বহির্গতকরণ। ৪র্থ মূত্রযন্ত্রে অশ্মরী জন্মিলে তাহাদিগকে প্রস্রাব দ্বারা তরল ও দ্রবকরণ। ৫ম প্রস্রাবে অশ্মরী জন্মিবার সম্ভাবনা হইলে প্রস্রাবের অবস্থা পরিবর্ত্তন ও সংশোধন করণ।

প্রস্রাবে অম্লাধিক্য হইলে ইউরিক্ এসিড্ অশ্মরী ও ক্ষারাধিক্য হইলে ফস্‌ফেট্ যুক্ত অশ্মরী জন্মিবার সম্ভাবনা।

শাখা (Order) III। এই শ্রেণীস্থ ঔষধ বিশেষরূপে মূত্রযন্ত্রের শ্লৈষ্মিক ঝিল্লির উপর ক্রিয়া প্রকাশ করে। ইহারা, পেরাইরাব্রেভা (Pariera-brava), ইউভি আর্সাই (Uvæ Ursi), বুকু (Buchu), বেন্‌জোয়িক্ এসিড্ (Beuzoic Acid), বেন্‌জোয়েট্ অব্ এমোনিয়ম্ (Benzoate of Ammonium), ব্যাল্‌সম্ অব্ পেরু (Balsam of Peru)। ইহাদের ক্রিয়া মূত্রাশয়ের (Bladder) শ্লৈষ্মিক ঝিল্লির উপর প্রকাশ করে। কোপেবা (Copaiba), কিউবেবস্ (Cnbebs), চন্দনতৈল (Oil of Sandal wood), তার্পিন তৈল (Turpentine) এই সকল ঔষধ মূত্রমার্গের (Urethra) উপর ক্রিয়া প্রকাশ করে।

এই শ্রেণীস্থ ঔষধ সেবনের উদ্দেশ্য। মূত্রাশয় এবং মূত্রমার্গের কোন রূপ পীড়া বশতঃ ইহারা ব্যবহৃত হইয়া থাকে, যেমন, গনোরিয়া, গ্লীট ইত্যাদি।

উপশ্রেণী (Subclass) V। এই শ্রেণীস্থ ঔষধ জননেন্দ্রিয়ের উপর ক্রিয়া প্রকাশ করে।

শাখা (Order) I। রজোনিঃসারক ও জরায়ু সঙ্কোচক ঔষধ (Emmenagogues and Ecbolics)।

রজোনিঃসরণ বন্ধ হইলে এই শ্রেণীস্থ ঔষধ সেবন দ্বারা তাহা পুনরায় প্রকাশিত হয় ও জরায়ুর সঙ্কোচন ঔষধ দ্বারা জরায়ুর সঙ্কোচন ক্রিয়া বৃদ্ধি করিয়া গর্ভস্রাবের সহায়তা করে। ইহারা দুই প্রকার। ১ম। মুখ্য (Direct Emmenagogues) রজোনিঃসারক। যথা,—আর্গট (Ergot), স্যাভিন্ (Savin), রিউ (Rue), হিঙ্গু (Asafœtida) ক্যাষ্টর (Castor), ২য়। গৌণ (Indirect) রজোনিঃসারক যথা—লৌহ ঘটিত ঔষধ সকল (Iron Salts), মুসব্বর (Aloes), ইন্দ্রবারুণি (Colocynth) এবং অতি বিরেচক ঔষধ শ্রেণী।

জরায়ুসঙ্কোচক ঔষধ (Ecbolic)। যথা—আর্গট (Ergot), ডিজিট্যালিস্ (Digitalis), স্যাভিন্ (Savin), সোহাগা (Borax) ইত্যাদি।

জরায়ু সঙ্কোচক ঔষধ সেবনের উদ্দেশ্য। ১ম। কোন কারণ

বশতঃ অবরোধক হইলে তাহা নিঃসরণ করণ। ২য়। গর্ভবস্থার কোন পীড়াবশতঃ জরায়ু মধ্যে সন্তান মৃত হইলে কিম্বা রোগীর জীবন রক্ষার নিমিত্ত যেখানে গর্ভনাশের আবশ্যকতা হয়, তাহা সম্পাদিত করণ।

শাখা (Order) II। কামোদ্দীপক ঔষধ (Aphrodisiacs)।

এই সকল ঔষধ সেবন দ্বারা রতিশক্তি বর্দ্ধিত হয়। ইহারা দুই প্রকার। ১ম। মুখ্য (Direct); যথা,—কুচিলা (Nuxvomica); ষ্ট্রিকনিন্ (Strychnine); কান্থারাইডিস্ (Cantharides); ফস্‌ফরাস্ (Phosphorus); গাঁজা (Indian Hemp); অহিফেন অল্প মাত্রায় (Opium in small doses)।

২য়। গৌণ (Indirect) যথা;—ব্লড্ টনিক্স (BloodTonics); নার্ভাইন্ টনিক্স্ (Nervine Tonics); সাক্ষাৎ আক্ষেপ নিবারক ঔষধ সমূহ (Direct Antispasmotics).

এই শ্রেণীস্থ ঔষধ সেবনের উদ্দেশ্য। ধ্বজভঙ্গ রোগে রতি শক্তির বৃদ্ধি করণ।

শাখা (Order) III। কামনাশক ঔষধ (Anaphrodisiacs)।

এই শ্রেণীস্থ ঔষধ সেবন দ্বারা জননেন্দ্রিয়ের উগ্রতা দমন ও রতিশক্তির হ্রাস হয়। ইহারা দুই প্রকার। ১ম। মুখ্য (Direct) যথা,—ব্রোমাইড অব্ পটাসিয়ম্ (Bromide of Potassium), ব্রোমাইড্ অব্ এমোনিয়ম্ (Bromide of Ammonium), ব্রোমাইড্ অব্ সোডিয়ম্ (Bromide of Sodium), কোনায়ম্ (Conium), ক্যাম্ফর (Camphor)। ২য়। গৌণ (Indirect)। যথা,—ক্ষার ঘটিত ঔষধ দীর্ঘ কাল সেবন (Continued use of Alkaline medicines), ধামনিক ও স্নায়বীয় অবসাদক ঔষধ (Vascular and nervine Sedaties)।

কাম নাশক ঔষধ সেবনের উদ্দেশ্য। জননেন্দ্রিয়ের উগ্রতা হেতু লিঙ্গোচ্ছ্বাস রোগের উগ্রতা দমন করণ।

উপশ্রেণী (Subclass) VI। যে সকল ঔষধ চক্ষুর উপর ক্রিয়া প্রকাশ করে।

শাখা (Order) I. কনীনিকা প্রসারক ঔষধ (Pupil Dilators)।

যে সকল ঔষধ প্রয়োগ দ্বারা কনীনিকা প্রসারিত হয়। যথা,—বেলেডোনা (Belladonna), এট্রপিন্ (Atropine), ধুতুরা (Stramonium), হেন্‌বেন্ (Henbane), কোকেইন্ (Cocaine)।

কনীনিকা প্রসারক ঔষধ সেবনের উদ্দেশ্য। আইরাইটিস্ (Iritis), প্রভৃতি বিবিধ চক্ষুরোগে কনীনিকা প্রসারিত করণ।

শাখা (Order) II। কনীনিকা সঙ্কোচক ঔষধ (Pupil Contractors)।

এই সকল ঔষধ প্রয়োগ দ্বারা কনীনিকা কুঞ্চিত হয়। যথা,—ক্যালাবারবিন্ (Calabarbean), অহিফেন্ (Opium), ও অহিফেন ঘটিত উপক্ষার ও লবণ (Salts and Alkaloids of Opium)

কনীনিকা সঙ্কোচক ঔষধ প্রয়োগের উদ্দেশ্য। কনীনিকা অধিক পরিমাণে প্রসারিত হইলে তাহা নিবারণ করণ।

বিভাগ (Division) Order II। এই সকল ঔষধ বাহ্যপ্রয়োগের নিমিত্ত ব্যবহৃত হয়।

শাখা (Order) I। উগ্রতাকারক ঔষধ (Irritants)।

এই সকল ঔষধ বাহ্যপ্রয়োগে স্থানিক উগ্রতাসাধন করে।

ইহারা তিন শ্রেণীতে বিভক্ত হয়। ১ম। রুবিফেসিয়েন্‌স্ (Rubefacients)। এই শ্রেণীস্থ ঔষধ চর্ম্মে সংলগ্ন করিলে প্রদাহ জন্মে। কিন্তু অধিকক্ষণ না লাগাইলে ফোস্কা উৎপাদন করে না। ইহারা যথা,—এমোনিয়ার মৃদু দ্রব (Weak Solution of Ammonia), কম্পাউণ্ড ক্যাম্ফর লিনিমেণ্ট্ (Compound Camphor Liniment), ইথার, ক্লোরফরম্ এবং এল্‌কোহল্ (Ether, Chloroform and Alcohol when evaporation is prevented), সর্ষপের পলস্তা (Mustard plaster), সর্ষপের বায়ী তৈল (Volatile oil of mustard); ক্যাজুপট্ তৈল (Cajuput Oil), টার্পিণ তৈল (Oil of Turpentine); মেজেরিয়ন্ (Mezereon), ক্যাপ্‌সিকম্ (Capsicum), আইয়োডিন্ (Iodine), পারদঘটিত লবণ (Mercurial Salts)।

২য়। কোস্কাকরাক ঔষধ (Ep ispastics)। এই শ্রেণীস্থ ঔষধ চর্ম্মে সংলগ্ন করিলে প্রথমতঃ ঐ স্থানে প্রদাহ উপস্থিত করিয়া ঐ স্থানকে আরক্তিম করে ও পরে ঐ স্থানে কোস্কা জন্মে। ইহারা ; যথা,—ক্যান্থারাইডিস্ (Cantharides) ইথিরিয়াল সোলিউষন্ অব্ ক্যান্থারাইডিস্ (Ethereal Solution of Cantharides) ক্যান্থারিডিন্ (Cantharidin), গ্লেসিয়েল্ এসিটিক্ এসিড্ (Glacial Acetic Acid)।

৩য়। পুঁজ যুক্ত ক্ষুদ্র ক্ষুদ্র গুটিকা (Pustulants)। এই শ্রেণীস্থ ঔষধ চর্ম্মে সংলগ্ন করিলে ঐ স্থানে প্রদাহ করিয়া ক্ষুদ্র ক্ষুদ্র গুটিকা উৎপাদন করে এবং পরে ইহারা পুঁজযুক্ত হয়। যথা,—জয়পালের তৈল (Croton Oil) টার্টারেটেড্ এন্টিমনি (Tartarated Antimony); নাইট্রেট্ অব্ সিল্ভারের উগ্রদ্রব (Stong Solution of Nitrate of Silver)।

ভিন্ন ভিন্ন প্রকারের স্থানিক উগ্রতা কারক ঔষধ প্রয়োগের উদ্দেশ্য।—

১ম। প্রদাহ দমনার্থ এই শ্রেণীস্থ ঔষধ প্রয়োগ দ্বারা প্রদাহিত স্থানে প্রত্যুগ্রতা সাধন করিয়া প্রদাহের দমন করণ।

২য়। শরীরের অবসন্নাবস্থায় ইহাদের স্থানিক প্রয়োগ দ্বারা জীবনী শক্তির উত্তেজন করণ।

৩য়। দোহন। শোষক শিরাসমূহের ক্রিয়া বর্দ্ধন; এণ্ডার্মিকরূপে (Endermic method) ঔষধ প্রয়োগ করণ।

শাখা (Order) II। স্থানিক অবসাদক ঔষধ (External or Local Sedatives)।

এই শ্রেণীস্থ ঔষধের বাহ্যপ্রয়োগে ঐ স্থলের স্পর্শ শক্তির হ্রাস হয়।

ইঁহারা,—হাইড্রোসিয়ানিক্ এসিড্ (Hydrocyanic Acid), বেলেডোনা (Belladonna), এট্রপিন্ (Atropine), অহিফেন্ (Opium), মর্ফিয়া ঘটিত লবণ (Morphine Salts), সব্এসিটেট্ অব্ লেড্ দ্রব (Solution of Subacetate of Lead), এসিটেট্ অব্ লেড্ (Acetate of Lead), বিস্মথ্ ঘটিত লবণ (Salts of Bismuth), ক্রিয়াজোট্ (Creasote),

কার্ব্বলিক্ এসিড্ (Carbolic Acid)। স্থানিক স্পর্শ হারক ঔষধ সকল। যথা—একোনাইট্ (Aconite), একোনাইটিন্ (Aconitine)। ভিরট্রিন্ (Veratrine), মেন্থল্ (Menthol), আইয়োডোফরম্ (Iodoform), ইথার বাষ্পাকারে সিঞ্চন্ (Ether spray), বরফ (Ice), কোকেনি (Cocaine), বাইসল্ফাইড্ অব্ কার্ব্বন্ (Bisulphide of Carbon)।

স্থানিক স্পর্শহারক ও অবসাদক ঔষধ প্রয়োগের উদ্দেশ্য।

১ম। স্থানিক প্রদাহ, উগ্রতা ও বেদনা দমন করণ। ২য়। স্থানিক স্পর্শবোধ লোপকরণ। ৩য়। স্নায়বীয় কিম্বা অন্যান্য বেদনা দমন করণ।

শাখা (Order) III। স্নিগ্ধকারক ঔষধ (Emollients)। কোন স্থানকে আর্দ্র, স্নিগ্ধ ও আবৃত রাখিবার জন্য এই শ্রেণীস্থ ঔষধ সকল প্রয়োগ করা হয়। যথা—উষ্ণ জল (Warm-Water), ষ্টার্চ ঘটিত ঔদ্ভিজ্জ্য যথা,—ময়দা, পাউরুটি, গোধুম, ওট্ মিল্, তিসি (Starchy substances such as, flour, Bread, Oatmeal, Linseed), গঁদ (Gum), মধু (Honey), ডুম্বুর (Figs), শ্বেতসার (Starch), কলোডিয়ন্ (Collodion), তৈলবৎ ও মেদযুক্ত পদার্থ (Oily and Fatty substances), যথা,—তিসির তৈল (Linseed Oil), বাদামের তৈল (Almond Oil), জলপায়ের তৈল (Olive Oil), চর্ব্বি (Lards), মেষের বসা, (Suet), মোম (Wax), তিমির বসা (Spermaceti), গ্লিসারিন্ (Glycerine), কঠিন ও কোমল প্যারাফিন্ (Hard and soft Paraffin)। অণ্ডলাল এবং জেলেটিন্যুক্ত পদার্থ (Albuminous and Gelatinous substances), আইসিংগ্লাস্ (Isinglass), ডিম্বের শ্বেতাংশ (White of Egg)।

এই শ্রেণীস্থ ঔষধ সমূহের আভ্যন্তরিক প্রয়োগে অন্নবহা নলীর শ্লৈষ্মিক ঝিল্লির উগ্রতা হ্রাস করে, এ বিধায় ইহাদিগকে স্নিগ্ধকারক ঔষধ (Demulcents) কহে।

স্নিগ্ধ কারক ঔষধ প্রয়োগের উদ্দেশ্য। প্রদাহিত স্থানকে আবৃত করিয়া উহার প্রদাহ নিবারিত করণ।

শাখা (Order) IV। আবরক ঔষধ (Protectives)।

এই শ্রেণীস্থ ঔষধ দ্বারা পীড়িত স্থান আবৃত করিয়া অপর দ্রব্যের ঘর্ষণ বা রাসায়নিক ক্রিয়া হইতে রক্ষা করা হয়। যথা,—কলোডিয়ন্ (Collodion), মোমের মলম ও পলস্তা (Simple Ointment and Plasters), নাইট্রেট্ অব্ সিল্ভার (Nitrate of Silver)।

শাখা (Order) V। স্থানিক সঙ্কোচক ও রক্তরোধক ঔষধ (Local Astringents and Styptics)।

এই শ্রেণীস্থ ঔষধ স্থানিক প্রয়োগে, সঙ্কোচক ও রক্তরোধক ক্রিয়া প্রকাশ করে। ইহারা; যথা,—ডাইলিউট্ সল্ফিউরিক এসিড্ (Dilute Sulphuric Acid) ট্যানিক্ এসিড্ (Tannic Acid), গ্যালিক্ এসিড্ (Gallic Acid), মাজুফল (Nut Galls), ওক্‌বার্ক (Oakbark), খদির (Catechu), কাইনো (Kino), র‍্যাটানি (Ruatany), ম্যাটিকো (Matico) ফট্‌কিরি (Alum), চূনের জল (Lime Water), সব্‌এসিটেট্ অব্ লেড্ (Subacetate of Lead), এসিটেট্ অব্ লেড্ (Acetate of Lead), কার্ব্বনেট্ অব্ লেড্ (Carbonate of Lead), অক্সাইড্ অব্ জিঙ্ক (Oxide of Zinc), সল্‌ফেট্ অব্ জিঙ্ক (Sulphate of Zinc), এসিটেট্ অব্ জিঙ্ক (Acetate of Zinc), পার্‌ক্লোরাইড্ অব্ আয়রণ (Perchloride of Iron), বরফ প্রভৃতি শৈত্যকারক ঔষধ (Application of cold such as Ice)।

স্থানিক সঙ্কোচক ও রক্তরোধক ঔষধ প্রয়োগের উদ্দেশ্য।

১ম। স্থানিক রক্ত রোধকরণ। ২য়। অতিরিক্ত শ্লৈষ্মিক ঝিল্লির রস নিঃসরণ, নিবারণ করণ। ৩য়। বিবিধ প্রকার চর্ম্মরোগে স্থানিক পরিবর্ত্তন করণ।

শাখা (Order) VI দাহক ঔষধ (Caustics and Escharotics) এই শ্রেণীস্থ ঔষধ শরীরে সংলগ্ন করিলে স্থানিক বিধানকে নষ্ট করিয়া ক্ষতোৎপাদন করে। ইহাদিগের নাম। যথা—তুঁতে (Sulphate of Copper), নাইট্রেট্ অব্ কপার (Nitrate of Copper) রেড্ অক্সাইড্ অব্ মার্কারি (Red Oxide of Mercury), নাইট্রেট্ অব্ সিল্ভার (Nitrate

of Silver), ক্লোরাইড্ অব্ এণ্টিমনি (Chloride of Antimony), ক্লোরাইড্ অব্ জিঙ্ক (Chloride of Zinc), গ্লেসিয়াল্ এসিটিক্ এসিড্ (Glacial Acetic Acid), কার্ব্বলিক্ এসিড্ (Carbolic Acid), স্যালিসিলিক্ এবং হাইড্রোক্লোরিক্ এসিড্ (Salicylic and Hydrochloric Acid) যবক্ষার দ্রাবক (Nitric Acid), এসিড্ নাইট্রেট অব্ মার্কারি (Acid Nitrate of Mercury), আর্সেনিক্ (Arsenic), করোসিভ্ সব্লিমেট্ (Corrosive Sublimate), ক্রোমিক্ এসিড্ (Chromic Acid), ব্রোমিন্ (Bromine), গন্ধকদ্রাবক (Sulphuric Acid) কষ্টিক্ লাইম্ (Caustic Lime), কষ্টিক্ সোডা (Caustic Soda), কষ্টিক্ পটাশ্ (Caustic Potash)।

দাহক ঔষধ প্রয়োগের উদ্দেশ্য। ১ম। বিষাক্ত জন্তু দংশন করিলে দংশিত স্থানকে এই সকল ঔষধ দ্বারা দগ্ধ করত বিষ নাশ করণ। ২য়। দুষ্ট ক্ষত, ক্যানসার প্রভৃতি রোগে, এই সকল ঔষধ সংলগ্ন করিয়া রোগ নাশ করণ। ৩য়। ইক্ত বা গুল বসান ও স্ফোটকাদি ছেদন করণ।

বিভাগ (Division) III।

শাখা (Order) I। বিষঘ্ন ঔষধ (Antidotes)।

বিষাক্ত দ্রব্যের বিষ ক্রিয়া নাশার্থ এই শ্রেণীস্থ ঔষধ সমূহ ব্যবহৃত হয়। ইহা দুই প্রকার; রাসায়নিক ও ভৌতিক।

১ম। রাসায়নিক। অর্থাৎ যে সকল ঔষধ বিষের সহিত মিশ্রিত হইয়া রাসায়নিক ক্রিয়া দ্বারা তাহাকে বিনষ্ট করে। যথা—ক্ষার দ্বারা বিষাক্ত হইলে অম্ল প্রয়োগ; অম্ল ঔষধ দ্বারা বিষাক্ত হইলে ক্ষার প্রয়োগ; উদ্ভিদ্‌বীর্য্য দ্বারা বিষাক্ত হইলে জান্তব অঙ্গার প্রয়োগ ইত্যাদি।

২য়। ভৌতিক। যে সকল ঔষধ সেবন করিলে পাকাশয়স্থ শ্লৈষ্মিক ঝিল্লি ও পাকাশয়স্থ বিষকণা সমূহকে আবৃত করিয়া রাখে, এবং সেই হেতু শ্লৈষ্মিক ঝিল্লির উপর বিষের কার্য্য ও শরীরে বিষ শোষিত হইতে পারে না। এই শ্রেণীস্থ ঔষধ যথা,—অণ্ডলাল, জেল্যাটিন্, গঁদ, স্থায়ী তৈল ইত্যাদি।

বিষাক্ত রোগীর চিকিৎসা জন্য নিম্নলিখিত নিয়মগুলি স্মরণ রাখা কর্ত্তব্য।

১ম। বমনকারক ঔষধ কিম্বা ষ্টম্যাক্ পম্প (Stomach Pump) দ্বারা পাকাশয় হইতে বিষ নির্গত করণ। ২য়। রাসায়নিক বিষঘ্ন ঔষধ প্রয়োগ করণ। ৩য়। ভৌতিক বিষঘ্ন ঔষধ ব্যবস্থা করণ। ৪র্থ। ঔষধ দ্বারা বিষের ক্রিয়া লাঘব করণ। ৫ম। বিষ শরীরে শোষিত হইলে ঔষধ দ্বারা মল ও স্রাবন ক্রিয়ার সাহায্যে উহা নির্গত করণ।

বিষ (Poison.)	বিষঘ্ন ঔষধ (Antidotes.)
এসিড্‌স্ (Acids) …	ম্যাগ্নিসিয়া (Magnesia), খটিকা (Chalk) ও ক্ষার কার্বোনেট্ ঔষধের দ্রব (Dilute Solution of Alkaline Carbonate)
ক্ষার (Alkalies) …	সির্কা (Vinegar) তৈল (Oil) ও জল (Water).
উপক্ষার (Alkaloids) …	জান্তব অঙ্গার (Animal Charcoal)
এণ্টিমনি (Antimony) …	ট্যানিক্ এসিড্ ঘটিত দ্রব (Solution) containing Tannic Acid) যথা ডিকক্টম্ সিন্‌কোনি (Decoctum Cinchona).
আর্শেনিক্ (Arsenic) …	হাইড্রেটেড্ পারঅক্সাইড্ অব্ আয়রণ্ (Hydrated Peroxide of iron)
বেরিয়ম্ ঘটিত লবণ (Barium Salts). …	সল্‌ফেট্ মিশ্র (Soluble Sulphates)
ক্লোরিণ্ (Chlorine)	এমোনিয়া (Ammonia), ম্যাগ্নিসিয়া (Magnesia).
সাইয়েনাইড্‌স্ ও হাইড্রোসিয়ানিক্ এসিড্ (Cyanides and Hydrocyanic Acid)	ক্লোরিণ্ দ্রব Solution of Chlorine)
আইয়োডিন্ (Iodine) ..	ষ্টার্চ (Starch)

সীসধাতুঘটিত লবণ (Lead salts) ...	সলফেট্ অব্ সোডা বা ম্যাগনিশিয়া (Sulphate of Sodium or Magnesium)
পারদঘটিত লবণ (Mercurial Salts)	অণ্ডলাল (White of egg).
অহিফেন (Opium)	জান্তব অঙ্গার (Animal Charcoal)
নাইট্রেট্ অব্ সিলভার (Nitrate of Silver)	সামান্য লবণ (Common Salt)
সলফেট্ অব্ জিঙ্ক (Sulphate of Zinc)	কার্ব্বনেট্ অব্ সোডিয়ম্ দ্রব (Dilute Solution of Carbonate of Sodium

শাখা (Order (II। দুর্গন্ধহারক ও পচন নিবারক ঔষধ (Disinfectants and Antisceptics)।

দুর্গন্ধহারক ঔষধ প্রয়োগ দ্বারা রোগজনিত দুর্গন্ধ নষ্ট করে। ইহারা যথা—ক্লোরিন্ (Chlorine), আইয়োডিন্ (Iodine), ব্রোমিন্ (Bromine), ক্লোরিনেটেড্ লাইম্ (Chlorinated lime), ক্লোরিনেটেড্ সোডা (Chlorinated Soda), পারঅক্সাইড্ অব্ হাইড্রোজিন্ (Peroxide of Hydrogen), পারম্যাঙ্গেনেট্ অব্ পটাশিয়ম্ (Permanganate of Potassium) হিরাকস্ (Sulphate of iron), কয়লা (Charcoal)।

পচন নিবারণ ঔষধ সংক্রামক রোগ ও দুষ্ট ক্ষতের বিষ নষ্ট করে। ইহারা যথা,—কার্ব্বলিক্ এসিড্ (Carbolic Acid) ক্রিয়োজোট্ (Creasote), স্যালিসিলিক্ এসিড্ (Salycylic Acid), আইয়োডোফরম্ (Iodoform), বোরিক্ এসিড্ (Boric acid), থাইমল্ (Thymol), মেন্থল্ (Menthol), এল্‌কোহল্ (Alcohol), সল্‌ফিউরস্ এসিড্ (Sulphurous Acid), ক্ষার সলফাইটস্ (Sulphites of Alkalies), সামান্য লবণ (Chloride of Sodium), করসিভ্ সবলিমেট্ (Corrosive Sublimate), পারক্লোরাইড্ অব্ আয়রণ (Perchloride of iron), ক্লোরাইড্ অব্ জিঙ্ক (Chloride of Zinc), তুঁতিয়া (Sulphate of Copper), আর্সেনিক (Arsenic)।

উপরোক্ত তালিকার মধ্যে অধিকাংশ দ্রব্য জান্তব বিষের উপর কোন ক্রিয়া প্রকাশ করে না, যথা—ক্লোরাইড্ অব্ জিঙ্ক (Chloride of Zinc), পারক্লোরাইড্ অব্ আয়রণ্ (Perchloride of iron), ক্লোরাইড্ অব্ সোডিয়ম্ (Chloride of Sodium) করোসিব্ সবলিমেট্ (Corrosive Sublimate) আরসেনিক (Arsenie) এবং তুঁতে (Sulphate of Copper)।

পচননিবারক ও দুর্গন্ধহারক ঔষধ প্রয়োগের উদ্দেশ্য—১ম। ডিপথিরিয়া, কলেরা, বসন্ত প্রভৃতি রোগের সংক্রামকতা নষ্ট করণ। ২য়। দূষিত বায়ুর সংশোধন করণ। ৩য়। দুষ্ট ক্ষতাদি কীটাণু বিনাশ করণ। ৪র্থ। রোগজনিত দুর্গন্ধ হরণ।

দ্বিতীয় অধ্যায়।

INORGANIC SUBSTANCES.

অম্লজান্ (Oxygen O=16)। ক্লোরেট্ অব্ পটাস্ বা পার্ অক্সাইড্ অব্ ম্যাঙ্গানিজ্ কে উত্তাপ লাগাইলে অক্সিজেন্ বায়ু পাওয়া যায়। এই বায়ু সমুদয় জীবের প্রধান রাসায়নিক উপাদান। ইহা বায়ুতে শতকরা ২৩ অংশ এবং জলের ৯ অংশের মধ্যে ৮ অংশ পাওয়া যায়।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। বর্ণহীন, স্বচ্ছ, গন্ধস্বাদরহিত। জলন্ত কাষ্ঠ নিবাইয়া ইহাতে ধরিলে জলিয়া উঠে। ইহাতে ইলেক্ট্রিসিটি প্রয়োগ করিলে ইহার পরিবর্ত্তন হয় ও তখন ইহাকে ওজন্ (Ozone) কহে।

ক্রিয়া ও আময়িক প্রয়োগ। ক্লোরফরম্, ইথার, কার্ব্বনিক্ এসিড্ বায়ু, হাইড্রোসিয়ানিক্ এসিড্ প্রভৃতি দ্বারা বিষাক্ত হইয়া শ্বাসরোধের উপক্রম হইলে ইহার আঘ্রাণ দ্বারা উপকার হয়।

যবক্ষারজান্ (Nitrogen N=14)। ইহা অক্সিজেনের ন্যায় বায়বীয় পদার্থ। সকল প্রকার নাইট্রাইটস্ বা নাইট্রেটস্ হইতে পাওয়া যায়। এই পদার্থ বায়ুতে অধিক পরিমাণে প্রাপ্ত হওয়া যায়।

প্রস্তুত করণ। যবক্ষারজান্ সহজে প্রস্তুত করিতে হইলে, প্রথমে, জলের উপর ভাসমান একটি ক্ষুদ্র কাচপাত্রের উপর এক খণ্ড ফস্‌ফরাস্ জ্বালাইয়া, একটি বেল্ জার (Bell-jar) চাপা দিতে হয়। বেল্ জার প্রথমে শুভ্রবর্ণ গ্যাসে পূর্ণ হয়; তৎপরে পরিষ্কার হয়। ঐ শেষোক্ত গ্যাস্ই যবক্ষারজান্ গ্যাস্।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। বর্ণহীন, স্বচ্ছ ও গন্ধস্বাদরহিত। জলন্ত কাষ্ঠ নিবাইয়া ইহার মধ্যে ধরিলে জ্বলিয়া উঠে না।

ক্রিয়া ও আময়িক প্রয়োগ। ইহা স্বাধীন ভাবে কদাচ কোন পীড়ায় প্রয়োগ হয় না। ইহা স্পর্শহারকরূপে ব্যবহৃত হইয়া থাকে, ও অম্লজান অভাবে ইহাতে শ্বাস রুদ্ধ হয়।

উদ্‌জান্ (Hydrogen H=1)। রাসায়নিক ক্রিয়া দ্বারা হাইড্রোজিন্ অক্সিজিনের সহিত মিলিত হইয়া জল প্রস্তুত হয়। ইহা অক্সিজিনের ন্যায় বায়বীয় পদার্থ। রাসায়নিক ক্রিয়া দ্বারা জিঙ্ক ধাতু গন্ধক দ্রাবকের সহিত মিলিত হইলে হাইড্রোজেন্ বায়ু উৎপন্ন হয়।

প্রস্তুত করণ। জিঙ্কের সহিত হাইড্রোক্লোরিক্ এসিড্ মিশ্রিত করিলে হাইড্রোজেন্ গ্যাস্ নির্গত হয়।

স্বরূপ ও রাসয়নিক তত্ত্ব। বর্ণহীন, স্বচ্ছ ও গন্ধাস্বাদরহিত।

ক্রিয়া ও আময়িক প্রয়োগ। পারক্সাইড্ অব্ হাইড্রোজেনের (Peroxide of Hydrogen) অতিশয় অক্সাইডেসন্ শক্তি আছে। এতৎ দ্বারা জিহ্বা শ্বেত বর্ণ হয়। ইহা উত্তেজক ও পচন নিবারক। ব্রন্ কাইটিস্ (Bronchits), পার্টসিস্ (Pertussis) এবং ষ্ট্রুমা (Struma), রোগে ইহা ব্যবহৃত হয়।

অঙ্গার (Carbon C=12)। বিশুদ্ধ অঙ্গার, হীরা, প্লম্‌বেগো, ও এনথ্রাসাইট পাওয়া যায়। অন্যান্য পদার্থের সহিত মিশ্রিত প্রায় সমুদয় উদ্ভিদ্ ও জীবিত বস্তুতে ইহা পাওয়া যায়।

ঔষধার্থে দুই প্রকার অঙ্গার ব্যবহৃত হয়। যথা,—১। কাষ্ঠাঙ্গার (Carbo Ligni) ইং (Wood Charcoal)। ২। জান্তব অঙ্গার (Carbo Animalis), ইং (Animal Charcoal)।

১। কার্ব্বো লিগ্‌নাই (Carbo Ligni) বাং কাষ্ঠাঙ্গার। কাষ্ঠ খণ্ডকে আবৃত স্থানে দগ্ধ করিলে ইহা প্রস্তুত হয়।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। ইহা গন্ধহীন ও প্রায় আস্বাদবিহীন। শুকাবস্থায় ইহার, গ্যাস্ (Gases) ও গন্ধ (Odours) সকল সংশোধন করিবার ক্ষমতা আছে। কার্ব্বন্ (Carbon) ব্যতীত ইহাতে শতকরা ২ ভাগ লবণ (Salts) পাওয়া যায়। জলে ইহা অদ্রবনীয়।

ক্রিয়া। শোষক বলিয়া ইহা বায়ুনাশক, অম্লনাশক, দুর্গন্ধহারক ও পচন নিবারক বলিয়া গণ্য হয়।

আময়িক প্রয়োগ। অজীর্ণ রোগে উদরাধ্মান্ থাকিলে বিশেষ উপকার করে। ইহা পাকাশয়স্থ অম্ল ও বায়ু শোষণের নিমিত্ত বিশেষ প্রয়োজনীয়। পচা ক্ষতে, অঙ্গারের পুল্‌টীস্ পচন ও দুর্গন্ধ নিবারণ জন্য ব্যবহার করা হয়। মাত্রা ২০—৬০ গ্রেণ্।

প্রয়োগরূপ।—ক্যাটপ্লাস্‌মা কার্ব্বনিস্ (Cataplasma Carbonis) কাষ্ঠাঙ্গার (চূর্ণ ॥০ আং; পাঁউরুটি ২ আং; তিসির খলি ১॥০ আং; ফুটিত জল ১০ আং) একত্র মিশ্রিত করিয়া পুল্‌টিশ্ প্রস্তুত করিবে।

২। কার্ব্বো এনিমেলিস্ (Carbo Animalis) বাং জান্তব অঙ্গার। মেষ বা বৃষের অস্থি আবৃত স্থানে দগ্ধ করিলে ইহা প্রস্তুত হয়।

কার্ব্বো এনিমেলিস্ পিউরিফিকেটস্ (Carbo Animalis Purificatus), ইং (Purified Animal Charcoal); বাং বিশুদ্ধ জান্তব অঙ্গার।

প্রস্তুত করণ। প্রথমে জান্তব অঙ্গার লবণদ্রাবকে দুই দিবস ভিজাইয়া রাখিবে, পরে অঙ্গারস্থিত বিবিধ লবণ দ্রব হইয়া গেলে ইহা পরিস্রুত জলে ধৌত করতঃ শুষ্ক করিয়া লইবে।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। ইহা কৃষ্ণবর্ণ চূর্ণ পদার্থ, গন্ধ ও আস্বাদ বিহীন।

ক্রিয়া। কাষ্ঠাঙ্গারের ন্যায়; ইহার বর্ণ সংহারক গুণও আছে। ইহা সেবনে বিবিধ উদ্ভিদ্ বিষক্রিয়া নষ্ট হয়। মর্ফিয়া, ষ্ট্রিক্‌নিয়া, এট্রপিন্ প্রভৃতি উদ্ভিদ্‌বীর্য্য দ্বারা বিষাক্ত হইলে, জান্তব অঙ্গার বিষ নাশার্থ বিধেয়। এক গ্রেণ উদ্ভিদ্‌বীর্য্য নাশার্থ ২ আং জান্তব অঙ্গারের প্রয়োজন হয় এবং উহা উষ্ণ জলের সহিত ব্যবহার করিলে, ইহার ক্রিয়ার প্রাথর্য্য হয়।

ফার্ম্মাকোপিয়া মতে বিবিধ উদ্ভিদ্‌বীর্য্য প্রস্তুত করিতে ও উহাদের বর্ণ সংহারার্থ জান্তব অঙ্গার ব্যবহৃত হয়। মাত্রা ৩০—৬০ গ্রেণ; অম্লনাশক ও দুর্গন্ধহারক, বিষঘ্ন—৪ ড্রাম—১ আউন্স।

সল্‌ফর্ (Sulphur S = 32) গন্ধক। এই দ্রব্য খনিমধ্যে সল্‌ফাইড্ ও সল্‌ফিউরেট্ মৃত্তিকাকারে পাওয়া যায়।

সল্‌ফর্ সব্‌লিমেটম্ (Sulphur Sublimatum)। প্রতিসংজ্ঞা। সব্‌লাইমড্ সল্‌ফর; ফ্লাওয়ার অব্ সল্‌ফর্।

সল্‌ফর্ প্রিসিপিটেটম্ (Sulphur Precipitatum)। প্রতিসংজ্ঞা। প্রিসিপিটেটেড্ সলফর; ল্যাক্ সল্‌ফিউরিস; মিল্ক অব্ সল্‌ফর্।—

অপরিশুদ্ধ গন্ধককে দুই প্রকারে শোধিত করা যায়। ১ম। ঊর্দ্ধপাতন ক্রিয়া দ্বারা শোধন। ইহাকে সল্‌ফর্ সব্‌লিমেটম্ কহে। ইহা দেখিতে ঈষৎ হরিৎ মিশ্রিত পীতবর্ণ বালুকা চূর্ণ; বিশেষ গন্ধ যুক্ত; আস্বাদ বিহীন। ২য়। অধঃপাতন দ্বারা শোধন। ঊর্দ্ধপাতিত গন্ধককে চূর্ণ ও পরিশ্রুত জল দিয়া ফুটাইবে। পরে, ছাঁকিয়া লইয়া উহাতে জলমিশ্র লবণদ্রাবক প্রয়োগ করিবে ও এইরূপ কিয়ৎপরিমাণ করা হইলে, ধৌতকরণ প্রক্রিয়া দ্বারা ইহা প্রস্তুত করা হয়।

প্রস্তুতকরণ। ঊর্দ্ধপাতিত গন্ধক ৫ আং, এবং চুণ ৩ আং, এক পাইন্ট্ পরিশ্রুত জলে ১৫ মিঃ কাল ফুটাইবে এবং উত্তমরূপে আলোড়িত করিবে। পরে, উহা ছাঁকিয়া, যে পর্য্যন্ত না উচ্ছলন শেষ হয় এবং উহাতে কিঞ্চিৎ অম্লত্ব বর্ত্তে, ততক্ষণ ঐ জলে ক্রমশ জলমিশ্রিত লবণ দ্রাবক প্রয়োগ করিবে। যাহা অধঃস্থ হইবে তাহা ছাঁকিয়া লইবে। পরে, যে পর্য্যন্ত না ধৌত জলের

অম্লত্ব দূর হয় এবং অক্‌জ্যালেট্‌ অব্‌ এমোনিয়া মিশ্রিত করিলে উহার কিছু অধঃস্থ না হয়, ততক্ষণ পরিশ্রুত জল দ্বারা উহা বারংবার ধৌত করিবে। পরে উহাকে সামান্য উত্তাপ দ্বারা শুষ্ক করিলে "প্রিসিপিটেটেড্‌ সল্‌ফার্‌" প্রস্তুত হয়।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। অম্ল গুণযুক্ত, ইহা দেখিতে শ্বেত মিশ্রিত পীত-বর্ণ; কোমল মসৃণ চূর্ণ। ইহার অন্যান্য গুণ সব্‌লাইম্‌ড্‌ সল্‌ফরের ন্যায়।

ক্রিয়া। অল্পমাত্রায় পরিবর্ত্তক (Alterative), ঘর্ম্মকারক, (Diaphoretic), কফনিঃসারক, (Expectorant), পিত্তনিঃসারক (Cholagogue); অধিক মাত্রায় বিরেচক (Laxative)। ইহার বিরেচন ক্রিয়া অন্ত্রস্থ শ্লৈষ্মিক ঝিল্লি এবং পেশীর বৃত্তির উত্তেজন দ্বারা সাধিত হয়। ইহা অতি উত্তম পচন নিবারক (Antiseptic)। ইহা উদ্ভিদ্‌ প্রাণীর বিনাশ সাধন করে (Antiparasitic)।

গন্ধক শোষিত হইয়া কার্য্য করে; কারণ, ইহা সেবনে নিশ্বাসে, ঘর্ম্মে, প্রস্রাবে, দুগ্ধে ও শারীরিক রসে ইহার গন্ধ পাওয়া যায়। অধিকন্তু ইহার সেবন কালে শরীরে রৌপ্যালঙ্কার থাকিলে তাহা কৃষ্ণবর্ণ হয়।

আময়িক প্রয়োগ। কোষ্ঠ বদ্ধ, অতিসার, অর্শ, সরলান্ত্র নির্গমন, মলদ্বার বিদারণ প্রভৃতি রোগে মৃদু বিরেচক বলিয়া প্রয়োগ করা হয়।

পুরাতন শ্বাসনলী প্রদাহে শ্বাসনলীস্থ শ্লৈষ্মিক ঝিল্লির উত্তেজন দ্বারা উপকার করে। পাঁচড়া (Scabies), একৃনি, প্রুরাইগো, পিটিরায়েসিস্‌, দদ্রু প্রভৃতি চর্ম্মরোগে ইহার আভ্যন্তরিক ও বাহ্য প্রয়োগে উপকার হয়। পাঁচড়ায় ইহা দ্বারা একেরস্‌ স্কেবিস্‌ (Acarus Scabies) কীট নষ্ট হয়। সিফিলিস্‌ (Syphilis), গাউট্‌ (Gout) ও পুরাতন বাত রোগে (Chronic Rheumatism) গন্ধক, গোয়াকম্‌ ও কল্‌চিকম্‌ প্রত্যেক ১০ গ্রেণ দিবসে ৩ বার সেবনে বিশেষ উপকার করে। সীস ধাতু দ্বারা বিষাক্ত হইলে গন্ধক সেবনে বিশেষ ফল পাওয়া যায়। কোন গৃহে বিসূচিকা, বসন্ত প্রভৃতি সংক্রামক রোগের প্রাদুর্ভাব হইলে, গৃহের সমুদয় দরজা জানালাদি বন্ধ করত গন্ধক জ্বালাইলে ইহার ধূম দ্বারা সংক্রামক অঙ্কুর বিনষ্ট হয়। মাত্রা ২০—৬০ গ্রেণ।

প্রয়োগরূপ। ১। কন্‌ফেক্‌সিয়ো সল্‌ফিউরিস্‌ (Confectio Sulphuris), সব্‌লাইমড্‌ সল্‌ফর্‌ ৪ আং; এসিড্‌ টার্টরেটে অব্‌ পটাশিয়ম্‌ চূর্ণ ১ আং ; সিরপ্‌ অব্‌ অরেঞ্জপিল্‌ ৪ আং; ট্রাগাকান্থ চূর্ণ ১৮ গ্রেণ) মাত্রা ৬০—১২০ গ্রেণ্‌।

২। ট্রোচিসাই সল্‌ফিউরিস্‌ (Trochisci Sulphuris)। (প্রিসিপিটেটেড্‌ সল্‌ফর্‌ ৩৬০০ গ্রেন ; এসিড্‌ টার্টারেট্‌ অব্‌ পটাশিয়ম্‌ ৭২০ গ্রেন ; বিশুদ্ধ শর্করা চূর্ণ ৫৭৬০ গ্রেণ, আরবি গঁদ চূর্ণ ১২০ গ্রেণ ; কমলাত্বকের অরিষ্ট ১২০ মিং ; গঁদের মণ্ড ১২০ মিং) সমস্ত যোগ করিয়া প্রথমে মণ্ড প্রস্তুত করিবে। অনন্তর ইহাকে ৭২০ চাক্তিতে বিভক্ত করিয়া শুষ্ক করিয়া লইবে। ইহার প্রতি চাক্তিতে ৫ গ্রেণ গন্ধক আছে। মাত্রা ১—৬ চাক্তি।

৩। অঙ্গুয়েন্টম্‌ সল্‌ফিউরিস্‌ (Unguentum Sulphuris)। (সব্‌লাইম্‌ড্‌ সল্‌ফর্‌ ১ আং ; বেন্‌জোয়েটেড্‌ লার্ড ৪ আং)।

পটাসি সল্‌ফুরেটা ও সল্‌ফিউরিস্‌ আয়োডাইডম্‌ প্রস্তুত করিতে সল্‌ফর আবশ্যক হয়।

অস্‌ অষ্টম্‌ (Us Ustum)। বায়ুতে অস্থি দগ্ধ করিলে যে ভস্ম পাওয়া যায়। ক্যালসিয়াই ফস্‌ফস্‌ ও সোডিয়াই ফস্‌ফস্‌ প্রস্তুত করিতে আবশ্যক হয়।

ফস্‌ফরস্‌ (Phosphorus P = 31)। প্রস্তুত করণ। দগ্ধ অস্থির সহিত জলমিশ্র গন্ধক দ্রাবক মিশ্রিত করিয়া পরে অঙ্গার দ্বারা চুয়াইলে ফস্‌ফরস্‌ পাওয়া যায়।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। মোমের ন্যায় কোমল, বর্ত্তিকাকার, প্রায় বর্ণ হীন ; পুরাতন হইলে অস্বচ্ছ ও ঈষৎ লোহিত বর্ণ হয়। ইহা পলাণ্ডুর ন্যায় গন্ধ যুক্ত। অন্ধকারে জ্যোতিঃ বিশিষ্ট হয়।

ক্রিয়া। কামোদ্দীপক (Aphrodisiac) উত্তেজক, (Stimulant) মূত্র কারক (Diuretic) ও ঘর্ম্মকারক (Diaphoretic) ইহা সেবনে নাড়ীর স্পন্দন বৃদ্ধি হয় ও পূর্ণতা প্রাপ্ত হয়। মুখ মণ্ডল আরক্তিম ও প্রচুর ঘর্ম্ম হয়। দেহের উত্তাপ প্রথমে অল্প মাত্রায় বৃদ্ধি পায়, পরে ২। ৩ তাপাংশ পরিমাণে হ্রাস

হয়। ইহা স্নায়ু মূল সকলকে উত্তেজিত করিয়া জননেন্দ্রিয়, মূত্রগ্রন্থি ও চর্ম্মের ক্রিয়া বৃদ্ধি করে। সেবন করিলে নিশ্বাসে পলাণ্ডুর ন্যায় গন্ধ নির্গত হয়; প্রস্রাবের পরিমাণ বৃদ্ধি হয়; প্রস্রাব রক্তবর্ণ ও লিথেটস্ সংযুক্ত এবং কখন কখন প্রস্রাব জ্যোতিঃবিশিষ্ট হয়। বাহ্য প্রয়োগে দাহক। অধিক মাত্রায় সেবনে পাকাশয়ে অত্যন্ত প্রদাহ ও দহন ক্রিয়া উপস্থিত করে। বিষ মাত্রায় পাণ্ডুরোগ, বমন, রক্তস্রাব ইত্যাদি লক্ষণ সকল প্রকাশ পায়। মৃত্যুর পর যকৃত পেশী সকল ও অন্যান্য যন্ত্র সকলের মেদে পরিবর্ত্তন দৃষ্ট হয়। ইহা ১॥০ গ্রেণ্ মাত্রায় সেবনে মৃত্যু হইয়াছে।

আময়িক প্রয়োগ। নার্ভাস্ ডিবিলিটিতে ইহা বিশেষরূপে ব্যবহার্য্য। বিশেষতঃ, অধিক চিন্তা ও ব্যভিচার দ্বারা চিন্তা জন্মিলে, এবং অতিরিক্ত পরিশ্রমও প্রস্রাবে অতিরিক্ত ফস্ফেট থাকিলে, ইহার ব্যবহারে উপকার হয়।

হৃৎপিণ্ডক্রিয়া ক্ষীণ করে বলিয়া ইহা সচরাচর ব্যবহৃত হয় না। কারণ, পেরিফেরিক্ ক্যাপিলারিস্ (Peripheric Capillaries) গুলিকে বিস্তৃত করে। সেই জন্য হৃৎপিণ্ডক্রিয়ার দুর্ব্বলতা জন্মায়। লিউকোসাই-থিমিয়া (Leucocythæmia) ও পার্নিসস্ এনিমিয়া (Pernicious Anæmia) রোগে ইহা ব্যবহৃত হয়। স্কার্লেট্ জ্বর (Scarlet Fever) ও মিজিল্সাদি ইরপটিভ্ (Eruptive) জ্বরেও ইহা ব্যবহৃত হয়। কারণ চর্ম্মের উপর ইহা কিয়ৎ পরিমাণে উত্তেজক ক্রিয়া প্রকাশ করে।

রিকেট্স্ (Rickets) রোগে কড্লিভার অয়েলের সহিত ইহা ব্যবহার করিলে বিশেষ উপকার দর্শায়। ইহা, মস্তিষ্কের কোমলত্ব, পক্ষাঘাত, মৃগী ও ধ্বজভঙ্গাদি রোগে বিশেষ উপকার করে।

বিষঘ্ন (Antidotes)—সলফেট্ অব কপার, টার্পেন্টাইন্।

২॥০ ড্রাম্ টার্পেন্টাইন্ প্রয়োগ করিলে, ১ গ্রেণ ফস্ফরাসের ক্ষয় হয়।

প্রয়োগ রূপ। ১। ওলিয়ম্ ফসফরেটম্ (Oleum Phosphoratum) (ফস্ফরাস্ ও বাদামের তৈল যথা প্রয়োজন) মাত্রা ৫—১০ মিং।

২। পাইল্যুলা ফসফোরাই (Pilula Phosphori)। (ফসফরাস ৩ গ্রেণ,

বালসাম্ অব্ টলু ১২০ গ্রেণ; পীতমোম ৫৭ গ্রেণ; কার্ডসোপ ৯০ গ্রেণ) মাত্রা ২—৪ গ্রেণ।

এসিডম্ ফস্ফরিকম্ কন্সেন্ট্রেটম্ ও ডাইলিউটম্ এবং ক্যালসিস্ ফস্ফরাইট্ প্রস্তুত করিতে ফস্ফরস্ ব্যবহৃত হয়।

আয়োডম্ (Iodum) ইং (Iodine I = 127)। ইহা সামুদ্রিক উদ্ভিদের ভস্ম হইতে এবং ধাতব আইয়োডাইড্ ও আইয়োডেট্ হইতে পাওয়া যায়।

প্রস্তুতকরণ। সমুদ্রজাত আল্‌জি জাতীয় উদ্ভিদের ভস্মকে (Kelp) জলে দ্রব করিয়া অগ্নির উত্তাপে গাঢ় করিলে, কার্ব্বনেট্ অব্ সোডিয়ম্, সাল্ফেট্ অব্ সোডিয়ম্, ক্লোরাইড্ অব্ সোডিয়ম্ এবং ক্লোরাইড্ অব্ পটাসিয়মের দানা অধঃস্থ হয়। এই সকল লবণ ছাঁকিয়া ফেলিয়া উক্তজলে গন্ধক দ্রাবক সংযোগ করিলে কার্ব্বনিক্ এসিড্ সল্ফিউরস্ এসিড্ এবং সল্ফিউ-রেটেড্ হাইড্রোজেন বায়ু নির্গত হয়। পরে উহাকে প্যারক্সাইড্ অব্ ম্যঙ্গানিজের সহিত মিশ্রিত করিয়া বক যন্ত্র মধ্যে উত্তপ্ত করিলে, নীললোহিত বর্ণ ধূমরূপে আয়োডিন্ নির্গত হইয়া আধারভাণ্ডে সংযত হয়।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। শল্কাকার, সস্তর, দানাযুক্ত, ধূমল বর্ণ, উজ্জ্বল, বিশেষ গন্ধ যুক্ত; তীক্ষ্ণ ও কটু আস্বাদ। জলে অত্যল্প দ্রবনীয়; সুরা, ইথার; গ্লিসিরীন্ ও আইয়োডিন্ ঘটিত লবণ দ্রবে সম্পূর্ণ রূপে দ্রব হয়। ষ্টার্চের সহিত সুন্দর নীলবর্ণ আইয়োডাইড্ অব্ ষ্টার্চ হয়।

ক্রিয়া। বাহ্য প্রয়োগে ইহা উগ্রতাসাধক ও ফোস্কাকারক। ইহা শোষিত হইয়া ক্রিয়া প্রকাশ করে। ইহার ধূম অল্প পরিমাণে আঘ্রাণ করিলে নিশ্বাস প্রশ্বাসের শ্লৈষ্মীক ঝিল্লির উগ্রতা সাধন করে। আভ্যন্তরিক প্রয়োগে পাকস্থলিও শ্লৈষ্মীক ঝিল্লির উগ্রতাসাধন করতঃ উদরে বেদনা, উত্তাপ ও বমন হয়। এইজন্য আইয়োডাইড্ অব্ পটাশিয়ম্ আইয়োডিনের পরিবর্ত্তে ব্যবহৃত হয়। আইয়োডাইড্ অব্ পটাশিয়মের ক্রিয়া, পটাশ ঘটিত লবণের ক্রিয়া লিখিবার সময় উল্লেখ করা যাইবে। ইহা অতিশয় পচন নিবারক।

আময়িক প্রয়োগ। পচন নিবারণ গুণ থাকাতে, নর্দ্দমা ইত্যাদির দুর্গন্ধ নষ্ট করিবার জন্য ইহা ব্যবহার করিলে দুর্গন্ধ নষ্ট হইয়া যায়।

বিবর্দ্ধিত গ্রন্থি, স্ফীত সন্ধি, পুরাতন স্ফোটক ও দদ্রুরোগে কীটানু ধ্বংস করিতে হইলে ইহার টিংচার, লিনিমেন্ট্ কিম্বা মলম ব্যবহৃত হয়। উক্তরোগ সকলে ইহা প্রত্যুগ্রতা সাধক স্বরূপ কার্য্য করিয়া বিশেষ উপকার দর্শায়। পুরাতন নিউমোনিয়া ও প্লুরিসি এবং লংসের টিউবারকেল জনিত (Phthisis) পীড়ায় বক্ষের উপর ইহার টিংচার বা লিনিমেন্ট্ লাগাইলে বিশেষ উপকার পাওয়া যায়।

সিষ্ট্ (Cyst), গলগণ্ড, ও হাইড্রোসিল, (Hydrocele) মধ্যে পিচকারী দিয়া লিনিমেন্ট্ কিম্বা টিংচার অব্ আইয়োডিন্ লাগাইলে বিশেষ উপকার পাওয়া যায়।

আইয়োডিন ধূম আঘ্রাণে শ্লেষ্মা কম ও কাশির দমন হয় বলিয়া পুরাতন যক্ষ্মা রোগে (Chronic Phthisis) অধিক শ্লেষ্মা ও কষ্টদায়ক কাশি থাকিলে, ইহার আঘ্রাণ গ্রহণ বিশেষ উপকারক।

পারদ সেবনে মুখ আসিলে ইহার কুল্লি (টিংচার অব্ আইয়োডিন্—২—৪ ড্রাম ও জল ৮ আউন্স) করিলে বিশেষ উপকার পাওয়া যায়।

প্লুরোডিনিয়া (Pleurodynia), পুরাতন বাত (Chronic Rheumatism) ও গাউট্ (Gout) কিম্বা পুরাতন সাইনোভাইটিস্ (Chronic Synovitis) রোগে ইহার টিংচার কিম্বা লিনিমেন্ট্ বাহ্য প্রয়োগে বিশেষ উপকারক।

টিংচার অব্ আইয়োডিন্ ম্যালেরিয়া জ্বরে ব্যবহৃত হয়। কেহ কেহ বলেন যে, ইহা ঠিক কুইনাইনের সদৃশ। প্লীহার পুরাতন বিবৃদ্ধি হইলে টিংচার আইয়োডিন্, টিংচার ষ্টিল্ সহযোগে ব্যবহার করিলে বিশেষ উপকার লাভ করা যায়।

প্রয়োগ রূপ। ১। লিনিমেন্টম্ আইয়োডি (Linimentum Iodi); আইয়োডিন্ ১।০ আং, আইয়োডাইড্ অব্ পটাশিয়ম্ ।০ আং, গ্লিসিরীন্ ।০ আং, শোধিত সুরা ১০ আং।

২। লাইকর আইয়োডি (Liquor Iodi)। আইয়োডিন্ ২২ গ্রেণ, আইয়োডাইড্ অব্ পটাশিয়ম্ ৩৩ গ্রেণ, পরিশ্রুত জল ১ আং।

৩। টিংচুরা আইয়োডি (Tinctura Iodi) আইয়োডিন্ ।॰ আং আইয়োডাইড্ অব্ পটাশিয়ম্ ।॰ আং; শোধিত সুরা ১ পাইণ্ট।

মাত্রা ৫—২॰ মিং।

৪। অঙ্গুয়েণ্টম্ আইয়োডি (Unguentum Iodi)। আইয়োডিন্ ও আইয়োডাইড্ অব্ পটাশিয়ম্ প্রত্যেকে ৩২ গ্রেণ, গ্লিসিরীন্ ১ ড্রাম; শুকরের বসা ২ আং।

৫। ভেপর্ আইয়োডি (Vapor Iodi)। (টিংচার আইয়োডিন্ ১ ড্রাম্, জল ১ আং) উপযুক্ত যন্ত্রমধ্যে মিশ্রিত করিয়া মৃদু উত্তাপ দিলে যে ধুম উত্থিত হইবে, তাহা শ্বাস দ্বারা গ্রহণ করা হয়।

নিম্নলিখিত প্রয়োগ রূপ সকলে আইয়োডিন্ পাওয়া যায়।

আর্সেনাই আইয়োডিডম্, এমপ্লাষ্ট্রম্ প্লম্বাই আইয়োডিডাই, হাইড্রার্জিরাই আইয়োডিডম্ রুব্রুম্, আইয়োডোফর্ম্মম্, লিনিমেণ্টম্ আইয়োডি, লিনিমেণ্টম্ পটাসি আইয়োডিডাই কম্ সেপনি, লাইকর হাইড্রার্জিরাই এট্ আর্সেনিয়াই আইয়োডি, পাইলুলা ফেরি আইয়োডিডাই, প্লম্বাই আইয়োডিডম্, পটাসি, আইয়োডিডম্, সোডি আইয়োডিডম্, সাপোজিটোরিয়া আইয়োডোফর্ম্মাই সল্‌ফুরিস্ আইয়োডিডম্ সাইরুপাস্ ফেরি আইয়োডিডাই, টিংচুরা আইয়োডি, অঙ্গুয়েণ্টম্ হাইড্রার্জিরাই আইয়োডিডাই রুব্রুম্, অঙ্গুয়েণ্টম্ আইয়োডি, অঙ্গুয়েণ্টম্ আইয়োডোফর্ম্মাই, অঙ্গুয়েণ্টম্ প্লম্বাই আইয়োডিডাই, অঙ্গুয়েণ্টম্ পটাসি আইয়োডিডাই, অঙ্গুয়েণ্টম্ সল্‌ফিউরিস্ আইয়োডিডাই ও ভেপর আইয়োডি।

সল্‌ফিউরিস্ আইয়োডাইডম্ (Sulphuris Iodidum)।

প্রস্তুত করণ। (আইয়োডিন্ ৪ আং, সল্‌ফর্ সব্‌লাইমড্ ১ আং) একত্র খলে মর্দ্দন করিবে।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। কৃষ্ণ ধূসর বর্ণ দানাযুক্ত পিণ্ড; আইয়োডিনের ন্যায় গন্ধ যুক্ত।

ক্রিয়া। আইয়োডিনের ন্যায় পরিবর্ত্তক।

আময়িক প্রয়োগ। বিবিধ চর্ম্ম রোগে, যথা লেপ্রা, সোরায়েসিস্, দদ্রু, প্রভৃতি রোগে ইহার মলম বাহ্য প্রয়োগার্থ ব্যবহৃত হয়। সময়ে সময়ে পরিবর্ত্তক রূপে আভ্যন্তরিক প্রয়োগ হয়। মাত্রা ১/২—২ গ্রেণ।

প্রয়োগ রূপ। অঙ্গুয়েণ্টম্ সল্‌ফিউরিস্ আইয়োডিডাই (Unguentum Sulphuris Iodidi)। আইয়োডাইড্ অব্ সল্‌ফর্ ৩০ গ্রেণ; হার্ড প্যারাফিন্ ১/৪ আং; সফ্‌ট্ প্যারাফিন্ ৩/৪ আং।

ব্রোমম্ (Bromum), ইং (Bromine Br = 80)। এই অধাতব তরল পদার্থ সমুদ্রের জল ও সমুদ্র জাত উদ্ভিদ্ হইতে পাওয়া যায়।

প্রস্তুত করণ। সমুদ্র জল হইতে বিবিধ লবণ দানা বাঁধিয়া নির্গত করণান্তর উক্ত জলে ক্লোরিন্ বায়ু প্রযোগ করিলে, উহা ব্রোমাইড্ অব ম্যাগনিসিয়মের ম্যাগ্‌নিসিয়ম্ সহযোগে ক্লোরাইড্ অব্ ম্যাগ্‌নেসিয়ম্ প্রস্তুত করে ও ব্রোমিন্ পৃথক হইয়া পড়ে।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। ঘোর পাটল মিশ্রিত লোহিত বর্ণ, তরল পদার্থ; উগ্র কদর্য্য গন্ধযুক্ত, কটু আস্বাদ; জলাপেক্ষা গুরু।

ক্রিয়া। বিশুদ্ধ ব্রোমিন্ দাহক ও আভ্যন্তরিক ব্যবহার হয় না। যথা-যোগ্য জল মিশ্রিত করিয়া সেবনে বলকারক, পরিবর্ত্তক এবং শোষক। ইহার ধূম অতি উগ্র; শ্বাস দ্বারা গ্রহণ করা যায় না। অধিক মাত্রায় সেবনে প্রাদহিক বিষ ক্রিয়া প্রকাশ করে এবং স্নায়ু মণ্ডলের উপর ক্রিয়া প্রকাশ করতঃ অচৈতন্য ও আক্ষেপাদি লক্ষণ প্রকাশ করে। ইহাতে কনীনিকা প্রসারিত হয়। ইহার ক্রিয়া অনেকাংশে আইয়োডিনের ন্যায়, কিন্তু তদপেক্ষা মৃদু। ইহার পরিবর্ত্তে ব্রোমাইড্ অব্ পটাসিয়ম্ ব্যবহৃত হয়।

১। পটাশিয়াই ব্রোমাইডম্ (Potasii Bromidum), ইং (Bromide of Potassium)।

প্রস্তুত করণ। পটাশ দ্রব ২ পাইন্ট, ব্রোমিন্ ৪ আং, কাষ্ঠাঙ্গার চূর্ণ ২ আং, ফুটিত পরিস্রুত জল ১৫ আং। যথা নিয়মে প্রস্তুত করিবে।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। শ্বেতবর্ণ স্বচ্ছ সমচট্ প্রদেশযুক্ত, দানা বিশিষ্ট; গন্ধ বিহীন; তীক্ষ্ণ লবণাস্বাদ; জলে দ্রবনীয়।

অসম্মিলন। অম্ল, বিবিধ ধাতব লবণ, ও অম্লাধিক লবণ।

ক্রিয়া। পরিবর্ত্তক, কামনাশক, স্নায়বীয় অবসাদক, স্রাবন ক্রিয়া বর্দ্ধক, শোষক, ও শ্লৈষ্মিক ঝিল্লির, বিশেষতঃ, স্বর যন্ত্রস্থ শ্লৈষ্মিক ঝিল্লির স্পর্শ হারক। অধিক মাত্রায় সেবন করিলে শিরঃপীড়া, শরীরে গ্লানি, বুদ্ধি ও মেধাশক্তির হ্রাস হয়; ক্রমে সমুদয় মানসিক শক্তি অবসন্ন হইয়া পড়ে ও সর্ব্বদা তন্দ্রা উপস্থিত হয়, শ্রবণ শক্তির হ্রাস ও জিহ্বার রসাস্বাদন শক্তির হ্রাস হয়। তালু, অলিজিহ্বা এবং গলনীর উর্দ্ধভাগে স্পর্শবোধ একেবারে কমিয়া যায়। স্মৃতি-শক্তির হ্রাস হয়, ধমনীর গতি মন্দ হয়। কখন কখন শরীরে ক্ষুদ্র ক্ষুদ্র স্ফোটক দৃষ্ট হয় ও কণ্ডুয়ন অসহ্য হয়। এই অবস্থাকে ব্রোমিজম্ কহে।

আময়িক প্রয়োগ। ১। উপদংশ জনিত বিবিধ চর্ম্মরোগে যখন রোগীর আইয়োডাইড্ সহ্য হয় না, তখন ব্রোমাইড্ অব পটাশিয়ম্ ব্যবহৃত হয়। প্লীহা বিবর্দ্ধন রোগে কেহ কেহ ইহা ব্যবহার করেন।

২। স্নায়ুমণ্ডলের বিবিধ পীড়ায় ইহা ব্যবহৃত হয়। যে সকল স্নায়বীয় পীড়ায়, অহিফেন, বেলেডোনা, হেন্‌বেন্ প্রভৃতি ঔষধ সেবনে রোগীর নিদ্রাকর্ষণ না হইয়া বরং উত্তেজনা বৃদ্ধি করে, তথায় ব্রোমাইড্ দ্বারা বিশেষ ফললাভ হয় ও রোগীর সহজে নিদ্রা আইসে।

বিবিধ আক্ষেপজন রোগ। যথা—কোরিয়া, হিষ্টিরিয়া, এপিলেপ্সী, লেরিনৃজিস্‌মস্ ষ্ট্রীডুলস্, স্পাজ্‌মডিক্ অ্যাজ্‌মা ইত্যাদি রোগে ইহা দ্বারা বিলক্ষণ উপকার দর্শে। মদাতঙ্ক রোগে ইহা বিশেষ উপকারক। জননেন্দ্রিয়ের বিবিধ পীড়ায়, যথা—প্রায়াপিজম্ (লিঙ্গোচ্ছাস), নিম্ফোমেনিয়া (কামোন্মাদ) প্রভৃতি রোগে ইহা জননেন্দ্রিয়ের উগ্রতা হরণ করিয়া উপকার দর্শায়।

৩। স্বরযন্ত্রস্থ ও গলমধ্যস্থ বিবিধ পীড়ায় ইহা সেবনে উপকার পাওয়া যায়। কেহ কেহ বহুমূত্র রোগে মূত্রে শর্করার পরিমাণ কমাইবার জন্য ইহা ব্যবহার করেন। মাত্রা ৫—৩০ গ্রেণ।

৪। শিশুদিগের নানা প্রকার আক্ষেপজনক পীড়াতে ইহা অতিশয় উপকারক। যথা, ল্যারিঞ্জিস্‌মাস্ ষ্ট্রাইডিউলাস্ (Laryngysmus Stridulous) নাইট্ টেরর্স (Night Terrors), চমকিয়া উঠা, মিনিঞ্জাইটিস্ (Meningites) কিম্বা মস্তিষ্কের যান্ত্রিক ব্যাধি বশতঃ যে আক্ষেপ হইয়া থাকে, তাহাতে ইহা দ্বারা বিশেষ উপকার প্রাপ্ত হওয়া যায়।

ব্রাইটস্ ডিজিস্ জনিত আক্ষেপ এবং শিশুদিগের আক্ষেপে ইহা বিশেষ ফলদায়ক।

স্ত্রীলোকদিগের ঋতু বন্ধ হইবার কালে মানসিক নিস্তেজতা, শিরঃপীড়া প্রভৃতি লক্ষণ প্রকাশ পাইলে ইহা দ্বারা উপকার হয়।

সি সিক্‌নেস্ (Sea-Sickness) রোগে ইহা বিশেষ।

নানা প্রকার হাইপাকিস্থিসিয়া রোগে ইহা ব্যবহৃত হয়।

একিউট ম্যানিয়ায় (Acute Mania) ইহা বিশেষ উপকারক।

২। এমোনিয়াই ব্রোমাইডম্ (Ammonii Bromidum) ইং ব্রোমাইড্ অব্ এমোনিয়ম্।

প্রস্তুত করণ। এমোনিয়া ও হাইড্রোব্রোমিক্ এসিডের একত্র মিলনে রাসায়নিক সংযোগে ও বিয়োগ দ্বারা উৎপাতিত করিয়া দানা বাঁধিয়া লইলে ইহা প্রস্তুত হয়।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। বর্ণহীন, দানাযুক্ত; উগ্রলাবণিক আস্বাদ, জলে দ্রবনীয়।

ক্রিয়া। ব্রোমাইড্ অব্ পটাসিয়মের ন্যায়। কিন্তু এমোনিয়া (Ammonia) থাকা বশতঃ ইহা উত্তেজক। এই জন্য যখন প্রত্যাবর্ত্তন ক্রিয়া এবং মস্কিউলার সিষ্টেম্ দমন করিবার ইচ্ছা হইবে, তখন পটাস্ ব্রোমাইড্ ব্যবহার করা উচিত। যখন কেবল প্রত্যাবর্ত্তন ক্রিয়া দমন (Peripheral Excitant) ও অন্তস্থিত ধমনী উত্তেজিত করিতে হইবে, তখন ইহা ব্যবহার করিবে। মাত্রা ২—২০ গ্রেণ।

৩। সোডিয়াই ব্রোমাইডম্ (Sodii Bromidum), ইং (Bromide of Sodium)।

প্রস্তুত করণ। ব্রোমাইড্ অব্ পটাসিয়মের প্রস্তুত প্রণালীর মত। কেবল পটাস্ দ্রবের পরিবর্ত্তে সোডা দ্রব দ্বারা প্রস্তুত করা হয়।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। শ্বেতবর্ণ চূর্ণ, ক্ষুদ্র অষ্ট প্রদেশবিশিষ্ট দানাযুক্ত, গন্ধবিহীন, লাবণিক আস্বাদ। জলে দ্রবনীয়।

ক্রিয়া। ব্রোমাইড্ অব্ পটাশিয়মের ন্যায়। কিন্তু হৃৎপিণ্ডের উপর

ইহার ক্রিয়া অপেক্ষাকৃত মৃদু। [illegible]পন্ রোগে ইহা উৎকৃষ্ট ঔষধ। ইহা দ্বারা ব্রোমাইড্ অব্ পটাশিয়মের ন্যায় পাকাশয়ে উগ্রতা জন্মে না।

মাত্রা ১০—৩০ গ্রেণ।

ক্লোরম্ (Chlorum), ইং ক্লোরিণ্ (Chlorine Cl—৩৫.৫)।

প্রস্তুত করণ। লবণদ্রাবক ৬ আং এবং পার্ অক্সাইড্ অব্ ম্যাঙ্গানিজ চূর্ণ ১ আং, জল যথা প্রয়োজন। কাচ নির্ম্মিত পাত্রে ইহাদিগকে রাখিয়া উত্তপ্ত করিলে এই বায়ু নির্গত হয়।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। পীত হরিদ্বর্ণ বায়ু; জলে দ্রবনীয়, সামান্য বায়ু অপেক্ষা গুরু; অগ্নি দাহ্য নহে। এই বায়ুতে তার্পিন্ তৈল, এণ্টিমনি আর্সেনিক্ প্রভৃতি ধাতু নিক্ষেপ করিলে জ্বলিয়া উঠে। ইহা দ্বারা উদ্ভিদ্ বর্ণ নষ্ট হয়।

ক্রিয়া। ক্লোরিন্ বায়ু অত্যন্ত উত্তেজক ও উগ্রতাসাধক। বায়ুর সহিত যথাযোগ্য মিশ্রিত করিয়া আঘ্রাণ করিলে পুরাতন শ্বাসনলী প্রদাহে, যক্ষা রোগে, এবং ফুস্ফুস্ পচন রোগে যথেষ্ট উপকার হয় ও শ্বাসনলীস্থ শ্লৈষ্মিক ঝিল্লিকে ঈষৎ উত্তেজিত করিয়া কফনিঃসরণ, দুর্গন্ধহরণ ও পচন নিবারণ করতঃ স্বাভাবিকাবস্থায় পরিণত করে। সামান্য সর্দ্দিতে স্বরভঙ্গ হইলে যথেষ্ট পরিমাণে বায়ু মিশ্রিত করিয়া আঘ্রাণ লইলে প্রতিকার হয়।

চিকিৎসালয় ও কারাগারাদি স্থানের দুর্গন্ধ নিবারণ এবং বায়ু বিশুদ্ধ করণার্থ ক্লোরিণ্ বিশেষ উপযোগী।

১। লাইকর ক্লোরাই Liquor Chlori) ইং সোলিউসন্ অব ক্লোরিন্।

প্রস্তুত করণ। পার অক্সাইড্ অব্ ম্যাঙ্গোনিজ্ সূক্ষ্ম চূর্ণ—১ আং; লবণ দ্রাবক ৬ আং পরিস্রুত জল—৩৪ আং। বাষ্প প্রস্তুত করিবার বোতলে (Gas Bottle) অক্সাইড্ অব্ ম্যাঙ্গানিজ্ রাখিয়া ২ আউন্স জলে লবণ দ্রাবক মিশ্রিত করিয়া ইহাতে ঢালিয়া দিবে। তৎপরে, মৃদু উত্তাপ প্রয়োগ করিয়াউপযুক্ত নল দ্বারা উত্থিত বাষ্প সন্নিহিত ক্ষুদ্র ক্ষুদ্র ২ আং জলপূর্ণ শিশির মধ্য দিয়া নির্গত করিবে। অনন্তর ঐ বাষ্প শিশি হইতে একত্র অবশিষ্ট জল-

পূর্ণ ৩ পাইন্ট পরিমাণের বোতলের নিম্নদেশে প্রবেশ করাইয়া, তাহার মুখ শনের পুটুলী দিয়া শিথিল ভাবে বদ্ধ করিবে। ক্লোরিণ বাষ্প উদগত হওন রহিত হইলে নল খুলিয়া লইয়া, উত্তমরূপ আলোড়ন দ্বারা ক্লোরিণ্ দ্রব করিয়া লইবে। অবশেষে এই ক্লোরিণ্ দ্রবকে হরিদ্বর্ণ বোতলের মধ্যে উত্তমরূপে বদ্ধ করিয়া শীতল ও অন্ধকারময় স্থানে রক্ষিত করিবে।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। পীত হরিদ্বর্ণ দ্রব ; ক্লোরিণের গন্ধযুক্ত। কটু এবং ঈষৎ কষায় আস্বাদ।*

ক্রিয়া। যথাযোগ্য জলমিশ্র করিয়া সেবনে, ইহা বলকারক, পরিবর্ত্তক, পিত্তনিঃসারক, পচননিবারক ও দুর্গন্ধহারক, স্থানিক উগ্রতাসাধক। নির্জ্জল অবস্থায় সেবন করিলে দাহক বিষক্রিয়া প্রকাশ করে। মাত্রা। ১০—২০ মিং।

ভেপর ক্লোরাই (Vapor Clhori)। ক্লোরিণেটেড্ লাইম্—২ আউন্স, শীতল জল যথাযোগ্য। ক্লোরিণেটেড্ লাইম্ এক পাত্রে রাখিবে ও তাহাতে শীতল জল দিবে। তাহাতে যে ধুম উঠিবে তাহা, ভেপর ক্লোরাই।

ব্যবহার। শ্বাসনলীর প্রদাহ ও ক্ষতে ইহার ধুম লাগাইলে বিশেষ উপকার পাওয়া যায়।

জল (Aqua); ইং Water।

জল সাধারণতঃ বিশুদ্ধ অবস্থায় পাওয়া যায় না। ইহাতে বিবিধ লবণ মিশ্রিত থাকে। এই হেতু ইহাকে কঠিন (Hard), ও কোমল (Soft) দুই ভাগে বিভক্ত করা হয়। যে জলে সাবান্ দিলে উত্তমরূপে ফেনা হয় না, তাহাকে কঠিন জল (Hard Water) কহে। যথা,—লবণ সংযুক্ত জল।

যে জলে সাবান দিলে উত্তমরূপে ফেনা হয়, তাহাকে কোমল (Soft Water) জল কহে। জল নির্ম্মল করিবার জন্য বিবিধ নিয়ম অবলম্বন করা হয়। যথা,—১ম ছাকন (Filtration), স্পঞ্জ, ফ্ল্যানেল কাপড়, শোষক কাগজ (Blotting paper), বালুকা অঙ্গার প্রভৃতি দ্বারা ছাঁকন ক্রিয়া সম্পাদিত হয়। ২য়। থিতান (Subsidence)। কোন পাত্রে জল অধিকক্ষণ রাখিলে দেখা যায় যে, পাত্রের তলায় অনেক দ্রব্য অধঃস্থ হয়। ৩য়। জলকে

ফুটাইয়া বিবিধ কীটাদি নষ্ট করা হয়। ৪র্থ। রাসায়নিক ক্রিয়া দ্বারা জলকে নির্ম্মল করণ। যথা,—জলে ফটকিরি বা নির্ম্মাল্য প্রয়োগ। ৫ম। চোয়ান (Distill ation) বকযন্ত্র দ্বারা পরিশ্রুত করণ।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। পরিশ্রুত জল স্বচ্ছ, নির্ম্মল, তরল, বর্ণহীন এবং গন্ধাস্বাদ রহিত।

ক্রিয়া। অবসাদক, শৈত্যকারক, মূত্রকারক ও প্রদাহনাশক। ইহা দ্বারা রক্ত ও রসাদির তারল্য সম্পাদিত হয়।

আময়িক প্রয়োগ। বিবিধ বাহ্য প্রদাহে, ব্রণ, বিস্ফোটক, বাঘি, এরিসিপেলাস্, এরিথিমা প্রভৃতি রোগে জলসেচন, স্নান, ধারা এবং পুলটিশাদি রূপে প্রয়োগ করা হয়। বিবিধ ক্ষতে জলের ধারা বা বস্ত্রখণ্ড ভিজাইয়া (Water dressing) প্রয়োগ করিলে সন্তোষজনক ফল পাওয়া যায়। বিবিধ আক্ষেপজনক রোগে, যথা,—শূলবেদনা (Colic), অন্ত্রাক্ষেপ, আবদ্ধ অন্ত্রবৃদ্ধি (Strangulated Hernia), পাকাশয়, পিত্তপ্রণালী এবং মূত্রপ্রণালী প্রভৃতির আক্ষেপ ও কন্‌ভল্‌সন্ রোগে ঈষদুষ্ণ জলে (Tepid water) স্নান করাইলে বিশেষ উপকার পাওয়া যায়।

ফার্ম্মাকোপিয়া মতে একোয়া, ফ্যান্ট্, ক্বাথ, লাইকর্, মণ্ড, মিশ্র, সার, পাক ও কতক অরিষ্ট প্রভৃতি প্রয়োগরূপ প্রস্তুত করিতে পরিশ্রুত জল ব্যবহৃত হয়।

খনিজ জল (Mineral Waters)।

ইহাদের মধ্যে সাত প্রকার জল ঔষধার্থ ব্যবহৃত হয়। যথা,—

১ম। ফেরিউজিনস্ বা ক্যালিবিয়েট্ ওয়াটার (Ferruginous or Chalybeate water)। ইহাতে অল্প পরিমাণে লৌহ পাওয়া যায়। এনিমিয়া রোগে এই জল সেবনে বিশেষ উপকার দর্শে। স্বয়াল্‌বাক্ (Schwalbach), সেন্ট মরিট্‌জ্ (St. Moritz), ওরিজা (Orezza), স্পা (Spa); হ্যারোগেট্ (Harrogate); বক্সটন্ (Buxton) প্রভৃতি স্থানের জলে লৌহ পাওয়া যায়।

২য়। সল্‌ফর্ ওয়াটার (Sulphur water)। প্রতিসংজ্ঞা,

সল্‌ফিউরেটেড্ বা হিপ্যাটিক্ ওয়াটার (Sulphuretted or Hepatic water)।

ক্রিয়া। উত্তেজক, পরিবর্ত্তক, এই হেতু বিবিধ চর্ম্মরোগ, যথা, সোরাইসিস্ এবং একজিমা ও পুরাতন ক্ষত রোগে ইহার আভ্যন্তরিক প্রয়োগে উপকার দর্শায়। এই জলে স্নান করিলেও ঐ সকল রোগের বিশেষ প্রতিকার হয়। স্যাভয় (Savoy), হ্যারোগেট্ (Harrogate), ষ্ট্রথপেফার (Strathpeffer); মোফাট্ (Moffat), লিসডন্‌ভার্না (Lisdunvarna), ল্যাণ্ড্রিড্‌নড্ (Leandridnod), এক্সলাচ্যাপেল্ (Aix-la-Chapelle), ও তাহার নিকটবর্ত্তী স্থানে, বর্সেট্ (Borcet), বাগনেরিস্ (Bagneres), বারিজেস্ (Bareges), ব্যাডেন (Baden) প্রভৃতি স্থানের জলে গন্ধক মিশ্রিত থাকে।

৩য়। এল্‌ক্যালিন্ ওয়াটার (Alkaline Water)। বিবিধ স্থানের জলে লিথিয়ম্, ক্যাল্‌সিয়ম্ ও ম্যাগ্‌নিসিয়ম্ প্রভৃতি ক্ষার পাওয়া যায়।

ইহার ক্রিয়া-পরিবর্ত্তক। প্রস্রাবের অম্ল নিবারণ ও রক্তের ক্ষারের পরিমাণ বৃদ্ধি করিবার জন্য এই জল প্রয়োগ করা হয়। অম্লঘটিত অজীর্ণ রোগে ইহা সেবনে বিশেষ উপকার করে। ভিচি (Vichy), এম্‌স্ (Ems), কণ্ট্রেক্সিভিলি (Contrexeville), রয়েট (Royat) প্রভৃতি স্থানের জলে বিবিধ ক্ষার মিশ্রিত থাকে। ভিচি এবং ভাল্‌স্ জলসমূহে অধিক পরিমাণে বাইকার্ব্বোনেট্ অব্ সোডিয়ম্ থাকা প্রযুক্ত উহা ক্ষারত্ব প্রাপ্ত হয়। এম্‌স্ জলে অল্প পরিমাণে ক্ষার আছে। কণ্ট্রেক্সিভিলি জলে বাইকার্ব্বোনেট্ ব্যতীত লিথিয়ম্, ক্যালসিয়ম্ ও ম্যাগ্‌নেসিয়ম্ আছে।

ইহা অন্যান্য যন্ত্রে,—যথা, লিভার, পরিপাক যন্ত্রের উপর পরিবর্ত্তকরূপে কার্য্য করে। ভিচি জল গাউট্, ইউরিক্ এসিড্ অশ্মরী রোগে বিশেষ উপকারী করে। মূত্রস্থলি, মূত্র প্রণালী এবং শ্লৈষ্মিক ঝিল্লির দাহক অবস্থায় এতদ্বারা বিশেষ উপকার পাওয়া যায়।

৪র্থ। এসিডুলস্ অর্ কার্ব্বনেটেড্ স্যালাইন্ ওয়াটার (Acidulous or Carbonated Saline water)। বিবিধ স্থানের জলে কার্ব্বনিক্ এসিড্ (Carbonic Acid) মিশ্রিত থাকে।

অম্লজনিত অজীর্ণ রোগে এই সকল স্থানের জল পান দ্বারা উপকার পাওয়া যায়। ইহা পরিবর্ত্তক, চর্ম্ম ও মূত্র যন্ত্রের (Kidney) নিঃসরণ ক্রিয়া বর্দ্ধক। পুরাতন গাউট্ ও বাত রোগে ইহা বিশেষ উপকারক।

বাথ্ (Bath), ওয়েস্‌বাডেন্ (Wiesbaden) টারাস্প্ (Tarasp)। নিউনার (Neuenahar); কিসেনজেন্ (Kissingen) প্রভৃতি স্থানের জলে কার্ব্বনিক্ এসিড্ বায়ু মিশ্রিত থাকে।

৫ম। সেলাইন্ অ্যাপেরিয়েণ্ট্ ওয়াটার (Saline Aperient water)। বিবিধ স্থানের জলে সলফেট্ এবং ক্লোরাইড্ অব্ সোডিয়ম্ ও ম্যাগ্‌নিসিয়ম্ পাওয়া যায়।

ক্রিয়া। পরিবর্ত্তক।

আময়িক প্রয়োগ। যে সকল রোগীর যকৃতের পোর্টাল্ ভেনের কন্‌জেসচন হেতু ভালরূপ কোষ্ঠ পরিষ্কার হয় না, ও স্থূলকায় ব্যক্তির বাতরোগে এই জল সেবনে বিশেষ উপকার হয়। ক্যারল্‌স্‌বাড্ (Carlsbad), মেরিয়েন্ ব্যাড্ (Marien bad), চেল্টেন্‌হ্যাম্ (Cheltenham), লিমিংটন্ (Leamington), হম্‌বর্গ (Homburgh), ফ্রাণ্‌জেন্সবাড্ (Franzensbad), প্রভৃতি স্থানের জলে ক্লোরাইড্ অব্ সোডিয়ম্ ও ম্যাগ্‌নিসিয়ম্ মিশ্রিত থাকে।

৬ষ্ঠ। ইন্‌ডিফারেণ্ট্ থার্‌ম্যাল্ ওয়াটার (Indifferent Thermal water)। বিবিধ স্থানের জলে যবক্ষারজান (Nitrogen gas) মিশ্রিত থাকে।

ক্রিয়া। স্নায়বীয় অবসাদক।

আময়িক প্রয়োগ। পুরাতন বাত, পক্ষাঘাত ও বিবিধ স্নায়ুঘটিত রোগে যথা,—কোরিয়া, হিষ্টিরিয়া প্রভৃতি রোগে রোগীদিগকে এই জলে স্নান করাইলে বিশেষ উপকার পাওয়া যায়।

আভ্যন্তরিক প্রয়োগে পুরাতন অজীর্ণ রোগে, প্রস্রাবে অশ্মরী জন্মিবার সম্ভাবনা হইলে, এই জল নিয়মিতরূপে পান করিলে উপকার পাওয়া যায়।

গ্যাস্‌টিন (Gastein) উইল্‌বাড্ (Wildbad), স্ল্যান্‌জেন্‌বাড্ (Schlangenbad), টেপ্‌লিট্‌জ্ (Teplitz), প্লম্বাইরিস্ (Plombieris),

বাগ্নেরিস্ ডি বিগোর্ (Bagneres de Bigorre), প্লেফার্স (Plaffers), বক্সটন্ (Buxton) প্রভৃতি স্থানের জলে ইহা পাওয়া যায়।

৭ম। মিস্‌লেনিয়স্ ওয়াটার্স (Miscellaneous Waters), বিবিধ স্থানের জলে ব্রোমিন, আইয়োডিন ইত্যাদি দ্রব্য পাওয়া যায়।

ক্রিয়া। পরিবর্ত্তক ও বিরেচক।

উড্‌হল্ (Woodhall) স্পা (Spa), পুর্টন (Purton), ড্রয়টুইচ্ (Droit wich), ক্রুজ্‌ন্নাক্ (Kreuznach), বোউর্ব্বোল (Bourble), হুন্যাডো জ্যানস্ (Hunyado Janos), এস্কুলাপ্ (Æsculap), চালেস্ (Challes সেল্টজার্ (Seltzer), এপোলিনারিস্ (Apollinaris), পুল্‌ন্যা (Pulna); ফ্রেডারিক্‌সল্ (Friedrichshall); প্রভৃতিস্থানের জলে ব্রোমিন্, আইয়োডিন্ প্রভৃতি দ্রব্য মিশ্রিত থাকে।

এসিডস্ (Acids।)

এসিডম্ এসিটিকম্ (Acidum Aceticum); ইং (Acetic Acid)। প্রস্তুত করণ।

কাষ্ঠ চোয়াইয়া ইহা প্রস্তুত হয়।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। বর্ণহীন, অম্লাস্বাদ, বিশেষ গন্ধযুক্ত।

ক্রিয়া। বাহ্যপ্রয়োগে ইহা উগ্রতাসধক, ফোস্কাকারক ও দাহক। যথা যোগ্য জল মিশ্রিত করিয়া সেবন করিলে ইহা শৈত্যকারক। জ্বরে অত্যন্ত ঘর্ম্ম হইলে জলে ইহা মিশ্রিত করিয়া স্পঞ্জ দ্বারা গাত্র ধৌত করিলে ঘর্ম্ম নিবারণ করে।

প্রয়োগরূপ। ১। এসিডম্ এসিটিকম্ ডাইলিউটম্ (Acidum Aceticum Dilutum)। (এসিটিক্ এসিড্ ১ পাইণ্ট, পরিস্রুত জল ৭ পাইণ্ট)। মাত্রা ১—২ ড্রাম।

২। অক্সিমেল্ (Oxymel); সির্কামধু (বিশুদ্ধ মধু ৪০ আং; এসিটিক্ এসিড ৫ আং; পরিস্রুত জল ৫ আং)। মাত্রা ১—২ ড্রাম।

এসিটম্ ক্যান্থারাইডিস্, এসিটম্ সিলি এক্‌ট্রাক্টম্, কল্‌চিসাই

এসিটিকম্, লিনিমেন্টম্ টেরিবেন্থিনি এসিটিকম্, লাইকর এপিস্‌প্যাস্‌টিকস এবং অন্যান্য এসিটেটস্ প্রস্তুত করিতে ইহার আবশ্যকতা হয়।

এসিডম্ এসিটিকম্ গ্লেসিয়াল্ (Acidum Aceticum Glacial)।

প্রস্তুত করণ। (নির্জ্জল এসিটেড্ অব্ সোডা ও গন্ধকদ্রাবক একত্র করিয়া চুয়াইলে ইহা প্রস্তুত হয়)।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। বর্ণহীন, তরল, সির্কাগন্ধযুক্ত এবং অম্লাস্বাদ।

ক্রিয়া। ইহা বাহ্য প্রয়োগার্থ ব্যবহৃত হয়। ইহা উগ্রতাসাধক, ফোস্কাকারক ও দাহক।

মিশ্‌চুরা ক্রিয়াজোটাই, এসিটম্ ক্যান্থারাইডিস্, ও লিনিমেন্টম্ টেরিবেন্থিনি প্রস্তুত করিতে ইহার আবশ্যকতা হয়।

এসিটম্ (Acetum); ইং (Vinegar')।

শর্করা দ্রবে বা শর্করা যুক্ত ঔদ্ভিজ্জ রসে অভিসব (Yeast) সংযোগ দ্বারা সুরোৎ সেচন হয় ও ইহাতে এসিটম্ প্রস্তুত হয়।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। পাটলবর্ণ; তরল, তীব্র অম্লাস্বাদ।

ক্রিয়া। ডাইলিউট্ এসিটিক্ এসিডের ন্যায় শৈত্যকারক।

মাত্রা ১—২ ড্রাম।

আময়িক প্রয়োগ। হাম, পানবসন্ত প্রভৃতি ইরপ্‌টিভ্ (Exanthemata) রোগে এবং অন্যান্য ফেব্‌রাইল্ জ্বরে ভিনিগার জলের সহিত মিশ্রিত করিয়া (১ ভাগ ভিনিগার, ৩ ভাগ জল) স্পঞ্জ দ্বারা শরীর মুছাইয়া দিলে বিশেষ উপকার হয়। স্বরযন্ত্রের নানাপ্রকার প্রদাহ, স্বরভঙ্গ, রিল্যাক্সড্ সোর্‌থোট্ এবং কণ্ঠের অভ্যন্তরে ক্ষত হইলে গরম ভিনিগারের ধূম আঘ্রাণে বিশেষ উপকার পাওয়া যায়। সচরাচর সর্দ্দি, হাঁপানি, হৃদ্‌শূল, প্রভৃতি রোগের বিরাম অবস্থায় প্রতিদিন প্রাতে বুকের উপর ভিনিগার মালিস করিলে বিশেষ উপকার লাভ হয়।

নাক দিয়া রক্ত পড়া রোগে ইহার প্লগ্ (Plug) উপকারক। কালশিরা মচকান, থেঁতলান প্রভৃতি প্রদাহে ইহার লোসন্ অতিশয় উপকারক।

এম্‌প্ল্যাস্‌টুম্ সেপনিস্ ফস্‌কম্ প্রস্তুত করিতে ইহার আবশ্যকতা হয়।

এসিডম্ বোরিকম্ (Acidum Boricum); ইং (Boric Acid)।

প্রস্তুত করণ। সোহাগার উপর গন্ধকদ্রাবকের ক্রিয়া দ্বারা ও স্বভাবিক বোরিক্ এসিড্‌কে শোধন দ্বারা ইহা প্রস্তুত হয়।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। দেখিতে মুক্তার ন্যায় সত্তর দানাযুক্ত অথবা দানা সকল অনিয়মিত পিণ্ডাকারে সংযত ; উষ্ণ জলে ও গ্লিসিরীণে সহজে দ্রবনীয় ; অল্প পরিমাণে তিক্ত ও অম্লাস্বাদ।

ক্রিয়া। সূক্ষ্ম নিকৃষ্ট জীবাণু নষ্ট করণার্থ বোরিক্ এসিড্ পচননিবারক। দুর্গন্ধহারক বলিয়া দুষ্টক্ষত ইত্যাদিতে ব্যবহৃত হয়। ইহার বিশেষ গুণ এই যে, ইহা দ্বারা শরীরের তন্তুর উগ্রতা জন্মে না। তুলা ও লিন্ট্, বোরাসিক্ এসিড্ লোসনে ভিজাইয়া শুষ্ক করতঃ এন্টিসেপ্টিক্ ড্রেসিং রূপে ব্যবহৃত হয়। চক্ষুপ্রদাহে, ৪।৫ গ্রেণ ১ আং জলে দ্রব করিয়া দিবসে ৩।৪ বার প্রয়োগে আরাম পাওয়া যায়।

আময়িক প্রযোগ। সুপারফেসিয়াল্ গ্র্যানুলেটিং ক্ষতে ইহার মলম বিশেষ উপকারক। পদে ঘর্ম্মবশত দুর্গন্ধ হইলে ইহার চূড়ান্ত দ্রব বিশেষ ফল প্রদ। কার্ব্বঙ্কল্, ইরিসিপেলস্, কলেরা ও এন্টারিক্ জ্বর প্রভৃতি যে সকল ব্যাধি সেপ্টিক্ জারম (Septic Germ) হইতে উৎপন্ন হয়, তাহাতে ইহা ব্যবহৃত হয়। ষ্টম্যাটাইটিস্ এবং থ্রস্ রোগাক্রান্ত স্থানে ইহা লাগাইলে উপকার প্রাপ্ত হওয়া যায়। (১ ভাগ বোরাসিক্ এসিড্, ৪ ভাগ মধু।)

ওজিনা, ভ্যাজাইনাইটিস্, ইউরিথ্রাইটিস্ পীড়ায় ইহারাপচকারী বিশেষ ফলপ্রদ।

লিথোটমি অস্ত্রচিকিৎসার (Lithotomy Operation) পর ইহা সেবনে উপকার হয়।

মাত্রা, ৫—৩০ গ্রেণ।

প্রয়োগরূপ। অঙ্গুয়েন্টম্ এসিডাই বোরিসাই (Unguentum Acidi Borici)। (বোরিক্ এসিড্ চূর্ণ ২॥০ আং ; কোমল প্যারাফিন্ ১০ আং, কঠিন প্যারাফিন ৫ আং)।

এসিডম্ কার্ব্বনিক্ (Acidum Carbonicum) বৃটিশ ফার্ম্মাকোপিয়ায় গৃহীত হয় নাই।

খড়ি ও মার্ব্বলাদিতে জল মিশ্র হাইড্রোক্লোরিক্ এসিড্ মিশ্রিত করিলে এই বায়ু নির্গত হয়।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। বর্ণহীন, স্বচ্ছ, বায়ু অপেক্ষা গুরু, জলে দ্রবনীয়।

ক্রিয়া। কার্ব্বনিক্ এসিড্ বায়ু, বেদনাজনক ক্ষতের উপর লাগাইলে বেদনার লাঘব হয়। ইহার পাকাশয়ের শ্লৈষ্মিক ঝিল্লির উগ্রতা নাশক ক্রিয়া বিধায় অনেক প্রকার ক্ষার, যথা সোডা, পটাশ, লিথেট্ প্রভৃতির জলের সহিত মিশ্রিত করিয়া উচ্ছলৎ পানীয়রূপে আভ্যন্তরিক প্রয়োগ হয়।

এসিডম্ ক্রোমিকম্ (Acidum Chromicum); ইং (Chromic Acid); প্রতিসংজ্ঞা, এন্হাইড্রস্ ক্রমিক্ এসিড্; ক্রমিক্ এনহাইড্রাইড্।

প্রস্তুত করণ। বাইক্রোমেট্ অব্ পটাশিয়ম্ ৩০ আং; গন্ধকদ্রাবক ৫৭ আং, পরিস্রুত জল যথা প্রয়োজন।

৪২ আউন্স দ্রাবকমিশ্রিত ৯২ আউন্স জলে (৫০ আউন্স পরিস্রুত জল) বাইক্রমেট্ অব্ পটাসিয়ম্ দ্রব করিয়া বার ঘণ্টা কাল রাখিয়া দিবে। পরে পৃথক্‌কৃত এসিড্ সল্‌ফেট্ অব্ পটাসিয়মের দানা হইতে দ্রবাংশ ঢালিয়া লইবে। ঐ দ্রবকে প্রায় ১৮৫ ডিগ্রি ফারণ্‌হীট্ উত্তাপে উত্তপ্ত করিয়া অবশিষ্ট দ্রাবক মিশ্রিত করিবে। তৎসঙ্গে এরূপ জল মিশ্রিত করিবে যে, ক্রমিক্ এসিডের দানা প্রস্তুত হইয়া থাকিলে, তাহা যেন কেবল মাত্র পুনর্দ্রবীভূত হয়। অনন্তর শীতল হইলে তাহার জলীয়াংশ ঢালিয়া ফেলিয়া দানা সংগ্রহ করিয়া বায়ু স্নানে (Air Bath) ডিগ্রির ফারণহীটের ১০০ অনধিক উত্তাপে সাস্তর টালির উপর শুষ্ক করিয়া লইবে।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। লোহিতসূচ্যাকার দানাবিশিষ্ট, গন্ধ বিহীন।

ক্রিয়া। ইহার অক্সিজিন বায়ু নির্গত করা বিধায় ইহা প্রবল গন্ধহারক এবং পচন নিবারক। ইহার ১ ভাগ, ৪ ভাগ জলে একত্র মিশ্রিত করিয়া কণ্ডিলোমা নষ্ট করিবার নিমিত্ত প্রয়োগ করা হয়। অধিক পরিমাণে জলের সহিত মিশ্রিত করিয়া (ইহা ১ ভাগ ও জল ৪ ভাগ) দন্তক্ষত, উপদংশ ঘটিত জিহ্বা, ফেরিঙ্কস্ ও লেরিঙ্কসের ক্ষতে ধৌতরূপে ব্যবহৃত হয়।

প্রয়োগ রূপ। লাইকর্ এসিডাই ক্রোমিসাই (Liquor Acidi Chromici)। ক্রোমিক্ এসিড্ ১ আং ; পরিশ্রুত জল ৩ আং।

এসিডম্ সাইট্রিকম্ (Acidum Citricum) ; ইং (Citric Acid) বিবিধ জাতীয় জম্বীর রসে ইহা পাওয়া যায়।

জম্বীর রস ৪ পাং ; বিশুদ্ধ খটিকা ৪॥০ আং ; গন্ধকদ্রাবক ২॥০ আং ও পরিশ্রুত জল যথা প্রয়োজন।

প্রস্তুতকরণ। প্রথমতঃ, জম্বীর রসকে অগ্নিতাপে প্রায় ফুটিত করিয়া যে, পর্য্যন্ত না কার্ব্বনিক বায়ু নির্গম শেষ হয় তাহাতে ক্রমশঃ খটিকা সংযোগ করিবে। এই প্রক্রিয়াতে জম্বীরসস্থ অম্ল, খটিকার চূর্ণ সহযোগে স্যাইট্রেট্ অব্ লাইমরূপে অধঃস্থ হয়। উষ্ণ জল দ্বারা উহাকে বারম্বার ধৌত করিবে পরে, এই সাইট্রেট্ অব্ লাইম্‌কে ১ পাইন্ট্ জলের সহিত মিশ্রিত করিবে এবং ১॥০ পাইন্ট পরিশ্রুত জলের সহিত গন্ধক দ্রাবক মিলাইয়া ইহাতে ক্রমশঃ সংযোগ করতঃ অর্দ্ধ ঘণ্টা পর্য্যন্ত ফুটাইবে এবং অনবরত নাড়িবে। এই প্রক্রিয়াতে সাইট্রেট্ অব্ লাইমের চুনের সহিত গন্ধকদ্রাবক সংযুক্ত হইয়া সল্‌ফেট্ অব্ লাইম্ হয় ; সুতরাং সাইট্রিক্ এসিড্ পৃথক্ থাকে। অনন্তর ছাঁকিয়া লইয়া গাঢ় করিয়া আপেক্ষিক গুরুত্ব ১.২১ করিবে ; পরে, ২৪ ঘণ্টা পর্য্যন্ত রাখিয়া দিবে। ইহাতে সাল্‌ফেট্ অব্ লাইমের দানা প্রস্তুত হয়। ঐ দানা ছাঁকিয়া ফেলিয়া সাইট্রিক্ এসিড্ জলকে গাঢ় করিবে ; সর পড়িবার উপক্রমে শীতল স্থানে রাখিলে জম্বীরাম্লের দানা প্রস্তুত হয়।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। বর্ণহীন, স্বচ্ছ, চতুষ্প্রদেশযুক্ত স্তম্ভাকার দানাবিশিষ্ট, গন্ধহীন ; অম্লাস্বাদ ও জলে দ্রবনীয়।

অসম্মিলন। ক্ষার কার্ব্বনেট্, দ্রাবক, চুন, সীস পারদ ও পটাশ, ঘটিত লবণ এবং ঔদ্ভিজ্জ সঙ্কোচক।

ক্রিয়া। ইহা শৈত্যকারক ও স্কার্ভিনাশক। কার্ব্বনিক্ এসিড্ যুক্ত জল সহযোগে ইহা উচ্ছলত পানীয়রূপে ব্যবহৃত হইয়া থাকে।

আময়িক প্রয়োগ। ইহা জ্বরঘ্ন বলিয়া ব্যবহৃত হয়। কিন্তু ইহার জ্বরনাশক ক্ষমতা নাই। ইহাতে কেবল পিপাসা ও চর্ম্মের উত্তাপ হ্রাস হয়। মাত্রা, ১০—৩০ গ্রেণ।

বৃটিস্ ফার্ম্মাকোপিয়াতে সকস ও সিরপ্ সাইমোনিস্ ও ভাইনম্ কুই-নাইনপ্রস্তুত করিতে ইহা আবশ্যক হয়।

বৃটিশ্ ফার্ম্মাকোপিয়ায় গৃহীত সাইট্রেটস্ সকল। এমোনি সাইট্রাস্ লিকরিস; বিসমথ্ সাইট্রাস্; বিসমথাই এট্ এমোনি সাইট্রাস্; বিসমথাই এট্ এমোনি সাইট্রাস্ লিকরিস, কেফিন্ সাইট্রাস্, ফেরি এট্ এমনি সাইট্রাস্; ফেরি এট্ কুইনি সাইট্রাস্ লিথিয়াই সাইট্রাস্, ম্যাগনেসি সাইট্রেটিস্ লাইকর, পটাসি সাইট্রাস্, সোডি সাইট্রাস্ টার্ট্রাস্ এফার্ভেসেন্স।

এসিডম্ হাইড্রোব্রোমিকম্ ডাইলিউটম্ (Acidum Hydro-bromicum Dilutum); ইং (Dilute Hydrobromic Acid); এই

জলীয় দ্রবে শতকরা ১০ অংশ ওজনে হাইড্রোব্রোমিক্ এসিড বায়ু আছে।

প্রস্তুত করণ। একটি কাচ চুঙ্গি মধ্যে ব্রোমিন্ রাখিয়া তাহাতে ১৫ আউন্স জল ঢালিয়া দিবে। পরে, ঐ ব্রোমিন্ মধ্য দিয়া সালফিউরেটেড্ হাইড্রজিন্ বায়ু প্রয়োগ করবে যে পর্য্যন্ত না ব্রোমিন্ দ্রবের লোহিত বায়ু নষ্ট হয়। পরে দ্রব ছাঁকিয়া লইয়া চুয়াইবে। যে পর্য্যন্ত পরিশ্রুত দ্রবে সলফিউরেটেড্ হাইড্রোজেনের গন্ধ থাকিবে, সে পর্য্যন্ত চুয়ান দ্রব পরিত্যাগ করিবে; এবং হাইড্রোজেন বাষ্প পরে যে পর্য্যন্ত না গন্ধক দ্রাবক চুয়াইয়া আইসে, ততক্ষণ পরিশ্রুতদ্রব সংগ্রহ করিবে। অবশেষে ঐ পরিশ্রুত দ্রবে এ পরিমাণে জল সংযোগ করিবে যেন ৬০০ ডিগ্রি ফারনহীট উত্তাপ উহার আপেক্ষিক গুরুত্ব ১০.৭৭ হয়। ইহাকে কাচের ছিপিযুক্ত বোতলে উত্তমরূপে বন্ধ করিয়া রাখিবে।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। তরল, বর্ণহীন, গন্ধহীন, অম্ল গুণ বিশিষ্ট, কটু আস্বাদ।

ক্রিয়া। অন্যান্য ব্রোমাইডের পরিবর্ত্তে স্নায়ু বিধায়ক অবসাদক বলিয়া ইহা ব্যবহৃত হয়। কুইনাইনের সহিত ব্যবহার করিলে কুইনাইনের কুলক্ষণ-শিরঃপীড়া ইত্যাদি নিবারণ করে। কিন্তু ইহা অন্যান্য ব্রোমাইডের মত অবসাদক নহে। অধিক মাত্রায় ইহা হৃৎপিণ্ড ও শ্বাস প্রশ্বাস যন্ত্রের উপর অবসাদক কার্য্য করে, কিন্তু অল্প মাত্রায় উহাদিগকে কেবল উত্তেজিত করিয়া থাকে।

টিনিটাস্ অরিয়ম্ এবং গিডোনিয়স্ মে ইহা উপকার দর্শায়। হিষ্টিরিয়া, এপিলেপ্সি, নিউর‍্যাল্‌জিয়া, রোগে স্নায়বীয় অবসাদক এবং হৃৎকম্পে ইহা দ্বারা উপকার হয়। রজনীকালে খুস্‌খুসে উত্তেজক কাশিতে ১০ ফোঁটা মাত্রায় ব্যবহার করিলে ইহাতে বিশেষ উপকার পাওয়া যায়। মাত্রা ১৫—৫০ মিনিম্।

এসিডম্ হাইড্রোক্লোরিকম্ (Acidum Hydrochloricum); ইং (Hydrochloric Acid); বাং লবণ দ্রাবক। প্রতিসংজ্ঞা মিউরিয়াটিক্ এসিড্।

শুষ্কীকৃত লবণ (Chloride of Sodium)—৪৮ আং; গন্ধক দ্রাবক—৪৪ আং; জল—৩৬ আং; পরিশ্রুত জল—৫০ আং। ৩২ আউন্স জলে গন্ধক দ্রাবক মিশ্রিত করিয়া শীতল হইলে, তাহা লবণের সহিত বকযন্ত্র মধ্যে রাখিয়া দিবে এবং আধারভাণ্ড মধ্যে অবশিষ্ট ৪ আং জল রাখিবে। পরে অগ্নিতাপ দ্বারা চুয়াইয়া তাহা হইতে যে বায়ুরূপী দ্রাবক নির্গত হইবে, তাহা আধার ভাণ্ড হইতে নল দ্বারা অপর একটি পরিশ্রুত জলাধার ভাণ্ড মধ্যে লইয়া যাইবে। পরিশ্রুত জল বায়ুরূপী দ্রাবককে শোষণ করিতে করিতে ৬৬ আং হইলে, এই প্রক্রিয়া সমাপ্ত হইবে। প্রথমাবধি শেষ পর্য্যন্ত সাবধানতার সহিত আধার ভাণ্ড শীতল রাখিবে।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। বিশুদ্ধ দ্রাবক বর্ণহীন, তীক্ষ্ণ অম্লাস্বাদ; বায়ুতে রাখিলে শ্বেতবর্ণ ও তীক্ষ্ণ গন্ধযুক্ত ধূম নির্গত হয়।

অসম্মিলন। ক্ষার এবং লবণদ্রাবক সংযুক্ত লবণ ভিন্ন সমুদায় লবণ।

ক্রিয়া। বাহ্য প্রয়োগে ইহা ফোস্কাকারক ও দাহক। ইহাতে চর্ম্মের উপর সাদা দাগ হয়, পরে তাহা পচিয়া যায়। নির্জ্জলাবস্থায় আভ্যন্তরিক প্রয়োগে ইহা উগ্র বিষক্রিয়া প্রকাশ করে। যথাযোগ্য জল মিশ্রিত করিয়া ব্যবহার করিলে শৈত্যকারক, বলকারক, আগ্নেয়, সঙ্কোচক ও ক্ষারনাশক।

আময়িক প্রয়োগ। গর্ভাবস্থায় বুকজ্বালা এবং ইহার সহিত অম্ল বমি থাকিলে ইহা টিংচার অব্ নক্সভমিকার সহিত আহারের পূর্ব্বে ব্যবহার করিলে উপকার পাওয়া যায়।

টাইফয়েড জ্বরে ইহা অন্যান্য খাতব অম্লাপেক্ষা বিশেষ উপকারক

টাইফয়েড্ জ্বর সপর্য্যায় আকার ধারণ করিলে কুইনাইন সহযোগে ইহার ব্যবহার বিশেষ উপকারক। টাইফয়েড্ জ্বরে পিপাসা নিবারণার্থ ইহা মহৌষধ। প্রস্রাবে অধিক পরিমাণে ফস্‌ফেট্ ক্ষার থাকিলে ইহা ব্যবহার্য্য। (ঔষধ ১০ ফোঁটা, জল—১ আউন্স)। পাকাশয়স্থ রসে (Gastric Juice) ইহা পাওয়া যায়, এ বিধায় এটনিক্ ডিস্‌পেপ্‌সিয়াতে ব্যবহার করা হয়। মুখ মধ্যে ক্ষতাদি ও ডিপ্‌থিরিয়া রোগে ইহার কুল্লি ব্যবহার করা যায়।

বৃটিস্ ফার্ম্মাকোপিয়ায় যে সকল প্রয়োগ রূপ হাইড্রোক্লোরিক্ এসিড্ দিয়া প্রস্তুত হয়। যথা,—এসিডম্ হাইড্রোক্লোরিকম্ ডাইলিউটম্, এসিডম্ নাইট্রো হাইড্রোক্লোরিকম্ ডাইলিউটম্; লাইকর এণ্টিমনি ক্লোরাইডি; লাইকর আর্সেনিসাই হাইড্রোক্লোরিকস্; লাইকর মর্ফাইনি হাইড্রোক্লোরিকস্; লাইকর ষ্ট্রীক্‌নাইনি হাইড্রোক্লোরিকস্।

প্রয়োগ রূপ। এসিডম্ হাইড্রোক্লোরিকম্ ডাইলিউটম্ (Acidum Hydrochloricum Dilutum); হাইড্রোক্লোরিক এসিড্ ৮ আং পরিশ্রুত জল যথাযোগ্য মিশ্রিত হইয়া উভয়ে ২৬॥ আং হওয়া উচিত। মাত্রা ১০—৩০ মিনিম্।

এসিডম্ হাইড্রোসিয়ানিকম্ (Acidum Hydrocyanicum); ইং (Hydrocyanic Acid); ইহা বাদাম, পীচ, চেরি প্রভৃতি উদ্ভিদ্ পদার্থ হইতে পাওয়া যায়।

নির্জ্জলাবস্থায় ইহা বায়বীয় পদার্থ। ভয়ানক বিষ বলিয়া ইহার ব্যবহার নাই; এ কারণ ব্রিটিস্ ফার্ম্মাকোপিয়াতে গৃহীত হয় নাই।

এসিডম্ হাইড্রোসিয়ানিকম্ ডাইলিউটম্ (Acidum Hydrocyanicum Dilutum); ইং (Dilute Hydrocyanic Acid); জল মিশ্র হাইড্রোসিয়ানিক্ এসিডে শতকরা ২ অংশ নির্জ্জলা এসিড্ থাকে। প্রতিসংজ্ঞা প্রসিক্ এসিড্ (Prussic Acid)।

প্রস্তুতকরণ। ফেরোসিয়ানাইড্ অব্ পটাশিয়ম্ ২॥০ আং; গন্ধকদ্রাবক ১ আং; পরিশ্রুত জল ৩০ আং; বা যথা প্রয়োজন। ফেরোসায়েনাইড্ অব্ পটাশিয়মকে ১০ আং জলে মিশ্রিত করিবে। পরে, ৪ আং জলে গন্ধক

দ্রাবক মিশ্রিত করিয়া তাহাতে মিশ্রিত করিবে। অনন্তর বকযন্ত্র মধ্যে স্থাপন করিয়া বালুকাযন্ত্র দ্বারা মৃদু উত্তাপ দিয়া তাহা চুয়াইবে। আধার ভাণ্ডে ৮ আং পরিস্রুত জল রাখিবে এবং আধার ভাণ্ড যত্ন পূর্ব্বক শীতল রাখিবে। আধার ভাণ্ডস্থ জল ১৭ আং হইলে তাহা নামাইয়া উহাতে আর ৩ আং জল মিশ্রিত করিয়া ১ পাইন্ট্ পূর্ণ করিবে।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। বর্ণহীন; তরল; উগ্র গন্ধাস্বাদযুক্ত; উৎপতিষ্ণু।

ক্রিয়া। নির্জ্জল এসিড্ ভয়ানক বিষ। আঘ্রাণ দ্বারা, বা শ্লৈষ্মিক ঝিল্লির উপর লাগাইয়া বা চর্ম্মের শিরাতে পিচকারি দ্বারা প্রয়োগ করিলে, ইহা দ্বারা দুই প্রকারে মৃত্যু হয়। ১ম। অধিক পরিমাণে ব্যবহার করিলে ২/৩ সেকেণ্ডের মধ্যে মৃত্যু হয়। বিদ্যুতাঘাতে যেমন মৃত্যু হয়, ইহা সেবনেও সেইরূপ হয়,—উদরস্থ বা আঘ্রাণ করিবামাত্র জন্তু চেঁচাইয়া পড়িয়া যায়। কনীনিকা প্রসারিত হয়; স্নায়ুমণ্ডল ও হৃৎপিণ্ডের ক্রিয়া একেবারে বন্ধ হইয়া মৃত্যু হয়। ২য়। অল্প অথচ বিষজনক মাত্রায় ইহা সেবন দ্বারা নিশ্বাস প্রশ্বাসের গতি ক্রমশ মন্দ হয়; হৃৎপিণ্ড ও নাড়ীর গতি অত্যন্ত ক্ষীণ অথবা লোপ পায়। কনীনিকা প্রসারিত হয় ও ইহার সঙ্গে সংজ্ঞারও লোপ হয়। মৃত্যু হইবার পূর্ব্বে শ্বাসরোধজনিত আক্ষেপ হয়। মেডলা অবলঙ্গেটা স্নায়ুমূলে শ্বাস প্রশ্বাস কেন্দ্রের পক্ষাঘাত হওয়া হেতু শ্বাস প্রশ্বাস ক্রিয়া বন্ধ হয়। আরও ইহা রক্তের লোহিত কণিকার হেমোগ্লবুলিনের সহিত মিশ্রিত হয় ও সেই কারণ শরীরের টিশু সকলেতে অম্লজান্ বায়ু পায় না।

আময়িক প্রয়োগ। যক্ষ্মা, পার্টুসিস্ এবং হাঁপানি প্রভৃতির শুষ্ক কাশি কমাইবার জন্য শ্বাস প্রশ্বাসকেন্দ্রের উপর কার্য্য করিয়া ইহা বিশেষ উপকার দর্শায়। হৃৎপিণ্ড অবসাদক বলিয়া ইহা প্যাল্পিটেসন্, বেদনা ও ডিস্পেপ্সিয়াজনিত অন্যান্য বেদনায় বিশেষ উপকারক। পুরাতন হৃদ্‌রোগে ইহার ব্যবহার নিষিদ্ধ। স্নায়বীয় অবসাদক বলিয়া এপিলেপ্সি, কোরিয়া, হিষ্টিরিয়া এবং টিটেনসে সম্ভবত উপকার করে।

গ্যাস্‌ট্রোডিনিয়া, এণ্টারোডিনিয়া, পাইরোসিস্, বমন প্রভৃতি পাকাশয় ও অন্ত্রের নানাবিধ ক্লেশকর রোগে ইহা ব্যবহৃত হয়।

হাইড্রোসিয়ানিক্ এসিড্ দ্বারা বিষাক্ত হইলে কৃত্রিম শ্বাস ক্রিয়া করাইবে। হৃৎপিণ্ডের উত্তেজনার্থ সর্ষপের পলস্ত্রা লাগাইবে। আর চর্ম্ম মধ্যে এট্রপিনের পিচকারী দিবে। মাত্রা ২—৮ মিনিম্।

প্রয়োগরূপ। ভেপর্ এসিডাই হাইড্রোসিয়ানিসাই (Vapor Acidi Hydrocyanici)। ডাইলিউট্ হাইড্রোসিয়ানিক্ এসিড্ ১০ হইতে ২৫ মিনিম্; শীতল জল ১ ড্রাম। উপযুক্ত যন্ত্র মধ্যে রাখিয়া ইহার ধূম গ্রহণ করাণ হইবেক।

ডাইলিউট্ হাইড্রোসিয়ানিক্ এসিড্, টিংচুরা ক্লোরফর্ম্মাই এট্ মর্ফাইনিতে ও একোয়া লরেসিরেসাইতে পাওয়া যায়।

এসিডম্ ল্যাক্টিকম্ (Acidum Lacticum)। ইং (Lactic Acid)।

শর্করাসংযুক্ত দ্রব্যের উপর উৎসেচনসাধক পদার্থের ক্রিয়া দ্বারা প্রাপ্ত ও পরে তাহাকে শোধিত করিয়া ইহা প্রস্তুত হয়।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। বর্ণহীন, শর্করার পাকের ন্যায় তরল, গন্ধবিহীন, অম্লাস্বাদ ও অম্লগুণবিশিষ্ট। শোধিত সুরা ও ইথরে মিশ্রিত হয়।

ক্রিয়া ও আময়িক প্রয়োগ। ইহা আগ্নেয় ও পরিপাক ক্রিয়ার বর্দ্ধক। অজীর্ণ রোগে ইহা ১/২ ড্রাম্ মাত্রায় পেপ্সিন্ সহযোগে ২।৩ বার ব্যবহার করিলে উপকার পাওযা যায। ডায়াবিটিস্ পীড়ায়, যখন রোগী শুদ্ধ মাংস খাইয়া থাকে, তখন ইহার ব্যবহারে উপকার পাওযা যায়।

ক্রুপ্ রোগের প্রথমাবস্থায় ইহার স্প্রে (Spray) লাগাইলে উপকার হয়। (ঔষধ ২০ ফোঁটা, জল ১ আউন্স)।

যথাযোগ্য জলের সহিত মিশ্রিত করিয়া ডিপ্থিরিয়া রোগে ডিপ্থিরিটিক্ মেম্ব্রেনের উপর লাগাইলে তাহা গলিয়া যায়। ডিস্পেপ্সিয়া রোগে লবণ দ্রাবকের পরিবর্ত্তে ব্যবহৃত হয়। মধুমূত্র রোগে ইহা বিশেষ উপকারী।

প্রয়োগরূপ। এসিডম্ ল্যাক্টিকম্ ডাইলিউটম্ (Acidum Lacticum Dilutum)। (ল্যাকটিক্ এসিড্ ৩ আং, পরিস্রুত জল যথা প্রয়োজন একত্র করিয়া ১ পাইন্ট প্রস্তুত করা হয়।) মাত্রা ১—২ ড্রাম।

এসিডম্ নাইট্রিকম্ (Acidum Nitricum) ইং (Nitric Acid বাং যবক্ষার দ্রাবক।

গন্ধকদ্রাবক ও জল সহযোগে, নাইট্রেট্ অব্ পটাশিয়ম্ ও নাইট্রেট্ অব্ সোডিয়ম্ হইতে চুয়াইয়া প্রাপ্ত দ্রাবক বিশেষ। ইহাতে শতকরা ৭০ অংশ ওজনে বিশুদ্ধ যবক্ষার দ্রাবক থাকে।

প্রস্তুত করণ। যবক্ষার—৮ পাউণ্ড; গন্ধকদ্রাবক—১৭ আং। বকযন্ত্র মধ্যে যবক্ষার রাখিয়া তদুপরি গন্ধকদ্রাবক ঢালিয়া দিবে। পরে, বকযন্ত্রের নল লিবিগস্ কণ্ডেন্সর নামক আধার যন্ত্রের সহিত সংযুক্ত করিয়া, তাহা অগ্নির উত্তাপ দ্বারা চুয়াইবে। যে পর্য্যন্ত না যন্ত্রস্থিত দ্রব গলিয়া যায়, ততক্ষণ তাহা যত শেষ হইয়া আসিবে, তত ক্রমশঃ উত্তাপ বৃদ্ধি করিবে।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। বর্ণহীন, তরল। তাম্র চুর্ণের উপর ঢালিলে অবিলম্বে ঘন রক্তবর্ণ বায়ু নির্গত হয়।

অসম্মিলন। ক্ষার ও ক্ষার কার্ব্বনেট্, এবং এসিটেট্; ধাতব অক্সাইড, হিরাকস, অঙ্গার, শর্করা, সুরা, বায়ী তৈল প্রভৃতি।

ক্রিয়া। বাহ্য প্রয়োগে ইহা দাহক ও ফোস্কাকারক; ক্যাঞ্জেডিনিক্ ক্ষতে লাগাইয়া ক্ষত স্থানকে দগ্ধ করিয়া পরিষ্কার করা হয়। ওয়ার্টস্ ও অর্শের উপর লাগাইয়া ইহাদিগকে বিনষ্ট করা হয়। ইহা চর্ম্মের উপর লাগাইলে পিক্রিক্ এসিড্ হইয়া হরিদ্রা বর্ণ দাগ হয় ও ইহা চর্ম্মকে বিনষ্ট করে। যথাযোগ্য জলের সহিত মিশ্রিত করিয়া ইহা ক্যান্‌ক্রম্‌অরিস্ ও বিবিধ ক্ষতে ধৌত স্বরূপ ব্যবহৃত হয়। ইহা পিচকারী দ্বারা মূত্রাশয়ে প্রয়োগ করিলে ফসফেট্ ঘটিত অশ্মরী গলিয়া যাইতে পারে।

আভ্যন্তরিক ক্রিয়া। যথাযোগ্য জল মিশ্রিত করিয়া প্রয়োগ করিলে ইহা শৈত্যকারক, বলকারক, পরিবর্ত্তক, পিত্তনিঃসারক ও ক্ষারনাশক। রোগান্তে দৌর্ব্বল্য ও অগ্নিমান্দ্য নিবারণার্থ জলমিশ্রদ্রাবক উদ্ভিজ্জ তিক্তের সহিত সেবনে উপকার পাওয়া যায়। উদরাময়, অজীর্ণ, পুরাতন যকৃত ও উপদংশ রোগের তৃতীয় অবস্থায় বিশেষ উপকারক। প্রস্রাবে ক্ষারত্ব দোষ জন্মিলে প্রস্রাব ফস্‌ফেটযুক্ত হইয়া ঐ জাতীয় অশ্মরী জন্মিবার আশঙ্কা হইলে যবক্ষার দ্রাবক দ্বারা উপকার হয়।

প্রয়োগরূপ। ১। এসিডম্ নাইট্রিকম্ ডাইলিউটম্ (Acidum Nitricum Dilutum) নাইট্রিক্ এসিড্ ৬ আং, পরিশ্রুত জল যথা প্রয়োজন; অর্থাৎ সমস্ত মিলিয়া পরিমাণে যেন ৩১ আউন্স হয়। মাত্রা ১০—৩০ মিনিম্।

নিম্নলিখিত প্রয়োগরূপ সকলে বিযুক্ত নাইট্রিক এসিড্ আছে; এসিডম্ নাইট্রো-হাইড্রোক্লোরিকম্ ডাইলিউটম্; লাইকর ফেরি পার্নাইট্রেটিস্, লাইকর হাইড্রার্জিরাই নাইট্রেটিস্ এসিডস্, অঙ্গুয়েণ্টম্ হাইড্রার্জিরাই নাইট্রেটিস্। ইহাকে একোয়ারিজিয়া (Aqua Regia) বলে।

২। এসিডম্ নাইট্রো-হাইড্রোক্লোরিকম্ ডাইলিউটম্ (Acidum Nitro-Hydro chloricum Dilutum)। নাইট্রিক্ এসিড্ ৩ আং; হাইড্রোক্লোরিক্ এসিড্ ৪ আং; পরিশ্রুত জল ২৫ আং। মাত্রা ৫—২০ মিনিম্।

৮ আং পরিশ্রুত জলে নাইট্রিক এসিড্ মিশ্রিত করিয়া কাচ ভাণ্ডে স্থাপন করিবে। পাত্রের মুখ যেন উপরিস্থ কণ্ডেনসর নামক ঘনকারক যন্ত্রের সহিত সংযুক্ত করা যায়। পরে, কণ্ডেনসরের সহিত ভাণ্ডের মুখ যোগ করিয়া ফস্ফরস্ দিয়া এইরূপে ফুটাইবে, যেন সমস্ত ঘনীভূত পদার্থ আধার ভাণ্ডে ফিরিয়া আসে। যে পর্য্যন্ত না ফস্ফরস্ সম্পূর্ণভাবে অদৃশ্য হয়, ততক্ষণ তাহা ফুটাইবে। অনন্তর কণ্ডেনসর্ স্থানান্তরিত করিয়া ঐ কাচ ভাণ্ডে বা মীনাহের ন্যায় কঠিন দ্রব্যে আবৃত চীনপাত্রে ঐ দ্রবকে গাঢ় করিয়া ৪ আং করিবে। পরে, উহাকে প্ল্যাটিন্যাম্ পাত্রে ঢালিয়া, যে পর্য্যন্ত না ২ আউন্স হয় ও তাহার পীতাভ লোহিত বা বাষ্প উত্থিত হওন স্থগিত হয়, ততক্ষণ তাহা উৎপাদিত করিবে। অবশেষে, তাহাতে এরূপ পরিশ্রুত জল মিশাইবে যে, শীতল হইলে তাহা সমুদয়ে যেন ৩ আং হয় এবং আপেক্ষিক ভার ১.৫ ডিগ্রি হয়।

এসিডম্ ফস্ফরিকম্ কন্সেন্ট্রেটম্ (Acidum Phosphoricum Concentratum); ইং (Concentrated Phosphoric Acid)। গাঢ় ফস্ফরিক্ এসিড্, ইহা শত করা ৩৩.৭ অংশ জল সংযুক্ত ফস্ফরিক্ এসিড্।

প্রস্তুতকরণ। ফস্ফরস ৪১৩ গ্রেণ, নাইট্রিক্ এসিড্ ৬ আং ; পরিশ্রুত জল যথা প্রয়োজন।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। বর্ণহীন, শর্করার পাকের ন্যায় তরল, কটু আস্বাদ ও অম্লগুণবিশিষ্ট। মাত্রা ২—৫ মিনিম্। ইহার আভ্যন্তরিক প্রয়োগ হয় না।

প্রয়োগরূপ। এসিডম্ ফস্ফরিকম্ ডাইলিউটম (Acidum Phosphoricum Dilutum)। কন্সেন্ট্রেটেড্ ফস্ফরিক্ এসিড্ ৩ আং, পরিশ্রুত জল ২০ আং পুর্ণ করণার্থ যথাপ্রযোজন। মাত্রা ১০—৩০ মিনিম্।

ক্রিয়া। বলকারক, শৈত্যকারক, পরিবর্ত্তক ও কামোদ্দীপক। অধিক মাত্রায় স্নায়বীয় ধামনিক উত্তেজক। অত্যধিক মাত্রায়, প্রাদাহিক বিষক্রিয়া প্রকাশ করে এবং মৃত্যুর পূর্ব্বে আক্ষেপ ও অচৈতন্য উপস্থিত করে।

আময়িক প্রয়োগ। স্ক্রফিউলা ও ফস্ফেটিক্ অশ্মরী রোগে ইহা বিশেষ উপকারক।

বৃটিস্ ফার্ম্মাকোপিয়ায় গৃহীত ফস্ফেট্ সকল যথা—এমোনিয়াই ফস্ফস্ ; ক্যাল্সিয়াই ফস্ফস্ ; ফেরি ফস্ফস্ সোডিয়াই ফস্ফস্।

এসিডম্ সলফিউরিকম্ (Acidum Sulphuricum) ; ইং (Sulphuric Acid) ; বাং গন্ধক দ্রাবক।

প্রস্তুতকরণ। গন্ধক ও যবক্ষার দগ্ধ করিয়া উভয় ধূমকে জলীয় বাষ্পের সহিত সীসনির্ম্মিত যন্ত্র মধ্যে একত্র করিলে, ইহাদের পরস্পরের রাসায়নিক সংযোগ ও বিয়োগ দ্বারা গন্ধকদ্রাবক প্রস্তুত হয়। ইহাকে অয়েল্ অব্ ভিট্রিয়ল্ (Oil of Vitriol) কহে।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। বর্ণহীন, তৈলাকার, তীক্ষ্ণ অম্লাস্বাদ, গন্ধহীন ও অত্যন্ত জলশোষক।

অসম্মিলন। ক্ষার ও ক্ষারকার্ব্বনেট্ ; ধাতু সমস্তের অক্সাইড্ সীস শর্করা ; বেরাইটা ; ক্লোরাইড্ অব্ ক্যাল্শিয়ম্ ইত্যাদি।

ক্রিয়া। বাহ্যপ্রয়োগে অত্যন্ত দাহক। ইহা যে টিশুতে সংলগ্ন করা যায় তাহার ধ্বংশ হয়। যথাযোগ্য জল মিশ্রিত করিয়া আভ্যন্তরিক প্রয়োগে ইহা শৈত্যকারক, বলকারক ও সঙ্কোচক। ইহা যক্ষ্মা রোগীর নিশা—ঘর্ম্মদমনে সম্যক উপযোগী। দুর্ব্বল রোগীর বিবিধ প্রকার রক্তস্রাবে ও উদরাময় রোগে, যথা, কলেরিক্ ও সমার (Choleric and summer), ডাইয়েরিয়াতে বিশেষ উপযোগী বলিয়া ব্যবহৃত হয়।

আময়িক প্রয়োগ। ইহা সেবনে সীসধাতুঘটিত বিষ ক্রিয়ার লক্ষণ সকল তিরোহিত হয়। প্রুর ইটস্ চর্ম্মরোগে ইহার আভ্যন্তরিক প্রয়োগ উপকার দর্শায়। বিষাক্ত জন্তুর দংশন বিষ নাশার্থ উগ্র সল্‌ফিউরিক্ এসিড্ স্থানিক দাহক স্বরূপ ব্যবহৃত হয়।

প্রয়োগরূপ ১। এসিডম্ সল্‌ফিউরিকম্ এরোম্যাটিকম্ (Acidum Sulphuricum Aromaticum)। (সল্‌ফিউরিক্ এসিড্ ৩ আং; শোধিত সুরা ৩৬ আং, স্পিরিট্ অব্ সিনেমন্ ২ আং; উগ্রশুণ্ঠীর অরিষ্ট ২ আং) মাত্রা ৫—৩০ মিনিম।

২। এসিডম্ সল্‌ফিউরিকম্ ডাইলিউটম্ (Acidum Sulphuricum Dilutum)। (সল্‌ফিউরিক্ এসিড্ ৭ আং, পরিস্রুত জল যথাপ্রয়োজন) উভয়ে একত্রে মিলিয়া যেন ৮৩॥০ আউন্স হয়। মাত্রা ৫—৩০ মিনিম্।

বৃটিস্ ফার্ম্মকোপিয়ায় ইন্‌ফিউসম্ সিঙ্কোনি এসিডম্, এসিডম্ সল্‌ফিউরিকম্ এরোম্যাটিকম্; ও ইন্‌ফিউসম্ রোজি এসিডম্ প্রস্তুত করিতে ডাইলিউট্ সল্‌ফিউরিক্ এসিড্ ব্যবহৃত হয়।

এসিডম্ সল্‌ফিউরোসম্ (Acidum Sulphurosum); ইং (Sulphurous Acid)।

প্রস্তুতকরণ। (গন্ধদ্রাবক ৪ আং; কাষ্ঠাঙ্গার চূর্ণ ১ আং; জল ২ আং; পরিস্রুত জল ৩০ আং।)

দ্রাবক ও কাষ্ঠাঙ্গার একত্র করিয়া কাচনির্ম্মিত বকযন্ত্র মধ্যে রাখিয়া উত্তাপ দিবে। তাহাতে যে বায়ু নির্গত হইবে, তাহা ২ আং জলপূর্ণ এক

বোতল মধ্যে প্রবেশ করাইয়া ধৌত করিবে। পরে এক পাইন্ট পরিশ্রুত জলপূর্ণ আর একটী বোতল মধ্যে নল দ্বারা উক্ত বায়ু প্রবেশ করাইয়া বোতলটী যত্ন পূর্ব্বক শীতল রাখিবে। যখন আর বায়ু শোষিত না হইবে, তখন নিম্নলিখিত পরীক্ষা দ্বারা দ্রবের উগ্রতা ধার্য্য করত বোতল মধ্যে উত্তম রূপে বন্ধ করিয়া শীতল স্থানে রাখিবে।

স্বরূপ ও পরীক্ষা। বর্ণহীন ; তরল ও উগ্র গন্ধযুক্ত। ক্লোরাইড্ অব্ বেরিয়ম্ সংযোগে অতি অল্প মাত্র পদার্থ অধঃস্থ হয়। ক্লোরিণ্ সহযোগে অধিক পরিমাণ পদার্থ অধঃস্থ হয়।

ক্রিয়া। দুর্গন্ধ হারক ও সংক্রমাপহ। ইহা দ্বারা ঔদ্ভিজ্জ জীবন বিনষ্ট হয়। এ কারণ, বিবিধ ঔদ্ভিজ্জ জনিত চর্ম্মরোগে, যথা– ফেবস্ (Favus) পিটিরিয়াসিস্ ভার্সিকলর্ (Pityriasis Versicolor), টিনিয়া (Tinia) প্রভৃতি বিবিধ চর্ম্মরোগে ইহা প্রয়োগ করিলে উপকার পাওয়া যায়। দুর্গন্ধযুক্ত ক্ষতে গ্লিসিরীণ্ সহযোগে লাগাইলে উপকার দর্শায়। ইহার আভ্যন্তরিক প্রয়োগ বড় দেখা যায় না। ইহার ধূম (In the form of Spray) গ্রহণে বিবিধ রোগে, যথা—সর্দ্দি (Catarrh), ইন্‌ফ্লুয়েঞ্জা (Influenza), টন্‌সিল্ প্রদাহ (Tonsilitis), স্কার্লেটাইনা (Scarlatina), লেরিংসের প্রদাহ (Laryngitis), পুরাতন ব্রঙ্কাইটিস্ (Chronic Bronchitis), যক্ষ্মা (Phthisis), অ্যাজমা (Asthma), ক্রুপ (Croup) প্রভৃতিতে উপকার করে। মাত্রা ॥০—১ ড্রাম।

ইহা সোডিয়াই সল্‌ফিস্ প্রস্তুত করিতে ব্যবহৃত হয়।

এসিডম্ টার্টারিকম্ (Acidum Tartaricum), ইং (Tartaric Acid) ; বাং দ্রাক্ষাম্ল।

ইহা দ্রাক্ষা, তেঁতুল প্রভৃতি বিবিধ ফলে ও পটাস্ সংযুক্ত লবণে (Cream of Tartar) পাওয়া যায়।

প্রস্তুত করণ। (ক্রিম্ অব্ টার্টার্ ৪৫ আং ; পরিশ্রুত জল যথা প্রয়োজন ; বিশুদ্ধ খটিক, ১২॥০ আং ; ক্লোরাইড্ অব্ ক্যাল্‌সিয়ম্ ১৩॥০ আং ; গন্ধক দ্রাবক ১৩ আং)।

২ গ্যালন্ জলে টার্টারেট্ অব্ পটাসিয়ম্ ফুটাইবে এবং তাহাতে ক্রমশঃ

খটিকা প্রয়োগ করিবে ও তাহা আলোড়িত করিবে। উচ্ছলন শেষ হইলে ২ পাইন্ট জলে ক্লোরাইড্ অব্ ক্যাল্‌সিয়ম্ দ্রব করিয়া ইহার সহিত মিশ্রিত করিবে। এই প্রক্রিয়া দ্বারা টার্টারেট অব্ লাইম্ অধঃস্থ হয়। উপরের স্বচ্ছ জলংফেলিয়া, যে পর্য্যন্ত না ইহা আস্বাদবিহীন হয়; ততক্ষণ এই টার্টারেট্ অব্ লাইম্‌কে পরিস্রুত জল দ্বারা পুনঃ পুনঃ ধৌত করিবে। পরে, ৩ পাইন্ট জলে গন্ধকদ্রাবক মিশ্রিত করিয়া, তাহা ইহার সহিত উত্তমরূপে মিশাইয়া অর্দ্ধ ঘণ্টা পর্য্যন্ত ফুটাইবে ও পুনঃ পুনঃ আলোড়িত করিবে। পরে, ছাঁকিয়া লইয়া ইহাকে গাঢ় করিবে। আপেক্ষিক ভার ১.২১ ডিগ্রি হইলে শীতল হইবার নিমিত্ত ইহাকে রাখিয়া দিবে। এই প্রকরণ দ্বারা সল্‌ফেট্ অব্ লাইমের দানা অধঃস্থ হয়। এই দানা ছাঁকিয়া ফেলিয়া জলীয়াংশকে পুনরায় গাঢ় করিবে। ইহার উপর সর পড়িতে আরম্ভ হইলে দানা বাঁধিবার নিমিত্ত রাখিয়া দিলে টার্টারিক্ এসিডের দানা প্রস্তুত হয়।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। শ্বেতবর্ণ, স্বচ্ছ, স্তম্ভাকার দানাযুক্ত; গন্ধহীন; অম্লাস্বাদ; জলে ও শোধিত সুরাতে দ্রবনীয়।

অসম্মিলন। ক্ষার কার্ব্বনেট্; দ্রাবক; চূণ; সীস, পারদ ও পটাশ ঘটিত লবণ এবং ঔদ্ভিজ্জ সঙ্কোচক।

ক্রিয়া। শৈত্যকারক বলিয়া জ্বরের উত্তাপাবস্থায় বাইকার্ব্বনেট্ অব পটাস্ কিম্বা সোডা এবং সিরাপের সহিত উচ্ছলৎ পানীয় রূপে ব্যবহৃত হয়। মাত্রা ১০—৩০ গ্রেণ।

এণ্টিমোনিয়ম্ টার্টারেটম্; ফেরম্ টার্টারেটম্; পটাসিয়াই টার্ট্রাস্, পটাসিয়াই টার্ট্রাস্ এসিডা; সোডিয়াই সাইট্রোটার্ট্রাস্ এফারভেসেন্স; ও সোডা টার্টারেটা প্রস্তুত করিতে ইহার প্রয়োজন হয়।

এমোনিয়া ও এমোনিয়া ঘটিত লবণ (Ammonium—NH4—and its Salts)।

বিশুদ্ধ অবস্থায় এমোনিয়া বাষ্পীয় পদার্থ, দেখিতে বর্ণহীন, অত্যন্ত তীব্র গন্ধযুক্ত, ক্ষারগুণ বিশিষ্ট। ইহাকে সহজে তরল করা যায়।

লাইকর্ এমনি ফর্সিয়র্ (Liquor Ammniæ Fortior); ইং

(Strong Solution of Ammonia)। শতকরা ৩২।০ অংশ এমোনিয়া বায়ু জলে দ্রবীকৃত।

প্রস্তুতকরণ। ক্লোরাইড্ অব্ এমোনিয়ম্ (নিশাদল) স্থূল চূর্ণ ৩ পৌং; আর্দ্র চূণ ৪ পৌং, পরিস্রুত জল ৩২ আং)। .

নিশাদল ও চুন একত্রে মিশাইয়া একটী লৌহ ভাণ্ড মধ্যে স্থাপন করিয়া বালুকাস্বেদন যন্ত্র দ্বারা মৃদু উত্তাপ দিলে, এমোনিয়া বায়ু নির্গত হয়। ৩২ আং পরিস্রুত জলপূর্ণ বোতল মধ্যে উপযুক্ত নল দিয়া ঐ বায়ু জল মধ্যে প্রবেশ করাইবে এবং যে পর্য্যন্ত না এমোনিয়া বায়ুর নির্গমন শেষ হয়, ততক্ষণ লৌহভাণ্ডে ক্রমশঃ উত্তাপ প্রদানের মাত্রা বর্দ্ধিত করিবে।

স্বরূপ ও রাসায়নিক তত্ব। বর্ণহীন, ক্ষারগুণযুক্ত স্বচ্ছ পদার্থ, উৎপতিষ্ণু, বিশেষ উগ্র আস্বাদ ও গন্ধযুক্ত।

অসম্মিলন। দ্রাবক, অম্ল, লবণ, চুন এবং বেরাইটা ভিন্ন ক্ষার।

ক্রিয়া। অল্পমাত্রায় জলে মিশ্রিত করিয়া সেবনে, ইহা উত্তেজক, মূত্র-কারক, অম্লনাশক, ঘর্ম্মকারক, কফনিঃসারক ও আক্ষেপ নিবারক। ইহার উত্তেজক ক্রিয়া রক্তসঞ্চালক যন্ত্রের উপর প্রকাশ পায়। সেবন করিলে পাকাশয় মধ্যে উষ্ণতা বোধ হয়; শরীর উষ্ণ হয়; হৃৎস্পন্দন ও ধমনীর গতি দ্রুত হয়। অধিক মাত্রায় সেবনে শিরঃপীড়া ও শিরোঘূর্ণন হয়; আরও অধিক মাত্রায় সেবনে বমন হয়। এমোনিয়া ও শোধিত সুরার ক্রিয়ার প্রভেদ এই যে, এমোনিয়া গ্যাংগ্লিয়নিক্ (Ganglionic), ও স্পাইন্যাল স্নায়ুগণকে উত্তেজিত করিয়া স্রাবনগ্রন্থির ক্রিয়া বৃদ্ধি করে। শোধিত সুরা কেবল মস্তিষ্কের উপর উত্তেজন ক্রিয়া প্রকাশ করে। ইহা দ্বারা প্রস্রাবে ক্ষারত্ব গুণ বর্ত্তে না।

বাহ্য প্রয়োগে লিন্টের সহিত ভিজাইয়া কোন স্থানে লাগাইলে ৪।৫ মিনিট মধ্যে ফোস্কা হয়। নিউমোনিয়া, ব্রন্‌কাইটিস্, প্রভৃতি ফুস্ ফুস্ রোগে ইহা বাদামীতৈল সহযোগে বক্ষঃস্থলে মর্দ্দন করিলে, প্রত্যুগ্রতা সাধক ক্রিয়া দ্বারা প্রদাহ উৎপন্ন করে।

কার্ব্বলিক্ এসিড্, ডিজিট্যালিস্, টোব্যাকো, কল্‌চিকমাদি অবসাদক ঔষধ দ্বারা বিষাক্ত হইলে ইহা সেবনে উপকার হয়।

প্রয়োগরূপ। ১ম। লাইকর এমোনি (Liquor Ammoniæ)। (উগ্র এমোনিয়ার দ্রব ১ পাং, পরিস্রুত জল ২ পাং, একত্র মিশ্রিত করিলে ইহা প্রস্তুত হয়। মাত্রা—১০—৩০ মিনিম্।

২। লিনিমেণ্টম্ এমোনি (Linimentum Ammoniæ)। (সলিউসন্ অব্ এমোনিয়া ১ আং, জলপাইয়ের তৈল ৩ আং) একত্রে মিশ্রিত কর।

লিনিমেণ্টম্ হাইড্রার্জিরাই ও টিংচুরা কুইনাইনি এমোনিয়েটা প্রস্তুত করিতে সলিউসন্ অব্ এমোনিয়া ব্যবহৃত হয়।

এমোনিয়াই ফসফস, লিনিমেণ্টম ক্যাম্ফরি কম্পোজিটম, লাইকার এমোনিয়াই সাইট্রেটিস্ ফর্টিয়ার, স্পিরিটস্ এমোনি এরোম্যাটিকস, স্পিরিটস্ এমোনি ফিটিডস্ ও টিংচুরা ওপিয়াই এমোনিয়েটা প্রস্তুত করিতে উগ্র এমোনিয়া দ্রব ব্যবহৃত হয়।

এমোনিয়াই ক্লোরাইডম্ (Ammonii Chloridum); ইং ক্লোরাইড্ অব্ এমোনিয়ম্ (Chloride of Ammonium); বাং নিশাদল।

প্রতিসংজ্ঞা। এমোনি হাইড্রোক্লোরাস্, এমোনি মিউরিয়াস্; সাল্ এমোনিয়াক্।

প্রস্তুত করণ। বিলাতি কয়লা চুয়াইয়া জ্বালাইবার জন্য গ্যাস্ প্রস্তুত করিয়া লইলে, যে এমোনিয়া সংযুক্ত পদার্থ রহিয়া যায়; তাহাতে লবণদ্রাবক মিশ্রিত করিয়া গাঢ় করিলে, অপরিশুদ্ধ নিশাদলের দানা প্রস্তুত হয়। পরে, উহাকে ঊর্দ্ধপাতন দ্বারা পরিষ্কার করিয়া লওয়া যায়। অথবা, উপরিলিখিত এমোনিয়া সংযুক্ত পদার্থে গন্ধক দ্রাবক মিশ্রিত করিয়া সল্‌ফেট্ অব্ এমোনিয়া প্রস্তুত করা যায়। অবশেষে এই সল্‌ফেট্ অব্ এমোনিয়াকে লবণের সহিত ঊর্দ্ধপাতন করিলে নিশাদল প্রস্তুত হয়।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। বর্ণহীন ঈষৎ স্বচ্ছ; গন্ধহীন ও তীক্ষ্ণ লবণাস্বাদ, জলে দ্রবনীয়।

অসম্মিলন। ক্ষার, ক্ষার কার্ব্বনেট্; সীস এবং রৌপ্য ঘটিত ঔষধাদি।

ক্রিয়া। ইহা সেবনে শোষিত হইয়া চর্ম্ম ও বিবিধ শ্লৈষ্মিক ঝিল্লির স্রাবন ক্রিয়া বর্দ্ধিত করে। ইহার পিত্তনিঃসারক পরিবর্ত্তক ও রজোনিঃসারক গুণ ও আছে।

আময়িক প্রয়োগ। ঠাণ্ডা লাগাইয়া স্বরভঙ্গ (Aphonia) হইলে ইহার আঘ্রাণ দ্বারা উপকার হয়।

যকৃতের স্কোটিক ও তাহার প্রদাহ রোগে ইহা বিশেষ উপকারক। নানা প্রকার স্নায়ুশূল,—বিশেষতঃ, টিক্‌ডলোরো রোগে ইহা দ্বারা উপকার পাওয়া যায়।

ইণ্টার্‌ কষ্টাল্‌ নিউর‍্যাল্‌জিয়া,—বিশেষতঃ, যক্ষ্মাগ্রস্ত ব্যক্তিদিগের এই রোগ, হইলে ইহা দ্বারা উপকার দর্শায়।

ক্রনিক্‌ ব্রঙ্কাইটিস্‌,—বিশেষতঃ, বৃদ্ধাবস্থায় নিউমোনিয়ার বর্দ্ধিতাবস্থায় লংসের রক্তাধিক্য হইলে ইহার সেবনে বিশেষ উপকার পাওয়া যায়।

এ'কিউট্‌ জন্‌ডিস্‌, হিপাটাল্‌জিয়া ও লিভারের পীড়া বশতঃ উদরি হইলে ইহা উপকারক।

মাইয়্যাল্‌জিয়া রোগে ইহা উৎকৃষ্ট ঔষধ।

বাহ্য প্রয়োগে উগ্রতাসাধক, শৈত্যকারক ও শোষক। মাত্রা ৫—২০ গ্রেণ। ইহা, লাইকর্‌ হাইড্রার্জিরাই পার্‌ক্লোরিডাই ও লাইকর এমোনি ফর্মিয়র প্রস্তুত করিতে প্রয়োজন হয়।

এমোনিয়াই কার্ব্বনাস্‌ (Ammonii Carbonas); ইং Carbonate of Ammonia)। প্রতিসংজ্ঞা। এমোনি সেস্কুই কার্ব্বনাস্‌।

প্রস্তুত করণ। নিশাদল বা হাইড্রোক্লোরেট্‌ অব্‌ এমোনিয়া, এবং খটিকা একত্র মিশ্রিত করিয়া উর্দ্ধপাতিত করিলে ইহা প্রস্তুত হয়।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। ঈষৎস্বচ্ছ; দানাযুক্ত; পিণ্ডাকার; এমোনিয়ার গন্ধযুক্ত; তীক্ষ্ণ আস্বাদ; উৎপতিষ্ণু; জলে দ্রবনীয়।

অসম্মিলন। দ্রাবক, এমোনিয়া ভিন্ন ক্ষার, টার্টারেটে্‌ ভিন্ন সমুদয় লৌহ ঘটিত লবণ; সীস শর্করা, ক্যালোমেল্‌, করোসিব্‌ সব্‌লিমেট্‌, ফটকিরি প্রভৃতি।

ক্রিয়া। বাহ্য ও আভ্যন্তরিক প্রয়োগে ইহার ক্রিয়া লাইকর্‌ এমোনিয়ার ন্যায়। ইহা অধিক মাত্রায় সেবন করিলে বমন হয়। ৩—১০ গ্রেণ মাত্রায় উত্তেজক ও কফনিঃসারক৭ ১০—৩০ গ্রেণ মাত্রায় বমনকারক।

আময়িক প্রয়োগ। অম্লাধিকা, বুকজ্বালা ও পেটফাঁপা প্রভৃতি রোগে ইহা ব্যবহার্য্য। বিশেষতঃ, এটনিক্ডিস্পেপ্সিয়া কিম্বা হিষ্টিরিয়াগ্রস্ত স্ত্রীলোকদিগের উক্ত ব্যাধিতে ইহা দ্বারা বিশেষ উপকার হয়। নিউমোনিয়া ও ফুস্ফুসের বিগলন রোগে অন্যান্য ঔষধ সহযোগে ইহা ব্যবহার্য্য।

বৃদ্ধ বয়সের এস্থেনিক্ ব্রঙ্কাইটিস্ রোগে ইহা ব্যবহার্য্য। ক্রুপ রোগের বর্দ্ধিতাবস্থায় ইহা উপকারক এবং কখন কখন্ ফল্স্ মেম্ব্রেণ্ বহির্গত করিবার উদ্দেশ্যে এমিটিক্ স্বরূপ ব্যবহৃত হয়।

বিস্মথাই কার্ব্বনাস্ ও লাইকর এমোনিয়াই এসিটেটিস্ ফর্সিয়র্ প্রস্তুত করিতে কার্ব্বনেট্ অব্ এমোনিয়া ব্যবহৃত হয়।

প্রয়োগরূপ। স্পিরিটস্ এমোনি এরোমাটিকস্ (Spiritus Ammoniæ Aromaticus)। প্রতিসংজ্ঞা সাল্ ভোলেটাইল্ (Sal volatile)।

কার্ব্বনেট্ অব্ এমোনিয়ম্ ৪ আং, উগ্র এমোনিয়া দ্রব ৪ আং; জায়ফলের বায়ীতৈল ৪।।০ ড্রাম্; শোধিত সুরা ৬ পাইন্ট; জল ৩ পাইন্ট। মাত্রা ।০—১ ড্রাম্।

টিংচুরা গোয়েকাই এমোনিয়েটা ও টিংচুরা ভেলেরিয়ানি এমোনিয়েটা প্রস্তুত করিতে স্পিরিটস্ এমোনি এরোম্যাটিকস্ ব্যবহৃত হয়।

লাইকর্ এমোনিয়াই এসিটেটিস্ ফর্সিয়র্ (Liquor Ammonii Acetates Fortior)। কার্ব্বনেট্ অব্ এমোনিয়ম্ ১৫।।০ আং, এসিটিক্ এসিড্ ৫০ আং; পরিশ্রুত জল যথা প্রয়োজন।

কার্ব্বনেট্ অব্ এমনিয়মকে চূর্ণ করিয়া প্রায় ৪৫ আং সির্কা দ্রাবকে ক্রমশ মিশ্রিত করিবে। অনন্তর, যে পর্য্যন্ত না দ্রব সমক্ষারাম্ল হয়, ততক্ষণ তাহাতে আরও দ্রাবক সংযুক্ত করিবে। অবশেষে, পরিশ্রুত জল সংযোগে ৩ পাইন্ট্ করিয়া সীসধাতুশূন্য বোতলে ইহা বদ্ধ করিয়া রাখিবে।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। বর্ণহীন ও গন্ধহীন দ্রব্য, অতিশয় লাবণিক আস্বাদ।

অসম্মিলন। অম্ল, ক্ষার, কার্ব্বনেট্, ফট্কিরি, চূনের জল, সীস শর্করা, হিরাকস ইত্যাদি। মাত্রা ২৫—৭৫ মিনিম্।

প্রয়োগরূপ। লাইকর এমোনিয়াই এসিটেটিস্ (Liquor Ammonii

Acetates) লাইকর এমোনি এসিটেটিস্ ফর্সিয়র্ ৪ আং; পরিশ্রুত জল ২০ আং) মাত্রা ২—৬ ড্রাম।

ক্রিয়া। ঘর্ম্ম, মূত্র ও শৈত্যকারক। অধিক মাত্রায় রজোনিঃসারক। জ্বর ও প্রদাহ রোগে বিশেষ প্রয়োজন হয়। কষ্টরজরোগে অধিক মাত্রায় দিবসে ৩।৪ আং সেবনে উপকার পাওয়া যায়।

লাইকর এমোনিয়াই সাইট্রেটিস্ ফর্সিয়র্ (Liquor Ammonii Citratis Fortior)।

প্রস্তুত করণ। (সাইট্রিক এসিড ১১ আং, উগ্র এমোনিয়া দ্রাবক ১১ আং; পরিশ্রুত জল যথা প্রয়োজন)।

জম্বীরাম্লকে এমোনিয়া সহযোগে সমক্ষারাম্ল করিয়া যথা প্রয়োজন পরিশ্রুত জলমিশ্রণে ১ পাইন্ট করিয়া সীস ধাতুশূন্য বোতলে রাখিয়া দিবে।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। পরীক্ষা কাগজে পরীক্ষা করিলে সমক্ষারাম্ল। মাত্রা ।০—.।০ ড্রাম।

প্রয়োগ রূপ। লাইকর্ এমোনিয়াই সাইট্রেটিস্ (Liquor Ammonii Citratis) (ষ্ট্রং সোলিউসন্ অব্ সাইট্রেট্ অব এমোনিয়ম্ ৫ আং, পরিশ্রুত জল ২০ আং) মাত্রা ২—৬ ড্রাম।

ক্রিয়া। স্বেদজনক এবং শৈত্যকারক। জ্বর ও প্রদাহ রোগে পাকাশয়ে উগ্রতা থাকিলে ইহা বিশেষ উপযোগী।

এমোনিয়াই নাইট্রাস্ (Ammonii Nitras)।

প্রস্তুতকরণ। এমোনিয়া বা কার্ব্বনেট্ অব্ এমোনিয়ম্ দ্রবকে জলমিশ্র যবক্ষার দ্রাবক সংযোগে সমক্ষারাম্ল করিয়া উৎপাতন করিলে দানা প্রস্তুত হয়। যে পর্য্যন্ত আর জলীয় বাষ্প উত্থিত না হয়, ততক্ষণ ঐ দানা সকলকে ৩২০ ডিগ্রির অনধিক তাপে তরলাবস্থায় রাখিবে।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। শ্বেতবর্ণ লবণ, দানাযুক্ত পিণ্ডাকার ও তীক্ষ্ণ তিক্ত আস্বাদ। বায়ুতে রাখিলে আর্দ্র হয়। নাইট্রাস্ অক্সাইড্ গ্যাস প্রস্তুত করিতে ইহা ব্যবহৃত হয়।

ক্রিয়া। ১ স্ক্রুপল্ মাত্রায় ইহা মূত্রকারক। ইহা সেবনে ধমনীর গতি মন্দ হয় ও শরীরের উত্তাপ হ্রাস হয়।

আময়িক প্রয়োগ। অধিক মাত্রায় জ্বর ও সর্দ্দিতে ইহা প্রয়োগ করা যায়।

এমোনিয়াই ফস্‌ফস্ (Ammonii Phosphos)।

প্রস্তুত করণ। ডাইলিউটেড্ ফস্‌ফরিক্ এসিড্ ২০ আং ও এমোনিয়ার উগ্রদ্রব যথা প্রয়োজন।

যে পর্য্যন্ত না দ্রব ঈষৎ ক্ষারগুণবিশিষ্ট হয়, ততক্ষণ ফস্‌ফরিক্ এসিডে এমোনিয়া দ্রব মিশ্রিত করিবে। পরে, মৃদু উত্তাপ দ্বারা তাহা গাঢ় করিবে। গাঢ় করিবার সময় মধ্যে মধ্যে এমোনিয়া দ্রব সংযোগে তাহাকে ঈষৎ ক্ষার গুণবিশিষ্ট রাখিবে। পরে, শীতল স্থানে রাখিয়া দানা হইলে ঐ দানা ছাঁকিয়া লইয়া শোষক কাগজের উপর শুষ্ক করিয়া লইবে।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। স্বচ্ছ, বর্ণহীন, স্তম্ভাকার, দানাবিশিষ্ট, জলে দ্রবনীয়, সুরাতে দ্রব হয় না। মাত্রা ৫—২০ গ্রেণ।

ক্রিয়া ও আময়িক প্রয়োগ। ইহা সেবনে শোষিত হইয়া শরীর মধ্যে ইউরিক্ এসিড্ সহযোগে ইউরেট্ অব্ এমোনিয়া রূপ প্রাপ্ত করায় ও সেই হেতু প্রস্রাবে ইউরিক্ এসিডের আধিক্য হইলে ইহা বিশেষ উপকার করে। গাউট্ ও বাতরোগে ইহা দ্বারা বিলক্ষণ উপকার হয়। কারণ ইহা ইউরেট্ অব্ সোডার সহিত সংযুক্ত হইয়া ইউরেট্ অব্ এমোনিয়া এবং ফস্‌ফেট্ অব্ সোডা রূপ প্রাপ্ত করায়। এই উভয় লবণই দ্রবনীয় ও শোষিত হইয়া মূত্র যন্ত্রাদি দ্বারা বহির্গত হয়। ইহার উত্তেজক, স্বেদজনক ও শোষক গুণও আছে।

সল্‌ফাইড্রেট্ অব্ এমোনিয়ম্ (Sulphydrate of Ammonium)। এমোনিয়া দ্রবে সল্‌ফিউরেটেড্ হাইড্রোজেন্ বায়ু প্রয়োগ দ্বারা ইহা প্রস্তুত হয়।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। সবুজাভ হরিদ্রাবর্ণ, স্বচ্ছ তরল পদার্থ, উগ্র ও কদর্য্য গন্ধ বিশিষ্ট।

ক্রিয়া ও আময়িক প্রয়োগ। অধিক মাত্রায় সেবনে ইহা স্নায়ুমণ্ডলীর অবসাদন ক্রিয়া প্রকাশ করে। শিরঃপীড়া, শিরোঘূর্ণন, তন্দ্রা, মূর্চ্ছা ও

বমনাদি লক্ষণ প্রকাশ পায়। অল্পমাত্রায় স্রাবন গ্রন্থির ক্রিয়া বর্দ্ধিত করে। বিবিধ চর্ম্মরোগে ও বাত, ব্রন্‌কাইটিস্‌ রোগে ইহা সেবন দ্বারা উপকার পাওয়া যায়।

ফট্‌কিরি (Aluminium); ইং (Alum)। সল্‌ফেট্‌ অব্‌ এ্যালুমিনা সল্‌ফেট্‌ অব্‌ এমোনিয়া নামক দুইটি লবণ সহযোগে ইহা প্রস্তুত হয়।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। শ্বেতবর্ণ; স্বচ্ছ, সুমিষ্ট কষায় আস্বাদ, সমাষ্ট-প্রদেশ দানাকার।

অসম্মিলন। ক্ষার ও ক্ষার কার্ব্বনেট্‌; রসকর্পূর; সীসশর্করা; বেরাইটা, ট্যানিন্‌ ও তৎসংযুক্ত দ্রব্যাদি।

ক্রিয়া। বাহ্যপ্রয়োগে ইহা সঙ্কোচক ও উগ্রতাসাধক। আভ্যন্তরিক প্রয়োগে ইহা পাকাশয় ও অন্ত্রস্থ শ্লৈষ্মিক ঝিল্লির উপর সঙ্কোচক ক্রিয়া প্রকাশ করে; পরে, শোষিত হইয়া স্রাবন গ্রন্থি ও অন্যান্য টিশুর উপর গৌণ সঙ্কোচক ক্রিয়া প্রকাশ করে।

অধিক মাত্রায় বিরেচক। প্রমেহ ও শ্বেতপ্রদর রোগে ইহার পিচকারী বিশেষ উপকারক। মুখ ও গলনলীর বিবিধ ক্ষতে ইহার কুল্লী ও চক্ষুপ্রদাহে ইহার ধৌত বিশেষ উপকার করে। মাত্রা ১০—২০ গ্রেণ্‌।

প্রয়োগ রূপ। ১ম। এলুমেন্‌ এক্সিকেটম্‌ (Alumen Exsicatum)। পটাশিয়ম্‌ এ্যালমকে উত্তাপ দ্বারা শুষ্ক করিয়া ইহা প্রস্তুত হয়।

২য়। গ্লিসিরাইনম্‌ এলিউমিনিস্‌ (Glycerinum Aluminis) (এ্যালম্‌ চূর্ণ ১ আং; গ্লিসিরিণ্‌ ৫ আং)।

এণ্টিমোনিয়ম্‌ (Antimonium); ইং (Antimony)। ইহা ধাতব অবস্থায় ঔষধার্থ ব্যবহৃত হয় না।

এণ্টিমোনিয়ম্‌ নাইগ্রম্‌ পিউরিফিকেটম্‌ (Antimonium Nigrum Purificatum)। প্রতিসংজ্ঞা; পিউরিফায়েড্‌ ব্ল্যাক্‌ এণ্টিমনি। বাং সুর্‌মা বা রসাঞ্জন।

প্রস্তুতকরণ। সল্‌ফাইড্‌ অব্‌ এণ্টিমনি সূক্ষ্ম চূর্ণ ১ পাউণ্ড; এমোনিয়া দ্রব ৮ আং; পরিস্রুত জল যথা প্রয়োজন।

এমোনিয়া দ্রবে সল্‌ফাইড্ অব্ এন্টিমনি ৫ দিবস পর্য্যন্ত ভিজাইয়া রাখিবে ও বারম্বার আলোড়িত করিবে। পরে, অধঃপাতিত হইবার জন্য চূর্ণ রাখিয়া, তাহা অধঃস্থ হইলে, উপরিস্থিত দ্রব ঢালিয়া ফেলিবে এবং জল সহযোগে অবশিষ্ট পদার্থকে সম্পূর্ণরূপে ধৌত করিয়া উত্তাপ দ্বারা তাহা শুষ্ক করিয়া লইবে।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। ধূসরাক্ত কৃষ্ণবর্ণ, দানাযুক্ত চূর্ণ। স্ফুটিত লবণ দ্রাবকে প্রায় দ্রব হয় ও সল্‌ফিউরেটেড্ হাইড্রোজিন্ বায়ু নির্গত হয়।

এন্টিমোনিয়ম্ সল্‌ফিউরেথম্; লাইকর এন্টিমোনিয়াই ক্লোরাইডি প্রস্তুত করিতে ইহা ব্যবহৃত হয়।

এন্টিমোনিয়ম্ সল্‌ফিউরেটম্ (Antimonium Sulphuratum)।

প্রতিসংজ্ঞা। সল্‌ফিউরেটেড্ এন্টিমনি।

প্রস্তুতকরণ। বিশুদ্ধ রসাঞ্জন ১০ আং; সব্‌লাইমড্ সল্‌ফার ১০ আং, সোডা দ্রব ৯০ আং; জল মিশ্র গন্ধকদ্রাবক ও পরিশ্রুত জল যথা প্রয়োজন।

রসাঞ্জন, গন্ধক ও সোডাদ্রব একত্রে মিশাইয়া দুই ঘণ্টা পর্য্যন্ত ফুটাইবে এবং অনবরত আলোড়িত করিবে ও মধ্যে মধ্যে জল মিশ্রিত করিয়া পূর্ব্ব-পরিমাণ বজায় রাখিবে। উষ্ণ থাকিতে থাকিতে তাহাতে ৯ প্যাইন্ট স্ফুটিত পরিশ্রুত জল মিশ্রিত করিবে। বস্ত্রের ছাঁকুনীতে ছাঁকিয়া, যে পর্য্যন্ত না দ্রবে কিঞ্চিৎ অম্লাধিক্য হয়, ততক্ষণ শীতল হইবার পূর্ব্বে তাহাতে ক্রমশঃ গন্ধক দ্রাবক সংযোগ করিবে। পরে, যাহা অধঃস্থ হইবে, তাহা ছাঁকুনীতে রাখিয়া, যে পর্য্যন্ত না ধৌত জলে ক্লোরাইড্ অব্ বেরিয়ম্ দিলে কিছুই অধঃস্থ হয়, ততক্ষণ তাহা পরিশ্রুত জলে ধৌত করিবে। অবশেষে ২১২ ডিগ্রির (ফারণ্‌হীট্) অনধিক উত্তাপে তাহা শুষ্ক করিয়া লইবে।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। স্বর্ণময় চূর্ণ; গন্ধবিহীন, ঈষৎ আস্বাদযুক্ত, জলে দ্রব হয় না। লবণ দ্রাবকে দ্রব হয় ও সল্‌ফিউরেটেড্ হাইড্রোজিন্ বায়ু নির্গত হয়। মাত্রা ১—৫ গ্রেণ।

পাইলুলা হাইড্রার্জিরাই সব্‌ক্লোরিডাই কম্পোজিটা প্রস্তুত করিতে ইহা ব্যবহৃত হয়।

এণ্টিমোনিয়ম্ টার্টারেটম্ (Antimonium Tartaratum); ইং (Tartarated Antimony)।

প্রতিসংজ্ঞা—এণ্টিমোনিয়াই পটাসিও টার্টারস্, এণ্টিমোনিয়ম্ টার্টারিজেটম্; টার্টার এমিটিক্।

প্রস্তুতকরণ। (অক্সাইড্ অব্ এণ্টিমনি ৫ আং; এসিড্ টার্টারেট্ অব্ পটাশিয়ম্ সূক্ষ্ম চূর্ণ ৬ আং; পরিশ্রুত জল ২ পাইণ্ট্)।

প্রথমোক্ত দুই দ্রব্যকে সামান্য জলে ভিজাইয়া ২৪ ঘণ্টা পর্য্যন্ত রাখিয়া দিবে। পরে, অবশিষ্ট জলে তাহা ১৫ মিনিট পর্য্যন্ত ফুটাইবে এবং বারম্বার আলোড়িত করিবে। অবশেষে তাহা ছাঁকিয়া দানা বাঁধিবার জন্য রাখিয়া দিবে। ছাঁকিয়া যে জল পাওয়া যাইবে, তাহা গাঢ় করিয়া তৃতীয় অংশ থাকিতে দানা বাঁধিবার জন্য রাখিয়া দিবে। উভয়ের দানা বাঁধিলে তাহা একত্রে শোষক কাগজের উপর রাখিয়া শুষ্ক করিয়া লইবে।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। বর্ণহীন, স্বচ্ছ, দানাবিশিষ্ট; গন্ধহীন, ঈষৎ মিষ্ট—কষায়, ধাতব আস্বাদ, জলে দ্রবণীয়, অগ্নির উত্তাপে চূর্ণ হইয়া কৃষ্ণবর্ণ ধারণ করে।

অসম্মিলন। অম্ল, ক্ষার, ক্ষার কার্ব্বনেট্, হাইড্রোসলফিউরিক্ এসিড্ যুক্ত লবণ, সীসধাতুঘটিত লবণ, ট্যানিক্ এবং গ্যালিক্ এসিড্ যুক্ত উদ্ভিদ্।

ক্রিয়া। অল্প মাত্রায় আভ্যন্তরিক প্রয়োগে ইহা ঘর্ম্মকারক; কফ ও পিত্তনিঃসারক, বিবমিশাজনক, মূত্রকারক, পরিবর্ত্তক ও অবসাদক। অধিক মাত্রায় বিরেচক ও বমন কারক।

আময়িক প্রয়োগ। বলিষ্ঠ রোগীর তরুণজ্বর ও বিবিধ প্রদাহ, যথা,—নিউমোনিয়া, ব্রঙ্কাইটিস্ প্রভৃতি পীড়ার ধামনিক অবসাদক বলিয়া ব্যবহৃত হয়। পুরাতন সন্ধিপ্রদাহে, শিরঃপীড়া ও পাকাশয়ের ও অন্যান্য বিবিধ প্রকার প্রদাহে ইহার মলম স্থানিক প্রয়োগে উপকারক। ঘর্ম্ম ও কফনিঃসারক মাত্রা ১/১৬—১/৮ গ্রেণ; অবসাদক মাত্রা ১/৬—২ গ্রেণ; বমনকারক মাত্রা ১—২ গ্রেণ।

প্রয়োগ রূপ। ১ম। ভাইনম্ এণ্টিমনিয়েল্ (Vinum Anti-

moniale)। (টার্টারেটেড্ এণ্টিমনি ৪০ গ্রেণ; সেরি ২০ আং)। মাত্রা ৫ মিং—১ ড্রাম।

২য়। অঙ্গুয়েণ্টম্ এণ্টিমোনিয়াই টার্টারেটাই (Unguentum Antimonii Tartatati) (টার্টারেটেড্ এণ্টিমনির সূক্ষ্ম চূর্ণ ।০ আং; সিম্পল্ অয়েণ্টমেণ্ট ১ আং)।

এণ্টিমোনিয়াই অক্সাইডম্ (Antimonii Oxidum) ইং (Oxide of Antimony)।

প্রস্তুতকরণ। ক্লোরাইড অব এণ্টিমনি দ্রব ১৬ আং, কার্ব্বনেট্ অব্ সোডিয়ম্ ৬ আং, জল ২ গ্যালন্; পরিশ্রুত জল যথা প্রয়োজন।

জলে ক্লোরাইড্ অব্ এণ্টিমনি মিশ্রিত করিয়া রাখিয়া দিলে যাহা অধঃস্থ হইবে, তাহাকে পরিশ্রুত জল দ্বারা বারম্বার ধৌত করিবে। পরে ২ পাইন্ট্ পরিশ্রুত জলে কার্ব্বনেট্ অব্ সোডা দ্রব করিয়া ইহার সহিত মিশ্রিত করণান্তর উত্তমরূপে আলোড়িত করিয়া রাখিয়া দিলে, যাহা অধঃস্থ হইবে, তাহাকে, যে পর্য্যন্ত না ধৌত জলে যবক্ষার দ্রাবক সংযুক্ত নাইট্রেট্ অব্ সিলভার দিলে কিছু মাত্র অধঃস্থ হয়, ততক্ষণ পরিশ্রুত জলে বারম্বার ধৌত করিবে। অবশেষে ২১২ ডিগ্রির অনধিক উত্তাপে তাহা শুষ্ক করিয়া লইবে।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। ধূসর মিশ্রিত শ্বেতবর্ণ চূর্ণ, অল্প উত্তাপে জ্বলিয়া যায়। জলে দ্রব হয় না; লবণ দ্রাবকে দ্রব হয়।

ক্রিয়া। টার্টার এমিটিকের ন্যায়; কিন্তু তদপেক্ষা মৃদু। মাত্রা ১—৪ গ্রেণ।

প্রয়োগরূপ। ১ম। পল্ভিস্ এণ্টিমোনিয়ালিস্ (Pulvis Antimonialis)। অক্সাইড্ অব্ এণ্টিমোনি ১ আং; ফস্ফেট্ অব্ ক্যালসিয়ম ২ আং)। ইহাকে "জেমস্ পাউডার বলে। মাত্রা ৩—৫ গ্রেণ।

২য়। লাইকর এণ্টিমোনিয়াই ক্লোরাইডি (Liquor Antimonii Chloridi)।

প্রস্তুতকরণ। (বিশুদ্ধ সুরমা ১ পৌং, লবণ দ্রাবক ৪ পাং)। ১৫ মিনিট পর্য্যন্ত ফুটাইয়া উহা নামাইবে। শীতল হইলে উহাকে ছাঁকিয়া সাফ করিয়া ২ পাইন্ট করিবে।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। পীত লোহিতবর্ণ গাঢ় দ্রব। ইহার এক বিন্দু অল্পপরিমাণ জলের সহিত মিশ্রিত করিলে দুগ্ধবৎ শুভ্রবর্ণ হয়।

আময়িক প্রয়োগ। ইহার অভ্যন্তরিক প্রয়োগ হয় না। দাহক ও ফোস্কাকারক রূপে ইহার বাহ্য প্রয়োগ হয়। ইহার বাহ্য প্রয়োগ দ্বারা বিষাক্ত ও দুষ্ট ক্ষতের বিষ নষ্ট হয়।

রৌপ্যধাতু (Argentum) ইং (Silver)।

আর্জেণ্টম্ পিউরিফিকেটম্ (Argentum Purificatum); ইং (Purified Silver)।

অর্জেণ্টাই নাইট্রস্ (Argenti Nitras); ইং (Nitrate of Silver)।

প্রস্তুতকরণ। (বিশুদ্ধ রৌপ্য ৩ আং; যবক্ষার দ্রাবক ২॥০ আং; পরিস্রুত জল ৫ আং)। কাচভাণ্ড মধ্যে জল ও যবক্ষার দ্রাবক একত্রে মিশাইয়া মৃদু উত্তাপ দ্বারা রৌপ্য দ্রব করিয়া, উপরের স্বচ্ছ পদার্থ একটি চীনপাত্রে ঢালিয়া, গাঢ় করিয়া, দানা বাঁধিবার জন্য রাখিয়া দিবে। দানা প্রস্তুত হইলে তাহা ছাঁকিয়া বিনা উত্তাপে শুষ্ক করিয়া লইবে। উপরি উক্ত অনুষ্ঠানে যেন ঔদ্ভিজ্জ বা জান্তব কোন পদার্থের সংস্রব না থাকে।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। চেপ্টা, ষট্প্রদেশ বিশিষ্ট, বর্ণহীন, দানযুক্ত অথবা শ্বেতবর্ণ, বর্ত্তিকাকার; কষায় আস্বাদ; পরিস্রুত জলে ও শোধিত সুরায় দ্রবনীয়।

অসম্মিলন। যবক্ষারদ্রাবক ভিন্ন সমুদয় দ্রাবক ও তৎসংযুক্ত লবণ, ক্ষার ও ক্ষার কার্ব্বনেট্, পরিস্রুত জল ভিন্ন অন্য জল উদ্ভিজ্জ সঙ্কোচক।

ক্রিয়া। বাহ্য প্রয়োগের জন্য অর্দ্ধ গ্রেণ হইতে অর্দ্ধ ড্রাম্ মাত্রায় ১ আউন্স পরিস্রুত জলের সহিত মিশ্রিত করিয়া ভিন্ন ভিন্ন অবস্থায় ভিন্ন ভিন্ন শক্তিতে প্রয়োগ করিলে ইহা সঙ্কোচক, উগ্রতা জনক ও ফোস্কাকারকরূপে কার্য্য করে। ঔপদংশীয় ক্ষত ও অন্যান্য দুষ্ট ক্ষতে স্থানিক প্রয়োজ্য। বিষালু জন্তুর দংশন বিষ নাশার্থ ইহা বর্ত্তিকাকারে প্রয়োগ করিলে উপকার হয়।

ইহা সঙ্কোচক ও পরিবর্ত্তক হইয়া পাকাশয় ও অন্ত্রস্থ শ্লৈষ্মিক ঝিল্লির উপর ক্রিয়া প্রকাশ করে; এবং শোষিত হইয়া পৌন

সঙ্কোচক গুণ দর্শায়। ইহা স্নায়ুমণ্ডলীর উপর বলকারক ক্রিয়া প্রকাশ করে। অধিক দিন ব্যবহার করিলে চর্ম্ম বিবর্ণ হয়। ইহার কারণ, রৌপ্য শরীর মধ্যে শোষিত হইয়া চর্ম্মের উপর স্তরের ন্যায় সঞ্চিত হয়। যাঁহারা অধিক দিন ইহা ব্যবহার করিয়া থাকেন তাঁহাদের চর্ম্মে এই চিহ্ন বিশেষরূপে লক্ষিত হয়।

আময়িক প্রয়োগ। বিষাক্ত ক্ষত, পশ্চিউলস্, উপদংশ ক্ষত, এরিসিপেলাস্ প্রভৃতি রোগে বিষ নষ্ট করিবার জন্য ইহার বাহ্য প্রয়োগ হয়। যথাযোগ্য জল মিশাইয়া ইহার পিচকারী, ধৌত ও কুল্লি, চক্ষু-প্রদাহে, প্রমেহরোগে, মুখ তালু ও কণ্ঠাদির প্রদাহ, জরায়ুপ্রদাহ প্রভৃতি রোগে বিশেষ উপকার করে।

আভ্যন্তরিক প্রয়োগে ইহা দ্বারা বিবিধ প্রকার পাকাশয়ের পীড়া, যথা, গ্যাষ্ট্রোডিনিয়া, মুখে জলউটা ও পাকাশয়ের কর্কটরোগে বিশেষ উপকার করে। ইহা অতিসার রোগেও ব্যবহৃত হয়। এপিলেপ্সী, কোরিয়া, হিষ্টিরিয়া প্রভৃতি বিবিধ স্নায়ুঘটিত রোগে ইহা বিশেষ উপকার দর্শায়। মাত্রা ১/৬—১/৩ গ্রেণ। পাউরুটির সহিত বটিকাকারে ব্যবস্থা করিবে।

আর্জেণ্টাই এট্ পটাসিয়াই নাইট্রস্ (Argenti et Potassii Nitras) ইং (Nitrate of Silver and Potassium); প্রতিসংজ্ঞা মিটিগেটেড্ কষ্টিক্। (নাইট্রেট্ অব্ সিল্ভার্ ১ আং, নাইট্রেট্ অব্ পটাশিয়ম্ ২ আং) উভয়কে প্লাটিনম্ বা পাতলা চীন পাত্রের মুষামধ্যে গলাইয়া উত্তম রূপে মিশ্রিত করিয়া যথোপযুক্ত ছাঁচে ঢালিয়া দিবে। পরে বোতল মধ্যে উত্তম রূপে ছিপি বন্ধ করিয়া রাখিবে।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। শুভ্র বা ধূসর বর্ণ, বর্ত্তিকাকার, পরিস্রুত জলে দ্রবনীয়।

আর্জেণ্টাই অক্সাইডম্ (Argenti Oxidum) ইং (Oxide of Silver); (সোলিউসন্ অব্ লাইম্ ৩॥০ পাং, নাইট্রেট্ অব্ সিল্ভারের দানা ॥০ আং, পরিস্রুত জল ১০ আং)। ৪ আং পরিস্রুত জলে নাইট্রেট্ অব্ সিল্ভার মিশ্রিত করতঃ উত্তমরূপে নাড়িয়া রাখিয়া দিবে। যাহা অদ্রব্য

হইবে, তাহাকে অবশিষ্ট পরিস্রুত জল দ্বারা ধৌত করিয়া, ২১২ ডিগ্রির অনধিক উত্তাপে শুষ্ক করিয়া লইয়া কাচের ছিপিযুক্ত বোতলে রাখিয়া দিবে।

অসম্মিলন। ক্রিয়াজোটের সহিত কখন একত্রে ব্যবহার করা উচিত নহে; কারণ, উভয়ের একত্র মিশ্রণে অগ্ন্যুৎপাদন হয়।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। পাটল বর্ণ চূর্ণ; যবক্ষার দ্রবকে দ্রবনীয়; অগ্নি সন্তাপে ইহার অক্সিজিন্ উড়িয়া যায়।

ক্রিয়া। নাইট্রেট্ অব্ সিল্ভারের ন্যায়, কিন্তু ইহা অপেক্ষা অতি মৃদু। মাত্রা ॥০—২ গ্রেণ।

ক্লোরাইড্ অব্ সিল্ভার্ (Chloride ofSilver), নাইট্রেট্ অব্ সিল্ভার্ দ্রবে লবণ বা লবণদ্রাবক দিলে ইহা অধঃস্থ হয়।

ক্রিয়া অক্সাইড্ অব সিল্ভারের ন্যায়।

আর্সেনিকম্ (Arsenicum); ইং (Arsenic); বাং শিমুলক্ষার, শঙ্খবিষ, শেঁকো। ইহা বিবিধ রূপে গন্ধকসংযোগে পাওয়া যায়। ইহা ভিন্ন ইহা কোবল্ট, নিকেল্ ও লৌহ সংযোগে খনি মধ্যে পাওয়া যায়। ইহা দ্বারা কোন ঔষধ প্রস্তুত হয় না।

এসিডম্ আর্সেনিওসম্ (Acidum Arseniosum); ইং (Arsenious Acid); প্রতিসংজ্ঞা। আর্সেনিক্; আর্সেনিকম্ এলবম্; হোয়াইট্ আর্সেনিক্; এন্হাইড্রাস্ আর্সেনিয়স্ এসিড্। বিবিধ আর্সেনিক্ ঘটিত খনিজ দ্রব্যকে দগ্ধ করিলে ইহা পাওয়া যায়।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। শ্বেতবর্ণ; গুরু; গন্ধাস্বাদ রহিত; জলে অল্প দ্রবনীয়।

ক্রিয়া। অল্প মাত্রায় পরিবর্ত্তক, বলকারক, এবং পর্য্যায়নিবারক। বাহ্য প্রয়োগে পচননিবারক ও উগ্রতাজনক এবং দাহক। অল্প মাত্রায় হৃৎপিণ্ডের ক্রিয়া ঈষৎ উত্তেজিত করে এবং ক্ষুধা ও পরিপাক শক্তি বর্দ্ধিত হয়। অধিক মাত্রায় উগ্র, প্রাদাহিক এবং দাহক বিষক্রিয়া প্রকাশ করে। ইহার বিষক্রিয়া কখন কখন সেবনের ৫।৭ মিনিট, কখন বা অর্দ্ধ ঘণ্টা, কখন বা ৫।৭ ঘণ্টা পরে প্রকাশ পায়।

বিষাক্তের লক্ষণ। ইহা দুই প্রকারে প্রকাশিত হয়। কাহার বা পাকাশয় ও অন্ত্রের প্রদাহাদি লক্ষণ প্রকাশ পায়, কাহার বা কেবল মাত্র স্নায়ুমণ্ডলের উপর বিষক্রিয়া দর্শায়।

আর্সেনিক্ সেবনে বিষাক্ত হইলে এই সকল লক্ষণ প্রকাশ পায়; যথা, পাকাশয়ে জ্বালা ও বেদনা, বিবমিষা, বমন, ভেদ ও বমনের সহিত রক্ত মিশ্রিত শ্লেষ্মা নির্গত হয়; অত্যন্ত তৃষ্ণা, মুখাভ্যন্তরীয় শ্লৈষ্মিক ঝিল্লি রক্তবর্ণ, মলদ্বারে প্রদাহ ও বেদনা, শরীর উষ্ণ অথবা শীতল পাণ্ডুবর্ণ এবং ঘর্ম্মাভিষিক্ত; নাড়ী ক্ষীণ, দ্রুত, বৈষম্যদোষযুক্ত, হৃৎকম্প প্রভৃতি বিবিধ লক্ষণ দেখা যায় অল্পমাত্রায় অধিকদিন সেবনেও বিষক্রিয়া করতঃ উপরোক্ত লক্ষণ সমুদয় প্রকাশ করে।

শবচ্ছেদ করিলে পাকাশয় অন্ত্রস্থ শ্লৈষ্মিক ঝিল্লির প্রদাহ চিহ্ন বা ক্ষত দৃষ্ট হয়। যকৃত ও মূত্রগ্রন্থির ঐচ্ছিক পেশীর মেদাপকৃষ্টতা জন্মে।

চিকিৎসা। বমনকারক ঔষধ, ষ্টমাক্‌পাম্প্ দ্বারা পাকাশয় উত্তম রূপে ধৌত করিবে। যথেষ্ট পরিমাণে স্নিগ্ধ পানীয় সেবন করাইবে। পরে, অন্ত্র পরিষ্কার করণার্থ এরণ্ড তৈল ব্যবস্থা করিবে। বিষনাশার্থ জান্তব অঙ্গার, আর্দ্র পারক্সাইড্ অব্ আয়রণ্ এবং চুনের জল বিধেয়।

আন্ত্রিক উগ্রতা নিবারণার্থ অহিফেন মহৌষধ; ইহা সেবন করাইবে এবং পিচকারী দ্বারা মলদ্বারে প্রয়োগ করিবে। অবসন্নাবস্থায় উত্তেজক ঔষধ বিধেয়।

আর্সেনিক্ শোষিত হইয়া কার্য্য করে। তাহার প্রমাণ এই যে, ইহা সেবনে মৃত্যু হইলে যকৃৎ, প্লীহা, ফুস্‌ফুস্, হৃৎপিণ্ড, মস্তিষ্কাদিতে রাসায়নিক পরীক্ষা দ্বারা ইহা পাওয়া যায়। দুগ্ধ ভিন্ন সমুদয় স্রাবন রসে ইহা পাওয়া যায়।

আময়িক প্রয়োগ। (১) উপদংশ ভিন্ন বিবিধ চর্ম্মরোগে ইহা বিশেষ উপকারক। যথা,—পুরাতন একজিমা, সোরাইসিস্, পেম্‌ফিগস্, লাইকেন্ রুবার্ প্রভৃতি রোগে বিশেষ উপকার দর্শে।

(২) পর্য্যায় নিবারক। যে সকল ম্যালেরিয়া ঘটিত জ্বরে কুইনাইন

সেবন দ্বারা কোন উপকার পাওয়া যায় না, তথায় আর্সেনিক্ পরম উপকারক।

(৩) কোরিয়া, হিষ্টিরিয়া, এপিলেপ্সী প্রভৃতি রোগেও বিশেষ উপকার করে।

(৪) বিবিধ পুরাতন ফুসফুস্ রোগে, যথা—থাইসিস্, নিউমোনিয়া, ব্রঙ্কাইটিস্ প্রভৃতি রোগে পরিবর্ত্তকরূপে ব্যবহৃত হয়। মাত্রা ১/৬০—১/১২ গ্রেণ।

প্রয়োগ রূপ। (১) লাইকর আর্সেনিকেলিস্ (Liquor Arsenicalls)। প্রতিসংজ্ঞা। লাইকর্ পটাসি আর্সেনাইটিস্; ফাউলার্স সোলিউসন্।

প্রস্তুত করণ। (আর্সেনিয়স্ এসিড্ চূর্ণ; কার্ব্বনেট্ অব্ পটাশিয়ম্ প্রত্যেকে ৮৭ গ্রেণ; কম্পাউণ্ড্ টিংচার্ অব্ লেভেণ্ডার্ ৫ ড্রাম্; পরিশ্রুত জল সর্ব্বসমেত ১ পাইন্ট পূর্ণ করিতে যথা প্রয়োজন) মাত্রা ২—৮ মিনিম্। ইহার প্রতি আউন্সে প্রায় ৪॥০ গ্রেণ আর্সেনিয়স এসিড্ আছে।

(২) লাইকর আর্সেনিসাই হাইড্রোক্লোরিকস্ (Liquor Arsenici Hydrochloricus)। (আর্সেনিয়স্ এসিড্ চূর্ণ ৮৭ গ্রেণ, হাইড্রোক্লোরিক্ এসিড্ ২ ড্রাম্; পরিশ্রুত জল যথা প্রয়োজন; লবণ দ্রাবক ৪ আং জল ও আর্সেনিয়স্ এসিড্ মিশ্রিত করিয়া ফুটাইবে। দ্রব হইলে তাহা পরিশ্রুত জল দ্বারা ১ পাইন্ট পূর্ণ করিবে। মাত্রা ২—৮ মিং।

সোডিয়াই আর্সেনিয়স্

(Sodii Arsenias)। (আর্সেনিয়স্ এসিড্ ১০ আং; নাইট্রেট্ অব্ সোডিয়ম্ ৮॥০ আং, শুষ্ক কার্ব্বনেট্ অব্ সোডিয়ম্ ৫॥০ আং; ফুটিত পরিশ্রুত জল ৩৫ আং)। প্রথমোক্ত তিন দ্রব্যকে পৃথক পৃথক চূর্ণ করিয়া একত্রে মিশাইয়া, মৃত্তিকানির্ম্মিত মূষা মধ্যে বদ্ধ করিয়া, তাহাতে অগ্নি তাপ দিবে। দ্রব হইলে তাহা প্রস্তর ফলকে ঢালিয়া দিবে। সংযত হইলে তপ্ত থাকিতে থাকিতে ফুটিত জলে ফেলিয়া উত্তমরূপে তাহা আলোড়িত করিবে। দ্রব হইলে তাহা ছাঁকিয়া লইয়া, দানা বাঁধিবার জন্য রাখিয়া দিয়া, দানা সকল ছাঁকিয়া লইয়া শোষক কাগজের উপর শুষ্ক করিয়া উত্তমরূপে বোতলে বদ্ধ করিয়া রাখিবে।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। বর্ণহীন, স্বচ্ছ, সুতাকার দানাযুক্ত, ক্ষার-গুণ বিশিষ্ট, জলে দ্রবনীয়।

ক্রিয়া। আর্সেনিয়স্ এসিডের ন্যায়। মাত্রা ১/১৬—১/৮ গ্রেণ।

প্রয়োগ রূপ। লাইকর সোডিয়াই আর্সেনিয়েটিস্ (Liquor Sodii Arseniatis)। (৩০০ তাপাংয়ে শুষ্ক) আর্সেনিয়েট্ অব্ সোডিয়ম্ ৯ গ্রেণ; পরিশ্রুত জল ২ আং। মাত্রা ৫—১০ মিং। ইহার ১০০ ভাগে ১ ভাগ আর্সেনিয়েট্ অব্ সোডিয়ম্ আছে

ফেরি আর্সেনিয়াস্ (Ferri Arsenias)। আয়রণের সহিত বর্ণীত হইয়াছে।

আর্সেনিয়াই আইয়োডাইডম্ (Arsenii Iodidum) প্রতিসংজ্ঞা।—আইয়োডাইড্ অব্ আর্সেনিক্; আর্সেনিয়স, আইয়োডাইড্।

ইহা আইয়োডিন্ ও আর্সেনিক্ ধাতুর সাক্ষাৎ সম্মিলন দ্বারা প্রস্তুত হয়।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। ক্ষুদ্র কমলালেবুর বর্ণের দানাবিশিষ্ট; জল ও শোধিত সুরায় দ্রবনীয়।

ক্রিয়া। পরিবর্ত্তক ও বলকারক। সেবনে মূত্র, ঘর্ম্ম এবং লালা দ্বারা শরীর হইতে নির্গত হয়। অধিক মাত্রায় উগ্র বিষক্রিয়া করে। মাত্রা ১/৩০ গ্রেণ।

প্রয়োগ রূপ। লাইকর্ আর্সেনিয়াই এট্ হাইড্রার্জিরাই আইয়োডিডাই (Liquor Arsenii et Hydrargyri Iodidi)। প্রতিসংজ্ঞা। ডনোভান্স্ সোলিউশন্।

প্রস্তুত করণ। আইয়োডাইড্ অব্ আর্সেনিয়ম্, রেড্ আইয়োডাইড্ অব মার্কারি প্রত্যেক ৪৫ গ্রেণ; পরিশ্রুত জল ১০ আউন্স পূর্ণ করিতে যথা প্রয়োজন। যে পর্য্যন্ত না প্রায় সমস্তই দ্রব হয়, ততক্ষণ, প্রায় ১॥০ আং জলে উভয় আইয়োডাইড্কে মর্দ্দন করিবে। পরে, তাহা ছাঁকিয়া লইয়া এরূপ পরিমাণ জল দ্বারা ছাঁকুনী ধৌত করিবে, যেন উভয়ে ১০ আউন্স দ্রব হয়। মাত্রা ১০—৩০মিং।

বিস্মথম্ (Bismuthum) ইং Bismuth।

ইহা দানাযুক্ত ধাতু, খনিতে অপরিশুদ্ধ অবস্থায় পাওয়া যায়।

বিস্মথম্ পিউরিফিকেটম্ (Bismuthum Purificatum); ইং (Purified Bismuth)।

প্রস্তুতকরণ। (বিস্মথ্ ১০ আং, সাইয়েনাইড্ অব্ পটাসিয়ম্ ৷০ আং, গন্ধক ৮০ গ্রেণ, কার্ব্বনেট্ অব্ পটাশিয়ম্ ও সোডিয়ম্ সদ্যোদগ্ধ প্রত্যেক যথা প্রয়োজন)। মুষামধ্যে বিসমথ্‌কে গলাইয়া লইবে।

সায়েনাইড্ অব্ পটাসিয়ম্ ও গন্ধক একত্রে মিশ্রিত করিয়া তাহাতে সংযোগ করিবে। সমুদয়কে প্রায় ১৫ মিনিট কাল মৃদুলোহিত উত্তাপে উত্তপ্ত করিবে ও অনবরত আলোড়িত করিবে। পরে, মুষাকে অগ্নির উত্তাপ হইতে নামাইয়া শীতল হইবার জন্য তাহা রাখিয়া দিবে। দ্রব ঘনীভূত হইয়া ছালের ন্যায় উপরে পড়িলে তাহাতে দুইটী ছিদ্র করিয়া, যে বিস্মথ্ তখনও তরল থাকিবে, তাহা অন্য এক মুষামধ্যে ঢালিয়া দিবে। এই আংশিক বিশুদ্ধ বিস্মথ্‌কে সমভাগ শুষ্ক কার্ব্বনেট্ অব্ পটাসিয়ম্ ও সোডিয়মের মিশ্রের প্রায় শতকরা ৫ অংশের সহিত উজ্জ্বল লোহিতোত্তাপে অনবরত আলোড়ন দ্বারা পুনর্ব্বার গলাইবে। অবশেষে অগ্নির উত্তাপ হইতে মুষা নামাইয়া শীতল করিয়া বিস্মথ্‌কে উপযুক্ত ছাঁচে ঢালিয়া দিবে।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। ধূসর শ্বেতবর্ণ দানাযুক্ত ধাতু, স্পষ্ট লোহিত আভাযুক্ত।

ইহার প্রয়োগরূপ সমূহ। যথা—বিস্মথাই অক্সাইডম্; বিস্মথাই সবনাইট্রাস্; লাইকর বিস্মথাই এট্ এমোনিয়াই সাইট্রেটিস্; ট্রোচিসাই বিস্মথাই।

বিস্মথাই অক্সাইডম্ (Bismuthi Oxidum); ইং (Oxide of Bismuth)।

প্রস্তুত করণ। সব্নাইট্রেট্ অব্ বিস্মথ্ ১ পাউণ্ড, সোলিউশন্ অব্ সোডা, ৪ পাইন্ট।

উক্ত পদার্থদ্বয়কে একত্রে মিশ্রিত করিয়া পাঁচ মিনিট পর্য্যন্ত ফুটাইয়া লইবে। পরে ঐ মিশ্র শীতল হইলে ও অক্সাইড্ অধঃস্থ হইলে, উপরিস্থিত তরলাংশ ঢালিয়া ফেলিয়া ঐ অধঃস্থ দ্রব্যকে পরিস্রুত জল দ্বারা উত্তমরূপে ধৌত করতঃ অবশেষে জলস্বেদন যন্ত্রোত্তাপে শুষ্ক করিয়া লইবে।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। পীতবর্ণ চূর্ণ; জলে দ্রব হয় না।

ক্রিয়া। কার্ব্বনেট্ অব্ বিস্মথের ন্যায়। মাত্রা ৫—১৫ গ্রেণ।

বিস্মথাই সব্নাইট্রাস্ (Bismuthi Subnitras); ইং (Subnitrate of Bismuthi) প্রতিসংজ্ঞা। অক্সিনাইট্রেট্ অব্ বিস্মথ্।

প্রস্তুত করণ। (বিশুদ্ধ বিস্মথ্ ২ আং; যবক্ষার দ্রাবক ৪ আং; পরিস্রুত জল যথা প্রয়োজন)।

৩ আং জলে যবক্ষার দ্রাবক মিশাইয়া উহাতে ক্রমশঃ বিস্মথ্ চূর্ণ দিবে। উচ্ছলন শেষ হইলে ১০ মিনিট কাল অগ্নির উত্তাপে ফুটিত করিয়া তাহা ছাঁকিবে। পরে, গাঢ় করিয়া ২ আং হইলে তাহাতে অর্দ্ধ গ্যালন্ জল মিশাইয়া, অধঃস্থ হওন স্থগিত হইলে উপরিস্থিত তরলাংশ অন্য পাত্রে রাখিবে। তৎপরে, অধঃস্থ পদার্থে অর্দ্ধ গ্যালন্-পরিস্রুত জল মিশাইয়া তাহা উত্তমরূপে আলোড়িত করিবে। অবশেষে দুই ঘণ্টার পর তরলাংশ ঢালিয়া ফেলিয়া, অধঃস্থ পদার্থকে বস্ত্রের ছাঁকুনীতে সংগ্রহ করিয়া, হস্ত দ্বারা নিঙড়াইয়া ১৫০ ডিগ্রির (ফারণ্হীট্) অনধিক উত্তাপে শুষ্ক করিয়া লইবে।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। শ্বেতবর্ণ ক্ষুদ্র শঙ্কাকার দানাযুক্ত চূর্ণ; ইহাতে সল্ফিউরেটেড্ হাইড্রোজিন্ বায়ু লাগাইলে কৃষ্ণবর্ণ হয়। জলে দ্রব হয় না।

ক্রিয়া। সঙ্কোচক, পরিবর্ত্তক, স্নায়বীয় বলকারক ও আক্ষেপ নিবারক।

আভ্যন্তরিক প্রয়োগে পাকাশয় ও অন্ত্রের শ্লৈষ্মিক ঝিল্লির উপর অবসাদন ক্রিয়া প্রকাশ করে এবং কতক অংশ শোষিত হইয়া স্রাবন গ্রন্থি দ্বারা অল্প পরিমাণে নির্গত হয়।

অধিকাংশ অন্ত্র মধ্যে সল্ফিউরেটেড্ হাইড্রোজিন্ বায়ুর সহিত মিশ্রিত হইয়া মলকে কৃষ্ণবর্ণ করতঃ নির্গত হইয়া যায়। ইহা পাকাশয়ের শূল ও অজীর্ণ বশতঃ পাকাশয়ের উগ্রতাজনক রোগে বিশেষ উপকারক। প্যাইরোসিস, বিবমিষা, বমন প্রভৃতিতে অবসাদক বলিয়া বিশেষ ব্যবহৃত হয়। মাত্রা ৫—২০ গ্রেণ।

আময়িক প্রয়োগ। ইন্টার্ ট্রাইগো, মুখ মধ্যে ক্ষত হইলে ইহার বাহ্য প্রয়োগে বিশেষ উপকার পাওয়া যায়। গনোরিয়া ও লিউকোরিয়া রোগে ইহার পিচকারী বিশেষ উপকারক।

মস্তকে ঠাণ্ডা লাগিলে ইহার নস্য গ্রহণ দ্বারা উপকার পাওয়া যায়।

নানা প্রকার অজীর্ণ রোগে—বিশেষতঃ, যখন বেদনা ও বমি থাকে,—ইহার আভ্যন্তরিক প্রয়োগ বিশেষ ফলদায়ক।

আহারের পর উদর মধ্যে বেদনানুভব হইলে ইহা দ্বারা উপকার পাওয়া যায়।

বালক ও যক্ষ্মাগ্রস্ত ব্যক্তিদিগের উদরাময় রোগে ইহা বিশেষ উপকারক। ওলাউঠার প্রথমাবস্থায় ইহা উপকার দর্শায়।

প্রয়োগরূপ। টে়াচিসাই বিস্মথাই (Torchisci Bismuthi)। সব্-নাইট্রেট্ অব্ মিস্মথ্ ১৪৪০ গ্রেণ, কার্ব্বনেট্ অব্ ক্যাল্সিয়ম্ ৪ আং, প্রিসিপিটেটেড্ কার্ব্বনেট্ অব্ ক্যাল্সিয়ম্ ৬ আং; বিশুদ্ধ শর্করা ২৯ আং; আরবি গঁদ চূর্ণ ১ আং, গঁদের মণ্ড ২ আং, গোলাপজল যথা প্রযোজন। ইহাতে ৭২০ চাক্তি প্রস্তুত কর। মাত্রা ১—৬ চাক্তি। ইহার প্রত্যেক চাক্তিতে ২ গ্রেণ বিস্মথ্ থাকে।

বিস্মথাই সাইট্রাস্ (Bismuthi Citras); ইং (Citrate of Bismuth)।

প্রস্তুত করণ। সব্নাইট্রেট্ অব্ বিস্মথ্ ৫।০ আং, যবক্ষার দ্রাবক ১১ আং, সাইট্রিক্ এসিড্ ৪ আং, বাইকার্ব্বনেট্ অব্ সোডিয়ম্ ৮ আং, পরিস্রুত জল যথা প্রয়োজন।

যে পর্য্যন্ত না দ্রবীভূত হয়, ততক্ষণ যবক্ষার দ্রাবকের সহিত সব্নাইট্রেট অব বিসমথকে উত্তপ্ত করিবে। পরে, তাহাতে কিছু জল দিয়া অনবরত আলোড়িত করিবে। যখন পুনর্ব্বার জল মিশ্রিত করিলে তাহা আর ঘোলাইয়া যায় না এবং অনতিবিলম্বে অদৃশ্য হইয়া যায় না, তখন ক্ষান্ত হইবে। পরিস্রুত জলে বাইকার্ব্বনেট্ অব্ সোডিয়ম্ দ্রব করিয়া তাহাতে জম্বীরাম্ল মিশ্রিত করিবে। সমস্ত বাষ্প বহির্গত হওয়া পর্য্যন্ত তাহা ফুটাইবে ও পরে, যখন আর কিছুই অধঃস্থ হয় না, তখন পরিষ্কার বা ঈষন্মাত্র জ্যোতির্ম্ময় বিস্মথ্ দ্রবে মিশ্রিত করিবে। অনন্তর, তাহা ফুটাইবে এবং মধ্যে মধ্যে আলোড়িত করিবে। পরে, শীতল হইবার জন্য রাখিয়া দিয়া, শীতল হইলে ছাঁকিবে এবং যে পর্য্যন্ত তাহাতে বিযুক্ত যবক্ষার দ্রাবক না থাকে,

ততক্ষণ অধঃস্থ সাইট্রেট অব বিসমথকে ধৌত করিবে। অবশেষে, জলস্বেদন যন্ত্রোত্তাপে তাহা শুষ্ক করিয়া লইবে।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। শ্বেতবর্ণ চূর্ণ, এমোনিয়ার দ্রবে দ্রবনীয়।

ক্রিয়া। বিস্মথ্ সব্ নাইট্রেসের ন্যায়। ইহা সহজেই দ্রব হয়। এ প্রযুক্ত অনেকে ইহাকে বিস্মথ্ সব্ নাইট্রস্ অপেক্ষা উপকারী বলেন। মাত্রা ২—৫ গ্রেণ।

প্রয়োগরূপ। লাইকর বিস্মথাই এট্ এমোনিয়াই সাইট্রেটিস্ (Liquor Bismuthi et Ammonii Citratis); প্রতিসংজ্ঞা। লাইকর্ বিস্মথাই।

প্রস্তুত করণ। সাইট্রেট্ অব্ বিস্মথ্ ৮০০ গ্রেণ; এমোনিয়া দ্রব ও ও পরিশ্রুত জল যথা প্রয়োজন। সমস্ত একত্রে এক পাইন্ট হওয়া যাই।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। পরিষ্কার, তরলপদার্থ, ঈষৎ ধাতব আস্বাদ। মাত্রা ॥০—১ ড্রাম।

প্রয়োগ রূপ। বিস্মথাই এট্ এমোনিয়াই সাইট্রাস্ (Bismuthi et *Ammonii Citras*)।

প্রস্তুত করণ। ১ পাং সোলিউসন্ অব্ সাইট্রেট্ অব্ বিস্মথ্ এণ্ড এমোনিয়মকে জলস্বেদন যন্ত্রোত্তাপে উৎপাতিত করিয়া সিরাপের আকারে প্রস্তুত করিবে।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। শল্ক সকল ক্ষুদ্র, উজ্জ্বল ঈষৎস্বচ্ছ, ঈষৎ ধাতব আস্বাদ; জলে দ্রবনীয়। মাত্রা ২—৫ গ্রেণ।

বিস্মথাই কার্ব্বনাস্ (Bismuthi Carbonas)।

প্রতিসংজ্ঞা। অক্সি কার্ব্বনেট্ অব্ বিস্মথ্।

প্রস্তুত করণ। বিস্মথ্ স্থূল চূর্ণ ২ আং; যবক্ষার দ্রাবক ৪ আং; কার্ব্বনেট্ অব্ এমোনিয়ম্ ৬ আং; পরিশ্রুত জল যথা প্রয়োজন।

৩ আং পরিশ্রুত জলে যবক্ষার দ্রাবক মিশ্রিত করিয়া, তাহাতে বিস্মথ্ ক্রমশঃ সংযোগ করিবে। উচ্ছলন শেষ হইলে ১০ মিনিট কাল প্রায় স্ফুটিত করিয়া তাহা ছাঁকিবে। অদ্রবীভূত পদার্থ বর্ত্তমান থাকিলে তাহা হইতে দ্রবকে পাত্রান্তর করিবে। উহাকে গাঢ় করিয়া ২ আং কয়েঃ, পরিশ্রুত জলে

কার্ব্বনেট্ অব্ এমোনিয়মকে দ্রব করিয়া, ছাঁকিয়া, ইহার সহিত অল্পে অল্পে মিশাইবে এবং বারম্বার আলোড়িত করিবে। যাহা অধঃস্থ হইবে, তাহা বস্ত্রের ছাঁকুনীতে ছাঁকিয়া লইয়া, যে পর্য্যন্ত না ধৌত জল আস্বাদবিহীন হয়, ততক্ষণ পরিস্রুত জল দ্বারা বারম্বার ধৌত করিবে। পরে, অধঃস্থ পদার্থ হইতে হস্ত দ্বারা যথাসম্ভব জলীয়াংশ নিঙড়াইয়া ফেলিবে এবং ১৫০ ডিগ্রির অনধিক উত্তাপে তাহা শুষ্ক করিয়া লইবে।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। শ্বেতবর্ণ চূর্ণ, জলে দ্রব হয় না, সল্‌ফিউ-রেটেড্ হাইড্রোজিন্ বায়ু দ্বারা কৃষ্ণবর্ণ হয়।

ক্রিয়া। সব্‌নাইট্রেট্ অব্ বিস্‌মথের ন্যায়। পাকাশয়ের পাক রসের সহিত শীঘ্র দ্রব হয়। এই হেতু অনেকে সব্ নাইট্রেট্ অব্ বিস্‌মথ্ অপেক্ষা ইহাকে উত্তম বলিয়া বিবেচনা করেন।

ক্যাড্‌মিয়ম্ (Cadmium Ca—112)। ইহা দেখিতে টিন্ ধাতুর ন্যায় শুভ্রবর্ণ, জিঙ্কের সহিত মিশ্রিতাবস্থায় খনি মধ্যে পাওয়া যায়।

ক্যাড্‌মিয়াই আইয়োডাইডম্ (Cadmii Iodidum) ইহা ব্রিটিস্ ফার্ম্মা-কোপিয়ায় গৃহীত নহে।

এই লবণ, ক্যাড্‌মিয়ম্ ধাতু এবং আইয়োডিন্ সহযোগে প্রস্তুত হয়।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। চেপ্টা, শ্বেতবর্ণ, মুক্তার ন্যায় আভাযুক্ত, দানাবিশিষ্ট।

ক্রিয়া। আভ্যন্তরিক প্রয়োগের নিমিত্ত ইহা ব্যবহৃত হয় না। বাহ্য-প্রয়োগে ইহা স্থানিক উত্তেজক এবং আইয়োডাইড্ অব্ লেডের পরিবর্ত্তে ব্যবহৃত হয়। স্ক্রফিউলাজনিত গ্রন্থিবিবর্দ্ধন ও কোন কোন দুর্দ্দম্য চর্ম্ম-রোগে উপকার দর্শায়। ইহা আইয়োডাইড্ অব লেডের ন্যায় চর্ম্মকে পীতবর্ণ করে না এবং শোষিত হইয়া সীস ধাতুর ন্যায় বিষক্রিয়া প্রকাশ করে না।

প্রয়োগরূপ। অঙ্গুয়েন্টম্ ক্যাড্‌মিয়াই আইয়োডিডাই (Unguentum Cadmii Iodidi)। আইয়োডাইড্ অব্ ক্যাড্‌মিয়ম্ সূক্ষ্ম চূর্ণ ৬২ গ্রেণ, সিম্পল্ অয়েন্টমেন্ট্ ১ আং।

ক্যাড্‌মিয়াই সল্‌ফস্ (Cadmii Sulphas)।

কার্ব্বনেট্ অব্ ক্যাড্মিয়ম্কে জলমিশ্রিত গন্ধকদ্রাবকে দ্রব করিয়া গাঢ় করিয়া প্রস্তুত হয়। ইহা সলফেট্ অব্ জিঙ্কের ন্যায় দানাযুক্ত।

ক্রিয়া। সল্ফেট্ অব্ জিঙ্কের ন্যায় কিন্তু তদপেক্ষা অধিক উগ্র। চক্ষু প্রদাহে ১—২ গ্রেণ, ১ আং জলের সহিত মিশ্রিত করিয়া লাগাইলে বিশেষ উপকার পাওয়া যায়। কর্ণে পূজ হইলে ইহার দ্রবের পিচকারী লাগাইলে উপকার হয়।

ক্যাল্সিয়ম্ (Calcium Ca=40)। ইহাকে চুন কহে।

এই দ্রব্য কার্ব্বনেট্, সল্ফেট্, ফস্ফেট্, প্রভৃতি বিবিধাকারে মৃত্তিকা মধ্যে পাওয়া যায়।

প্রস্তুত করণার্থ কার্ব্বনেট্ অব্ লাইম্কে দগ্ধ করিলে চূণ (Calx) হইতে কার্ব্বনিক্ এসিড্ বায়ু নির্গত হইয়া বিশুদ্ধ লাইম্ অবশিষ্ট থাকে। ইহাকে সাধারনতঃ কুইক্লাইম্ কহে।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। শ্বেতবর্ণ, পিণ্ডাকার; লঘু; তীক্ষ্ণ ক্ষারাস্বাদ ও অত্যন্ত জলশোষক।

ক্রিয়া। তীক্ষ্ণদাহক। ইহার আভ্যন্তরিক প্রয়োগ হয় না। যথাযোগ্য জলে দ্রব করিয়া সেবন করিলে অম্লনাশক, সঙ্কোচক এবং পরিবর্ত্তক ক্রিয়া প্রকাশ করে। ইহার প্রয়োগে পাকাশয়স্থ অম্ল বিনষ্ট হয় এবং সমুদয় আন্ত্রিক শ্লৈষ্মিক ঝিল্লির স্রাবন ক্রিয়া হ্রাস হয়। শোষিত হইয়া প্রস্রাবের অম্লত্ব সংহার এবং পরিমাণ বর্দ্ধিত করে; কিন্তু অন্যান্য স্রাবন গ্রন্থির ক্রিয়া রুদ্ধ করে। ইহা ছেলেদের অম্লসংযুক্ত উদরাময় রোগে বিশেষ উপকারী।

প্রয়োগ রূপ। ক্যাল্সিয়াই হাইড্রাস্ (Calcii Hydras)। ইং Slaked Lime)। বিশুদ্ধ লাইম্ ও জল মিশ্রিত করিয়া ইহা প্রস্তুত হয়।

লাইকর্ ক্যাল্সিস্ (Liquor Calcis); ইং (Solution of Lime); প্রতিসংজ্ঞা। একোয়া ক্যাল্সিস্; লাইম্ ওয়াটার।

প্রস্তুত করণ। আর্দ্র চুন ২ আং, পরিশ্রুত জল ১ গ্যালন। পরিশ্রুত জলে উক্ত চুন উত্তম রূপে মিশ্রিত করিয়া বোতল মধ্যে বন্ধ করিয়া রাখিবে। দ্বাদশ ঘণ্টার পর উপরের স্বচ্ছ নির্ম্মল অংশ ঢালিয়া লইবে। মাত্রা ১—৪আং।

আর্জেন্টাই অক্সাইডম্, লোসিও হাইড্রার্জিরাই নাইগ্রা এও ফ্লেভা, এবং লিনিমেন্টম্ কাল্সিস্, প্রস্তুত করিতে ইহার প্রয়োজন হয়।

লিনিমেন্টম্ ক্যাল্সিস্ (Linimentum Calcis)। প্রতিসংজ্ঞা। ক্যারন্ অয়েল্।

প্রস্তুত করণ। চুনের জল ও অলিভ্ অয়েল্ প্রত্যেকে দুই আউন্স। দগ্ধ ক্ষতে ইহা লাগাইলে বিশেষ উপকার করে।

লাইকর ক্যাল্সিস্ স্যাকারেটস্ (Liquor Calcis Saccharatus)।

প্রস্তুত করণ। (আর্দ্র চুন ১ আং; বিশুদ্ধ শর্করা ২ আং, পরিশ্রুত জল ১ পাং)। চুন ও শর্করাকে একত্রে উত্তমরূপে মর্দ্দন করিয়া জলের সহিত মিশাইয়া বোতলে বদ্ধ করিয়া কিছু কাল রাখিয়া দিবে এবং মধ্যে মধ্যে আলোড়িত করিবে। অবশেষে, তাহার উপরের স্বচ্ছাংশ ঢালিয়া লইবে। মাত্রা ১৫—৬০ মিং।

ক্যাল্সিয়াই কার্ব্বনাস্ প্রিসিপিটেটা (Calcii Carbonas Præcipitata)। প্রতিসংজ্ঞা। ক্যাল্সিস্ কার্ব্বনাস্ প্রিসিপিটেটা; প্রিসিপিটেটেড্ কার্ব্বনেট্ অব্ লাইম্।

প্রস্তুত করণ। ক্লোরাইড্ অব্ ক্যাল্সিয়ম্ ৫ আং; কার্ব্বনেট্ অব্ সোডিয়ম্ ১৩ আং; ফুটিত পরিশ্রুত জল যথা প্রয়োজন। ক্লোরাইড্ অব্ ক্যাল্সিয়ম্ ও কার্ব্বনেট্ অব্ সোডা, প্রত্যেককে ২ পাইন্ট ফুটিত পরিশ্রুত জলে দ্রব করিয়া একত্র করিলে যাহা অধঃস্থ হইবে, তাহা ছাঁকিয়া ধৌত করিয়া ২১২ তাপাংশে শুষ্ক করিয়া লইবে।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। শুভ্র, দানাযুক্ত পদার্থ, জলে দ্রব হয় না। মাত্রা ১০—৬০ গ্রেণ।

ট্রচিসাই বিস্মথাই প্রস্তুত করিতে ইহা ব্যবহৃত হয়।

মার্ম্মর্ এল্বম্ (Marmor Album); ইং (White Marble); কার্ব্বনিক্ এসিড্ বায়ু প্রস্তুত করিবার জন্ত ইহা ব্যবহৃত হয়।

খটিকা (Creta); ইং (Chalk)। কার্ব্বনিক্ এসিড্ বায়ু প্রস্তুত জন্ত ইহা ব্যবহৃত হয়।

বিশুদ্ধ খটিকা (Creta Præparata)। খটিকা চূর্ণ করতঃ ধৌত করণ প্রক্রিয়া দ্বারা শোধিত করিতে হয়। মাত্রা ১০—৬০ গ্রেণ।

প্রয়োগরূপ। মিশ্চ্যুরা ক্রিটি (Mistura Cretæ)। ইং (Chalk Mixture)। শোধিত খটিকা ।০ আং, আরবি গঁদচূর্ণ ।০ আং, সিরপ্ ॥০ আং, সিনেমন্ ওয়াটার ৭॥০ আং। মাত্রা ১—২ আং।

পল্ভিস্ ক্রিটি এরম্যাটিকস্ (Pulvis Cretæ Aromaticus) প্রতিসংজ্ঞা। এরম্যাটিক্ পাউডার অব্ চক্। সিনেমন্ বার্ক ৪ আং; জায়ফল ও কুম্কুম্ চূর্ণ প্রত্যেকে ৩ আং, লবঙ্গ চূর্ণ ১॥০ আং, এলাচের বীজ চূর্ণ ১ আং; পরিষ্কার চিনি ২৫ আং, শোধিত খটিকা ১১ আং। একত্রে মিশাইয়া ছাঁকিয়া লইবে। মাত্রা ১০—৬০ গ্রেণ।

পল্ভিস্ ক্রিটি এরম্যাটিকস্ কম্ ওপিয়ো (Pulvis Cretæ Aromaticus cum Opio)। ইহার বিষয় ওপিয়মের সহিত লিখিত হইয়াছে।

হাইড্রার্জিরম্ কম্ক্রিটা প্রস্তুত করিতে শোধিত খটিকার আবশ্যক।

ক্রিয়া। খটিকা অন্নবহা নলীর উপর অম্লনাশক ও সঙ্কোচক ক্রিয়া প্রকাশ করে। এই হেতু ইহা অন্যান্য সঙ্কোচক ঔষধের সহিত উদরাময় রোগে ব্যবহৃত হয়। অধিক দিন খটিকা সেবন নিষিদ্ধ; কারণ, ইহা অন্ত্র মধ্যে জমিয়া ক্রমে ক্রমে অন্ত্র গহ্বর অবরোধ করে।

ক্যাল্সিয়াই ক্লোরাইডম্ (Calcii Chloridum)। ইং (Chloride of Calcium)।

প্রস্তুত করণ। লবণদ্রাবকে কার্ব্বনেট্ অব্ লাইম্ দ্বারা সমক্ষারাম্ল করিয়া তাহাতে কিঞ্চিৎ লাইকর্ ক্যাল্সিস্ ক্লোরিনেটি ও আর্দ্র চুন সংযোগ করিবে।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। শ্বেতবর্ণ, সংযত, পিণ্ডাকার, শুষ্ক, জল শোষক, উগ্র, তিক্ত, লাবনিক আস্বাদ।

অসম্মিলন। লবণদ্রাবক ভিন্ন সমুদয় দ্রাবক এবং এমোনিয়া ভিন্ন সমুদয় ক্ষার ও ক্ষার কার্ব্বনেট্।

ক্রিয়া। পরিবর্ত্তক; অল্পমাত্রায় স্রাবন গ্রন্থির ক্রিয়াবর্দ্ধন করে। ইহা

স্ক্রফিউলা রোগে বিবৰ্দ্ধিত গ্রন্থি ও অর্ব্বুদাদি শোষন করে। অধিক মাত্রায় উগ্র বিষক্রিয়া প্রকাশ করে। মাত্রা ৩—১০ গ্রেণ।

আময়িক প্রয়োগ। নিউমোনিয়ার প্রথমাবস্থায় ইহা সুন্দররূপে কার্য্য করে। প্রদাহনাশক বলিয়া ইহা নানা প্রকার প্রদাহজনিত পীড়ায় ব্যবহৃত হয়। যথা, প্যারিটিড্ গ্লাণ্ডের প্রদাহ, বাঘি ইত্যাদি। ইহা ফস্‌ফেট্ অব্ ক্যাল্‌সিয়ম্ অপেক্ষা উপকারক।

প্রয়োগ রূপ। লাইকর্ ক্যাল্‌সিয়াই ক্লোরাইডি (Liquor Calcii Chloridi)। (ক্লোরাইড্ অব্ ক্যাল্‌সিয়ম্ ৮৮ গ্রেণ; পরিশ্রুত জল ১ আং) উহাকে জলে দ্রব করিবে। প্রয়োজন হইলে ছাঁকিয়া লইবে। মাত্রা ১৫—৫০ মিং।

ক্যাল্‌ক্স ক্লোরিনেটা (Calx Chlorinata)।

আর্দ্র চূন মধ্যে ক্লোরিণ্ বায়ু প্রবেশ করাইলে এই দ্রব্য প্রস্তুত হয়।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। শ্বেতবর্ণ চূর্ণ, ক্লোরিণ গন্ধযুক্ত; কটু আস্বাদ, জলে দ্রবনীয়।

ক্রিয়া। ইহা বাহ্য প্রয়োগে দাহক, সঙ্কোচক, দুর্গন্ধ নাশক এবং পচন-নিবারক। ইহার আভ্যন্তরিক প্রয়োগ হয় না। পুরাতন যক্ষ্মারোগে ও শ্বাসনলী প্রদাহে ইহার আঘ্রাণ উপকারক। চিকিৎসালয়, কারাগার প্রভৃতি স্থানের দুর্গন্ধ হরণ ও বায়ুকে বিশুদ্ধ করণার্থ ইহা ব্যবহৃত হয়।

লাইকর্ ক্যাল্‌সিস্ ক্লোরিনেটি (Liquor Calcis Chlorinatæ); ক্লোরিনেটেড্ লাইম্ ১ পৌং; পরিশ্রুত জল ১ গ্যাং।

বৃহৎ খলে জল ও ক্লোরিনেটেড্ লাইমকে উত্তম রূপে মর্দ্দন করতঃ মিশ্রিত করিবে। পরে, কাচের ছিপিযুক্ত বোতলে এই মিশ্র ঢালিয়া ৩ ঘন্টা কাল বারম্বার উত্তমরূপে আলোড়িত করিয়া বস্ত্রের ছাঁকুনীতে ছাঁকিয়া লইয়া কাচের ছিপিযুক্ত বোতলে বন্ধ করিয়া রাখিবে। ইহার আপেক্ষিক ভার প্রায় ১.০৫৫। মাত্রা ১০ মিনিম্ হইতে ১ ড্রাম। যথেষ্ট পরিমাণ জলের সহিত ইহা প্রয়োগ করিবে।

ভেপর্ ক্লোরি (Vapor Chlori)। ক্লোরিনেটেড্ লাইম্ ২ আং শীতল

জল যথা প্রয়োজন। উপযুক্ত পাত্র মধ্যে ক্লোরিনেটেড্ লাইম্‌কে জল দ্বারা আর্দ্র করিয়া যে বায়ু নির্গত হইবে, তাহা শ্বাস দ্বারা গ্রহণ করিবে।

ক্যাল্‌সিয়াই সল্‌ফাস্ (Calcii Sulphas) ; ইং (Sulphate of Calcium)। প্রতিসংজ্ঞা। ক্যালসিস্‌ সলফাস, সলফেট্ অব্ লাইম্। ক্যাল্‌ক্স সল্‌ফিউরেটা প্রস্তুত করিতে ক্যাল্‌সিয়াই সল্‌ফাস্ ব্যবহৃত হয়। খনিজ সল্‌ফেট্ অব্ লাইম্‌কে উত্তাপ দ্বারা নির্জ্জলীকৃত করিয়া প্রস্তুত হয়।

ক্যাল্‌ক্স সল্‌ফিউরেটা (Calx Sulphurata); প্রতিসংজ্ঞা। ক্যাল্‌সিয়াই সল্‌ফাইডম্, সল্‌ফাইড্ অব্ ক্যাল্‌সিয়ম্।

প্রস্তুত করণ। সল্‌ফেট্ অব্ ক্যাল্‌সিয়ম্ সূক্ষ্ম চূর্ণ ৭ আং, কাষ্ঠাঙ্গার চূর্ণ ১ আং। উভয় দ্রব্য সম্পূর্ণরূপে মিশ্রিত করিবে। কৃষ্ণবর্ণ থাকা পর্য্যন্ত মূষায় লোহিতোত্তাপে উহা উত্তপ্ত করিবে। পরে, শীতল করিয়া যে শ্বেত বর্ণ পদার্থ অবশিষ্ট থাকিবে, তাহা অবিলম্বে কাচের ছিপিযুক্ত বোতলে রাখিয়া দিবে।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। প্রায় শ্বেতবর্ণ চূর্ণ, সল্‌ফিউরেটেড্ হাইড্রো-জিন্ গন্ধযুক্ত।

ক্রিয়া। ইহা বিবিধ গ্রন্থি বিবর্দ্ধন ও স্ক্রফিউলাজনিত ক্ষত, স্ফোটক কার্ব্বঙ্কল প্রভৃতি রোগে প্রয়োগ করিলে শীঘ্রই উপকার হয়। স্ফোটকাদি রোগে যদি প্রথমাবস্থায় প্রয়োগিত হয়, তাহা হইলে পূয়োৎপত্তি নিবারিত হয়।

ডিপ্‌থিরিয়া ও ক্রুপ্ রোগে ইহা ব্যবহৃত হয় ; অপ্রকৃত ঝিল্লি স্খলিত হইয়া বহির্গত হইয়া যায়। মাত্রা ১/১০—১ গ্রেণ।

ক্যাল্‌সিয়াই ফস্‌ফাস্ (Calcii Phosphas) ; প্রতিসংজ্ঞা। ক্যাল্‌সিস ফস্‌ফস্ ও ফস্‌ফেট্ অব্ লাইম্।

প্রস্তুত করণ। (অস্থি ভস্ম ৪ আং ; লবন দ্রাবক ৬ আং ; জল ২ পাং ; এমোনিয়া দ্রব ও পরিশ্রুত জল যথা প্রয়োজন)।

১ পাইন্ট জলে লবন দ্রাবক মিশাইয়া, যে পর্য্যন্ত না দ্রবীভূত হয়, ততক্ষণ তাহাতে অস্থিভস্ম ভিজাইয়া রাখিবে। পরে, তাহা কয়েক মূহূর্ত্ত ফুটাইয়া, ছাঁকিয়া যে পর্য্যন্ত না ক্ষারত্ব বর্ত্তে, ততক্ষণ তাহাতে অবশিষ্ট সংযোগ করিয়া ক্রমশঃ এমোনিয়া দ্রব মিশাইবে। ইহাতে যাহা অধঃস্থ হইবে, তাহা বস্ত্রের ছাঁকুনীতে ছাঁকিয়া লইয়া স্ফুটিত পরিশ্রুত জল দিয়া ধৌত করিবে। ধৌত জলে যবক্ষার দ্রাবক সংযুক্ত নাইট্রেট্ অব্ সিল্ভার্ দ্রব দিলে যখন কিছু অধঃস্থ না হইবে, তখন ধৌত কার্য্য সম্পূর্ণ হইবে। অবশেষে ২১২ তাপাংশের অনধিক উত্তাপে তাহা শুষ্ক করিয়া লইবে।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। লঘু, শ্বেতবর্ণ চূর্ণ; জলে দ্রব হয় না। যবক্ষার দ্রাবকে দ্রব হয়।

ক্রিয়া। পরিবর্ত্তক এবং অম্লনাশক। স্ক্রফিউলা ও রিকেট্স রোগে বিশেষ উপকারক। মাত্রা ১০—২০ গ্রেণ।

পলভিস এন্টিমোনিয়েলিস প্রস্তুত করিতে ইহা ব্যবহৃত হয়।

ক্যাল্সিয়াই হাইপোফস্ফিস্ (Calcii Hypophosphis)।

প্রতিসংজ্ঞা। ক্যাল্সিস্ হাইপোফস্ফিস্; হাইপোফ্সফাইট্ অব্ লাইম্।

প্রস্তুত করণ। যে পর্য্যন্ত না ফস্ফিউরেটেড্ হাইড্রোজিন্ বায়ু নির্গত হয়। ততক্ষণ ফস্ফরস্ ও উহার দ্বিগুণ আর্দ্র চুণ জল সহযোগে উত্তপ্ত করিবে। পরে, ছাঁকিয়া কার্ব্বনিক্ এসিড্ বায়ু দ্বারা অসম্মিলিত চুণকে পৃথক করিবে ও অবশিষ্ট দ্রবকে শুষ্ক করিলে দানাযুক্ত পদার্থ প্রস্তুত হয়।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। শ্বেতবর্ণ, দানাযুক্ত লবণ, উজ্জ্বল, কদর্য্য তিক্ত আস্বাদ।

ক্রিয়া। ইহা বলকারক, পরিবর্ত্তক ও উত্তেজক। অধিক মাত্রায় ইহা বিষক্রিয়া প্রকাশ করে। স্রাবনগ্রন্থি বিবর্দ্ধন রোগে ইহা বিশেষ উপকারক। রিকেট্স্ ও স্ক্রফিউলা রোগে বিশেষ উপকার করে। মাত্রা ৫—১০ গ্রেণ।

সিরিয়ম্ (Cerium Cr—92) ধাতু।

সিরিয়াই অক্জ্যালাস্ (Cerii Oxalas); ইং (Oxalate of Cerium)। সিরিয়ম্ ধাতু ঘটিত কোন লবণ দ্রবে অক্জ্যালেট্ অব্ এমোনিয়া দ্রব সংযোগে ইহা অধঃস্থ হয়।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। শ্বেতবর্ণ চূর্ণ; জলে দ্রব হয় না।

ক্রিয়া। স্নায়বীয় বলকারক, স্থানিক অবসাদক ও আক্ষেপ নিবারক। পাকাশয়স্থ শ্লৈষ্মিক ঝিল্লির অবসাদক ক্রিয়া হেতু গ্যাস্ট্রডিনিয়া, পাইরোসিস্ (মুখে জল উঠা) ও বমন প্রভৃতি রোগে ইহা বিস্মথ্ ও নাইট্রেট্ অব্ সিল্ভরের ন্যায় ব্যবহৃত হয়। গর্ভাবস্থায় বমন ও সিসিকনেস্ (Sea Sickness) প্রভৃতি রোগে ইহা সেবনে বিশেষ উপকার হয়। এপিলেপ্সি, কোরিয়া ও হিষ্টিরিয়া রোগে ইহা ব্যবহৃত হয়। মাত্রা ১—২ গ্রেণ।

তাম্র (Cuprum), ইং (Copper)।

বৃটিস্ ফার্ম্মাকোপিয়ার ২৫ নম্বরের সূক্ষ্ম তাম্রতার ব্যবহৃত হয়। কুপ্রাই নাইট্রাস্, কুপ্রাইসল্ফাস্ ও স্পিরিটস্ ইথরিস্ নাইট্রোসাই প্রস্তুত করিতে ইহা ব্যবহৃত হয়।

কুপ্রাই সল্ফাস্ (Cupri Sulphas), ইং (Sulphate of Copper)

প্রস্তুত করণ। তাম্র ও গন্ধকদ্রাবক একত্রে উত্তপ্ত করিয়া উহার দ্রবনীয় পদার্থকে উষ্ণ জলে দ্রব করিয়া যে পর্য্যন্ত না শীতল হইলে দানা বাঁধে, ততক্ষণ তাহাকে উৎপাতিত করিবে।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। নীলবর্ণ; দানাবিশিষ্ট; গন্ধহীন; তীব্র কষায় ধাতব আস্বাদ, জলে দ্রবনীয়।

অসম্মিলন। ক্ষার, ক্ষার কার্ব্বনেট্; গন্ধক দ্রাবক ভিন্ন সমুদয় দ্রাবক ও অম্ল, সীস, রৌপ্য, পারদ ও ক্লোরিণ্ সংযুক্ত লবণ; ঔদ্ভিজ্জ কাথ, ফাণ্ট বা অরিষ্ট।

ক্রিয়া। অল্পমাত্রায় আভ্যন্তরিক প্রয়োগে ইহা পাকাশয় ও অন্ত্রের উপর সঙ্কোচক ক্রিয়া প্রকাশ করে। শোষিত হইয়া স্নায়ুমণ্ডলের উপর বিশেষরূপ বলকারক ক্রিয়া প্রকাশ করে।

অধিক মাত্রায়, যথা ৩—১০ গ্রেণ সেবনে ইহা দ্বারা শীঘ্র বমন হয়। বাহ্য প্রয়োগে ইহার চূর্ণ বা দ্রব ফোস্কাকারক। যথাযোগ্য জলের সহিত মিশ্রিত

করিয়া ব্যবহার করিলে উত্তেজক ও সঙ্কোচক ক্রিয়া প্রকাশ করে। উদরাময় রক্তামশায় (Dysentery) রোগে সঙ্কোচক বলিয়া ব্যবহৃত হয়। কোরিয়া, হিষ্টিরিয়া, এপিলেপ্সি প্রভৃতি রোগে ইহা স্নায়বীয় বলকারক।

ক্ষয়কাশগ্রস্ত রোগীর রক্তামশয়ে অহিফেন ।০ গ্রেণ, সল্‌ফেট্ অব্ কপার্ ১ গ্রেণ , বটিকাকারে ৩।৪ ঘন্টা অন্তর সেবনে বিশেষ উপকার পাওয়া যায়।

মাত্রা। $\frac{১}{৪}$—২ গ্রেণ সঙ্কোচক ও বলকারক, ৫—১০ গ্রেণ বমনকারক।

কুপ্রাই নাইট্রাস্ (Cupri Nitras)। ইং (Nitrate of Copper)

প্রতিসংজ্ঞা। কিউপ্রিক্ নাইট্রেট্।

জলমিশ্র যবক্ষার দ্রাবকে তাম্র ধাতু দ্রব করিয়া যে পর্য্যন্ত না ফারণ্‌হীটের ৭০ ডিগ্রির অন্যূন উত্তাপে শীতল হইলে. তাহা দানা বাঁধে, ততক্ষণ তাহাকে উত্তাপ দ্বারা উৎপাতিত করিলে ইহা পাওয়া যায়।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। ঘোর নীলবর্ণ; স্তম্ভাকার, দানা বিশিষ্ট, সাতিশয় জলাকর্ষক ; প্রবল দাহক।

ক্রিয়া। আভ্যন্তরিক প্রয়োগ হয় না। তীক্ষ্ণ দাহক, ঔপদংশ ঘটিত ক্ষতাদিতে প্রয়োগ করা যায়।

ফেরম্ (Ferrum, Fr – 56) ; ইং (Iron) বাং লৌহ ধাতু।

বৃটিস্ ফার্ম্মাকোপিয়ায় ৩৫ নম্বরের অক্সাইড্‌বিহীন লৌহতার ব্যবহৃত হয়।

ক্রিয়া। রক্তে লোহিত কনীকায় (Red Corpuscle) লৌহ পাওয়া যায়। এনিমিয়া প্রভৃতি রোগে, রক্তের লোহিত কনীকার পরিমাণ হ্রাস হইলে ইহার সেবন দ্বারা তাহার পরিমাণ বর্দ্ধিত হয়। ইহা স্নায়বীয় বলকারক বলিয়া বিবিধ স্নায়বীয় পীড়ায় ব্যবহৃত হয়।

ইহার ক্রিয়া দুই প্রকার ; স্থানিক ও ব্যাপ্ত। স্থানিক ক্রিয়া উত্তেজক, বলকারক, সঙ্কোচক। অল্পমাত্রায় সেবন করিলে পাক্যাশয়ের ক্রিয়া উত্তেজিত করিয়া ক্ষুধা ও পরিপাক শক্তি বর্দ্ধিত করে। ইহার সঙ্কোচক ক্রিয়া হেতু মল কঠিন হয়। অধিক মাত্রায় সেবনে উগ্রতাসাধন করে। নিশ্বাসের সল্‌ফিউরেটেড্ হাইড্রোজেন্ বায়ু সহযোগে লৌহ ঘটিত লবণ কৃষ্ণ সল্‌ফাইড

অব্ আয়রণ্ হয়। এ কারণ, লৌহ ঘটিত ঔষধ সেবনকারীর দন্ত ও জিহ্বা কৃষ্ণবর্ণ হয়।

লৌহ সেবন করিলে উহার কতকাংশ রক্তে শোষিত হয় ও অবশিষ্টাংশ কৃষ্ণবর্ণ লৌহ সল্‌ফাইড্ রূপে মলের সহিত নির্গত হয়।

এতৎ দ্বারা প্রস্রাবের ইউরিয়া বর্দ্ধিত হয় এবং সময়ে সময়ে ইহা মূত্র-থলির উপর উত্তেজক ক্রিয়া প্রকাশ করায়, বারম্বার মূত্রত্যাগের ইচ্ছা হয়।

ইহা অল্প পরিমাণে শারীরিক উত্তাপ বর্দ্ধিত করে।

লৌহ ঘটিত ঔষধ প্রয়োগ করিবার নিয়ম। যথা ;—

১। এনিমিয়া রোগে পার্‌ক্লোরাইড্ শ্রেণীস্থ লৌহঘটিত উগ্র ঔষধ বিশেষ উপকার করে। সামান্য দৌর্ব্বল্যে সাইট্রেট্ প্রভৃতি লৌহ ঘটিত অনুগ্র লবণ উপকারক। স্ক্রফিউলাজনিত রোগে আইয়োডিন্ সংযুক্ত লৌহ প্রয়োগ করিলে বিশেষ উপকার হয়।

২। লৌহ দ্বারা পাকাশয়ের উগ্রতা জন্মিলে হেন্‌বেন্ বা কোনায়মের সার সহযোগে ইহা ব্যবস্থা করিবে।

৩। লৌহ সেবন কালে অম্লভোজন নিষিদ্ধ।

৪। লৌহ সেবন করিলে মল কৃষ্ণবর্ণ হয়। ইহার তাৎপর্য্য এই যে, লৌহ অন্ত্রস্থ সলফিউরেটেড্ হাইড্রোজিন্ বায়ু সহযোগে সলফিউরেটেড্ আয়রণ্ রূপে পরিণত হয়।

৫। বিরেচক ঔষধের সহিত লৌহ প্রয়োগ করিলে বিশেষ উপকার হয়। ইহাতে কোষ্ঠ সরল থাকে।

৬। ইহা অধিক দিন ব্যবহার করিবে না ; রক্ত স্বাভাবিক অবস্থায় পরিণত হইলে ইহার সেবন নিষিদ্ধ।

লৌহের স্থানিক ক্রিয়া অত্যন্ত সঙ্কোচক। ইহা অণ্ডলাল জমাট করিয়া তন্তুদিগকে শক্ত ও সঙ্কুচিত করে এবং ছোট ছোট রক্তবহা ধমনীদিগকে কুঞ্চিত করে ; সেই জন্য ইহা স্থানিক রক্তস্রাব বন্ধ করে। যথা, এপিস্‌-ট্যাক্সিস্, বিছার দংশনে রক্তপড়া, জরায়ু হইতে রক্তপড়া প্রভৃতিতে টিং ফেরি পার্‌ক্লোরাইড্ বিশেষ উপকারক।

স্লৈষ্মিক ঝিল্লির শৈথিল্যতায় ইহা বিশেষ উপকারক। যথা, সোর্‌থ্রোট

ও লিউকোরিয়াতে টিংচার ফেরি পার্‌ক্লোরাইড্ বিশেষ উপকার করে। থ্রেড ওয়ারম্ রোগে ইহার এনিমা বিশেষ ফলপ্রদ। ইরিসিপেলস্ রোগে ইহার স্থানিক প্রয়োগে বিশেষ উপকার পাওয়া যায়।

সিফিলিটিক্ ফাজিডিনায় ইহা বিশেষ উপকার করে।

আভ্যন্তরিক প্রয়োগে ইহা স্নানবীয় দুর্ব্বলতায় বিশেষ উপকারক। রোগান্তে দৌর্ব্বল্য, সাধারণ দুর্ব্বলতা, ষ্ট্রুমা, রিকেটস্ ও সিফিলিসের দ্বিতীয়াবস্থায় ইহা দ্বারা বিশেষ উপকার পাওয়া যায়।

ডাক্তার ষ্টুয়ার্ট বলেন যে, হৃৎপিণ্ডের কপাটীয় পীড়ায় (Valvular disease of Heart),—বিশেষতঃ, এয়োর্টিক্ পীড়ায় যে মাথা ধরা, মাথা ঘোরা ও মস্তিষ্কের এনিমিয়া জন্মায়, তাহাতে ইহা দ্বারা উপকার পাওয়া যায়।

এলবিউমিনিউরিয়া, গ্লিট্ প্রভৃতি রোগে ইহা দ্বারা উপকার লাভ হয়।

আময়িক প্রয়োগ। রক্তের হীনাবস্থায় শারীরিক ও মানসিক দৌর্ব্বল্য; এনিমিয়া বা ক্লোরোসিস্ অবস্থায় ইহা প্রয়োগ করিলে বিশেষ উপকার হয়।

প্রয়োগ রূপ। ১। মিক্সচ্যুরা ফেরি এরম্যাটিকা (Mistura Ferri Aromatica)। (রেড্ সিঙ্কোনা বার্ক চূর্ণ ১ আং; কলম্বাচূর্ণ ।০ আং, লবঙ্গ চূর্ণ ।০ আং, সূক্ষ্ম লৌহতার ।০ আং, কম্পাউণ্ড টিংচার অব্ কার্ডেমম্ ৩ আং, টিংচার অব্ অরেঞ্জপিল্ ‖০ আং, পিপারমেন্ট ওয়াটার যথা প্রয়োজন)। মাত্রা ১—২ আং।

২। সাইরূপস্ ফেরি সব্‌ক্লোরাইডি (Syrupus Ferri Subchloridi)। লৌহতার ৩০০ গ্রেণ, লবণ দ্রাবক ২ আং, সাইট্রিক্ এসিড্ ১০ গ্রেণ, পরিশ্রুত জল ১০ ড্রাম, সিরাপ ১ পাঃ পূর্ণ করিতে যথা প্রয়োজন। মাত্রা ‖০—১ ড্রাম্।

ক্রিয়া। মেনুরেজিয়া রোগে ইহা দ্বারা ফল পাওয়া যায়।

৩। ভাইনম্ ফেরাই (Vinum Ferri)। সূক্ষ্ম লৌহতার ১ আং, সেরি ১ পাঃ। আবৃত পাত্র মধ্যে ১ মাস কাল উহাদিগকে রাখিয়া দিবে। সমুদয় তার আসবে নিমগ্ন হইবে না। মধ্যে মধ্যে আবরণ তুলিয়া তাহা আলোড়িত করিবে। অবশেষে তাহা ছাঁকিয়া লইবে। মাত্রা ১—৪ ড্রাম্।

ফেরম্ রিড্যাক্টম্ (Ferrum Redactum), ইং (Reduced Iron)।

প্রস্তুত করণ। দ্রঃ সলিউসন্ অব্ পার্ক্লোরাইড্ অব্ আয়রণ, সলিউসন্ অব্ এমোনিয়া, গ্রান্যুলেটেড্ জিঙ্ক; সলফিউরিক্ এসিড্; ক্লোরাইড্ অব্ ক্যাল্সিয়ম্, পরিশ্রুত জল, প্রত্যেকে যথা প্রয়োজন। পার্ক্লোরাইড্ অব্ আয়রণের উগ্র দ্রবকে ৫ গুণ জলে দ্রব করিয়া লইয়া, উহাতে এরূপ ভাবে ৫ গুণ জলমিশ্রিত এমোনিয়া দ্রব মিশ্রিত করিবে যে, সমুদয়কে উত্তমরূপে আলোড়িত করিলে যেন তাহাতে এমনিয়ার স্পষ্ট গন্ধ থাকে। যে ফেরিক্ হাইড্রেট্ অধঃস্থ হইবে, তাহাকে যে পর্য্যন্ত না ধৌত জলে নাইট্রেট্ অব্ সিল্ভার দ্রব মিশ্রিত করিলে তাহা আর ঘোলাটিয়া বর্ণ না হয়, ততক্ষণ ধৌত করিবে। পরে, উহাকে শুষ্ক করিয়া লইবে।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। অতি সূক্ষ্ম, ঈষৎ কৃষ্ণবর্ণ, গন্ধাস্বাদ বিহীন; লবণ দ্রাবকে দ্রব হয়।

ক্রিয়া। রক্তজনক ও বলকারক। ইহা সঙ্কোচক নহে। মাত্রা ১—৫ গ্রেণ।

প্রয়োগ রূপ। ট্রোচিসাই ফেরাই রিড্যাক্টাই (Trochisci Ferri Redacti)। রিডিয়ুস্ড্ আয়রণ্ ৭২০ গ্রেণ; বিশুদ্ধ শর্করা ২৫ আং; আরবিগঁদ চূর্ণ ১ আং, গঁদের মণ্ড ২ আং, পরিশ্রুত জল যথা প্রয়োজন। মাত্রা ১—৬ চাক্তি। ইহার প্রতি চাক্তিতে ১ গ্রেণ্ লৌহ আছে।

ফেরি কার্ব্বনাস্ স্যাকারেটা (Ferri Carbonas Saccharata).

প্রতিসংজ্ঞা। স্যাকারেটেড্ কার্ব্বনেট্ অব্ আয়রণ্।

প্রস্তুত করণ। (ফেরি সল্ফস্ ২ আং; কার্ব্বনেট্ অব্ এমোনিয়ম্ ১. আং স্ফুটিত পরিশ্রুত জল ২ গ্যাং; রিফাইণ্ড্ সুগার ১ আং)। হিরাকস এবং কার্ব্বনেট্ অব্ এমোনিয়া,—প্রত্যেককে অর্দ্ধ গ্যালন্ জলে পৃথক্ পৃথক দ্রব করিয়া, একত্রে মিশাইয়া আবৃত পাত্রে ২৪ ঘণ্টা কাল রাখিয়া দিবে। যাহা অধঃস্থ হইবে, তাহা ছাঁকিয়া লইয়া, উপরিস্থ স্বচ্ছ জলে অবশিষ্ট জল মিশাইয়া, উত্তমরূপে আলোড়িত করিয়া রাখিয়া দিবে। পুনর্ব্বার যাহা অধঃস্থ হইবে, তাহা ছাঁকিয়া লইবে। অনন্তর, উভয় অধঃস্থ

দ্রবকে বস্ত্র মধ্যে রাখিয়া, নিঙড়াইয়া লইয়া, শর্করার সহিত খলে মর্দ্দন করিয়া, ২১২ তাপাংশের অনধিক উত্তাপে শুষ্ক করিয়া লইবে।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। পাটলবর্ণ, স্থূলচূর্ণ, ঈষৎ মিষ্ট ধাতব কষায় আস্বাদ।

ক্রিয়া। রক্তজনক বলকারক ও রজোনিঃসারক। ইহার সঙ্কোচক শক্তি নাই। নিরক্তাবস্থায় রজোস্তম্ভ (Anæmic Amenorrhœa) রোগে বিশেষ উপকারক। মাত্রা ৫—৬০ গ্রেণ।

প্রয়োগ রূপ। পাইলুলা ফেরি কার্ব্বনেটিস্ (Pilula Ferri Carbonatis) স্যাক্যারেটেড্ কার্ব্বনেট্ অব্ আয়রণ্ ১ আং; কন্‌ফেক্‌সন্ অব্ রোজ্ মাত্রা ৫—২০ গ্রেণ।

মিশ্চ্যুরা ফেরি কম্পোজিটা (Mistura Ferri Composita)। (সল্‌ফেট্ অব্ আয়রণ্ ২৫ গ্রেণ; কার্ব্বনেট্ অব্ পটাশিয়ম্ ৩০ গ্রেণ. গন্ধবোল চূর্ণ ও রিফাইণ্ড্ সুগার প্রত্যেকে ৬০ গ্রেণ; স্পিরিট্ অব্ নটমেগ্ ৪ ড্রাম; রোজ্ ওয়াটার ৯।০ আং। মাত্রা ১—২ আং। ইহাকে গ্রিফিৎস্ মিক্‌শ্চার (Griffith's Mixture) কহে।

ফেরি আইয়োডাইডম্ (Ferri Iodidum)। ব্রিটিস্ ফার্ম্মাকোপিয়ায় ইহার উল্লেখ নাই।

প্রস্তুত করণ। সূক্ষ্ম লৌহতার ১।০ আং, আইয়োডিন্ ৩ আং; পরিস্রুত জল ১৫ আং।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। দানাযুক্ত, হরিৎ মিশ্রিত পাটলবর্ণ, গন্ধহীন, কষায় আস্বাদ, জলাকর্ষক ও জলে দ্রবনীয়।

অসম্মিলন। ক্ষার, অম্ল, অধিকাংশ ধাতু ঘটিত লবণ উদ্ভিদ্ কষায় দ্রব্য, শ্বেত সার ইত্যাদি।

ক্রিয়া। রক্তজনক, বলকারক, পরিবর্ত্তক, রজোনিঃসারক। মাত্রা ১—৫ গ্রেণ।

আময়িক প্রয়োগ। স্কুফিউলা জনিত রোগে, ক্ষয়কাশ, রিউম্যাটিক্, আর্থ্রাইটিস্ প্রভৃতি রোগে ইহা বিশেষ উপকারক। দুর্ব্বল ব্যক্তির উপদংশ রোগের দ্বিতীয় ও তৃতীয় অবস্থায় ইহা দ্বারা বিশেষ ফল পাওয়া যায়।

প্রয়োগরূপ। সাইরুপস্ ফেরি আইয়োডিডাই (Syrupus Ferri Iodidi)। (আইয়োডিন্ ২ আং; আয়রণ্ ১ আং; রিফাইণ্ড্ সুগার ২৮ আং; পরিশ্রুত জল ১৩ আং। মৃদু উত্তাপ প্রয়োগে ১০ আউন্স জলে শর্করা দ্রব করিবে। পরে, একটা কাচ ভাণ্ডে অবশিষ্ট ৩ আউন্স জলে আইয়োডিন্ ও লৌহতার দিয়া, তাহাতে মৃদু উত্তাপ দিবে। উপরে শুভ্র ফেনা হইতে আরম্ভ হইলে, তপ্ত থাকিতে থাকিতে তাহা শর্করার পাকের উপর ছাঁকিয়া, মিশ্রিত করিয়া বোতলে বদ্ধ করিয়া রাখিবে। মাত্রা ॥০—১ ড্রাম। ইহার প্রতি ড্রামে ৪.৩ গ্রেণ আইয়োডাইড্ অব্ আয়রণ আছে।

পাইলুলা ফেরি আয়োডিডাই (Pilula Ferri Iodidi)। সূক্ষ্ম লৌহ তার ৪০ গ্রেণ; আইয়োডিন্ ৮০ গ্রেণ; রিফাইণ্ড্ সুগার চূর্ণ ৭০ গ্রেণ; লিকোরিস্ রুট্ চূর্ণ ১৪০ গ্রেণ; পরিশ্রুত জল ৫০ মিং। একটী শিশির মধ্যে লৌহ, আইয়োডিন্ ও জল একত্রে রাখিয়া উত্তমরূপে আলোড়িত করিবে। *শ্বেতবর্ণ ফেনা দৃষ্ট হইলে তাহা শর্করার উপর একটা খলে ঢালিয়া* শীঘ্র শীঘ্র মর্দ্দন করিতে থাকিবে এবং ক্রমশঃ তাহাতে যষ্টিমধু মিশাইয়া বটিকা প্রস্তুত করিবে। মাত্রা ৩—৮ গ্রেণ।

ফেরি সল্ফাস্ (Ferri Sulphas), ইং (Sulphate of Iron), বাং হিরাকস।

প্রস্তুত করণ। লৌহ তার ৪ আং; গন্ধকদ্রাবক ৪ আং; পরিশ্রুত জল ১॥০ পাঃ। মাত্রা ১—৫ গ্রেণ্।

চীনপাত্রে জল এবং লৌহতার রাখিয়া তদুপরি গন্ধক দ্রাবক ঢালিয়া দিবে। উচ্ছলন শেষ হইলে তাহা ১০ মিনিট পর্য্যন্ত ফুটাইয়া, শোষক কাগজ দিয়া ছাঁকিয়া লইয়া, দানা বাঁধিবার জন্য শীতল স্থানে রাখিবে। ২৪ ঘণ্টার পর দানা সকল সংগ্রহ করিয়া শোষক কাগজের উপর শুকাইয়া লইবে।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। দীর্ঘায়ত চতুষ্পদেশযুক্ত দানাবিশিষ্ট, হরিদ্বর্ণ, গন্ধহীন, কষায় আস্বাদ, জলে দ্রবনীয়।

ফেরি সল্ফস্ এক্সিকেটা (Ferri Sulphas Exsiccata)

ফেরি সল্ফস্ গ্র্যানুলেটা (Ferri Sulphas Granulata)।

ফেরি সল্ফস্কে চিন বা লৌহ পাত্রে রাখিয়া ২১২ তাপাংশে

উত্তপ্ত করিলে জলীয় বাষ্প উত্থিত হইয়া গিয়া ফেরি সল্‌ফস্‌ এক্সিকেটা প্রস্তুত হয়। ফেরি সল্‌ফস্‌ গ্রানুলেটার প্রস্তুত প্রণালী ফেরি সলফের প্রস্তুত উপাদান সমুদয় দ্রব্য। কেবল ৮ আং শোধিত সুরা অতিরিক্ত লাগে।

ফেরি সল্‌ফস্‌ গ্র্যানুলেটা দেখিতে ক্ষুদ্র দানাবিশিষ্ট ও ঈষৎ সবুজ বর্ণ।

ক্রিয়া। ইহা রক্তজনক, বলকারক, রজোনিঃসারক, কৃমিনাশক ও সঙ্কোচক। অধিক পরিমাণে উগ্রতাসাধক। ইহা দ্বারা কোষ্ঠবদ্ধ হয়।

আময়িক প্রয়োগ। নিরক্তাবস্থায় ইহা অতি শ্রেষ্ঠ ঔষধ। হেন্‌বেন্‌ ও কোনায়মের সহিত ব্যবহার করিলে উগ্রতার লাঘব হয়। এইরূপ অবস্থায় ফেরি সল্‌ফস্‌ ॥০ গ্রেণ, এক্সট্রাক্ট হেন্‌বেন্‌ ॥০ গ্রেণ, এলোজ্‌ ১ গ্রেণ করিয়া দিবসে ৩ বার প্রয়োগে বিশেষ উপকার পাওয়া যায়। পুরাতন কোষ্ঠ-কাঠিন্য রোগে ফেরি সল্‌ফস্‌ ১ গ্রেণ; এক্সট্রাক্ট বেলেডোনা ।০ গ্রেণ ও এলোজ্‌ ১ গ্রেণ বটিকাকারে আহারের ১ ঘণ্টা পূর্ব্বে প্রত্যহ একবার করিয়া সেবন করাইলে সন্তোষ জনক ফল পাওয়া যায়।

সরলান্ত্র নির্গমন (Prolapus Recti) রোগে ইহার পিচকারী (২ গ্রেণ, ১ আং জলে) বিশেষ উপকারক।

এরিসিপেলাস্‌ রোগে ইহার ধৌত স্থানিক প্রয়োগে উপকার করে।

ফেরি সল্‌ফস্‌ ও ফেরি সল্‌ফস্‌ গ্রানুলেটার মাত্রা ১—৫ গ্রেণ।

ফেরি সল্‌ফস্‌ এক্সিকেটার মাত্রা ॥০—৩ গ্রেণ।

প্রয়োগরূপ। পাইলুলা ফেরাই (Pilula Ferri)। সল্‌ফেট্‌ অব্‌ আয়রণ্‌ ৬০ গ্রেণ; কার্ব্বনেট্‌ অব্‌ পটাশিয়ম্‌ ৩৬ গ্রেণ; রিফাইণ্ড্‌ সুগার চূর্ণ ১২ গ্রেণ; ট্রাগাকান্থ চূর্ণ ৪ গ্রেণ; গ্লিসিরীন্‌ ২॥০ মিং; পরিস্রুত জল যথা প্রয়োজন।

হিরাকসকে সূক্ষ্মরূপে চূর্ণীত করিয়া শর্করা ও ট্রাগাকান্থের সহিত উত্তমরূপে মিশ্রিত করিয়া লইবে। অপর একটী খলে কার্ব্বনেট্‌ অব্‌ পটাসিয়মকে সূক্ষ্ম ভাবে চূর্ণীত করিয়া, গ্লিসিরীণ্‌ ও জলের সহিত উত্তম রূপে মিশ্রিত করিয়া লইয়া, প্রথম খলে ঢালিয়া দিবে। পরে, সমুদয়কে এরূপ ভাবে মাড়িয়া লইবে যে, সমুদয় পিণ্ড যেন হরিৎ আভা বিশিষ্ট কোমল বটিকার

ন্যায় হয়। অবশেষে উহাকে ২৪ ভাগে বিভক্ত করিয়া ২৪টী বটিকা প্রস্তুত করিবে। মাত্রা ১—৪ বটিকা; ইহাকে "ব্লড্স্ পিল্" কহে।

পাইল্যুলা এলোজ্ এট্ ফেরি প্রস্তুত করিতে ইহা ব্যবহৃত হয়।

ফেরি আর্সেনিয়াস (Ferri Arsenias)। সল্ফেট্ অব্ আয়রণ্ ২০৸০ আং, আর্সেনাইট্ অব্ সোডিয়ম্ (৩০০ তাপাংশে শুষ্ক) ১৫৸০ আং, বাইকার্ব্বনেট্ অব্ সোডিয়ম্ ৪৷০ আং, স্ফুটিত পরিশ্রুত জল যথা প্রয়োজন।

৩ পাইন্ট জলে হিরাকসকে দ্রব করিয়া এবং অপর দুইটী দ্রব্যকে ২ পাইন্ট জলে দ্রব করিয়া উভয়ে মিশ্রিত করিবে। যাহা অধঃস্থ হইবে, তাহা ছাঁকিয়া লইয়া ১০০ তাপাংশের অনধিক উত্তাপে তপ্ত স্থানে রাখিয়া শুষ্ক করিয়া লইবে।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। নির্দ্দিষ্টাকার হীন, গন্ধাস্বাদ রহিত, সবুজ বর্ণ জলে দ্রব হয় না; লবণদ্রাবকে দ্রব হয়।

ক্রিয়া। রক্তজনক, বলকারক ও পরিবর্ত্তক। স্থানিক প্রয়োগে দাহক। বিবিধ চর্ম্মরোগে ইহা ব্যবহৃত হয়। যথা—দোদ, কুরণ্ড, হার্পিজ্, একজিমা, সোরায়েসিস্, কুষ্ঠ, ল্যুপস্ ইত্যাদি। মাত্রা ১/১৬—৷০ গ্রেণ।

ফেরি ফস্ফস্ (Ferri Phosphas); (Phosphate of Iron)। সল্ফেট্ অব্ আয়রণ্ ৩ আং; ফস্ফেট্ অব্ সোডিয়ম্ ২৸০ আং; বাই কার্ব্বনেট্ অব্ সোডিয়ম্ ৸০ আং। স্ফুটিত পরিশ্রুত জল যথা প্রয়োজন।

৩০ আউন্স জলে হিরাকসকে এবং অপর ৩০ আউন্স জলে ফস্ফেট্ অব্ সোডিয়মকে দ্রব করিবে। প্রত্যেক দ্রব ১০০ হইতে ১৩০ ডিগ্রি ফারণ্হীট্ শীতল হইলে উভয় দ্রবকে একত্রে মিশ্রিত করিবে। তৎপরে অল্প পরিমাণ পরিশ্রুত জলে বাই কার্ব্বনেট্ অব্ সোডিয়মকে দ্রব করিয়া উহার সহিত উত্তমরূপে মিশ্রিত করিবে। যাহা অধঃস্থ হইবে, তাহাকে বস্ত্রের ছাঁকুনীতে ঢালিয়া লইয়া, যদবধি ধৌত জলে ক্লোরাইড্ অব্ বেরিয়ম্ সংযোগ করিলে অধঃস্থ হয়, ততক্ষণ উষ্ণ পরিশ্রুত জলে ধৌত করিবে। অবশেষে ১২০ তাপাংশের অনধিক উত্তাপে তাহা শুষ্ক করিয়া লইবে।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। ঈষৎ লোহিত বর্ণ চূর্ণ, জলে দ্রব হয় না, যবক্ষার দ্রাবকে দ্রবনীয়।

ক্রিয়া। রক্তজনক, বলকারক ও পরিবর্ত্তক। ইহা দ্বারা স্থানিক উগ্রতা প্রকাশ হয় না। রিকেট্‌স্‌ নামক রোগে ইহা বিশেষ উপকারক।

হিষ্টিরিয়া ও বিবিধ মানসিক বিকার কোষ্ঠ কাঠিন্যের সহিত বর্ত্তমান থাকিলে, যেখানে অন্য কোন বিরেচক ঔষধ দ্বারা উপকার পাওয়া যায় না, তথায় ফস্ফরিক্‌ এসিডে ফস্ফেট্‌ অব্‌ আয়রণের চূড়ান্ত দ্রব করিয়া দিবসে ৫ বিন্দু মাত্রায় ৩ বার সেবনে বিশেষ ফল পাওয়া যায়। মাত্রা ৫—১০গ্রেণ।

প্রয়োগ রূপ। সাইরুপস্‌ ফেরি ফস্‌ফেটিস্‌ (Syrupus Ferri Phosphatis)। (কন্‌সেণ্ট্রেটেড্‌ ফস্‌ফরিক এসিড্‌ ১১০ আং গ্রানুলেটেড্‌ সল্‌ফেট্‌ অব্‌ আয়রণ্‌ ২২৪ গ্রেণ; ফস্ফেট্‌ অব্‌ সোডিয়ম্‌ ২০০ গ্রেণ; বাইকার্ব্বনেট্‌ অব্‌ সোডিয়ম্‌ ৫৬ গ্রেণ; রিফাইণ্ড্‌ সুগার ৮ আং; পরিশ্রুত জল ৮ আং। প্রায় ৪ আউন্স জলে স্ফুটিত হিরাকসকে দ্রব করিয়া, সেই পরিমাণ শীতল জলে দ্রবীভূত ফস্ফেট্‌ অব্‌ সোডিয়মের সহিত মিশ্রিত করিবে। পরে, বাইকার্ব্বনেট্‌ অব্‌ সোডিয়মকে অল্প জলে দ্রব করিয়া, তাহাতে মিশ্রিত করিয়া উত্তমরূপে আলোড়িত করিবে। তৎপরে, যে পর্য্যন্ত না ধৌত জলে ক্লোরাইড্‌ অব্‌ বেরিয়ম্‌ প্রয়োগ করিলে অধঃস্থ হওন স্থগিত হয়, ততক্ষণ তাহাকে বস্ত্রের ছাঁকনীতে ঢালিয়া পরিশ্রুত জলে ধৌত করিবে। অনন্তর, ছাঁকনীতে যাহা অবশিষ্ট থাকিবে, তাহা সংগ্রহ করিয়া খলে ফস্ফরিক্‌ এসিডের সহিত মিশাইবে। অধঃস্থ পদার্থ দ্রবীভূত হইলে, উহাকে ছাঁকিয়া, জল ও শর্করামিশ্রিত করিয়া বিনা অগ্ন্যুত্তাপে দ্রব করিয়া লইবে। উহা সর্ব্ব সমেত ঠিক্‌ ১২ আউন্স হইবে। নির্দ্দিষ্ট পরিমাণ পূর্ণ করণার্থ উহাতে প্রয়োজনীয় জল মিশ্রিত করিবে। উহার আপেক্ষিক ভার ১.৩৫।

মাত্রা ১ ড্রাম। ইহার প্রতি ড্রামে ১ গ্রেণ থাকে।

ফেরি পারক্সাইডম্‌ হাইড্রেটম্‌ (Ferri Peroxidum Hydratum)

ইং (Hydrated Peroxide of Iron)।

প্রতিসংজ্ঞা। ফেরি সেস্‌কুই অক্সাইডম্‌; ফেরি অক্সাইডম্‌ রুব্রম্‌ হাইড্রস্‌ পারক্সাইড্‌ অব্‌ আয়রণ্‌; ফেরি অক্সিহাইড্রেট্‌।

প্রস্তুতকরণ। সলিউসন্‌ অব্‌ পার্সল্‌ফেট্‌ অব্‌ আয়রণ্‌ ৪ আং; সোডা দ্রব ৩৩ আং; পরিশ্রুত জল যথা প্রয়োজন।

পার্সল্‌ফেট্‌ অব্‌ আয়রণের দ্রবকে ১ পাইন্ট পরিস্রুত জলে মিশ্রিত করিয়া সোডা দ্রবে ক্রমশ মিশ্রিত করিবে ও অনবরত আলোড়িত করিবে। পরে, বস্ত্রের ছাঁকুনীতে ঢালিয়া, তরলাংশ নির্গত হইয়া গেলে, যে পর্য্যন্ত না ধৌত জলে ক্লোরাইড্‌ অব্‌ বেরিয়ম্‌ সংযোগ করিলে কিছু অধঃস্থ হওন স্থগিত হয়, ততক্ষণ অধঃস্থ ফেরিক্‌ হাইড্রেট্‌কে পরিস্রুত জলে ধৌত করিবে। অনন্তর তাহাকে ২১২ ডিগ্রির অনধিক উত্তাপে শুষ্ক করিয়া সূক্ষ্মরূপে চূর্ণীত করিয়া লইবে।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। পাটল বর্ণ চূর্ণ, গন্ধাস্বাদ রহিত।

ক্রিয়া। রক্তজনক, বলকারক ও কৃমিনাশক। মাত্রা ৫—৩০ গ্রেণ।

প্রয়োগ রূপ। এম্‌প্লাস্‌ট্রম্‌ ফেরাই (Emplastrum Ferri)। পার্‌-অক্সাইড্‌ অব্‌ আয়রণ্‌ চূর্ণ ১ আং; বরগ্যাণ্ডিপিচ্‌ ২ আং; লেড্‌ প্লাষ্টার ৮ আউন্স। শেষোক্ত দুই দ্রব্যকে অগ্নিতাপে গলাইয়া, তাহাতে পারক্সাইড্‌ মিশ্রিত করিবে। পরে, নামাইয়া, যে পর্য্যন্ত না শীতল হইয়া কঠিন হয়, ততক্ষণ তাহাকে উত্তমরূপে আবর্ত্তিত করিবে।

লাইকর্‌ ফেরি ডায়েলিসেটাস্‌ (Liquor Ferri Dialysatus) ইং (Solution of Dialysed Iron)।

প্রস্তুত করণ। পার্‌ক্লোরাইড্‌ অব্‌ আয়রণের উগ্র দ্রব ৭ আং; এমোনিয়া দ্রব ও পরিস্রুত জল যথা প্রয়োজন। ২ পাইন্ট পরিস্রুত জলে ৬ আউন্স পার্‌ক্লোরাইড্‌ অব্‌ আয়রণের দ্রব মিশ্রিত করিয়া আলোড়ন দ্বারা ইহাতে এরূপ পরিমাণ এমোনিয়ার জলমিশ্র দ্রব সংযোগ করিবে যে, তাহা উত্তমরূপে নাড়িয়া লইলে যেন এমোনিয়াগন্ধবিশিষ্ট হয়। পরে, ক্যালিকো বস্ত্রে ছাঁকিয়া, অধঃস্থ ফেরিক্‌ হাইড্রেট্‌কে পরিস্রুত জলে ধৌত করিবে ও অতিরিক্ত জলীয়াংশ দূর করণার্থ তাহা নিঙড়াইয়া লইবে। অবশিষ্ট পার্‌ক্লোরাইড্‌ অব্‌ আয়রণের দ্রবে অধঃস্থ পদার্থ মিশ্রিত করিয়া উত্তমরূপে আলোড়িত করতঃ, মৃদু উত্তাপ দ্বারা সম্পূর্ণ বা প্রায় সম্পূর্ণরূপে তাহা দ্রবীভূত হইলে, প্রয়োজন মত ছাঁকিয়া লইয়া আবৃত ডায়েলাইজার যন্ত্র মধ্যে রাখিবে। অনন্তর ইহাতে, দ্রব আস্বাদহীন হওয়া পর্য্যন্ত, তাহাকে যথারীতি জলস্রোতে ধৌত করিবে।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। পরিষ্কার, ঘোর লোহিতবর্ণ, তরল, কষায়, আস্বাদহীন।

ক্রিয়া। ইহা বলকারক, রক্তজনক। ইহার সঙ্কোচক ও উগ্রতাজনক গুণ নাই। মাত্রা ১০—৩০ মিং।

লাইকর্ ফেরি পার্ক্লোরিডাই ফর্সিয়র্ (Liquor Ferri Perchloridi Fortior), ইং (Strong Solution of Perchloride of Iron)।

প্রস্তুত করণ (লৌহতার ৪ আং; লবণ দ্রাবক ২০৷৷০ আং; যবক্ষার দ্রাবক ১৷৷০ আং; পরিশ্রুত জল ১৭৷৷০ আউন্স পূর্ণ করিতে যথা প্রয়োজন)। একটি কাচকুপি মধ্যে লৌহতার স্থাপিত করিয়া তাহাকে ১২৷৷০ আং লবণ দ্রাবক ও ৭ আং জলের মিশ্র সংযোগ করিবে। যে পর্য্যন্ত না উচ্ছলন শেষ হয়, ততক্ষণ তাহা মৃদু উত্তাপে তপ্ত করিয়া ফুটাইবে। পরে, অদ্রবীভূত লৌহ হইতে দ্রবীভূত লৌহক ছাঁকন দ্বারা পৃথক করিয়া ছাঁকুনীতে কুপিধৌত অল্প জল ঢালিয়া দিবে। ছাঁকিয়া যাহা আসিবে তাহাকে ৭ আং লবণ দ্রাবক দিয়া মিশ্রিত করিয়া ১৷৷০ আউন্স যবক্ষার দ্রাবকের উপর সূক্ষ্ম ধারায় ঢালিয়া দিবে। তাহাতে রক্তবর্ণ ধূম উত্থিত হইবে এবং উহার পরিবর্দ্ধনার্থ তাহাতে ঈষৎ উত্তাপ প্রয়োগ করিবে। যখন দেখিবে যে, আর ধূম নির্গত হয় না ও তাহা অধঃস্থ হইতে আরম্ভ হইয়াছে, তখন উৎপাতিত করিবে। অনন্তর তাহাতে ১ আং লবণ দ্রাবক দিয়া প্রয়োজনীয় জল মিশ্রিত করিবে।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। লোহিতবর্ণ দ্রব, গন্ধহীন, তীক্ষ্ণকষায় ও অম্লাস্বাদ।

ক্রিয়া। প্রবল সঙ্কোচক, রক্তরোধক দাহক, রক্তজনক, ও বলকারক। সঙ্কোচক ক্রিয়ার নিমিত্ত ইহা অধিক পরিমাণে ব্যবহৃত হয়।

বিবিধ রক্তস্রাবে ইহা বিশেষ উপকারক। রক্তকাশ, রক্তবমন, রক্তভেদ ও এরিসিপেলাস্, রক্তপ্রদর প্রভৃতি রোগে ব্যবহৃত হয়। এরিসিপেলাস্ রোগে ইহার বাহ্যিক ও আভ্যন্তরিক প্রয়োগ হয়। কার্ব্বঙ্কল্, হস্পিটল্, গ্যাংগ্রিন্ প্রভৃতি দুষ্ট ক্ষতে ইহার ধৌত দ্বারা উপকার পাওয়া যায়।

প্রয়োগরূপ। ১। লাইকর্ ফেরি পার্ক্লোরিডাই (Liquor Ferri Perchloridi)। উগ্র পার্ক্লোরাইড্ অব্ আয়রণ্ দ্রব ৫ আং পরিশ্রুত জল ২০ আউন্স পূর্ণ করিতে যথা প্রয়োজন। মাত্রা ১০—৩০ মিং।

টিংচুরা ফেরি পার্ক্লোরিডাই (Tinctura Ferri Perchloridi); উগ্র পার্ক্লোরাইড্ অব্ আয়রণ্ দ্রব ৫ আং; শোধিত সুরা ৫ আং; পরিশ্রুত জল ১০ আং। মাত্রা ১০—৩০ মিং। প্রতিসংজ্ঞা টিং স্টিল্।

লাইকর্ ফেরি পার্নাইট্রেটিস্ (Liquor Ferri Pernitratis)।

প্রস্তুত করণ। সূক্ষ্ম লৌহ তার ১ আং; যবক্ষারদ্রাবক ৪॥০ আং; সর্ব্ব-সমেত পরিশ্রুত জল ১॥০ পাইন্ট পূর্ণ করিতে যথা প্রয়োজন। ১৬ আং জলে যবক্ষার দ্রাবক মিশ্রিত করিয়া তাহাতে লৌহতার দিয়া রাখিবে। তার দ্রবীভূত হইলে তাহা ছাঁকিয়া লইয়া প্রয়োজনীয় জলমিশ্রিত করিবে।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। লোহিত বর্ণ, অম্ল ও কষায় আস্বাদ।

ক্রিয়া। পার্ক্লোরাইড অব্ আয়রণের ন্যায় রক্তজনক, বলকারক, সঙ্কোচক ও রক্তশোধক। মাত্রা ১০—৪০ মিং।

লাইকর্ ফেরি পার্সল্ফেটিস্ (Liquor Ferri Persulphatis)।

প্রস্তুত করণ। (হিরাকস ৮ আং; গন্ধক দ্রাবক ও যবক্ষার দ্রাবক প্রত্যেকে ৬ ড্রাম; পরিশ্রুত জল যথা প্রয়োজন। ১০ আউন্স জলে গন্ধক দ্রাবক মিশ্রিত করিয়া তাহাতে অগ্নিতাপ দিয়া হিরাকস দ্রব করিবে। পরে, যবক্ষার দ্রাবকে ২ আং জল মিশাইয়া, তাহাতে সংযোগ করিয়া, যে পর্য্যন্ত না তাহা হইতে লোহিত বর্ণ ধূম নির্গত হয়, ততক্ষণ ধরিয়া ফুটাইবে। তৎপরে, তাহা হইতে এক বিন্দু লইয়া ফেরিসিয়েট্ অব্ পটাস্ দ্বারা পরীক্ষা করিয়া দেখিয়া নীলবর্ণ হইলে আরও কয়েক বিন্দু যবক্ষার দ্রাবক দিয়া তাহা ফুটাইবে। অবশেষে তাহা শীতল হইলে পরিশ্রুত জল সহ ১১ আং পূর্ণ করিবে।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। ধূমবর্ণ, গাঢ় দ্রব, গন্ধহীন, ও কষায় আস্বাদ।

ক্রিয়া। প্রবল সঙ্কোচক ও রক্তরোধক। রক্ত রোধার্থ স্থানিক প্রয়োগ করা হয়।

নিম্নলিখিত প্রয়োগ রূপ প্রস্তুত জন্য ইহার আবশ্যকতা হয়। ফেরি এট্ এমোনি সাইট্রাস্, ফেরি এট্ কুইনাইনি সাইট্রাস্, ফেরি পারক্সাইডম্ হাইড্রেটম্, ফেরম্ টার্টারেটম্, লাইকর্ ফেরি এসিটেটিস্ ফর্সিয়ার।

ফেরি এট্ এমোনিয়াই সাইট্রাস্ (Ferri et Ammonii Citras)।

প্রতিসংজ্ঞা। ফেরি এট্ এমোনি সাইট্রাস, সাইট্রেট্ অব্ আয়রণ এণ্ড এমোনি।

প্রস্তুত করণ। (পার্সল্ফেট্ অব্ আয়রণ্ মিশ্র ১০ আং; এমোনিয়া দ্রব ২৩ আং; সাইট্রিক্ এসিড্ ৪ আং; পরিশ্রুত জল যথা প্রয়োজন)।

২ পাইন্ট জলে পার্সল্ফেট্ অব্ আয়রণের দ্রব মিশ্রিত করিয়া তাহাতে ২ পাইন্ট জল মিশ্রিত ১৬ আউন্স এমোনিয়া দ্রব ক্রমশঃ মিশ্রিত করিবে এবং এরূপ ভাবে তাহা আবর্ত্তিত করিবে যে, তাহাতে যেন এমোনিয়ার গন্ধ থাকে। দুই ঘন্টা কাল মিশ্রকে রাখিয়া দিবে ও মধ্যে মধ্যে আলোড়িত করিবে। যে হাইড্রেটেড্ পারক্সাইড অব্ আয়রণ্ অধঃস্থ হইবে, তাহা, যে পর্য্যন্ত না ধৌত জলে ক্লোরাইড্ অব্ বেরিয়ম্ দিলে অস্বচ্ছ না হয়, ততক্ষণ বস্ত্রের ছাঁকনীতে সংগ্রহ করিয়া উত্তম রূপে ধৌত করিবে। পরে ৪ আউন্স জলে সাইট্রিক্ এসিড্ দ্রব করিয়া ও জলস্বেদন যন্ত্রে উত্তপ্ত করিয়া, ফেরিক্ হাইড্রেট্ নিঙ্ড়াইয়া লইয়া, উহার সহিত মিশাইবে; এবং যে পর্য্যন্ত না প্রায় সমুদয় হাইড্রেট্ দ্রবীভূত হয়, অথবা যে পর্য্যন্ত না সাইট্রিক্ এসিড্ ফেরিক্ হাইড্রেটের সহিত চূড়ান্তরূপে মিশ্রিত হয়, ততক্ষণ তাহাদিগকে একত্রে আলোড়িত করিবে ও দ্রব করিবে। পরে, শীতল হইলে তাহাতে ৫।০ আউন্স এমোনিয়া দ্রব মিশাইয়া ফ্ল্যানেল্ দিয়া ছাঁকিয়া তাহা গাঢ় করিবে। শর্করার পাকের ন্যায় তাহা গাঢ় হইলে, কাচ বা চীনকলকে পাতলা করিয়া ঢালিয়া, ১০০ তাপাংশের অনধিক উত্তাপে শুষ্ক করিয়া খণ্ড খণ্ড করিয়া বোতলে উত্তমরূপে বন্ধ করিয়া রাখিবে।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। স্বচ্ছ, হরিৎ মিশ্রিত পাটল বর্ণ, শল্কাকার, কষায় আস্বাদ।

ক্রিয়া। বলকারক, রক্তজনক। ইহার সঙ্কোচক গুণ নাই। মাত্রা ৫—১০ গ্রেণ।

প্রয়োগরূপ। ভাইনম্ ফেরি সাইট্রেটিস্ (Vinum Ferri Citratis) সাইট্রেট্ অব্ আয়রণ্ এবং এমোনিয়ম্ ১৬০ গ্রেণ, অরেঞ্জ ওয়াইন্ ১ পাং। উভয় দ্রব্যকে দ্রব করিয়া, ৩ দিবস পর্য্যন্ত আবৃত পাত্রে রাখিয়া, মধ্যে মধ্যে আলোড়িত করিবে। অবশেষে ছাঁকিয়া লইবে। মাত্রা ১—৪ ড্রাম।

ফেরম্ টার্টারেটম্ (Ferrum Tartaratum)।

প্রতিসংজ্ঞা। ফেরি পোটাশিয়ো টার্টাস্; ফেরম্ টার্টারিজেটম্।

প্রস্তুত করণ। (পার্সলফেট্ অব্ আয়রণ্ দ্রব ৬ আং, এমোনিয়া দ্রব ১১ আং; এসিড্ টার্টারেট্ অব্ পটাসিয়ম্ চূর্ণ ২ আং; পরিশ্রুত জল যথা প্রয়োজন)।

৩ পাইন্ট পরিশ্রুত জলে এমোনিয়া দ্রব মিশ্রিত করিয়া, তাহাতে জল মিশ্রিত পার্সল্ফেট্ অব্ আয়রণ্ দ্রব ক্রমশঃ মিশাইয়া অনবরত আলোড়িত করিবে। পরে, ২ ঘণ্টা পর্য্যন্ত ইহা রাখিয়া দিবে এবং মধ্যে মধ্যে আলোড়িত করিবে। যাহা অধঃস্থ হইবে, তাহা যে পর্য্যন্ত না ধৌত জলে ক্লোরাইড্ অব্ বেরিয়ম্ দিলে কিছু অধঃস্থ না হয়, ততক্ষণ বস্ত্রে ছাঁকিয়া ধৌত করিবে। অনন্তর এই ধৌত অধঃপাতিত দ্রব্যকে চীন পাত্রে ক্রীম্ অব্ টার্টারের সহিত উত্তম রূপে মিশাইয়া ২৪ ঘণ্টাকাল রাখিয়া দিবে। পরে, ইহাতে ১৪০ তাপাংশের অনধিক উত্তাপ দিবে ও ক্রমশঃ ১ পাইন্ট পরিশ্রুত জল সংযোগ করিবে এবং তাহা উত্তমরূপে আবর্ত্তিত করিবে। যখন ইহা আর বর্দ্ধিত না হইবে, সেই সময় ইহাকে ছাঁকিয়া ১৪০ ডিগ্রির অনধিক উত্তাপে গাঢ় করিবে। শর্করার পাকের ন্যায় হইলে চীন বা কাচফলকে ইহাকে পাতলা করিয়া ঢালিয়া ১০০ ডিগ্রির অনধিক উত্তাপে শুষ্ক করিয়া লইয়া খণ্ড খণ্ড করিয়া কাচের ছিপিযুক্ত বোতলে উত্তমরূপে বন্ধ করিয়া রাখিবে।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। লোহিত বর্ণ, পাতলা শল্কাকার, স্বচ্ছ, ঈষৎ মিষ্ট কষায় আস্বাদ, জলে দ্রবনীয়।

ক্রিয়া। রক্তজনক, বলকারক ও মূত্রকারক। অধিক মাত্রায় কৃমিনাশক। মাত্রা ৫—১০ গ্রেণ।

ফেরি এট্ কুইনাইনি সাইট্রাস্ (Ferri et Quininæ Citras)।

প্রতিসংজ্ঞা। ফেরি এট্ কুইনি সাইট্রাস্; সাইট্রেট্ অব্ আয়রণ্ এণ্ড কুইনাইন।

প্রস্তুত করণ। পার্ সল্ফেট্ অব্ আয়রণ্ দ্রব ৪॥০ আং; সল্ফেট্ অব্ কুইনাইন ১ আং; জলমিশ্র গন্ধক দ্রাবক ১২ ড্রাম; সাইট্রিক্ এসিড্ ৩ আং এবং ৩০ গ্রেণ; এমোনিয়া দ্রব ও পরিশ্রুত জল যথা প্রয়োজন।

প্রথমতঃ, ১ পাইন্ট জলে পার্ সল্ফেট্ অব্ আয়রণ্ দ্রব মিশ্রিত করিয়া তাহাতে ২ পাইন্ট জল মিশ্রিত ৮ আং এমোনিয়া দ্রব মিশাইয়া উত্তমরূপে আলোড়িত করিবে। অনন্তর ২ ঘণ্টা কাল তাহা রাখিয়া দিবে এবং মধ্যে মধ্যে আলোড়িত করিবে। পরে, যাহা অধঃস্থ হইবে, তাহা ছাঁকিয়া লইয়া, যে পর্য্যন্ত না ধৌত জলে ক্লোরাইড্ অব্ বেরিয়ম্ দিলে কিছুই অধঃস্থ না হইবে, ততক্ষণ পরিশ্রুত জল দ্বারা ধৌত করিবে।

দ্বিতীয়তঃ, ৮ আং পরিশ্রুত জলে সল্ফেট্ অব্ কুইনাইন মিশ্রিত করিয়া তাহাতে জলমিশ্র গন্ধক দ্রাবক দিবে। দ্রব হইলে পর, তাহাতে কিঞ্চিৎ অধিক পরিমাণে এমোনিয়া দ্রব সংযোগ করিবে। ইহাতে বিশুদ্ধ কুইনাইন অধঃস্থ হইবে। তৎপরে ইহাকে ছাঁকিয়া ১॥০ পাইন্ট পরিশ্রুত জলে ধৌত করিবে।

শেষতঃ, ৫ আং পরিশ্রুত জলে জম্বীরাম্লকে দ্রব করিয়া জলস্বেদন যন্ত্রে উত্তপ্ত করিবে এবং তাহাতে পূর্ব্ব প্রস্তুত ফেরিক্ হাইড্রেট্ সংযোগ করিয়া আবর্ত্তিত করিবে। তাহা দ্রব হইলে পর, যে পর্য্যন্ত না দ্রবীভূত হয়, ততক্ষণ তাহাতে অধঃপাতিত কুইনাইন সংযোগ করিয়া তাহা আবর্ত্তিত করিবে। পরে, তাহাতে ২ আং পরিশ্রুত জল মিশ্রিত ১২ ড্রাম এমোনিয়া দ্রব ক্রমশঃ মিশ্রিত করিয়া ঘন ঘন এরূপ ভাবে তাহা আলোড়িত করিবে, যে প্রতিবার এমোনিয়া সংযোগ জনিত যে কুইনাইন অধঃস্থ হয়, তাহা যেন

পুনর্ব্বার দ্রবীভূত হয়। অবশেষে, তাহা ছাঁকিয়া লইয়া, শর্করার পাকের ন্যায় গাঢ় করিয়া, চীন বা কাচফলকে ঢালিয়া ১০০ তাপাংশে শুষ্ক করতঃ খণ্ড খণ্ড করিয়া কাচের ছিপিযুক্ত বোতলে উত্তমরূপে বন্ধ করিয়া রাখিবে।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। হরিৎমিশ্রিত সবুজ বর্ণ; পাতলা শল্কাকার; তিক্ত কষায় আস্বাদ; জলাকর্ষক; জলে দ্রবনীয়।

ক্রিয়া। পর্য্যায়নিবারক বলকারক ও রক্তজনক। মাত্রা ৫—১০ গ্রেণ। ইহার ছয় গ্রেণে ১ গ্রেণ কুইনাইন আছে।

লাইকর্ ফেরি এসিটেটিস্ ফর্সিয়র্ (Liquor Ferri Acetatis Fortior); ইং (Strong Solution of Acetate of Iron)।

পার্সল্ফেট্ অব্ আয়রণ্ দ্রব ৫ আং; এমোনিয়া দ্রব যথা প্রয়োজন; গ্লেসিয়েল্ এসিটিক্ এসিড্ তরলীকৃত ৩ আং; পরিশ্রুত জল সমুদয়ে ১০ আউন্স প্রস্তুত করিতে যথা প্রয়োজন।

১ পাইন্ট জলে ৮ আং এমোনিয়া দ্রব মিশ্রিত করিয়া তাহাতে প্রায় সম পরিমাণ জল মিশ্রিত পার্সল্ফেট্ অব্ আয়রণ্ ক্রমশঃ সংযোগ করিয়া এরূপ ভাবে আলোড়িত করিবে যে, পরিশেষে তাহাতে যেন এমোনিয়ার স্বল্প আধিক্য থাকে। দুই ঘণ্টা সমুদয়কে রাখিয়া দিয়া মধ্যে মধ্যে আলোড়িত করিবে। অনন্তর বস্ত্রের ছাঁকুনীতে তাহা ঢালিয়া দিয়া সমস্ত জলীয়াংশ নির্গত হইয়া গেলে অধঃপতিত ফেরিক্ হাইড্রেট্ কে পরিশ্রুত জলে এরূপ ভাবে ধৌত করিবে যে, ধৌত জলে ক্লোরাইড্ অব্ বেরিয়ম্ দ্রব দিলে যেন আর কিছুই অধঃস্থ না হয়। ফেরিক্ হাইড্রেট্ হইতে জল নির্গত হইয়া গেলে তাহা নিঙড়াইয়া অতিরিক্ত জল বাহির করিয়া দিবে। তৎপরে, তাহাকে গ্লেসিয়াল্ এসিটিক্ এসিডে দ্রব করিয়া পরিশ্রুত জল সহযোগে ১০ আং পূর্ণ করিবে। অবশেষে, অদ্রবনীয় পদার্থ অধঃপতিত হইলে পরিষ্কার দ্রব ঢালিয়া লইবে।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। ঘোর লোহিত বর্ণ দ্রব, কটু কষায় আস্বাদ ও সির্কাগন্ধ যুক্ত। মাত্রা ১—৮ মিং।

প্রয়োগ রূপ। লাইকর্ ফেরি এসিটেটিস্ (Liquor Ferri Acetatis)।

(এসিটেট্ অব্ আয়রণের উগ্র দ্রব ৫ আং ; পরিস্রুত জল সর্ব্বসমেত ২০ আউন্স পূর্ণ করিতে যথা প্রয়োজন। মাত্রা ৫—৩০ মিং।

টিংচুরা ফেরি এসিটেটিস্ (Tinctura Ferri Acetatis)।

উগ্র এসিটেট্ অব্ আয়রণ্ দ্রব ৫ আং; এসিটিক্ এসিড্ ১ আং; শোধিত সুরা ৫ আং; পরিস্রুত জল ৯ আং। মাত্রা ৫—৩০ মিং।

পারদ (Hydrargyrum Hg = 200) ইং (Mercury)। ইহাকে কুইক্ সিল্ভার্ কহে। হিঙ্গুলকে লৌহের সহিত চুয়াইয়া পারদ প্রস্তুত হয়।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। শ্বেতবর্ণ, উজ্জ্বল, তরল; জলাপেক্ষা ১৩ গুণ ভারি।

ক্রিয়া। প্রকৃত অবস্থায় পারদ অধিক পরিমাণে খাওয়াইলে ইহার কোন ক্রিয়া দেখা যায় না। ইহা সূক্ষ্মরূপে বিভক্ত হইয়া পাকাশয়স্থ অম্লরস দ্বারা রূপান্তর প্রাপ্ত হয। পরে, শোষিত হইয়া কার্য্য করে। এতদ্ভিন্ন, শরীরে মর্দ্দন করিলে ইহার ক্রিয়া প্রকাশ হয। যাহারা অধিক দিন দর্পণাদি প্রস্তুত করিবার কারখানায় কার্য্য করে তাহারা পারদ ঘটিত বিবিধ রোগ, যথা—কম্প, পক্ষাঘাত, শিরোঘূর্ণন, স্মৃতিশক্তির ক্ষীণতা প্রভৃতি রোগে আক্রান্ত হয়। এ সময়ে সাবধান না হইলে সংন্যাস, মৃগী প্রভৃতি উৎকট রোগ প্রকাশ পাইয়া মৃত্যু ঘটাইতে পারে।

পারদ ঘটিত ঔষধ অল্পমাত্রায় সেবনে সমুদয় স্রাবন গ্রন্থির ক্রিয়া উত্তেজিত হয়। এই জন্য ইহা লালা, পিত্ত ও রসনিঃসারক এবং মূত্রকারক। পারদ যেরূপ প্রকারে সেবন করান হউক না কেন, ইহা রক্তে শোষিত হয়; এবং যে রোগী ইহা সেবন করে তাহার শরীরের সমস্ত যন্ত্র ও স্রাবন রসে ইহা পাওয়া যায। ইহা রক্তের লোহিত কনিকার পরিমাণ হ্রাস করে। পারদ বিবিধ পীড়ায় ব্যবহৃত। যথা—

১। আভ্যন্তরিক প্রদাহে (লিভার্, কিডনিস্ ও অন্যান্য যন্ত্র) ইহা দ্বারা স্রাবন ক্রিয়ার বৃদ্ধি ও প্রদাহের লাঘব হয়। পুরাতন প্রদাহে যে সকল মর্ব্বিড্ (Morbid) পদার্থ জন্মায়, ইহার সেবনে তাহা নষ্ট হয়।

২। এরিথিমা ও স্ক্রফিউলা জনিত প্রদাহে ইহার সেবনে কোন উপকার দর্শে না।

৩। যকৃত পীড়া ঘটিত উদরী রোগে ইহা বিশেষ উপকারক; কিন্তু মূত্র গ্রন্থির পীড়া জনিত উদরী রোগে ইহা সেবনে মন্দ ফল হয়।

৪। উপদংশরোগে ইহা দ্বারা বিশেষ উপকার পাওয়া যায়; বিবিধ চর্ম্মরোগে ইহা পরিবর্ত্তক বলিয়া প্রয়োগ করা হয়।

৫। মলম ও পলস্ত্রা রূপে ইহার স্থানিক প্রয়োগ উত্তেজক। ইহা কৈশিক নাড়ীর ক্রিয়াবৃদ্ধি ও সমস্ত শরীরে শোষিত হইয়া কার্য্য করে।

অধিক মাত্রায় সেবন করিলে অতিরিক্ত লালা নিঃসৃত হয়, দন্তমাড়ী, জিহ্বা, তালু ও লালাগ্রন্থি স্ফীত, আরক্তিম ও বেদনা যুক্ত হয়। মুখে এক প্রকার দুর্গন্ধ ও জিহ্বাতে কদর্য্য ধাতব আস্বাদ বোধ হয়। কাহারও বা জিহ্বা ও মুখমধ্যে ক্ষতাদি দেখা যায়। ইহার সেবনে অধিক পরিমাণে পিত্তনিঃসরণ ও উদরাময় পীড়া উপস্থিত হয়। কাহারও বা চর্ম্মে একজিমার ন্যায় চর্ম্মরোগ উপস্থিত হয়। ইহাকে একজিমা মার্কুরিয়েল্ কহে। কাহারও বা শরীর মধ্যে অস্থি ও পেরিঅষ্টিয়ম্ প্রদাহ উপস্থিত হয়। কাহারও বা শরীর অত্যন্ত দুর্ব্বল, নাড়ী ক্ষীণ, মূর্চ্ছা প্রভৃতি লক্ষণ প্রকাশ পায়। এই অবস্থাকে মার্কুরিয়ালিজম্ কহে। কাহারও বা শরীর মধ্যে বেদনা, কম্প, পক্ষাঘাত, এমন কি মৃত্যু পর্য্যন্তও হইয়া থাকে।

পারদ ঘটিত ঔষধ প্রয়োগ কালে নিম্নলিখিত নিয়মগুলি স্মরণ রাখা কর্ত্তব্য।

১। শৈশবাবস্থায় ও বৃদ্ধাবস্থায় পারদ প্রয়োগে সহজে মুখ আইসে না, ব্যক্তি বিশেষে ইহার ক্রিয়ার তারতম্য হয়। কেহ বা অধিক পরিমাণে, কেহ বা অল্প পরিমাণে ইহা সহ্য করিতে পারে।

২। পারদ সেবন সময় রোগীকে লঘু আহার প্রদান এবং তাহার শরীর সর্ব্বদা বস্ত্রাবৃত রাখা উচিত।

৩। স্ক্রফিউলা, যক্ষা, পক্ষাঘাত, ব্রাইট্‌স্ ডিজিস্ স্কার্ভি প্রভৃতি রোগে ইহা প্রয়োগ করিবে না।

প্রয়োগ রূপ। হাইড্রার্জিরম্ কম্‌ক্রিটা (Hydrargyrum Cum Creta)।

প্রতিসংজ্ঞা। গ্রে পাউডার। (মার্কারি ১ আং; বিশুদ্ধ খটিকা ২ আং)। একত্রে চীন খলে মর্দ্দন করিয়া পারদকে নিশ্চল্ল করিবে। মাত্রা ৩—৮ গ্রেণ। ইহার ৩ ভাগে ১ ভাগ পারদ আছে।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। ঈষৎ ধূসর বর্ণ, জলে দ্রব হয় না।

ক্রিয়া। অতি মাধুর্য্য ও এই বিধায় শৈশবাবস্থায় অতিসার এবং উদরাময় রোগে সুগন্ধ খটিকা সংযোগে ব্যবহার করিলে বিশেষ উপকার হয়।

ডাক্তার রিঙ্গার বলেন যে, শৈশবাবস্থার বমনে ১/৩ গ্রেণ মাত্রায় দুই তিন ঘন্টা অন্তর ইহা প্রয়োগ করিলে, অতি সত্বরে বমন নিবারিত হয়। কিন্তু অধিক মাত্রায় ইহা পাকস্থলীর উগ্রতা সাধন করে।

২। এম্প্ল্যাষ্ট্রম্ হাইড্রার্জিরাই (Emplastrum Hydrargyri), ইং (Mercurial Plaster)। (পারদ ৩ আং; জলপাইয়ের তৈল ৫৬ গ্রেণ; গন্ধক ৮ গ্রেণ; সীস পলস্ত্রা ৬ আং,)। অগ্নিতাপ দিয়া জলপাইয়ের তৈলে গন্ধক দ্রব করিয়া, ইহার সহিত পারদ মর্দ্দন করিয়া নিশ্চন্দ্র করতঃ, অগ্নিতাপে সীস পলস্ত্রা গলাইয়া, ইহার সহিত উত্তমরূপে মিশাইয়া লইবে। ইহার ৩ ভাগে ১ ভাগ পারদ আছে।

৩। এম্প্ল্যাষ্ট্রম্ এমোনিয়েসাই কম্ হাইড্রার্জিরো (Emplastrum Ammoniaci Cum Hydrargyro)। এমোনিয়াকম্ ১২ আং, পারদ ৩ আং, জলপাইয়ের তৈল ৫৬ গ্রেণ, গন্ধক ৮ গ্রেণ)। তৈলকে গরম করিয়া তাহাতে গন্ধক মিশাইয়া, ইহার সহিত, পারদ নিশ্চন্দ্র না হওয়া পর্য্যন্ত, পারদ মর্দ্দন করতঃ, অগ্নিতাপে এমোনায়েকম্ গলাইয়া, তাহার সহিত মিশাইবে। ইহার ৫ ভাগে ১ ভাগ পারদ আছে।

৪। পাইলুলা হাইড্রার্জিরাই (Pilula Hydrargyri)। (পারদ ২ আং; কন্‌ফেক্‌সন্ অব্ রোজেস্ ৩ আং, লিকরিস্ রুট্ চূর্ণ ১ আং); যে পর্য্যন্ত না পারদ নিশ্চন্দ্র হয়, ততক্ষণ পারদ ও গোলাবের খণ্ড একত্রে মর্দ্দন করিয়া, অবশেষে তাহাতে যষ্টিমধু মিশ্রিত করিয়া লইবে। মাত্রা ৩—৮ গ্রেণ; ৩ ভাগে ১ ভাগ পারদ। ইহাকে "ব্লু পিল" কহে।

ক্রিয়া। ইহা মূত্রকারক। উদরী রোগে,—বিশেষতঃ হৃৎপিণ্ড জনিত উদরীতে ইহা বিশেষ উপকার করে। মূত্রগ্রন্থি জনিত উদরী রোগে ইহা ব্যবহৃত হয় না।

৫। লিনিমেণ্টম্ হাইড্রার্জিরাই (Linimentum Hydrargyri)।

পারদের মলম ১ আং; এমোনিয়া দ্রব এবং ক্যাম্ফর্ লিনিমেণ্ট, প্রত্যেকে ১ আং। এমোনিয়া দ্রবকে অর্দ্ধেক পরিমাণ কর্পূরমর্দ্দনের সহিত মিশাইয়া এবং অপরার্দ্ধের সহিত পারদমলম মাড়িয়া লইয়া উভয়কে একত্রে মিশ্রিত করিবে। ইহার তিন ভাগে ১ ভাগ পারদ আছে।

৬। অঙ্গুয়েটম্ হাইড্রার্জ্জিরাই (Unguentum Hydrargyri)। পারদ ১পৌং; শুকরের বসা ১ পৌং; মেষের বসা ১ আং)। যে পর্য্যন্ত না পারদ নিশ্চন্দ্র হয়, তত্ক্ষণ তাহাদিগকে একত্রে মর্দ্দন করিবে। ইহাকে "ব্লু অয়েণ্টমেণ্ট" কহে।

৭। অঙ্গুয়েণ্টম্ হাইড্রার্জ্জিরাই কম্পজিটম্ (Uuguentum Hydrargyri Compositum)। (পারদের মলম ৬ আং, পীত মোম ও জলপায়ের তৈল, প্রত্যেকে ৩ আং; কর্পূর ১॥০ আং)। মৃদু উত্তাপ প্রয়োগে তৈল এবং মোম একত্রে গলাইয়া পারদমলম সংযোগ করতঃ, প্রায় শীতল হইলে তাহাতে কর্পূর চূর্ণ মিশাইয়া লইবে। ইহার ৪॥০ ভাগে ১ ভাগ পারদ। ইহাকে "স্কটস্ অয়েণ্টমেণ্ট" কহে।

৮। সপজিটোরিয়া হাইড্রার্জ্জিরাই (Suppositoria Hydrargyri) পারদের মলম ৬০ গ্রেণ; থিওব্রামা অয়েল ১২০ গ্রেণ। অয়েল্ অব্ থিওব্রামাকে যথোচিত উত্তাপে গলাইয়া তাহাতে পারদের মলম উত্তমরূপে মিশাইবে। শীতল হইলে ইহাতে ১২টি সপজিটোরী প্রস্তুত করিবে। প্রত্যেক সপজিটরীতে ৫ গ্রেণ পারদের মলম আছে।

হাইড্রার্জ্জিরাই সব্ক্লোরাইডম্ (Hydrargyri Subchloridum)।

প্রতিসংজ্ঞা। ক্যালোমেলাস্, হাইড্রার্জ্জিরাই ক্লোরাইডম্, ক্যালোমেল্, মার্কিউরস্ ক্লোরাইড্।

প্রস্তুত করণ। পারসল্ফেট্ অব্ মার্কারি ১০ আং; মার্কারি ৭ আং; সামান্য লবণ শুষ্ক ৫ আং; ফুটিত পরিস্রুত জল যথা প্রয়োজন)। সল্ফেট্ অব মার্কারিকে অল্প জলে আর্দ্র করিয়া পারদের সহিত উত্তমরূপে মর্দ্দন করিবে। পারদ নিশ্চন্দ্র হইলে তাহা লবণের সহিত মর্দ্দন করিয়া উত্তমরূপে মিশ্রিত করিবে। পরে, এরূপ বিস্তীর্ণ যন্ত্র মধ্যে তাহাকে ঊর্দ্ধপাতিত করিবে;

যে, যাহা উর্দ্ধে পতিত হইবে, তাহা যেন যন্ত্রের পার্শ্বে দানা না বাঁধিয়া অতি সূক্ষ্ম চূর্ণ রূপে নীচে পড়ে। যদবধি ধৌত জলে হাইড্রোসলফিউরেট্ অব্ এমোনিয়া দিলে কৃষ্ণ বর্ণ হয়, ততক্ষণ সেই চূর্ণকে পরিস্রুত জলে বারম্বার ধৌত করিবে। অবশেষে ২১২ ডিগ্রির অনধিক উত্তাপে শুষ্ক করিয়া তাহা অস্বচ্ছ বোতলে উত্তমরূপে বন্ধ করিয়া রাখিবে।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব।• শ্বেতবর্ণ, নিরুজ্জ্বল, মসৃণ ও গুরু।

অসম্মিলন। ক্ষার, ক্ষারকার্ব্বনেট্; নাইট্রো মিউরিয়াটিক্ এসিড্; হাইড্রোসিয়ানিক্ এসিড্; আইয়োডাইড্ অব্ পটাশিয়ম্; লৌহ; সীস ও তাম্রাদি ধাতু ঘটিত লবণ; ক্লোরিণ্ ও হাইড্রো-সলফিউরিক্ এসিড্ সংযুক্ত ঔষধ সহযোগে অবিধেয়।

ক্রিয়া। ইহার সেবনে পারদের ন্যায় বিরেচক, পিত্তনিঃসারক, পরিবর্ত্তক, শোষক ও প্রদাহনাশক ক্রিয়া প্রকাশ পায়।

সবক্লোরাইড্ ও পার্ক্লোরাইড্ অব্ মার্কারি সেবনে হৃৎপিণ্ডের ক্রিয়ার হ্রাস হয়। সেই জন্য মেনিন্জ্যাইটিস্, এপোপ্লেক্সি ও অন্যান্য প্রদাহ জনিত পীড়ায় ইহা বিরেচনার্থে ব্যবহৃত হয়।

আময়িক প্রয়োগ। বিবিধ যান্ত্রিক তরুণ প্রদাহে,—বিশেষতঃ, শ্লৈষ্মিক ঝিল্লির প্রদাহে, প্রদাহ দমনার্থ ক্যালোমেল্ অহিফেন ও প্রয়োজন মত এণ্টিমনি সহযোগে প্রয়োগ করিলে বিশেষ উপকার হয়। টাইফস্ ও টাইফইড্ রোগের প্রথমাবস্থায় অন্ত্র পরিষ্কার করণার্থ কেহ কেহ ইহা রুবার্ব্বের সহিত ব্যবহার করেন। পর্য্যায় জ্বরে যকৃতের ক্রিয়ার সাহায্য ও অন্ত্র পরিষ্কার করণার্থ কেহ কেহ ইহা প্রয়োগ করিয়া থাকেন।

সংন্যাস রোগে জ্যালাপ, গ্যাম্বোজ বা জলপাইয়ের তৈল সহযোগে ক্যালমেল্ অতি বিরেচনার্থ ব্যবহৃত হয়।

বিসূচিকা রোগে কেহ কেহ ক্যালমেল্কে শ্রেষ্ঠ ঔষধ বুলিয়া ব্যবহার করেন।

চক্ষুঃপ্রদাহে কেহ কেহ ক্যালোমেলের স্থানিক চূর্ণন (Dusting) প্রয়োগ করেন। মাত্রা ।•—৫ গ্রেণ।

প্রয়োগ রূপ। ১। লোসিয়ো হাইড্রার্জিরাই নাইগ্রা (Lotio Hy-

drargyri Nigra)। (সবক্লোরাইড্ অব্ মার্কারি ৩০ গ্রেণ; চুনের জল ১০ আং)। সকলকে মিশ্রিত করিয়া লইবে। ইহাকে "ব্ল্যাক্ ওয়াস্" কহে।

২। পাইলুলা হাইড্রার্জিরাই সবক্লোরিডাই কম্পজিটা (Pilula Hydrargyri Subchloridi Composita)। ক্যালোমেল্ ও সলফিউরেটেড্ এণ্টিমনি, প্রত্যেকে ১ আং; গুয়েকম্ রেজিন্ চূর্ণ ২ আং; এরণ্ড তৈল ১আং। একত্রে মর্দ্দন করিয়া লইবে। মাত্রা ৫—১০ গ্রেণ। ইহাকে "প্লমর্শ পিল" কহে। ৫ গ্রেণে ১ গ্রেণ।

৩। অঙ্গুয়েণ্টম্ হাইড্রার্জিরাই সবক্লোরিডাই (Unguentum Hydrargyri Subchloridi)। ক্যালমেল্ ৮০ গ্রেণ, বেঞ্জোয়েটেড্ লার্ড ১ আং)। একত্রে মিশাইয়া লইবে।

হাইড্রার্জিরাই পারক্লোরাইডম্ (Hydrargyri Perchloridum)।

প্রতিসংজ্ঞা। হাইড্রার্জিরাই করোসিভম্ সবলিমেটম্, হাইড্রার্জিরাই বাই-ক্লোরাইডম্, করোসিভ্ সবলিমেট্, মার্কিউরিক্ ক্লোরাইড্। বাং রসকর্পূর।

প্রস্তুত করণ। (পার্‌সলফেট্ অব্ মার্কারি ২০ আং; সামান্য লবণ শুষ্ক ১৬ আং; ব্ল্যাক্ অক্সাইড্ অব্ ম্যাঙ্গেনিজ্ চূর্ণ ১ আং)। প্রথমোক্ত দুই দ্রব্যকে সূক্ষ্মরূপে চূর্ণীত করিয়া, একত্রে মিশাইয়া, শেষোক্ত দ্রব্যের সহিত উত্তমরূপে মর্দ্দন করতঃ মিশ্রিত করিবে। এই মিশ্রিত পদার্থকে হরিদ্বর্ণ কাচ নির্ম্মিত যন্ত্র মধ্যে বালুকাস্বেদন যন্ত্রের উত্তাপ দিয়া উৰ্দ্ধপাতিত করিবে। অবশেষে এই উর্দ্ধপাতিত দ্রব্যকে অস্বচ্ছ বোতলে রাখিয়া দিবে।

স্বরূপ ও রাসয়েনিক তত্ত্ব। বর্ণহীন, ঈষৎ স্বচ্ছ, স্তম্ভাকার, দানাযুক্ত, গুরু, কটু ও ধাতুব আস্বাদ।

অসম্মিলন। ক্ষার, কার্ব্বনেট্, লবণদ্রাবক ভিন্ন সমুদয় দ্রাবক, টার্টার এমিটিক্, নাইট্রেট্ অব্ সিল্ভার, সীসশর্করা, আইয়োডিন্ সংযুক্ত ঔষধ; ঔদ্ভিজ্জসঙ্কোচক্, অণ্ডলাল প্রভৃতি।

ক্রিয়া। অল্প মাত্রায় পরিবর্ত্তক। উৎকৃষ্ট পচন নিবারক। অধিক মাত্রায় দাহক ও বিষ ক্রিয়া প্রকাশক।

বাহ্যপ্রয়োগে দাহক। ইহা পচন নিবারক। ইহা দ্বারা আক্ষব

উদ্ভিদ্‌বীজ নষ্ট হয়। ইহা অস্ত্রচিকিৎসায় কার্ব্বলিক্ এসিডের পরিবর্ত্তে ব্যবহৃত হয়।

ইহা দ্বারা বিষাক্ত হইলে নিম্নলিখিত লক্ষণ সকল প্রকাশ পায়। যথা—গলদেশে জ্বালা ও পাকাশয়ে অত্যন্ত বেদনা, রক্তশ্লেষ্মামিশ্রিত ভেদ ও বমন; হস্তপদাদিতে আক্ষেপ, অবসন্নতা, মৃতাক্ষেপাদি প্রকাশ ও মৃত্যু।

ইহা দ্বারা বিষাক্ত হইলে বমনকারক ঔষধ খাওইয়া বমন করাইবে। পরে, আণ্ডলাল বা দুগ্ধ বা ষ্টাচ´, বিষনাশার্থ যথেষ্ট পরিমাণে সেবন করাইবে।

আময়িক প্রয়োগ। উপদংশ রোগের দ্বিতীয় অবস্থায় পরিবর্ত্তক বলিয়া সার্জ্জা বা অনন্ত মূল সহযোগে বিশেষ উপকারক। বিবিধ চর্ম্ম রোগে ইহা ব্যবহৃত হয়। বিবিধ ক্ষত ও অস্ত্রচিকিৎসায় ইহার দ্রব, লিন্ট্ ও তুলাদি ব্যবহৃত হয়।

বালকদিগের উদরাময় রোগে মলে দুর্গন্ধ থাকিলে ।৹ গ্রেণ, ১০ আং জলে দ্রব করিয়া ১ চামচা মাত্রায় ৩। ৪ ঘণ্টা অন্তর সেবন করাইলে উপকার পাওয়া যায়। মাত্রা ১/১৬—১/৮ গ্রেণ।

প্রয়োগ রূপ। ১। লাইকর্ হাইড্রার্জ্জিরাই পারক্লোরিডাই (Liquor Hydrargyri Perchloridi); পারক্লোরাইড্ অব্ মার্কারি ও ক্লোরাইড্ অব্ এমোনিয়ম্ প্রত্যেকে ১০ গ্রেণ; পরিশ্রুত জল ১ পাইন্ট। সকলগুলিকে দ্রব করিয়া লইবে। মাত্রা ।৹—২ ড্রাম। ইহার প্রতি আউন্সে অর্দ্ধ গ্রেণ করোসিভ্ সব্লিমেট্ আছে।

লোসিয়ো হাইড্রার্জ্জিরাই ফ্লেভা; (Lotio Hydrargyri Flava) পারক্লোরাইড্ অব্ মার্কারি ১৮ গ্রেণ, চূনের জল ১০ আং। সকলকে মিশ্রিত করিয়া লইবে। ইহাকে "ইয়েলো মার্কুরিয়েল্ লোসন্" কহে।

হাইড্রার্জ্জিরম্ এমোনিয়েটম্ (Hydrargyrum Ammoniatum)।

প্রতিসংজ্ঞা। হাইড্রার্জ্জিরাই এমোনিও ক্লোরাইডম্; হাইড্রার্জ্জিরাই প্রিসিপিটেটম্ এল্বম্; ক্লোরাইড্ অব্ মার্কিউরিক্ এমনিয়ম্।

প্রস্তুত করণ। পারক্লোরাইড্ অব্ মার্কারি ৩ আং; এমোনিয়া দ্রব ৪ আং; পরিশ্রুত জল যথা প্রয়োজন।

রসকর্পূরকে মৃদু উত্তাপ দ্বারা জলে দ্রব করিয়া তাহাকে এমোনিয়া দ্রব

সংযোগ করিয়া আলোড়িত করিবে। যাহা অধঃস্থ হইবে, ধৌত জলে যবক্ষার দ্রাবক মিশ্রিত নাইট্রেট্ অব্ সিল্ভার দ্রব দিলে কিছুই অধঃস্থ না হওন পর্য্যন্ত, তাহাকে পরিস্রুত জলে বারম্বার ধৌত করিবে। অবশেষে তাহাকে ২১২ ডিগ্রির অনধিক তাপে শুষ্ক করিবে।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। শ্বেতবর্ণ অস্বচ্ছ চূর্ণ; সুরা ও ইথরে দ্রবনীয়।

ক্রিয়া। আভ্যন্তরিক প্রয়োগ হয় না। বিবিধ চর্ম্মরোগে ইহার ব্যবহার হয়। ইহা দ্বারা পেডিকিউলাই নামক ক্ষুদ্র কীট বিনষ্ট হয়। অফ্থাল্মিয়া টার্সাই রোগে কজ্জলের ন্যায় ইহার মলম চক্ষুপল্লবে লাগান যায়।

প্রয়োগ রূপ। অঙ্গুয়েন্টম্ হাইড্রার্জিরাই এমোনিয়েটাই (Unguentum Hydrargyri Ammoniati)। (এমোনিয়েটেড্ মার্কারি ১ ভাগ, সিম্পিল্ অয়েন্ট্মেন্ট্ ৯ ভাগ। একত্রে মর্দ্দন করিয়া লইবে।

হাইড্রার্জিরাই অ ইয়োডাইডম্ রুব্রম্ (Hydrargyri Iodidum Rubrum); ইং (Red Iodide of Mercury)।

প্রতিসংজ্ঞা। হাইড্রার্জিরাই বিন্ আইয়োডাইডম্, মার্কিউরিক্ আইয়োডাইড্।

প্রস্তুত করণ। পার্ক্লোরাইড্ অব্ মার্কারি ৪ আং; আইয়োডাইড অব্ পটাশিয়ম্ ৫ আং, ফুটিত পরিস্রুত জল ৪ পাইন্ট; ৩ পাইন্ট জলে রসকর্পূর দ্রব করিয়া, এবং অবশিষ্ট ১ পাইন্ট জলে আইয়োডাইড অব্ পটাশিয়ম্ দ্রব করিয়া, উভয়কে একত্র করতঃ, শীতল হইলে উপরের স্বচ্ছ জল ঢালিয়া, অধঃস্থ দ্রবকে সংগ্রহ করিয়া, শীতল পরিস্রুত জলে ধৌত করিবে। অবশেষে তাহাকে ২১২ ডিগ্রির অনধিক উত্তাপে শুষ্ক করিয়া লইবে।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। উজ্জ্বল লোহিতবর্ণ, দানাযুক্ত চূর্ণ, গন্ধহীন, তীক্ষ্ণ কষায় আস্বাদ।

ক্রিয়া। পার্ক্লোরাইডের ন্যায় পরিবর্ত্তক, শোষক ও দাহক। প্রবল দাহক বলিয়া ইহার আভ্যন্তরিক প্রয়োগ অতি বিরল। দোহন ও শোষণের জন্য প্রয়োগ করা যায়। মাত্রা ১/৩২—১/৮ গ্রেণ।

আময়িক প্রয়োগ। উপদংশ রোগের দ্বিতীয়াবস্থায় ইহার সেবনে বিশেষ

উপকার পাওয়া যায়। উপদংশজনিত বিবিধ চর্ম্মরোগে ইহা বিশেষ উপকারী।

প্রয়োগ রূপ। ১। অঙ্গুয়েন্টম্ হাইড্রার্জিরাই আইয়োডিডাই রুব্রাই (Unguentum Hydrargyri Iodidi Rubri) (রেড্ আইয়োডাইড্ অব্ মার্কিরি চূর্ণ ১৬ গ্রেণ; সিম্পল অয়েণ্টমেণ্ট ১ আঃ) উভয়কে একত্রে মর্দ্দন করিয়া লইবে।

২। লাইকর্ আর্সেনিয়াই এট্ হাইড্রার্জিরাই আইয়োডিডাই (Liquor Arsenii et Hydrargyri Iodidi).

আইয়োডাইড্ অব্ আর্সেনিয়ম্ এবং রেড্ আইয়োডাইড্ অব্ মার্কারি প্রত্যেকে ৪৫ গ্রেণ, পরিশ্রুত জল যথা প্রয়োজন। ইহাকে ডনোভান্স সোলিউসন্ কহে।

ক্রিয়া। পরিবর্ত্তক।

আময়িক প্রয়োগ। সোরায়েসিস্, লেপ্রা, পিটিরিয়োসিস্, সাইকোসিস্, লুপাস্, ইম্পেটাইগো প্রভৃতি চর্ম্মরোগে আর্সেনিকের অন্যান্য প্রয়োগ রূপ দ্বারা উপকার না হইলে ইহার ব্যবহারে উপকার হয়। মাত্রা ১০—৩০ মিঃ।

হাইড্রার্জিরাই অক্সাইডম্ ফ্লেভম্ (Hydrargyri Oxidum Flavum) প্রতিসংজ্ঞা। ইয়েলো অক্সাইড্ অব্ মার্কারি, ইয়েলো মার্কিউরিক্ অক্সাইড্।

প্রস্তুত করণ। (পারক্লোরাইড অব মার্কারি ৪ আং, সোডা দ্রব ২ পাং, পরিশ্রুত জল যথা প্রয়োজন)। ৪ পাইণ্ট পরিশ্রুত জলে উত্তাপ দ্বারা পারক্লোরাইড্ অব্ মার্কারি দ্রব করিয়া, সোলিউসন্ অব্ সোডা সংযোগে আলোড়িত করিয়া রাখিলে হরিদ্বর্ণ পদার্থ অধঃস্থ হইবে। উপরিস্থিত জলীয়াংশ ঢালিয়া ফেলিলে যে অক্সাইড্ থাকিবে, তাহাকে পরিশ্রুত জলে উত্তমরূপে ধৌত করিয়া জলশোষণ যন্ত্রোত্তাপে শুষ্ক করিয়া লইবে।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। পীতবর্ণ চূর্ণ, লবণদ্রাবকে দ্রব হয়।

ক্রিয়া। ইহা রেড্ অক্সাইড্ অব্ মার্কারির পরিবর্ত্তে ব্যবহৃত হয়।

প্রয়োগ রূপ। ওলিয়েটম্ হাইড্রার্জিরাই (Oleatum Hydrargyri)। ইয়েলো অক্সাইড্ অব্ মার্কারি ১ আং; অলিয়িক্ এসিড্ ৯ আং)। উভ

খলে ওলিয়িক্ এসিডকে নাড়িতে থাকিবে ও তাহাতে ক্রমশঃ অক্সাইড্ অব্ মার্কারি সংযোগ করিতে থাকিবে এবং সমস্ত দ্রব হওয়া পর্য্যন্ত মধ্যে মধ্যে মর্দ্দন করিবে।

ইহা বাহ্য প্রয়োগে পারদের ন্যায় ক্রিয়া প্রকাশ করে। ইহা শীঘ্র শোষিত হইয়া কার্য্য করে। প্রদাহযুক্ত সন্ধি বর্দ্ধিত গ্রন্থি ও বিবিধ চর্ম্মরোগে; অল্প পরিমাণে ইহার স্থানিক প্রয়োগে বিশেষ উপকার হয়। প্রদাহস্থানে আস্তে আস্তে অঙ্গুলী বা তুলি দ্বারা লাগাইবে এবং পরে বস্ত্রাদি দ্বারা আবৃত করিয়া রাখিবে। কারণ ঐ স্থানে ঘর্ষণ লাগিলে চর্ম্মে উগ্রতা জন্মিবার সম্ভাবনা। পেডিকিউলাই রোগে পুরাতন ক্ষুদ্রকীট বিনাশ করিয়া বিশেষ উপকার করে। বিবিধ আভ্যন্তরিক স্থানের বা যন্ত্রের প্রদাহে,—যথা, প্লুরিসি, নিউমোনিয়া, পেরিকার্ডাইটিস্, এণ্ডোকার্ডাইটিস্ প্রভৃতিতে ইহার প্রয়োগে যন্ত্রণা ও স্নায়বীয় উগ্রতার উপশম হয়।

হাইড্রার্জ্জিরাই অক্সাইডম্ রুব্রম্ (Hydrargyri Oxidum Rubrum) ইং (Red Oxide of Mercury)। প্রতিসংজ্ঞা। হাইড্রার্জ্জিরাই নাইট্রিকো অক্সাইডম্; রেড্ মার্কিউরিক্ অক্সাইড্।

প্রস্তুত করণ। (মার্কারি ৮ আং; যবক্ষার দ্রাবক ৪৷৷০ আং; জল ২ আং)। জল এবং যবক্ষার দ্রাবক একত্রে মিশাইয়া তাহাতে ৪ আং পারদ দ্রব করিবে। পরে, অগ্নিতাপে তাহা শুষ্ক করিয়া অবশিষ্ট পারদের সহিত উত্তমরূপে মর্দ্দন করতঃ, যদবধি অম্লধূম নির্গত হয়, ততক্ষণ তাহা চীন পাত্রে উত্তপ্ত করিবে। শীতল হইলে তাহা বোতলে রাখিবে।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। কমলালেবুর বর্ণ, উজ্জ্বল শল্কাকার দানাযুক্ত, অগ্নিতাপে সমুদয় উড়িয়া যায়।

ক্রিয়া। ইহার আভ্যন্তরিক প্রয়োগ হয় না। বাহ্য প্রয়োগে প্রবল উত্তেজক ও ক্ষোটকারক।

ইহার মলম অফ্থ্যাল্মিয়া ও ইনডোলেণ্ট ক্ষতে প্রয়োগে করিলে বিশেষ উপকার হয়। শর্করার সহিত মিশ্রিত করিয়া ইহার চূর্ণ কর্কশার ক্ষত ও উপদংশ ক্ষতে লাগাইলে বিশেষ সুফল পাওয়া যায়।

প্রয়োগরূপ। অঙ্গুয়েন্টম্ হাইড্রার্জিরাই অক্সাইডাই রুব্রাই (Unguentum Hydrargyri Oxidi Rubri)। রেড্ অক্সাইড্ অব্ মার্কারি ৬২ গ্রেণ; হার্ড্ প্যারাফিন্ ।০আং; সফ্ট্ প্যারাফিন্ ৮০আং। প্যারাফিনদ্বয়কে একত্রে গলাইয়া, শীতল হওন কালে ঘন হইতে আরম্ভ হইলে তাঁহাকে কাচ বা চীন খলে মাড়িয়া অক্সাইড্ অব্ মার্কারির সহিত মিলাইয়া লইবে।

লাইকর্ হাইড্রার্জিরাই নাইট্রেটিস্ এসিডস্ (Liquor Hydrargyri Nitratis Acidus)।

প্রতিসংজ্ঞা। এসিড্ সলিউসন্ অব্ মার্কিউরিক্ নাইট্রেট্; এসিড্ সলিউসন্ অব্ পারনাইট্রেট্ অব্ মার্কারি। (মার্কারি ৪ আং; যবক্ষার দ্রাবক ৫ আং; পবিশ্রুত জল ১॥০ আং। জল এবং যবক্ষার দ্রাবক একত্রে মিশাইয়া তাহাতে পারদ দ্রব করিবে। পরে, ১৫ মিনিট কাল মৃদু তাপে ফুটাইয়া লইয়া, শীতল হইলে কাচের ছিপিযুক্ত বোতলে উত্তমরূপে বন্ধ করিয়া অন্ধকারময় স্থানে রাখিবে।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। বর্ণহীন, স্বচ্ছ ও অম্লস্বাদ যুক্ত।

ক্রিয়া। ইহার আভ্যন্তরিক প্রয়োগ নাই। ইহার উত্তেজক গুণ থাকা প্রযুক্ত বিবিধ চর্ম্মরোগে ব্যবহৃত হয়। চক্ষুরোগের পুরাতন প্রদাহে, অফ্থ্যালমিয়া টার্সাই রোগে ইহার মলম যথাযোগ্য মৃদু করিয়া প্রয়োগ করা হয়।

প্রয়োগরূপ। ১। অঙ্গুয়েন্টম্ হাইড্রার্জিরাই নাইট্রেটিস্ (Unguentum Hydrargyri Nitratis)। প্রতিসংজ্ঞা। অঙ্গুয়েন্টম্ সিট্রিনম্।

প্রস্তুত করণ। মার্কারি ৪ আং; যবক্ষার দ্রাবক ১২ আং; শূকরের বসা ১৫ আং; জলপাইয়ের তৈল ৩২ আং। যবক্ষার দ্রাবকে মৃদু তাপে পারদ দ্রব করিয়া এবং মৃদুতাপে জলপাইয়ের তৈলে বসা গলাইয়া, উষ্ণ থাকিতে থাকিতে উভয়কে একত্রে মিশাইয়া লইবে।

২। অঙ্গুয়েন্টম্ হাইড্রার্জিরাই নাইট্রেটিস্ ডাইলিউটম্ (Unguentum Hydrargyri Nitratis Dilutum)। (নাইট্রেট্ অব্ মার্কারির মলম ১ আং; সফ্ট্ প্যারাফিন্ ২ আং)। মিশ্রিত করিয়া লইবে।

হাইড্রার্জিরাই সল্ফিউরেটম্ (Hydrargyri Sulphuretum)।

ব্রিটিস্ ফার্ম্মাকোপিয়াতে ইহা গৃহীত হয় নাই। (সল্ফর্ ও মার্কারি প্রত্যেকের সমানাংশ আবৃত পাত্রে অগ্নির উত্তাপে দ্রব করতঃ শীতল হইলে চূর্ণ ও পরিশোধিত করিয়া লইবে।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। ঘোর লোহিত বর্ণ, উজ্জ্বল, দানাযুক্ত। গুঁড়াইলে ইহাকে সিন্দুর কহে।

ক্রিয়া। শরীরে ইহার ধূম লাগাইলে মার্কারির ন্যায় শরীর মধ্যে পারদের লক্ষণ প্রকাশ পায় ও শরীরস্থ সমুদয় যন্ত্র ও গ্রন্থি সকল উত্তেজিত হয় ও উহাদের ক্রিয়া বর্দ্ধিত করে। ইহার আভ্যন্তরিক প্রয়োগ হয় না।

হাইড্রার্জিরাই পার্সল্ফস্ (Hydrargyri Persulphas)।

প্রতিসংজ্ঞা। হাইড্রার্জিরাই সল্ফস্; সল্ফেট্ অব্ মার্কারি; মার্কিউরিক্ সল্ফেট্।

প্রস্তুতকরণ। মার্কারি ২০ আং, গন্ধকদ্রাবক ১২ আং। চীন পাত্রে উভয়কে উষ্ণ করিবে এবং অনবরত আবর্ত্তিত করিবে। পারদ দ্রব হইলে তাহা অগ্নিতাপে শুষ্ক করিবে।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। শ্বেতবর্ণ, শুষ্ক, দানাযুক্ত চূর্ণ; জলসংযোগে পীতবর্ণ হয়। অগ্নিতাপে উড়িয়া যায়।

হাইড্রার্জিরাই পার্ক্লোরাইডম্ ও হাইড্রার্জিরাই সব্ক্লোরাইডম্ প্রস্তুত করিতে ইহার আবশ্যকতা হয়।

লিথিয়ম্ (Lithium L=7)।

স্বাভাবিক অবস্থায় ইহা পাওয়া যায় না। ইহা অন্য অন্য ধাতুর সহিত মিশ্রিত অবস্থায় দেখিতে পাওয়া যায়।

লিথিয়াই কার্ব্বনাস্ (Lithii Carbonas); ইং (Carbonate of Lithium)।

সল্ফেট্ অব্ লিথিয়া দ্রবে কার্ব্বনেট্ অব্ এমোনিয়া প্রয়োগে ইহা অধঃস্থ হয়। পরে, উষ্ণ জলে দ্রব করিয়া রাখিলে শীতল হইবার সময় দানা বাঁধে।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। শ্বেতবর্ণ চূর্ণ বা অতি ক্ষুদ্র দানাযুক্ত; ক্ষার গুণবিশিষ্ট, লাবণিক ক্ষার আস্বাদ, গন্ধহীন।

ক্রিয়া। অম্লনাশক, মূত্রকারক, অশ্মরীদ্রাবক।

আময়িক প্রয়োগ। (১) ইহা সেবনে নূতন ও পুরাতন গাউট্ রোগে রক্ত ও টিশু হইতে ইউরেট্ অব্ সোডিয়ম্ নির্গত হয়।

(২) ইহা মূত্রকারক ও ইউরিক্ এসিড্ অশ্মরী দ্রবকারক বলিয়া অশ্মরী রোগে বিশেষ ব্যবহৃত হয়।

(৩) বাহ্যিক প্রয়োগে কার্ব্বনেট্ অব্ লিথিয়ম্ লোসন্ ৪ গ্রেণ্ ১ আং জলে মিশ্রিত করিয়া পাতলা স্পঞ্জ দিয়া গাউট্ রোগগ্রস্ত অচল সন্ধিতে ও ক্ষতে লাগাইয়া গটাপার্চ্চা দ্বারা আবৃত করিয়া রাখিলে সুফল পাওয়া যায়। মাত্রা ৩—৬ গ্রেণ্।

প্রয়োগরূপ। ১। লাইকর্ লিথিয়াই এফার্ভেসেন্স্ (Liquor Lithiæ Effervescens)। কার্ব্বনেট্ অব্ লিথিয়ম্ ১০ গ্রেণ, জল ১ পাইন্ট একত্র মিশ্রিত করিয়া কার্ব্বনিক্ এসিড্ বায়ু চতুর্বায়ুর চাপন দ্বারা যতদূর সম্ভব মিশ্রিত করা উচিত। ইহাকে লিথিয়া ওয়াটার্ কহে।

২। লিথিয়াই সাইট্রাস্ (Lithii Citras); ইং (Citrate of Lithium)। কার্ব্বনেট্ অব্ লিথিয়ম্ ৫০ গ্রেণ; সাইট্রিক্ এসিড্ ৯০ গ্রেণ; উষ্ণ পরিশ্রুত জল ১ আং। উষ্ণ পরিশ্রুত জলে সাইট্রিক্ এসিড্ দ্রব করিয়া তাহাতে কার্ব্বনেট অব্ লিথিয়ম্ দ্রব করিবে। পরে, যে পর্য্যন্ত না দ্রবের আপেক্ষিক ভার প্রায় ১.২৩০ হয়, ততক্ষণ বাষ্প কিম্বা বালুকাস্বেদন যন্ত্রোত্তাপে গাঢ় করিয়া তাহা দানা বাঁধিবার জন্য রাখিয়া দিবে। অবশেষে দানা সকলকে শুষ্ক করিয়া বোতলে উত্তমরূপে বন্ধ করিয়া রাখিবে।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। শ্বেতবর্ণ, নির্দ্দিষ্ট আকারহীন চূর্ণ; জল শোষক; জলে দ্রবনীয়।

ক্রিয়া। কার্ব্বনেট্ অব্ লিথিয়ার ন্যায়। মাত্রা ৫—১০ গ্রেণ্।

ম্যাগ্নিসিয়ম্ (Magnesium Mg—24)।

ইহা বিশুদ্ধ অবস্থায় পাওয়া যায় না। অন্যান্য খনিজ পদার্থের সহিত মিশ্রিত থাকে।

ম্যাগ্নিসিয়া পণ্ডেরোসা (Magnesæ Ponderosa); ইং (Heavy Magnesia)।

প্রতিসংজ্ঞা। হেভি ক্যাল্সাইণ্ড ম্যাগ্নিসিয়া, অক্সাইড্ অব্ ম্যাগ্নেসিয়ম্।

প্রস্তত করণ। হেভি কার্ব্বনেট্ অব্ ম্যাগ্নিসিয়াকে মুষা মধ্যে রাখিয়া অল্প পরিমাণে অগ্নি তাপ লাগাইবে। পরে, শীতল জল সহযোগে আর্দ্র করিয়া উক্ত জল মিশ্র গন্ধকদ্রাবকে মিশ্রিত করিলে উচ্ছ্বলিত হইয়া কার্ব্বনিক্ এসিড্ বাযু নির্গত হয়।

ম্যাগ্নিসিয়া লেভিস্ (Magnesia Levis) ইং (Light Magnesia)।

প্রতিসংজ্ঞা। লাইট্ ক্যাল্সাইণ্ড ম্যাগ্নিসিয়া লাইট্ কার্ব্বনেট্ অব্ ম্যাগ্নিসিয়াকে পূর্ব্বোক্ত প্রকারে দগ্ধ করিলে যে ম্যাগ্নিসিয়া পাওয়া যায় তাহাকে লাইট্ ম্যাগ্নিসিয়া কহে।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। শ্বেতবর্ণ, মসৃণ, চূর্ণ, গন্ধাস্বাদ বিহীন, জলে দ্রবনীয়।

অসম্মিলন। অম্লাধিক লবণ, ফটকিরি, ধাতু ঘটিত লবণ, নিসাদল।

ক্রিয়া। মৃদু বিরেচক ও অম্লনাশক। অধিক দিন সেবনে অন্ত্রমধ্যে সংযত হইয়া অন্ত্রবোধ করিতে পারে।

আময়িক প্রয়োগ। অম্লরোগে বুকজ্বালা ও বমন নিবারণার্থ ইহা ব্যবহৃত হয়। ইহা শীঘ্র দ্রব হয় না। এই হেতু ইহা সকল ক্ষার অপেক্ষা শ্রেষ্ঠ। ইহা দ্বারা প্রস্রাবের ইউরিক্ এসিড্ নষ্ট হয়। এ নিধায় ইহাকে লিথনট্রিপ্টিক্ বলে। গাউট্ ও বাত রোগে ইহা ব্যবহৃত হয়। দ্রাবকাদি দ্বারা বিষাক্ত হইলে বিষনাশার্থ ইহা বিধেয়। মাত্রা ১০—৬০ গ্রেণ। পল্ভিস্ রিয়াই কম্পজিটা প্রস্তুত করিতে ইহার আবশ্যক হয়।

ম্যাগ্নিসিয়াই কার্ব্বনাস্ পনুডেরোসা (Magnesii Carbonas Ponderosa) ইং (Heavy Carbonate of Magnesium)।

প্রতিসংজ্ঞা। ম্যাগ্নিসি কার্ব্বোনাস্, হেভি কার্ব্বনেট্ অব্ ম্যাগ্নিসিয়া।

সল্ফেট্ অব্ ম্যাগনিসিয়ম্ ১০ আং; কার্ব্বনেট্ অব্ সোডিয়ম্ ১২ আং; ফুটিত পরিস্রুত জল যথা প্রয়োজন। ১ পাইন্ট ফুটিত জলে প্রথমোক্ত পদার্থদ্বয়কে পৃথক পৃথক দ্রব করিয়া, একত্রে মিশ্রিত করতঃ, বালুকাস্বেদনযন্ত্র দ্বারা শুষ্ক করিবে। যাহা অবশিষ্ট থাকিবে, তাহাকে ২ পাইন্ট পরিস্রুত জলে অর্দ্ধ ঘণ্টা কাল ভিজাইয়া, বস্ত্রের ছাঁকুনীতে রাখিয়া ধৌত জলে ক্লোরাইড

অব্ বেরিয়ম্ দিলে কিছু অধঃস্থ হওন পর্য্যন্ত, উত্তমরূপে ধৌত করিবে। পরিশেষে তাহাকে ২১২ ডিগ্রির অনধিক উত্তাপে শুষ্ক করিয়া লইবে।

ম্যাগ্নিসিয়াই কার্ব্বনাস্ লেভিস্ (Magnesii Carbonas Levis) ইং (Light Carbonate of Magnesium)।

প্রতিসংজ্ঞা। ম্যাগ্নিসি কার্ব্বোনাস্ লেভিস্, লাইট্ কার্ব্বনেট্ অব্ ম্যাগনিসিয়া।

সল্ফেট্ অব্ ম্যাগ্নিসিয়ম্ ১০ আং; কার্ব্বনেট্ অব্ সোডিয়ম্ ১২ আং; পরিস্রুত জল যথা প্রয়োজন)। প্রথমোক্ত পদার্থদ্বয়কে অর্দ্ধ গ্যালন্ জলে পৃথক পৃথক দ্রব করিয়া একত্রে মিশ্রিত করতঃ, ১৫ মিনিট কাল তাহাকে চীনপাত্রে রাখিয়া ফুটাইবে। যাহা অধঃস্থ হইবে, ধৌতজলে ক্লোরাইড্ অব্ বেরিয়ম্ দিলে কিছু অধঃস্থ হওন পর্য্যন্ত, তাহাকে বস্ত্রের ছাঁকুনীতে ঢালিয়া ফুটিত পরিস্রুত জল দ্বারা বারবার ধৌত করতঃ ২১২ ডিগ্রির অনধিক উত্তাপে শুষ্ক করিয়া লইবে।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। উভয় প্রকার কার্ব্বনেট্ অব্ ম্যাগ্নিসিয়া গন্ধাস্বাদ হীন। শ্বেত চূর্ণ। প্রভেদ এই যে, গুরু কার্ব্বনেট্ অব্ ম্যাগ্-নিসিয়া লঘু অপেক্ষা ৩ গুণ ভারী।

ক্রিয়া। মৃদু বিরেচক ও অম্লনাশক। ইহা ম্যাগ্নিসিয়ার ন্যায় কার্য্য করে। প্রভেদ এই যে অন্ত্রস্থ অম্লের সহিত মিশ্রিত হইয়া কার্ব্বনিক্ এসিড্ বায়ু বিযুক্ত হইয়া উদরাধ্মান উপস্থিত করিতে পারে। ম্যাগ্নিসিয়া দ্বারা তাহা হয় না। মাত্রা উভয়ের ১০—৬০ গ্রেণ্।

প্রয়োগরূপ। লাইকর্ ম্যাগ্নিসিয়াই কার্ব্বনেটিস্ (Liquor Magnesii Carbonatis); (Fluid Magnesia)।

সল্ফেট্ অব্ ম্যাগ্নিসিয়ম্ ২ আং, কার্ব্বনেট্ অব্ সোডিয়ম্ ২॥০ আং, পরিস্রুত জল যথা প্রয়োজন। উভয় লবণকে ১ পাইন্ট জলে পৃথক পৃথক দ্রব করিয়া, সল্ফেট্ অব্ ম্যাগ্নিসিয়ম্ দ্রবকে প্রায় ফুটিত করতঃ, ইহাতে মিশ্রিত করিবে। পরে, কার্ব্বনিক্ এসিড্ বায়ুর নির্গমন শেষ হওন পর্য্যন্ত তাহাকে ফুটাইবে। যে কার্ব্বনেট্ অব্ ম্যাগ্নিসিয়ম্ অধঃস্থ হইবে, তাহাকে ছাঁকিয়া, ধৌত জলে ক্লোরাইড্ অব্ বেরিয়ম্ দিলে কিছু অধঃস্থ হওন পর্য্যন্ত

পরিস্রুত জলে ধৌত করিবে। পরে, তাহা ১ পাইন্ট পরিস্রুত জলের সহিত মিশাইয়া, উপযুক্ত যন্ত্র মধ্যে স্থাপন করিয়া, তাহাতে খটিকার-উপর-গন্ধক-দ্রাবক-ক্রিয়াদ্বারা-প্রাপ্ত কার্ব্বনিক্ এসিড্ বায়ু অধিক পরিমাণে প্রবিষ্ট হইলে তিন-বায়ু-সন্তাপের চাপ দিয়া তাহাকে ২৪ ঘণ্টা কাল রাখিয়া দিবে। পরে, যে কার্ব্বনেট্ অব্ ম্যাগ্‌নিসিয়ম্ অদ্রবভূত থাকিবে, তাহা ছাঁকিয়া ফেলিয়া, পুনর্ব্বার কার্ব্বনিক্ এসিড্ বায়ু প্রয়োগ করিয়া, বোতলে তাহাকে উত্তমরূপে বদ্ধ করিয়া রাখিবে। মাত্রা ১—২ আং।

লাইকর্ ম্যাগ্‌নিসিয়াই সাইট্রেটিস্ (Liquor Magnesii Citratis)।

কার্ব্বনেট্ অব্ ম্যাগনিসিয়ম্ ১০০ গ্রেণ্; সাইট্রিক্ এসিড্ ২০০ গ্রেণ; লেমন্ সিরাপ ॥০ আং; দানাযুক্ত বাইকার্ব্বনেট্ অব্ পটাসিয়ম্ ৪০ গ্রেণ, জল যথা প্রয়োজন। ২ আউন্স জলে সাইট্রিক্ এসিড্ দ্রব করিয়া, তাহাতে কার্ব্বনেট্ অব্ ম্যাগনেসিয়ম্ দিবে ও তাহাকে অলোড়িত করিয়া দ্রব করিবে। তাহাকে ছাঁকিয়া ॥০ পাইন্ট বোতলে রাখিয়া তাহাতে জম্বীরের পাকমিশ্রিত করিয়া, জল সংযোগে বোতল পূর্ণ করতঃ, বাইকার্ব্বনেট্ অব্ পটাসিয়ম্ দিয়া তৎক্ষণাৎ বোতলের মুখ তার দিয়া উত্তমরূপে আবদ্ধ করিবে। অবশেষে বোতল নাড়িয়া বাইকার্ব্বনেট্ অব্ পটাশিয়মকে দ্রব করিবে। মাত্রা ৫—১০ আং।

ম্যাগ্‌নিসিয়াই সল্‌ফস্ (Magnesii Sulphas); সল্‌ফেট্ অব্ ম্যাগ্‌নিসিয়া। প্রতিসংজ্ঞা। (Epsom Salt) ম্যাগ্‌নিসি সল্‌ফস্।

প্রস্তুত করণ। ইহা সামান্য সমুদ্র লবণ হইতে প্রস্তুত হয়।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। ক্ষুদ্র ক্ষুদ্র; বর্ণহীন; স্বচ্ছ; চতুষ্কোণ দানাযুক্ত ও তিক্ত আস্বাদ।

অসম্মিলন। গন্ধকদ্রাবক ভিন্ন সমুদয় দ্রাবক; ক্ষার কার্ব্বনেট্; চুনের জল; ক্লোরাইড্ অব্ ক্যাল্‌সিয়ম্; সীস শর্করা।

ক্রিয়া। বিরেচক, শৈত্যকারক। অল্প মাত্রায় মূত্রকারক। জ্বরাদি রোগে ও যকৃতে রক্তাধিক্য হইলে ইহা সোনামুখীর সহিত (Black Draught) সেবন করিলে বিশেষ উপকার হয়। মাত্রা ১—৪ ড্রাম।

প্রয়োগরূপ। ১। এনিমা ম্যাগনিসিয়াই সল্‌ফেটিস্ (Enema Magnesii Sulphatis)। প্রতিসংজ্ঞা। এনিমা ক্যার্থাটিকম্। (সল্‌ফেট্ অব্ ম্যাগ্‌নিসিয়া ১ আং; জলপাইয়ের তৈল ১ আং; মিউসিলেজ্ অব্ ষ্টার্চ্চ ১৫ আং)। একত্রে মিশ্রিত করিয়া লইবে। মাত্রা ১—৪ আং।

২। ম্যাগ্‌নিসিয়াই সল্‌ফাস্ এফার্ভেসেন্স্ ইং (Magnesii Sulphas Effervescens)। (সল্‌ফেট্ অব্ ম্যাগ্‌নিসিয়া খণ্ড ২৫ আং, বাইকার্ব্বনেট্ অব্ সোডিয়ম্ ১৮ আং, টার্টারিক্ এসিড্ চূর্ণ ৯॥০ আং, সাইট্রিক্ এসিড্ চূর্ণ ৬।০ আং, বিশুদ্ধ শর্করা চূর্ণ ৫।০ আং। সল্‌ফেট্ অব্ ম্যাগ্‌নেসিয়াকে প্রায় ১৩০ তাপাংশ ফারণ্‌হীট্ উত্তাপে শুষ্ক করিবে। ওজনে তাহার চতুর্থাংশ (শতকরা ২৩) হ্রাস হইলে, তাহাকে চূর্ণ করিয়া শর্করার সহিত মিশাইয়া, অন্যান্য পদার্থের সহিত মিশাইয়া লইবে। সেই মিশ্রকে উপযুক্ত পাত্রে বা খলে রাখিয়া ২০০ হইতে ২২০ তাপাংশমধ্যের উত্তাপে উত্তপ্ত করিবে। চূর্ণ একীভূত হইতে আরম্ভ হইলে, চূর্ণাকার ধারণ না করা পর্য্যন্ত, তাহাকে অনবরত আলোড়িত করিয়া. অবশেষে উপযুক্ত ছাঁকুনী দ্বারা তাহার সমাকার ও যথোপযুক্ত আকারের চূর্ণ সকলকে পৃথক করিয়া বোতলে উত্তমরূপে বন্ধ করিয়া রাখিবে। মাত্রা ।০—১ আং।

ম্যাঙ্গেনিসিয়ম্ (Manganesium Mn.); ইং (Manganese)।

ম্যাঙ্গানিসিয়াই অক্সাইডম্ নাইগ্রম্ (Manganesii Oxidum Nigrum), ইং (Black Oxide Manganese)।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। শুষ্ক, কৃষ্ণবর্ণ পদার্থ, লবণ দ্রাবকে দ্রবনীয় ও ইহা হইতে ক্লোরিণ্ বায়ু উৎপন্ন হয়।

লাইকর্ ক্লোরাই ও হাইড্রার্জিরাই পার্‌ক্লোরাইড্ প্রস্তুত করিতে ইহার আবশ্যকতা হয়।

প্রয়োগরূপ। পটাসি পার্‌ম্যাঙ্গানাস্।

সীসধাতু (Plumbum Pl—207)। লেড্ধাতু ঔষধার্থ ব্যবহৃত হয় না।

যে সকল ব্যক্তি অধিক দিন সীসধাতু নাড়াচাড়া করে, তাহাদের সীস

ধাতু ঘটিত বিষক্রিয়ার লক্ষণ সকল ক্রমে ক্রমে প্রকাশিত হয়। সীস ধাতুর বিষাক্ত লক্ষণাদি ও আময়িক প্রয়োগ সীস শর্করাতে দ্রষ্টব্য।

প্লম্বাই অক্সাইডম্ (Plumbi Oxidum) ইং (Litharge)।

সীসধাতুকে বায়ু সংযোগে দগ্ধ করিলে ইহা পাওয়া যায়।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। ঈষৎ পীত বা লোহিত বর্ণ, উজ্জ্বল শল্কাকার গন্ধাস্বাদ বিহীন, জলে দ্রবনীয়।

ক্রিয়া। আভ্যন্তরিক প্রয়োগ হয় না। ইহার পলস্ত্রা ক্ষতাদির আবরণের জন্য ব্যবহৃত হয়।

প্রয়োগরূপ। এমপ্লাস্ট্রম্ প্লম্বাই (Emplastrum Plumbi)। অক্সাইড্ অব্ লেড্ চূর্ণ ৫ পৌঃ; জলপাইয়ের তৈল ১০ পৌঃ। উহাদিগকে একত্র করিয়া জলস্বেদন যন্ত্রোত্তাপে ৪।৫ ঘণ্টা কাল ফুটাইবে এবং অনবরত আলোড়িত করিবে।

প্লম্বাই আইয়োডাইডম্ (Plumbi Iodidum)।

(নাইট্রেট্ অব্ লেড্, আইয়োডাইড্ অব্ পটাশিয়ম্ প্রত্যেকে ৪ আং; পরিস্রুত জল যথা প্রয়োজন)। ১॥০ পাইন্ট জলে মৃদু উত্তাপ প্রয়োগে নাইট্রেট্ অব্ লেড্কে দ্রব করিয়া এবং অর্দ্ধ পাইন্ট জলে আইয়োডাইড্ অব্ পটাশিয়ম্কে দ্রব করিয়া, একত্রে মিশ্রিত করতঃ, যাহা অধঃস্থ হইবে, তাহা ছাঁকিয়া লইয়া পরিস্রুত জলে ধৌত করতঃ মৃদু তাপে শুকাইয়া লইবে।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। উজ্জ্বল পীতবর্ণ চূর্ণ; গন্ধাস্বাদ হীন, ফুটিত জলে দ্রবনীয়।

ক্রিয়া। স্ক্রফিউলা জনিত গ্রন্থি বিবর্দ্ধনে ইহার পলস্ত্রা ও মলম লাগাইলে বিশেষ উপকার হয়।

প্রয়োগ রূপ। ১। এমপ্লাস্ট্রম্ প্লম্বাই আইয়োডিডাই (Emplastrum Plumbi Iodidi)। আইয়োডাইড্ অব্ লেড্ ২ আং; লেড্ পলস্ত্রা ১ পৌঃ রেজিন্ ২ আং)। সীসপলস্ত্রা ও রেজিনকে মৃদু তাপে গলাইয়া তাহাকে আইয়োডাইডের সূক্ষ্ম চূর্ণ মিশাইবে।

২। অঙ্গুয়েণ্টম্ প্লম্বাই আইয়োডিডাই (Unguentum Plumbi Iodidi);

আইয়োডাইড্ অব্ লেড্ চূর্ণ ৬২ গ্রেণ, সামান্য মলম ১ আঃ)। একত্রে মর্দ্দন করিয়া লইবে।

প্লম্বাই এসিটস্ (Plumbi Acetas) অক্সাইড্ অব্ লেড্ ডাইলিউট্ এসিটিক্ এ.সিডে দ্রব করিয়া প্রস্তুত হয়। ইহাকে সীস শর্করা কহে।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। শ্বেতবর্ণ, সূচ্যাকার দানাযুক্ত পিণ্ড, মিষ্ট কষায় আস্বাদ, সির্কার ন্যায় গন্ধযুক্ত।

অসম্মিলন। সির্কাম্ল ভিন্ন সমুদয় দ্রাবক ও অম্ল, ক্ষার কার্ব্বনেট্ লবণাম্বু ষ্ট্রীকনাইন্, গঁদসংযুক্ত ফান্ট, লাইকর্ এমনি এসিটেটিস্।

ক্রিয়া। অল্প মাত্রায় ইহা সঙ্কোচক ও অবসাদক। রক্তরোধার্থ ও স্রাবন গ্রন্থির ক্রিয়ার আধিক্য রোধার্থ ব্যবহৃত হয়। অধিক মাত্রায় প্রদাহ বিষক্রিয়া প্রকাশ করে।

ইহা দ্বারা কোষ্ঠবদ্ধ, পিপাসা, পাকাশয়ে জ্বালা, বেদনা, বমন, ক্বচিৎ আক্ষেপ, অচৈতন্য পক্ষাঘাত প্রভৃতি লক্ষণ প্রকাশ পায়। অধিক দিন সেবন করিলে নাড়ীর গতি মন্দ হয় ও সর্ব্ব শরীর শুষ্ক হয়। হস্ত পদাদিতে বেদনা, কম্প, পক্ষাঘাত, মৃগীরোগ, মনের বিকার প্রভৃতি লক্ষণ প্রকাশ পায়। রক্তে অধিক পরিমাণে ইউরিক্ এসিড্ পাওয়া যায় ও ইহাতে গাউট্ ও বাত প্রভৃতি রোগ উপস্থিত হয়; এই হেতু পেণ্টার্ ও প্লম্বারের মধ্যে অনেকেই বাতের পীড়াতে কষ্ট পায়। কেবল যে সীস ধাতু ঘটিত ঔষধ সেবনে এই সকল কুলক্ষণ প্রকাশ পায় তাহা নহে, যাহারা সীসধাতু নাড়াচাড়া করে তাহারাও এই সকল পীড়াক্রান্ত হয়।

সীসশর্করা বিবিধ যন্ত্রের রক্ত রোধার্থ ব্যবহৃত হয়। উদরাময় ও রক্তামশয় রোগে ইহা বিশেষ উপকারক। যক্ষ্মারোগে রাত্রে অধিক ঘর্ম্ম ও কফনিঃসরণ নিবারণ করিবার জন্য বিশেষ রূপে প্রয়োগ করা হয়। বাহ্য প্রয়োগে ইহা অবসাদক ও সঙ্কোচক বলিয়া ব্যবহৃত হয়। স্থানিক সঙ্কোচক বলিয়া ইহা মলম ও সপজিটরিয়া রূপে প্রয়োগ করা যায়। মাত্রা ১—৪ গ্রেণ।

প্রয়োগ রূপ। ১। গ্লিসিরাইনম্ প্লম্বাই সব্ এসিটেটিস্ (Glycerinum Plumbi Subacetatis)। এসিটেট্ অব্ লেড্ ৫ আঃ; অক্সাইড্ অব্ লেড্

চূর্ণ ৩৪০ আং ; গ্লিসিরীন্ ১ পাঃ ; পরিস্রুত জল ১২ আং। উহাদিগকে একত্রে মিশাইয়া ১৫ মিনিট পর্য্যন্ত ফুটাইবে। পরে, ছাঁকিয়া, যে পর্য্যন্ত না বিক্ষিপ্ত হইয়া যায়, ততক্ষণ তাহাকে উৎপাতিত করিবে।

২। অঙ্গুয়েন্টম্ গ্লিসিরাইনাই প্লম্বাই সবএসিটেটিস (Unguentum Glycerini Plumbi Subacetatis)। (গ্লিসিরিণ্ অব্ সব্এসিটেট্ অব্ লেড্ ৪॥০ আং ; সফ্ট্ প্যারাফিন্ ১৮ আং ; হার্ড প্যারাফিন্ ৬ আং)। হার্ড ও সফ্ট্ প্যারাফিন্‌কে একত্রে গলাইয়া তাহাতে গ্লিসিরিণ্ অব্ সব্-এসিটেট্ অব্ লেড্ সংযোগ করতঃ, যে পর্য্যন্ত না মিশ্র শীতল হয়, ততক্ষণ তাহাকে আলোড়িত করিবে।

৩। পাইলুলা প্লম্বাই কম্ ওপিয়ো (Pilula Plumbi Cum Opio)। ['অহিফেন' দেখ]।

৪। সপজিটোরিয়া প্লম্বাই কম্পজিটা। 'অহিফেন' দেখ।

৫। লাইকর্ প্লম্বাই সব্ এসিটেটিস্ (Liquor Plumbi Subacetatis) ; (এসিটেট্ অব্ লেড্ ৫ আং ; অক্সাইড্ অব লেড ৩৪০ আং ; পরিস্রুত জল যথা প্রয়োজন)। ১ পাইন্ট জলে সীস শর্করা ও মুদ্রাশঙ্খ অর্দ্ধ ঘন্টা পর্য্যন্ত ফুটাইবে এবং ক্রমাগত আলোড়িত করিবে। পরে, ছাঁকিয়া, শীতল হইলে, পরিস্রুত জল দ্বারা এক পাইন্ট পূর্ণ করিবে। যে পরিষ্কৃত দ্রব প্রস্তুত হইবে তাহা ছিপিযুক্ত কাচের বোতলে রাখিবে।

স্বরূপ ও রাসায়নিক তত্ব। গাঢ়, স্বচ্ছ, বর্ণহীন, ক্ষারগুণ যুক্ত।

ক্রিয়া। সঙ্কোচক ও অবসাদক। ইহার আভ্যন্তরিক প্রয়োগ হয় না।

আময়িক প্রয়োগ। যথাযোগ্য জল মিশ্রিত করিয়া ইহা বাহ্য প্রদাহ ও বেদনা নিবারণার্থ প্রয়োগ করা হয়।

৬। লাইকর্ প্লম্বাই সব্ এসিটেটিস্ ডাইলিউটস্ (Liquor Plumbi Subacetatis Dilutus) ; (সব্ এসিটেট্ অব্ লেড্ দ্রব এবং শোধিত সুরা, প্রত্যেকে ২ ড্রাম ; পরিস্রুত জল ১৯॥০ আং)। একত্রে মিশ্রিত করিয়া শোষক কাগজ দ্বারা ছাঁকিয়া লইবে। ইহাকে 'গুলার্ডস্ লোশন্' কহে।

৭। অঙ্গুয়েন্টম্ প্লম্বাই এসিটেটিস্ (Uuguentum Plumbi Acetatis) ;

(এসিটেড্ অব্ লেড্ ১২ গ্রেণ; বেন্‌জোয়েটেড্ লার্ড ১ আং)। একত্র মর্দ্দন করিয়া লইবে।

প্লম্বাই কার্ব্বনাস্ (Plumbi Carbonas)। (সব্ এসিটেট্ অব্ লেড্ দ্রবে কার্ব্বনিক এসিড্ বায়ু প্রয়োগে প্রস্তুত হয়)।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। শ্বেতবর্ণ, চূর্ণ, শুষ্ক ও গন্ধাস্বাদ হীন।

ক্রিয়া। আভ্যন্তরিক প্রয়োগ হয় না। বাহ্যপ্রয়োগে ইহা সব্ এসিটেটের ন্যায়।

প্রয়োগরূপ। ১। অঙ্গুয়েন্টম্ প্লম্বাই কার্ব্বনেটিস্ (Unguentum Plumbi Carbonatis)। কার্ব্বনেট্ অব্ লেড্ সূক্ষ্ম চূর্ণ ৬২ গ্রেণ্, সিম্পল অয়েন্টমেণ্ট ১ আং। একত্রে মিশ্রিত করিবে।

প্লম্বাই নাইট্রাস্ (Plumbi Nitras)।

জল মিশ্র যবক্ষার দ্রাবকে মৃদু উত্তাপ দ্বারা লেড, দ্রব করত দানা বাঁধিয়া প্রস্তুত করা হয়।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। বর্ণহীন, সমাষ্টপ্রদেশ, দানাযুক্ত, মিষ্ট ও কষায় আস্বাদ।

ক্রিয়া। ইহার চূর্ণ, ওনিকিয়া ম্যালিগ্নার (Onychia Maligna) উপর লাগাইলে বিশেষ উপকার পাওয়া যায়।

প্লম্বাই আইয়োডাইডম্ (Plumbi Iodidum)। নাইট্রেট্ অব্ লেড্ দ্রব ও আইয়োডাইড্ অব্ পটাসিয়মের দ্রব একত্র মিশ্রিত করিলে ইহা প্রস্তুত হয়।

প্রয়োগরূপ। ১। এমপ্লাষ্ট্রম্ প্লম্বাই আইয়োডিডাই (Emplastrum Plumbi Iodidi)। (আইয়োডাইড্ অব লেড্ ২ আং; লেড্ প্লাষ্টা ১ পৌ; রেজিন্ ২ আং) একত্রে মিশ্রিত করিবে। ৯ ভাগে ১ ভাগ আছে।

২। অঙ্গুয়েন্টম্ প্লম্বাই আইয়োডিডাই Unguentum Plumbi Iodidi) (আইয়োডাইড অব লেড্ সূক্ষ্ম চূর্ণ ৬২ গ্রেণ্; সিম্পিল্ মলম ১ আং) একত্র মিশ্রিত করিবে। ৮ ভাগে ১ ভাগ আছে।

পটাশিয়ম্ (Potassium K—39).

প্রতিসংজ্ঞা। ক্যালিয়ম্ (Kalium)। স্বাভাবিক অবস্থায় ইহা পাওয়া যায় না। পটাশিয়মযুক্ত লবণাদিতে ইহা মিশ্রিত অবস্থায় থাকে। বিশুদ্ধ অবস্থায় ইহা দেখিতে সীসধাতুর ন্যায়। ইহা সহজেই অম্লজান বায়ুর সহিত মিশ্রিত হইয়া অক্সাইড্ অব্ পটাশিয়ম্ প্রস্তুত হয়। সুস্থ শরীরের সমুদয় টিশুতে বিশেষতঃ, পেশী ও লোহিত রক্ত কনিকায় পটাশ্ যুক্ত লবণ বর্ত্তমান থাকে। ইহা প্রস্রাবের সহিত নিয়ত নির্গত হয় বলিয়া পটাশ্ ঘটিত খাদ্য দ্বারা উহার অভাব পরিপূর্ণ করা হয়।

ক্রিয়া। ইহা পেশী, স্নায়ু ও হৃৎপিণ্ডের তন্তুর অবসাদন ক্রিয়া প্রকাশ করে। কিন্তু সোডিয়ম্ প্রয়োগ দ্বারা ইহার কোনরূপ অবসাদন ক্রিয়া প্রকাশ পায় না।

ইহা রক্তে শোষিত হইয়া প্লাজ্মা ও লোহিত কনিকা সকলের উপাদান বর্দ্ধিত করে। ইহা রক্তের ক্ষারত্ব বর্দ্ধিত করে।

লাইকর্ পটাশি (Liquor Potassæ) ; ইং (Solution of Potash) (কার্ব্বনেট্ অব্ পটাশিয়ম্ ১ পৌং; ধৌত আর্দ্র চুন ১২ আং; পরিস্রুত জল ১ গ্যালন)। কার্ব্বনেট্ অব পটাশকে জলে দ্রব করিয়া লৌহ কটাহে উত্তপ্ত করিবে। প্রায় স্ফুটিত হইলে, ক্রমশঃ ধৌত আর্দ্র চুন (প্রায় ১৩ আং আর্দ্র চূর্নকে পরিস্রুত জল দ্বারা ধৌত করিবে, যে পর্য্যন্ত না ধৌত জলে যবক্ষার দ্রাবক সংযোগে অম্লাক্ত করিয়া তাহাতে নাইট্রেট্ অব্ সিল ভার্ প্রয়োগ করিলে ঘোলাটিয়া হয় না) মিশ্রিত করিয়া ১০ মিঃ পর্য্যন্ত ফুটাইবে ও অনবরত আবর্ত্তিত করিবে। পরে, নামাইলে অদ্রবনীয় পদার্থ অধঃস্থ হইবে। তখন উপরের স্বচ্ছাংশ ঢালিয়া লইয়া হরিদ্বর্ণ বোতল মধ্যে উত্তমরূপে বন্ধ করিয়া রাখিবে এবং প্রয়োজন হইলে পরিস্রুত জল সংযোগে ইহার আপেক্ষিক ভারাদি ঠিক করিয়া লইবে।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। বর্ণহীন, তরল, মিশ্র, অতিশয় তীব্র ও ক্ষারযুক্ত আস্বাদ।

ক্রিয়া। অধিক মাত্রায় কিম্বা জলমিশ্র না করিয়া ইহা সেবন করিলে দাহকক্রিয়া প্রকাশ করে। যথাযোগ্য জল মিশ্রিত করিয়া ইহা সেবনে পাকাশয়স্থ সমুদয় অম্লরস নষ্ট হয়। ইহা পাকাশয়স্থ শ্লৈষ্মিক ঝিল্লির

উপর অবসাদক ক্রিয়া প্রকাশ করে। রক্তের সহিত শোষিত হইয়া টিশু পরিবর্ত্তনের ও বিবিধ স্রাবন গ্রন্থির ক্রিয়া বর্দ্ধিত করে। এই হেতু ইহা পরিবর্ত্তক। অধিক মাত্রায় সেবন না করিলে ইহা প্রস্রাবের অম্লত্ব দোষকে ক্ষারত্বে পরিবর্ত্তিত করিতে পারে না। ইহার পরিবর্ত্তে আইয়োডাইড্ অব্ পটাশিয়ম্, ব্যবহৃত হয়। ইহার মূত্রকারক গুণও আছে। ইহা অম্ল নাশক ও ষ্টমাকিক্। মাত্রা ১৫—৬০ মিনিম্।

পটাশা কষ্টিকা (Potassa Caustica) ; ইং (Caustic Potash)

প্রতিসংজ্ঞা। পটাশি হাইড্রাস্, পটাশা, হাইড্রেট্ অব্ পটাশ্। পরিষ্কার লৌহ বা রৌপ্য মাত্রে মধ্যে পটাশ দ্রবকে ফুটাইলে তৈলবৎ গাঢ় হইয়া আইসে। পরে, উহাকে বর্ত্তিকাকারে ছাঁচে ঢালিয়া উষ্ণ থাকিতে থাকিতে বোতল মধ্যে পুরিবে।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। বর্ত্তিকাকার কলমের ন্যায় স্থূল, শ্বেতবর্ণ, জল শোষক, বায়ুতে রাখিলে আর্দ্র হয়।

ক্রিয়া। বিশুদ্ধ দাহক। দাহকের নিমিত্ত সমপরিমাণ চুনের সহিত মিশ্রিত করিয়া উপদংশ ও পচাক্ষতে. ব্যবহৃত হয়।

পটাশিয়াই কার্ব্বনাস্ (Potassii Carbonas)। কার্ব্বনেট্ অব্ পটাশ্। প্রতিসংজ্ঞা। পটাশি কার্ব্বোনাস্। উদ্ভিদ্‌ভস্মে এই দ্রব্য প্রাপ্ত হওয়া যায়।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। শ্বেতবর্ণ, অতি ক্ষুদ্র দানাযুক্ত চূর্ণ, গন্ধহীন, ক্ষার আস্বাদ।

ক্রিয়া। ইহার ক্রিয়া লাইকর্ পটাশের ন্যায়, কিন্তু অপেক্ষাকৃত মৃদু। মাত্রা ১০—৩০ গ্রেণ।

ইহা ডিককটম্ এলোজ্ কম্পোজিটম্, মিশ্চুরা ফেরি কম্পোজিটা এবং লাইকর্ আর্সেনিকেলিস্ প্রভৃতিতে পাওয়া যায়।

পটাশিয়াই বাইকার্ব্বোনাস্ (Potassii Bicarbonas)। প্রতিসংজ্ঞা। পটাশি বাইকার্ব্বোনাস্, বাইকার্ব্বোনেট্ অব্ পটাশ, এসিড কার্ব্বোনেট অব্ পটাশিয়ম্।

কার্ব্বনেট্ অব্ পটাশকে জলে দ্রব করিয়া, তন্মধ্যে কার্ব্বনিক্ এসিড্ বায়ু প্রয়োগ দ্বারা ইহার দানা প্রস্তুত করা হয়।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। বর্ণহীন, স্বচ্ছ, চতুষ্প্রদেশযুক্ত, দানাবিশিষ্ট, ঈষৎ ক্ষারাস্বাদ, জলশোষক। অম্লসহযোগে উচ্ছলিত হয়।

ক্রিয়া। অম্লনাশক, পরিবর্ত্তক ও মূত্রকারক। লাইকর্ পটাশের ন্যায় ইহার অবসাদক ক্রিয়া নাই। ইহা প্রস্রাব ও রক্তের ক্ষারের পরিমাণ বর্দ্ধিত করে। ইহা সেবনে রক্ত, শ্লেষ্মা তরল হয়। মাত্রা ১০—৪০ গ্রেণ ও একিউট্ রিউমাটিজ্‌মে ৩০—৫০ গ্রেণ মাত্রায় ব্যবহৃত হয়।

প্রয়োগরূপ। লাইকর্ পটাশি এফারভেসেন্স্ (Liquor Potassæ Effervescens)। প্রতিসংজ্ঞা। একোয়া পটাশি এফারভেসেন্স্, পটাশ ওয়াটার।

বাইকর্ব্বনেট্ অব্ পটাশিয়ম্ ৩০ গ্রেণ; জল ১ পাইন্ট, বোতল মধ্যে কার্ব্বনিক্ এসিড্ বায়ু চতুর্থ-বায়ু চাপন দ্বারা প্রবেশ করাইয়া ছিপি দ্বারা *বোতলের মুখ বন্ধ করিয়া রাখিবে।*

পটাশিয়াই এসিটাস্ (Potassii (Acetas)। প্রতিসংজ্ঞা। পটাশি এসিটাস্, এসিটেট্ অব পটাশ্।

কার্ব্বনেট্ অব্ পটাশিয়ম্ ২০ আঃ; এসিটিক্ এসিড্ ২ পাঃ। সির্কা দ্রবের ক্ষারত্ব সংহার পর্য্যন্ত কার্ব্বনেট্ অব্ পটাশ্ সংযোগ করিবে। পরে, যে পর্য্যন্ত না শুষ্ক হইয়া পুনঃরায় গলে, ততক্ষণ উত্তাপ প্রয়োগ করিবে। অনন্তর শীতল হইয়া ঘন হইলে খণ্ড খণ্ড করিয়া বোতলে রাখিবে।

স্বরূপ রাসায়নিক তত্ত্ব। শ্বেতবর্ণ, উজ্জ্বল খণ্ড, গন্ধহীন, তীক্ষ্ণ লবণাস্বাদ, জলে দ্রবনীয়। বায়ুতে রাখিলে জল শোষণ করে।

ক্রিয়া। প্রবল মূত্রকারক ও পরিবর্ত্তক। অল্প মাত্রায় ও যথাযোগ্য জলে মিশ্রিত করিয়া সেবন করিলে ইহা শোষিত হয় এবং ইহার এসিটিক্ এসিড্ রক্ত দ্বারা নষ্ট হয় ও প্রস্রাব দ্বারা কার্ব্বনেটাকারে বহির্গত হয় ও প্রস্রাবের অম্লত্ব বিনষ্ট হয়। ইহা অধিক মাত্রায় বিরেচক। ড্রপ্সি (শোথ) ও (উদরি) রোগে মূত্রকারক বলিয়া ইহা ব্যবহার করা যায়। মাত্রা ১০—৬০ গ্রেণ।

পটাশিয়াই সাইট্রাস্ (Potassii Citras) ইং (Citrate of Potassium)। প্রতিসংজ্ঞা। পটাশি সাইট্রাস্; সাইট্রেট্ অব্ পটাশিয়ম্।

প্রস্তুত। (কার্ব্বনেট্ অব্ পটাশিয়ম্ ৮ আং; সাইট্রিক্ এসিড্ ৬ আং; পরিশ্রুত জল ২ পাং)। সাইট্রিক্ এসিড্‌কে পরিশ্রুত জলে দ্রব করিয়া তাহাতে ক্রমশঃ কার্ব্বনেট্ অব্ পটাশিয়ম্ সংযোগে করিবে। এবং যদি দ্রব সমক্ষারাম্ল না হয় তাহা হইলে সাবধানে জম্বীরাম্ল অথবা কার্ব্বনেট্ অব্ পটাশিয়ম্ সংযোগে সমক্ষারাম্ল করিয়া লইবে। পরে ছাঁকিয়া গাঢ় করিবে; উপরে সর পড়িতে আরম্ভ হইলে অনবরত আবর্ত্তন করিবে, যে পর্য্যন্ত না শুষ্ক হইয়া এই লবণ ক্ষুদ্র ক্ষুদ্র গোলাকার রূপ প্রাপ্ত হয়; অবশেষে শুষ্ক উষ্ণ খলে মর্দ্দন করতঃ চূর্ণ করিয়া কাঁচের ছিপিযুক্ত বোতল মধ্যে রাখিবে।

স্বরূপ রাসায়নিক তত্ত্ব। শ্বেতবর্ণ চূর্ণ; গন্ধহীন, লাবণিক আস্বাদ, জলে দ্রবনীয়; বায়ুতে রাখিলে জল আকর্ষণ করিয়া আর্দ্র হয়।

ক্রিয়া। ঘর্ম্মকারক, শৈত্যকারক ও মূত্রকারক। এসিটেট্ অব্ পটাসিয়মের ন্যায় ইহা শোষিত হইয়া প্রস্রবের সহিত কার্ব্বনেটাকারে বহির্গত হয় ও ইহার অম্লত্ব দোষ নষ্ট করে। ইহা তরুণজ্বরে ঘর্ম্মকারক ও মূত্রকারক বলিয়া বিশেষ উপকার করে। ইউরিক্ এসিড্ অশ্মবিরোগে ইহা সেবন দ্বারা উপকার হয়। মাত্রা ২০—৬০ গ্রেণ।

পটাশিয়াই টার্ট্রাস্ (Potassii Tartras), ইং (Tartrate of Potassium)। প্রতিসংজ্ঞা। পটাশি টার্ট্রাস্, টার্ট্রেট্ অব্ পটাশ্।

(এসিড্ টার্টেট্ অব্ পটাশিয়ম্ ২০ আং; কার্ব্বনেট্ অব্ পটাশিয়ম্ ৯ আং; ফুটিত পরিশ্রুত জল ২॥০ পাং)। কার্ব্বনেট্ অব্ পটাসিয়ম্‌কে জলে দ্রব করিয়া তাহাতে ক্রমশঃ এসিড্ টার্ট্রেট্ অব্ পটাশিয়ম্ সংযোগ করিবে; পরে কয়েক মিনিট ফুটাইবার পর যদি ঐ দ্রব সমক্ষারাম্ল না হয়, তাহা হইলে সাবধানে প্রয়োজন মত কার্ব্বনেট্ বা এসিড্ টার্টেট্ সংযোগে সমক্ষারাম্ল করিয়া লইবে। পরে ছাঁকিবে, ও যে পর্য্যন্ত না উপরে সর পড়ে, গাঢ় করিয়া, শীতল হইয়া দানা বাঁধিবার নিমিত্ত রাখিয়া দিবে। মাদার্ লাইক্ র্ বা আদি দ্রবকে গাঢ় ও শীতল করিয়া লইলে আরও দানা

প্রাপ্ত হওয়া যায়। দানা সকলকে ছাঁকিয়া লইয়া উষ্ণ স্থানে বায়ুতে শুষ্ক করিয়া লইবে, পরে কাঁচের ছিপিযুক্ত বোতলে রাখিবে।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। বর্ণহীন, চতুষ্প্রদেশ বা ষট্‌প্রদেশযুক্ত দানা বিশিষ্ট গন্ধহীন, লাবণিক আস্বাদ, জলে দ্রবনীয় ও সমক্ষারাম্ল।

অসম্মিলন। অম্ল, অম্লাধিক লবণ, সীসশর্করা, চুণের জল, ম্যাগ্নেসিয়া, ক্লোরাইড্‌ অব্‌ ক্যাল্‌শিয়ম্‌।

ক্রিয়া। অল্প মাত্রায় মূত্রকারক, অধিক মাত্রায় বিরেচক, ইহা দ্বারা জলবৎ ভেদ হয়, ইহা সোনামুখী ও রেউচিনির সহিত ব্যবহৃত হয়। মাত্রা ১—৪ ড্রাম। বিরেচক ২০—৫০ গ্রেণ মূত্রকারক এবং অম্লনাশক।

পটাশিয়াই টার্ট্রাস্‌ এসিডা (Potassii Tartras Acida)

ইং (Acid Tartrate of Potassium)। প্রতিসংজ্ঞা। পটাশিয়াই টার্টাস্‌; ক্রিম্‌ অব্‌ টার্টার; এসিড্‌ টার্টেট্‌ অব্‌ পটাশ্‌; বাইটার্টেট্‌ অব্‌ পটাশ্‌।

পটাশি বাইটাট্রাস্‌, সুরা প্রস্তুতকালে দ্রাক্ষারস হইতে ক্রিম্‌ অব্‌ টার্টার্‌ পাওয়া যায় তাহাকে আবার শোধিত করিলে বিশুদ্ধ ক্রিম্‌ অব্‌ টার্টার্‌ প্রস্তুত হয়।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। শ্বেতবর্ণ দানাবিশিষ্ট পিণ্ড, গন্ধহীন, অম্লস্বাদ, জলে অল্প দ্রবনীয়।

অসম্মিলন। দ্রাবক, অম্লাধিক লবণ, ক্ষার, ক্ষার কার্ব্বনেট্‌, সীস, রৌপ্য এবং তাম্রঘটিত লবণ।

কন্‌ফেক্সিও সল্‌ফিউরিস্‌, পল্‌ভিস্‌ জ্যালাপ্‌ কম্পোজিটা ও অন্যান্য ঔষধ প্রস্তুত করিতে ইহার প্রয়োজন হয়।

ক্রিয়া। অল্প মাত্রায় মূত্রকারক ও শৈত্যকারক। অধিক মাত্রায় বিরেচক। ইহা দ্বারা জলবৎ ভেদ হয়। ইহা জ্বরে পানীয়রূপে ব্যবহৃত হয় হৃৎপিণ্ড ও মূত্রগ্রন্থির পীড়াজনিত শোথরোগে ইহা ডিজিটেলিস্‌ বা স্কুইল্‌ সহোযোগে বিশেষ ব্যবহৃত হয়। অধিক পরিমাণে উদ্ভিজ্জ বিরেচক যথা জ্যালাপ, স্ক্যামোনি বা কামোনির সহিত প্রয়োগ করিলে ইহার বিরেচক,

ক্রিয়া অত্যন্ত বৃদ্ধি পায়। মূত্রকারক ও শৈত্যকারক; মাত্রা ২০—৬০ গ্রেণ। বিরেচক ২—৮ ড্রাম।

পটাসিয়াই সল্ফাস (Potassii Sulphas) প্রতিসংজ্ঞা। পটাশি সল্ফাস্, সল্ফেট্ অব্ পটাশ্।

প্রস্তুত করণ। (যবক্ষারে গন্ধকদ্রাবক সংযোগ করিয়া যবক্ষার দ্রাবক প্রস্তুতের পর যে লবণ থাকে তাহা ১ পোঃ; আর্দ্র চূর্ণ ৮ পাং; স্ফুটিত পরিস্রুত জল ।০ গ্যাঃ; কার্ব্বনেট্ অব্ পটাশ্ ৬০ গ্রেণ; জলমিশ্র গন্ধক-দ্রাবক যথা প্রয়োজন)। প্রথমোক্ত লবণকে জলে দ্রব করিয়া তাহাতে ক্রমশঃ চূর্ণ সংযোগ করিবে, যে পর্য্যন্ত না ইহাতে কিছু ক্ষারত্ব বর্ত্তে, পরে ছাঁকিয়া তপ্ত করিবে; প্রায় স্ফুটিত হইলে কার্ব্বনেট্ অব্ পটাশ্ সংযোগ করিবে, যে পর্যান্ত কিছু অধঃস্থ হয়; অনন্তর ছাঁকিয়া গন্ধকদ্রাবক সংযোগ করিবে, যে পর্য্যন্ত ইহা সমক্ষারাম্ল বা ঈষৎ অম্লাধিক্য না হয়; পরে অগ্নি-তাপে গাঢ় করিবে। উপরের সর পড়িতে আরম্ভ হইলে দানা বাঁধিবার নিমিত্ত রাখিয়া দিবে; অবশেষে দানা ছাঁকিয়া লইয়া শোষক কাগজের উপর রাখিয়া শুষ্ক করিয়া লইবে।

স্বরূপ ও রাসায়নিক তত্ব। বর্ণহীন, কঠিন, ষটপ্রদেশ দানাযুক্ত, গন্ধ-হীন, তিক্ত লাবণিক আস্বাদ।

ক্রিয়া। মৃদুবিরেচক, পরিবর্ত্তক ও শৈত্যকারক। অধিক মাত্রায় বিষ ক্রিয়া প্রকাশ করে। মাত্রা ১৫—৬০ গ্রেণ।

পাইল্যুলা কলোসিন্থিডিস্ কম্পজিটা; পাইল্যুলা কলসিন্থিডিস্ এট হাইয়োসাইমাই, পাইল্যুলা ইপিকাকুয়ানা কম্‌সিলা, ও পলভিস্ ইপিকাকুয়ানা কম্পোজিটা প্রস্তুত করিতে ইহার আবশ্যক হয়।

পটাশিয়াই নাইট্রাস্ (Patassii Nitras) প্রতিসংজ্ঞা। পটাশি নাইট্রাস্, নাইট্রেট্ অব্ পটাশ্। ভারতবর্ষের মৃত্তিকায় যবক্ষার ও নাইট্রেট্ অব্ লাইম্ মিশ্রিত থাকে। ইহাদের সহিত কার্ব্বনেট্ অব্ পটাশিয়ম্ মিশ্রিত করিলে নাইট্রেট্ অব্ পটাশিয়ম্ এবং কার্ব্বনেট্ অব্ ক্যালসিয়ম্ প্রস্তুত হয়; পরে দুই পদার্থকে জলের সহিত মিশ্রিত করিলে নাইট্রেট্ অব্

পটাশিয়ম্ জলে দ্রব হয় এবং ঐ দ্রবকে দানা বাঁধিয়া লইলে নাইট্রেট্ অব্ পটাশিয়ম্ প্রস্তুত হয়।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। স্তম্ভাকার, ষট্ প্রদেশবিশিষ্ট, স্বচ্ছ দানাযুক্ত গন্ধহীন, বিশেষ লাবণিক আস্বাদযুক্ত।

ক্রিয়া। শৈত্যকারক ও মূত্রকারক। অধিক মাত্রায় হৃৎপিণ্ড ও ধামনিক অবসাদক ক্রিয়া প্রকাশ করে। জ্বরে শৈত্যকারক বলিয়া বিশেষ রূপে ব্যবহার করা হয়। মাত্রা ১০—৩০ গ্রেণ।

প্রয়োগরূপ। আর্জেন্টাই এট্ পটাশিয়াই নাইট্রাস্ (Argenti et Potassii Nitras)।

প্রতিসংজ্ঞা। মিটিগেটেড্ কষ্টিক্ (নাইট্রেট্ অব্ সিল্ভার্ ১ আং; নাইট্রেট্ অব্ পটাশিয়ম্ ২ আং। উভয়কে প্লাটিনম্ বা পাতলা চীনপাত্রের মুষামধ্যে গলাইয়া, উত্তমরূপে মিশাইয়া যথোপযুক্ত ছাঁচে ঢালিয়া দিয়া, ছিপিযুক্ত বোতলে রাখিবে।

পটাশিয়াই ক্লোরাস্ (Patassii Chloras)। প্রতিসংজ্ঞা। পটাশি ক্লোরাস্, ক্লোরেট্ অব্ পটাশ্। আর্দ্র চূর্ণ ৫৩ আং; পরিস্রুত জল যথা প্রয়োজন, ব্ল্যাক্ অক্সাইড্ অব্ ম্যান্‌গ্যানিজ্ ৮০ আং; হাইড্রোক্লোরিক্‌এসিড্ ২৪ পাং; এবং জল ৬ পাইন্ট্ একত্র মিশ্রিত করতঃ ক্লোরিন্ বায়ু প্রস্তুত করিয়া নল দ্বারা প্রয়োগ করিবে। ক্লোরিন্ নির্গম শেষ হইলে ২০ মিনিট ফুটাইবে; পরে ছাঁকিয়া গাড় করিবে; উপরে সর পড়িতে আরম্ভ হইলে কারবা হইতে বাহির করতঃ ৭ পাং জলে মিশ্রিত করিয়া দানা বাঁধিবার নিমিত্ত শীতল স্থানে রাখিয়া দিবে। অবশেষে দানা ছাঁকিয়া ফুটিত পরিস্রুত জলে দ্রব করিবে এবং পুনরায় দানা বাঁধিয়া পরিষ্কার করিবে। কার্ব্বনেট্ অব্ পটাশিয়মের পরিবর্ত্তে ক্লোরাইড্ ও ব্যবহৃত হয়।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। বর্ণহীন, স্বচ্ছ, চতুষ্কোণ, চেপ্টা দানাযুক্ত, লবণাস্বাদ, গন্ধকের সহিত ইহা খলে মাড়িলে পট্‌পট্ শব্দ হয়।

ক্রিয়া। শৈত্যকারক ও মূত্রকারক। একারণ নবজ্বরে ইহা ব্যবহার করা যায়, শ্লৈষ্মিক ঝিল্লির উপর ইহার ক্রিয়া বিশেষ রূপে প্রকাশ পায়। এ নিমিত্ত মুখমধ্যে ক্ষত, টন্‌সিলাইটিস্, ক্যান্‌ক্রম অরিস্, ডিপ্‌থিরিয়া প্রভৃতি

বিবিধ ক্ষতে ইহা কুল্লিরূপে ব্যবহৃত হয় ও ইহার আভ্যন্তরিক প্রয়োগেও বিশেষ উপকার পাওয়া যায়। মাত্রা ১০—৩০ গ্রেণ।

প্রয়োগরূপ। ট্রোচিসাই পটাসিয়াই ক্লোরেটিস্ (Trochisci Potassii Chloratis) (ক্লোরেট্ অব্ পটাসিয়ম্ ৩৬০০ গ্রেণ; বিশুদ্ধ শর্করা ২৫ আং; গঁদ চূর্ণ ১ আং; গঁদের মণ্ড ২ আং, পরিস্রুত জল যথা প্রয়োজন) একত্র মিশ্রিত করিয়া ইহাতে ৭২০ চাক্তি প্রস্তুত করিবে। মাত্রা, ১—৬ চাক্তি। ইহার প্রতি চাক্তিতে ৫ গ্রেণ, ক্লোরেট্ অব্ পটাশ্ আছে।

পটাশিয়াই পারম্যাঙ্গেনাস্ (Potassii Permanganas), ইং Permanganate of Potassium)।

প্রতিসংজ্ঞা। পটাশি পারম্যাঙ্গানাস্, পারম্যাঙ্গেনেট্ অব্ পটাশ্।

প্রস্তুত করণ। (কষ্টিক্ পটাশ্ ৫ আং, ব্ল্যাক্ অক্সাইড্ অব্ ম্যাঙ্গানিস্ চূর্ণ ৪ আং; ক্লোরেট্ অব্ পটাশিয়ম্ ৩॥০ আং, পরিস্রুত জল ২॥০ পাং, কার্ব্বনিক্ এসিড্ যথা প্রয়োজন)। ক্লোরেট্ অব্ পটাশ্ এবং অক্সাইড্ অব্ ম্যাঙ্গানিজ্ একত্র করিয়া চীন পাত্রে রাখিবে, এবং কষ্টিক্ পটাশ্কে ৪ আং জলে দ্রব করিয়া তাহাতে মিশাইবে; পরে বালুকাস্বেদন যন্ত্রোত্তাপে শুষ্ক করিবে, সেই সময় ক্রমাগত আলোড়ন করিবে; পরে আবৃত মূষামধ্যে রাখিয়া চূর্ণ করিয়া, যে পর্য্যন্ত না গলিয়া যায় ততক্ষণ অগ্নি সন্তাপ দিবে; অনন্তর শীতল হইলে চূর্ণ করিয়া ১॥ পাইন্ট জলের সহিত ফুটাইয়া রাখিয়া দিবে, অদ্রবনীয় অংশ অধঃস্থ হইলে উপরের ভাস অংশ ঢালিয়া রাখিবে এবং পুনরায় অর্দ্ধ পাইন্ট জলের সহিত ফুটাইয়া ঢালিয়া লইবে; অনন্তর উভয় জল একত্র করিয়া জলমিশ্র গন্ধক দ্রাবক দ্বারা সাবধানে সমক্ষারাম্ল করিয়া গাঢ় করিবে; উপরে সর পড়িতে আরম্ভ হইলে দানা বাঁধিবার নিমিত্ত রাখিয়া দিবে; পরে দানা ছাঁকিয়া লইয়া ৬ আং জলে দ্রব করিয়া ফুটাইবে; অনন্তর ছাঁকিয়া রাখিবে; যে দানা প্রস্তুত হইবে, ছাঁকিয়া গন্ধক দ্রাবকের উপর শুষ্ক করিয়া লইবে। (সমক্ষারাম্ল করণার্থ নূতন ফার্ম্মাকোপিয়ায় জলমিশ্র গন্ধক দ্রাবকের পরিবর্ত্তে কার্ব্বনিক্ এসিড্ ব্যবহার করা যায়।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। ঘোর রক্তবর্ণ; স্তম্ভাকার দানাবিশিষ্ট; গন্ধ-হীন, মিষ্ট ও কষায় আস্বাদ, জলে দ্রবণীয়।

ক্রিয়া ও আময়িক প্রয়োগ। পরিবর্ত্তক। ইহার আভ্যন্তরিক প্রয়োগ প্রায়ই দেখিতে পাওয়া যায় না।

বাহ্যিক প্রয়োগে ইহা দুর্গন্ধহারক ও পচননিবারক। এই বিধায় বিবিধ পচা ও দুর্গন্ধযুক্ত ক্ষতে ইহাতে যথাযোগ্য জল মিশ্রিত করিয়া ধৌত স্বরূপ ব্যবহৃত হয়। যোনি প্রণালী, নাসিকা, মুখ ও কণ্ঠের শ্লৈষ্মিক ঝিল্লির পীড়ায় ইহার কুল্লি কিম্বা পিচকারী ব্যবহার করিলে উপকার হয়। কেহ কেহ ইহা রজনিঃস্রাবক স্বরূপ ব্যবহার করেন। এমেনোরিয়া রোগে ইহা ব্যবহার করিতে ডাক্তার রিঙ্গার অনুমোদন করেন। বিশেষতঃ, যখন রজঃস্রাব অল্প এবং বিলম্বিত হয়, অথবা শীত লাগিয়া ঋতু বন্ধ হইয়া যায় তখন, ঋতু প্রকাশ পাওয়া পর্য্যন্ত ১ গ্রেণ মাত্রায় বটিকাকারো দিবসে তিন বার করিয়া দিয়া, তাহার পর ইহা বন্ধ করা উচিৎ। ডিপ্‌থিরিয়া রোগে মুখ দুর্গন্ধযুক্ত হইলে, কণ্ডিজ্‌ ফ্লুইড্‌ ২ ড্রাম এবং জল ৬ আউন্স্‌ দ্বারা কুল্লি করিলে উপকার হয়। মাত্রা ১—৫ গ্রেণ।

প্রয়োগ রূপ। লাইকর্‌ পটাশিয়াই প্যার্‌ ম্যাঙ্গেনেটিস্‌ (Liquor Potassii Permanganatis)। পার্‌ম্যাঙ্গেনেট্‌ অব্‌ পটাশিয়ম্‌ ৮৮ গ্রেণ; পরিস্রুত জল ১ পাং। মাত্রা ২—৪ ড্রাম। ১ আং, জলে ৪ গ্রেণ পার্‌ম্যাঙ্গেনেট্‌ অব্‌ পটাশ্‌ দ্রব করিলে কণ্ডিজ্‌ ফ্লুইড্‌ (Condey's fluid) প্রস্তুত হয়।

পটাশিয়াই আইয়োডাইডম্‌ (Potassii Iodidum) ইং (Iodide of Potassium)।

প্রস্তুত করণ। সোলিউসন্‌ অব্‌ পটাশ্‌ ১ গ্যাং; আইয়োডিন্‌ ২১ আং; কাষ্ঠাঙ্গার সূক্ষ্ম চূর্ণ ৩ আং; স্ফুটিত পরিস্রুত জল যথা প্রয়োজন। একটী কাচ পাত্রে পটাশ্‌ দ্রব করিয়া তাহাতে অল্পে অল্পে আইয়োডিন্‌ সংযোগ করিবে এবং আলোড়িত করিবে। এই আইয়োডিন্‌দ্রব স্থায়ী পাটলবর্ণ হইলে ঐ দ্রবকে অগ্নিতাপে শুষ্ক করিয়া অঙ্গারের সহিত উত্তম রূপে চূর্ণ করিবে; পরে ইহাকে লোহিতোত্তাপ পর্য্যন্ত তপ্ত লৌহ কটাহে অল্পে অল্পে দিবে, গলিয়া গেলে শীতল করিয়া দুই পাইন্ট স্ফুটিত পরিস্রুত

জলে দ্রব করিবে, পরে ছাকিয়া মৃদু সন্তাপ দ্বারা গাঢ় করিবে, উপরে সর পড়িতে আরম্ভ হইলে দানা বাঁধিবার নিমিত্ত রাখিয়া দিবে, অবশেষে দানা ছাকিয়া মৃদু সন্তাপ দ্বারা শুষ্ক করিয়া লইবে।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। শ্বেতবর্ণ অস্বচ্ছ ত্রিকোণ প্রদেশযুক্ত, দানা বিশিষ্ট, গন্ধহীন লবণাস্বাদ, জলে দ্রবণীয়।

অসম্মিলন। অম্ল; অম্লঘটিত প্রয়োগ রূপ সকল; শ্বেতসার সংযুক্ত উদ্ভিদের প্রয়োগ রূপ, যষ্টিমধুর ক্বাথ, নাইট্রিক্ ইথার্ ও সব্ নাইট্রেট্ অব ধাতুঘটিত লবণ।

ক্রিয়া ও আময়িক প্রয়োগ। আইয়োডিনের ন্যায়। আইয়োডিন্ যেরূপ স্থানিক উগ্রতা সাধক, ইহা তদ্রূপ নহে ও এই বিধায় আইয়োডিনের পরিবর্তে ইহার আভ্যন্তরিক প্রয়োগ করা যায়। রক্ত দ্বারা শোষিত হইলে আইয়োডাইড্ অব্ পটাশিয়ম্ ও সোডিয়ম্ উভয়ের ক্রিয়া একরূপ দেখা যায়। ইহা দ্বারা শরীর হইতে পারদ নির্গত হয় ও এই বিধায় পারদ সেবনের পর ইহা ব্যবহার করা হয়। ইহা সেবনে শরীর হইতে সীস ধাতু ও বহির্গত হয়। এয়রটিক্ বা অন্যান্য আভ্যন্তরিক এন্যিউরিজম্ রোগে ইহা অধিক মাত্রায় ব্যবহারে উপকার পাওয়া যায়।

টার্সিয়া উপদংশ জনিত গমেটা অর্ব্বুদ ও অন্যান্য সিফিলিস্ জনিত রোগে অত্যন্ত শিরোবেদনা ও অন্যান্য স্নায়বীয় লক্ষণ প্রকাশ পাইলে ইহা দ্বারা বিশেষ উপকার পাওয়া যায়।

অন্যান্য মূত্রকারক ঔষধের ক্রিয়ার আধিক্য করে বলিয়া ইহা কখন কখন ব্রাইটস্ ডিজিজে ব্যবহৃত হইয়া থাকে।

ইহার শোষণ ক্রিয়া আছে বলিয়া প্লুরিসি, নিউমোনিয়া, পেরি কার্ডাইটিস্ প্রভৃতি রোগের পুরাতন অবস্থায় প্রদাহজনিত পদার্থের শোষন জন্য ইহা ব্যবহৃত হইয়া থাকে।

ব্রঙ্কাইটিস্ রোগে যখন শ্লেষ্মা ঘন ও চট্চটে্ বিধায় বহির্গত করিতে কষ্ট হয়, তখন ইহা সেবন দ্বারা তাহা তরল হইয়া সহজে বহির্গত হয়।

লিভারের পুরাতন প্রদাহ ও বৃদ্ধিতে ইহা ট্যারেক্সেকম্ সহযোগে ব্যবহার করিলে উপকার হয়। কেহ কেহ বলেন যে, লিভারের পীড়া রূপতঃ শোথ

হইলে অন্যান্য ঔষধাপেক্ষা ইহা বহুগুণে উপকারক। সিফিলিটিক্ আই-রাইটিস্ রোগে ইহার ব্যবহারে উপকার হয়।

আর্ব্বুদাদি বিবর্দ্ধন রোগে ইহার প্রয়োগে বিশেষ উপকার পাওয়া যায়। স্ক্রফিউলা, উপদংশ রোগের তৃতীয়াবস্থায় ইহা পরিবর্ত্তক হইয়া কার্য্য করে। ঔষধার্থে অধিক মাত্রায় প্রয়োগ করিলে ইহা দ্বারা সর্দ্দির লক্ষণ প্রকাশ পায়, যথা, শিরঃপীড়া, নাসিকাভ্যন্তর লোহিতবর্ণ ও জ্বালা করে এবং তাহার সহিত চক্ষু ও নাসিকা হইতে জল পড়িতে থাকে। ঔষধ সেবন বন্ধ করিলে এ সকল লক্ষণ আর দেখিতে পাওয়া যায় না। এই অবস্থাকে "আইয়োডিজম্" (Iodism) কহে। বাহ্য প্রয়োগে ইহা শোষক এই বিধায় ফুলা রক্তগ্রন্থির উপর ও পুরাতন সন্ধিরোগে ইহা ব্যবহৃত হয়। মাত্রা ২—২০ গ্রেণ।

প্রয়োগরূপ। ১। লিনিমেণ্টম্ পটাশিয়াই আইয়োডিডাই কম্ সেপোনি (Linimentum Potassii Iodidi cum Sapone)। কার্ডসোপ্ ২ আঃ, আইয়োডাইড্ অব্ পটাসিয়ম্ ১।০ আঃ; গ্লিসিরিণ্ ১ আঃ; লেবুর তৈল ১ ড্রাম, পরিস্রুত জল ১০ আঃ।

২। অঙ্গুয়েণ্টম্ পটাশিয়াই আইয়োডিডাই (Unguentum Potassii Iodidi), আইয়োডাইড্ অব্ পটাশিয়ম্ ৬৪ গ্রেণ, কার্ব্বনেট্ অব্ পটাশিয়ম্ ৪ গ্রেণ, পরিস্রুত জল ১ ড্রাম, বেন্‌জোয়েটেড্ লার্ড ১ আঃ।

এতৎ ভিন্ন আইয়োডাইড্ অব্ পটাসিয়ম্ লাইকর্, লিনিমেণ্ট, টিংচার্ ও অঙ্গুয়েণ্টম্ আইয়োডিতে পাওয়া যায়।

পটাশিয়াই ফেরোসাইয়েনাইডম (Potassii Ferrocyanidum)

প্রতিসংজ্ঞা। পটাশি প্রসিয়ান্ ফ্লেভা; ইয়েলো প্রুসিয়েট্ অব্ পটাশ্। শৃঙ্গ, ক্ষুর, চর্ম্ম প্রভৃতি জান্তব পদার্থকে কার্ব্বনেট্ অব্ পটাশিয়ম ও লৌহ সংযোগে লৌহ পাত্রে গলাইয়া জল সহ লিক্সিভিয়েসন্ নামক পৃথক করণ প্রক্রিয়া দ্বারা শোধিত করিয়া দানা বাঁধিয়া লইলে এই লবণ প্রস্তুত হয়।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। বৃহদাকার পীতবর্ণ দানা; জলে দ্রবনীয়। ইহা ডাইলিউট্ হাইড্রোসিয়ানিক্ এসিড্ ও পটাশিয়াই সায়েনাইডম্ প্রস্তুত করিবার জন্য ব্যবহৃত হয়।

পটাশিয়াই সায়েনাইডম্ (Potassii Cyanidum)।

প্রস্তুত করণ। উত্তাপ দ্বারা যে পর্যন্ত না ফেরোসায়েনাইড্ অব্ পটাশিয়ম হইতে বাষ্প উত্থান স্থগিত হয়, সেই পর্য্যন্ত উত্তপ্ত করিবে। পরে দ্রবীভূত পদার্থের অধঃস্থ পদার্থ থিতাইলে, পরিষ্কার তরল অংশ ঢালিয়া ক্ষুরা সহযোগে ইহার দানা বাঁধিয়া লওয়া হয়।

স্বরূপ ও রাসায়নিক তত্ব। শ্বেতবর্ণ অস্বচ্ছ, জলশোষক, দানাযুক্ত পিণ্ড, হাইড্রোসিয়ানিক্ এসিডের গন্ধযুক্ত।

বিস্মথ্ পিউরিফিকেটম্ প্রস্তুত করিতে ইহার আবশ্যকতা হয়। ইহা প্রবল বিষ। ইহার আভ্যন্তরিক প্রয়োগ হয় না।

পটাশা সল্ফিউরেটা (Potassa Sulphurata)।

প্রতিসংজ্ঞা। হিপার সল্ফিউরিস্; পটাশিয়াই সল্ফিউরেটম্।

প্রস্তুত করণ। কার্ব্বনেট্ অব্ পটাশিয়ম্ চূর্ণ ১০ আং; সব্লাইমড্ সল্ফর্ ৫ আং। উষ্ণ জলে উত্তমরূপে মর্দ্দন দ্বারা মিশ্রিত করিয়া মুষামধ্যে উত্তপ্ত করিবে। গলিয়া গেলে প্রস্তর ফলকে ঢালিয়া চীনপাত্র দ্বারা আবৃত করিয়া রাখিবে; ঘন হইবার সময় যেন বায়ু প্রবেশ করিতে না পারে। ঘন হইয়া শীতল হইলে খণ্ড খণ্ড করিয়া অবিলম্বে হরিদ্বর্ণ বোতলে উত্তমরূপে বন্ধ করিয়া রাখিবে।

স্বরূপ ও রাসায়নিক তত্ব। ঘোর পাটলবর্ণ, অল্প পরিমাণে আর্দ্র হইলে সল্ফিউরেটেড্ হাইড্রোজিনের গন্ধ নির্গত হয়। জলে মিশ্রিত হইলে হরিদ্রাবর্ণ হয়।

ক্রিয়া। অল্প মাত্রায় ইহা উত্তেজক, ঘর্ম্মকারক, কফনিঃসারক ও পরিবর্ত্তক। স্কেবিজ্, সোরায়েসিস্ প্রভৃতি বিবিধ চর্ম্মরোগে ইহা ব্যবহৃত হয়। পুরাতন বাত ও ব্রঙ্কাইটিস্ রোগে ইহা সেবনে বিশেষ উপকার করে। মলম, স্নান ও ধৌতরূপে পুরাতন বাত ও বিবিধ চর্ম্মরোগে ইহা দ্বারা সুফল পাওয়া যায়।

প্রয়োগরূপ। অঙ্গুয়েন্টম্ পটাশি সল্ফিউরেটা (Unguentum Potassæ Sulphuratæ)। (সল্ফিউরেটেড্ পটাশ ৩০ গ্রেণ, হার্ডপ্যারফিন্ ।॰ আং; সফ্ট্ প্যারাফিন্ ৸॰ আং)।

পটাশিয়াই বাইক্রোমাস্ (Potassii Bichromas)। প্রতিসংজ্ঞা। পটাশি বাইক্রোমাস্, বাইক্রোমেট্ অব্ পটাশ, রেড্ক্রোমেট্ অব্ পটাশিয়ম্।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। বৃহৎ রক্তবর্ণ; স্বচ্ছ চতুষ্প্রদেশবিশিষ্ট খণ্ড সকল উজ্জ্বল; অল্প উত্তাপে গলিয়া যায়। অধিক উত্তাপ লাগাইলে গ্রীণ্ ও ইয়েলো অক্সাইড্ অব্ ক্রমিয়ম্ উৎপন্ন হয়।

এসিডম্ ক্রমিকম্ ও সোডিয়াই ভ্যালেরিয়ানস্ প্রস্তুত করিতে ইহা ব্যবহৃত হয়।

সোডিয়ম্ (Sodium Na—23)। ইহাকে নেট্রিয়ম্ কহে। বিশুদ্ধ অবস্থায় ইহা রৌপ্যের ন্যায় শুভ্র ও কোমল। ইহা সহজেই অক্সিজেনের সহিত মিশ্রিত হইয়া সোডি অক্সাইড্ রূপ ধারণ করে।

প্রয়োগরূপ। লাইকর্ সোডিয়াই ইথিলেটিস্ Liquor Sodii Ethylatis)। (সোডিয়ম্ ২২ গ্রেণ, ইথিলিক্ এল্কোহল্ ১ আং)।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। বর্ণহীন, সিরপের ন্যায় তরল, কিয়ৎক্ষণ থাকিলে পাটলবর্ণ হয়।

ক্রিয়া। ইহা প্রবলদাহক। নিভাই ও অন্যান্য বাহ্য বিবর্দ্ধন নষ্ট করণার্থ ইহা ব্যবহৃত হয়।

সোডিয়ম্ ঘটিত লবণ সকলের সাধারণ ক্রিয়া। ইহাদের ক্ষারসম্বন্ধীয় ক্রিয়া পটাশঘটিত লবণের ন্যায়। ইহাদের সেবনে পাকরসের অম্লত্ব নষ্ট হয়। ইহাদের দ্রব দ্বারা রক্তের ক্ষারত্ব বৃদ্ধি পায় ও প্রস্রাবের অম্লত্ব নষ্ট হইয়া উহা ক্ষারগুণবিশিষ্ট হয়। কষ্টিক্ পটাশের ন্যায় কষ্টিক্ সোডা দ্বারা অণুলাল দ্রবীভূত হয়, কিন্তু ইহার দাহক ক্রিয়া কষ্টিক্ পটাস্ অপেক্ষা মৃদু। ইহাদের পটাশিয়ম্ লবণের ন্যায় মূত্রকারক ক্রিয়া নাই। পেশী বা স্নায়ুতে অধিক পরিমাণে প্রয়োগ করিলে, উহারা পক্ষাঘাত প্রাপ্ত হয়। ইহাদের ক্রিয়া পটাশিয়মের ন্যায় প্রবল নহে।

সোডা কষ্টিকা Soda Caustica) ইং (Caustic Soda) প্রতিসংজ্ঞা সোডি হাইড্রাস, হাইড্রেট্ অব্ সোডা।

প্রস্তুতকরণ। সোডাদ্রবকে লৌহ বা রৌপ্য পাত্রে ফুটাইবে এবং অতিশয় গাঢ় হইলে নামাইয়া যথানিয়মে বর্ত্তিকাকারে প্রস্তুত করিবে।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। ধূম্রবর্ণ, কঠিন খণ্ড, জলে দ্রবনীয়, প্রজ্বলিত করিলে পীতবর্ণ শিখাবিশিষ্ট হয়।

ক্রিয়া। কষ্টিক্ পটাসের ন্যায় দাহক, কিন্তু তদপেক্ষা কিছু মৃদু ও অধিক শোষক নহে। ইহা যে স্থলে লাগান যায়, তদপেক্ষা অধিক দূর পর্য্যন্ত ব্যাপ্ত হয় না। লাইকর্ সোডি প্রস্তুত করিতে ইহা ব্যবহৃত হয়।

সোডিয়াই কার্ব্বনাস (Sodii Carbonas)। (ইহাকে ক্লোরাইড্ অব্ সোডিয়ম্ হইতে লবণ দ্রাবক সংযোগে প্রস্তুত করা হয়।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। বর্ণহীন, স্বচ্ছ, চতুষ্পার্শ্বদেশবিশিষ্ট, ক্ষার আস্বাদ, গন্ধহীন, জলে দ্রবনীয়।

ক্রিয়া। ইহা পটাস্ কার্ব্বনেটের ন্যায়, কিন্তু তদপেক্ষা মৃদু। মাত্রা ৫—৩০ গ্রেণ্।

প্রয়োগরূপ। সোডিয়াই কার্ব্বনাস্ এক্সিকেটা (Sodii Carbonas Exsiccata) (কার্ব্বনেট্ অব্ সোডিয়মকে পোর্সিলেন্ পাত্রমধ্যে রাখিয়া অগ্নিসন্তাপ দ্বারা গলাইয়া শুষ্ক করিয়া লইবে। মাত্রা ৩—১০ গ্রেণ্।

লাইকর্ সোডি (Liquor Sodæ); ইং (Solution of Soda)। (কার্ব্বনেট্ অব্ সোডিয়ম্ ২৮ আং; আর্দ্র চুন ধৌত ১২ আং; পরিস্রুত জল ১ গ্যালন্)। ইহার প্রস্তুত করণ অবিকল লাইকর্ পটাশিয়ের ন্যায়।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। বর্ণহীন, স্বচ্ছ, তরল, গন্ধহীন, তীক্ষ্ণ ক্ষার আস্বাদ।

ক্রিয়া। লাইকর্ পটাশের ন্যায়।

সোডিয়াই বাইকার্ব্বনাস্ (Sodii Bicarbonas)। (ইহা কার্ব্বনেট্ অব্ সোডা ও কার্ব্বনিক্ এসিড্ সহযোগে প্রস্তুত হয়)। প্রথমে কার্ব্বনেট্ অব্ সোডাকে উত্তমরূপে মর্দ্দন করতঃ বোতল মধ্যে রাখিয়া তন্মধ্যে কার্ব্বনিক্ এসিড্ বায়ু প্রয়োগ করিবে। বায়ু শোষণ ক্ষান্ত হইলে ইহার নিজ ভারের অর্দ্ধেক পরিমাণ পরিস্রুত জলের সহিত মিশ্রিত করিয়া অর্দ্ধঘণ্টা

পর্য্যন্ত রাখিয়া দিবে। এবং মধ্যে মধ্যে আলোড়িত করিবে; অবশেষে অদ্রবীভূত অংশ ছাঁকিয়া শোষক কাগজের উপর শুক করিয়া লইবে।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। শ্বেতবর্ণ, চূর্ণ, গন্ধহীন, লাবণিক ক্ষার আস্বাদ, জলে দ্রবনীয় ও অম্লসহযোগে উচ্ছলিত হয়। মাত্রা ১০—৬০ গ্রেণ।

ক্রিয়া। বাইকার্ব্বনেট্ অব্ পটাশের ন্যায়। ইহা দ্বারা যকৃতের ক্রিয়া ঈষদুত্তেজিত হয়। ইহা বমননিবারণার্থ উচ্ছলৎ পানীয়রূপে ব্যবহার করা যায়। পুরাতন একজিমা রোগে ইহার প্রয়োগে উপকার পাওয়া যায়, ইহার জলীয় দ্রব বা মলম স্থানিক ব্যবস্থা করা যায়।

প্রয়োগরূপ। ১। লাইকর্ সোডি এফার্ভেসেন্স্ (Liquor Sodæ Effervescens)। বাইকার্ব্বনেট্ অব্ সোডিয়ম্ ৩০ গ্রেণ; জল ১ পাইন্ট; চতুর্ব্বায়ু চাপন দ্বারা যত পরিমাণ কার্ব্বনিক্ এসিড্ বায়ু মিশ্রিত হইতে পারে, সেইরূপ করিবে।

২। সোডিয়াই সাইট্রোটার্টাস্ এফার্ভেসেন্স (Sodii Citro-Tartras Effervescens)। (বাইকার্ব্বনেট্ অব্ সোডিয়ম্ চূর্ণ ১৭ আং; টার্টারিক্ এসিড্ চূর্ণ ৯ আং; সাইট্রিক্ এসিড্ চূর্ণ ৬ আং; বিশুদ্ধ শর্করা চূর্ণ ৫ আং)। মাত্রা ৬০ গ্রেণ হইতে ।০ আং।

৩। ট্রচিসাই সোডিয়াই বাইকার্ব্বনেটিস্ (Trochisci Sodii Bicarbonatis)। বাইকার্ব্বনেট্ অব্ সোডিয়ম্ চূর্ণ ৩৬০০ গ্রেণ, বিশুদ্ধ শর্করা চূর্ণ ২৫ আং; গঁদ ১ আং; গঁদেরমণ্ড ২ আং; পরিস্রুত জল ১ আং)। মাত্রা ১—৬ চাক্তি। ইহার প্রতি চাক্তিতে ৫ গ্রেণ সোডা বাইকার্ব্বনেট্ থাকে।

সোডিয়াই আর্সেনিয়স্ (Sodii Arsenias) আর্সেনিকের সহিত উল্লেখ করা হইয়াছে। মাত্রা ১/১৬—১/৮ গ্রেণ।

সোডিয়াই সল্ফস্ (Sodii Sulphas)। প্রতিসংজ্ঞা। গ্লবর্স সল্ট।

প্রস্তুত করণ। সামান্য লবণে গন্ধক দ্রাবক সংযোগ করিয়া লবণদ্রাবক প্রস্তুত করিয়া লইলে যে লবণ অবশিষ্ট থাকে, তাহাতে কার্ব্বনেট্ অব্ সোডিয়ম্ সংযোগে প্রস্তুত হয়।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। স্বচ্ছ, বক্র দানাবিশিষ্ট, গন্ধহীন, তিক্ত ও লবণাস্বাদ, জলে দ্রবনীয়।

ক্রিয়া। ইহা বিরেচক ও পিত্তনিঃসারক, অল্প মাত্রায় মূত্রকারক। ইহা কারল্‌স্‌ব্যাড্‌ (Carlsbad) জলে পাওয়া যায়। মাত্রা ।০—১ আং।

প্রয়োগরূপ। সোডিয়াই সল্‌ফস্‌ এফারেভেসন্স্‌ (Sodii Sulphas Effervescens)। (সল্‌ফেট্‌ অব্‌ সোডিয়ম্‌ ২৫ আং, বাইকার্ব্বনেট্‌ অব্‌ সোডিয়ম্‌ চূর্ণ ২৫ আং ; টার্টারিক্‌ এসিড্‌ চূর্ণ ১৩।০ আং, সাইট্রিক্‌ এসিড্‌ চূর্ণ ৯ আং,) মাত্রা ।০—১।০ আং।

সোডিয়াই সল্‌ফিস্‌ (Sodii Sulphis)।

কার্ব্বনেট্‌ অব্‌ সোডিয়ম্‌ বা কষ্টিক্‌ সোডার উপর সল্‌ফিউরিক্‌ এসিডের ক্রিয়া দ্বারা প্রস্তুত লবণ বিশেষ।

প্রস্তুত করণ। কার্ব্বনেট্‌ অব্‌ সোডা দ্রবে বিশুদ্ধ গন্ধক দ্রাবক বায়ু যত শোষণ করিতে পারে, করাইবে। পরে, গাঢ় করিয়া দানা বাঁধিয়া লইবে।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। বর্ণহীন, স্বচ্ছ, এক কোণ দানাযুক্তলবণ ও গন্ধকের ন্যায় আস্বাদ।

ক্রিয়া। অল্প মাত্রায় পরিবর্ত্তক। ইহা পাকাশয়স্থ অজীর্ণ রোগে সার্সিনি ভেণ্ট্রিকিউলাই নামক উদ্ভিদু কীটকে নষ্ট করে। ইহা দ্বারা পরাঙ্গ পুষ্টকীট নষ্ট হয় ও ইহা পচন নিবারক বলিয়া বিবিধ চর্ম্মরোগে ব্যবহার করা যায়। মাত্রা ৫—২০ গ্রেণ।

সোডিয়াই হাইপোফস্‌ফিস্‌ (Sodii Hypophosphis)।

প্রতিসংজ্ঞা। সোডি হাইপোফস্ফিস্‌, হাইপোফস্‌ফাইট্‌ অব্‌ সোডা। হাইপোফস্‌ফাইট্‌ অব্‌ লাইম্‌ দ্রবে কার্ব্বনেট্‌ অব্‌ সোডা সংযোগ করিতে থাকিবে, যতক্ষণ না কার্ব্বনেট্‌ অব্‌ লাইম্‌ অধঃস্থ হয়। পরে ছাঁকিয়া লইয়া ঐ দ্রবকে উত্তাপে শোধিত করিয়া লইবে।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। শ্বেতবর্ণ, দানাযুক্ত লবণ, তিক্ত কদর্য্য আস্বাদ, বায়ুতে আর্দ্র হয়।

ক্রিয়া। ক্যাল্‌সিস্‌ হাইপোফস্ফিসের ন্যায়। ইহা যক্ষ্মারোগে বিশেষ

উপকার করে। ইহা দ্বারা শ্বাসক্রিয়ার বৃদ্ধি হয়, কফনিঃসরণ হয়, অতি ঘর্ম্ম ও উদরাময় নিবারিত হয়।

মাত্রা ৫—১০ গ্রেণ।

সোডিয়াই হাইপোসল্ফিস্ (Sodii Hyposulphis)। ইহা ব্রিটিস্ ফার্ম্মাকোপিয়ায় নাই। সল্ফাইট্ অব্ সোডা দ্রবে গন্ধক মিলাইয়া ইহা প্রস্তুত করা হয়।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। স্বচ্ছ, চতুষ্প্রদেশযুক্ত দানাবিশিষ্ট, গন্ধহীন লবণাস্বাদ।

ক্রিয়া। অল্প মাত্রায় শোষক, মূত্রকারক ও পরিবর্ত্তক। অম্লসংযুক্ত হইলে ইহা হইতে সল্ফিউরস্ এসিড্ ও গন্ধক নির্গত হয়; এ নিমিত্ত সার্সিনা ভেণ্টিকিউলাই রোগে ইহা ব্যবহার করা হয়। বিবিধ কীট ও ঔদ্ভিজ্জজনিত চর্ম্মরোগে ইহার ধৌত বিশেষ উপকারক। মাত্রা ১০—৬০ গ্রেণ।

সোডিয়াই নাইট্রাস্ (Sodii Nitras)। প্রতিসংজ্ঞা। সোডিনাইট্রাস। নাইট্রেট্ অব্ সোডা। শ্বেতবর্ণ, দানাযুক্তলবণ বায়ু হইতে জলাকর্ষণ করে; জলে দ্রবনীয়।

আর্সেনাইট্ অব্ সোডিয়ম্ প্রস্তুত করিতে ইহা আবশ্যক হয়।

সোডিয়াই ফস্ফাস্ (Sodii Phosphas)। প্রতিসংজ্ঞা। সোডি ফস্ফাস্; ফস্ফেট্ অব্ সোডা।

অস্থিভস্ম ও গন্ধক দ্রাবকের মিশ্র হইতে প্রস্তুত এসিড্ ফস্ফেট্ অব্ ক্যাল্সিয়ম্ দ্রবে কার্ব্বনেট্ অব্ সোডিয়ম্ দ্রব সংযোগ দ্বারা এই লবণ প্রাপ্ত হওয়া যায়।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। বর্ণহীন, স্বচ্ছ, চতুষ্প্রদেশযুক্ত স্তম্ভাকার দানাবিশিষ্ট, গন্ধহীন, লবণাস্বাদ, জলে দ্রবনীয়।

অসম্মিলন। দ্রাবক, ধাতব এবং ক্ষার লবণ।

ক্রিয়া। পরিবর্ত্তক মূত্রকারক ও বিরেচক। ইহা দ্বারা প্রস্রাবে ক্ষার জন্মে এবং ইউরিক্ এসিডের আধিক্য থাকিলে তাহা দ্রব হয়। মাত্রা ৯—১ আঃ।

ফেরি ফস্ফস্ ও সিরপ ফেরি ফস্ফেটিস্ প্রস্তুত করিতে ইহার আবশ্যক হয়।

প্রয়োগরূপ। সোডিয়াই ফস্ফস্ একার্ভেসন্স্ (Sodii Phosphas Effervescens) ; (ফস্ফেট্ অব্ সোডিয়ম্ ২৫ আং ; বাইকার্ব্বনেট্ অব্ সোডিয়ম্ চূর্ণ ২৫ আং ; সাইট্রিক্ এসিড্ চূর্ণ ৯ আং ; টার্টারিক্ এসিড চূর্ণ ১৩৷৷০ আং)। মাত্রা ।০—৷৷০ আং।

সোহাগা (Borax)। প্রতিসংজ্ঞা। সোডি বাইবোরাস্, পাইরোবোরেট্ অব্ সোডিয়ম্।

তিব্বতদেশে এই লবণ দানাকারে সংযত অবস্থায় পাওয়া যায়। ইহা ভিন্ন বোরিক্ এসিড্ এবং. কার্ব্বনেট্ অব্ সোডিয়ম্ একত্রিত করিয়া উত্তাপ দ্বারা গলাইয়া ইহা প্রস্তুত করা হয়।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। বর্ণহীন, স্বচ্ছ, স্তম্ভাকার দানাযুক্ত, গন্ধহীন, ক্ষার ও লাবণিক আস্বাদ, জলে দ্রবনীয়।

ক্রিয়া। শৈত্যকারক, মূত্রকারক, অম্লনাশক, রজোনিঃসারক ও জরায়ু সঙ্কোচক। ইহা দ্বারা ফাইব্রিন্, কেজিন্ ও ইউরিক্ এসিড্ দ্রব হয়।

প্রস্রাবে ইউরিক্ এসিডের পরিমাণাধিক্য হইলে ইহার সেবনে উপকার হয়। জরায়ু সঙ্কোচনের ক্ষীণতা প্রযুক্ত প্রসব বিলম্ব হইলে আর্গট্ সহ ইহা ব্যবস্থা করা যায়। জরায়ু হইতে রক্তস্রাব রোধার্থ ইহা প্রয়োগ করা হয়। লুপ্তরজরোগে কোন কোন চিকিৎসক আর্গটের সহিত ইহা প্রয়োগ করিয়া থাকেন।

মুখমধ্যস্থ এপ্থিনামক ক্ষতে ও অন্যান্য ক্ষতে গ্লিসিরীণ বা মধু সহযোগে ইহার স্থানিক প্রয়োগ হয়। প্রমেহ এবং শ্বেতপ্রদর রোগে ইহার পিচকারী (১ আউন্স জলে ৫ গ্রেণ) ব্যবহৃত হয়।

স্বরভঙ্গরোগে ইহা মুখে রাখিলে উপকার পাওয়া যায়। যোনিকণ্ডুয়ন ও অণ্ডকণ্ডুয়ন রোগে ইহার ধৌত দ্বারা বিশেষ ফল পাওয়া যায়। মাত্রা ৫—৪০ গ্রেণ।

প্রয়োগরূপ। মেল্বোরেসিস্ (Mel Boracis)। (সোহগা চূর্ণ ৬০ গ্রেণ ; গ্লিসিরীণ্ ৩০ গ্রেণ, বিশুদ্ধ মধু ৪৮০ গ্রেণ)।

২। গ্লিসিরাইনম্ বোরেসিস্ (Glycerinum Boracis)। (সোহাগা চূর্ণ ১ আঃ; গ্লিসিরিণ্ ৪ আঃ; পরিস্রুত জল ২ আঃ)।

লাইকর্ সোডি ক্লোরিণেটি (Liquor Sodæ Chlorinatæ)।

প্রস্তুত করণ। ক্লোরিণেটেড্ লাইম্ ১৬ আঃ, কার্ব্বনেট্ অব্ সোডিয়ম্ ২৪ আঃ; পরিস্রুত জল ১ গ্যাঃ)। কার্ব্বনেট্ অব্ সোডিয়ম্‌কে ২ পাইণ্ট পরিস্রুত জলে দ্রব করিবে। ৬ পাইণ্ট জলের সহিত ছাঁকিয়া লইবে। পরে, উভয় দ্রব মিশ্রিত করিয়া পুনরায় ছাঁকিয়া লইয়া, কাচের ছিপিযুক্ত বোতল মধ্যে শীতল অন্ধকার স্থানে রাখিবে।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। বর্ণহীন, তরল, কষায় আস্বাদ, ক্লোরিন গন্ধযুক্ত, ক্ষারগুণ বিশিষ্ট।

ক্রিয়া। পরিবর্ত্তক, উত্তেজক, পচননিবারক, দুর্গন্ধহারক ও সংক্রমাপহ। স্কার্লেটাইনা রোগে ইহা সেবনে বিশেষ উপকার করে। দুর্গন্ধ ক্ষতাদিতে ইহার পুলটিস্ বা সোলিউসন্ ব্যবহার করা হয়। মুখের বিবিধ ক্ষতে ইহার কুল্লি ব্যবহৃত হয়। মাত্রা ১০—২০ মিং।

প্রয়োগ রূপ। ১। ক্যাটাপ্লাস্মা সোডি ক্লোরিণেটি (Cataplasma Sodæ Chlorinatæ) (সোলিউসন্ অব্ ক্লোরিনেটেড্ সোডা ২ আঃ; লিন্‌সিড্ মিল্ (তিসির খলি) ৪ আঃ; ফুটিত জল ৮ আঃ)।

সোডিয়াই ক্লোরাইডম্ (Sodii Chloridum)। ইহা সমুদ্রজলে যথেষ্ট পাওয়া যায়। ইহাকে সামান্য লবণ কহে।

ক্রিয়া। অল্প মাত্রায় আগ্নেয়, বলকারক এবং পরিবর্ত্তক। অধিক মাত্রায় বমনকারক, বিরেচক ও কৃমিনাশক। বাহ্য প্রয়োগে উত্তেজক, উগ্রতাসাধক ও পচননিবারক। শরীরের সকল রসে ইহা পাওয়া যায় ও ইহার পরিমাণ হ্রাস হইলে বিবিধ পীড়া উপস্থিত হয়। মাত্রা ১০—২০ গ্রেণ আগ্নেয়, পরিবর্ত্তক ও বলকারক, ।০—১ আউন্স বমনকারক ও বিরেচক।

সোডিয়াই ব্রোমাইডম্ (Sodii Bromidum)। (ব্রোমিনের সহিত বর্ণিত হইয়াছে।

সোডিয়াই আইয়োডাইডম্ (আইয়োডাইড্ অব্ পটাশিয়ম্ যে

প্রকারে প্রস্তুত করা যায়, ইহাও সেই প্রকারে প্রস্তুত করা হয়। কেবল সোলিউসন্ অব্ সোডা, সোলিউসন্ অব্ পটাশের পরিবর্ত্তে ব্যবহৃত হয়।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। শুষ্ক, শ্বেতবর্ণ দানাযুক্ত, জলশোষকচূর্ণ লাবণিক ও ঈষৎ তিক্ত আস্বাদ। জলে ও সুরায় দ্রব হয়।

ক্রিয়া। ইহা আইয়োডাইড্ অব্ পটাশিয়মের পরিবর্ত্তে ব্যবহৃত হয়। মাত্রা ৩—১০ গ্রেণ।

সোডা টার্টারেটা (Soda Tartarata)। প্রতিসংজ্ঞা। সোডি এট্ পটাসি টার্টাস্, সোডি পটাশি টার্টাস্, টার্টেট্ অব্ পটাশিয়ম্ এবং সোডিয়ম্, রোচেল্ সল্ট্।

প্রস্তুত করণ। (এসিড্ টার্টেট্ অব্ পটাশিয়ম্ ১৬ আং; কার্ব্বনেট্ অব্ সোডিয়ম্ ১২ আং; ফুটিত পরিশ্রুত জল ৪ পাং)। জলে কার্ব্বনেট্ অব্ সোডিয়ম্ দ্রব করিয়া তাহাতে ক্রমশঃ এসিড্ টার্টারেট্ অব্ পটাশিয়ম্ মিশ্রিত করিবে। কয়েক মিনিট ফুটাইলে যদি এই দ্রব অম্ল অথবা ক্ষারগুণবিশিষ্ট হয়, তবে তাহাতে কিঞ্চিৎ কার্ব্বনেট্ অব্ সোডিয়ম্ অথবা এসিড্ টার্টারেট্ অব্ পটাশিয়ম্ সংযোগে তাহা সমক্ষারাম্ল করিয়া, ফুটাইয়া লইয়া ছাঁকিয়া গাঢ় করিবে। উপরে সর পড়িতে আরম্ভ হইলে দানা বাঁধিবার জন্য তাহা রাখিয়া দিবে। উপরিলিখিত প্রকারে অবশিষ্ট দ্রবকে পুনর্ব্বার উৎপাতিত করিলে আরও দানা পাওয়া যায়।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। বর্ণহীন, স্বচ্ছ, অষ্টপ্রদেশযুক্ত স্তম্ভাকার দানাবিশিষ্ট, গন্ধহীন, লবণাস্বাদ, জলে দ্রবনীয়।

ক্রিয়া। শৈত্যকারক, বিরেচক ও মূত্রকারক। ইহা দ্বারা প্রস্রাবে ক্ষারত্ব জন্মে, কারণ, ইহা শোষিত হইয়া কার্ব্বনেট্ রূপ প্রাপ্ত হয়। জ্বর ও প্রদাহ রোগে বিরেচন ও শৈত্যকরণার্থ ইহা বিশেষ উপযোগী। বাইকার্ব্বনেট্ অব্ সোডা এবং টার্টারিক্ এসিড্ সহযোগে উচ্ছলৎ পানীয়রূপে প্রয়োগ করা যায়। মাত্রা ২—৪ ড্রাম।

প্রয়োগরূপ। পলৃসিভ্ সোডি টার্টারেটি একাবৃভেসেন্স্ (Pulvis Sodæ Tartaratæ Effervescens)। (টার্টারেটেড্ সোডা শুষ্ক চূর্ণ ১২০ গ্রেণ;

বাইকার্ব্বনেট্ অব্ সোডিয়ম্ শুষ্কচূর্ণ ৪০ গ্রেণ। মিশ্রিত করিয়া নীলকাগজে জড়াইয়া রাখিবে। টার্টারিক্ এসিড্ ৩৮ গ্রেণ, সাদা কাগজে জড়াইয়া রাখিবে। পূর্ব্বমিশ্রিত চূর্ণ ১০ আউন্স উষ্ণ বা শীতল জলে গুলিয়া উহার সহিত অপর চূর্ণ মিশাইয়া পান করিবে। ইহাকে "সিড্‌লিটজ্ (Seidlitz) প্যাউডার" কহে।

সোডিয়াই বেন্‌জোয়াস্ (Sodii Benzoas)। (বেন্‌জোইক্ এসিড্‌কে কার্ব্বনেট্ অব্ সোডিয়ম্ দ্রব সহযোগে সমক্ষারাম্ল করিয়া উৎপাতন দ্বারা শুষ্ক করিয়া লইলে ইহা প্রস্তুত হয়।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। শ্বেতবর্ণ, অস্পষ্ট দানাবিশিষ্ট চূর্ণ, গন্ধহীন, মিষ্ট ক্ষারাস্বাদ।

ক্রিয়া। ইহা পচননিবারক ও মূত্রকারক। ইহার সেবনে শরীরস্থ বিষ কীট নষ্ট হয়। এই বিধায় যক্ষ্মাদি রোগে ব্যবহার করা হয়। ডিপ্‌থিরিয়া রোগে ইহার স্প্রে উপকারক। বাতজ্বরে, ইউরিমিয়া এবং গাউট্ রোগে ইহা উপকারক। মাত্রা ১০—৩০ গ্রেণ।

লাইকর্ সোডিয়াই ইথিলেটিস্ (Liquor Sodii Ethylatis)। ধাতব সোডিয়ম্ ২২ গ্রেণ, ইথিলিক্ এলকোহল্ ১ আং।

ক্রিয়া। দাহক। নিভাই ও অন্যান্য গ্রন্থি বিনষ্ট করিতে বিশেষ উপযোগী। ইহা প্রয়োগে জ্বালা যন্ত্রণা হয় না।

সোডিয়াই নাইট্রিস্ (Sodii Nitris) প্রতিসংজ্ঞা। নাইট্রাইট্ অব্ সোডা, সোডিনাইট্রিস্।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। শ্বেতবর্ণ বা পীতাভ শ্বেতবর্ণ দানাযুক্ত লবণ, বায়ু হইতে জল শোষক, জলে দ্রবনীয়।

ক্রিয়া। ইহা শরীরে নাইট্রো-গ্লিসিরীণ্ ও নাইট্রাইট্ অব্ এমিলের অনুরূপ কার্য্য করে। ইহা ৫ গ্রেণ মাত্রায় সেবন করিবার পর অর্দ্ধঘণ্টার মধ্যে মুখমণ্ডল আরক্তিম হয়। মাথা দপ দপ করে, নাড়ীর বেগ দ্রুত হয় ও দৈহিক উত্তাপের হ্রাস হয়। বিষমাত্রায় সেবনে শ্বাসকৃচ্ছ্র, শ্লৈষ্মিক ঝিল্লির বিবর্ণতা (Cyanotic Condition) উপস্থিত হয়, এবং কনীনিকা

প্রসারিত হয়। পরে ধনুষ্টঙ্কারের ন্যায় ক্রত্তাক্ষেপ প্রকাশ পায় ও অবশেষে রোগীর মৃত্যু হয়। ইহা দ্বারা রক্তের হিমগ্লবিন্ হইতে অক্সিজন্ বিদূরিত হয় ও নাইট্রেট্ অব্ হিমগ্লোবিন্ নির্ম্মিত হয়। তন্নিমিত্ত ধমনী ও শিরা, উভয়ের রক্ত একবর্ণ হয়।

বিষমাত্রায় সেবনে ইহা দ্বারা শিরোঘূর্ণন, মুখমণ্ডল, কর্ণ, নাখ প্রভৃতির নীলিমতা, শিরঃপীড়া, হৃৎকম্পাদি লক্ষিত হয়।

আময়িক প্রয়োগ। হৃদশূল (Angina Pectoris) রোগে ইহা নাইট্রাইট্ অব্ এমিল্ অপেক্ষা শ্রেষ্ঠ। গ্রানুলার কিড্নি রোগে, যখন ধমনীর অত্যন্ত টেন্সন্ থাকে, সেই সময় ইহার ব্যবহারে উপকার হয়। কেহ কেহ বলেন যে, এয়রটিক্ রোগে ইহা দ্বারা বিশেষ উপকার হয়। মাত্রা ১—৩ গ্রেণ।

সোডিয়াই সল্ফোকার্ব্বলাস্ (Sodii Sulphocarbolas) ইহা কার্ব্বলিক্ এসিডের সহিত বর্ণিত হইয়াছে।

দস্তা ধাতু (Zincum ; Zinc—৬৫)

ইহা খনিমধ্যে সল্ফাইট্ ও কার্ব্বোনেটাকারে প্রাপ্ত হওয়া যায়। দস্তাকে গলাইয়া শীতল জলে নিক্ষেপ করিলে গ্রাণুলেটেড্ জিঙ্ক প্রস্তুত হয়।

এই ধাতু প্রকৃত অবস্থায় ক্রিয়াহীন।

জিঙ্ক ধাতুর প্রয়োগরূপ সকলের সাধারণ ক্রিয়া। ইহারা বাহ্যপ্রয়োগে সঙ্কোচক, উত্তেজক ও দাহক।

আভ্যন্তরিক ক্রিয়া। অল্প মাত্রায় সঙ্কোচক, আগ্নেয়, স্নায়বীয় বলকারক ও আক্ষেপ নিবারক। অধিক মাত্রায় বমনকারক। অত্যন্ত অধিক মাত্রায় প্রাদাহিক বিষ ক্রিয়া প্রকাশ করে। ইহারা যে শোষিত হইয়া কার্য্য করে, তাহার প্রমাণ এই যে, সেবন করিবার পর, ইহা শরীরস্থ বিবিধ রসে রাসায়নিক পরীক্ষা দ্বারা পাওয়া যায়। অধিক দিন সেবন করিলে ইহা দ্বারা শরীর দুর্ব্বল পাণ্ডুবর্ণ, জিহ্বা কোমল. কোষ্ঠ কঠিন, শূলবেদনা, উদর স্ফীত, চর্ম্ম শুষ্ক, অধঃশাখায় শোথ ইত্যাদি লক্ষণ প্রকাশ পায়।

বিরেচক ও বলকারক ঔষধ সেবনে এই সকল লক্ষণ তিরোহিত হয়।

ক্যালামিনা প্রিপ্যারেটা (Calamina Preparata)। কার্ব্বনেট্

অব্ জিঙ্ককে আবৃত মুষামধ্যে উত্তাপ দ্বারা ভস্ম করিয়া চূর্ণ করিবে, পরে ধৌত করণ প্রক্রিয়া দ্বারা স্থূল খণ্ড সকল পৃথক পৃথক করিবে।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। ঈষৎ পাটল মিশ্রিত ধূসরবর্ণ চূর্ণ; দ্রাবকে উচ্ছলিত হইয়া প্রায় সম্পূর্ণরূপে দ্রব হয়।

ক্রিয়া। ইহার সুন্দরবর্ণ হেতু অক্সাইড্ অব্ জিঙ্কের পরিবর্ত্তে চূর্ণাকারে চুচুকক্ষতে ও একজিমা প্রভৃতিতে ছড়াইয়া দেওয়া হয়। ইহার মলমও বিবিধ চর্ম্মরোগে লাগান হয়।

প্রয়োগরূপ। অঙ্গুয়েন্টম্ ক্যালামিনি (Unguentum Calaminæ)। প্রিপেয়ার্ড ক্যালামিন্ ১ আং; বেন্জোয়েটেড্ লার্ড ৫ আং)। উত্তমরূপে মিশ্রিত করিয়া লইবে।

জিন্সাই অক্সাইডম্ (Zinci Oxidum)। ইং (Oxide of Zinc)।

প্রস্তুত করণ। কার্ব্বনেট্ অব্ জিঙ্ককে আলগারূপে আবৃত হেসিয়ান্ মুষামধ্যে স্থাপন করিবে। ইহাতে মৃদু উত্তাপ দিলে কার্ব্বনিক্ এসিড্ বায়ু নির্গত হইয়া যায়। পরে, জলে ধৌত করিলে ইহা প্রস্তুত হয়।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। প্রায় শ্বেতবর্ণ, কোমল গন্ধাস্বাদরহিত চূর্ণ, জলে দ্রব হয় না; অগ্নি সন্তাপে পীতবর্ণ হয়।

অসম্মিলন। অম্ল, অম্লাধিক লবণ ও ক্ষার।

ক্রিয়া। অধিক মাত্রায় বমনকারক। অল্প মাত্রায় স্নায়বীয় বলকারক, সঙ্কোচক ও আক্ষেপনিবারক। বাহ্য প্রয়োগে সঙ্কোচক ও শুষ্ককারক।

আময়িক প্রয়োগ। কোরিয়া, হিষ্টিরিয়া, এপিলেপ্সি প্রভৃতি বিবিধরোগে ইহা সেবনে বিশেষ উপকার পাওয়া যায়। একজিমা ও বিবিধ ক্ষতের উপর ইহার চূর্ণ ছড়াইয়া দেওয়া হয়। পূজযুক্ত ও স্ক্রফিউলা জনিত চক্ষুঃপ্রদাহে এবং অফ্থাল্মিয়া টার্সাই রোগে ইহার মলম কজ্জলাকারে আঁখিপল্লবে লাগাইলে বিশেষ উপকার পাওয়া যায়। মাত্রা ২—১০ গ্রেণ।

প্রয়োগরূপ। অঙ্গুয়েন্টম্ জিন্সাই (Unguentum Zinci)। অক্সাইড অব জিঙ্ক্ ৮০ গ্রেণ, বেন্জোয়েটেড্ লার্ড ১ আং।

বেন্‌জোয়েটেড্ লার্ডকে মৃদু তাপে গলাইয়া তাহাতে আবর্ত্তন দ্বারা অক্সাইড্ অব্ জিঙ্ক্ মিশাইবে।

জিঙ্গাই ক্লোরাইডম্ (Zinci Chloridum)। (গ্রান্থুলেটেড্ জিঙ্ক ১ পৌং; লবণ দ্রাবক ৪৪ আং; ক্লোরিন্ দ্রব যথা প্রয়োজন; কার্ব্বনেট্ অব্ জিঙ্ক ॥০ আং; পরিশ্রুত জল ১ পাং)।

জল ও লবণ দ্রাবক একত্রে মিশাইয়া, দস্তাকে একটী চীন পাত্রে রাখিয়া, তদুপরি প্রথম মিশ্রকে ক্রমশঃ ঢালিয়া দিয়া, হাইড্রোজিন্ বায়ুর নির্গমন শেষ না হওন পর্য্যন্ত, বালুকাস্বেদন যন্ত্র দ্বারা তাহাতে উত্তাপ দিবে। পরে, অর্দ্ধ ঘন্টা কাল তাহা ফুটাইয়া এবং ফুটাইলে যে জল হ্রাস হয়, তাহা পূর্ণ করিয়া উক্ত যন্ত্রের শীতলাংশে ২৪ ঘন্টা কাল রাখিয়া, বারম্বার তাহাকে আলোড়িত করিবে। তৎপরে, সেই দ্রবে লৌহ বা সীস বর্ত্তমান আছে কিনা, তাহা জানিবার জন্য তাহার কয়েক বিন্দু লইয়া, তাহাতে অধিক পরিমাণে এমোনিয়া ও পরে সল্‌ফ্ হাইড্রেট্ অব্ এমোনিয়ম্ সংযোগ করিবে। লৌহ বা সীস বর্ত্তমান থাকিলে কৃষ্ণবর্ণ পদার্থ অধঃস্থ হইবে।

লৌহ বা সীস বর্ত্তমান থাকিলে পূর্ব্বোক্ত দ্রবের অবশিষ্ট অংশ একটী গ্যালন্ বোতলে ছাঁকিয়া, ক্লোরিন্ গন্ধ যুক্ত না হওয়া পর্য্যন্ত ক্রমশঃ আবর্ত্তন দ্বারা উহাতে ক্লোরিন দ্রব মিশাইবে। তৎপরে, তাহাতে কার্ব্বনেট অব্ জিঙ্ক অল্পে অল্পে মিশাইবে এবং আলোড়িত করিবে। পাটলবর্ণ দ্রব্য অধঃস্থ হইতে আরম্ভ হইলে ও এইরূপে সমস্ত লৌহ বা সীস অধঃস্থ হইলে, চীন পাত্রে শোষক দ্বারা ছাঁকিয়া তাহা গাঢ় করিবে। যখন দেখিবে যে, কাচ দণ্ডাগ্র করিয়া তাহার এক বিন্দু উঠাইলে মোমের ন্যায় সংযত ও শ্বেতবর্ণ হয়, তখন যথাযোগ্য ছাঁচে তাহা ঢালিয়া দিবে। সংযত হইলে, শীতল হইবার পূর্ব্বে তাহা বোতলে উত্তমরূপে বন্ধ করিয়া রাখিবে।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। শ্বেতবর্ণ, অস্বচ্ছ বর্ত্তিকাকার বা খণ্ডাকার, জলাকর্ষক।

ক্রিয়া। আভ্যন্তরিক প্রয়োগ হয় না। বাহ্যপ্রয়োগে ইহা দাহক। স্থানিক প্রয়োগে সেই স্থানীয় আণ্ডলাল ও জিলেটিন্ রসের সহিত সংযুক্ত

হইয়া দাহনক্রিয়া প্রকাশ করে। জলাকর্ষক ক্রিয়া হেতু জিপ্সম্ ও ময়দার সহিত মিশ্রিত করিয়া ইহা ব্যবহৃত হয়।

আময়িক প্রয়োগ। ক্যান্সার রোগে, দুষ্ট ক্ষতে ও নিভাই প্রভৃতি নষ্ট করিবার নিমিত্ত ইহার বাহ্য প্রয়োগ হয়।

প্রয়োগরূপ। লাইকর্ জিন্সাই ক্লোরাইডি (Liquor Zinci Chloridi)। গ্রাহ্নলেটেড্ জিঙ্ক ১ পৌং; লবণ দ্রাবক ৪৪ আং; সোলিউসন্ অব্ ক্লোরিণ্ যথা প্রয়োজন; কার্ব্বনেট্ অব্ জিঙ্ক ৷৹ আং; পরিশ্রুত জল ১ পাং)।

একটী টীন পাত্রে জল ও লবণ দ্রাবক মিশ্রিত করিয়া, তাহাতে জিঙ্ক সংযোগ করিবে এবং যে পর্য্যন্ত গ্যাস উঠিবে, ততক্ষণ তাহাতে মৃদু উত্তাপ প্রয়োগ করিবে। অনন্তর উৎপাতন দ্বারা যে জল নষ্ট হইবে, তাহা সংযোগ করিয়া, অর্দ্ধ ঘণ্টা কাল ফুটাইয়া লইয়া, শীতল হইবার জন্য রাখিয়া দিবে।

জিন্সাই সল্ফাস্ (Zinci Sulphas)।

গ্রাহ্নলেটেড্ জিঙ্ক ১৬ আং, গন্ধক দ্রাবক ১২ আং; পরিশ্রুত জল ৪ পাং; সোলিউসন্ অব্ ক্লোরিণ্ যথা প্রয়োজন; কার্ব্বনেট অব জিঙ্ক ৷৹ আং;

টীন পাত্রে দস্তা রাখিয়া, জলের সহিত গন্ধক দ্রাবক মিশ্রিত করিয়া, তাহার উপর ঢালিয়া দিবে। উচ্ছলন শেষ হইয়া আসিলে তাহাতে মৃদু উত্তাপ দিবে। এই প্রক্রিয়ায় যে দ্রব প্রস্তুত হইবে তাহাতে লৌহ আছে কি না জানিবার জন্য, তাহার কয়েক বিন্দু লইয়া, তাহাতে অধিক পরিমাণে এমোনিয়া ও পরে সলফ্ হাইড্রেট অব্ এমোনিয়ম্ সংযোগ করিবে। তাহাতে যদি লৌহ থাকে, তবে কৃষ্ণবর্ণ পদার্থ অধঃস্থ হয়।

যদি লৌহ না থাকে, তবে পূর্ব্বোক্ত দ্রবকে একটী গ্যালন্ বোতল মধ্যে শোষক কাগজ দ্বারা ছাঁকিয়া, মিশ্র ক্লোরিণ্ গন্ধযুক্ত না হওয়া পর্য্যন্ত, উত্তমরূপ আলোড়ন দ্বারা তাহাতে ক্রমশঃ ক্লোরিণ্ দ্রব মিশাইবে। তৎপরে আলোড়ন দ্বারা তাহাতে ক্রমশঃ কার্ব্বনেট্ অব্ জিঙ্ক মিশাইবে। পাটলবর্ণ দ্রব্য অধঃস্থ হইতে আরম্ভ হইলে তাহা রাখিয়া দিবে। সমুদয় অধঃস্থ

হইলে উপরের স্বচ্ছ জল ছাঁকিয়া লইয়া গাঢ় করিবে। সর পড়িতে আরম্ভ হইলে তাহা রাখিয়া দিবে। দানা বাঁধিলে তাহা ছাঁকিয়া লইয়া সাত্তার টাইলের উপরিস্থিত শোষক কাগজের উপর রাখিয়া শুষ্ক করিয়া লইবে।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। বর্ণহীন, স্বচ্ছ, ক্ষুদ্র দানাযুক্ত, কষায় ও ধাতব আস্বাদ।

অসম্মিলন। ক্ষার ও ক্ষারকার্ব্বনেট্, সীসশর্করা, নাইট্রেট্ অব্ সিল্ভার্ ঔদ্ভিজ্জ সঙ্কোচক।

ক্রিয়া। অল্প মাত্রায় সঙ্কোচক। অধিক মাত্রায় বমনকারক। বাহ্য প্রয়োগে ইহা সঙ্কোচক। হিষ্টিরিয়া, কোরিয়া, এপিলেপ্সি প্রভৃতি রোগে ইহা ব্যবহার করা যায়। লিউকোরিয়া, গ্লিট্ ও ব্রঙ্কোরিয়া রোগে ইহা সঙ্কোচক বলিয়া ব্যবহার করা হয়। বিষভোজীর পক্ষে বমন করণার্থ ইহা বিশেষ রূপে ব্যবহৃত হয়। বাহ্যপ্রয়োগে ইহার পিচকারী ও ধৌত ভিন্ন ভিন্ন প্রকারে ব্যবহৃত হয়। মাত্রা ১—৩ গ্রেণ বলকারক, ১০—৩০ গ্রেণ বমনকারক।

জিন্সাই কার্ব্বনাস্ (Zinci Carbonas)।

সল্ফেট্ অব্ জিঙ্ক ১০ আং; কার্ব্বনেট্ অব্ সোডিয়ম্ ১০। আং ফুটিত পরিশ্রুত জল যথা প্রয়োজন।

উভয়কে পৃথক পৃথক ১ পাইন্ট ফুটিত পরিশ্রুত জলে দ্রব করিয়া একত্রে আবর্ত্তন করত, মিশাইবে। উচ্ছলন শেষ হইলে ১৫ মিনিট কাল তাহা ফুটাইয়া রাখিয়া যাহা অধঃস্থ হইবে, তাহাকে ফুটিত পরিশ্রুত জলে বারম্বার ধৌত করিবে। ধৌত জলে ক্লোরাইড্ অব্ বেরিয়ম্ দিলে কিছু অধঃস্থ না হওন পর্য্যন্ত, তৎপরে অধঃস্থ দ্রব্যকে ছাঁকিয়া মৃদু তাপে তাহা শুষ্ক করিয়া লইবে।

স্বরূপ ও রাসয়নিক তত্ত্ব। শ্বেতবর্ণ, গন্ধাস্বাদ বিহীন চুর্ণ, জলে অদ্রবনীয়, যবক্ষার দ্রাবকে উচ্ছলিত হইয়া দ্রব হয়।

ক্রিয়া। ইহার ক্রিয়া অক্সাইড্ অব্ জিঙ্কের ন্যায়। ইহার ব্যবহার সচরাচর দেখা যায় না।

জিঙ্কাই এসিটাস্ (Zinci Acetas)।

প্রস্তুতকরণ। কার্ব্বনেট্ অব্ জিঙ্ক ২ আং, এসিটিক্ এসিড্ ৫ আং, পরিস্রুত জল ৬ আং। প্রথমে কার্ব্বনেট্ অব্ জিঙ্ক এসিডে দ্রব করিয়া, পরে, শুষ্ক করতঃ দানা বাঁধিয়া প্রস্তুত হয়।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। পাতলা, বর্ণহীন, ঈষৎ স্বচ্ছ, মুক্তার ন্যায় উজ্জ্বল দানাযুক্ত, কদর্য্য আস্বাদ।

ক্রিয়া। সল্ফেট্ অব্ জিঙ্কের ন্যায়। মাত্রা ১—২ গ্রেণ্ বলকারক, ১০—২০ গ্রেণ বমনকারক।

তৃতীয় অধ্যায়।

এল্কোহল্ (Alcohol $C_2H_6O_1$)।

এল্কোহল্ ইথিলিকম্ (Alchohol Ethylicum); ইং (Ethylic Alchohol)। প্রতিসংজ্ঞা। অ্যাবসোলিউট্ এল্কোহল্।

শোধিতসুরা ১ পাং; কার্ব্বনেট্ অব্ পটাশিয়ম্ নির্জ্জল ২ আং; ক্লোরাইড্ অব্ ক্যাল্শিয়ম্ দগ্ধ যথা প্রয়োজন। পরে, এই সমুদয় একত্র করিয়া চুয়াইয়া লইলে ইহা প্রস্তুত হয়।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। বর্ণহীন, তরল পদার্থ, উগ্র সুরা গন্ধযুক্ত, জলশোষক ও উৎপতিষ্ণু।

ক্রিয়া। ঔষধার্থে ব্যবহৃত হয় না। ক্লোরোফরম্ ও লাইকর্ সোডিয়াই এথিলেটিস্ প্রস্তুত করিতে ইহার প্রয়োজন হয়।

এল্কোহল্ এমিলিকম্ (Alchohol Amylicum)। প্রতিসংজ্ঞা। ফুসিল্ অয়েল্; হাইড্রেট্ অব্ এমিল্।

শর্করা দ্রবে ইয়েষ্ট (Yeast) সহযোগে উৎসেচন ক্রিয়া দ্বারা যে অপরিশুদ্ধ সুরা প্রস্তুত হয়, তাহাতে এমিলিক্ এল্কোহল্ পাওয়া যায়। আবার এই অপরিশুদ্ধ সুরাকে শোধিত ও পরিস্রুত করিয়া পৃথক করিলে বিশুদ্ধ এমিলিক্ এল্কোহল্ প্রস্তুত হয়।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। বর্ণহীন, তরল' পদার্থ, উগ্র কদর্য্য গন্ধযুক্ত, উগ্র আস্বাদ, জলে অল্প দ্রব হয়। এল্কোহল্ ইথার ও এসেন্সিয়াল্ তৈলে সম্পূর্ণ দ্রবনীয়।

এমিল্ নাইট্রিস্ ও সোডিয়াই ভেলিরিয়ানাস্ প্রস্তুত করিতে ইহার প্রয়োজন হয়।

শোধিত সুরা (Spiritus Rectificatus) ; ইং (Rectified Spirit)।

ইহাতে শতকরা ১৬ ভাগ জল ও ৮৪ ভাগ বিশুদ্ধ এল্কোহল্ থাকে।

শর্করাযুক্ত রস বা শর্করা দ্রব্যে ইয়েষ্ট সংযোগ করিলে ফার্ম্মেণ্টেসন্ (উৎসেচন) ক্রিয়া আরম্ভ হয় ও ইহা দ্বারা কার্ব্বনিক্ এসিড্ বায়ু নির্গত হয়। ইহাকে শর্করা সুরা বলে। এই উৎসেচন ক্রিয়াকে "ভাইনস্ ফার্ম্মেণ্টেসন্" (Vinus Fermentation) কহে এবং ইহা দ্বারা যে মিশ্র পদার্থ হয় তাহাকে ভাইনম্ (Vinum) ইং (Wine) বাং আসব কহে। বিবিধ প্রকার ঔদ্ভিজ্জ রস হইতে বিবিধ প্রকার আসব প্রস্তুত হয়। আসব চুয়াইলে জল ও অন্যান্য দ্রব্য মিশ্রিত যে সুরা পাওয়া যায়, তাহাকে "আর্ডেণ্ট্ স্পিরিট্" কহে। আর্ডেণ্ট্ স্পিরিট্ নানা প্রকার। গুড় হইতে প্রস্তুত রম্, যব হইতে হুইস্কি, জুনিপর হইতে জিন্, দ্রাক্ষারস হইতে ব্রাণ্ডি, ধান্য হইতে ধেনো ইত্যাদি। আর্ডেণ্ট্ স্পিরিট্কে চুয়াইলে শোধিত সুরা প্রস্তুত হয়।

প্রয়োগরূপ। স্পিরিটস্ টেনুয়র্ (Spirtus Tenuir) ; ইং (Proof Spirit) ; বাং পরীক্ষিত সুরা। (শোধিত সুরা ৫ পাং ; পরিস্রুত জল ৩ পাং) উভয়কে মিশ্রিত কর। ইহাতে ৫৭ ভাগ বিশুদ্ধ এল্কোহল্ আছে।

শোধিত সুরা ফর্ম্মাকোপিয়াতে বিবিধ প্রকার টিংচার ও স্পিরিট্ প্রস্তুত করিতে প্রয়োজন হয়। পরীক্ষিত সুরাও অনেক ঔষধের টিংচার প্রস্তুত করিতে ব্যবহৃত হয়।

স্পিরিটস্ ভাইনাই গ্যালিসাই (Spiritus Vini Gallici); ইং (French Brandy); ফ্রেঞ্চ ওয়াইন্ চুয়াইয়া প্রস্তুত হয়।

সুস্থ শরীরে সুরাবীর্য্য কিরূপ কার্য্য করে, তাহা উল্লেখ করা যাইতেছে।

ইহা সেবনে মুখমণ্ডল আরক্তিম হয়; ধমনীরও শ্বাস প্রশ্বাস ক্রিয়া বৃদ্ধি পায়; সর্ব্ব শরীর উষ্ণ বোধ হয়; পেশী সকল এবং মানসিক বৃত্তি উত্তেজিত হয়।

কিঞ্চিৎ অধিক মাত্রায় সেবনে মনোবৃত্তি সকল বিবেকের অধীনত্ব পরিত্যাগ পূর্ব্বক নিতান্ত বিশৃঙ্খল হইয়া সম্পূর্ণরূপে ইন্দ্রিয়াধীন হয়; এবং কখন কখন ভয়ানক প্রলাপ উপস্থিত হয়। পেশী সকলের উপর কর্ত্তৃত্ব লাঘব হয় ও তন্নিবন্ধন চলৎশক্তি ও বাক্‌শক্তির বিকৃতি হয়; সোজা হইয়া চলিবার ক্ষমতা থাকে না ও দৃষ্টির বৈলক্ষণ্য হয়; চর্ম্মে স্পর্শশক্তির লাঘব হয়; এবং কখন কখন বমন উপস্থিত হয়। ইহার সহিত পূর্ব্বোক্ত স্নায়বীয় উত্তেজনার হ্রাস হইতে থাকে।

ধমনীর গতি মন্দ অথবা পুষ্ট থাকে। তন্দ্রা ও অচৈতন্যাবস্থা উপস্থিত হয় ও কণ্ঠমধ্যে কাহারও বা ঘড়ঘড় শব্দ হইয়া থাকে। অবশেষে নিশ্বাস ও প্রশ্বাস স্নায়ুকেন্দ্রের পক্ষাঘাত বশতঃ শ্বাসপ্রশ্বাস বন্ধ হইয়া মৃত্যু হয়।

পরীক্ষা দ্বারা স্থির হইয়াছে যে, এল্‌কোহল্ সেবনে সিষ্টেমিক্ আর্টিরিয়োল্স্ (Systemic Arterioles) সমূহের পরিধি প্রসারিত হয় ও সেই বিধায় হৃৎপিণ্ডের ক্রিয়া বৃদ্ধি পায় ও ব্লড্ প্রেসর্ (Blood Pressure) কমিয়া যায়। শরীরের উত্তাপের লাঘব হয়। কুইনাইনের ন্যায় ইহা প্রটোপ্লাজমের (Protaplasm) গতি ও বৃদ্ধি হওন ক্রিয়া রোধ করে।

সুরা নিম্নলিখিত উদ্দেশ্যে ব্যবহৃত হয়।

১। কোলাপ্স্ অবস্থায় (Collapse) জীবনীশক্তির উত্তেজনকরণ। ২। যন্ত্রনার লাঘব ও সুনিদ্রা উপস্থিত করণ। ৩। জ্বর ও তরুণ প্রদাহাদিতে শরীরের উত্তাপ লাঘব করণ। ৪। এরিসেপেলাস্ (Erysepelas), প্যাইয়েমিয়া (Pyæmia) প্রভৃতি রোগে পূয়োৎপত্তি নিবারণ বা হ্রাস করণ। ৫। পরিপাক ক্রিয়ার বৃদ্ধি করণ। অল্প মাত্রায় ইহা দ্বারা পাকাশয়স্থ

শ্লৈষ্মিক ঝিল্লির ক্রিয়ার বৃদ্ধি হয় ও পাক রসের পরিমাণ বর্দ্ধিত করে। ৬। ধৌত রূপ বাহ্য প্রয়োগ দ্বারা চুচুক্ ক্ষত (Sore Nipple) ও শয্যা ক্ষতাদির (Bed Sore) উপকার করণ।

রেমিটেণ্ট জ্বরে, যখন ধমনীর গতি মন্দ, ইরেগুলর্ এবং কম্‌প্রেসিবল, হৃৎপিণ্ডের প্রথম শব্দ দুর্ব্বল, জিহ্বা শুষ্ক, এবং ওষ্ঠ ও দন্তমাড়ী মলাযুক্ত, তখন সুরা সেবন বিধেয়।

নিউমোনিয়া রোগের ইহা একটী অব্যর্থ মহৌষধ।

সুরা পান দ্বারা বিষাক্ত হইলে, রোগীকে বমনকারক ঔষধ সেবন করাইয়া, পাকাশয়স্থ সুরা বমন করাইবে ও রোগীকে শীতল জলে অনবরত স্নান করাইবে, কিম্বা, যতক্ষণ পর্য্যন্ত রোগীর চৈতন্যোদয় না হয়, ততক্ষণ ক্রমাগত তাহার মস্তকে শীতল জল সিঞ্চন করিবে।

শবচ্ছেদ। এককালে অধিক পরিমাণে সুরা পান দ্বারা মৃত্যু হইলে, মস্তিষ্কের রক্তাধিক্য ও মদের গন্ধযুক্ত রস পাওয়া যায়। পাকাশয়ে প্রদাহাদির লক্ষণ সকল প্রকাশ পায়।

আময়িক প্রয়োগ। টাইফস্ ও টাইফয়িড্ জ্বর রোগে সুরা সেবনে বিশেষ উপকার পাওয়া যায়। অন্যান্য বিবিধ রোগে, যে স্থলে জীবনীশক্তি অবসন্ন হইয়া পড়ে, তাহার উত্তেজনার্থ সুরা প্রয়োগ করা উচিত। বৃদ্ধ দুর্ব্বল ব্যক্তির ক্ষুধামান্দ্য ও পরিপাক শক্তির ক্রিয়ার লাঘব হইলে অল্প পরিমাণ সুরা সেবনে উপকার হয়।

প্রয়োগরূপ। মিশ্চুরা স্পিরিটস্ ভাইনাই গ্যালিসাই (Mistura Spiritus Vini Gallici)। (ফ্রেঞ্চ্ ব্রাণ্ডি ও দারুচিনির জল, প্রত্যেক ৪ আং, দুইটি অণ্ডের কুসুম; বিশুদ্ধ শর্করা ৷৹ আং)। একত্রে মিশ্রিত করিয়া লইবে। মাত্রা ১—২ আং।

ভাইনম্ জেরিকম্ (Vinum Xericum) ইং (Sherry)। ইহাতে শতকরা ১৭ ভাগ সুরাবীর্য্য থাকে।

ফার্ম্মাকোপিয়ার সমস্ত ভাইনম্ প্রস্তুত করিতে ইহার আবশ্যকতা হয়।

ক্রিয়া। ব্রাণ্ডির ন্যায়।

ভাইনম্ অরেন্সিয়াই (Vinum Aurantii)।

ইংলণ্ডে তিক্ত কমলালেবুর ত্বক ও শর্করা একত্রে মিশ্রিত করিয়া অভিসব (Yeast) যোগে উৎসেচন ক্রিয়া প্রকাশ হয় ও ইহাতে অরেঞ্জ্ আসব প্রস্তুত হয়।

ভাইনম্ ফেরি সাইট্রেটিস্ ও ভাইনম্ কুইনাইনি প্রস্তুত করিতে ইহার প্রয়োজন হয়।

* **সেরিভিসি ফার্মেণ্টম্** (Cerevisiæ Fermetum), ইং (Beer Yeast) বিয়ার আসব প্রস্তুতকালে যে শর্করাযুক্ত অভিসব পাওয়া যায়, তাহাকে সেরিভিস্ ফারমেণ্টম্ কহে। মাত্রা ॥০—১ আং।

প্রয়োগরূপ। ক্যাটাপ্লাস্মা ফার্মেণ্টি (Cataplasma Fermenti)। বিয়ার ইয়েষ্ট্ ৬ আং ; ময়দা ১৪ আং ; ১০০ ফারণ্ হিটের উত্তপ্ত জল ৬ আং। যে পর্য্যন্ত না সমুদয় স্ফীত হয়, ততক্ষণ তাহাদিগকে একত্রে মিশাইয়া, তাহাতে মৃদু উত্তাপ দিবে। শীতল হইলে তাহা ব্যবহার করিবে।

ক্রিয়া। পুল্টিসাকারে পুরাতন ক্ষতাদিতে পচননিবারক বলিয়া ব্যবহৃত হয়। আভ্যন্তরিক প্রয়োগে ইহা দ্বারা মুখের দুর্গন্ধ নষ্ট হয়। ইহা সেবনে শরীরে ফোড়া, বয়েল্ প্রভৃতি জন্মিতে পায় না।

বিবিধ প্রয়োগরূপে সুরার পরিমাণ (Amount of Alcohol in the various substances containing it)।

১। এ্যাব্সোলিউট্ এ্যাল্কোহল্ (Absolute Alcohol)।

২। এ্যাল্কোহল্ (Alcohol)। শতকরা ৯১ ভাগ সুরা আছে।

৩। স্পিরিটস্ রেক্টিফিকেটস্ (Spiritus Rectificatus)। শতকরা ৮৪ ভাগ সুরা আছে।

৪। এ্যাল্কোহল্ ডাইলিউটম্ (Alcohol Dilutum)। শতকরা ৪৫.৫ ভাগ সুরা আছে।

৫। স্পিরিটস্ টেনুয়র্ (Spritus Tenuior)। শতকরা ৪৯ ভাগ।

৬। স্পিরিটস্ ভাইনাই গ্যালিসাই (ব্রাণ্ডি) [Spiritus Vini Gallici] Brandy। শতকরা প্রায় ৩৯—৪৭ ভাগ সুরা আছে।

৭। স্পিরিটস্ ফ্রুমেণ্টাই (হুইস্কি) [Spiritus Frumenti (Whisky)]। শতকরা প্রায় ৪৪—৫০ ভাগ সুরা আছে।

৮। রম্ (Rum) ...		শতকরা প্রায় ৪০ হইতে ৫০ ভাগ সুরা আছে।
জিন্ (Gin) ...		
ষ্ট্রং লিকর্স্ (Strong Liquors)		

৯। পোর্ট্ ...	(Port)	শতকরা প্রায় ১৪ হইতে ১৭ ভাগ সুরা আছে।
সেরি ..	(Sherry)	
মেডিরা ...	(Madeira)	

১০। ভাইনম্ এল্‌বম্ ফর্সিয়স্ (Vinum Album Fortious)। শতকরা প্রায় ১১.৫—১৪ ভাগ সুরা আছে।

১১। ভাইনম্ এল্‌বম্ (Vinum Album)। শতকরা প্রায় ১০—১২ ভাগ সুরা আছে।

১২। স্যাম্পেন্ (Champagne)। শতকরা প্রায় ১০—১৩ ভাগ সুরা আছে।

১৩। হক্ (Hock)	শতকরা প্রায় ৮—১১ ভাগ সুরা আছে।
ক্লারেট্ Claret)	

১৪। বিয়ার (Beer)	শতকরা প্রায় ৩,৫ ও আরও অধিক সুরা আছে।
সাইডার্ (Cider)	

১৫। কোমিস্ (দুগ্ধ হইতে প্রস্তুত হয়) [Koumiss (made from milk)]। শতকরা প্রায় ১—৩ ভাগ সুরা আছে।

ইথার্ (Æther)। (শোধিত সুরা ৫০ আং; গন্ধক দ্রাবক ১০ আং; ক্লোরাইড্ অব ক্যাল্‌সিয়ম্ ১০ আং; আর্দ্র চুন ॥০ আং; পরিশ্রুত জল ১৩ আং)। ১২ আং সুরা ও গন্ধক দ্রাবক একত্রে মিশাইয়া, তাহা লিবিগস্ কণ্ডেন্সর্ নামক যন্ত্র দ্বারা চুয়াইবে এবং তাহাতে ক্রমশঃ সুরা সংযোগ করিবে। আধার ভাণ্ডে ৪২ আং সংগৃহীত হইলে, তাহা নামাইয়া, তাহাতে জল মিশ্রিত চুন ও ক্লোরাইড্ অব্ ক্যাল্‌সিয়ম্ মিশ্রিত করিয়া, একটি বোতল মধ্যে আলোড়িত করিয়া রাখিয়া দিবে। ১০ মিনিট পরে, উপরের স্বচ্ছাংশ লইয়া, যে পর্যন্ত না আপেক্ষিক ভার .৭৩৫ ডিগ্রি হয়, ততক্ষণ মৃদু তাপে তাহাকে চুয়াইবে।

উপরিলিখিত ইথারকে পরিশ্রুত জলে বারম্বার ধৌত করিয়া, সদ্যোদগ্ধ

চূন এবং ক্লোরাইড্ অব্ ক্যাল্সিয়ম্ সহযোগে চূয়াইলে, বিশুদ্ধ ইথার পাওয়া যায়। ইহার আপেক্ষিক ভার .৭২০ ডিগ্রি।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। বর্ণহীন, উৎপতিষ্ণু, অগ্নিদাহ্য, ও তরল পদার্থ, উগ্রমিষ্ট, বিশেষ সদ্গন্ধযুক্ত।

ক্রিয়া। আভ্যন্তরিক প্রয়োগে ইহা সুরাবীর্য্যাপেক্ষা ব্যাশু উত্তেজক, কিন্তু উৎপতিষ্ণু হেতু, ক্রিয়া সুরাবীর্য্যের ন্যায় অধিকক্ষণ স্থায়ী নহে। ইহা সেবনে পাকাশয়ের বেদনা, কামড় ও উদরাধ্মানাদিরোগে উপকার পাওয়া যায়। ইহা আক্ষেপ নিবারক। এই বিধায় আক্ষেপজনক এজ্মা, হিষ্টিরিয়া, বক্ষঃশূলাদিরোগে ব্যবহৃত হয়। ইহা সেবনে লালা ও প্যান্‌ক্রিয়াটিক্ গ্রন্থি সকল উত্তেজিত হয় ও অধিক পরিমাণে লালা ও প্যান্‌ক্রিয়াটিক্ রস নির্গত হয় এবং ইহা দ্বারা মেদসংযুক্ত দ্রব্য সকলের পরিপাক-ক্রিয়ার বৃদ্ধি করে। বাহ্যপ্রয়োগে ইহা শৈত্যকারক ও দাহক। ইহার ধুম শ্বাস দ্বারা গ্রহণ করিলে মাদক ক্রিয়া প্রকাশিত হয়। অবসাদক ও শৈত্য-কারক বলিয়া, স্নায়বীয় বেদনায় ইহা স্থানিক ব্যবহার করা যায় এবং কোন স্থানে খুব ঠাণ্ডা প্রয়োগ জন্য ব্যবহৃত হয়।

রোগী যখন কড্ লিভার্ অয়েল্ সহ্য করিতে পারে না, তখন ইহা ইথার সহযোগে ব্যবহার করিলে উপকার হয়।

রক্তস্রাব কিম্বা অন্য কোন পীড়া বশতঃ এবং নিউমোনিয়া প্রভৃতি দুর্ব্বলকারক ব্যাধিতে হৃৎপিণ্ড দুর্ব্বল হইলে ইহার ইঞ্জেক্সনে বিশেষ উপকার হয়।

সায়েটিকা রোগে স্নায়ুর নিকটবর্ত্তী স্থানে ইহার পিচকারী সময়ে সময়ে ব্যবহৃত হয়। অধিক পরিমাণে ইথারের ধুম আঘ্রাণ করিলে, ক্লোরোফরমের ন্যায় স্পর্শানুভব শক্তির লোপ হয়। ইহা আক্ষেপ ও বেদনা নিবারিত করিয়া সুনিদ্রা আনয়ন করে। ক্লোরোফরম্ অপেক্ষা ইথারের ধূমাঘ্রাণে বিপদাশঙ্কা কম বলিয়া, অনেকেই ইথার ব্যবহার করিয়া থাকেন। ইথার হৃৎপিণ্ডের উত্তেজন ক্রিয়ার বৃদ্ধি করে। ক্লোরোফরম্ আঘ্রাণের পর রোগী প্রায়ই বমন করিয়া থাকে। কিন্তু ইথারে তাহা হয় না। ইথার

ক্লোরোফরম্ অপেক্ষা ক্ষতিজনক না হইলেও ইহার প্রয়োগে অনেক বাধা আছে। যথা—

১। ইথার প্রয়োগারম্ভে ভয়ানক লেরিঞ্জস্ ঘটিত আক্ষেপ ও খেচুনীর লক্ষণ প্রকাশ পায় ও সর্ব্বশরীর নীলবর্ণ হয়।

২। উগ্রগন্ধ হেতু অনেক রোগী ইহার ধূম আঘ্রাণ করিতে চায় না।

৩। ইথার আঘ্রাণের পর রোগীর সংজ্ঞা হইলে মানসিক উত্তেজনার বৃদ্ধি ও তাহা অধিকক্ষণ স্থায়ী হয়। ইহাতে সময়ে সময়ে ভয়ানক বিপদ দেখা দেয়।

৪। রোগীকে অজ্ঞান করিতে অনেক পরিমাণে ইথার লাগে ও ইথারের মূল্য ক্লোরোফরম্ অপেক্ষা অধিক।

৫। ইথারের বাষ্প সহজেই দগ্ধ হয়। এই হেতু কুটারি (Cautery) প্রভৃতি চিকিৎসায় ইহা ব্যবহৃত হইতে পারে না।

হৃৎপিণ্ডের উপর ইথারের উত্তেজক ক্রিয়া থাকা সত্বেও এবং ক্লোরোফরম্ হৃৎপিণ্ডের অবসাদক হইলেও ইহার অন্যান্য গুণ থাকা হেতু রোগীকে অচেতন করিবার জন্য ইথারের পরিবর্ত্তে ইহার আঘ্রাণ ব্যবহৃত হয়। মাত্রা ২০—৬০ মিঃ।

প্রয়োগরূপ। ১। ইথার পিউরস্ (Æther Purus)। (ইথার, পরিস্রুত জল, প্রত্যেকে ২ পাঃ; সদ্যপ্রস্তুত চূন ১ আঃ; ক্লোরাইড্ অব্ ক্যাল্সিয়ম্ ৪ আঃ)। ইথার ও অর্দ্ধেক জল একটী বোতলে রাখিয়া, উহাকে আলোড়িত করিয়া, কয়েক মিনিট রাখিয়া দিবে। উভয় দ্রব পৃথক হইলে, উপরিস্থ ইথারকে পাত্রান্তরিত করিয়া, অবশিষ্ট জল পূর্ব্বোক্ত প্রকারে তাহাতে মিশ্রিত করিয়া, পুনর্ব্বার পৃথক হইলে, পূর্ব্বের ন্যায় আবার ইথার চলিয়া লইবে সেই ধৌত ইথারকে চূন ও ক্লোরাইড্ অব্ ক্যাল্সিয়ম্ সহযোগে একটী কুপি মধ্যে রাখিয়া, উহার সহিত একটী আধার ভাণ্ড সংযোগ করিবে। ২৪ ঘণ্টা রাখিয়া দিয়া, তাহা চুয়াইয়া লইবে।

২। স্পিরিটস্ ইথারিস্ (Spiritus Ætheris)। (ইথার ১০ আঃ; শোধিত সুরা ১ পাঃ)। একত্রে মিশাইয়া লইবে। মাত্রা ৩০—৯০ মিঃ। স্পিরিট্ অব্ ইথার দ্বারা ইথিরিয়েল টিংচার অব্ লোবেলিয়া প্রস্তুত হয়।

৩। স্পিরিটস্ ইথারিস্ কম্পজিটস্ (Spiri tus Ætheris Composi-tus)। প্রতিসংজ্ঞা। হফ্‌ম্যান্‌স্ অ্যানোডাইন্ (Hoffmann's Anodyne)।

প্রস্তুত করণ। গন্ধক দ্রাবক ৩৬ আং শোধিত সুরা ৪০ আং। একত্রে মিশ্রিত করিবে ও ২৪ ঘণ্টা পরে চুয়াইয়া লইবে। যাহা চুয়াইয়া আসিবে, তাহাকে চুনের জলের সহিত আলোড়িত করিয়া সমক্ষারাম্ল করিবে। পরে, উপরিস্থিত দ্রব ঢালিয়া লইয়া ১২ ঘণ্টা পর্য্যন্ত বায়ুতে রাখিবে। তৎপরে, উহার ৩ড্রাম লইয়া ৮ আং ইথার ও ১৬ আং শোধিত সুরায় মিশ্রিত করিয়া বোতল মধ্যে রাখিবে। মাত্রা ৩০ মিং—২ ড্রাম।

কলোডিয়ান্ প্রস্তুত করিতে ইথার, ব্যবহৃত হয়। উপক্ষার ইত্যাদি প্রস্তুত করিতে বিশুদ্ধ ইথার, প্রয়োজন হয়।

ইথার এসিটিকস্ (Æther Aceticus)। শোধিত সুরা ৩২৷০ ; গন্ধদ্রাবক ৩২৷৷০ আং ; এসিটেট্ অব্ সোডিয়ম্ ৪০ আং ; কার্ব্বনেট্ অব্ পটাশিয়ম্ সদ্য শুষ্ক ৬ আং)।

সুরায় ক্রমশঃ দ্রাবক মিশ্রিত করিবে ও দ্রবকে শীতল অবস্থায় রাখিবে। শীতল দ্রবে এসিটেট্ সংযোগ করিয়া, উত্তমরূপে মিশ্রিত করতঃ, তাহা হইতে ৪৫ আং চুয়াইয়া লইবে। পরে, তাহাকে কার্ব্বনেট্ অব্ পটাশিয়ম্ সহযোগে কাচের ছিপিযুক্ত বোতলে তিন দিন ভিজাইবা রাখিয়া, ইথারঘটিত দ্রব পৃথক করিয়া, যে পর্য্যন্ত না প্রায় চারি আং দ্রব ব্যতিরেকে সমুদয়ই চুয়াইয়া আইসে, ততক্ষণ চুয়াইবে। অবশেষে যে এসিটক্ ইথার প্রস্তুত হইবে, তাহা বোতলে উত্তমরূপে বন্ধ করিয়া শীতল স্থানে রাখিবে।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। পরিষ্কার তরল পদার্থ, সুগন্ধ, ইথারের গন্ধযুক্ত।

ক্রিয়া। ইথারের ন্যায় ; কিন্তু তদপেক্ষা মৃদু। মাত্রা ২০—৬০ মিং। লাইকর্ এপিস্প্যাস্টিকস্ প্রস্তুত করিতে ইহার আবশ্যকতা হয়।

স্পিরিটস্ ইথারিস্ নাইট্রোসাই (Spiritus Ætheris Nitro-si)। (যবক্ষার দ্রাবক ৩ আং ; গন্ধক দ্রাবক ২ আং ; ২৫ নম্বরের সূক্ষ্ম তাম্রতার ২ আং ; শোধিত সুরা যথা প্রয়োজন)।

১ পাইন্ট সুরায় আবর্ত্তন দ্বারা ক্রমশঃ গন্ধক দ্রাবক মিশাইবে। পরে, ঐরূপে ২॥০ আং যবক্ষার দ্রাবক তাহাতে সংযোগ করিয়া, সেই মিশ্র পদার্থকে তাম্রতারের সহিত উপযুক্ত যন্ত্রে রাখিয়া, ১৮০ ডিগ্রির অনধিক উত্তাপে চুয়াইবে এবং আধারভাণ্ড বরফ দ্বারা শীতল রাখিবে। আধারভাণ্ডে ১২ আং চুয়াইলে, উত্তাপ সরাইয়া, যন্ত্র শীতল হইলে, অবশিষ্ট ॥০ আং যবক্ষার দ্রাবক তাহাতে মিশাইয়া, যে পর্য্যন্ত না তাহা ১৪ আং হয়, ততক্ষণ তাহাকে চুয়াইবে। অবশেষে তাহাতে ২ আং অথবা এরূপ সুরা মিশাইবে যে, তাহার আপেক্ষিক ভার যেন ৮.৪৫ হয়।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। বর্ণহীন, তরল পদার্থ, সুন্দর ফল গন্ধবিশিষ্ট, উৎপতিষ্ণু ও অগ্নিদাহ্য।

ক্রিয়া। ঘর্ম্মকারক, মূত্রকারক, শৈত্যকারক এবং বায়ুনাশক। বাহ্য প্রয়োগে শৈত্যকারক ও জ্বরাদি রোগে বিশেষরূপ ব্যবহৃত হয়। শোথ রোগে মূত্রকরণার্থ স্কুইল বা ডিজিটেলিসের সহিত ব্যবহৃত হয়। মাত্রা ॥০—২ড্রাম।

ক্লোরোফরমম্ (Chloroformum); ইং (Chloroform)।

প্রস্তুত করণ। ক্লারিণেটেড্ লাইম্ ১০ পৌং, শোধিত সুরা ৩০ আং, আর্দ্র চুন যথা প্রয়োজন, জল ৩ গ্যালন, গন্ধক দ্রাবক যথা প্রয়োজন, ক্লোরাইড্ অব্ ক্যাল্সিয়ম্ ২ আং, কুইক্লাইম্ ॥০ আং, পরিশ্রুত জল ৯ আং; এথিলিক্ এ্যাল্কোহল্ যথা প্রয়োজন।

জল এবং শোধিত সুরা একত্র করিয়া, বৃহদাকার বক যন্ত্রে রাখিয়া, ১০০ ডিগ্রি (ফারণ্ হীট্) পর্য্যন্ত তপ্ত করিয়া, তাহাতে ক্লোরিণেটেড্ লাইম্ এবং ৫ পৌং আর্দ্র চুন উত্তমরূপে মিশাইবে। একটি পেঁচান নলের সহিত ঐ বকযন্ত্র সংযোগ করিয়া, নলটিকে শীতল জলে পরিবেষ্টিত রাখিবে। নলের আর এক সীমায় একটি মুখ আধার ভাণ্ড রাখিবে। পরে, বকযন্ত্রে অগ্নিতাপ দিবে এবং চুয়াইতে আরম্ভ হইলেই তাহা বন্ধ করিবে। ৫০ আউন্স চুয়াইয়া আসিলে, আধারভাণ্ড সরাইয়া লইবে। জলে অর্দ্ধ পূর্ণ একটি গ্যালন পরিমাণ বোতলে উহাকে ঢালিয়া দিয়া, আলোড়ন দ্বারা উত্তমরূপে তাহা মিশ্রিত করিয়া, কয়েক মিনিট রাখিয়া দিলে, ঐ মিশ্র ভিন্ন ভিন্ন গুরুত্বের দুইটী স্তরে বিভক্ত হয়। নিম্ন স্তরে অপরিশুদ্ধ ক্লোরোফরম্‌কে একটী বোতলে

৩ আউন্স পরিশ্রুত জলে আলোড়ন দ্বারা ধৌত করিবে। পুনর্ব্বার ক্লোরো-ফরম্ অধঃস্থ হইতে দিবে এবং উপরিস্থ জল ফেলিয়া দিয়া, প্রতিবার ৩ আং জলে তাহা ধৌত করিবে। এই ধৌত ক্লোরোফরম্‌কে তাহার সম পরিমাণ বিশুদ্ধ গন্ধক দ্রাবকের সহিত ৫ মিনিট কাল একটি বোতলে আলোড়িত করিয়া, রাখিয়া দিয়া, মিশ্র থিতাইলে উপরিস্তরস্থ দ্রবকে অল্প ক্ষারজলযুক্ত বোতলে ঢালিয়া দিবে। আলোড়নের পর ক্লোরাফরম্‌কে একটি শুষ্ক বোতলে ক্লোরাইড্ অব্ ক্যাল্সিয়ম্ ও অর্দ্ধ আং আর্দ্র চূনের সহিত মিশাইয়া, আলো-ড়িত করিবে। এক ঘণ্টার পর একটী কাচ ভাণ্ডে ক্লোরোফরম্‌কে ঢালিয়া লইয়া, লিবিগস্ কণ্ডেন্সর্ বকযন্ত্রের সহিত কাচভাণ্ড সংযোগ করিয়া, জলস্বেদন যন্ত্রোত্তাপে বিশুদ্ধ ক্লোরোফরম্ চুয়াইয়া লইবে। অনন্তর ওজনে শতকরা এক অংশ বিশুদ্ধ সুরাবীর্য্য সংযোগ করতঃ, কাচের ছিপিযুক্ত বোতলে তাহা বদ্ধ করিয়া, শীতল স্থানে রাখিয়া দিবে।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। বর্ণহীন, তরল ও গুরু পদার্থ, স্বচ্ছ, পক্ক ফলের ন্যায় মিষ্ট আস্বাদ, ইথারের গন্ধযুক্ত, জলে অল্প দ্রবনীয়, সুরাবীর্য্য, ইথার টার্পিণ তৈল এবং বাইসল্‌ফাইড্ অব্ কার্ব্বনে সম্পূর্ণ দ্রব হয়।

ক্রিয়া। আভ্যন্তরিক প্রয়োগে ইহা ইথারের ন্যায় মাদকতা ও আক্ষেপ-নিবারক। ইহার অবসাদন ক্রিয়া সাক্ষাৎসম্বন্ধে স্নায়ুমণ্ডলে ও গৌণ সম্বন্ধে শ্বাসযন্ত্রে এবং রক্তসঞ্চালন যন্ত্রে প্রকাশ পায়। এই বিধায় অধিক মাত্রায় সেবনে স্পর্শ বোধেরও হ্রাস হয়। আক্ষেপজনক কফ, হাঁপানি, কলেরা, সীস শূল ও হিষ্টিরিয়া প্রভৃতি রোগে ব্যবহার করা হয়। ইহার বেদনা নিবারক গুণও আছে। বাহ্যপ্রয়োগে ইহার ক্রিয়া বেদনা নিবারক, স্পর্শহারক এবং স্থানিক উগ্রতাসাধক।

১। অল্প মাত্রায় আঘ্রাণ করিলে ঈষৎ মাদকতা ক্রিয়া প্রকাশ করে। দৃষ্টি ও স্পর্শ শক্তির কিঞ্চিৎ লাঘব হয়। এই অবস্থায় চেতনা লোপ হয় না। মনমধ্যে আনন্দের উদ্রেক হয়। স্নায়ুশূল ও আক্ষেপাদি নিবারণ জন্য এই পর্য্যন্ত বিধেয়।

২। আঘ্রাণ মাত্রা ক্রমশঃ বর্দ্ধিত করিলে স্বপ্নবৎ অবস্থা ও প্রলাপাদি উপস্থিত হইয়া স্পর্শশক্তির লাঘব হয়। প্রসব বেদনার কষ্ট নিবারণার্থ এই রূপ মাত্রা বিধেয়।

৩। মাত্রা আরও বর্দ্ধিত করিলে পেশী সঞ্চালন শক্তির লাঘব হয়। স্পর্শবোধ লোপ পায়। সংজ্ঞা থাকে না। ঊর্দ্ধদৃষ্টি ও কিয়ৎক্ষণ পরে অক্ষি-পল্লবে অঙ্গুলি দ্বারা স্পর্শ করিলেও পলক পড়ে না। এই অবস্থায় বৃহৎ বৃহৎ অস্ত্র চিকিৎসাদি করা হয়।

৪। মাত্রা আরও বর্দ্ধিত করিলে ক্রমশঃ ইচ্ছাধীন পেশী সকল সম্পূর্ণরূপে শিথিল হয় ও স্বাধীন পেশী সকলের ও শৈথিল্যভাব দেখা যায়। নিশ্বাসের সহিত গলামধ্যে ঘড় ঘড় শব্দ আরম্ভ হয় এবং আলোক দ্বারা কনীনিকা সম্পূর্ণ কুঞ্চিত হয় না। যখন দেখা যায় যে, ইচ্ছাধীন পেশী সকল সম্পূর্ণ রূপে শিথিল হইয়াছে, সেই সময়, সন্ধি বিচ্যুতি এবং আবদ্ধ অন্ত্র বৃদ্ধির চিকিৎসা করা উচিত।

৫। এইরূপ অবস্থায় খুব সাবধানতার সহিত রোগীর উপর লক্ষ্য রাখিবে; কারণ, পেশী সকলের শৈথিল্য বৃদ্ধি হইয়া, ঐ সময় শ্বাস রুদ্ধ বা হৃৎস্পন্দনের লোপ হইয়া, রোগীর মৃত্যু ঘটিতে পারে।

ক্লোরোফরম্ প্রয়োগ কালে নিম্নলিখিত কয়েকটী বিষয় স্মরণ রাখিবে।

১। *শিশুদের অল্প মাত্রায় ও সহজে ইহার ক্রিয়া প্রকাশ পায়।* দুর্ব্বল ব্যক্তিকেও অল্প মাত্রায় ও সহজে অচৈতন্য করা যায়। সবল ব্যক্তিকে অচেতন করিতে অধিক সময় লাগে। বৃদ্ধ লোকের অচৈতন্যের পর শীঘ্র চেতনা হয় না ও প্রায় গলা মধ্যে ঘড় ঘড় শব্দ হয়। ৩০ হইতে ৪০ বৎসর বয়ঃক্রম পর্য্যন্ত ব্যক্তির ক্লোরোফরম্ দ্বারা মৃত্যুর আশঙ্কা অধিক। স্ত্রীলোক অপেক্ষা পুরুষের মৃত্যুর আশঙ্কা অধিক।

২। ক্লোরোফরম্ অল্প পরিমাণে (অর্দ্ধড্রাম) লিণ্ট্ বা রুমালে ঢালিয়া প্রচুর বায়ুর সহিত রোগীকে আঘ্রাণ করাইবে ও যে পর্য্যন্ত না অচৈতন্যাবস্থা উপস্থিত হয়, ইহার মাত্রা ক্রমশঃ বর্দ্ধিত করিয়া, ইহা প্রয়োগ করিবে।

৩। ক্লোরোফরম্ ব্যবহার করিবার সময় রোগীকে ৩।৪ ঘণ্টা পূর্ব্ব হইতে কোন আহার দিবে না। কারণ, উহাতে বমন হইবার সম্ভাবনা।

৪। কোন বিচক্ষণ লোকের হস্তে ক্লোরোফরম্ প্রয়োগের ভার দেওয়া উচিত। তিনি কেবল রোগীর শ্বাসগতির উপর লক্ষ রাখিবেন এবং নিশ্বাস প্রশ্বাসের কোন ব্যতিক্রম দেখিলে তৎক্ষণাৎ ক্লোরোফরম্ প্রয়োগ

বন্ধ করিবেন এবং সাবধানে কৃত্রিম শ্বাসক্রিয়া সংস্থাপনের উপায় অবলম্বন করিবেন।

৫। মুখ, নাসিকাদি স্থানের অস্ত্র চিকিৎসাতে ক্লোরোফরম্ প্রয়োগ করিতে হইলে এরূপ পরিমাণ দেওয়া উচিত, যেন স্বাধীন পেশী সকল অবশ না হয়; আর চিকিৎসাকালে কণ্ঠনলি মধ্যে রক্ত প্রবেশ না করে, এই বিষয়ে বিশেষ সাবধান হওয়া উচিত। চক্ষু, অশ্মরী, অন্ত্র বৃদ্ধি আবদ্ধ এবং মল দ্বারস্থ রোগে অস্ত্র চিকিৎসা করিতে হইলে ক্লোরোফরম্ প্রয়োগ দ্বারা রোগীকে সম্পূর্ণরূপে অচৈতন্যাবস্থা প্রাপ্ত করাইবে।

৬। শয়নাবস্থাতেই ক্লোরোফরম্ প্রয়োগ করিবে ও ক্লোরোফরম্ দিবার পর রোগীকে সচেতন করিবার জন্য ব্যস্ত হইবে না। চেতনা আপনিই হইয়া থাকে।

৭। ক্লোরোফরম্ প্রয়োগের সময় রোগীর যদি বমনের উপক্রম হয়, তবে, তৎক্ষণাৎ রোগীর মস্তক এক পার্শ্বে ফিরাইবে ও ক্লোরোফরম্ প্রয়োগ ক্ষণকালের জন্য বন্ধ রাখিবে। ইহাতে বমিত পদার্থ শ্বাসনলীর মধ্যে প্রবেশ করিতে পারিবে না এবং মুখের নিকট কোন পাত্র ধরিলে উহা তাহাতেই পড়িবে।

৮। হৃৎপিণ্ড এবং ফুস্ফুসের বিশেষ কোন পীড়া থাকিলে অতি সাবধানে ক্লোরোফরম্ প্রয়োগ করিবে। নাড়ী ক্ষীণ এবং পর্য্যায়শীল থাকিলে, মদাতঙ্ক, ইউরিমিয়া ও কোন বিশেষ যান্ত্রিক রোগে ক্লোরোফরম্ প্রয়োগ অবিধেয়। প্রসব বেদনায় গর্ভিনীকে সম্পূর্ণরূপে অচেতন করিবে না।

ক্লোরোফরম্ প্রয়োগ দ্বারা কখন কখন নিম্নলিখিত বিঘ্ন সমূহ উপস্থিত হয়। যথা—

১। বমন। আহারের পর ক্লোরোফরম্ প্রয়োগ করিলেই বমন হইয়া থাকে। এই বিষয় রোগীকে ক্লোরোফরম্ সেবনের ৩।৪ ঘণ্টা পূর্ব্ব হইতে কোনরূপ আহার করিতে দিবে না।

২। আক্ষেপ। ক্লোরোফরম্ প্রয়োগ বন্ধ করিলে এই উপসর্গ উপস্থিত হয়।

৩। অবসাদন। এই লক্ষণ সহসা উপস্থিত হয় ও ক্লোরোফরম্ প্রয়োগ বন্ধ করিলে উহা রহিত হয়।

৪। শিরঃপীড়া। অপরিশুদ্ধ ক্লোরোফরম্ ব্যবহারে এই লক্ষণ দেখা যায়। ইহা ৩।৪ ঘণ্টার বেশী থাকে না।

৫। নাসিকা ও ওষ্ঠে ফোস্কা। যদি ক্লোরোফরম্ প্রয়োগের পূর্ব্বে নাসিকার অগ্রে ও ওষ্ঠের উপর স্নিগ্ধ তৈল লাগান যায়, তাহা হইলে ফোস্কা নিবারিত করা যায়।

৬। মৃত্যু। সাবধানে ক্লোরোফরম্ প্রয়োগ করিলে, ইহা কখন হয় না।

ক্লোরোফরম্ আঘ্রাণ দ্বারা বিষাক্ত হইলে শ্বাসগতি মন্দ হয় ও শ্বাসের সহিত কণ্ঠমধ্যে ঘড়্ ঘড়্ শব্দ হয়। মুখমণ্ডল মলিন ও পাণ্ডুবর্ণ, শরীর শীতল, কনীনিকা প্রসারিত, মলান্ত্র অবরোধক (Sphincters), পেশী সকল শিথিল হয়। নাড়ী ক্ষীণ ও লুপ্ত হয় এবং অবশেষে শ্বাস রুদ্ধ হইয়া মৃত্যু হয়। কখনও হটাৎ প্রথমে হৃৎকম্পন লুপ্ত হইয়া মৃত্যু হয়। ইহা স্মরণ রাখা আবশ্যক যে, ক্লোরোফরম্ আঘ্রাণমাত্র ভয়ে রোগীর নিশ্বাস বন্ধ হইয়া বিপদের আশঙ্কা হইতে পারে। অতএব প্রথম হইতেই বিশেষ সতর্কতার সহিত ইহা প্রয়োগ [illegible] কর্ত্তব্য।

শবচ্ছেদ করিলে মস্তিকে এবং মস্তিকাবরণে অধিক পরিমাণে রক্ত দেখা যায়। ফুস্‌ফুস্ মধ্যে রক্ত কৃষ্ণবর্ণ ও তরল দেখা যায়। কখন বা হৃৎপিণ্ড শিথিল এবং হৃদগহ্বর (Ventricles) মধ্যে অতি অল্পমাত্র রক্ত দেখা যায়।

চিকিৎসা। শ্বাসরোধের উপক্রম হইলে ক্লোরোফরম্ প্রয়োগ রহিত করিবে। পাঁজরের উপর এরূপভাবে চাপ দিতে থাকিবে যাহাতে কৃত্রিম শ্বাস ক্রিয়া সম্পাদিত হয়। রোগীকে টানিয়া টেবেলের ধারে আনিবে, এবং মস্তক নিচু করিয়া ঘাড় ঝুলাইয়া রাখিলেও কৃত্রিম শ্বাসক্রিয়া সঞ্চালিত হয়। ইহা ছাড়া রোগীর জিহ্বা ফরসেপ্‌স্ (Forceps) দিয়া টানিয়া বাহির করিলেও কৃত্রিম শ্বাসক্রিয়া সঞ্চালিত করা যায়।

আময়িক প্রয়োগ। বৃহৎ অস্ত্রচিকিৎসাতে স্পর্শবোধ লুপ্ত করিবার জন্য ক্লোরোফরমের আঘ্রাণ প্রয়োগ করা যায়। ইহাতে রোগী সুষুপ্ত অবস্থায় স্থিরভাবে পড়িয়া থাকে ও অস্ত্রের ক্লেশ কিছুমাত্র অনুভব করিতে

পারে না। অবসাদন ক্রিয়া বশতঃ হৃৎস্পন্দনের বলের হ্রাস হওয়াতে রক্ত পাত অল্প হয়।

গভীর নালীযুক্ত ক্ষত এবং মূত্রাশয়স্থ অশ্মরী প্রভৃতি রোগে শলাকা দ্বারা পর্য্যবেক্ষণ, সন্ধিবিচ্যুতি সংস্থাপন, অন্ত্রবৃদ্ধি আবদ্ধ হইলে মুক্তকরণ প্রভৃতি রোগে ক্লোরোফরম্ দ্বারা অচেতন করিলে রোগীর বিনা ক্লেশে সুফল পাওয়া যায়।

সুপ্রসবের ব্যাঘাতজন্মিলে রোগীর ক্লেশ নিবারণার্থে ক্লোরোফরমের আঘ্রাণ বিশেষ উপকার। এরূপ অবস্থায়, হস্ত দ্বারা বা যন্ত্র দ্বারা প্রসব করাইতে হইলে রোগীর কোনরূপ ক্লেশ বোধ হয় না।

বিবিধ আক্ষেপ জনক ও বেদনা ঘটিত রোগে ক্লোরোফরমের আঘ্রাণ বিশেষ উপকার করে। যথা—শ্বাসকাশ, মৃগী রোগে, দড়কা, হিষ্টিরিয়া, ধনুষ্টঙ্কার, মদাতঙ্ক ও বিবিধ স্নায়ু ও অন্ত্রশূল রোগে ইহা প্রয়োগ করিলে যন্ত্রণা নিবারিত হয় ও রোগীর সহজেই নিদ্রা আইসে। দন্তক্ষতে, ক্লোরোফরম্ ও কর্পূর সমানাংশে একত্রে মিশ্রিত করিয়া তুলা দ্বারা দন্তগহ্বর মধ্যে প্রয়োগ করিলে আশু বেদনা নিবারিত হয়।

প্রুরাইগো, একজিমা, মলদ্বার কণ্ডুয়ন [illegible] বিবিধ চর্ম্মরোগের উগ্রতা হ্রাস করিবার নিমিত্ত নিম্নলিখিত ব্যবস্থা অতি উৎকৃষ্ট। ৩০ মিনিম্ ক্লোরোফরম্ ১ আউন্স কোল্ড্ ক্রীম্ সহযোগে মিশ্রিত করিয়া স্থানিক প্রয়োগ করিবে।

মাত্রা। ৩ হইতে ১০ মিনিম্ পর্য্যন্ত। শর্করার পাক, মণ্ড বা অণ্ডের সহিত মিশ্রিত করিয়া ব্যবহার করিবে।

প্রয়োগ রূপ। ১। একোয়া ক্লোরোফর্মাই (Aqua Chloroformi)। (ক্লোরোফরম্ ১ ড্রাম. পরিশ্রুত জল ২৫ আং)। যে পর্য্যন্ত না ক্লোরোফরম্ সম্পূর্ণরূপে জলে দ্রব হয়, ততক্ষণ উহাদিগকে একত্র করিয়া ২ পাইন্ট বোতলে উত্তমরূপে বন্ধ করিয়া, আলোড়িত করিবে। মাত্রা ॥০ হইতে ২ আং।

২। লিনিমেন্টম্ ক্লোরোফরমাই (Linimentum Chloroformi); ক্লোরোফরম্ ১ ভাগ, ক্যাম্ফর লিনিমেন্ট্ ১ভাগ। একত্রে মিশ্রিত করিয়া লইবে।

৩। স্পিরিটস্ ক্লোরোফরমাই (Spiritus Chloroformi), ইং (Chloric Ether)। প্রতিসংজ্ঞা। স্পিরিট্ অব্ ক্লোরোফরম্। ক্লোরোফরম্ ১ ভাগ, শোধিত সুরা ১৯ ভাগ। দ্রব করিয়া লইবে। মাত্রা ২০—৬০ মিং।

৪। টিংচ্যুরা ক্লোরোফরমাই এট্ মর্ফাইনী। (মর্ফাইন্ দেখ)।

৫। টিংচুরা ক্লোরোফরমাই কম্পজিটা (Tinctura Chloroformi Composita)। ক্লোরোফরম্ ২ আং; শোধিত সুরা ৮ আং; কম্পাউণ্ড, টিংচার অব্ কার্ডেমম্ ১০ আং। একত্রে মিশ্রিত করিয়া লইবে। মাত্রা ২০—৬০ মিং।

আইয়োডোফরমম্ (Iodoformum), ইং (Iodoform)।

প্রস্তুত করণ। (পটাষ্ কার্বনাস্; এল্‌কোহল্, জল এবং আইয়োডিন্ মিশ্রণে উৎপন্ন হয়)।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। উজ্জ্বল পীতবর্ণ, দানাযুক্ত, স্থায়ী কদর্য্য গন্ধাস্বাদ। শীতল জলে অল্প দ্রব হয়; শোধিত সুরায় অপেক্ষাকৃত অধিক পরিমাণে দ্রবনীয়; ক্লোরোফরম্ বা ইথরে দ্রবনীয়।

ক্রিয়া। পচননিবারক, দুর্গন্ধনাশক, অধিক মাত্রায় স্থানিক স্পর্শহারক ও শোষিত হইয়া শিরঃপীড়া, অনিদ্রা ও স্মরণশক্তির হ্রাস কারক।

আময়িক প্রয়োগ। বিবিধ প্রকার ক্ষতে, বিশেষতঃ ঔপদংশীয় ক্ষতে, বিশেষ উপকার করে। যক্ষারোগে ইহার ধুম ব্যবহৃত হয়। মাত্রা ½০—৩ গ্রেণ।

এণ্টিসেপ্টিক্ ড্রেসিংএর জন্য ইহা অধিক ব্যবহৃত হয়। ওজিনা, মুখ ও গলার ভিতর ঘা হইলে ইহার গুঁড়া বিস্‌মথ্ ও কুইনাইন সহযোগে ব্যবহৃত হয়।

প্রয়োগরূপ। ১। সপোজিটোরিয়া আইয়োডোফরমাই (Suppositoria Iodoformi)। আইয়োডোফরম্ চূর্ণ ৩৬ গ্রেণ্, অয়েল্ অব্ থিয়োব্রমা ১৪৪ গ্রেণ। প্রত্যেক সপোজিটোরিয়ায় ৩ গ্রেণ আইয়োডোফরম্ আছে।

প্রস্তুত করণ। ঈষদুষ্ণ খলে আইয়োডোফর্মকে ৪৪ গ্রেণ থিয়োব্রমা

তৈলের সহিত মাড়িয়া, উহাতে অবশিষ্ট তৈলকে তরল করতঃ ঢালিয়া দিয়া, জল করিয়া মিশাইবে। শীতল হইলে ১২ ভাগে বিভক্ত করিয়া লইবে।

২। অঙ্গুয়েন্টম্ আইয়োডোফরমাই (Unguentum Iodoformi) আইযোডোফরম্ ১ আং; বেঞ্জোয়েটেড্ লার্ড ৯ আং।

মৃদু তাপে বসা গলাইবা, তাহাতে আইযোডোফরম্ সংযোগ করিবে এবং আলোড়ন দ্বারা দ্রব করতঃ শীতল করিয়া লইবে।

আইয়োডোল্ (Iodol)। প্রস্তুত করণ। আস্তব তৈল, ইহাতে প্রাপ্ত বিশুদ্ধ পাইরলের (*Pyrrol*) সহিত পটাশিয়ম্ আইযোডো আইয়োডাইড্ মিশ্রিত করিয়া অধঃপাতিত করিলে, ইহা প্রস্তুত হয়। ইহা জলে দ্রব হয় না, ক্লোরোফরম্ ও ইথরে দ্রব হয়।

ক্রিয়া। আইযোডোফরমের ন্যায়, কিন্তু উহার ন্যায় বিষাক্ত বা কদর্য্য গন্ধযুক্ত নহে।

টেট্রাক্লোরাইড্ অব্ কার্ব্বন্ (Tetra Chloride of Carbon) বৃটিশ্ ফার্ম্মাকোপিয়ার গৃহীত নহে।

প্রস্তুত করণ। (ক্লোরিন্ ধূম ও কার্ব্বন্ ডাইসল্ফাইড্ যোগে ইহা প্রস্তুত হয়।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। স্বচ্ছ, তৈলবৎ পদার্থ, তীব্র গন্ধ।

ক্রিয়া। আঘ্রাণ করিলে ক্লোরোফরমের ন্যায় ক্রিয়া প্রকাশ করে।

বাইক্লোরাইড্ অব্ মিথিলিন্ (Bichloride of Methyline)। বৃটিশ্ ফার্ম্মাকোপিয়ায় গৃহীত হয় নাই।

প্রস্তুত করণ। (ক্লোরোফরমের সহিত সদ্য প্রস্তুত হাইড্রোজিন্ ধূম লাগাইলে ইহা প্রস্তুত হয়)।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। স্বচ্ছ, বাষ্পীয় তরল পদার্থ, ক্লোরোফরমের ন্যায় গন্ধ, জলে ।০ অংশ দ্রবনীয়।

ক্রিয়া। ডাঃ রিচার্ডসন, ইহাকে ক্লোরোফরম্ অপেক্ষা নিরাপদজনক স্পর্শহারক ঔষধ বলিয়া উল্লেখ করেন। ইহার আঘ্রাণ ক্লোরোফরমের ন্যায় বিরক্তজনক নহে। অধিকন্তু ইহার ক্রিয়া ক্লোরোফরম্ অপেক্ষা শীঘ্র কার্য্য

করে। চৈতন্য লোপ করিতে ইথারের ন্যায় ইহার অধিক পরিমাণ আবশ্যকতা হয়।

এমিল্ নাইট্রিস্ (Amyl Nitris)। এমিলিক্ এল্‌কোহল্, যবক্ষার দ্রাবক বা নাইট্রাস্ এসিড্ সংযোগে ইহা প্রস্তুত হয়।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। পীতবর্ণ, তরল ও এক প্রকার গন্ধযুক্ত। জলে দ্রব হয় না। শোধিত সুরায় দ্রবনীয়।

ক্রিয়া। ইহার ধুম আঘ্রাণে সিষ্টেমিক্ ও পল্‌মনারি ক্ষুদ্র ধমনীগণের পরিধি বর্দ্ধিত করে। এই বিধায় শরীরে রক্তের চাপন ক্রিয়া (Blood pressure) অতি শীঘ্র ও অধিক পরিমাণে কমিয়া যায় এবং ইহার সঙ্গে সঙ্গে বেদনার নিবারণ ● হৃৎপিণ্ডের ক্রিয়া বর্দ্ধিত হয়। ইহার আঘ্রাণ বন্ধ করিলে রক্ত চাপন ক্রিয়ার স্বাভাবিক অবস্থা হয়। ক্রমাগত ইহার আঘ্রাণ লইলে শ্বাস রোধ ঘটিত আক্ষেপ ও মৃত্যু উপস্থিত হয়। ক্ষুদ্র ধমনীগণের পরিধি বিস্তৃত হইবার করণ এই যে, নাইট্রাইট্ অব্ এমিল্ দ্বারা হৃৎপিণ্ডের ক্রিয়া বৃদ্ধি পায়। শ্বাসগতি প্রথমে দ্রুত হয়, আরও অধিক শ্বাস গ্রহণে ভাসোমোটর্ (Vasomotor) স্নায়ু কেন্দ্রের উপর কোন ক্রিয়া প্রকাশ না করিয়া উহাদের উপর ক্রিয়া প্রকাশ করে ও এই হেতু ক্ষুদ্র ধমনী গণের পরিধি বিস্তৃত হয়। ইহার ধুমাঘ্রাণের অনেক ঘণ্টা পরে প্রস্রাবে শর্করা পাওয় যায়।

নাইট্রাইট্; মোটর্ ও সেন্‌সারি স্নায়ুর উপর মৃত্যুকাল পর্য্যন্ত কোন ক্রিয়া প্রকাশ করে না। ইহা দ্বারা শ্বাস রুদ্ধ হইবার কারণ, ইহা লোহিত কনিকার হিমগ্লবিন্ হইতে অক্সিজিন্ টিশুতে যাইতে দেয় না। ইহা সেবনে শরীরের উত্তাপের হ্রাস হয় এবং যে পরিমাণ কার্ব্বনিক্ এসিড্ বায়ু বহির্গত হয়, তাহারও পরিমাণের হ্রাস করে। সুস্থকায় ব্যক্তি ইহার ধুম ২ হইতে ৮ মিনিম্ পর্য্যন্ত আঘ্রাণ করিলে ৩ হইতে ১০ সেকেণ্ডের মধ্যে নাড়ীর বেগ বৃদ্ধি পায় ও ইহার সঙ্গে সঙ্গে মুখ, কান; আরক্তিম হয়, কারটিড্ ধমনীতে দপ দপ এবং বক্ষঃস্থলে কষ্টদায়ক যন্ত্রণা উপস্থিত হয় ও অল্প পরিমাণে শিরঃপীড়া ও সাধারণ দৌর্ব্বল্য উপস্থিত হয়।

আময়িক প্রয়োগ। এঞ্জাইনা পেক্টারিস্ রোগে ইহা বিশেষ উপকার করে। এজ্‌মা, হুপিংকফ্, হিষ্টিরিয়া প্রভৃতির রোগেও বিশেষ উপযোগী।

৫ বিন্দু পরিমাণ রুমালে ঢালিয়া শ্বাস গ্রহণ করিলে এক মিনিটের মধ্যে ইহার ক্রিয়া প্রকাশ পায়। সি-সিক্‌নেস্ রোগে এবং হৃৎপিণ্ডের পক্ষাঘাত বশতঃ মৃত্যুর আশঙ্কা হইলে ইহা দ্বারা উপকার হয়।

এপিলেপ্সি রোগে যখন ধমনীর আক্ষেপ ও ভয়ানক শিরঃপীড়া থাকে, তখন ইহা দ্বারা বিশেষ উপকার পাওয়া যায়। শ্বাস গ্রহণের জন্য ২—৫ মিং; সেবনের জন্য ॥০—১ মিং মাত্রায় অতি সতর্কতার সহিত শোধিত সুরার সহিত মিশ্রিত করিয়া সেবন করাইবে।

নাইট্রো-গ্লিসিরাইনম্ (Nitro Glycerinum) ইং (Nitro-Glycerine)। প্রতিসংজ্ঞা। গ্লোনোইন্। বৃটিশ ফার্ম্মাকোপিয়ায় গৃহীত নহে।

প্রস্তুত করণ। গন্ধকদ্রাবক ও যবক্ষারদ্রাবকের মিশ্রে বিশুদ্ধ গ্লিসিরীণ্ বিন্দু বিন্দু করিয়া সংযোগ করিবে ও ইহা বরফ মিশ্রিতজল দ্বারা শীতল করিবে। পরে, সমুদয় মিশ্র প্রচুর পরিমাণে শীতল জল দ্বারা ধৌত করিলে নাইট্রো-গ্লিসিরীণ্ পৃথক হইয়া পড়ে। পরে উহাকে উষ্ণ গৃহে শুষ্ক করিলে ইহা প্রস্তুত হয়।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। বর্ণহীন, স্বচ্ছ, তরল পদার্থ, গন্ধহীন, মিষ্ট আস্বাদ। ইহা বিশুদ্ধ সুরাবীর্য্যে, ইথারে, তৈলে ও বসায় দ্রব হয়।

ক্রিয়া। অন্যান্য নাইট্রাইট ও নাইট্রাইট্ অব্ এমিলের ন্যায় কার্য্য প্রকাশ করে। কিন্তু ইহার ক্রিয়া অপেক্ষাকৃত স্থায়ী। ইহার কারণ, ইহা সমুদয় শরীরে ধ্বংশ না হইয়া রক্তের সহিত শোষিত হইয়া নাইট্রস্ এসিড্ বাষ্প উৎপাদিত করে। ইহা, হৃৎশূল, শিরঃপীড়া ও স্নায়ুশূলে উপকারক। ইহা সি-সিক্‌নেস্ দমন করে ও ইহা দ্বারা ধমনীর পরিধি বৃদ্ধি পায়।

প্রয়োগরূপ। ১। ট্যাবেলি নাইট্রোগ্লিসিরাইনি (Tabellæ Nitro Glycerini); ইং (Tablets of Nitro Glycerine)। চকোলেটের সহিত মিশ্রিত চাক্তি। প্রতি চাক্তির ওজন ২৷০ গ্রেণ ও প্রতি চাক্তিতে ১/১০০ গ্রেণ বিশুদ্ধনাইট্রোগ্লিসিরীণ্ আছে। মাত্রা ১ বা ২ চাক্তি।

২। লাইকার নাইট্রো গ্লিসিরাইনি (Liquor Nitro Glycerini)। প্রতিসংজ্ঞা। লাইকর্ ট্রিনিট্রিনি, (Liquor Trinitrini)।

সলিউসন্ অব্ নাইট্রো-গ্লিসিরীণ্, লাইকর্ গ্লোনোইনি, সলিউসন্ অব্ গ্লোনোইন্। এই প্রয়োগরূপ বৃটিশ্ ফার্ম্মাকোপিয়ায় গৃহীত হইয়াছে।

প্রস্তুত করণ। বিশুদ্ধ নাইট্রোগ্লিসিরিণ্ ওজনে ১ ভাগ, শোধিত সুরা একত্রে মিশ্রিত করিয়া ১০০ ভাগ করিতে যথা প্রয়োজন। দ্রব করিয়া লইবে। মাত্রা ।০—২ মিং।

ক্লোরাল্ হাইড্রাস্ (Chloral Hydras) ইং (Hydrate of Chloral)। প্রতিসংজ্ঞা হাইড্রাস ক্লোরাল্।

প্রস্তুতকরণ। শুষ্ক ক্লোরিণ্ বায়ু, নির্জ্জল সুরাবীর্য্যে মিশ্রিত করিয়া প্রস্তুত হইলে পর, গন্ধকদ্রাবক ও চূন দ্বারা শোধিত হইয়া প্রস্তুত হয়।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। বর্ণহীন দানাবিশিষ্ট, অল্প উত্তাপে দ্রব হয়, উগ্র গন্ধযুক্ত, ঈষৎ তিক্তাস্বাদ।

ক্রিয়া। ক্লোরাল্ হাইড্রাস্ সেবনে কৈশিক নাড়ীর পরিধি বৃদ্ধি পায়। *এই জন্য শরীরের উত্তাপের লাঘব হয়। মেডলা অব্ লঙ্গেটার শ্বাস-*প্রশ্বাস বিষয়ক স্নায়ুমূলে (Respiratory Centre) ক্রিয়া হেতু শ্বাসগতি মন্দ হয়। হৃৎপিণ্ডের ইন্‌ট্রিন্‌জিক্ মোটর্ গ্যাংগ্লিয়ন্ (Intrinsic Motor Ganglia) প্রভৃতি সঞ্চালন বিধায়ক স্নায়ু গ্রন্থির পক্ষাঘাত প্রযুক্ত হৃৎপিণ্ডের ক্রিয়ার হ্রাস হয়। কশেরুকা মজ্জার পরম্পরিত ক্রিয়ার ক্রমশঃ লোপ পায়। সেরিব্রামের ক্রিয়াও লুপ্ত হয়।

ইহার সেবনে সহজে নিদ্রার উদ্রেক হয়। শরীরে কোন প্রকার উত্তেজনা প্রকাশ বা নিদ্রাভঙ্গের পর কোন প্রকার গ্লানি উপস্থিত করে না। কদাচ শিরঃপীড়া ও প্রলাপ হয়। অহিফেনের ন্যায় ইহাতে কোষ্ঠবদ্ধ হয় না। যতক্ষণ রোগী নিদ্রিত অবস্থায় থাকে, ততক্ষণ বেদনা অনুভব করিতে পারে না। নিদ্রাভঙ্গেই আবার বেদনায় কষ্ট পায়। যে স্থলে রোগীর নিদ্রা না হয়, সেই স্থলেই প্রলাপ হয়।

১। Dr. Playfair প্রসব বেদনা লাঘব ও জরায়ুর মুখ উন্মুক্ত করিবার জন্য ২৫ গ্রেণ মাত্রায় ২।৩ বার সেবনের ব্যবস্থা করেন।

২। কোরিয়া, উন্মাদ, সুতিকোন্মাদ ও মদাতঙ্কাদি রোগে স্নায়বীয় অবসাদক ও নিদ্রাকরণার্থ ইহা বিশেষ উপযোগী।

৩। ধনুষ্টঙ্কার রোগে ও ষ্ট্রীকৃনিয়া সেবন দ্বারা বিষাক্ত হইলে পেশী সকলের যে স্পন্দনাধিক্য হয়, তাহার লাঘব করণার্থ ইহা বিশেষরূপে ব্যবহৃত হয়।

৪। যে সকল রোগীর অহিফেন সেবন নিষিদ্ধ, সেই সকল রোগীর পক্ষে ইহা বিশেষ প্রয়োজনীয়। ইউরেমীক্ (Uræmic) রোগীর, বালকগণের ও স্বল্পবিরামযুক্ত জ্বরাক্রান্ত রোগীর নিদ্রানয়নার্থ ইহা বিশেষ উপযোগী।

৫। যক্ষ্মা রোগীর রাত্রিতে যন্ত্রণা ও অতি ঘর্ম্ম দমনে ইহা বিলক্ষণ উপযোগী।

এজ্‌মা ও পার্টুসিস্ রোগে বিশেষ উপকার করে।

বালকদিগের দড়কা রোগে (Convulsion) ইহা দ্বারা বিশেষ উপকার পাওয়া যায়।

পাকাশয়ের উত্তেজনা বশতঃ অথবা গর্ভাবস্থায় বমন নিবারণ জন্য ইহা উপযোগী। সি-সিক্‌নেসে ইহা উপকার করে।

মেহ ও গ্লিট্ রোগে ১০০ মিং জল মিশ্রিত ক্লোরাল্ পিচকারী দ্বারা চর্ম্মের নিম্নে ৩।৪ স্থলে ব্যবহার করিলে উপকার হইতে পারে।

শিশুদিগের ধনুষ্টঙ্কার রোগে, প্রত্যেক আক্রমণের প্রারম্ভে ১।২ গ্রেণ মাত্রায় ইহা ব্যবহার করিলে বিশেষ উপকার হইয়া থাকে।

হৃৎপিণ্ড কিম্বা ধমনীর পীড়া বিদ্যমান থাকিলে, অথবা শ্লেষ্মা দ্বারা শ্বাসনলী পরিপূরিত থাকিলে ইহা সাবধানে ব্যবহার করিবে।

ক্লোরাল্ হাইড্রেট্ দ্বারা বিষাক্ত হইলে এই সকল লক্ষণ প্রকাশ পায়। যথা, শিরঃপীড়া, শিরোঘূর্ণন; হস্ত পদ শীতল, নাড়ীর অবস্থা ক্ষীণ ও অস্বাভাবিক হয়। ইহা সেবনে কখন কখন চর্ম্মে আমবাতের ন্যায় দানা নির্গত হয়।

ষ্ট্রিক্‌নিয়া, ফাইসস্টিগ্‌মা প্রভৃতি দ্বারা বিষাক্ত হইলে ক্লোরাল্, বিষনাশার্থ ব্যবহৃত হয়। ক্লোরাল্ হাইড্রেড্ সেবনে ইহা শরীরে বিযুক্ত হইয়া ক্লোরোফরম্ ও এক প্রকার লবণ উৎপাদন করে। মাত্রা ৫—৩০ গ্রেণ।

প্রয়োগরূপ। সাইরূপস্ ক্লোরাল্ (Syrupus Chloral)। হাইড্রেট্ অব্ ক্লোরাল্ ৮০ গ্রেণ, পরিশ্রুত জল ১॥০ ড্রাম, শর্করা এক আউন্স প্রস্তুত করিতে যথা প্রয়োজন। ১ ড্রাম সিরাপে ১০ গ্রেণ হাইড্রেট্ অব্ ক্লোরাল্ আছে। মাত্রা ॥০—২ ড্রাম্।

বিউটিল্ ক্লোরাল্ হাইড্রাস্ (Butyl Chloral Hydras)।

প্রতিসংজ্ঞা। ক্রোটান্ ক্লোরাল্ হাইড্রাস্। হাইড্রস্ বিউটিল্ ক্লোরাল্।

প্রস্তুত করণ। শুষ্ক ক্লোরিণ্ বায়ু এল্ডিহাইডে লাগাইয়া চতুর্দ্দশ ডিগ্রি পরিমাণ ফারেন্হিট্ উত্তাপে শীতল করতঃ দানাকারে প্রস্তুত হয়।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। শুভ্র, দানাযুক্ত, গন্ধ ক্লোরাল হাইড্রেটের ন্যায়, আস্বাদ তীব্র।

ক্রিয়া। ক্লোরাল্ হাইড্রেটের ন্যায়, কিন্তু অপেক্ষাকৃত মৃদু। হৃৎপিণ্ডের উপর ক্লোরাল্ হাইড্রেটের ন্যায় অধিক পরিমাণে অবসাদন গুণ প্রকাশ করে না।

Dr. Siebreich বলেন, ৫ম স্নায়ুর উপর ইহার ক্রিয়া বিশেষরূপে প্রকাশ পায়। এই বিধায় ট্রাইজেমিনেল্ (Trigeminal) স্নায়ুশূলে বিশেষ উপকার দর্শায়। মাত্রা ১ হইতে ৫ গ্রেণ বেদনানিবারক; ৫ হইতে ১৫ গ্রেণ নিদ্রাকারক।

প্যারল্ডিহাইডম্ (Paraldehydum)।

বিবিধ অম্ল বা লবণ দ্বারা এল্ডিহাইডের পলিমারিজেসন্ (Polymerisation) অর্থাৎ উহার বিবিধ রূঢ় পদার্থের পারিমাণিক পরিবর্ত্তন ঘটিত পদার্থ বিশেষ।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। স্বচ্ছ, বর্ণহীন, তরল, ইথারের ন্যায় বিশেষ গন্ধযুক্ত, জ্বলনবৎ ও শীতল আস্বাদ।

ক্রিয়া। নিদ্রাকারক, বেদনানিবারক ও মূত্রকারক। ইহা দ্বারা হৃৎপিণ্ডের ক্রিয়ায় বল বৃদ্ধি পায়, অথচ উহার দ্রুতত্বের হ্রাস হয়। ক্লোরালের ন্যায় ইহার অবসাদক ক্রিয়া নাই। ইহা সেবনে প্রথমে সেরিব্রমের উপর ক্রিয়া প্রকাশ করতঃ নিদ্রা আনয়ন করে। মেডুলার ও কশেরুকা

মজ্জার উপর ইহা ক্রিয়া দর্শায়। অপর নিদ্রাকারক ঔষধের ন্যায় ইহা দ্বারা কোন প্রকার উত্তেজনা প্রকাশ পায় না। বিষমাত্রায় সেবন করিলে প্রথমে মেডুলার শ্বাসপ্রশ্বাস কেন্দ্রের ক্রিয়া বন্ধ হয় ও তৎপরে হৃৎপিণ্ডের ক্রিয়াও বন্ধ হয়। ক্লোরাল অপেক্ষা ইহার ক্রিয়া স্বল্পকাল স্থায়ী, সেই জন্য ইহা পুনঃ পুনঃ প্রয়োগ করিতে হয়। সেবনের পর প্রস্রাবের পরিমাণ বর্দ্ধিত হয়। ইহা দ্বারা সুনিদ্রা উপস্থিত হয়। নিদ্রা ভঙ্গে কোনরূপ শিরঃপীড়া বা অন্যান্য বিকার উপস্থিত হয় না।

আময়িক প্রয়োগ। ইহা সেবন দ্বারা জ্বর, বাত, গাউট্‌ তরুণ উন্মাদ, অনিদ্রা প্রভৃতি রোগে নিদ্রাকরণার্থ উপযোগীতার সহিত ব্যবহৃত হয়। মাত্রা ৷৹ — ১৷৹ ড্রাম।

সলফোন্যাল্‌ (Sulphonal)। প্রতিসংজ্ঞা। ডাই ইথিল্‌ সল্‌ফন্‌ডাই মিথিল্‌ মিথেন্‌।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। বর্ণহীন, গন্ধহীন, আস্বাদ বিহীন, দানাযুক্ত পদার্থ, সমক্ষারাম্ল।

ক্রিয়া। বেদনানিবারক, নিদ্রাকারক ও স্নায়বীয় উগ্রতা নিবারক। ইহার নিদ্রা কারক গুণ সকল রোগীতে সমরূপে প্রকাশ পায় না। কাহারও কাহারও নিদ্রা না হইয়া মানসিক উত্তেজনাদি কুলক্ষণ প্রকাশ হইয়া থাকে।

ডাক্তার গ্রিফিথ্‌ বলেন। ১। ইহা সেবনে ইহায় নিদ্রাকরণ ক্রিয়া ধীরে ধীরে প্রকাশ পায় ও ইহার ক্রিয়া ৪০। ৪৮ ঘন্টা স্থায়ী হয়।

২। ব্যক্তিবিশেষে এক ব্যক্তিকে ভিন্ন ভিন্ন সময়ে সমান মাত্রায় উপকার পাওয়া যায় না। নিদ্রা না হইলে ও নিদ্রাভঙ্গের পর মানসিক উত্তেজনা, বিবমিষা, বমন, শিরোঘূর্ণন, শিরঃপীড়া, আলস্য প্রভৃতি লক্ষণ সকল প্রকাশ পায়।

আময়িক প্রয়োগ। স্নায়বীয় অনিদ্রায় ইহা বিশেষ উপকারক। কিন্তু ইহার উপকারিতা সম্বন্ধে ভিন্ন ভিন্ন চিকিৎসক বিভিন্ন মতাবলম্বী। মাত্রা ১৫—৪০ গ্রেণ।

যক্ষ্মা রোগে ৮ গ্রেণ মাত্রায় ইহা সেবন করিলে নিশাকালীন ঘর্ম্মের হ্রাস

ও নিদ্রা হয়। হিষ্টিরিয়া জনিত ডিলিরিয়ম্ ও এপিলেপ্সি জনিত কন্‌ভল্‌সনে ইহা নিদ্রাকারক ও অবসাদকের ন্যায় ক্রিয়া দ্বারা উপকারক।

এসিট্যানিলিডম্ (Acetanilidum)

প্রতিসংজ্ঞা। ফেনিল্ এসিটামাইড্; অ্যান্টিফেব্রিণ্ (Antifebrine)।

প্রস্তুত করণ। এনিলিনের উপর নির্জ্জল এসিটিক্ এসিডের ক্রিয়া দ্বারা যে দানাবৎ পদার্থ পাওয়া যায়, তাহাকে বিশুদ্ধ করিয়া লইলে ইহা প্রস্তুত হয়।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। বর্ণহীন, উজ্জ্বল দানা, শল্কাকার।

ক্রিয়া। অল্প পরিমাণে ঘর্ম্মকারক। যে সকল জ্বরে শরীরের উত্তাপ অধিক পরিমাণে বৃদ্ধি পায়, তাহা কমাইবার জন্য ইহা বিশেষ প্রয়োজনীয়। তরুণ বাত, স্নায়ুশূল, যথা সায়েটিকা, লম্বেগো, ট্রাইফেশিয়াল্ প্রভৃতি স্নায়ু-শূল রোগে বেদনা লাঘব করতঃ বিশেষ উপকার দর্শায়। ইহা সাবধানে সেবন করান উচিত।

ইহা সেবনে দুই প্রকারে বিষক্রিয়া প্রকাশ পায়। ১ম। একবার অধিক মাত্রায় সেবনে বিষক্রিয়া হয় এবং ২য় দীর্ঘকাল অল্পমাত্রায় সেবনের পর শরীরের মধ্যে সংগৃহীত হইয়া বিষক্রিয়া প্রকাশ পায়। কাহারও অল্প মাত্রায় সেবনে বিষক্রিয়া প্রকাশ হয়।

ইহা দ্বারা বিষক্রিয়া উপস্থিত হইলে নিম্নলিখিত লক্ষণ সকল প্রকাশ পায়। যথা, কষ্টকর শ্বাসপ্রশ্বাস, চর্ম্ম নীলবর্ণ, সায়নটিক্ (Cyanotic) প্রভৃতি লক্ষণ প্রকাশ পায়। ইহার বিষক্রিয়া দমনার্থ উত্তেজক ঔষধ। যথা, ইথার, বেলেডোনা, সুরা প্রভৃতি প্রয়োগ করিবে। মাত্রা ৩—১০ গ্রেণ। রোগীর অবস্থা বুঝিয়া প্রয়োগ করিবে। ২৪ ঘন্টার মধ্যে ২০। ২৫ গ্রেণ পর্য্যন্ত দেওয়া যায়।

ফেনা জোনাম্ (Phena Zonum)।

প্রতিসংজ্ঞা। ফেনিল ডাইমিথিল্ পাইরজোলন্; এন্টিপাইরিন্ (Antipyrine)।

প্রস্তুত করণ। ফেনিল্ হাইড্রোজিন্ হইতে প্রাপ্ত দানাযুক্ত পদার্থ।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। বর্ণহীন, গন্ধহীন, শল্কাকার, দানাযুক্ত পদার্থ, ও তিক্ত আস্বাদ।

ক্রিয়া। এণ্টিফেব্রিনের ন্যায়। ইহা জ্বর দমনকারক, বেদনানিবারক, স্থানিক চৈতন্যহারক ও তুষ্করোধক।

ইহা দ্বারা বিষাক্ত হইলে এই সকল লক্ষণ প্রকাশ পায়। যথা, বমনোদ্বেগ ও বমন, কম্প, গায়ে ইরিথিমার ন্যায় কণ্ডুনির্গমন, কোলাপ্স, ক্বচিৎ মৃত্যু।

অনেক বিজ্ঞ চিকিৎসক এ্যাণ্টিপাইরিনের ক্রিয়াদি সম্বন্ধে বিস্তর পরীক্ষা করিয়াছেন। ইহার সারমর্ম্ম দেওয়া যাইতেছে।

১। পীড়ায় শরীরের উত্তাপ হ্রাস করিবার জন্য সকল অবস্থায় দেওয়া যায় এবং ইহার ক্রিয়া এত প্রবল যে, ১ হইতে ১০ ফার্ণহীট্ তাপাংশ পর্য্যন্ত কমিয়া যায়।

২। ইহার ক্রিয়া প্রকাশ পাইতে বিলম্ব হয় না। সেবনের ১ হইতে ৩ ঘণ্টার ভিতর ক্রিয়া প্রকাশ পায় ও ইহা দ্বারা উত্তাপের যে স্বল্প বিরাম হয়, তাহা দীর্ঘকাল স্থায়ী হয় না। ইহার সঙ্গে সঙ্গে আবার নাড়ীর দ্রুতত্বের হ্রাস হয় ও শরীরে প্রচুর ঘর্ম্ম উপস্থিত হয়।

৩। ইহা হৃৎপিণ্ডের উপর বলকারক ক্রিয়া দর্শায়। ইহা শরীর হইতে প্রস্রাব দ্বারা নির্গত হয় ও সম্পূর্ণ নির্গত হইতে ৩০—৪০ ঘণ্টা লাগে।

৪। বালকেরা ইহা বেশ সহ্য করিতে পারে। কাহার কাহার ২।৩ বার সেবনের পর ঔষধ অভ্যস্থ হইয়া যায়।

৫। একবারে অধিক মাত্রায় বা ঘন ঘন অল্প মাত্রায় প্রয়োগ করিলে কখন কখন কোলাপ্সের লক্ষণ প্রকাশ পায়।

৬। ইহা সেবনের পর কোন কোন রোগীর হামের ন্যায়, ও আরক্ত জ্বরের গুটির ন্যায়, গুটিকা নির্গত হইতে দেখা যায় ও এই গুটিকা আবার শীঘ্র মিলাইয়া যায়।

আময়িক প্রয়োগ। সর্ব্ব প্রকার জ্বরে উত্তাপ কমাইবার জন্য ব্যবহার করা যায়। ইহা সর্দ্দিগর্ম্মী রোগে বিশেষ উপযোগী। কোরিয়া, হুপিংকফ শিরঃপীড়া প্রভৃতি রোগে বিশেষ উপকার করে। মাত্রা ৩—২০ গ্রেণ।

ফ্যোনাসিটিনম্ (Phenacitinum)। ইং (Phenacetin)।

প্রস্তুত করণ। ফেনল্ হইতে প্রাপ্ত প্যারাফেনিটিডিন্ নামক পদার্থের উপর নির্জ্জল এসিটিক্ এসিডের ক্রিয়া দ্বারা উৎপন্ন দানাযুক্ত পদার্থ।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। বর্ণহীন, গন্ধাস্বাদ বিহীন, উজ্জ্বল, শল্কাকার দানাযুক্ত।

ক্রিয়া। এণ্টিপাইরিন্ ও এণ্টিফেব্রিণের ন্যায়, ইহা দ্বারা জ্বরের উত্তাপ সহজে হ্রাস হয় ও এণ্টিপাইরিন্ ও এণ্টিফেব্রিণের প্রয়োগে যে আশঙ্কা আছে তাহা ইহার নাই। এই জন্য যে সকল রোগে এণ্টিপাইরিন্ ও এণ্টিফেব্রিন্ প্রয়োগ করা যাইত, তাহাদের পরিবর্ত্তে এক্ষণে ফ্যোনাসিটিন্ প্রয়োগ করা হয়। মাত্রা ৫ হইতে ১০ গ্রেণ।

গ্লুসাইডম্ (Glusidum) ; ইং (Gluside)।

প্রতিসংজ্ঞা। গ্লুকুসিমাইড্ ; সাধারণতঃ ইহাকে "স্যাক্যারিন্" বলে।

প্রস্তুত করণ। কোল্টারের টোলুইন্ হইতে পাওয়া যায়।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। লঘু, শ্বেতবর্ণ, সূক্ষ্ম দানাযুক্ত, চূর্ণ, সাতিশয় মিষ্টাস্বাদ।

ক্রিয়া ও আময়িক্ প্রয়োগ। বিশুদ্ধ স্যাক্যারিন্ পচননিবারক। আহারীয় দ্রব্য মিষ্ট করিবার জন্য ইহার সহিত সমভাগ বাই কার্ব্বনেট্ অব্ সোডা মিশ্রিত করিয়া লওয়া উচিত। বিশুদ্ধ স্যাকারিন্ প্রয়োগে পরিপাক যন্ত্রের বিকার ও অম্লশূল উপস্থিত করে। কিন্তু বাইকার্ব্বনেট্ অব্ সোডার সহিত ব্যবহার করিলে এই সকল লক্ষণ প্রকাশ পায় না। ২ ভাগ স্যাক্যারিণ্ ও ৩ ভাগ বাইকার্ব্বনেট্ অব্ সোডা মিশ্রিত করিয়া উৎকৃষ্ট দন্ত-মর্জ্জন রূপে ব্যবহার করা যায়। উৎসেচন ক্রিয়া দমনার্থে এবং মধুমূত্র রোগে পথ্যের সহিত ব্যবহারার্থ ইহা বিশেষ উপযোগী। পুরাতন মূত্রাশয় প্রদাহে প্রস্রাব বিযুক্ত হওন (Decomposition) দমনার্থ ইহা আভ্যন্তরিক রূপে প্রয়োগ করিলে উপকার পাওয়া যায়। মাত্রা।০—২ গ্রেণ।

হাইড্রোকার্ব্বনাস্ (Hydrocarbonas)।

ক্রিয়াজোটম্ (Creasotum or Creasote)।

প্রস্তুত করণ। কাষ্ঠ হইতে প্রস্তুত টার্ চুয়াইলে ইহা পাওয়া যায়।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। বর্ণহীন, স্বচ্ছ, তরল, উগ্রগন্ধযুক্ত, উগ্রকটু আস্বাদ।

ক্রিয়া। অল্প মাত্রায় ইহা পাকাশয়স্থ শ্লৈষ্মিক ঝিল্লির উগ্রতা হ্রাস করে। এই বিধায় ইহা বমন নিবারক। ইহার উত্তেজক, বায়ুনাশক ও কফনিঃসারক গুণ আছে। অধিক মাত্রায় প্রাদাহিক বিষক্রিয়া করে।

আময়িক প্রয়োগ। বমন নিবারণার্থ ইহা বিশেষ আদরণীয়। পাকাশয়ে ক্ষত, ক্যান্সার জনিত বা গর্ভাবস্থায় বমনে ইহা বিশেষ উপযোগী।

যক্ষ্মারোগে ইহার শ্বাস গ্রহণ অনেক বিজ্ঞ চিকিৎসক ব্যবস্থা করিয়া থাকেন। দন্তক্ষতে ও দন্তগহ্বর মধ্যে এক বিন্দু ক্রিয়াজোট্ তুলায় ভিজাইয়া লাগাইলে তৎক্ষণাৎ যন্ত্রণা নিবারিত হয়।

পুরাতন ব্রঙ্কাইটিস্ রোগীর কফের দুর্গন্ধ নষ্ট করিবার জন্য ইহার ধূম বিশেষ উপকারক। মাত্রা ১ হইতে ৩ বিন্দু পর্য্যন্ত। বটিকাকারে সেবন করাইবে।

প্রয়োগরূপ। ১। মিশ্চুরা ক্রিয়াজোটাই (Mistura Creasoti)। ক্রিয়াজোট ১৫ মিং; গ্লেসিয়েল্ এসিটিক্ এসিড্ ১৫ মিং; স্পিরিট্ অব্ জুনিপার্ ৪০ ড্রাম; সিরাপ্ ১ আং; পরিশ্রুত জল ১৫ আং। মিশ্রিত করিয়া লইবে। মাত্রা ১—২ আং।

২। অঙ্গুয়েণ্টম্ ক্রিয়াজোটাই (Unguentum Creasoti) ক্রিয়াজোট্ ১ ড্রাম, মোমের মলম ১ আং।

৩। ভেপর ক্রিয়েজোট (Vapor Creasoti) ক্রিয়াজোট্ ১২ মিং; স্ফুটিত জল ৮ আং। উপযুক্ত যন্ত্রমধ্যে এরূপে স্থাপিত করিবে যে, যে ধূম নির্গত হইবে, তাহা যেন শ্বাস দ্বারা গ্রহণ করা যাইতে পারে।

ক্রিয়াজোট্ অক্সাইড্ অব্ সিল্ভার্ সহ ব্যবস্থা নিষেধ। কারণ, উভয়ে মিশ্রিত হইয়া অগ্নি উৎপাদিত করে।

এসিডম্ কার্ব্বলিকম্ (Acidum Carbolicum) ইং (Carbolic Acid)।

প্রতিসংজ্ঞা। ফেনল্, ফেনিক্ এসিড, ফেনিক্ এল্কোহল্।

পাথুরিয়া কয়লা হইতে প্রস্তুত টার চুয়াইলে ইহা প্রস্তুত করা হয়।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। বিশুদ্ধ অবস্থায় বর্ণহীন, দানাযুক্ত, জলে অল্প দ্রবনীয়, সুরা, ইথার্ ও গ্লিসিরীণে সম্পূর্ণ দ্রব হয়, বিশেষ গন্ধযুক্ত, উগ্র কটু আস্বাদ।

ক্রিয়া। উত্তেজক, বায়ুনাশক, পচননিবারণ, দুর্গন্ধহারক; স্থানিক উগ্রতাসাধক ও দাহক। শরীরের কোন স্থানে কার্ব্বলিক্ এসিড্ লাগাইলে দাহক ক্রিয়া প্রকাশ করে ও ফোস্কা উৎপাদন করে। রক্ত রোধার্থ ইহা সময়ে সময়ে ব্যবহার করা যায়। বিবিধ পুরাতন চর্ম্মরোগে তৈলের সহিত মিশ্রিত করিয়া লাগাইলে বিশেষ উপকার পাওয়া যায়। ইহা জীবাণু বিনষ্ট বিষয়ে উৎসেচন ও পচন ক্রিয়া নিবারিত করে; এই হেতু, দুর্গন্ধযুক্ত ক্ষত, স্ফোটক, নালী ঘা, প্রভৃতিতে ইহা ব্যবহৃত হয়। আভ্যন্তরিক প্রয়োগে ইহা ক্রিয়াজোটের তুল্য। কার্ব্বলিক্ এসিড্ দ্বারা বিষাক্ত হইলে অলিভ্ অয়েল্ (Olive Oil) বা জল মিশ্র দ্রাবক ১০ মিনিম্ মাত্রায় প্রতি ঘণ্টায় ব্যবস্থেয়। ক্ষতোপরি কার্ব্বলিক্ এসিডের প্রয়োগে সময়ে সময়ে বিষক্রিয়া প্রকাশ পায়, এবং ইহা বিনষ্ট করিবার জন্য শতকরা ৬ ভাগ সল্‌ফেট্ অব্ সোডার দ্রব স্থানিক প্রয়োগ করা উচিত। মাত্রা ১ হইতে ৩ গ্রেণ।

প্রযোগরূপ। ১। এসিডম্ কার্ব্বলিকম্ লিকুইফ্যাক্টম্ (Acidum Carbolicum Liquefactum)। শতকরা ১০ অংশ জল সংযোগে দ্রবীভূত কার্ব্বলিক্ এসিড্। মাত্রা ১ হইতে ৪ মিং।

২। গ্লিসিরাইনম্ এসিডাই কার্ব্বলিসাই (Glycerinum Acidi Carbolici)। কার্ব্বলিক্ এসিড্ ১ আং, গ্লিসিরীণ্ ৪ আং। একত্রে মর্দ্দন করিয়া মিশ্রিত করিবে।

৩। সপোজিটোরিয়া এসিডাই কার্ব্বলিসাই কম্ সেপনি (Suppositoria Acidi Carbolici Cum Sapone)। কার্ব্বলিক্ এসিড্ ১২ গ্রেণ; কার্ড সোপ্ চূর্ণ ১৮০ গ্রেণ; গ্লিসিরীণ্ অব্ ষ্টার্চ ৪০ গ্রেণ বা যথা প্রয়োজন। ইহা মর্দ্দন করতঃ যে মণ্ড হইবে, তাহাতে ১২টী সপোজিটোরিয়া হইবে। প্রতি সপোজিটোরিয়াতে ১ গ্রেণ করিয়া কার্ব্বলিক্ এসিড্ আছে।

৪। অঙ্গুয়েন্টম্ এসিডাই কার্ব্বলিসাই (Unguentum Acidi Car-

bolici)। কার্ব্বলিক্ এসিড্ ৬০ গ্রেণ, কোমল প্যারাফিন্ ১২০ গ্রেণ, কঠিন প্যারাফিন্ ৩৬০ গ্রেণ। গলাইয়া, যে পর্য্যন্ত না শীতল হয়, ততক্ষণ একত্রে অনবরত আলোড়িত করিবে।

সোডিয়াই সল্ফোকার্ব্বলাস্ (Sodii Sulphocarbolas)।

প্রতিসংজ্ঞা। সোডি সল্ফো কার্ব্বলাস ; সল্ফ কার্ব্বনেট্ অব্ সোডা।

প্রস্তুত করণ। বিশুদ্ধ কার্ব্বলিক্ এসিড্ অধিক পরিমাণে গন্ধকদ্রাবক মিশ্রিত করতঃ কার্ব্বনেট্ অব্ বেরিয়ম্ সংযোগে প্রস্তুত হয়।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। বর্ণহীন, স্বচ্ছ, সমচতুষ্প্রদেশ বিশিষ্ট, স্তম্ভাকার, জলে দ্রবনীয়।

ক্রিয়া। কার্ব্বলিক্ এসিডের অপেক্ষা অল্প পরিমাণে পচননিবারক। সল্ফো কার্ব্বলেট্ রক্তে শোষিত হইয়া সল্ফেট্ অব্ সোডিয়ম্ ও কার্ব্বলিক্ এসিডে বিযুক্ত হয়। পূর্ব্বোক্ত পদার্থ মুত্রের সহিত নির্গত হয় ও কার্ব্বলিক্ এসিড্ প্রশ্বাসের দ্বারা নির্গত হয়। একজ্যাম্বিমেটা, অবিরাম জ্বর, রক্তের দূষিত অবস্থা (Septic Condition) প্রভৃতিতে ইহা ব্যবহৃত হয়।

ডাক্তার রিঙ্গার বলেন যে, ১০—১৫ গ্রেণ মাত্রায় ইহা আহারের পূর্ব্বে সেবন করিলে, উদরাধ্মান ও তজ্জনিত উদর স্ফীতি নিবারিত হয়। মাত্রা ১০ হইতে ১৫ গ্রেণ।

জিঙ্কাই সল্ফোকার্ব্বলাস্ (Zinci Sulphocarbolas)। কার্ব্বলিক্ এসিড্ ও গন্ধকদ্রাবকের মিশ্র, একত্রে উত্তপ্ত করতঃ, তাহাতে অক্সাইড্ অব্ জিঙ্ক দ্রব করিয়া প্রস্তুত হয়।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। বর্ণহীন, স্বচ্ছ, দানাযুক্ত, শোধিত সুরায় ও জলে দ্রব হয়।

ক্রিয়া। সঙ্কোচক ও পচননিবারক। প্রমেহ, শ্বেতপ্রদর রোগে ২। ৩ গ্রেণ মাত্রায় ১ আং জলে দ্রব করিয়া ব্যবহার করা যায়।

এসিডম্ স্যালিসিলিকম্ (Acidum Salicylicum)।

কার্ব্বনিক এসিড্ বায়ু কার্ব্বলিক্ এসিডের সহিত মিশ্রিত করিয়া বিশুদ্ধ করিলে ইহা প্রস্তুত হয়। অয়েল্ অব্ উইণ্টার গ্রিণের সহিত কষ্টিক্ সোডা বা পটাশ্ মিশ্রিত করিলেও ইহা প্রস্তুত হয়।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। চতুষ্প্রদেশ বিশিষ্ট স্তম্ভাকার ও সূচ্যাকার দানাবিশিষ্ট, আস্বাদ প্রথমে মিষ্ট, পরে অম্ল। মাত্রা ৫ হইতে ৩০ গ্রেণ।

প্রয়োগরূপ। অঙ্গুয়েন্টম্ এসিডাই স্যালিসিলিসাই (Unguentum Acidi Salicylici)। স্যালিসিলিক্ এসিড্ ১ ভাগ; কোমল প্যারাফিন্ ১৮ ভাগ; কঠিন প্যারাফিন্ ৯ ভাগ। কোমল ও কঠিন প্যারাফিন্ একত্রে গলাইয়া স্যালিসিলিক্ এসিড সংযোগ করিবে, এবং যে পর্য্যন্ত না শীতল হয়, ততক্ষণ সমুদয়কে অনবরত আলোড়িত করিবে।

ক্রিয়া। ব্যাক্‌টিরিয়া (Bacteria) বিনষ্ট করণ হেতু ইহার বাহ্যপ্রয়োগ পচন নিবারক। ডিপ্‌থিরিয়া রোগেও ব্যবহার করা যায়। ইহার মলম পদতলের বেদনা ও ঘর্ম্ম নিবারণ হেতু বিশেষ উপকারক। ইহার মলম ৮ ভাগ ও ক্যালোডিয়ান্‌ফ্লেক্সাইল ১ ভাগ একত্র মিশ্রিত করিয়া কড়ার উপর মর্দ্দনে উপকার পাওয়া যায়।

তরুণ বাত রোগের বেদনা ও জ্বর লাঘব করিবার জন্য ইহা সেবন করাণ হয়। কিন্তু সোডিস্যালিসিলিক্ ইহার পরিবর্ত্তে ব্যবহৃত হয়। উভয় ঔষধ জ্বরের উত্তাপ লাঘব করে। অনেক দিন ধরিয়া অধিক মাত্রায় ব্যবহার করিলে শিরঃপীড়া, শিরোঘূর্ণন কান ভোঁ ভোঁ, বধিরতা প্রভৃতি লক্ষণ সকল প্রকাশ পায়। ব্রোমাইডস্, আর্গট্, হাইড্রোব্রোমিক্ এসিড্ প্রভৃতি ঔষধ প্রয়োগে এই সকল লক্ষণ নিবারিত হয়। ইহা পর্য্যায়নিবারক, কিন্তু ইহার ক্রিয়া কুইনাইনের অপেক্ষা মৃদু।

সোডিয়াই স্যালিসিলাস্ (Sodii Salicylas)। কার্ব্বনেট্ অব্ সোডা বা কষ্টিক্ সোডা, স্যালিসিলিক্ এসিড্ সহযোগে প্রস্তুত হয়।

স্বরূপ রাসায়নিক তত্ত্ব। ক্ষুদ্র দানাযুক্ত, বর্ণহীন, শল্কাকার, গন্ধহীন ও ঈষৎ মিষ্ট লাবণিক আস্বাদ।

ক্রিয়া। স্যালিসিলিক্ এসিডের ন্যায়। অধিক মাত্রায় সেবন করিলে ধমনীর বেগের হ্রাস হয় ও সময়ে সময়ে হৃৎপিণ্ড নিস্তেজ হইয়া পড়ে। তরুণ বাতরোগে বিশেষরূপে ব্যবহার করা হয়। প্রদাহিত সন্ধিস্থানে স্যালিসিলেট অব্ সোডার সলিউসন্ প্রয়োগ করিলে বেদনা উপশমিত হয়।

কোন কোন প্রকার পুরাতন বাত রোগে যন্ত্রণা থাকিলে, শয়ন কালে ৩০ গ্রেণ মাত্রায় ইহা ব্যবহার করা বিধেয়।

কেহ কেহ বলেন, সায়েটিকা রোগে ইহা উপকারক। নানা প্রকার নিউর‍্যাল্‌জিয়া রোগে অন্যান্য ঔষধাপেক্ষা ইহা বহুগুণে নিকৃষ্ট। মাত্রা ১০ হইতে ৩০ গ্রেণ।

প্যারাফিনম্ ডিউরম্ (Paraffinum Durum) ; ইং (Hard Paraffin) ।

প্রতিসংজ্ঞা। প্যারাফিন্, প্যারাফিন্ ওয়াক্স্ সলিড্ প্যারাফিন্।

শীলাবিশেষ (Shale) প্রস্তর চুয়াইয়া প্রস্তুত করিতে হয়।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। বর্ণহীন, অর্দ্ধ স্বচ্ছ, দানাযুক্ত, গন্ধ ও আস্বাদ বিহীন।

প্যারাফিনম্ মোলি (Paraffinum Molle), ইং (Soft Paraffin)।

প্রতিসংজ্ঞা। পেট্রোলেটম্, পেট্রোলেইন্, অঙ্গুয়েন্টম্ প্যারাফিনম্। পেট্রোলিয়মের অপেক্ষাকৃত স্বল্পতর বায়ী অংশ শোধিত করিয়া লইলে ইহা পাওয়া যায়।

স্বরূপ শাসায়নিক তত্ত্ব। শ্বেতবর্ণ, স্বচ্ছ ও উজ্জ্বল, তৈলাক্ত কোমল।

ক্রিয়া। কঠিন ও কোমল প্যারাফিনের সংযোগে ফার্ম্মাকোপিয়ার বিবিধ মলম প্রস্তুত হয়।

হোমাট্রোপাইনি হাইড্রোব্রোমাস্ (Homatropinæ Hydrobromas)।

ইহা ট্রোপাইন্ হইতে প্রস্তুত উপক্ষার বিশেষের হাইড্রোব্রোমেট্।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। শ্বেতবর্ণ, দানাযুক্ত চূর্ণ, ছয় গুণ শীতল জলে এবং ১৩৬ অংশ ইথিলিক্ এল্‌কোহলে দ্রব হয়। ইহার ক্ষীণ জলীয় দ্রব প্রয়োগে কনীনিকা সাতিশয় প্রসারিত হয়।

প্রস্তুতকরণ। এট্রোপিন্ ও হাইয়োসায়েমিনের উপর ব্যারাইটা ওয়াটারের ক্রিয়া দ্বারা ট্রোপিক্ এসিড্ ও ট্রোপাইনি বিযুক্ত হয়। এই ট্রোপাইন্ অন্যান্য অম্ল, যথা, স্যালিসিলিক্ বা ম্যাণ্ডেলিক্ এসিড্ সহযোগে এক শ্রেণীর উপক্ষার প্রস্তুত করে। ইহাদিগকে ট্রোপাইন্ বলে। ম্যাণ্ডেলেট

অব্‌ ট্রোপাইন্‌ হইতে প্রস্তুত একটী উপক্ষারকে হামোটোপাইন্‌ বলে। এই উপক্ষার অম্ল সহযোগে লবণ প্রস্তুত করে।

ক্রিয়া। এট্রোপিনের ন্যায় ইহা কনীনিকা প্রসারক; কিন্তু অপেক্ষাকৃত মৃদু। কনীনিকার উপর ইহার ও এট্রোপিনের ক্রিয়ার বিশেষ প্রভেদ এই যে, ইহার ক্রিয়া ২৪ ঘন্টার মধ্যে পর্য্যবসিত হয়। কিন্তু এট্রোপিনের ক্রিয়া অনেক দিন পর্য্যন্ত স্থায়ী হয়।

ইহা দ্বারা হৃৎস্পন্দন ক্রিয়া মন্দ, হৃৎপিণ্ডের বলের হ্রাস হয়। অধিক মাত্রায় প্রযোগ করিলে চলৎশক্তি বিকৃতি হয়। ইহার তৈল হাইপোডার্ম্মিক্‌ ইঞ্জেক্‌সন্‌, ডিস্কস্‌ (Discs) প্রভৃতি প্রয়োগরূপে ব্যবহৃত হয়। কিন্তু বৃটিশ্‌ ফার্ম্মাকোপিয়ায় এই সকলের উল্লেখ নাই।

চতুর্থ অধ্যায়।

অর্গানিক্‌ পদাথ (Organic Substances)

উদ্ভিদ্‌ শ্রেণী।

উদ্ভিদ্‌ সকল গ্রীষ্মকালে সংগ্রহ করা উচিত ও এক বৎসরের অধিক কাল ইহাদিগকে সঞ্চয় করিয়া রাখা উচিত নয়।

যে সময় বৃক্ষ ও লতাদির পুরাতন পত্র সকল পতিত হইয়া নব পল্লব সঞ্চারের উপক্রম হয়, সেই সময় ইহাদিগের শিকড় ও কন্দ মৃত্তিকা হইতে খনন করিয়া সঞ্চয় করা উচিত।

যে ঋতুতে বৃক্ষের ত্বক বৃক্ষ হইতে সহজে ছাড়ান যায়, এরূপ সময়ে উহাদিগকে ছাড়াইয়া সঞ্চয় করা উচিত। শাক সবজি আহরন করিতে হইলে, উহাদের পুষ্প প্রস্ফুটিত হইয়া, বীজ পক্ক হইবার উপক্রম হইতেছে, এরূপ অবস্থায় সঞ্চয় করা উচিত।

পুষ্পসমুহ আহরন করিতে হইলে উহারা উত্তমরূপে প্রস্ফুটিত হইলে সঞ্চয় করা উচিত। ফল ও বীজ পক্ক অবস্থায় আহরণ বিধেয়।

র‍্যানন্‌কুলেসি (Ranunculaceæ) জাতি।

একোনাইটম্ (Aconitum)। র‍্যানন্‌কুলেসি জাতীয় একোনাইটম্‌ নেপেলস্‌ নামক ওষধির মূল, সরস পত্র এবং পুষ্প। বৃটন্ রাজ্যে জন্মে।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। মূলার ন্যায় আকৃতি, অঙ্গুলির ন্যায় স্থূল। পত্র মসৃণ, পঞ্চ বা ত্রিখণ্ডে বিভক্ত, ব্যাস ৩।৪ ইঞ্চ্। পুষ্প নীলবর্ণ ও একটী ডালে অনেকগুলি পুষ্প জন্মে। কটু ও তিক্ত আস্বাদ। চর্ব্বন করিলে জিহ্বা ও ওষ্ঠ ঝিন্ ঝিন্ করে।

একোনিটাইনা (Aconitina)। প্রতিসংজ্ঞা। একোনিসিয়া।

একোনাইট্ মূল হইতে প্রাপ্ত উপক্ষার (Alkaloid)।

প্রস্তুতকরণ। একোনাইট্ মূল স্থূল চূর্ণ যথা প্রয়োজন ; শোধিত সুরা, পরিশ্রুত জল, এমোনিয়া দ্রব, বিশুদ্ধ ইথার ও জল মিশ্রিত গন্ধকদ্রাবক, প্রত্যেকে যথা প্রয়োজন। একোনাইট্ মূলকে উহার ওজনের দ্বিগুণ সুরার সহিত মিশ্রিত করিয়া তপ্ত করিবে। ফুটিতে আরম্ভ হইলে নামাইয়া ৪ দিবস পর্য্যন্ত রাখিয়া দিবে। পরে, পার্কলেশন্ যন্ত্রমধ্যে স্থাপিত করিয়া যে পর্য্যন্ত না একোনাইট্ অসার হয় ক্রমশঃ সুরা দিবে। অনন্তর এই অরিষ্টের অধিকাংশ সুরা চুয়াইয়া ফেলিয়া, যাহা অবশিষ্ট থাকিবে, তাহাকে জলস্বেদন যন্ত্র দ্বারা তপ্ত করিবে, যে পর্য্যন্ত না সমুদয় সুরা শুষ্ক হয়। অপর এই সারকে ইহার দ্বিগুণ তৌল পরিমাণ ফুটিত জলের সহিত মিশ্রিত করিবে। শীতল হইলে, ছাঁকিয়া, তাহাতে কিঞ্চিৎ অধিক পরিমাণে এমোনিয়া দ্রব সংযোগ করিয়া, জলস্বেদন যন্ত্র দ্বারা অল্প অল্প উত্তাপ দিবে। যাহা অধঃস্থ হইবে তাহা ছাঁকিয়া লইয়া, শুষ্ক করিবে। পরে, চূর্ণ করিয়া পুনঃ পুনঃ ইথারে ভিজাইবে এবং ইথারে ছাঁকিয়া লইবে। যে পর্য্যন্ত না শুষ্ক সার প্রাপ্ত হওয়া যায়, সেই পর্য্যন্ত সমুদয় ইথার একত্র করিয়া চুয়াইবে। উক্ত পরিশ্রুত জলের সহিত অল্প পরিমাণে গন্ধক দ্রাবক মিশাইয়া, তাহাতে এই শুষ্ক সার দ্রব করিবে ; শীতল

হইলে, ১ ভাগ এমোনিয়া দ্রব এবং ৪ ভাগ পরিস্রুত জল দ্বারা ধৌত করিয়া, শোষক কাগজ মধ্যে চাপিয়া, শুষ্ক করিয়া লইবে।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। দেখিতে শ্বেতবর্ণ, আকারবিহীন চূর্ণ, তিক্তাস্বাদ, জিহ্বা ও ওষ্ঠে লাগাইলে ঝিন্ ঝিন্ করিয়া অবশ হয়।

পত্রের প্রয়োগরূপ। এক্স্‌ট্রাক্টম্ একোনিটাই (Extractum Aconiti)। সরসপত্র এবং মঞ্জরী হইতে হরিৎসার যথানিয়মে প্রস্তুত করিবে। মাত্রা ।০—১ গ্রেণ্।

মূলের প্রয়োগরূপ। লিনিমেণ্টম্ একোনিটাই (Linimentum Aconiti)। একোনাইটের মূল ৪০ নম্বরের চূর্ণ ২০ আং ; কর্পূর ১ আং ; শোধিত সুরা ৩০ আং পূর্ণ করিতে যথা প্রয়োজন। একোনাইটের মূল চূর্ণকে ২০ আউন্স সুরাতে তিন দিবস পর্য্যন্ত আবৃত পাত্র মধ্যে ভিজাইবে এবং মধ্যে মধ্যে আলোড়িত কবিবে। পরে পার্কোলেশন্ যন্ত্র মধ্যে স্থাপিত করিয়া ক্রমশঃ সুরা দিবে এবং আধার পাত্রে কর্পূর রাখিবে। ৩০ আউন্স পূর্ণ হইলে নামাইবে।

টিংচুরা একোনিটাই (Tinctura Aconiti)। একোনাইটের মূল ৪০ নম্বরের চূর্ণ ২৷০ আং ; শোধিত সুরা ১ পাং। মাত্রা ৫—১৫ মিং।

একনিটিনের প্রয়োগরূপ। অঙ্গুয়েণ্টম্ একনিটাইনি (Unguentum Aconitinæ)। একনিটীন্ ৮ গ্রেণ ; শোধিত সুরা ৷৹ ড্রাম্, বেন্‌জোয়েটেড্ লার্ড ১ আং। একোনিটাইন্‌কে সুরাতে দ্রব করিয়া লার্ডের সহিত মিশ্রিত করিয়া লইবে।

ক্রিয়া। একোনাইট্ অল্প মাত্রায় আভ্যন্তরিক প্রয়োগে, ওষ্ঠ ও জিহ্বায় ঝিন্‌ঝিনি ধরিয়া থাকে, ফেরিংসে (Pharynx) ও তালুতে একপ্রকার স্পর্শানুভব জন্মে এবং পাকাশয় প্রদেশে উত্তাপ বোধ হয়। অধিক মাত্রায় প্রয়োগ করিলে হস্ত ও পদে ঝিন্‌ঝিনি ধরিয়া অবশ করিয়া ফেলে ; শরীরে বল থাকেনা এবং হৃৎপিণ্ডের ক্রিয়ারও ব্যতিক্রম ঘটে। মূত্রগ্রন্থির ক্রিয়া বৃদ্ধি পায়। সেই হেতু, প্রস্রাবের পরিমাণও বর্দ্ধিত হয়। রোগীর বেদনা থাকিলে, এরূপ অবস্থায় বেদনার লাঘব হয়। আরও অধিক মাত্রা সেবনে ধামনিক অবসাদক ঘটিত কুলক্ষণ সমূহ প্রকাশ পায়। ইহা সেবনে হৃৎপিণ্ডের ক্রিয়া ও নিশ্বাস প্রশ্বাসের গতি মন্দ হয়। বিষ মাত্রায় সেবনে নিম্নলিখিত কুলক্ষণ

সকল দেখা যায়। যথা—দর্শন, শ্রবণ ও স্পর্শশক্তির লোপ পায়। পরে, মূর্চ্ছা, হৃৎপিণ্ডের ক্রিয়া বন্ধ ও মৃত্যু পর্য্যন্ত ঘটিয়া থাকে।

বাহ্যপ্রয়োগে স্থানিক ঝিন্‌ঝিনি প্রকাশ করতঃ, ঐ স্থানকে অবশ করিয়া দেয়। এ কারণ, বেদনাযুক্ত স্থানে ইহা লাগাইলে বেদনার উপশম হয়। আভ্যন্তরিক ও বাহ্যিক প্রয়োগে ইহা দ্বারা কনীনিকা কুঞ্চিত হয়।

আময়িক প্রয়োগ। তরুণ ও পুরাতন বাত বা বিবিধ প্রকার কর্কট ও স্নায়ুশূল রোগে বেদনা লাঘবার্থ একোনাইট্ সেবন দ্বারা উপকার পাওয়া যায়। ড্রপ্সি রোগে প্রস্রাবের পরিমাণ বর্দ্ধিত করণার্থ ইহা ব্যবহৃত হয়। প্রাদাহিক জ্বরে ইহার সেবন দ্বারা সন্তোষজনক ফল পাওয়া যায়। বিবিধ প্রকার স্নায়ুশূল, যথা, সায়েটিকা (Sciatica), টিক্‌ডলেরু (Ticdouloureux) প্রভৃতি রোগে ইহার সেবনে বিশেষ উপকার হয়। ইহার মর্দ্দন বিবিধ প্রকার স্নায়ুঘটিত বেদনায় প্রয়োগ করিলে, উপকার পাওয়া যায়। ফেসিয়াল্ নিউর‍্যাল্জিয়াতে ইহা বিশেষ উপকার করে।

প্রদাহ নিবারক ঔষধ বিধায় নানা প্রকার প্রাদাহিক রোগের প্রথমাবস্থায় ব্যবহার করিলে উপকার হয়। এই জন্য নিউমোনিয়া, প্লুরিসি পেরিটোনাইটিস্, ইরিসিপেলাস্, রিউম্যাটিক্ জ্বরে এবং শিশুদিগের সহসা প্রবল জ্বর হইলে, ইহার ব্যবহারে বিশেষ উপকার হয়।

সর্দ্দি কিম্বা টনসিলের প্রদাহে ইহা বিশেষ উপকার করে।

যেখানে হৃৎপিণ্ড ও ধমনীর উত্তেজনা থাকে, চর্ম্ম শুষ্ক, শারীরিক উত্তাপ অধিক ও অন্যান্য নিসঃরণ কম থাকে, সেখানে ১ মিনিম্ মাত্রায় ইহা ১৫,২০ কিম্বা ২৫ মিনিট অন্তর প্রয়োগ করিলে, বিশেষ উপকার হয়। ঠাণ্ডা লাগিয়া ঋতুকালীন শোণিত বন্ধ হইলে, ইহা দ্বারা শোণিত পুনঃস্থাপিত হইয়া উহার কুফল ঘটিতে পায় না।

কর্ণশূলে (Otitis) ইহা দ্বারা উহার বেদনা উপশমিত হয়। শিশু ও মেধোরাগ্রস্ত ব্যক্তিদিগের নাসিকা হইতে রক্তস্রাব হইলে, অল্প মাত্রায় বারম্বার ইহা ব্যবহার করিলে, রক্ত স্রাব বন্ধ হইয়া যায়।

পডোফিলাই রাইজোমা (Podophylli Rhizoma)। প্রতিশব্দ। পডোফিলাই র‍্যাডিক্স্।

র‍্যানন্‌কুলেসি জাতীয় পডোফিলম্‌ পেল্টেটম্‌ নামক বৃক্ষের শুষ্ক কন্দ ও উপমূল। মার্কিন খণ্ডে জন্মে।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। কন্দের দৈর্ঘ্য ভিন্ন ভিন্ন প্রকার। স্থূলতার পরিধি ১/৫ হইতে ১/৩ ইঞ্চ্‌। স্থানে স্থানে গ্রন্থিল ও পাটলবর্ণ উপমূল বিশিষ্ট। বাহ্যপ্রদেশ পাটলবর্ণ, ভিতর শ্বেতবর্ণ। অল্প পরিমাণে মাদক গন্ধযুক্ত, তিক্ত আস্বাদ।

প্রয়োগরূপ। পডোফিলাই রেজিনা (Podophylli Resina)। পডো-ফিলম্‌ কন্দ ৪০ নম্বর চূর্ণ ১পৌং; শোধিত সুরা ৩ পাং; পরিস্রুত জল যথা প্রয়োজন।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। আকারবিহীন চূর্ণ, ঈষৎ হরিৎ মিশ্রিত কমলালেবুর বর্ণ; শোধিত সুরা ও এমোনিয়াতে দ্রবণীয়। চূর্ণের মাত্রা ।০—১ গ্রেণ। বিরেচক ও পিত্ত নিঃসারকের মাত্রা ।০—১ গ্রেণ।

প্রয়োগরূপ। টিংচুরা পডোফিলাই (Tinctura Podophylli)। রেজিন্‌ অব্‌ পডফিলম্‌ ১৬০ গ্রেণ; শোধিত সুরা ১ পাং। মাত্রা ১৫ মিং—১ ড্রাম্‌। ইহার ১ ড্রামে অর্দ্ধ গ্রেণ রেজিন্‌ আছে।

ক্রিয়া। অতি বিরেচক এবং পিত্তঃনিসারক। জ্যালাপ্‌ ও স্ক্যামনির ন্যায় ইহা সেবনে অধিক পরিমাণে ভেদ হয়। ইহা দ্বারা অধিক পরিমাণে পিত্তাশয় (Gall bladder) হইতে পিত্ত নিঃসৃত হয়। কিন্তু ইহা যে যকৃতের পিত্তনিঃসারক ক্রিয়ার বৃদ্ধি করিতে পারে না, প্রমাণ দ্বারা তাহা স্থিরীকৃত হইয়াছে। কারণ, ইহা সেবনে অধিকবার ভেদ হইলে, শেষ মলে পিত্ত দেখা যায় না। ইহা সেবনে অন্ত্রের বেদনা উপস্থিত হয়। এ বিধায় ইহা প্রয়োগ করিতে হইলে, অন্যান্য বিরেচক, যথা, মুসব্বর, ইন্দ্রবারুণী, ও উগ্রতানাশক ঔষধ, যথা, হেন্‌বেন্‌, বেলেডোনা, গাঁজা প্রভৃতির সারের সহিত প্রয়োগ করিলে, অন্ত্রের বেদনা প্রকাশ পায় না।

আময়িক প্রয়োগ। ইহা হিপাটিক্‌ ষ্টিমুলেন্ট্‌। জনডিস্‌ ও যকৃতের নানা প্রকার ফাংসান্যাল্‌ (Functional) ব্যাধিতে ইহা উত্তম ঔষধ।

পুরাতন কোষ্ঠবদ্ধ ও উদরাময়ে, যখন মল ফেঁকাশে বর্ণ ও ফেনাযুক্ত হয়, তখন ইহা ব্যবহার করিলে, বিশেষ ফল লাভ হয়।

ষ্ট্যাফিসেগ্রিয়ি সেমিনা (Staphisagriæ Semina)। র‍্যানন্‌কুলেসি জাতীয় ডেল্‌ফিনিয়ম্‌ ষ্ট্যাফিসিগ্রিয়ি নামক বৃক্ষের পক্ব বীজ। ইউরোপে দক্ষিণাংশে জন্মে।

স্বরূপ ও রাসায়নিক তত্ব। অসমান ত্রিভুজ বা অস্পষ্ট চতুকোণ বিশিষ্ট, মধ্য উচ্চ, কৃষ্ণ পাটলবর্ণ। বীজত্বক গভীর ছিদ্রযুক্ত। গন্ধবিহীন, তীব্র তিক্ত আস্বাদ। ইহাতে কতকগুলি উপক্ষার আছে। তন্মধ্যে ডেল্‌ফিনাইন্‌ ও ষ্ট্যাফিসেগ্রিন প্রধান।

প্রয়োগরূপ। অঙ্গুয়েন্টম্‌ ষ্ট্যাফিসেগ্রিয়ি (Unguentum Staphisagriæ)। ষ্ট্যাফিসেকার বীজ ৪ আং ; বেন্‌জোয়েটেড্‌ লার্ড ৮ আং।

ক্রিয়া। ইহা দ্বারা কিউর‍্যারির ন্যায় সঞ্চালন বিধায়ক স্নায়ুর পক্ষাঘাত জন্মে। ইহার উপক্ষার ডেল্‌ফিনিন্‌ একনিটিনের ন্যায় নাড়ীর স্পন্দন ও শ্বাস প্রশ্বাস মৃদুগতি করতঃ, কশেরুকা মজ্জার পক্ষাঘাত ও শ্বাস রোধ দ্বারা মৃত্যু ঘটায়। ষ্ট্রিক্‌নাইন্‌ দ্বারা বিষাক্ত হইলে, ক্ষতাক্ষেপ দমনার্থ ইহা সেবনে উপকার পাওয়া যায়। ইহার মলম স্নায়ুশূল, দন্তশূল, কর্ণশূল ও স্কেবিজ্‌ প্রভৃতি পরাঙ্গ পুষ্ট কীটজনিত চর্ম্ম রোগে ব্যবহার করা হয়। ইহা দ্বারা ঐ সকল কীট বিনষ্ট হয়।

সিমিসিফিউগি রাইজোমা (Cimicifugæ Rhizoma)।
প্রতিসংজ্ঞা। একটিয়ি র‍্যাডিক্স্‌।

র‍্যানন্‌কুলেসি জাতীয় সিমিসিফিউগা রেসিমোসা (Actæa Racemosa) নামক বৃক্ষের শুষ্ক কন্দ ও উপমূল।

স্বরূপ ও রাসায়নিক তত্ব। কন্দ সকল দুই হইতে ৬ ইঞ্চ্‌ দীর্ঘ এবং অর্দ্ধ হইতে ১ ইঞ্চ্‌ স্থূল, কতকাংশে চেপ্টা, নলাকার। দেখিতে ধূসর মিশ্রিত কৃষ্ণবর্ণ গন্ধহীন,কটু তিক্তাস্বাদ। সরস অবস্থায়, ইহাতে এক প্রকার বায়ী তৈল, ধূনা ও সমক্ষারাম্ল পদার্থ দেখিতে পাওয়া যায়।

প্রয়োগরূপ। ১। এক্‌ট্রাক্টম্‌ সিমিসিফিউগি লিকুইডম্‌ (Extractum Cimicifugæ Liquidum)। সিমিসিফিউগা ৬০নং চূর্ণ ২০ আং, শোধিত সুরা যথা প্রয়োজন। মাত্রা ৩—৩০ মিং।

২। টিংচুরা সিমিসিফিউগি (Tinctura Cimicifugæ)। সিমিসিফিউগা ৪০নং চূর্ণ ২॥০ আং ; প্রুফ স্পিরিট ১ পাং। মাত্রা ১৫—৬০ মিং।

ক্রিয়া। ডিজিট্যালিসের ন্যায় ইহা স্নায়বীয় অবসাদক। অল্প মাত্রায় সেবনে ইহা পরিপাক শক্তি উন্নত ও হৃৎপিণ্ডের উপর বলকারক ক্রিয়া প্রকাশ করে। অধিক মাত্রায় সেবন করিলে বিবমিষা, বমন, অবসন্নতা, শিরঃপীড়া প্রভৃতি কুলক্ষণ সকল প্রকাশ পায়। ইহা কফনিঃসারক বলকারক, ধামনিক এবং স্নায়বীয় অবসাদক ও রজোহারক।

আময়িক প্রয়োগ। কোরিয়া রোগে ইহা সল্‌ফেট্‌ অব্‌ জিঙ্ক সহযোগে প্রয়োগ করিলে, বিশেষ উপকার হয়। ইহার অরিষ্ট ৫ মিনিম্‌ মাত্রায় মৃগী রোগে প্রয়োগ করিলে, উহার কুলক্ষণ সকল তিরোহিত হয়। ইন্‌ফ্লুয়েঞ্জা ও ক্যাটার্‌ রোগে শরীরে বেদনা ও মস্তক ভারি থাকিলে, ইহা দ্বারা বিশেষ উপকার হয়।

তরুণ শ্বাসনলীপ্রদাহ, বাত ও স্পার্মেটিরিয়ায় ইহা বিশেষ ফল প্রদান করে। কষ্টরজ ও এমেনোরিয়া রোগে ইহা বিশেষ উপকার দর্শায়।

হাইড্রাষ্টিস্‌ রাইজোমা (Hydrastis Rhizoma)। প্রতিসংজ্ঞা। ইয়েলোরুট্‌, গোল্ডেন্‌ সিল্‌। র‍্যানান্‌ কিউলেসি জাতীয় হাইড্রাষ্টিস্‌ ক্যানাডেন্সিস্‌ নামক বৃক্ষের শুষ্কীকৃত নিরেট কন্দ ও ক্ষুদ্র মূল।

স্বরূপ। নিরাট কন্দ শাখাবিশিষ্ট বা শাখাবিহিন। অর্দ্ধ ইঞ্চ হইতে ১।০ ইঞ্চ দীর্ঘ এবং ./৮ হইতে অর্দ্ধ ইঞ্চ স্থূল। ইহা কুঞ্চিত গ্রন্থিল, এবং ঊর্দ্ধ প্রদেশ অনিয়মিত প্রবর্দ্ধনযুক্ত। কন্দ দেখিতে পীতাভ পাটলবর্ণ। বহু দিন রাখিলে কৃষ্ণবর্ণ হয়।

প্রয়োগরূপ। ১ম। এক্সট্রাক্টম্‌ হাইড্রাষ্টিস্‌ লিকুইডম্‌ (Extractum Hydrastis Liquidum)। হাইড্রাষ্টিস্‌ রাইজোম্‌ ৬০ নম্বরের চূর্ণ ২০ আং, শোধিত সুরা ও পরিস্রুত জল, প্রত্যেকে সমভাগে, যথা প্রয়োজন। মাত্রা ৫—৩০ মিং।

২য়। টিংচুরা হাইড্রাষ্টিস্‌ (Tinctura Hydrastis) ; হাইড্রাষ্টিসের কন্দ ৬০ নম্বরের চূর্ণ ২ আং, প্রুফ্‌ স্পিরিট্‌ ১ পাইন্ট পূর্ণ করিতে যথা প্রয়োজন। মাত্রা ২০ মিনিম্‌—১ ড্রাম্‌।

অসম্মিলন। ক্ষার, ট্যানিক্ ও মিউরিয়াটিক্ এসিড্।

ক্রিয়া। পর্য্যায়নিবারক, পরিবর্ত্তক, পিত্তনিঃসারক ও তিক্ত বলকারক ইহা দ্বারা যকৃতের ক্রিয়া উত্তেজিত হয়, ও সেই হেতু অন্ত্রের ক্রিয়া ও বর্দ্ধিত হয়।

কেহ কেহ ইহাকে কুইনাইনের ন্যায় পর্য্যায়নিবারক বলেন। আবার কেহ কেহ ইহাকে আগ্নেয় ও জরায়ু সঙ্কোচক বলিয়া থাকেন। হাইপোডার্ম্মিক্ রূপে প্রয়োগ করিলে, ইহা দ্বারা গর্ভপাত হয়। ইহা পিত্তনিঃসরণ ও অন্ত্রস্থ শ্লৈষ্মিক ঝিল্লির স্রাবন ক্রিয়ার বৃদ্ধি করতঃ, মলকে কোমল করে বলিয়া, ইহাকে মৃদু বিরেচক কহে।

আময়িক প্রয়োগ। সঙ্কোচক বিধায় ইহা ষ্টম্যাটাইটিস্ ও অন্যান্য মুখ ক্ষতে প্রয়োগে উপকার পাওয়া যায়। পরিপাক শক্তির ক্ষীণতাজনিত অজীর্ণ রোগে ইহার অরিষ্ট বা তরল সার প্রয়োগে উপকার পাওয়া যায়। সপর্য্যায় জ্বররোগে ইহা দ্বারা কুইনাইনের ন্যায় উপকার পাওয়া যায়। প্রমেহের পুরাতন অবস্থায় গঁদের মণ্ডের সহিত ইহার পিচকারী ব্যবহার করিলে, উপকার পাওয়া যায়।

ম্যাগ্নোলিয়েসী (Magnoliaceæ) জাতি।

এনিসাই ষ্টেলেটাই ফ্রুক্টস্ (Anisi Stellati Fructus)।

ম্যাগ্নোলিয়েসী জাতীয় ইলিশিয়ম্ এনিসেটম্ নামক বৃক্ষের শুষ্ক ফল। চীন দেশে জন্মে।

স্বরূপ। ষ্টার্ এনিস্ ফল ৮টী ফলাংশ (Carpel) দ্বারা নির্ম্মিত এবং কার্পেলগণ একটী ক্ষুদ্র, মধ্যে মধ্যে বৃন্তযুক্ত অক্ষ হইতে হরাইজেণ্টাল্ ভাবে নিক্ষিপ্ত হয়। প্রত্যেক কার্পেল দেখিতে নৌকাকার ও সূক্ষ্মাগ্র চঞ্চু বিশিষ্ট, কুঞ্চিত, কলঙ্কবৎ পাটলবর্ণ, উর্দ্ধধার ফাটযুক্ত। ইহাতে একটী মাত্র বীজ দৃষ্ট হয়। বীজের গন্ধাস্বাদ এনিস্ ফলের ন্যায়।

ক্রিয়া। এনিসি ফলের ন্যায়।

প্রয়োগরূপ। ওলিয়ম্ এনিসাই (Oleum Anisi)।

প্রস্তুত করণ। ইউরোপে এনিস্ ফল হইতে চুয়াইয়া প্রস্তুত করা হয়। অজীর্ণ ও উদরাধ্মানে উপকারক।

মেনিস্প্যার্ম্মেসি (Menispermaceæ) জাতি।

ক্যালম্বী র‍্যাডিক্স (Calumbæ Radix); (Calumba Root)।

মেনিস্ পার্ম্মেসি জাতীয় জেটিয়ারাইজা ক্যালম্বা নামক লতার মূল। ইহা আফ্রিকা খণ্ডের পূর্ব্বাংশ জন্মে।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। চক্রাকার খণ্ড সকল, ১ হইতে ২ ইঞ্চ্ ব্যাস ও ।০ ইঞ্চ্ হইতে ১ ইঞ্চ্ স্থূল, আভ্যন্তরিক পীতবর্ণ, বাহ্য প্রদেশ ধূসর বর্ণ। তিক্ত আস্বাদ। ইহাতে ক্যালম্বান্ নামক বীর্য্য, বর্বরিন্ নামক উপক্ষার, ক্যালম্বীক্ এসিড্ এবং শ্বেতসার আছে। ইহার কাথে আইয়োডিন্ সংযোগ করিলে নীলবর্ণ হয়।

ক্রিয়া। বিশুদ্ধ তিক্ত বলকারক ও আগ্নেয়।

আময়িক প্রয়োগ। রোগান্তে দৌর্ব্বল্য থাকিলে ইহার সহিত লৌহ ঘটিত ঔষধ প্রয়োগে বিশেষ উপকার পাওয়া যায়। ইহার কষায়ত্ব দোষ নাই। পাকাশয়ের স্নায়বীয় উগ্রতা বশতঃ বমন নিবারণার্থ ইহার কার্ব্ সোডা বা ম্যাগ্নিসিয়ার সহিত ব্যবহার করিলে, সন্তোষজনক ফল পাওয়া যায়।

প্রয়োগরূপ। ১। এক্সট্রাক্টম্ কালম্বী (Extractum Calumbæ)। ক্যালম্বী চূর্ণ ১ পৌং; প্রুফ্ স্পিরিট্ ৪ পাঃ। মাত্রা ২—১০ গ্রেণ।

২। ইন্ফিউসম্ ক্যালম্বী (Infusum Calumbæ)। ক্যালম্বা চূর্ণ ।০ আং; শীতল পরিস্রুত জল ১০ আং। আবৃত পাত্র মধ্যে অর্দ্ধ ঘন্টা পর্য্যন্ত ভিজাইয়া, ছাঁকিয়া লইবে। মাত্রা ১—২ আং।

৩। টিংচুরা ক্যালম্বী (Tinctura Calumbæ)। ক্যালম্বা চূর্ণ ২।০ আং, প্রুফ্ স্পিরিট্ ১ পাঃ। মাত্রা ।০—২ ড্রাম।

মিশ্চুরা ফেরি এরম্যাটিক্স প্রস্তুত করিতে ক্যালম্বা ব্যবহৃত হয়।

পেরাইরি র‍্যাডিক্স (Pareiræ Radix) ইং (Pareira Root)।

মেনিস্পার্ম্মেসি জাতীয় কণ্ড্রোডেন্ড্রণ্ টোমেন্টোসম্ নামক লতার শুষ্ক মূল। ব্রেজিল দ্বীপে জন্মে।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। খণ্ড সকল কতকাংশে কুটিত নলাকার

দীর্ঘ; ॥০ হইতে ৪ ইঞ্চ্ পর্য্যন্ত স্থূল; পাটল মিশ্রিত কৃষ্ণবর্ণ; বল্কল দ্বারা আবৃত; মিষ্ট গন্ধযুক্ত; তিক্তাস্বাদ।

ক্রিয়া। ক্যালম্বার ন্যায় ইহা তিক্ত, বলকারক ও আগ্নেয়। মূত্রযন্ত্রের শ্লৈষ্মিক ঝিল্লির উপর পরিবর্ত্তক।

আময়িক প্রয়োগ। মূত্রযন্ত্রের বিবিধ পুরাতন রোগে, যথা প্রমেহ, শ্বেতপ্রদর, পুরাতন মূত্রাশয় প্রদাহ প্রভৃতি রোগে ইহা সেবন করিলে বিশেষ উপকার পাওয়া যায়। চূর্ণের মাত্রা ৩০—৫০ গ্রেণ।

প্রয়োগরূপ। ১। ডিককৃটম্ পেরাইরি (Decoctum Pareiræ)। পেরাইরা মূল নং ২০ চূর্ণ ১।০ আং; পরিশ্রুত জল ১ পাং। মাত্রা ১—২ আং।

২। এক্সট্রাক্টম্ পেরাইরি (Extractum Pareiræ)। পেরাইরা মূল নং ৪০ চূর্ণ ১ পৌং; স্ফুটিত পরিশ্রুতজল ১ গ্যালন্ বা যথা প্রয়োজন। মাত্রা ১০—৩০ গ্রেণ।

৩। এক্সট্রাক্টম্ পেরাইরি লিকুইডম্ (Extractum Pareiræ Liquidum)। এক্সট্রা অব্ পেরাইরি, পরিশ্রুত জল ও শোধিত সুরা, প্রত্যেকে, যথা প্রয়োজন। মাত্রা ॥০—২ ড্রাম।

ককুলাস্ (Cocculus)। কাকমারি। বৃটিস্ ফার্মাকোপিয়ায় গৃহীত নহে।

মেনিস্ পার্মেসি জাতীয় এনামার্টা ককুলাস্ বা ককুলাস্ ইণ্ডিকাস্ নামক বৃক্ষের ফল। ভারতবর্ষের বিবিধ স্থানে জন্মে।

স্বরূপ। শুষ্ক ফল অনেকাংশে সীমের বীজের আকার। ইহার বীজ হইতে পিক্রটক্সিন্ নামক বীর্য্য, মেনিস্পার্মিন্ উপক্ষার ও ককুলিনিক্ এসিড্ পাওয়া যায়।

ক্রিয়া। ইহা কুঁচিলার ন্যায় স্নায়বীয় বলকারক। বাহ্যপ্রয়োগে ইহা দ্বারা পরাঙ্গপুষ্ট কীট নষ্ট হয়। এ কারণ, বিবিধ চর্ম্মরোগে ইহার মলম প্রয়োগে উপকার পাওয়া যায়।

প্রয়োগরূপ। অঙ্গুয়েন্টম্ ককুলাই (Unguentum Cocculi), কাকমারির বীজ চূর্ণ ৮০ গ্রেণ; শুকরের বসা ১ আং।

পিক্রোটক্সিনম্ (Picrotoxinum); ইং (Picrotoxin)। এনামার্টা পেনিকুলেটার বীজকে এল্‌কোহল্ সহযোগে নিঃশেষিত করিয়া, পরে, উৎপাতিত ও বিশুদ্ধ করতঃ, ইহা প্রস্তুত হয়।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। বর্ণহীন, গন্ধহীন, স্তম্ভাকার দানাযুক্ত, তিক্ত আস্বাদ।

ক্রিয়া। পরীক্ষা দ্বারা জানা গিয়াছে, ইহা সেবনে প্রথমে হৃৎপিণ্ডের গতি মন্দ হয় ও ধামনিক রক্তসঞ্চাপ (Arterial Tension) অধিক হয়। রক্তাক্ষেপ হেতু হৃৎপিণ্ডেরও গতি দ্রুত হয়। পরে, কোমা (Coma) অবস্থায় নাড়ীর গতি মন্দ হয় পেশীর কম্পন, মত্ততা, শিরোঘূর্ণন, স্পর্শশক্তির হ্রাস অঙ্গ-সঞ্চালনের বিশৃঙ্খলা, শিরঃপীড়া, অবসন্নতা, বিবমিষা প্রভৃতি লক্ষণ সকল প্রকাশ পায়। অল্প পরিমাণে সেবন করিলে, ইহা লালানিঃসারক। ইহা দ্বারা পাকাশয় ও অন্ত্রস্থ শ্লৈষ্মিক ঝিল্লির উগ্রতা সাধিত হয় না। উহাদের রসনিঃসরণ ও কৃমিগতি বৃদ্ধি পায়।

আময়িক প্রয়োগ। পীড়া বশতঃ শরীরে অধিক পরিমাণে ঘর্ম্ম হইয়া, কোলাপ্সের লক্ষণ প্রকাশ পাইলে, ইহা ১/১৫০ গ্রেণ মাত্রায় সেবনে ঘর্ম্ম বন্ধ হয়। মাত্রা ১/১০০ হইতে ১/৩০ গ্রেণ।

প্যাপাভারেসি (Papaveraceæ) জাতি।

প্যাপাভারিস্ ক্যাপ্সিউল্ (Papaveris Capsule), ইং (Poppy Capsules)।

প্যাপাভারেসি জাতীয় প্যাপাভার্ সম্‌নিফারম্ নামক বৃক্ষের শুষ্ক পক্ক কোষ বা ঢেঁড়ি। সিরিয়া, মিসর ও বৃটিশ রাজ্যে জন্মে।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। গোলাকার ২—৪ ইঞ্চ্ ব্যাস; ঈষৎ পাটল বর্ণ; মসৃণ; অগ্রভাগে ষ্টিগ্মা (Stigma)। তিক্ত আস্বাদ। ইহাতে অল্প পরিমাণ অহিফেন পাওয়া যায়।

ক্রিয়া। অহিফেনের ন্যায়, কিন্তু অপেক্ষাকৃত মৃদু।

আময়িক প্রয়োগ। স্থানিক বেদনা নিবারণার্থ ইহার কাথ স্থানিক প্রয়োগে উপকার পাওয়া যায়। ইহার পাক কাশের উগ্রতা দমনার্থ ব্যবহার করা যায়।

প্রয়োগরূপ। ১। ডিককটম্ প্যাপাভারিস্ (Decoctum Papaveris)। বীজ রহিত পোস্তের ঢেঁড়ি কুট্টিত ২ আং; পরিস্রুত জল ১।০ পাং।

২। এক্সট্রাক্টম্ প্যাপাভারিস্ (Extractum Papaveris)। বীজ রহিত পোস্তের ঢেঁড়ি নং ২০ চূর্ণ ১পৌং; শোধিত সুরা ২ আং; ফুটিত পরিস্রুত জল যথা প্রয়োজন। মাত্রা ২—৫ গ্রেণ।

৩। সাইরূপস্ প্যাপাভারিস্ (Syrupus Papaveris)। বীজ রহীত পোস্তের ঢেঁড়ি নং ২০ চূর্ণ ৩৬ আং; শোধিত সুরা ১৬ আং, বিশুদ্ধ শর্করা ৪ পৌং; ফুটিত পরিস্রুত জল দ্বারা সর্ব্বসমেত ৮।০ পৌণ্ড পূর্ণ করিতে যথা প্রয়োজন। মাত্রা ১ ড্রাম।

অহিফেন (Opium) ইং (Opium)।

প্যাপাভারেসি জাতীয় প্যাপাভার্ সম্‌নিফারম্ নামক অপক্ক ফল বা ঢেঁড়িকে অল্প অল্প চিরিয়া যে শ্বেতবর্ণ রস নির্গত হয়, তাহাকে শুষ্ক করিলে পাটল বর্ণ হয়। পরে ইহাকে চাঁচিয়া লইয়া পিণ্ডাকারে সংযত করিয়া লওয়া হয়। ইহাকে অহিফেন কহে। অহিফেন তিন প্রকার। ১ম। টর্কী বা স্মার্ণা অহিফেন (Turkey or Smyrna Opium)। ২য়। ইজিপ্সিয়ান অহিফেন (Egyptian Opium)। ৩য়। ইষ্ট্ ইণ্ডিয়ান্ বা ভারতবর্ষীয় অহিফেন (East Indian Opium)। ইহার মধ্যে টর্কী ওপিয়ম্ সর্ব্বাপেক্ষা শ্রেষ্ঠ; কারণ, ইহাতে অধিক পরিমাণে বীর্য্য আছে ও ইহাই বৃটিশ ফার্ম্মাকোপিয়ায় গৃহীত হইয়াছে।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। অসমান পিণ্ডাকার; পোস্তপত্র দ্বারা আবৃত ঘোর পাটলবর্ণ, বিশেষ গন্ধযুক্ত, তিক্তাস্বাদ। অহিফেনে বিবিধ বীর্য্য উপক্ষার ও অম্ল পাওয়া যায়। অম্লের মধ্যে মেকনিক্ এসিড্ শ্রেষ্ঠ।

এসিডম্ মিকোনিকম্ (Acidum Meconicum) এই অম্ল পদার্থ অহিফেন হইতে পাওয়া যায়।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। পাতলা শল্কাকার, মুক্তার ন্যায় বর্ণ, অম্লাযুক্ত, জলে দ্রবনীয়।

ক্রিয়া। ইহা মাদক, কিন্তু ইহার আভ্যন্তরিক বা বাহ্যপ্রয়োগ হয় না। লাইকর মর্ফাইনি বাইমিকমেটিস্ প্রস্তুত করিতে ইহার আবশ্যকতা হয়।

অহিফেনের বীর্য্য বা উপক্ষার সকল ; যথা—

১। মর্ফাইনি। ইহা অহিফেনের বীর্য্যের মধ্যে শ্রেষ্ঠ ; কারণ, অহিফেনের মাদকতাশক্তি ইহার উপর নির্ভর করে। মর্ফাইন্ হইতে আবার এপো-মর্ফাইনি (Apomorphine) নামক বীর্য্য পাওয়া যায়।

২। কোডাইনা (Codina)। দেখিতে চতুষ্প্রদেশ বা অষ্ট প্রদেশ দানাযুক্ত, শুভ্র, ইথরে ও ফুটিত জলে দ্রব হয়, অম্লের সহিত মিশ্রিত হইয়া লবণ প্রস্তুত হয়। কোডাইনা হইতে এপোকোডাইনি বীর্য্য পাওয়া যায়।

৩। প্যাপাভারিন্ (Papaverine)। ইহা দেখিতে ক্ষুদ্র ক্ষুদ্র সূচ্যাকার দানাবিশিষ্ট, গন্ধকদ্রাবক সহযোগে নীলবর্ণ হয়।

৪। থিবেইন্ বা প্যারামর্ফিন্ (Thebaine or Paramorphine)। দেখিতে রৌপ্যবৎ উজ্জ্বল ; চতুষ্কোণ ও চেপ্টা দানাযুক্ত।

এই সকল ভিন্ন অহিফেন হইতে আরও অনেকগুলি উপক্ষার পাওয়া যায়। হইাদের মধ্যে কতকগুলির নাম। যথা—এপোকোডিইন্ (Apocodeine) ; কোডামিন্ (Codamine) ; লডেনিন্ (Laudanine) ; সিউডো-মর্ফাইনি (Pseudomorphine) ; রিয়াডিন্ (Rhæadine) ; ল্যান্থপিন্ (Lanthopine) ; ক্রিপ্টোপিন্ (Cryptopine) ; মিকোনিডিন্ (Meconidine)।

অহিফেনস্থ সমক্ষারাম্ল পদার্থের নাম ; যথা—নার্কটিন্ (Narcotine) ; ওপিয়ানিন্ (Opianine) ; পর্ফিরক্সাইন্ (Porphyroxine) ; নার্সিন্ (Narceine) ইত্যাদি। ইহা ভিন্ন অহিফেনে গঁদ ও ধুনাযুক্ত পদার্থ পাওয়া যায়।

অহিফেনের প্রয়োগরূপ সকল।

১ম। কোডাইনা (Codeina) ; ইং (Codia)। মর্ফিয়া প্রস্তুত হইলে অবশিষ্ট এমোনিয়া ঘটিত দ্রবকে উৎপাতিত করিয়া, যে পদার্থ অবশিষ্ট থাকে, তাহার সহিত জল মিশাইয়া, কষ্টিক্ পটাশ্ সংযোগে অধঃস্থ করিবে এবং ঐ অধঃস্থ উপক্ষারকে ইথার্ দ্বারা দানা বাঁধিয়া লইলে, ইহা প্রস্তুত হয়।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। বর্ণহীন, সমাষ্টপ্রদেশ বিশিষ্ট দানাযুক্ত ;

৮০ ভাগ জলে ও এমোনিয়া দ্রবে, সুরা ও জলমিশ্র দ্রাবকে দ্রব হয়। তিক্তাস্বাদ ও ক্ষারগুণ বিশিষ্ট। মাত্রা ।০—২ গ্রেণ।

ক্রিয়া। ইহার ক্রিয়া অহিফেনের ন্যায়; কিন্তু অত্যন্ত মৃদু, একারণ ইহার ব্যবহার দেখা যায় না।

বহুমূত্র ও মধুমূত্র (Diabetis) রোগে ইহা সেবনে প্রস্রাবের পরিমাণ ও শর্করার পরিমাণ হ্রাস হয়।

২য়। কন্‌কেক্‌সিয়ো ওপিয়াই (Confectio Opii)। কম্পাউণ্ড্ পাউডার্ অব্ ওপিয়ম্ ১০০ গ্রেণ, সিরাপ্ ৩০০ গ্রেণ। একত্রে মিশাইয়া লইবে। মাত্রা ৫—২০ গ্রেণ। ইহার ৪০ ভাগে ১ ভাগ অহিফেন।

ক্রিয়া। বেদনা ও বায়ুনাশক।

৩য়। এম্‌প্লাষ্ট্রম্ ওপিয়াই (Emplastrum Opii)। অহিফেন সূক্ষ্ম চূর্ণ ১ আং; রেজিনের পলস্ত্রা ৯ আং। জলস্বেদন যন্ত্রে রজন পলস্ত্রা গলাইয়া, ইহার সহিত অহিফেন মিশ্রিত করিয়া লইবে। ইহার ১০ভাগে ১ ভাগ অহিফেন।

৪র্থ। এনিমা ওপিয়াই (Enema Opii)। টিংচার্ অব্ ওপিয়ম্ ।০ ড্রাম, ষ্টার্চের মণ্ড ২ আং। মিশাইয়া লইবে। ইহার ২ আউন্সে ।০ ড্রাম অহিফেনের অরিষ্ট আছে।

৫ম। এক্স্‌ট্রাক্টম্ ওপিয়াই (Extractum Opii)। অহিফেন ১ পোঃ, পরিস্রুত জল ৬ পাঃ। যথানিয়মে প্রস্তুত করিবে। মাত্রা ।০—২ গ্রেণ; ইহার অর্দ্ধ গ্রেণ ১ গ্রেণ্ অহিফেনের তুল্য।

৬ষ্ঠ। এক্স্‌ট্রাক্টম্ ওপিয়াই লিকুইডম্ (Extractum Opii Liquidum)। অহিফেনের সার ১ আং; পরিস্রুত জল ১৬ আং; শোধিত সুরা ৪ আং। যথানিয়মে প্রস্তুত করিবে। মাত্রা ১০—৪০ মিং। ইহার ১ আউন্সে ২২ গ্রেণ অহিফেনের সার। ইহা পূর্ব্ব ফার্মাকোপিয়ার লাইকর ওপিয়াই সিডেটাইভস্ (ব্যাট্‌লিজ্ সলিউসন্) নামক প্রয়োগরূপের অনুরূপ।

৭ম। লিনিমেন্টম্ ওপিয়াই (Linimentum Opii) টিংচার্ অব্ ওপিয়ম্ ২ আং; লিনিমেন্ট্ অব্ সোপ্ ২ আং। মিশ্রিত করিয়া ছাঁকিয়া

লইবে। ইহার ২ ভাগে ১ ভাগ টিংচার্ ওপিয়াই। ইহাকে "এনোডাইন্ (Anodyne) লিনিমেন্ট" কহে।

৮ম। পাইলুলা ইপিক্যাকুয়াহ্না কম্ সিলা (Pilula Ipecacuanhæ cum Scilla)। ডোভার্স পাউডার্ ৩ আং; স্কুইল্ চূর্ণ ১ আং; এমোনায়েকম্ চূর্ণ ১ আং; গুড় যথা প্রয়োজন। একত্রে মিশাইয়া লইবে। মাত্রা ৫—১০ গ্রেণ। ইহার ২৩ ভাগে ১ ভাগ অহিফেন।

ক্রিয়া। মাদক ও কফ নিঃসারক।

৯ম। পাইলুলা প্লম্বাই কম্ ওপিও (Pilula Plumbi Cum Opio)। এসিটেট্ অব্ লেড্ চূর্ণ ৩৬ গ্রেণ; অহিফেন চূর্ণ ৬ গ্রেণ; কন্‌ফেক্‌সন্ অব্ রোজেস্ ৬ গ্রেণ। মাত্রা ৩—৫ গ্রেণ। ইহার ৮ ভাগে ১ ভাগ অহিফেন।

ক্রিয়া। সঙ্কোচক ও মাদক।

১০ম। পাইলুলা সেপনিস্ কম্পোজিটা (Pilula Saponis Composita)। প্রতিসংজ্ঞা। পাইলুলা ওপিয়াই। অহিফেন চূর্ণ ।০ আং; হার্ডসোপ চূর্ণ ২ আং; গ্লিসিরীণ যথা প্রয়োজন। একত্রে মর্দ্দন পূর্ব্বক বটিকা করিবে। মাত্রা ৩—৫ গ্রেণ্। ইহার ৬ ভাগে ১ ভাগ অহিফেন।

১১শ। পল্‌ভিস্ ক্রিটি এরম্যাটিকস্ কম্ ওপিয়ো (Pulvis Cretæ Aromaticus Cum Opio)। এরম্যাটিক্ পাউডার্ অব্ চক্ ৯৸০ আং; অহিফেন চূর্ণ ।০ আং। একত্রে মিশাইয়া লইবে। মাত্রা ১০—৪০ গ্রেণ। ইহার ৪০ গ্রেণে ১ গ্রেণ অহিফেন।

ক্রিয়া। বিশেষতঃ শিশুদিগের পক্ষে, বায়ুনাশক ও বেদনা নিবারক।

১২শ। পল্‌ভিস্ ইপিক্যাকুয়াঙ্কি কম্পোজিটস্ (Pulvis Ipecacuanhæ Compositus)। ইপিক্যাকুয়াহ্না চূর্ণ ৷০ আং; অহিফেন চূর্ণ ।০ আং; সল্‌ফেট্ অব্ পটাশিয়ম্ চূর্ণ ৪ আং। একত্রে মিশাইয়া লইবে। মাত্রা ৫—১৫ গ্রেণ। ইহার ১০ গ্রেণে ১ গ্রেণ অহিফেন। ইহাকে "ডোভার্স" পাউডার্ (Dover's powder) কহে। ক্রিয়া—ঘর্ম্মকারক ও বেদনা নিবারক।

১৩শ। পল্‌ভিস্ কাইনো কম্পোজিটস্ (Pulvis Kino Compositus)। কাইনোচূর্ণ ৩৸০ আং; অহিফেন চূর্ণ ।০ আং; দারুচিনি চূর্ণ ১ আং।

একত্রে মিশ্রিত করিয়া ছাঁকিয়া লইবে। মাত্রা ৫—২০ গ্রেণ। ইহার ২০ গ্রেণে ১ গ্রেণ অহিফেন। ক্রিয়া। সঙ্কোচক ও মাদক।

১৪শ। পল্‌ভিস্‌ ওপিয়াই কম্পোজিটস্‌ (Pulvis Opii Compositus) অহিফেন চূর্ণ ১।৷০ আং; কৃষ্ণ মরিচ চূর্ণ ২ আং; শুণ্ঠিচূর্ণ ৫ আং; বিলাতি জীরা চূর্ণ ৬ আং; ট্রাগাক্যান্থ চূর্ণ ৷০ আং। একত্রে মিশাইয়া ছাঁকিয়া লইবে। ইহার ১০ গ্রেণে ১ গ্রেণ অহিফেন। ক্রিয়া—বায়ুনাশক ও মাদক।

১৫শ। সপোজিটোরিয়া প্লম্বাই কম্পোজিটা (Suppositoria Plumbi Composita)। এসিটেট্‌ অব্‌ লেড্‌ ৩৬ গ্রেণ; অহিফেন চূর্ণ; ১২ গ্রেণ, অয়েল্‌ অব্‌ থিযোব্রমা ১৩২ গ্রেণ। প্রত্যেক সপোজিটোরিতে ১ গ্রেণ অহিফেন ও ৩ গ্রেণ এসিটেট অব্‌ লেড্‌।

১৬শ। টিংচুরা ক্যাম্ফরি কম্পোজিটা (Tinctura Camphoræ Composita)। অহিফেন চূর্ণ ৪০ গ্রেণ; বেন্‌জোয়িক্‌ এসিড্‌ ৪০ গ্রেণ; কর্পূর ৩০ গ্রেণ; অয়েল্‌ অব্‌ এনিসি ৷০ ড্রাম; প্রুফ্‌ স্পিরিট্‌ ১ পাং। মাত্রা ১৫ মিং—১ ড্রাম। ইহার ১ আউন্সে ২ গ্রেণ অহিফেন। ইহাকে "প্যারিগরিক্‌ এলিক্সার্‌" (Paregoric Alixer) কহে। ক্রিয়া। ইহা বেদনানিবারক, অবসাদক, কফনিঃসারক ও উত্তেজক।

ইরিসিপেলস্‌, কঞ্জংটিভাইটিস্‌ প্রভৃতি নানাবিধ প্রাদাহিক রোগে বেদনার উপশম জন্য ইহা ব্যবহৃত হয়।

১৭শ। টিংচুরা ওপিয়াই (Tinctura Opii)। অহিফেন চূর্ণ ১৷০ আং, প্রুফ্‌ স্পিরিট্‌ ১ পাং। মাত্রা ৫—৪০ মিং। ইহার ১ আউন্সে ৩৩ গ্রেণ অহিফেন। অর্থাৎ ১৪৷০ মিনিমে ১ গ্রেণ অহিফেন। সামান্য নাম "লডেনম্‌" (Laudanum)।

১৮শ। টিংচুরা ওপিয়াই এমোনিয়েটা (Tinctura Opii Ammoniata)। অহিফেন চূর্ণ ১০০ গ্রেণ; স্যাফ্রণ ১৮০ গ্রেণ, বেন্‌জোয়িক্‌ এসিড্‌ ১৮০ গ্রেণ; মৌরীর তৈল ১ ড্রাম; এমোনিয়ার উগ্র দ্রব ৪ আং; শোধিত সুরা ১৬ আং। মাত্রা ৷০—১ ড্রাম। ইহার প্রতি আউন্সে ৫ গ্রেণ অহিফেন। ইহাকে "স্কচ্‌ প্যারিগরিক্‌ (Scotch Paregoric) কহে।

ক্রিয়া। মাদক ও বেদনানিবারক।

১৯শ। ট্রোচিসাই ওপিয়াই (Trochisci Opii)। অহিফেনের সার ১২ গ্রেণ; টিংচার অব টলু ।॰ আং; বিশুদ্ধ শর্করা চূর্ণ ১৬ আং; আরবি গঁদ চূর্ণ ২ আং; যষ্টিমধুর সার ৬ আং; পরিশ্রুত জল যথা প্রয়োজন। মাত্রা ১—৬ চাক্তি। ইহার প্রত্যেক চাক্তিতে ১/১০ গ্রেণ অহিফেনের সার।

ক্রিয়া। মাদক ও বেদনা নিবারক।

২০শ। অঙ্গুয়েণ্টম্ গ্যালি কম্ ওপিয়ো (Unguentum Gallæ cum Opio)। গলের মলম ১ আং; অহিফেন চূর্ণ ৩২ গ্রেণ। ইহার ১ আউন্সে ৩২ গ্রেণ অহিফেন। অথবা ১৪$\frac{2}{3}$ গ্রেণে ১ গ্রেণ অহিফেন।

ক্রিয়া। বেদনাজনক অর্শ রোগে ইহা বেদনা নিবারক।

২১শ। ভাইনম্ ওপিয়াই (Vinum Opii)। অহিফেনের সার ১ আং; দারুচিনি চূর্ণ ৭৫ গ্রেণ; লবঙ্গ চূর্ণ ৭৫ গ্রেণ; সেরি ১ পাং। আবৃত পাত্রে সপ্তাহ কাল ভিজাইয়া ছাঁকিয়া লইবে। মাত্রা ১০—৪০ মিং। ইহার ১ আউন্সে ২২ গ্রেণ অহিফেনের সার।

মর্ফাইনি (Morphinæ)। ইহা অহিফেনের বীর্য্য। দেখিলে ষট্প্রদেশ ও দানাযুক্ত। সুরাবীর্য্য ও ক্ষারদ্রাবকে দ্রবনীয়; জল ও ইথরে সম্পূর্ণ দ্রব হয় না।

মর্ফাইনি এসিটস্ (Morphinæ Acetas)।

প্রস্তুত করণ। হাইড্রোক্লোরেট্ অব্ মর্ফাইনি ২ আং; এমোনিয়া দ্রব, এসিটিক্ এসিড্ ও পরিশ্রুত জল, প্রত্যেকে, যথা প্রয়োজন।

যে পর্য্যন্ত না মিশ্র ক্ষারত্ব প্রাপ্ত হয় এবং বিশুদ্ধ মর্ফাইন অধঃস্থ না হয় ততক্ষন, এক পাঁইন্ট পরিশ্রুত জলে হাইড্রোক্লোরেট্ অব্ মর্ফাইন দ্রব করিয়া, তাহাতে এমোনিয়া দ্রব প্রয়োগ করিবে। অধঃস্থ মর্ফাইনকে ছাঁকিয়া লইয়া পরিশ্রুত জলে ধৌত করতঃ, চীনপাত্রে রাখিয়া, তাহাতে ৪ আং পরিশ্রুত জল দিয়া, এরূপ সির্কাদ্রাবক সংযোগ করিবে, যেন মর্ফাইন দ্রব ও ঐ দ্রব সমক্ষারাম্ল হয়। পরে, শীতলাবস্থায় যে পর্য্যন্ত না সংযত হয়, ততক্ষণ তাহাকে যন্ত্রোত্তাপে গাঢ় করিয়া, মৃদু তাপে শুকাইয়া, চূর্ণীত করিবে। মাত্রা ১/৮—১/২ গ্রেণ। ইহার ৮ বা ১০ গ্রেণ অহিফেনে ১ গ্রেণ মর্ফিয়া পাওয়া যায়। ক্রিয়া বেদনা নিবারক ও মাদক।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। শ্বেতবর্ণ; জল ও সুরাতে দ্রবনীয়। গন্ধক-দ্রাবক সংযোগে সির্কার ধূম নির্গত হয়।

প্রয়োগরূপ। ইঞ্জেক্‌সিযো মর্ফাইনি হাইপোডার্ম্মিকা (Injectio (Morphinæ Hypodermica)। হাইড্রোক্লোরেট অব মর্ফাইনি ৯২ গ্রেণ; এমোনিয়া দ্রব, এসিটিক্ এসিড পরিশ্রুত জল, প্রত্যেকে, যথা প্রয়োজন। ইহার ১০ মিনিমে ১ গ্রেণ মর্ফিয়া থাকে। মাত্রা ১—২ মিং। চর্ম্মনিম্নে পিচকারী দ্বারা প্রয়োগ করা হয়।

লাইকর্ মর্ফাইনি এসিটেটিস (Liquor Morphinæ Acetatis)। এসিটেট্ অব্ মর্ফাইনি ৯ গ্রেণ; জলমিশ্র এসিটিক্ এসিড্ ১৮ মিং; শোধিত সুরা ॥০ আং; পরিশ্রুত জল ১॥০ আং। শেষোক্ত দ্রব্যত্রয়কে মিশ্রিত করিয়া, উহাতে মর্ফাইন্ দ্রব করিবে। মাত্রা ১০—৬০ মিং। ইহার প্রতি আউন্সে ৪॥০ গ্রেণ্ মর্ফিয়া।

মর্ফাইনি হাইড্রোক্লোরাস্ (Morphinæ Hydrochloras)।

প্রতিসংজ্ঞা। মর্ফিমউরিয়াস্; মর্ফি হাইড্রোক্লোরাস্।

প্রস্তুতকরণ। অহিফেন খণ্ড ১ পোং; ক্লোরাইড্ অব্ ক্যাল্সিয়ম্ ৮০ আং, বিশুদ্ধ জান্তব অঙ্গার ১/৪ আং; জলমিশ্র লবণদ্রাবক ২ আং; এমোনিয়া দ্রব ও পরিশ্রুত জল যথা প্রয়োজন।

প্রতিবার ২ পাইণ্ট জলে ২৪, ১২, ১২ ঘণ্টাকাল হিসাবে অহিফেনকে তিন বার ভিজাইয়া, তিন বার ছাঁকিয়া লইবে। তৎপরে, অদ্রবনীয় অংশকে উত্তমরূপে নিঙড়াইয়া লইয়া, সমুদয় জল একত্র করিয়া, জলস্বেদন যন্ত্রে গাঢ় করতঃ, এক পাইণ্ট হইলে, ছাঁকিয়া লইবে। পরে, তাহাতে ৪ আং জলমিশ্রিত ক্লোরাইড্ অব্ ক্যাল্সিয়ম্ দ্রব মিশাইয়া, শীতল হইলে ঘন হওন পর্য্যন্ত, গাঢ় করিবে। ঘন হইলে, তাহাকে বস্ত্র খণ্ডে জড়াইয়া, সবলে চাপিবে। তাহাতে যে কৃষ্ণবর্ণ তরল পদার্থ নিঃসৃত হইবে, তাহাকে পৃথক্ করিয়া, নিষ্পীড়িত অহিফেনকে ১০ পাং স্ফুটিত পরিশ্রুত জলে মর্দ্দন করতঃ, শোষক কাগজ দিয়া ছাঁকিবে ও পরিশ্রুত জলে উত্তমরূপে ধৌত করিবে। ঐ নিঃস্যন্দিত জল পূর্ব্ববৎ ঘন করিয়া, নিষ্পীড়িত রসের বর্ণহীন হওয়া পর্য্যন্ত, তাহাকে চাপন দ্বারা রস বহির্গত করিবে, ও পৃথক্ করিবে।

উক্ত অবস্থায় ঐ অহিফেন পিণ্ডকে ৮ আং স্ফুটিত পরিশ্রুত জলে দ্রব করিয়া, তাহাতে জান্তব অঙ্গার সংযোগ করণান্তর ২০ মিনিম্ রাখিয়া, ছাঁকিয়া লইবে ও স্ফুটিত পরিশ্রুত জলে ছাঁকুনী ধৌত করিবে। যে নিঃস্যন্দিত জল পাওয়া যাইবে, তাহাতে কিঞ্চিৎ অধিক পরিমাণে এমোনিয়া দ্রব সংযোগ করিলে, যত শীতল হইবে, তত বিশুদ্ধ মর্ফিয়ার দানা বিযুক্ত হইবে। ধৌত জলে যবক্ষার দ্রাবক সংযুক্ত কষ্টিক্ দ্রব দিলে কিছু অধঃস্থ না হওন পর্য্যন্ত, মর্ফিয়ার দানাকে শোষক কাগজের ছাঁকুনীতে বাখিয়া, শীতল পরিশ্রুত জলে বারম্বার ধৌত করিবে। পৃথক রক্ষিত কৃষ্ণবর্ণ তরল পদার্থকে পরিশ্রুত জল মিশ্রিত করিয়া, যথেষ্ট পরিমাণ পটাশ দ্রব সংযুক্ত করিয়া, যাহা অধঃস্থ হইবে, তাহাতে অধিক মাত্রায় লবণ দ্রাবক মিশাইয়া, কিঞ্চিৎ জান্তব অঙ্গার সংযুক্ত করিলে, বিশুদ্ধ মর্ফিয়ার দানা প্রস্তুত হয়। অনন্তর মর্ফিয়াকে ২ আং স্ফুটিত পরিশ্রুত জলে মিশাইয়া, তপ্ত থাকিতে থাকিতে, তাহাতে জলমিশ্র লবণ দ্রাবক দিবে ও উত্তমরূপ আবর্ত্তন দ্বারা মর্ফিয়াকে দ্রব করিয়া মিশ্রকে সমক্ষারাম্ল করিবে। পরে, ছাঁকিয়া লইয়া, তাহাকে শীতল স্থানে রক্ষা করতঃ, দানা বাঁধিলে, ঐ দানাকে ছাঁকিয়া, শোষক কাগজের উপর রাখিয়া শুষ্ক করিয়া লইবে।

৮ বা ১০ গ্রেণ অহিফেনে ১ গ্রেণ মর্ফিয়া।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। শ্বেতবর্ণ, উজ্জ্বল, সূচিকাকার দানাবিশিষ্ট; জল ও সুরাতে দ্রবনীয়। মাত্রা ১/৮—১/২ গ্রেণ।

ক্রিয়া। বেদনা নিবারক ও মাদক।

প্রয়োগরূপ। লাইকর্ মর্ফাইনি হাইড্রোক্লোরেটিস্ (Liquor Morphinæ Hydrochloratis)।

হাইড্রোক্লোরেট্ অব্ মর্ফাইনি ৯ গ্রেণ; জলমিশ্র লবণ দ্রাবক ১৮ মিং; শোধিত সুরা ॥০ আং; পরিশ্রুত জল ১॥০ আং। শেষোক্ত দ্রব্যত্রয়কে মিশ্রিত করিয়া, উহাতে মর্ফাইন্ দ্রব করিবে। মাত্রা ১০—৬০ মিং। ইহার ১ আউন্সে ৪॥০ গ্রেণ মর্ফিয়া।

লাইকর্ মর্ফাইনি বাইমিকোনেটিস্ (Liquor Morphinæ Bimiconatis)। হাইড্রোক্লোরেট্ অব্ মর্ফাইনি ৯ গ্রেণ; এমোনিয়া দ্রব যথা

প্রয়োজন ; মিকোনিক এসিড্ ৬ গ্রেণ ; শোধিত সুরা ॥৹ আং, পরিস্রুত জল যথা প্রয়োজন।

২ বা ৩ ড্রাম পরিস্রুত জলে উত্তাপ দিয়া, হাইড্রোক্লোরেট্ অব্ মর্ফাইন্ দ্রব করিবে। যতক্ষন মর্ফাইন্ অধঃস্থ হইবে, ততক্ষণ তাহাতে এমোনিয়া দ্রব সংযোগ করতঃ, শীতল হইলে ছাঁকিয়া, অধঃস্থ পদার্থকে পরিস্রুত জলে ধৌত করিবে। ধৌত জলে নাইট্রেট্ অব্ সিল্ভার্ দিলে যখন আর কিছুই অধঃস্থ হইবে না, তখন ধৌতকরণ সিদ্ধ হইবে। অনন্তর ছাঁকিয়া, ঐ অধঃস্থ পদার্থকে এরূপ জলমিশ্রিত করিবে, যেন তাহা ১॥৹ আং হয়। উহার সহিত শোধিত সুরা ও মেকনিক্ এসিড্ সংযুক্ত করত, দ্রব করিয়া লইবে। মাত্রা ৫—৪০ মিং।

সপোজিটোরিয়া মর্ফাইনি (Suppositoria Morphinæ)। হাইড্রোক্লোরেট্ অব্ মর্ফাইনি ৬ গ্রেণ ; অয়েল্ অব্ থিয়োব্রোমা ১৭৪ গ্রেণ। ২৪ গ্রেণ্ অয়েল্ অব্ থিয়োব্রোমার সহিত হাইড্রোক্লোরেট্ অব্ মর্ফাইন্‌কে ঈষত্তপ্ত খলে মর্দ্দন করিয়া, তাহাতে মৃদুতাপবিগলিত অবশিষ্ট অয়েল্ উত্তমরূপে মিশাইয়া, শীতল হইলে, ১২টী সপোজিটরী প্রস্তুত করিবে। প্রত্যেক সপোজিটোরিতে ॥৹ গ্রেণ মর্ফিয়া।

সপোজিটোরিয়া মর্ফাইনি কম্ সেপনি (Suppositoria Morphinæ cum Sapone)। হাইড্রোক্লোরেট্ অব্ মর্ফাইনি ৬ গ্রেণ ; গ্লিসিরিণ্ অব্ ষ্টার্চ্ ৩০ গ্রেণ্ ; কার্ডসোপ্ চূর্ণ ১০০ গ্রেণ্ ; ষ্টার্চ্ চূর্ণ যথা প্রয়োজন। প্রথম তিন দ্রব্যকে একত্রে মিশাইয়া, যথোপযুক্ত ষ্টার্চ্ সংযোগ করিলে, যে মণ্ড প্রস্তুত হইবে, তাহাকে ১২ ভাগে বিভক্ত করিবে। প্রত্যেক সপোজিটোরিয়াতে ॥৹ গ্রেণ্ মর্ফিয়া।

টিংচ্যুরা ক্লোরফর্মাই এট্ মর্ফাইনি (Tinctura Chloroformi et Morphinæ)। ক্লোরফরম্ ১ আং ; ইথার্ ২ ড্রাম ; শোধিত সুরা ১ আং ; হাইড্রোক্লোরেট্ অব্ মর্ফাইনি ৮ গ্রেণ ; জলমিশ্র হাইড্রোসিয়ানিক্ এসিড্ ॥৹ আং ; পিপার্‌মেণ্ট তৈল ৪ মিং ; লিকুইড্ এক্সট্রাক্ট অব্ লিকোরিস্ ১ আং ; গুড় ১ আং ; সিরপ্ যথা প্রয়োজন। একত্রে মিশাইয়া লইবে। ইহার প্রতি আউন্সে ১ গ্রেণ্ মর্ফিয়া। মাত্রা ৫—১৫ মিং।

ট্রোচিসাই মর্ফাইনি (Trochisci Morphinæ)। হাইড্রোক্লোরেট্ অব্ মর্ফাইনি ২০ গ্রেণ; টিংচার অব্ টলু ।৷০ আং; বিশুদ্ধ শর্করা চূর্ণ ২৪ আং; আরবি গঁদ চূর্ণ ১ আং; গঁদের মণ্ড যথাপ্রয়োজন; পরিশ্রুত জল ।৷০ আং। জলে মর্ফিয়া দ্রব করিয়া, তাহাতে গঁদ মণ্ড মিশ্রিত টিংচার্ অব্ টোলু মিশাইয়া, গঁদ শর্করামিশ্রিত করতঃ, কর্দ্দমাকার করিবে। ৭২০ ভাগে বিভক্ত করিয়া, তাহা উষ্ণবায়ুকক্ষে মৃদু তাপে শুষ্ক করিয়া লইবে। মাত্রা ১—৬ চাক্তি। ইহার প্রত্যেক চাক্তিতে ১/৭৬ গ্রেণ মর্ফিয়া।

ট্রোচিসাই মর্ফাইনি এট্ ইপিক্যাকুয়ান্হা (Trochisci Morphinæ et Ipecacuanha)। হাইড্রোক্লোরেট্ অব্ মর্ফাইনি ২০ গ্রেণ্; ইপিকাক্ চূর্ণ ৬০ গ্রেণ্; টিংচার অব্ টলু ।৷০ আং; বিশুদ্ধ শর্করা চূর্ণ ২৪ আং; আরবি গঁদ চূর্ণ ১ আং; গঁদের মণ্ড যথা প্রয়োজন; পরিশ্রুত জল ।৷০ আং। ট্রোচিসাই মর্ফাইনি প্রস্তুত করিবার প্রণালী অনুসারে ইহাও প্রস্তুত করা হয়। ইহার প্রত্যেক চাক্তিতে ১/৩৬ গ্রেণ্ মর্ফিয়া ও ১/১২ গ্রেণ্ ইপিকাক্। মাত্রা ১—৬ চাক্তি।

মর্ফাইনি সল্ফাস্ (Morphinæ Sulphas)। হাইড্রোক্লোরেট্ অব্ মর্ফাইনি প্রস্তুত করণপ্রক্রিয়ায় প্রাপ্ত মর্ফাইন্‌কে দ্বিগুণ পরিশ্রুত জলে দ্রব করিয়া, তাহাতে ক্রমশঃ এবং অনবরত আলোড়ন দ্বারা জলমিশ্র গন্ধকদ্রাবক সংযোগ করিয়া, মর্ফাইন্‌কে দ্রব ও মিশ্রকে সমক্ষারাম্ল করিয়া, শীতল করতঃ, দানা বাঁধিতে দিবে। পরে, দানা ছাঁকিয়া লইয়া, শোষক কাগজের উপর শুষ্ক করিয়া লইবে। ইহার ১ গ্রেণ ৭।০ গ্রেণ অহিফেনে পাওয়া যায়।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। বর্ণহীন, রেশমের ন্যায় সূচ্যাকার দানা-বিশিষ্ট। জলে দ্রবনীয়। শোধিত সুরায় অল্প দ্রব হইয়া থাকে। মাত্রা ১/৮—১/২ গ্রেণ।

প্রয়োগরূপ। লাইকর্ মর্ফাইনি সল্ফেটিস্ (Liquor Morphinæ Sulphatis)। সল্ফেট্ অব্ মর্ফাইনি ৩৫ গ্রেণ; শোধিত সুরা ২ আং; পরিশ্রুত জল ৮ আং পূর্ণ করিতে যথা প্রয়োজন। সামান্য জলে সল্ফেট্

অব্ মর্ফাইন্ দ্রব করিয়া, উহাতে শোধিত সুরা ও অবশেষে বাকী জল সংযোগ করিবে। মাত্রা ১০—৬০ মিং।

অহিফেনের ক্রিয়া। অল্প মাত্রায় আভ্যন্তরিক প্রয়োগে ইহা মস্তিষ্ক, ধামনিক ও স্নায়বীয় উত্তেজক। ইহার সেবনে প্রথমে নাড়ীর গতি দ্রুত ও পূর্ণ হয়। মনোমধ্যে আনন্দোদয় হয়, ইহার অনতিবিলম্বে আলস্যবোধ ও নিদ্রা আইসে। নিদ্রিত অবস্থায় প্রচুর ঘর্ম্ম হয়। নিদ্রা ভঙ্গ হইলে রোগীর, বিবমিষা ও বমন হয়, জিহ্বা লেপযুক্ত, ক্ষুধামান্দ্য, তৃষ্ণা, মল কিয়ৎ পরিমাণে রুদ্ধ থাকে। রোগীর যন্ত্রণা ও আক্ষেপ থাকিলে ইহার সেবনে লাঘব হয়। যন্ত্রণা ও আক্ষেপাদির লাঘবার্থ ও নিদ্রানয়নের আবশ্যকতা হইলে, ইহা অধিক মাত্রায় সেবন করাইতে হয়। ইহার উত্তেজক ক্রিয়া অর্দ্ধ ঘণ্টার অধিক স্থায়ী হয় না। যে সকল রোগী পূর্ব্বে অহিফেন সেবন করে নাই, তাহাদের এই উত্তেজন ক্রিয়ার পরিবর্ত্তে নিদ্রাকারক গুণ প্রকাশিত হয়। অধিক মাত্রায় সেবন করিলে, গাঢ় নিদ্রা উপস্থিত হয়। এরূপ সময়ে রোগীকে জাগ্রত করাইতে অধিকক্ষণ সময় লাগে। আরও অধিক মাত্রায় সেবনে বিষক্রিয়ার লক্ষণ সকল প্রকাশ পায়। যথা—তন্দ্রা উপস্থিত হয়, শ্বাস প্রশ্বাস ক্রিয়ার লাঘব হয়, নাড়ীর গতি মন্দ, শরীর শীতল ও ঘর্ম্মাভিসিক্ত, কনীনিকা কুঞ্চিত, অবশেষে মৃত্যু হয়।

ভিন্ন ভিন্ন যন্ত্রের উপর অহিফেনের ক্রিয়া। যথা—

১ম। পরিপাক যন্ত্রের উপর ক্রিয়া। ইহা সেবনে পরিপাক ক্রিয়ার ব্যাঘাত ও ক্ষুধামান্দ্য হয়। পিপাসা, সমুদয় শ্লৈষ্মিক ঝিল্লির স্রাবন ক্রিয়ার হ্রাস ও কোষ্ঠকাঠিন্য হয়।

২য়। মস্তিষ্ক ও স্নায়ুমণ্ডলীর উপর ক্রিয়া। ইহা সেবনে প্রথমে মস্তিষ্ক ও স্নায়ুমণ্ডলীর মানসিক বৃত্তি সকল উত্তেজিত হয়। পরে নিদ্রা ও তন্দ্রা উপস্থিত হয়। এরূপ অবস্থায় কনীনিকা সূচিকাগ্রের ন্যায় কুঞ্চিত হয়। কখন কখন কশেরুকা মজ্জার উপর ক্রিয়া হেতু ধনুষ্টঙ্কারের লক্ষণ প্রকাশ পায়।

৩য়। রক্তসঞ্চালন যন্ত্রের উপর ক্রিয়া। ইহা সেবনে প্রথমে রক্তসঞ্চালন ক্রিয়ার বৃদ্ধি করতঃ, অবসাদক ক্রিয়া উপস্থিত করে। এই উভয়

ক্রিয়াই স্নায়ুমণ্ডলীর ক্রিয়াধীন। অল্প মাত্রায় পুনঃ পুনঃ প্রয়োগে রক্ত সঞ্চালনের বেগ অধিকক্ষণ স্থায়ী করান যায়।

৪র্থ। চর্ম্মের উপর ক্রিয়া। অহিফেন সেবনে প্রচুর ঘর্ম্মোৎপাদিত হয়। ইপিকাক্ ও কর্পূরের সহিত সেবন করাইলে, উপরোক্ত গুণের আরও বৃদ্ধি হয়।

৫ম। স্রাবন ও প্রস্রাবন যন্ত্রের উপর ক্রিয়া। অহিফেন সেবনে চর্ম্মের ক্রিয়া ব্যতীত অন্যান্য স্রাবন প্রস্রাবনাদি ক্রিয়ার লাঘব হয়। লালা, পিত্ত, প্রস্রাবের পরিমাণেরও হ্রাস হয়।

৬ষ্ঠ। শ্বাস প্রশ্বাস যন্ত্রের উপর ক্রিয়া। অহিফেন সেবনে অবসাদক ক্রিয়া প্রকাশ ও শ্বাস প্রশ্বাসের গতি মন্দ হয়। সংশোধন (Oxidation) ক্রিয়ারও ব্যাঘাত জন্মে।

৭ম। জননেন্দ্রিয়ের উপর ক্রিয়া। ইহা সেবনে জননেন্দ্রিয়ের ক্রিয়া উত্তেজিত হয়, একারণ ভারতবর্ষের অনেক স্থলের লোক ইহাকে কামোদ্দীপক বলিয়া ব্যবহার করে।

আময়িক প্রয়োগ। চর্ম্মের উপর বাহ্য প্রয়োগে স্থানিক বেদনার লাঘব করে। এই হেতু উষ্ণ জলের সহিত ইহা মিশ্রিত করিয়া, ইহার সেক দেওয়া হয়। যদি ঐ স্থানের চর্ম্মে ক্ষত কিম্বা কাটা থাকে, তাহা হইলে উহাতে অহিফেন ও ইহার উপক্ষার শোষিত হইয়া, অহিফেনের লক্ষণ প্রকাশ করিতে পারে। মলদ্বারের শ্লৈষ্মিক ঝিল্লিতে যদি অহিফেন সপোজিটোরী রূপে বা পিচকারী দ্বারা প্রয়োগ করা হয়, তাহা হইলে, উপরোক্ত লক্ষণও প্রকাশ পাইতে পারে। অধুনা অহিফেন বিশেষতঃ ইহার উপক্ষার মর্ফিয়া ঘটিত লবণ সকল চর্ম্মের নিম্নে পিচকারী দ্বারা প্রয়োগ করা হয়। কঞ্জাংটাইভার (Conjunctiva) উপর অহিফেন প্রয়োগে কনীনিকা কুঞ্চিত হয় না। কিন্তু ইহার আভ্যন্তরিক প্রয়োগে ইহা কুঞ্চিত হয়।

শরীরে বিবিধ প্রকার প্রদাহ ও অন্যান্য যন্ত্রের বিবিধ প্রকার বেদনা ও আক্ষেপ যথা, স্নায়ুশূল, অন্ত্রশূল, ধনুষ্টঙ্কার ও নানাপ্রকার প্রদাহে ইহার ব্যবহারে সুফল পাওয়া যায়।

প্রদাহে, ইহা যে কেবল বেদনা ও আক্ষেপ নিবারণার্থ ব্যবহৃত হয়, এমত নহে। ইহা দ্বারা প্রাদাহিক পীড়াদিরও উপশম হয়। রক্ত মোক্ষণের পর কৈশিক নাড়ীর উপর ইহার ক্রিয়ার নিমিত্ত ব্যবহৃত হয়। প্রদাহ বিশেষে ক্যালোমেল্ ও টার্টার্ এমিটিকের সহিত প্রয়োগে বিশেষ উপকার পাওয়া যায়। শ্লৈষ্মিক ঝিল্লির প্রদাহে ইহা দ্বারা স্থলবিশেষে উপকার পাওয়া যায়। ফুস্ফুসের বায়ু সঞ্চালন নলীর প্রদাহে বিশেষ সতর্কতার সহিত ইহা ব্যবহার করা উচিত; কিন্তু অন্ত্রের প্রদাহে, যথা, রক্তামাশয় রোগে ইহা সেবনে উহার উগ্রতা দূর করিয়া, স্রাবন ক্রিয়ার হ্রাস করে। জ্বরে স্নায়ু ঘটিতলক্ষণ যথা, অনিদ্রা, আক্ষেপ ও ইহার সহিত হৃৎপিণ্ডের দুর্ব্বলতা থাকিলে, ইহার অল্প মাত্রায় প্রয়োগে উপকার পাওয়া যায়। কিন্তু এরূপ অবস্থায় সাবধানের সহিত রোগীর অবস্থা পর্য্যবেক্ষণ করিবে।

সবিরাম জ্বরে, কম্পের পূর্ব্বে ইহা সেবনে উপকার পাওয়া যায়; কিন্তু কুইনাইন প্রভৃতি ঔষধ ইহা অপেক্ষা উৎকৃষ্ট পর্য্যায়নিবারক।

স্নায়ুমণ্ডলীর পীড়ায়, যে স্থলে রক্ত সঞ্চালনের আধিক্য থাকে, তথায় ইহা দ্বারা বিশেষ উপকার পাওয়া যায় না; কিন্তু মদাতঙ্ক প্রভৃতি রোগে, যথা রক্ত সঞ্চালনের ক্রিয়ার লাঘব হয়, সেই স্থলে ইহা দ্বারা সমূহ উপকার দর্শে। ইহা অবসাদক ও বেদনানিবারক, বলিয়া সায়েটিকা, বেদনা এবং কলিক্ প্রভৃতি বেদনাযুক্ত পীড়ায় অমোঘ ঔষধ। এতদর্থে, চর্ম্ম মধ্যে মর্ফিয়ার পিচকারী ব্যবহার করিলে অহিফেনের গুণ দ্রুত ও সুচারুরূপে প্রকাশ পাইয়া থাকে। রক্তস্রাবে, যে স্থলে অধিক পরিমাণে রক্তস্রাব হইয়া, নাড়ীর গতি দ্রুত হয়, তথায় অহিফেন সেবনে রক্তস্রাব রোধ হয়। কিন্তু এ স্থলে সঙ্কোচক বলিয়া যে এরূপ ক্রিয়া প্রকাশ করে, তাহা বলা যায় না। এরূপ অবস্থায় কেহ কেহ এসিটেট্ অব্ লেড্ ও গ্যালিক্ এসিডের সহিত উহা প্রয়োগ করিয়া থাকেন

উদরাময় রোগে, ইহা সেবনে বিশেষ উপকার দর্শে। দুর্ব্বল রোগীর ফ্যাজেডিনিক্ (Phagedænic) ক্ষতে ইহা সেবনে উপকার পাওয়া যায়। ইহা সেবনে প্রস্রাবের পরিমাণের হ্রাসতা নিবন্ধন, বহুমূত্রাদি রোগে বিশেষ উপযোগিতার সহিত ব্যবহৃত হয়। মূত্রযন্ত্রের বিবিধ পীড়ায় মূত্রাশয়ের উগ্রতা দমনার্থ ইহা বিশেষ উপযোগী।

বক্ষঃযন্ত্রের বিবিধ পীড়ায় ইহা সাবধানের সহিত ব্যবহার করা উচিত। ইহা সেবনে কাশীর লাঘব হয়, কিন্তু যে স্থলে শ্বাস প্রশ্বাস ক্রিয়ার ব্যাঘাত আছে, তথায় উহা সেবন করিলে উহার আরও প্রতিবন্ধক হয়। ইহা সেবনে কফ নিঃসরণের পরিমাণ অল্প হয়। এই কফ নিঃসরণের হ্রাসতায় কোন স্থলে উপকার হয়, কোথায় বা অপকার ও হয়।

সপোজিটোরীরূপে ও পিচকারী দ্বারা অহিফেন প্রয়োগ ভিন্ন, ইহার পলস্তারা, মর্দ্দন উপকারী।

অহিফেন ও বেলেডোনার ক্রিয়ার প্রভেদ সম্বন্ধে, বেলেডোনার ক্রিয়া লিখিবার সময় উল্লেখ করা যাইবেক।

যে যে অবস্থায় অহিফেন প্রয়োগ করা হয়।

১ম। বয়ঃক্রম। বালকদিগের পক্ষে অহিফেন প্রয়োগ নিষিদ্ধ। বিশেষ কারণবশতঃ ইহা প্রয়োগ করিতে হইলে বিশেষ সাবধানের সহিত প্রয়োগ করা কর্ত্তব্য।

কোন কোন ব্যক্তির অল্প পরিমাণ সেবনে অহিফেনের ক্রিয়া প্রকাশ পায়। কাহারও বা উক্ত লক্ষণ প্রকাশ না পাইয়া বরং উত্তেজনা বৃদ্ধি করে।

বেদনাজনক পীড়ায় অহিফেন অধিক মাত্রায় সহ্য হয়। পুরাতন মূত্রযন্ত্র ও মস্তিষ্কের কোন কোন পীড়ায় ও তরুণ ফুস্ফুস্ ও শ্বাসনলীর প্রদাহে বিশেষ সতর্কতার সহিত অহিফেন প্রয়োগ করা উচিত।

২য়। অভ্যাস। অভ্যাসবশতঃ অনেকে অধিক পরিমাণ অহিফেন সহ্য করিতে পারে। কিন্তু সেই সকল রোগী আবার কিছু দিনের জন্য অহিফেন সেবন বন্ধ করিয়া, পুনরায় পূর্ব্বের ন্যায় অধিক মাত্রায় সেবন করিলে, বিষ ক্রিয়া প্রকাশ পাইতে পারে।

অহিফেন ঘটিত উপক্ষার সমূহের সাধারণ ক্রিয়া।

১ম। থিবেইনি (Thebaine)। ইহা সেবন দ্বারা ধনুষ্টঙ্কারের ন্যায় লক্ষণ প্রকাশ পায়।

২য়। মর্ফাইনি (Morphine)। ইহার নিদ্রাকারক ও আক্ষেপ-নাশক গুণ আছে। বেদনানিবারণ ও নিদ্রাকরণের জন্য ইহা বিশেষ ব্যবহৃত হয়।

৩য়। ক্রিপ্‌টোপাইনি (Cryptopine)। ইহার গুণ মর্ফিয়ার ন্যায়, কিন্তু ইহা অপেক্ষা মৃদু।

৪র্থ। কোডাইনি (Codeine)। ইহার বেদনা নিবারক ও নিদ্রা-কারক গুণ নাই। ইহা সেবনে প্রস্রাবের পরিমাণ হ্রাস হয়।

৫ম। নার্সিনি (Narceine)। ইহার মাদকতা শক্তি মর্ফিয়া অপেক্ষা অধিক। মাত্রা ১ গ্রেণ্।

৬ষ্ঠ। প্যাপাভারিনি (Papaverine)। ইহারও মাদকতা ও নিদ্রা-কারক গুণ আছে। সেবনের জন্য ৷৹—১ গ্রেণ্ এবং চর্ম্মনিম্নে পিচকারীর জন্য ।৹—৷৹ গ্রেণ্।

৭ম। মিকোনাইনি (Meconine)। ইহা অল্প পরিমাণে নিদ্রাকারক। চর্ম্মনিম্নে পিচকারীর দ্বারা ব্যবহার জন্য মাত্রা ॥৹—২ গ্রেণ্।

৮ম। নার্কোটাইনি (Narcotine)। ইহার মাদকতা গুণ নাই, কেবল পর্য্যায়নিবারক বলিয়া ব্যবহৃত হয়।

৯ম। এপোমর্ফাইনি (Apomorphine)। ইহাতে অহিফেনের কোন গুণ নাই। ইহা সেবনে বমন হয়। সেবনের মাত্রা ১/১০—১/৫ গ্রেণ্। চর্ম্মনিম্নে পিচকারীর জন্য ইহার দ্রবের মাত্রা ২—৮ মিং ১/২০—১/১০ গ্রেণ।

এপোমর্ফাইনি হাইড্রোক্লোরাস্ (Apomorphinæ Hydrochloras)। প্রতিসংজ্ঞা। এপোমর্ফিয়ি হাইড্রোক্লোরাস্।

প্রস্তুত করণ। মর্ফাইন্ বা কোডেইন্, লবণদ্রাবক সহযোগে রুদ্ধ নল-মধ্যে রাখিয়া উত্তপ্ত করিলে ইহা প্রস্তুত হয়।

স্বরূপ ও রাসায়ণিক তত্ত্ব। ক্ষুদ্র, ধূসর মিশ্রিত শ্বেতবর্ণ, উজ্জ্বল, সূচ্যাকার দানাবিশিষ্ট, আলোক ও বায়ুতে রাখিলে হরিদ্বর্ণ হয়; গন্ধবিহীন।

ক্রিয়া। বমনকারক। প্রয়োগ করিবার ৫।৭ মিনিটের মধ্যেই বমন হইয়া থাকে। যে স্থলে বিষভোজী রোগী সংজ্ঞাহীন, কোন বমনকারক ঔষধ গিলিতে অক্ষম, অথচ সে রোগীকে বমন করান বিশেষ আবশ্যক, তথায় চর্ম্মমধ্যে ইহার হাইপোডার্ম্মিক প্রয়োগ করিলে শীঘ্র বমন হইয়া থাকে।

প্রয়োগরূপ। ইঞ্জেক্‌শিয়ো এপোমর্ফাইনি হাইপোডার্ম্মিকা (Injectio

Apomorphinæ Hypodermica)। হাইড্রোক্লোরেট্ অব্ এপোমর্ফাইন্ ২ গ্রেণ, ক্যাম্ফর ওয়াটার ১০০ মিং। চর্ম্মনিম্নে পিচকারীর মাত্রা ২—৮ মিং।

১০ম। এপোকোডেইনি (Apocodeine)। ইহার ক্রিয়া এপোমর্ফাইনের ন্যায়, কিন্তু মৃদু।

১১শ। মেকোনিক্ এসিড্ (Meconic Acid)। ইহার নিদ্রাকারক গুণ আছে, কিন্তু, অতি মৃদু।

অহিফেন দ্বারা বিষাক্ত হইলে, প্রথমতঃ সলফেট্ অব্ জিঙ্ক, ইপিকাক্, সলফেট্ অব্ কপার প্রভৃতি বমনকারক ঔষধ দ্বারা বমন করাইবে ও ষ্টমাক্-পম্প দ্বারা পুনঃপুনঃ পাকাশয় ধৌত করিয়া বিষ উত্তোলন করিবে ও যে পর্য্যন্ত না পাকাশয় হইতে স্বচ্ছ অহিফেনের গন্ধহীন জল নির্গত হয়, তৎক্ষণ এইরূপ প্রক্রিয়া করিতে থাকিবে। রোগীর মস্তকে ক্রমাগত শীতল বারি-ধারা সিঞ্চন করিতে থাকিবে এবং উহাকে কোনও মতে নিদ্রা যাইতে দিবে না। দুইজন লোকে উহাকে ধরিয়া ক্রমাগত গৃহ মধ্যে ভ্রমণ করাইবে। উষ্ণ কফি ও চা ক্রমাগত রোগীকে সেবন করাইবে। অবসন্নাবস্থায় এমোনিয়া, ব্রাণ্ডি, প্রভৃতি উত্তেজক ঔষধ ব্যবস্থা করিয়া রোগীর জীবনীশক্তি উন্নত করিবে। শ্বাস রোধের উপক্রম দেখিলে কৃত্রিম্ শ্বাসক্রিয়া অবলম্বন করিবে।

রিয়াডস্ পেটালা (Rhœados Petala), ইং (Red Poppy Petals) ইহা প্যাপাভারেসি জাতীয় প্যাপেভার্ রিয়স্ নামক ঔষধির সরস পুষ্পদল।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। উজ্জ্বল লোহিত বর্ণ, অহিফেনের গন্ধযুক্ত; জলে সিদ্ধ করিলে লোহিত বর্ণ হয়, আবার ঐ জলে ক্ষার বা লৌহ সংযোগে সঙ্কোচক বিধায় কৃষ্ণ বর্ণ হয়।

ক্রিয়া। অহিফেনের ন্যায় উত্তেজক ও মাদক। কিন্তু ইহার মাদকতা-শক্তি অহিফেন অপেক্ষা মৃদু। বিবিধ ঔষধের বর্ণ করিবার জন্য ইহা ব্যবহৃত হয়।

প্রয়োগ রূপ। সাইরপস্ রিয়াডস্ (Syrupus Rhœados)। রেড্ পপীর সরস পুষ্পদল ১৩ আং, বিশুদ্ধ শর্করা ২১০ পৌং, পরিস্রুত জল ১ পাং, শোধিত সুরা ২।০ আং। মাত্রা ১ ড্রাম।

ক্রুসিফারি (Cruciferæ) জাতি।

সর্ষপ। (Sinapis); ইং (Mustard)। ফার্ম্মাকোপিয়ায় শ্বেত ও কৃষ্ণ দুই প্রকার সর্ষপ ব্যবহৃত হয়।

ইহারা ক্রুসিফারি জাতীয় সিনেপিস্ এ্যাল্বা এবং সিনেপিস্ নাইগ্রা নামক বৃক্ষের বীজ চূর্ণীকৃত ও একত্রে মিশ্রিত।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। ক্ষুদ্র ক্ষুদ্র শ্বেত ও কৃষ্ণবর্ণ দানা। সর্ষপ হইতে এক প্রকার স্থায়ী তৈল এবং মাইরোসিন্ নামক পদার্থ পাওয়া যায়। ইহা ভিন্ন কৃষ্ণ সর্ষপে মাইরোনিক্ এসিড্ আছে।

সর্ষপ চূর্ণে জল মিশ্রিত করিলে ইহার মাইরোসিন্ ও মাইরোনিক্ এসিড্ একত্রিত হইয়া অস্থায়ী তৈল উৎপাদন করে। শ্বেত সর্ষপে সলফোসিনেপিস্ নামক পদার্থ ও একপ্রকার উগ্র গাঢ় তৈলবিশেষ পাওয়া যায়।

ক্রিয়া। ইহা উত্তেজক। অধিক মাত্রায় আভ্যান্তরিক প্রয়োগে ইহা দ্বারা শীঘ্র বমন উপস্থিত হয়, এই নিমিত্ত বিষাক্ত পদার্থ বমন করাইবার জন্য ইহা ব্যবহৃত হয়। অল্প মাত্রায় আগ্নেয়। বাহ্যপ্রয়োগে উগ্রতাসাধক। অধিকক্ষণ রাখিলে ফোস্কা উৎপাদন করে।

আময়িক প্রয়োগ। সর্ষপের পলস্ত্রা প্রত্যুগ্রতা সাধনার্থ বা পুল্টিস্রূপে বিবিধ রোগে, যথা, শ্বাসনলী, ফুস্ফুস্ ও ফুস্ফুসাবরণের প্রদাহে ব্যবহৃত হয়। পাকাশয়ের উগ্রতা প্রযুক্ত বমন নিবারণার্থ ইহার পলস্ত্রা বিশেষ উপকারী। মাত্রা অর্দ্ধড্রাম। ঈষদুষ্ণ জলের সহিত ব্যবহার করিবে।

প্রয়োগরূপ। ১ম। ক্যাটাপ্লাজমা সিনেপিস্ (Cataplasma Sinapis)। সর্ষপ চূর্ণ ২।০ আং, তিসির খলি ২॥ আং, ফুটিত জল ও জল, প্রত্যেকে, যথা প্রয়োজন। ইহাকে সর্ষপের পুল্টিস্ কহে।

২য়। চার্টা সিনাপিস্ (Charta Sinapis)। সর্ষপ চূর্ণ ১ আং, সলিউসন্ অব্ গটাপার্চা ২ আং বা যথা প্রয়োজন।

৩য়। লিনিমেন্টম্ সিনাপিস্ কম্পোজিটম্ (Linimentum Sinapis Compositum)। সর্ষপের তৈল ১ ড্রাম, ইথিরিয়েল্ এক্সট্রাক্ট্ অব্ মেজেরিয়ন্ ৪০ গ্রেণ, কর্পূর ১২০ গ্রেণ, ক্যাষ্টর অয়েল্ ৫ ড্রাম, রেক্টিফাইড্ স্পিরিট্ ৮ আং।

মেকেরিয়ান এবং কর্পূর স্পিরিটে প্রথমে দ্রব করিবে, পরে ইহাতে সর্ষপের তৈল ও ক্যাষ্টর অয়েল্ মিশ্রিত করিবে।

৪র্থ। ওলিয়ম্ সিনাপিস্ (Oleum Sinapis)। কৃষ্ণ সর্ষপ হইতে চুয়াইয়া প্রস্তুত তৈল। ইহা লিনিমেণ্টম্ সিনাপিস্ কম্পোজিটম্ প্রস্তুত করিতে ব্যবহৃত হয়।

আর্ম্মোরেসিয়ি র‍্যাডিক্স (Armoraciæ Radix) ইং (Horseradish Root)। ক্রুসিফারি জাতীয় ককলেরিয়া আর্ম্মোরেসিয়া নামক বৃক্ষের সরস মূল।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। দীর্ঘ নলাকার অর্দ্ধইঞ্চ হইতে ১ ইঞ্চ ব্যাস, ঈষদুগ্র কটু আস্বাদ ও উগ্রযুক্ত; ইহাতে এক প্রকার বায়ী তৈল পাওয়া যায়।

ক্রিয়া সর্ষপের ন্যায়। ঔষধার্থ ইহা প্রায় ব্যবহৃত হয় না।

প্রয়োগরূপ। স্পিরিটস্ আর্ম্মোরেসিয়ি কম্পোজিটস্ (Spiritus Armoraciæ Compositus)। হর্সর‍্যাডিসরুট্ কুট্টিত, তিক্ত কমলার ত্বক প্রত্যেকে ২০ আং, জায়ফল কুট্টিত ½০ আং, প্রুফ্ স্পিরিট্ ১ গ্যালন, জল ৩ পাইণ্ট মিশ্রিত করিয়া ১ গ্যালন্ চুয়াইয়া লইবে। মাত্রা ১—২ ড্রাম।

পলিগ্যালেসি (Polygalacæ) জাতি।

সেনেগি র‍্যাডিক্স্ (Senegæ Radix); ইং (Senega Root); পলিগ্যালেসি জাতীয় পলিগেলা সেনেগা নামক বৃক্ষের শুষ্ক মূল। উত্তর অমেরিকায় জন্মে।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। বক্রগ্রন্থিলস্থূল, ঊর্দ্ধভাগ স্থূল ও নিম্নভাগ সরু ও বক্র, বাহ্য বল্কল পীত ও পাটল বর্ণ, ঈষৎ মিষ্ট ও উগ্র কটু আস্বাদ।

ইহাতে সেনেগিন্ নামক বীর্য্য ও পলিগ্যালিক্ এসিড্ পাওয়া যায়।

ক্রিয়া। ইহা শ্লৈষ্মিক ঝিল্লির উত্তেজক, কফনিঃসারক, ঘর্ম্মকারক, মূত্রকারক, রজোনিঃসারক। ব্রঙ্কিয়েল টিউবের পৈশিক বিধানে বল প্রদান করে।

আময়িক প্রয়োগ। হুপিংকফ্, ব্রঙ্কাইটিস্, পুরাতন নিউমোনিয়া প্রভৃতি রোগে কফনিঃসরণার্থ ব্যবহৃত হয়। ইহার রজোনিঃসারক গুণ থাকা

প্রযুক্ত বাধকবেদনায় ব্যবহৃত হয়। মূত্রকারক বলিয়া মূত্রযন্ত্রের পীড়া বশতঃ উদরী (Dropsy) রোগে বিশেষ উপকার করে। ইহা সেবনে হৃৎপিণ্ডের দ্রুততার হ্রাস হয়। হৃৎপিণ্ডের হৃদগহ্বর বিস্তৃতি (Dilated Cavities) রোগে ইহা ডিজিট্যালিসের ন্যায় উপকারী। ইহা কার্ব্বনেট্ অব্ এমোনিয়ম্, স্কুইল্ প্রভৃতি মূত্রকারক ও কফনিঃসারক ঔষধের সহিত ব্যবহৃত হয়।

প্রয়োগরূপ। ১ম। ইন্‌ফিউসম্ সেনেগি (Infusum Senegæ)। সেনেগা রূট ২০ নং চূর্ণ ।০ আং, স্ফুটিত পরিশ্রুত জল ১০ আং। আবৃত পাত্রে অর্দ্ধ ঘণ্টা কাল ভিজাইয়া ছাঁকিয়া লইবে। মাত্রা ১—২ আং।

২য়। টিংচ্যুরা সেনেগি (Tinctura Senegæ)। সেনেগা রূট্ ৪০ নং চূর্ণ ২।০ আং, প্রুফ্ স্পিরিট্ ১ পাং। যথাবিধি পার্কোলেসন্ দ্বারা প্রস্তুত করিবে। মাত্রা ।০—২ ড্রাম।

ক্র্যামেরিয়ি র‍্যাডিক্স (Krameriæ Radix) ইং (Rhatany Root)।

পলিগেলেসি জাতীয় পেরুভিয়ান্ র‍্যাটানি, ক্র্যামেরিয়াট্রায়েণ্ড্রা, বা সেভেনিলা র‍্যাটানি, ক্র্যামেরিয়া ইক্সিনা নামক গুল্মের শুষ্ক মূল। মার্কিন খণ্ডে জন্মে।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। পেরুভিয়ান্ র‍্যাটানি শাখাবিশিষ্ট বা শাখাবিহীন খণ্ড সকল, ইহাদের দৈর্ঘ ও স্থূলতা বিভিন্ন প্রকার। ইহাদের বল্কল সহজেই ছাড়ান যায়। বাহ্যদিকে ঘোর রক্তাভ পিঙ্গলবর্ণ।

অসম্মিলন। দ্রাবক, চূনের জল, লৌহঘটিত লবণ, সীসশর্করা, আয়োডিন্ ও জেলেটিন্ সংযুক্ত লবণ।

ক্রিয়া। প্রবল সঙ্কোচক।

আময়িক প্রয়োগ। আমাশয় ও রক্তামাশয় রোগে ইহা সেবনে উপকার পাওয়া যায়। ইহার কুল্ল ও পিচ্‌কারী, গলক্ষত, প্রদর, মলদ্বার বহির্গমন ইত্যাদি রোগে প্রয়োগ করা যায়।

প্রয়োগরূপ। ১ম। এক্‌ট্রাক্টম্ ক্র্যামেরিয়ি (Extractum Krameriæ)।

র‍্যাটানি রুট্ ৪০ নং চূর্ণ ১ পৌং, পরিশ্রুত জল যথাপ্রয়োজন। মাত্রা ৫—২০ গ্রেণ।

২য়। ইন্‌ফিউসম্ ক্র্যামেরিয়ি (Infusum Krameriæ)। র‍্যাটানি রুট্ ৪০ নং চূর্ণ ৷৶ আং, স্ফুটিত পরিশ্রুত জল ১০ আং। আবৃত পাত্রে অর্দ্ধ ঘণ্টা কাল ভিজাইয়া ছাঁকিয়া লইবে। মাত্রা ১—২ আং।

৩য়। টিংচুরা ক্র্যামেরিয়ি (Tinctura Krameriæ) র‍্যাটানি রুট্ ৪০ নং চূর্ণ ২৷০ আং; প্রুফ্ স্পিরিট্ ১ পাং। পার্কোলেসন্ দ্বারা যথাবিধি অরিষ্ট প্রস্তুত করিবে। মাত্রা ৷০—২ ড্রাম।

পলভিস্ ক্যাটিকিউ কম্পোজিটস্ প্রস্তুত করিতে ইহার আবেশ্যকতা হয়।

লাইনেসিয়ি (Linaceæ) জাতি।

তিসি (Lini Semina); ইং (Linseed)। লাইনেসিয়ি জাতীয় লাইনাই ইউসিটাটিস্‌সিমম্ নামক ঔষধীর শুষ্কীকৃত পক্ক বীজ।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। ক্ষুদ্র, মসৃণ, উজ্জ্বল পাটলবর্ণ বীজ, গন্ধবিহীন মণ্ড।

ক্রিয়া। স্নিগ্ধকারক।

আময়িক প্রয়োগ। মূত্রযন্ত্রের ও মূত্রাশয়ের শ্লৈষ্মিক ঝিল্লির বিবিধ রোগে উগ্রতা দমনার্থ ইহার ক্বাথ উপকারক।

প্রয়োগরূপ। ১ম। ইন্‌ফিউসম্ লাইনাই (Infusum Lini)। তিসি ১৫০ গ্রেণ; শুষ্ক যষ্টিমধু ২০ নং মূল চূর্ণ ৫০ গ্রেণ, স্ফুটিত পরিশ্রুত জল ১০ আং। আবৃত পাত্রে ২ ঘণ্টা কাল ভিজাইয়া, ছাঁকিয়া লইবে।

২য়। লাইনাই ফেরিনা (Lini Farina); বাং তিসি চূর্ণ।

৩য়। ওলিয়ম্ লাইনাই (Oleum Lini)। বৃটিশ্ রাজ্যে তিসিকে নিষ্পীড়িত করিয়া, এই তৈল প্রস্তুত করা হয়।

৪র্থ। ক্যাটাপ্লাজ্‌মা লাইনাই (Cataplasma Lini)। তিসির খলি চূর্ণ ৪ আং, স্ফুটিত জল ১০ আং।

ম্যাল্‌ভেসিয়ি (Malvaceæ) জাতি।

তুলা (Gossypium); ইং (Cotton)।

ম্যাল্‌ভেসিয়ি জাতীয় গসিপিয়ম্‌, হার্‌বেসিয়ম্‌ গসিপিয়ম্‌ বার্বেডেন্‌সি ও অন্যান্য প্রকার গসিপিয়ম্‌ বৃক্ষের বীজ সংলগ্ন সূত্রময় পদার্থ।

স্বরূপ। সূত্র সকল শ্বেতবর্ণ, সূক্ষ্ম, নলাকার কোষনির্ম্মিত, গন্ধাস্বাদ বিহীন, জলে সহজে ভিজিয়া যায়।

ব্যবহার। দগ্ধক্ষত ও 'ব্লস্‌টার' ক্ষতে প্রদাহ নিবারণার্থ এবং বাত ও গাউট্‌ রোগে আবরকরূপে ব্যবহৃত হয়।

প্রয়োগরূপ। পাইরক্সিলিন্‌ (Pyroxylin); ইং (Gun Cotton) কটন্‌উল্‌ ১ আং; গন্ধকদ্রাবক ও যবক্ষার দ্রাবক, প্রত্যেকে, ৫ আং।

প্রয়োগরূপ। ১ম। কলোডিয়ম্‌ (Collodium), ইং (Collodion) । পাইরক্সিলিন্‌ ১ আং, ইথার্‌ ৩৬ আং, শোধিত সুরা ১২ আং।

প্রথমে ইথার্‌ ও শোধিত সুরা একত্রে মিশ্রিত করিবে। পরে, উহার সহিত পাইরক্‌সিলিন্‌ মিশ্রিত করিয়া, বোতল মধ্যে রাখিয়া দিবে।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। ইহা ভয়ানক অগ্নিদাহ্য তরল পদার্থ ইথারের গন্ধযুক্ত, অল্পক্ষণ মাত্র বায়ুতে রাখিলে, শুষ্ক হইয়া ঐ স্থানে একটী দাগ পড়ে।

১। কলোডিয়ম্‌ ফ্লেক্সাইল্‌ (Collodium Flexile) কলোডিয়ম্‌ ১২ আং, ক্যানেডা বাল্‌সম্‌ ॥০ আং, এরণ্ড তৈল ।০ আং; মিশ্রিত করিয়া বোতল মধ্যে ছিপি বন্ধ করিয়া রাখিবে।

কলোডিয়ম্‌ ভেসিক্যান্স্‌ (Collodium Vesicans) ইং (Blistering Collodion)। ব্লিষ্টারিং লিকুইড্‌ ২০ আং, পাইরক্সিলিন্‌ ১ আং। একত্র করিয়া, বোতল মধ্যে ছিপি বন্ধ করিয়া রাখিবে।

ব্যবহার। ইহা চর্ম্মের উপর লাগাইলে, ইথার্‌ উড়িয়া যাইয়া চর্ম্মের উপর একখানি পাতলা স্বচ্ছ সরের ন্যায় পদার্থ পড়িয়া থাকে। এ কারণ, কাটা ও প্রদাহযুক্ত স্থানে ও বিবিধ চর্ম্মরোগ,—যথা, বসন্ত, চুচুক ক্ষত প্রভৃতির উপর আবরক স্বরূপ ব্যবহৃত হয়। জলৌকা দংশিত স্থান হইতে রক্ত রোধার্থ ইহা উপযোগী। কলোডিয়ান্‌ ভেসিক্যান্স্‌ দুইটি উদ্দেশ্যে ব্যবহৃত হয়। যথা—১ম। শরীরে ইহা শীঘ্র শোষিত হয়। ২য়। ইহা যতদূর লাগান যায়, তাহার অধিক বিস্তৃত হয় না।

অর‍্যান্‌সিয়েসি (Aurantiaceæ) জাতি।

অর‍্যান্‌সিয়াই ফ্রুক্টস্ (Aurantii Fructus)। অর‍্যান্‌সিয়েসিয়ি জাতীয় সাইট্রস্ ভল্গেরিস্ নামক বৃক্ষের পক্ব ফল। ইউরোপের দক্ষিণ খণ্ডে জন্মে।

অর‍্যান্‌সিয়াই কর্টেক্স (Aurantii Cortex) ; ইং (Bitter Orange Peel) বাং তিক্ত কমলা লেবুর শুষ্ক ত্বক্।

ত্বক্ সুন্দর, তিক্ত আস্বাদ ও সুগন্ধযুক্ত। ইহা হইতে এক প্রকার বায়ী তৈল, হেস্পেরেডিন্ নামক তিক্ত সার এবং অল্প মাত্রায় গ্যালিক্ এসিড্ প্রাপ্ত হওয়া যায়।

ত্বকের প্রয়োগ রূপ। ১ম। ইন্‌ফিউসম্ অর‍্যান্‌সিয়াই (Infusum Aurantii)। তিক্ত কমলালেবুর ত্বক্ ॥০ আং, স্ফুটিত পরিশ্রুত জল ১০ আং। আবৃত পাত্রে ১৫ মিনিট কাল ভিজাইয়া, ছাঁকিয়া লইবে। মাত্রা ১—২ আং।

২য়। ইন্‌ফিউসম্ অর‍্যান্‌সিয়াই কম্পোজিটম্ (Infusum Aurantii Compositum)। তিক্ত কমলালেবুর ত্বক্ খণ্ড খণ্ড ।০ আং, সরস জম্বীর ত্বক্ খণ্ড খণ্ড ৫৬ গ্রেণ, লবঙ্গ কুট্টিত ২৮ গ্রেণ, স্ফুটিত পরিশ্রুত জল ১০ আং। আবৃত পাত্রে ১৫ মিনিট কাল ভিজাইয়া, ছাঁকিয়া লইবে। মাত্রা ১—২ আং।

৩য়। সাইরূপস্ অর‍্যান্‌সিয়াই (Syrupus Aurantii)। টিংচ্যার অব্ অরেঞ্জপিল্ ১ আং, সিরাপ্ ৭ আং। মিশাইয়া লইবে। মাত্রা ১ ড্রাম। কন্‌ফেক্‌শিয়ো সল্‌ফিউরিস্ প্রস্তুত করিতে ইহা ব্যবহৃত হয়।

৪র্থ। টিংচ্যুরা অর‍্যান্‌সিয়াই (Tinctura Aurantii)। তিক্ত কমলার ত্বক্ খণ্ড খণ্ড কুট্টিত ২ আং, পরীক্ষিত সুরা ১ পাং। সপ্তাহ কাল ভিজাইয়া ছাঁকিয়া লইয়া, ১ পাং পূর্ণ করিবে। মাত্রা ১—২ ড্রাম। মিশ্চুরা ফেরি এরোমেটিকা, সাইরূপস্ অর‍্যান্‌সিয়াই ও টিংচ্যুরা কুইনি প্রস্তুত করিতে ইহা ব্যবহৃত হয়।

৫ম। টিংচ্যুরা অর‍্যান্‌সিয়াই রেসেন্টিস্ (Tinctura Aurantii

Recentis)। সরস তিক্ত কমলার ত্বক্ ৬ আং, শোধিত সুরা ১ পাং। মাত্রা ১—২ ড্রাম।

৬ষ্ঠ। ভাইনম্ অর‍্যান্সিয়াই (Vinum Aurantii) ইহাতে শতকরা ১২ ভাগ সুরা আছে। বৃটন্ রাজ্যে শর্করা মিশ্রিত সরস কমলার ত্বক্ উৎসেচন দ্বারা প্রস্তুত হয়। মাত্রা ১—ড্রাম।

একোয়া অর‍্যান্সিয়াই ফ্লোরিস্ (Aqua Aurantii Floris); সাইট্রস্ ভল্গেরিস্ ও সাইট্রস্ অরেন্সিয়ম্ বৃক্ষের পুষ্প হইতে চুয়াইয়া এই জল প্রস্তুত করা হয়।

প্রয়োগরূপ। সাইরূপস্ অর‍্যান্সিয়াই ফ্লোরিস্ (Syrupus Aurantii Floris)। অরেঞ্জ্ ফ্লাউয়ার্ ওয়াটার্ ৮ আং, বিশুদ্ধ শর্করা ৩ পৌং, পরিশ্রুত জল ১৬ আং। মাত্রা ১ ড্রাম।

ক্রিয়া। সুগন্ধযুক্ত, তিক্ত ও আগ্নেয়. অন্যান্য ঔষধের কদর্য্য আস্বাদ দূর করিতে ইহা অনুপান স্বরূপ ব্যবহৃত হয়।

লাইমোনিস্ কর্টেক্স (Limonis Cortex) অরেন্সিয়েসিয়ি জাতীয় সাইট্রস্ লাইমোনম্ নামক বৃক্ষের ফলের ত্বক্।

প্রয়োগরূপ। ১ম। ওলিয়ম্ লাইমোনিস্ (Oleum Limonis) সরস লেবুর ত্বক্ হইতে চুয়াইয়া নিষ্পীড়িত ও পরিশ্রুত করিয়া এই তৈল প্রস্তুত হয়। মাত্রা ১—৪ মিনিম্।

২য়। লাইমোনিস সক্কস (Limonis Succus) ইং (Lemon Juice); সাইট্রস্ লাইমোনম্ নামক বৃক্ষের পক্ক ফলকে নিষ্পীড়িত করিয়া এই রস পাওয়া যায়। লেবুর ত্বক্ হইতে বায়ী তৈল ও হেস্পারেডিন্ নামক তিক্ত পদার্থ এবং কিঞ্চিৎপরিমাণ সাইট্রিক্ এসিডও পাওয়া যায়। মাত্রা ১—২ ড্রাম।

প্রয়োগরূপ। ১ম। সাইরূপস্ লাইমোনিস (Syrupus Limonis)। সরস লেবুর ত্বক্ ২ আং, লেমন জুস ১ পাং, বিশুদ্ধ শর্করা ২।০ পৌং। অগ্নি তাপে জম্বীর রসকে ফুটাইয়া লইয়া,জম্বীর ত্বক্ সহ তাহা আবৃত পাত্রে রাখিয়া দিবে। শীতল হইলে, তাহা ছাঁকিয়া, উত্তাপে শর্করাকেদ্রব করিবে। মাত্রা ১ ড্রাম। লাইকর ম্যাগনেসিয়াই সাইট্রেটিস্ প্রস্তুত করিতে ইহার আবশ্যক হয়।

২য়। টিংচ্যুরা লাইমোনিস্ (Tinctura Limonis)। সরস লেবুর ত্বক্ খণ্ড খণ্ড ২৷৷০ আং, পরীক্ষিত সুরা ১ পাং। সপ্তাহ কাল আবৃত পাত্রে ভিজাইয়া, নিঙড়াইয়া ছাঁকিয়া লইয়া, পরীক্ষিত সুরায় ১ পাং পূর্ণ করিবে। মাত্রা ৷৷০—২ ড্রাম।

ইনফিউসম্ অরেঞ্জ্ পিল্ ও কম্পাউণ্ড ইনফিউসম্ অব্ জেন্সিয়ান প্রস্তুত করিতে বিটার অরেঞ্জ্ পিল্ ব্যবহৃত হয়।

ক্রিয়া। জম্বীর ত্বক্ সুগন্ধযুক্ত ও আগ্নেয়। ইহার বাষ্পীতৈল উত্তেজক ও বায়ুনাশক। ইহার তৈল, বাহ্য প্রয়োগে উত্তেজক ও উগ্রতাসাধক। ইহার রস শৈত্যকারক ও স্কার্ভিনাশক।

আময়িক প্রয়োগ। স্কার্ভি ও বাত রোগে ইহা সেবনে বিশেষ উপকার পাওয়া যায়।

বেলিফ্ রুক্টস্ (Belæ Fructus)। অর‍্যান্সিয়েসিয়ি জাতীয় ঈগল মার্শ্মেলস্ নামক বৃক্ষের শুষ্কীকৃত অর্দ্ধপক্ব ফল। ভারতবর্ষে জন্মে। ইহার শসোতে ট্যানিক্ এসিড্, তিক্ত সার, শর্করা ও উদ্ভিদ্ অম্ল এবং তৈল বিশেষ পাওয়া যায়। এ ভিন্ন বালসাম্ অব পেরুর ন্যায় ইহাতে এক প্রকার দ্রব্যও পাওয়া যায়।

ক্রিয়া। মৃদু বিরেচক, সঙ্কোচক ও পোষক।

আময়িকপ্রয়োগ। কোষ্ঠবদ্ধ, অতিসার, উদরাময়াদি রোগে উপকারী।

প্রয়োগরূপ। এক্সট্রাক্টম্ বেলি লিকুইডম্ (Extractum Belæ Liquidum)। বেল খণ্ড খণ্ড ১ পৌং, পরিস্রুত জল ১২ পাং, শোধিত সুরা ৩ আং। প্রতিবার ৪ পাং জলে বেলকে ১২ ঘণ্টা হিসাবে তিন বার ভিজাইয়া, তিন বার ছাঁকিবে। পরে, সমুদয়কে একত্র করিয়া, ছাঁকিয়া, গাঢ় করতঃ ১৪ আং করিবে। মাত্রা ১—২ ড্রাম।

ক্রিয়া। সঙ্কোচক ও মৃদুবিরেচক।

ব্যবহার। উদরাময় ও রক্তামাশয় রোগে উপকারী।

বিট্নারিয়েসিয়ি (Byttneriaceæ) জাতি।

ওলিয়ম্ থিওব্রোমেটিস্ (Oleum Theobromatis) ইং (Oil of Theobroma)। প্রতিসংজ্ঞা। কেকোওবটার (Cocao-Butter)।

বিট্নারিয়েসি জাতীয় থিওব্রোমা ক্যাকোয়া নামক বৃক্ষের ফলের বীজ নিষ্পীড়ন করিয়া যে ঘন তৈল পাওয়া যায়।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। ঈষৎ পীতবর্ণ, বসার ন্যায় ঘন পদার্থ, বিশেষ গন্ধযুক্ত।

ক্রিয়া। স্নিগ্ধকারক, পোষক। ফার্ম্মাকোপিয়ায় সপোজিটোরিয়া প্রস্তুত করিতে ব্যবহৃত হয়।

সপিণ্ডেসিয়ি (Sapindaceæ) জাতি।

গোয়ারানা (Guarana)। সপিণ্ডেসি জাতীয় পোলিনিয়া সর্ব্বিলিস্ নামক বৃক্ষের বীজকে ভাজিয়া, জলসহযোগে বাটিয়া, শুষ্ক করিয়া, প্রস্তুত হয়। ব্রেজিল দেশে জন্মে।

চোকোলেটের ন্যায় গন্ধযুক্ত, তিক্ত কষায় আস্বাদ, জলে ও ইথারে দ্রব হয়। ইহাতে গোয়ারানি বা কাফিন্ বীর্য্য পাওয়া যায়। ইহা ভিন্ন ইহাতে গঁদ, ট্যানিক্ এসিড্ ও ষ্টার্চ পাওয়া যায়।

ক্রিয়া। কাফিনের ন্যায়।

ব্যবহার। মাইগ্রেণ্ (Migraine) রোগে ইহা দ্বারা বিশেষ উপকার পাওয়া যায়। ইহা সঙ্কোচকবিধায় উদরাময় ও আমাশয় রোগে কেহ কেহ ব্যবহার করিয়া থাকেন। মাত্রা ১৫—৩০ গ্রেণ্।

এরিথ্রক্সিলেসিয়ি (Erythroxylaceæ) জাতি।

কোকা (Coca)। এরিথ্রক্সিলন্ জাতীয় কোকা নামক বৃক্ষের শুষ্ক পত্র। দক্ষিণ আমেরিকায় জন্মে।

স্বরূপ। ক্ষুদ্র বৃন্তযুক্ত পত্র, অণ্ডাকার বা ভল্লাকার, পত্রের স্থূলতা ভিন্ন প্রকার, ১-২ ইঞ্চ বা অধিক দীর্ঘ। উপরিভাগ হরিদ্বর্ণ। মাত্রা ৩০—১২০ গ্রেণ্।

প্রয়োগরূপ। ১ম। এক্স্ট্রাক্টম্ কোকি লিকুইডম্ (Extractum Cocæ Liquidum) কোকা ৪০ নম্বর চূর্ণ ২০ আং, প্রুফ স্পিরিট্ ২০ আং প্রস্তুত করিতে যথা প্রয়োজন। মাত্রা ।০—২ ড্রাম।

২য়। কোকেইনি হাইড্রোক্লোরাস্ (Cocainæ Hydrochloras) এরিথ্রক্সিলন্ কোকা পত্র হইতে প্রাপ্ত লবণদ্রাবক সংযুক্ত উপক্ষার বিশেষ।

ইথার, কার্ব্বনেট্ অব্ সোডিয়ম্ ও লবণদ্রাবক একত্রে মিশ্রিত করতঃ আলোড়ন করিবে ও পরে উৎপাতিত করিবে, যাহা প্রস্তুত হইবে তাহাকে বর্ণহীন করতঃ লবণদ্রাবক সহযোগে সমক্ষারাম্ল করিয়া দানা বাঁধিয়া লইবে। মাত্রা ১/৫—১ গ্রেণ।

প্রয়োগরূপ। ১ম। ল্যামেলি কোকেইনি (Lamellæ Cocainæ); ইং (Discs of Cocaine)। গ্লিসিরিণ ও জিলোটিন্ সংযুক্ত ক্ষুদ্র ক্ষুদ্র চাক্তি। প্রত্যেক চাক্তি ওজনে ১/৫০ গ্রেণ ভারি ও ইহার প্রতি চাক্তিতে ১/২০০ গ্রেণ হাইড্রোক্লোরেট্ অব্ কোকেইন্ আছে।

২য়। লাইকার্ কোকেইনি হাইড্রোক্লোরেটিস্ (Liqr Cocainæ Hyhrochloratis)। হাইড্রোক্লোরেট্ অব্ কোকেইন্ ৩৩ গ্রেণ, স্যালিসিলিক্ এসিড্ ॥০ গ্রেণ, পবিশ্রুত জল ৬ ড্রাম পূর্ণ করিতে যথা প্রয়োজন। জল ফুটাইয়া, তাহাতে স্যালিসিলিক্ এসিড্, পরে, হাইড্রোক্লোরেট্ অব্ কোকেইন্ সংযোগ করিয়া, শীতল হইলে, প্রয়োজন মত তাহাতে জল দিয়া, নির্দ্দিষ্ট পরিমাণ পূর্ণ করিবে। মাত্রা ২—১০ মিং।

ইহার ক্রিয়া চা বা কাফির ন্যায়। ইহা চর্ব্বণ করিলে নার্ভাইন্ এবং মস্কিউলার টনিক স্বরূপ ক্রিয়া করে। শ্রমপটুতা বৃদ্ধি করে, ক্ষুধা তৃষ্ণা ও ক্লান্তির উপশম হয়। ইহা দ্বারা শরীর উত্তেজিত হইয়া উত্তাপ বৃদ্ধি করে। ধমনীর গতি বর্দ্ধিতকরতঃ, শ্বাসপ্রশ্বাস ক্রিয়াও বৃদ্ধি করে। কোকেইন্ আভ্যন্তরিক প্রয়োগে প্রথমে রক্তচাপের (Blood Pressure) বৃদ্ধি হয়, পরে উহার হ্রাস হয়। অধুনা ইহার উপকার সমূহ স্পর্শহারক বলিয়া বিশেষ ব্যবহৃত হয়। ইহার দ্রব জিহ্বায় লাগাইলে ঝিন্‌ঝিনি ধরিয়া অবশ হয়। চক্ষে লাগাইলে কঞ্জক্টাইভা অসাড় এবং কনীনিকা প্রসারিত হয়। ইহা সমবেদক (Sympathetic) স্নায়ুর শেষ সীমাকে উত্তেজিত করে। শ্লৈষ্মিক ঝিল্লির উপর ইহার উগ্র দ্রব লাগাইলেও স্পর্শশক্তির লোপ পায়। স্পর্শানুভব শক্তির লাঘব করিবার নিমিত্ত চর্ম্মনিম্নে পিচকারী দ্বারা ইহার প্রয়োগ হয়।

আময়িক প্রয়োগ। কোকা, হাঁপানি, পুরাতন ব্রঙ্কাইটিস্, যক্ষ্মা শারীরিক দুর্ব্বলতা, অজীর্ণ প্রভৃতি রোগে ইহা বিশেষ রূপে ব্যবহৃত হয়। ইহা

স্ফূর্ত্তিজনক এই হেতু মেলান্‌কোলিয়ায় ব্যবহার্য্য। বহুমূত্র রোগের পিপাসা দমনার্থ ইহা ব্যবহার্য্য। জননেন্দ্রিয়ের দুর্ব্বলাবস্থায় ইহা ব্যবহৃত হয়। লেরিংস্‌ ও ফেরিংসের উত্তেজিত, প্রদাহিত ও গ্র্যানিউলার্‌ অবস্থায় ইহার এক্‌ষ্ট্রাক্ট্‌ জলে দ্রব করিয়া, লিনিমেণ্ট স্বরূপ ব্যবহার করা হয়। ভোক্যাল্‌ কর্ডের দুর্ব্বলতা কিম্বা শিথিলতা প্রযুক্ত স্বরভঙ্গে ইহার পুলটিস্‌ ব্যবহৃত হয়। এজ্‌মা উপশমিত করিবার জন্য ইহার পত্রের ধূম পান করা হয়। কোকেন্‌ ব্যবহারে চক্ষের সুপার্‌ফিসিয়াল্‌ স্নায়ুব স্পর্শহরণ, চক্ষুর কনীনিকা প্রসারণ এবং একমোডেসনের পক্ষাঘাত হইয়া থাকে। সেই জন্য, ক্যাটার‍্যাক্ট অপারেসনে এবং চক্ষু হইতে আগন্তুক বস্তু বহির্গত করণ ইত্যাদি নানা প্রকার অপারেসনে ইহা ব্যবহৃত হয়। চক্ষের জন্য শতকরা ২—৪ ভাগ দ্রব ব্যবহৃত হয়। পোড়া ঘায়ের চিকিৎসায় ইহার শতকরা ৪ ভাগ দ্রবে ক্ষতস্থান ধৌত করিয়া, ক্যারণ্‌ অয়েল্‌ বা বোরাসিক্‌ মলমের সহিত ইহা মিশ্রিত করিয়া, লিণ্ট্‌ কিম্বা তুলা দ্বারা প্রয়োগ করিবে। সর্দ্দি, লেরিঞ্জাইটিস্‌, ফেরিঞ্জাইটিস্‌ প্রভৃতি রোগে প্রাদাহিক শ্লৈষ্মিক প্রদেশের উত্তেজনা উপশমিত করিবার জন্য ইহার দ্রব স্প্রে-যন্ত্র দ্বারা ব্যবহৃত হয়। দন্ত চিকিৎসায় দন্ত শূলে ইহা ব্যবহার্য্য।

ক্যামেলিয়েসিয়ি (Camelliaceæ) জাতি।

চা (Thea) ইং; (Tea)। ক্যামেলিয়েসিয়ি জাতীয় ক্যামেলিয়া থিয়া নামক বৃক্ষের শুষ্কপত্র। চীন ও আসাম প্রদেশে জন্মে। ইহা বৃটিশ ফার্ম্মাকোপিয়ায় গৃহীত নহে। ইহাতে কাফিন্‌ নামক উপক্ষার এবং ট্যানিক্‌ এসিড্‌ ও একটী বায়বী তৈল পাওয়া যায়।

ক্রিয়া। উত্তেজক।

ইহা প্রয়োগে শ্বাস কষ্ট নিবারিত ও ক্ষুধা, তৃষ্ণা এবং ক্লান্তির উপশম হয়।

কাফিনা (Caffeina) প্রতিসংজ্ঞা। থিয়িনা, গোয়ারানিনা। চা কফি ও গোয়ারানা হইতে প্রাপ্ত উপক্ষার বিশেষ।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। বর্ণহীন, রেসমের ন্যায়, গন্ধবিহীন, সূচ্যাকার দানাবিশিষ্ট পদার্থ। ৮০ অংশ শীতল জলে দ্রব হয়। মাত্রা ১—৫ গ্রেণ।

প্রয়োগরূপ। কফিনি সাইট্রাস্ (Caffeinæ Citras)। কাফিন্ ১ আং, সাইট্রিক্ এসিড্ ১ আং পরিস্রুত জল ২ আং। জলে সাইট্রিক্ এসিড্ দ্রব ও উত্তপ্ত করিয়া তাহাতে আলোড়ন দ্বারা কাফিনা সংযোগ করতঃ, জলস্বেদন যন্ত্রোত্তাপে উৎপ্যাতিত করিয়া শুষ্ক ও চূর্ণ করিয়া লইবে।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। শ্বেতবর্ণ, গন্ধহীন চূর্ণ, অম্ল ও ঈষৎ তিক্ত আস্বাদ, অম্লগুণ বিশিষ্ট। ২ ভাগ ক্লোরোফরম্ ১ ভাগ শোধিত সুরার মিশ্রে দ্রবনীয়।

ক্রিয়া। ইহা ডিজিটেলিসের ন্যায় হৃৎপিণ্ডের বলবিধানে এবং ধামনিক চাপের বৃদ্ধি সাধিত করে।

ইহা ডিজিটেলিসের পরিবর্ত্তে কিম্বা তাহার সহিত ব্যবহার করা যায়। কিন্তু ইহা অপেক্ষাকৃত নিকৃষ্ট।

ইহা হৃৎপিণ্ডের বলকারক, আগ্নেয়, উত্তেজক ও মূত্রকারক। ইহা সেবনে প্রথমে স্নায়ুমূলকে উত্তেজিত করিয়া, পরে অবসাদক ক্রিয়া প্রকাশ করে। পেশীসূত্রের উপর ইহার ক্রিয়া প্রকাশ পায়। কখন কখন অল্প মাত্রায়, যথা—২।৩ গ্রেণ সেবনে মস্তকে ভারবোধ, দৃষ্টির বৈলক্ষণ্য, কর্ণে ভন্ ভন্ শব্দ, অনিদ্রা, অস্থিরতা প্রভৃতি কুলক্ষণ সকল দেখা যায়। মেডলা ও হৃৎপিণ্ডের স্নায়ুমূলের উপর ইহার উত্তেজকক্রিয়া প্রযুক্ত ইহা অল্প মাত্রায় শ্বাস প্রশ্বাস ও নাড়ী স্পন্দনের সংখ্যা দ্রুত করে। অধিক মাত্রায় সেবন করিলে, শ্বাস প্রশ্বাস ও নাড়ীস্পন্দনের অবসাদক ক্রিয়া প্রকাশ করে। ইহা দ্বারা প্রস্রাবের লাবণিক পদার্থ ও জলীয়াংশ বর্দ্ধিত হয়। ইহা মূত্রপিণ্ড ও যকৃতের ক্রিয়া উত্তেজিত করে এবং ইহা সেবনে প্রস্রাব ও পিত্তের পরিমাণ বৃদ্ধি হয়। ইহা অধিক মাত্রায় সেবন করিলে, ধনুষ্টঙ্কারের ন্যায় আক্ষেপ উপস্থিত হয়। অল্প মাত্রায় ইহা মূত্রকারক ও বলকারক।

আময়িক প্রয়োগ। কার্ডিএক্ ড্রপ্সিতে (Cardiac Dropsy) মূত্র করণার্থ ইহা প্রয়োগ করা হয়। কিন্তু ব্রাইট্স্ রোগ (Brights Disease) ঘটিত ড্রপ্সিতে ইহার ক্রিয়া প্রকাশ পায় না। বিবিধ স্নায়ুঘটিত শিরঃপীড়ায় ইহা সেবনে বিশেষ উপকার পাওয়া যায়। সেই জন্য, নিউর্যাল্জিয়া ও এমিনোরিয়া রোগে ইহা উপকারক। এপিলেপ্টিক্ ভার্টিগোতে (Epilep-

tic Vertigo) ইহা ১—৬ গ্রেণ মাত্রায় দিবসে ৩ বার দিলে, সেই রোগের আক্রমণ নিবারিত হয়। হেমিক্রেনিয়া রোগে ইহা দ্বারা বিশেষ উপকার হয়। মাত্রা ২—১০ গ্রেণ।

গ্যাটিফারি (Guttiferæ) জাতি।

ক্যাম্বোজিয়া (Cambogia); ইং (Gamboge); গ্যাটিফারি জাতীয় গার্সিনিয়া হন্‌বুরাই নামক বৃক্ষের গঁদ ও ধুনাযুক্ত ঘনীভূত রস। শ্যামদেশে জন্মে।

স্বরূপ। নলাকার বা পিণ্ডাকার, কঠিন, ভঙ্গুর পীতবর্ণ গঁদযুক্ত পদার্থ। ইহাতে শতকরা ৭০ অংশ ধুনা ও গঁদ পাওয়া যায়। মাত্রা ১—৪ গ্রেণ।

প্রয়োগরূপ। পাইল্যুলা কাম্বোজিয়ি কম্পোজিটা (Pilula Cambogiæ Composita)। গ্যাম্বোজ চূর্ণ ১ আং, বার্কেডোজ এলোজ চূর্ণ ১ আং, কম্পাউণ্ড পাউডার অব সিনামন ১ আং, হার্ডসোপ চূর্ণ ২ আং, সিরাপ যথাপ্রয়োজন। একত্রে উত্তমরূপে মর্দ্দন করতঃ বটিকা প্রস্তুত করিবে। মাত্রা ৫—১০ গ্রেণ।

ক্রিয়া। অতিবিরেচক এবং কৃমিনাশক। উদরী রোগে ক্রিম্ অব টার্টার সহ প্রয়োগে জলবৎ ভেদ হয়। অধিক মাত্রায় অন্ত্রস্থ শ্লৈষ্মিক ঝিল্লির উগ্রতা প্রকাশ করতঃ প্রদাহ উপস্থিত করিয়া, মৃত্যু ঘটাইতে পারে।

ক্যানেলেসিয়ি (Canellaceæ) জাতি।

ক্যানেলি কর্টেক্স (Canellæ Cortex)। ক্যানেলেসিয়ি জাতীয় ক্যানেলা এল্‌বা নামক বৃক্ষের ত্বক্। মার্কিন খণ্ডে জন্মে।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। খণ্ড খণ্ড বা নলাকারে গুটিকা, শ্বেতবর্ণ, গন্ধযুক্ত ও উগ্র তিক্ত আস্বাদ।

ক্রিয়া। উত্তেজক এবং বায়ুনাশক। এই বিধায় এটনিক্ ডিস্‌পেপ্‌সিয়ায় কুবার্কের সহিত প্রয়োগে বিশেষ উপকার পাওয়া যায়। ইহা ভাইনম্ রিয়াই প্রস্তুত করিতে ব্যবহৃত হয়। মাত্রা ১৫—৩০ গ্রেণ।

ভাইটেসিয়ি (Vitaceæ) জাতি।

কিস্‌মিস্ (Uvæ)। ভাইটেসিয়ি জাতীয় ভাইটিস্ ভাইনিফারা

নামক লতার শুষ্ক পক্বফল। কিস্‌মিসে দ্রাক্ষা শর্করা, এসিড্‌ টার্ট্রেট্‌ অব্‌ পটাশিয়ম্, টার্টারিক্‌ এসিড্‌ পাওয়া যায়। টিংচুরা কার্ডেমোমাই কম্পোজিটা এবং টিংচুরা সেনি প্রস্তুত করিতে ইহার আবশ্যকতা হয়।

ক্রিয়া। শৈত্যকারক, স্নিগ্ধকারক ও মৃদুবিরেচক।

জাইগোফিলেসিয়ি (Zygophyllaceæ) জাতি।

গোয়েসাই লিগ্‌নম্‌ এট্‌ রেজিনা (Guaici Lignum et Resina)। জাইগোফিলেসিয়ি জাতীয় গোয়েকম্‌ অফিসিনেলিস্‌ নামক বৃক্ষের কাষ্ঠ এবং ধুনা। জ্যামেকা, ডমিঙ্গা প্রভৃতি স্থানে পাওয়া যায়।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। গোয়েকম্‌ কাষ্ঠ কঠিন, গুরু, দৃঢ়, ঘোর পাটলবর্ণ, গন্ধহীন, ঈষৎ কটু আস্বাদ। ধুনা ঘোর পাটল বর্ণ, পিণ্ডাকার, কটু আস্বাদ। দগ্ধ করিলে সদ্গন্ধযুক্ত ধূম নির্গত হয়।

ক্রিয়া। ঘর্ম্মকারক, উত্তেজক ও পরিবর্ত্তক। কেহ কেহ ইহাকে রজোনিঃসারকও বলিয়া থাকেন। পুরাতন বাত, গাউট্‌, অস্থি ও বিবিধ চর্ম্ম রোগে ইহার ব্যবহারে উপকার পাওয়া যায়। ঘর্ম্ম না হইলে মূত্রকারক হইয়া থাকে।

ডিকক্টম্‌ সার্জি কম্পোজিটম্‌ প্রস্তুত করিতে ইহা ব্যবহৃত হয়।

প্রয়োগরূপ। ১ম। মিশ্চুরা গোয়েসাই (Mistura Guaici)। গোয়েকম্‌ রেজিন্‌ ও বিশুদ্ধ শর্করা, প্রত্যেকে, ৷৹ আং ; আরবি গঁদ চূর্ণ ।৹ আং ; দারুচিনির জল ১ পাং। মর্দ্দন করিয়া লইবে। মাত্রা ৷৹—২ আং।

২য়। টিংচুরা গোয়েসাই এ্যমোনিয়েটা (Tinctura Guaici Ammoniata)। গোয়েকম্‌ রেজিন্‌ চূর্ণ ৪ আং, এরোম্যাটিক্‌ স্পিরিট্‌ অব্‌ এমোনিয়া ১ পাইন্ট পূর্ণ করিতে যথা প্রয়োজন। আবৃত পাত্রে ১৫ আং এরোম্যাটিক্‌ স্পিরিট্‌ অব্‌ এমোনিয়ায় গোয়েকম্‌কে সপ্তাহ কাল ভিজাইয়া, ছাঁকিয়া লইয়া, উক্ত স্পিরিট্‌ সহযোগে ১ পাং পূর্ণ করিবে। মাত্রা ৷৹—১ ড্রাম।

গোয়েকম্‌ রেজিন্‌, পাইলুলা হাইড্রার্জিরাই সব্‌ক্লোরাইডাই কম্পোজিটায় ইহা পাওয়া যায়।

রুটেসিয়ি (Rutaceæ) জাতি।

রিউটা (Ruta)। রুটেসিয়ি জাতীয় রুটা গ্রাভিয়োলেন্স্ নামক বৃক্ষের পত্র। ইউরোপ খণ্ডে জন্মে।

ওলিয়ম্ রিউটী (Oleum Rutæ)। রুটা গ্রাভিয়োলেন্স্ নামক বৃক্ষের সরস পত্র এবং অপক্ক ফল চুয়াইয়া, এই তৈল প্রাপ্ত হওয়া যায়।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। ঈষৎ পীতবর্ণ, কদর্য্যগন্ধযুক্ত, তিক্ত ও উগ্র আস্বাদ।

ক্রিয়া। উত্তেজক, বায়ুনাশক, আক্ষেপনিবারক ও রজোনিঃসারক। বাহ্যপ্রয়োগে উগ্রতাসাধক এবং ফোস্কাকারক।

আময়িক প্রয়োগ। হিষ্টিরিয়া, লুপ্তরজঃ ও জরায়ুঘটিত অন্যান্য রোগে ইহা ব্যবহার করা হয়। বালকদিগের আক্ষেপ এবং উদরাধ্মান্ প্রভৃতি রোগে ইহা সেবনে সুফল পাওয়া যায়। মাত্রা ১—৪ মিং।

বুকু ফোলিয়া (Buchu Eolia)। রুটেসিয়ি জাতীয় বেরস্‌মাবেটুলিনা, বেরস্‌মাক্রেনুলেটা, এবং বেরস্‌মাসিরাটিফোলিয়া নামক বৃক্ষের শুষ্ক পত্র। উত্তমাশা অন্তরীপে জন্মে।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। মসৃণ, উজ্জ্বল, ধার করপত্রের ন্যায়, কর্পূরের ন্যায় গন্ধ, ঈষৎ তিক্ত এবং রুক্ষ আস্বাদ। ইহাতে ব্যারস্‌মিন্ নামক তিক্ত পদার্থ ও বায়ীতৈল পাওয়া যায়। ব্যারস্‌মা বেটুলিনা পত্র ‖৹—৸৹ ইঞ্চ্ দীর্ঘ। অণ্ডাকৃতি ও স্থূলাগ্র।

ব্যারস্‌মা ক্রেনুলেটার পত্র ৸৹—১৷৹ ইঞ্চ্ দীর্ঘ ও স্থূল। অণ্ডাকার, কিন্তু অপ্রশস্ত। মূলদেশ সূক্ষ্ম বৃন্তযুক্ত ও সূক্ষ্ম দন্তবিশিষ্ট।

ব্যারস্‌মা সেরাটিফোলিয়ার পত্র। ১—১‖৹ ইঞ্চ্ দীর্ঘ। উপরিভাগ ভল্লাকার, মূল ও অগ্রভাগ সমভাবে সূক্ষ্ম, সূক্ষ্ম ও ঘনরূপে দন্তিত।

ক্রিয়া। আগ্নেয় ও অল্পমাত্রায় বলকারক, উত্তেজক, মূত্রকারক, স্বেদজনক এবং বায়ুনাশক।

আময়িক প্রয়োগ। মূত্রযন্ত্র, মূত্রাশয় এবং জননেন্দ্রিয়ের বিবিধ পীড়ায় ইহা ব্যবহৃত হয়। প্রস্রাবে লিথিক্ এসিডের আধিক্য হইলে, ইহা সেবনে উপকার পাওয়া যায়। ব্ল্যাডারের উত্তেজনা বশতঃ বারম্বার প্রস্রাব করিতে হইলে, ইহা দ্বারা উত্তম ফলদর্শে।

প্রয়োগ রূপ। ১ম। ইন্‌ফিউসম্ বুকু (Iufusum Buchu)। বুকু পত্র চূর্ণ ॥০ আং, স্ফুটিত পরিশ্রুত জল ১০ আং। আবৃত পাত্রে অর্দ্ধ ঘন্টা কাল ভিজাইয়া, ছাঁকিয়া লইবে। মাত্রা ১—৪ আং।

২য়। টিংচ্যুরা বুকু (Tinctura Buchu)। বুকু পত্র ২০•নম্বরের চূর্ণ ২॥০ আং, প্রুফ্ স্পিরিট্ ১ পাং। যথাবিধি পার্কোলেসন্ দ্বারা প্রস্তুত করিবে। মাত্রা ১—২ ড্রাম্।

কস্পেরিয়ি কর্টেক্স (Cuspariæ Cortex)। রুটেসিয়ি জাতীয় গ্যালিপিয়া কস্পেরিয়া নামক বৃক্ষের শুষ্কীকৃত বল্কল।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। চ্যাপ্টা নলাকারে গুটিত, বাহ্যপ্রদেশ ধূসর-বর্ণ ত্বক্ দ্বারা আবৃত, অভ্যন্তর পাটলবর্ণ। ইহাতে বায়ী তৈল ও কস্পেরিণ নামক তিক্ত দ্রব্য এবং ধুনা পাওয়া যায়।

ক্রিয়া। আগ্নেয়, বায়ুনাশক ও পর্য্যায়নিবারক।

আময়িক প্রয়োগ। উদরাময়, অতিসার ও অজীর্ণ রোগে উপকারক।

প্রয়োগরূপ। ইন্‌ফিউসম্ কস্পেরিয়ি (Infusum Cuspariæ)। কস্পোরিয়ার ত্বক্ ৪০ নম্বরের চূর্ণ ॥০ আং; পরিশ্রুত জল ১২০ তাপাংশে ১০ আং। আবৃত পাত্রে ১ ঘন্টা কাল ভিজাইয়া, ছাঁকিয়া লইবে।

জেবের‍্যাণ্ডি। (Jaborandi)। প্রতিসংজ্ঞা। পাইলোকার্পাই ফোলিয়োলা।

রুটেসিয়ি জাতীয় পাইলো কার্পাস্ পেনাটিফোলিয়স্ নামক বৃক্ষের শুষ্ক ক্ষুদ্র পত্র।

স্বরূপ। অতি ক্ষুদ্র বৃন্তযুক্ত পত্র, ৪ ইঞ্চ্ বা ততোধিক দীর্ঘ, অণ্ডাকার, মূলপ্রদেশ কিয়ৎ পরিমাণ অসমান। পত্রে একটী বায়ীতৈল, পাইলো কার্পিন্ এবং জ্যাবোরিন্ নামক বীর্য্য পাওয়া যায়।

ক্রিয়া। ঘর্ম্মকারক এবং লালানিঃসারক, অল্প মাত্রায় ঘর্ম্ম নিবারক, অধিক মাত্রায় বমনকারক। ইহা হৃৎপিণ্ডের ক্রিয়া উত্তেজিত এবং নাড়ীর গতি বর্দ্ধিত করে। অধিক মাত্রায় সেবনে মুখ, কর্ণ ও ঘাড় আরক্তিম হয় এবং সর্ব্বশরীর ঘর্ম্মাক্ত ও অধিক পরিমাণে লালানিঃসরণ হইতে থাকে। আলস্য ও ক্লান্তির লক্ষণ দেখা দেয়। কনীনিকা কুঞ্চিত হইয়া দর্শনশক্তির বৈলক্ষণ্য ঘটায়।

ইহা সেবনে ভাসোমোটর স্নায়ুর পক্ষাঘাত হয়। ইহা ঘর্ম্ম ও প্রস্রাবের সহিত নির্গত হয়।

ইহা সেবনে বিষাক্তের লক্ষণ, যথা—দৃষ্টির ক্ষীণতা, বমন, হিমাঙ্গ, লালা-গ্রন্থি ও টন্সিলের স্ফীততা, প্রস্রাবের পরিমাণ অল্প ও এল্বুমেন্যুক্ত এবং প্রস্রাব ত্যাগে অতিশয় জ্বালা বোধ হয়।

উপরোক্ত লক্ষণ সমূহ জেবের‍্যাণ্ডির উপক্ষার পাইলোকার্পিনের উপর নির্ভর করে।

পাইলোকার্পিনের ক্রিয়া এট্রোপিনের ক্রিয়ার সম্পূর্ণ বিপরীত।

জেবোরিণের ক্রিয়া এট্রোপিনের ন্যায়। ইহা ফুস্ফুস্, হৃৎপিণ্ড, কনীনিকা ও লালাগ্রন্থির উপর ক্রিয়া প্রকাশ করে।

পাইলোকার্পিন্ সেবনে সহসা কোলাপ্সের লক্ষণ উপস্থিত হইলে, এট্রোপিনের পিচকারী হাইপোডার্ম্মিক্ রূপে প্রয়োগে উপকার দর্শে।

আময়িক প্রয়োগ। জেবের‍্যাণ্ডি ও ইহার প্রয়োগরূপ সকল চক্ষের বিবিধ পীড়া, যথা—এল্বিউমিনিউরিয়া জনিত রেটিনাইটিস্ (Albuminuric Retinitis), চক্ষু মধ্যে রক্তস্রাব (Intraocular Hæmorrhage), গ্লকোমা (Glaucoma) রেটিনা পৃথক হওন প্রভৃতি রোগে ব্যবহৃত হয়।

কোরাইজা ও ব্রঙ্কাইটিস্ রোগের প্রথম অবস্থায় ইহা ঘর্ম্মনিঃসরণার্থ ব্যবহার করিলে, বিশেষ উপকার পাওয়া যায়। মূত্রগ্রন্থির পীড়াজনিত ড্রপ্সি রোগে ইহা সেবনে প্রস্রাবের পরিমাণ ও ইউরিয়া বর্দ্ধিত হয়। ইউরেমিক্ কন্ভল্সনে জেবোর‍্যাণ্ডি ও পাইলোকার্পিন্ বিশেষ উপকার করে।

কোন্ কোন্ অবস্থায় জেবোর‍্যাণ্ডি প্রয়োগ করা উচিত।

১ম। যুবা অপেক্ষা বালকগণ ইহা অধিক সহ্য করিতে পারে। কোন কোন স্থানে ইহা দ্বারা কেবল অধিক পরিমাণে ঘর্ম্ম হয়।

২য়। হৃৎপিণ্ডের মেদাপকৃষ্টতা, হৃদ্পাটির বিবিধ পীড়ায় ও এম্ফিসিমা রোগে ইহা বিশেষ সাবধানতার সহিত প্রয়োগ করিবে। পত্র চূর্ণের মাত্রা ৫—৬০ গ্রেণ।

প্রয়োগরূপ। ১ম। এক্‌ট্রাক্টম্ জেবোর‍্যাণ্ডি (Extractum Jabo-

randi)। জেবোর‍্যাণ্ডি ৪০ নম্বরের চূর্ণ ১ পৌং, প্রুফ্ স্পিরিট্ ও পরিশ্রুত জল প্রত্যেকে যথা প্রয়োজন। মাত্রা ২—১০ গ্রেণ।

২য়। ইন্‌ফিউসম্ জেবোর‍্যাণ্ডি (Infusum Jaborandi)। জেবোর‍্যাণ্ডি পত্র ॥০ আং, স্ফুটিত পরিশ্রুত জল ১০ আং। আবৃত পাত্রে অর্দ্ধ ঘণ্টা কাল ভিজাইয়া ছাঁকিয়া লইবে। মাত্রা ১—২ আং।

৩য়। পাইলোকার্পাইনি নাইট্রাস্ (Pilocarpinæ Nitras)। জেবো-র‍্যাণ্ডির সারকে ক্লোরোফরম্, ক্ষার, যবক্ষার দ্রাবক সহযোগে বিবিধ প্রক্রিয়া দ্বারা দানা বাঁধিয়া শোধিত করিয়া প্রস্তুত করা হয়।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। শ্বেতবর্ণ দানাযুক্ত চূর্ণ, ৮ বা ৯ ভাগ জলে দ্রব হয়, ইহা চক্ষে লাগাইলে কনীনিকা কুঞ্চিত হয়। মাত্রা ১/২০—১/২ গ্রেণ। পিচকারী দ্বারা ১/১০—১/৩ গ্রেণ।

৪র্থ। টিংচ্যুরা জেবোর‍্যাণ্ডি (Tinctura Jaborandi)। জেবোর‍্যাণ্ডি ৪০ নং চূর্ণ ৫ আং, প্রুফ্ স্পিরিট্ ১ পাং। মাত্রা ॥০—১ ড্রাম।

সাইমারুবেসিয়ি (Simarubaceæ) জাতি।

কোয়াসিয়ি লিগ্‌নম্ (Quassiæ Lignum)।

সাইমারুবেসিয়ি জাতীয় পাইক্রেনা এক্সেল্‌সা নামক বৃক্ষের কাষ্ঠ। মার্কিন খণ্ডে জন্মে।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। ক্ষুদ্র বা স্থূল খণ্ডাকার। কঠিন, গন্ধহীন ও তিক্তাস্বাদ।

ক্রিয়া। আগ্নেয়, বলকারক ও কৃমিনাশক। ইহার সঙ্কোচক ক্রিয়া নাইও

আময়িক প্রয়োগ। রোগান্ত-দৌর্ব্বল্য নিবারণার্থ ইহা লৌহঘটিত ঔষধের সহিত প্রয়োগে বিশেষ উপকার পাওয়া যায়। ইহার ফাণ্ট্ পিচকারী দ্বারা গুহ্য মধ্যে প্রয়োগ করিলে, সূত্রবৎ কৃমি সকল নষ্ট হয়।

প্রয়োগ রূপ। ১। এক্স্‌ট্রাক্টম্ কোয়াসিয়ি (Extractum Quassiæ) কোয়াসিয়া উড্ কুট্টিত ১ পৌং, পরিশ্রুত জল যথা প্রয়োজন। ৮ আং জলে ১২ ঘণ্টা কাল কোয়াসিয়া ভিজাইয়া রাখিবে। পরে, যে পর্য্যন্ত না কোয়াসিয়া অসার হয়, ততক্ষণ তাহাকে পার্কোলেসন্ যন্ত্রে রাখিয়া ক্রমশঃ জল দিবে। অবশেষে এই ফাণ্ট্‌কে জলস্বেদন যন্ত্রে গাঢ় করিয়া সার প্রস্তুত করিবে। মাত্রা ৩—৫ গ্রেণ।

২য়। ইন্‌ফিউসম্ কোয়াসিয়ি (Infusum Quassiæ)। কোয়াসিয়া কাষ্ঠখণ্ড ৫৫ গ্রেণ, শীতল পরিস্রুত জল ১০ আং। আবৃত পাত্রে অর্দ্ধ ঘণ্টা কাল ভিজাইয়া, ছাঁকিয়া লইবে। মাত্রা ১—২ আং।

৩য়। টিংচ্যুরা কোয়াসিয়ি (Tinctura Quassiæ)। কোয়াসিয়া খণ্ড ৮০ আং; প্রুফ্ স্পিরিট্ ১ পাং। সপ্তাহ কাল ভিজাইয়া রখিবে ও মধ্যে মধ্যে আলোড়িত করিবে। অবশেষে নিঙড়াইয়া, চাপিয়া ছাঁকিবে ও যথোচিত পরীক্ষিত সুরা দ্বারা ১ পাং পূর্ণ করিবে। মাত্রা ॥০—২ ড্রাম।

র‍্যামনেসিয়ি (Rhamnaceæ) জাতি।

র‍্যাম্‌নাই ফ্রাঙ্গুলি কর্টেক্স্ (Rhamni Frangulæ Cortex)।

প্রতিসংজ্ঞা। কর্টেক্স্ ফ্রাঙ্গুউলি।

র‍্যাম্‌নেসিয়ি জাতীয় র‍্যাম্‌নস্ ফ্রাঙ্গুলা নামক বৃক্ষের শুষ্ক ত্বক।

স্বরূপ। ক্ষুদ্র নলাকার গুটিত বল্কল, ১/২৫ ইঞ্চ বা ততোধিক স্থূল, কৃষ্ণ-ধূসরবর্ণ, কর্কের ন্যায় পদার্থ দ্বারা আচ্ছাদিত, গন্ধবিহীন, ঈষৎ মিষ্টতিক্ত অথচ সুস্বাদু।

ক্রিয়া। তরুণ অবস্থায় ত্বক সেবনে উগ্র বিষক্রিয়া প্রকাশ করতঃ ভেদ ও বমন উপস্থিত করে। শুষ্কাবস্থায় সেবনে বিরেচক ক্রিয়া প্রকাশ করে।

আময়িক প্রয়োগ। পুরাতন কোষ্ঠকাঠিন্যে বিরেচক বলিয়া, ব্যবহৃত হয়।

প্রয়োগ রূপ। ১ম। এক্স্‌ট্রাক্টম্ র‍্যাম্‌নাই ফ্রাঙ্গুলি (Extractum Rhamni Frangulæ)। র‍্যাম্‌নস্ ফ্রাঙ্গুলা বার্ক ৪০ নম্বরের চূর্ণ ১ পৌং, প্রুফ্ স্পিরিট্ ও জল, প্রত্যেকে, যথা প্রয়োজন। মাত্রা ১৫—৬০ গ্রেণ্।

২য়। এক্সট্রাক্টম্ রামনাই ফ্রাঙ্গুলি লিকুইডম্ (Extractum Rhamni Fangulæ Liquidum)। র‍্যাম্‌নস্ ফ্রাঙ্গুলার ত্বকের স্থূলচূর্ণ ১ পৌং, শোধিত সুরা ৪ আং, পরিস্রুত জল যথা প্রয়োজন। মাত্রা ১—৪ ড্রাম।

র‍্যাম্‌নাই পুর্শিয়ানি কর্টেক্স্ (Rhamni Purshiani Cortex);

ইং (Sacred Bark)। প্রতিসংজ্ঞা। ক্যাস্‌ক্যারা স্যাগ্রেডা (Cascara Sagrada)। র‍্যাম্‌নেসিয়ি জাতীয় র‍্যাম্‌নস্ পুর্শিয়োনস্ নামক বৃক্ষের শুষ্ক ত্বক। কালিফর্ণিয়ায় জন্মে।

স্বরূপ। নলাকার, খণ্ড সকলের দীর্ঘ ভিন্ন ভিন্ন আকার, ১/২৫—১/৮

ইঞ্চ্‌ স্থূল, শাদা ধূসরবর্ণের ত্বক্‌ দ্বারা আচ্ছাদিত, তিক্তাস্বাদ ও গন্ধবিহীন।

ক্রিয়া। বলকারক, আগ্নেয় ও বিরেচক। পুরাতন কোষ্ঠ বদ্ধ রোগে, বিশেষতঃ অর্শরোগীর কোষ্ঠকাঠিন্যে, ইহা বিশেষ উপকারক। ইহা সেবনে মলদ্বারের উগ্রতা জন্মে না।

এটনিক্‌ ডিস্‌ পেপ্‌সিয়ায় যেখানে যকৃতের ক্রিয়া ভাল রূপ হয় না ও ইহার সহিত কোষ্ঠ বদ্ধ থাকিলে ক্যাস্‌কারা সেবনে বিশেষ উপকার দর্শায়। নক্সভমিকার ন্যায় ইহা অন্ত্রের মাংস পেশী সূত্র সমূহের বল বিধান করে। এই জন্য অন্ত্রের কৃমিগতির দুর্ব্বলতা প্রযুক্ত কোষ্ঠ বদ্ধ রোগে ইহা দ্বারা উপকার পাওয়া যায়। কোষ্ঠ বদ্ধ রোগে ইহার লিকুইড্‌ এক্সট্রাক্ট ১৫—২০ মিং মাত্রায় আহারের পূর্ব্বে দিবসে ৩ বার প্রযোগে উপকার দর্শায়।

প্রযোগরূপ। ১ম। এক্স্‌ট্রাক্টম্‌ ক্যাস্‌কেরি স্যাগ্রেডি (Extractum Cascaræ Sagradæ)। ক্যাস্‌কেরা স্যাগ্রেডার ৪০ নম্বরের চূর্ণ ১ পৌং, প্রুফ্‌ স্পিরিট্‌ ও পরিশ্রুত জল, প্রত্যেকে, যথাপ্রয়োজন। মাত্রা ২—৮ গ্রেণ।

২য়। এক্স্‌ট্রাক্টম্‌ ক্যাস্‌কেরি স্যাগ্রেডি লিকুইডম্‌ (Extractum Cascaræ Sagradæ Liquidum)। ক্যাস্‌কেরা সাগ্রেডার স্থূল চূর্ণ ১ পৌং, শোধিত সুরা ৪আং, পরিশ্রুত জল যথাপ্রয়োজন। মাত্রা ॥০—২ ড্রাম।

এ্যানাকার্ডিয়েসিয়ি (Anacardiaceæ) জাতি।

ম্যাষ্টিচ্ (Mastiche); ইং (Mastich)। এ্যানাকার্ডিয়েসিয়ি জাতীয় পিষ্টেশিয়া লেন্টিস্‌কস্‌ নামক বৃক্ষের ধূনা।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। ক্ষুদ্র, গোলাকার বা চতুকোণ পদার্থ। হরিদ্বর্ণ, ভঙ্গুর, চর্ব্বন করিলে নমনীয়, সদগন্ধযুক্ত, ইথারে ও ক্লোরোফরমে দ্রবনীয়। ইহাতে অল্প পরিমাণে ম্যাস্‌টিসিন্‌ নামক বায়ী তৈল পাওয়া যায়।

ক্রিয়া। ইহা তার্পিন তৈলের ন্যায় উত্তেজক, সঙ্কোচক ও মূত্রকারক। সুগন্ধ প্রযুক্ত ইহা দন্তমর্জ্জনরূপে ব্যবহৃত হয়। ইথার্‌ ও ক্লোরোফরমে ইহা দ্রব করিয়া, কেরিয়স্‌ টুথে লাগান যায়।

রসটক্সিকোডেণ্ড্রন (Rhus toxicodendron)। এ্যানাকার্ডিয়েসিয়ি জাতীয় রস্‌টক্সিকোডেণ্ড্রন্‌ নামক বৃক্ষের সরস পত্র।

স্বরূপ। পত্র সকল ৩ ভাগে বিভক্ত। পত্রের উপরিভাগ ঘোর সবুজ বর্ণ এবং নিম্নভাগ শোঁয়াযুক্ত। ইহাতে এক প্রকার গঁদযুক্ত পদার্থ ও তীব্র ধুনাযুক্ত পদার্থ আছে। বৃটিশ্ ফার্ম্মাকোপিয়ায় ইহা গৃহীত হয় নাই।

ক্রিয়া। উগ্রতা সাধনার্থ ইহার বাহ্য প্রয়োগ হয়। ইহার পত্রের রস স্থানিক প্রয়োগে প্রদাহ ও ফোস্কা উৎপাদন করে। অল্প পরিমাণে আভ্যন্তরিক প্রয়োগে ষ্ট্রীকনিয়ার ন্যায় কশেরুকা মজ্জার উপর ক্রিয়া প্রকাশ করে। মাত্রাধিক হইলে পাকাশয়ে প্রদাহ জন্মে।

আময়িক প্রয়োগ। প্যারাপ্লিজিয়া, মূত্রধারণে অক্ষমতা ও বাত রোগে ইহার ব্যবহারে উপকার পাওয়া যায়। চূর্ণের মাত্রা ॥০—১ গ্রেণ।

এ্যামারিডেসিয়ি (Amyridaceæ) জাতি।

গন্ধবোল (Myrrh)। এ্যামারিডেসিয়ি জাতীয় বাল্‌সেমোডেণ্ড্রন্ মার্ নামক বৃক্ষের শাখা হইতে স্বরিত গঁদ ও ধুনাযুক্ত রস। আরব দেশে জন্মে।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। খণ্ড সকল বিবিধাকার, দেখিতে পাটলবর্ণ, সদ্গন্ধযুক্ত ও তিক্তাস্বাদ। ইহাতে বাষ্পীতৈল, তিক্ত ধুনা ও গঁদ আছে।

ক্রিয়া। উত্তেজক। ইহা দ্বারা শ্লৈষ্মিক ঝিল্লির, বিশেষতঃ ব্রঙ্কিয়েল্ টিউবের শ্লৈষ্মিক ঝিল্লির, স্রাবণক্রিয়া বর্দ্ধিত করে। ইহা আক্ষেপনিবারক, রজোনিঃসারক ও বলকারক।

আময়িক প্রয়োগ। লুপ্তরজঃ রোগে লৌহ এবং মুসব্বরের সহিত ইহা সেবনে উপকার পাওয়া যায়। দুর্ব্বল রোগীর শ্বেতপ্রদরে ইহা দ্বারা উপকার হয়। পুরাতন ব্রঙ্কাইটিস্ ও যক্ষ্মা (Phthisis) রোগে কফনিঃসরণার্থ ব্যবহৃত হয়। মুখ মধ্যে ক্ষত এবং মাড়ী হইতে রক্তস্রাবে ইহার বাহ্যপ্রয়োগ উপকারক। মাত্রা ১০—২০ গ্রেণ।

প্রয়োগরূপ। ১ম। পাইলুলা এলোজ্ এট্ মর্হি (Pilula Aloes et Myrrhæ)। সকোট্রাইন্ এলোজ্ ২ আং, মার্ ১ আং; শুষ্ক স্যাফ্রন্ ।০ আং, গুড় ১ আং, গ্লিসিরিন্ যথা প্রয়োজন। প্রথমোক্ত তিন দ্রব্যকে সূক্ষ্ম ভাবে চূর্ণীত করিয়া, ছাঁকিয়া লইয়া, গুড় ও গ্লিসিরীণের সহিত মিশাইবে। মাত্রা ৫—১০ গ্রেণ্।

২য়। টিংচ্যুরা মর্হি (Tinctura Myrrhæ)। মার্‌ স্থূল চূর্ণ২ ॥০ আং; শোধিত সুরা ৮ পাং। আবৃত পাত্রে ১৫ আং সুরায় সপ্তাহ কাল ভিজাইয়া রাখিবে ও মধ্যে মধ্যে আলোড়িত করিবে। পরে, ছাঁকিয়া লইয়া প্রয়োজনীয় পরীক্ষিত সুরা দ্বারা ১ পাং পূর্ণ করিবে। মাত্রা ৳০—১ ড্রাম্‌।

এলিমাই (Elemi)। এ্যামারিডেসিয়ি জাতীয় কনেরিয়ম্‌ কমিউনি নামক বৃক্ষ হইতে নিঃসৃত ঘনীভূত ধূনাযুক্ত পদার্থ। ম্যানিলা দেশে জন্মে।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। কোমল ও স্বচ্ছপিণ্ড, কালক্রমে কঠিন ও পীতবর্ণ হয়। সদ্গন্ধযুক্ত এবং তিক্ত মিষ্টাস্বাদ।

ক্রিয়া। তার্পিন্‌ তৈলের ন্যায়। বাহ্যপ্রয়োগের নিমিত্তই ইহা ব্যবহৃত হয়।

প্রয়োগরূপ। ১ম। অঙ্গুয়েণ্টম্‌ এলিমাই (Unguentum Elemi)। এলিমাই ।০ আং, সিম্পল্‌ অয়েণ্ট্‌মেণ্ট্‌ ১ আং। অগ্নিতাপে দ্রব করিয়া, ফ্লানেল্‌ বস্ত্রে ছাঁকিবে, এবং, যে পর্য্যন্ত না মলম ঘন হয়, ততক্ষণ তাহাকে অনবরত আলোড়িত করিবে।

লেগুমিনোসি (Leguminosæ) জাতি।

শাখা। প্যাপিলিয়োনেসিয়ি (Papilionaceæ) জাতি।

যষ্টিমধু। (Glycyrrhizæ Radix); ইং (Liquorice Root)। লেগুমিনোসি জাতীয় গ্লাইসিরিজা গ্লেব্রা নামক বৃক্ষের মূল। ভারতবর্ষ ও বৃটন খণ্ডে জন্মে।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। অঙ্গুলীর ন্যায় স্থূল নলাকার খণ্ড সকল বাহ্যপ্রদেশ পাটলবর্ণ, অভ্যন্তর পীতবর্ণ, বিশেষ গন্ধযুক্ত, তীব্র মিষ্টাস্বাদ। ইহাতে গ্লাইসিরিজিন্‌ নামক শর্করাবিশেষ, গঁদ, মিউসিলেজ্‌ এবং কিয়ৎপরিমাণে ধূনাযুক্ত পদার্থ আছে।

ক্রিয়া। স্নিগ্ধকারক। বিবিধ কাশরোগে ও কাশের উগ্রতা দমনার্থ উপকারক। অন্যান্য ঔষধকে মিষ্টাস্বাদ করিবার জন্য ইহা ব্যবহৃত হয়।

প্রয়োগরূপ। ১ম। এক্স্‌ট্রাক্টম্‌ গ্লাইসিরিজি (Extractum Glycyrrhizæ)। যষ্টিমধু ২০নম্বরের চূর্ণ ১ পৌং, পরিস্রুত জল ৪ পাং। মাত্রা ৫ গ্রেণ—১ ড্রাম।

কন্‌ফেক্‌শিয়ো সেনি, ডিকক্টম্ এলোজ্ কম্পোজিটম্, টিংচুরা এলোজ্ এবং টোচিসাই ওপিয়াই প্রস্তুত করিতে ইহার আবশ্যকতা হয়।

২য়। এক্সট্রাক্টম্ গ্লাইসিরাইজি লিকুইডম্ (Extractum Glycyrrhizæ Liquidum)। যষ্টিমধু ২০ নম্বরের চূর্ণ ১ পৌঃ, পরিশ্রুত জল ৪ পাঃ, শোধিত সুরা যথা প্রয়োজন। মাত্রা ১ ড্রাম।

মিক্‌চুরা সেনি কম্পোজিটা এবং টিংচুরা ক্লোরোফরমাই এট্ মর্ফাইনি প্রস্তুত করিতে ইহার আবশ্যকতা হয়।

৩য়। পল্‌ভিস্ গ্লাইসিরাইজি কম্পোজিটস্ (Pulvis Glycyrrhizæ Compositus)। প্রতিসংজ্ঞা। পল্‌ভিস্ গ্লাইসিরাইজি কম্পোজিটস্ কম্‌সল্‌ফিউরিস্। সোনামুখী সূক্ষ্ম চূর্ণ ২ আং, যষ্টিমধু সূক্ষ্ম চূর্ণ ২ আং, ফেনেল্ ফ্রুট্ সূক্ষ্ম চূর্ণ ১ আং, সব্‌লাইমড্ সল্‌ফর চূর্ণ ১ আং, বিশুদ্ধ শর্করা চূর্ণ ৬ আং। একত্রে উত্তমরূপে মিশ্রিত করিয়া, সূক্ষ্ম চালনীতে ছাঁকিবে ও অবশেষে খলে ধীরে ধীরে মাড়িয়া লইবে। মাত্রা ৩০—৬০ গ্রেণ্।

কন্‌ফেক্‌শিয়ো টেরিবিস্থিনি, ডিকক্টম্ সার্জি কম্পোজিটম্, ইন্‌ফিউসম্ লাইনাই, পাইলুলা হাইড্রার্জিরাই, ও পাইলুলা ফেরি আইয়োডিডাই প্রস্তুত করিতে যষ্টিমধুর আবশ্যকতা হয়।

ট্রাগাকান্থা (Tragacantha)। লেগুমিনোসি জাতীয় এষ্ট্রাগেলস্ গমিফার্ বৃক্ষের শুষ্কীকৃত গঁদ।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। শ্বেত বা ঈষৎ পীতবর্ণ বক্রখণ্ড সকল, গন্ধাস্বাদ রহিত। ইহাতে আরেবিন্ এবং বসরিন্ নামক দুই প্রকার গঁদ আছে।

ক্রিয়া। আরবী গঁদের ন্যায় স্নিগ্ধকারক। গুরুচূর্ণ, যথা—সবনাইট্রেট্ অব্ বিস্‌মথাদি ঔষধ মিশ্রমধ্যে সমভাগে রাখিবার জন্য ইহা ব্যবহৃত হয়।

প্রয়োগরূপ। ১ম। গ্লাইসিরিনম্ ট্রাগাক্যান্থি (Glycerinum Tragacanthæ)। টাগাক্যান্থ চূর্ণ ৩ ভাগ, গ্লিসিরীন্ ১২ ভাগ, পরিশ্রুত জল ২ ভাগ। খলে গ্লিসিরীনের সহিত ট্রাগাক্যান্থকে মিশ্রিত করিয়া, জল সংযুক্ত করিবে ও, যে পর্য্যন্ত না সমস্ত স্বচ্ছ, পরিষ্কার, থকথকে জেলির মত হয়, ততক্ষণ তাহাকে মর্দ্দন করিবে।

২য়। মিউসিলেগো ট্রাগাক্যান্থি (Mucilago Tragacanthæ)।

ট্রাগাক্যান্থ চূর্ণ ৬০ গ্রেণ, পরিস্রুত জল ১০ আং, শোধিত সুরা ২ ড্রাম। সুরার সহিত ট্রাগাক্যান্থকে মিশ্রিত করিয়া, পরিস্রুত জল দ্বারা অনবরত আলোড়িত করিবে।

৩য়। পল্‌ভিস্‌ ট্রাগাক্যান্থি কম্পোজিটস্‌ (Pulvis Tragacanthæ Compositus)। ট্রাগাক্যান্থ, আরবী গঁদ, ষ্টার্চ প্রত্যেকের চূর্ণ ১ আং বিশুদ্ধ শর্করা চূর্ণ ৩ আং, একত্রে মর্দ্দন করিয়া লইবে। মাত্রা ২০—৬০ গ্রেণ্‌।

মিউকিউনা (Mucuna); ইং (Cowhage)। বৃটিশ ফার্ম্মা-কোপিয়ায় ইহা গৃহীত নহে।

লেগুমিনোসি জাতীয় মিউকিউনা প্রুরিয়েন্স্‌ নামক বৃক্ষের ফলের গাত্র সংলগ্ন লোম ; ভারতবর্ষে জন্মে। ইহার আকৃতি ইটালিক্‌ অক্ষর এফ্‌এর ন্যায়। গাত্র নানাপ্রকার লোমে আবৃত।

ক্রিয়া। কৃমিনাশক। ইহা সেবনে কৃমিসমূহ উত্তেজিত হইয়া বহি-র্গত হয়।

স্কোপেরিয়াই ক্যাকুইমিনা (Scoparii Cacumina) ইং (Broom Tops)। লেগুমিনোসি জাতীয় সাইটিসস্‌ স্কোপেরিয়স্‌ নামক বৃক্ষের সরস ও শুষ্কীকৃত শাখাগ্র। ইংলণ্ডে জন্মে।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। সরস শাখা ৫টী কোণে বিভক্ত। ঘোর হরিদ্বর্ণ, মসৃণ, বিশেষ গন্ধযুক্ত ও কদর্য্য তিক্তাস্বাদ।

ক্রিয়া। মূত্রকারক। উদরী রোগে ব্যবহার হয়। বিশেষতঃ হৃৎপিণ্ডের পীড়াবশতঃ উদরী রোগে ইহা ব্যবহার করা যায়। অধিক মাত্রায় সেবনে ভেদ ও বমন হইয়া থাকে। তজ্জন্য রিণাল্‌ ড্রপ্সীতে ইহার ব্যবহার নিষিদ্ধ।

প্রয়োগরূপ। ১ম। ডিকক্টম্‌ স্কোপেরিয়াই (Decoctum Scoparii)। শুষ্ক ব্রুমটপ্স্‌ ১ আং, পরিস্রুত জল ১ পাং। আবৃত পাত্রে ১০ মিনিট কাল ফুটাইয়া ছাঁকিয়া লইয়া পরিস্রুত জল দ্বারা ১ পাং পূর্ণ করিবে। মাত্রা ২—৪ আং।

২য়। সক্কস্‌ স্কোপেরিয়াই (Succus Scoparii)। সরস ব্রুমটপ্স্‌ ৭ পোং, শোধিত সুরা যথা প্রয়োজন। ব্রুমটপ্স্‌কে খলে মাড়িয়া, চাঁপিয়া তাহার

রস নিঙড়াইয়া লইয়া, তাহার প্রত্যেক তৃতীয়াংশ রসের সহিত ১ অংশ শোধিত সুরা সংযুক্ত করিয়া ছাঁকিয়া, শীতল স্থানে রাখিবে। মাত্রা ১—২ ড্রাম।

রক্তচন্দন (Pterocarpi Lignum); ইং (Red Sandal Wood)। লেগুমিনোসি জাতীয় টেরোকার্পাস স্যান্টালিনস্ নামক বৃক্ষের কাষ্ঠ। সিংহলদ্বীপে জন্মে।

স্বরূপ। ঘন, গুরু, অসমাকার, ঘোর রক্তবর্ণ, ইহার আকার ও অবয়বাদি অনেকাংশে লগ্ উডের ন্যায়। ফার্ম্মাকোপিয়ার টিংচার ল্যাভেণ্ডিউলি কম্পোজিটার সুন্দর লোহিত বর্ণ করণার্থ ইহা ব্যবহৃত হয়।

কাইনো (Kino)। লেগুমিনোসি জাতীয় টেরোকার্পাস্ মার্শুপিয়ম্ বৃক্ষ হইতে প্রাপ্ত হওয়া যায়। প্রথমে এই বৃক্ষে অস্ত্রাঘাত করিলে লোহিতবর্ণ রস নির্গত হয়, পরে ঐ রসকে ঘনীভূত করিয়া গাঢ় করিয়া লওয়া হয়।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। ক্ষুদ্র ক্ষুদ্র কোণযুক্ত গাঢ় রক্তবর্ণ খণ্ড, কষায় আস্বাদ। ইহাতে ট্যানিক্ এসিড্, ক্যাটিকিন্ নামক বীর্য্য ও লোহিত গঁদ আছে।

অসম্মিলন। ক্ষার, দ্রাবক, হিরাকস্, নাইট্রেট্ অব্ সিল্ভার্, টার্টার্ এমিটিক্ ও করোসিভ্ সব্লিমেট্ সহযোগে প্রয়োগ অবিধেয়।

ক্রিয়া। বিশুদ্ধ সঙ্কোচক। ট্যান্নিনের উপর এই সঙ্কোচনগুণ নির্ভর করে।

আময়িক প্রয়োগ। উদরাময় রোগে ইহার সঙ্কোচক ক্রিয়ার জন্য ব্যবহার হয়; দন্তমাড়ী হইতে রক্তস্রাবে ইহার মর্দ্দন উপকারী। অনেক স্থলে সঙ্কোচক কুল্যরূপে ব্যবহার হয়। মাত্রা ১০—৩০ গ্রেণ।

প্রয়োগরূপ। ১ম। পল্ভিস্ কাইনো কম্পোজিটস্ ২৫১ পৃষ্ঠা দেখ।

২য়। টিংচুরা কাইনো (Tinctura Kino)। কাইনো স্থূল চূর্ণ ২ আং, গ্লিসিরীন্ ৩ আং, পরিস্রুত জল ৫ আং, শোধিত সুরা ১২ আং। মাত্রা ॥০—২ ড্রাম। আবৃত পাত্রে সপ্তাহ কাল ভিজাইয়া রাখিয়া, ও মধ্যে মধ্যে আলোড়িত করিয়া, ছাঁকিয়া লইয়া, শোধিত সুরা সংযোগে ১ পাং, পূর্ণ করিবে।

পল্ভিস্ ক্যাটিকিউ কম্পোজিটস প্রস্তুত করিতে কাইনোর আবশ্যকতা হয়।

বাল্‌সেমম্ পেরুভিয়ানম্ (Balsamum Peruvianum) ; ইং (Peru Balsm)। লেগুমিনোসি জাতীয় মাইরক্স্‌য়িলিন্ প্যারাইরা নামক বৃক্ষের রস। বৃক্ষের শাখায় আঘাত করিলে রসনির্গত হয়, পরে শুষ্ক করিলে ইহা প্রস্তুত হয়।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। ঘোর পাটলবর্ণ গুড়ের ন্যায় চট্‌চটে পদার্থ। সুন্দর গন্ধ, উগ্র ও মিষ্টাস্বাদ, শোধিত সুরায় দ্রব হয়। ইহাতে সিনামিন্ নামক তৈল, মেটাসিনামিন নামক দানাযুক্ত পদার্থ, সিনামিক্ এসিড্, ষ্টাইরোসিন্ ও অন্যান্য ধুনাযুক্ত পদার্থ পাওয়া যায়।

ক্রিয়া। উত্তেজক, কফনিঃসারক। পুরাতন ব্রঙ্কাইটিস্ ও বাতরোগে ব্যবহৃত হয়। শ্লৈষ্মিক ঝিল্লির উপর ইহার ক্রিয়া বিধায়, গ্লীট্ ও শ্বেতপ্রদর রোগে স্রাবণ ক্রিয়ার সঙ্কোচনার্থ ইহার ব্যবহার করা যায়। বাহ্যপ্রয়োগে ইহা উত্তেজক এই হেতু ক্ষতে ও বিবিধ দুষ্টক্ষতে ডিম্বের কুসুমের সহিত লাগাইলে উপকার পাওয়া যায়। মাত্রা ১০—১৫ মিং।

বাল্‌সেমম্ টলিউটেনম্ (Balsamum Tolutanum) ; ইং (Tolu Balam)। লেগুমিনোসি জাতীয় মাইরক্স্‌যিলন্ টলুফ্যেরা নামক বৃক্ষের রস। বৃক্ষের স্কন্ধে অস্ত্রাঘাত করিলে এই রস নির্গত হয়।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। কোমল, চট্‌চটে পদার্থ, কালক্রমে শুষ্ক হইয়া ধুনার ন্যায় হয়। গন্ধ মনোরম ও অম্লাস্বাদ। শোধিত সুরায় দ্রব হয়।

ইহা কেবল অন্যান্য কফঃনিস্বারক ঔষধ সহযোগে আভ্যন্তরিক ব্যবহৃত হয়।

ক্রিয়া। বালসেমম্ পেরুর ন্যায়। মাত্রা ১০—২০ গ্রেণ।

প্রয়োগরূপ। ১ম। সাইরূপস্ টলিউটেনস্ (Syrupus Tolutanus) বাল্‌সম্ অব্ টলু ১।০ আং, বিশুদ্ধ শর্করা ২ পৌং, পরিস্রুত জল ১০পাং। মাত্রা ১ ড্রাম।

২য়। টিংচুরা টলিউটেনা (Tinctura Tolutana)। বাল্‌সম্ অব টলু ২।০ আং, শোধিত সুরা ১ পাইন্ট পূর্ণ করিতে যথা প্রয়োজন। আবৃত পাত্রে ১৫ আং সুরায় বাল্‌সম্ অব্ টোলুকে ভিজাইয়া রাখিয়া, ও মধ্যে

আলোড়িত করিয়া, ৬ ঘণ্টা কিম্বা বাল সম্ স্রব হইলে পর ছাঁকিয়া, প্রয়োজনীয় সুরা সংযোগে ১ পাং পূর্ণ করিবে। মাত্রা ২০—৪০ মিং।

টোচিসাই এসিডাই ট্যানিসাই, ট্রোচিসাই মর্কাইনি, টোচিসাই মর্কাইনি এট্ ইপিকাকোয়ানহা এবং টোচিসাই ওপিয়াই প্রস্তুত করিতে টিংচ্যার টলিউটানার আবশ্যকতা হয়।

পাইল্যুলা ফস্ফোরাই ও টিংচুরা বেঞ্জোইনি কম্পোজিটা প্রস্তুত করিতে বাল্সেমম্ টলিউটানার আবশ্যকতা হয়।

ফাইসস্টিগ্মেটিস্ সিমেন (Physostigmatis Semen)। ইং (Calabar Bean)। প্রতি সংজ্ঞা। ফাইসস্টিগ্মেটিস্ ফেবা।

লেগুমিনোসি জাতীয় ফাইসস্টিগমা ভিনিনোসম্ নামকলতার শুষ্কীকৃত বীজ। ক্যালাবার দেশে জন্মে।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। বীজ সকল ১ ইঞ্চ পরিমাণ স্থূল। দেখিতে অনেকাংশে মূত্রগ্রন্থির (Kidney) ন্যায়। গন্ধহীন, সীমের ন্যায় আস্বাদ এল্কোহলে ইহার ধর্ম্ম গৃহীত হয়। চূর্ণের মাত্রা। ১—৪ গ্রেণ্।

ক্রিয়া। স্থানিক ক্রিয়া ও ব্যবহার। চক্ষুতে প্রয়োগ করিলে, ১৫ মিনিট মধ্যে কনীনিকা সম্পূর্ণরূপে সঙ্কুচিতহয়। সেই সঙ্কোচনের সহিত চক্ষুপল্লবের কিঞ্চিৎ খেঁচুনী, চক্ষুপ্রদেশে বেদনা, দৃষ্টির ব্যাঘাত প্রভৃতি লক্ষণপ্রকাশ পায়। তৃতীয় স্নায়ুর উত্তেজনা জন্য কনীনিকা সঙ্কুচিত হয়।

বেলেডোনা প্রয়োগে চক্ষুর কনীনিকা প্রসারিত হইয়া অসুবিধা ঘটাইলে ইহা দ্বারা তাহা নিবারিত হইয়া থাকে। চক্ষুর কর্ণিয়ার ক্ষত স্থানে (Perforating ulcer of the cornea) হইতে আইরিস নামক গঠন বহির্গত করণ জন্য ইহা ব্যবহৃত হয়। ১ আং জলের সহিত ২ গ্রেণ মিশ্রিত করিয়া, উহার এক ফোঁটা চক্ষুতে প্রয়োগ করিতে হয়। ইহা প্রয়োগ ট্রমাস্, ক্লিক টিনিউলার অপ্থ্যাল্মিয়া এবং কর্ণিয়ার ক্ষতে কনীনিকা সঙ্কুচিত হইয়া, চক্ষুতে আলোক প্রবিষ্ট হইতে পারে না। সুতরাং, চক্ষুপল্লবের আক্ষেপিক সঙ্কোচন হয় না।

আভ্যন্তরিক ক্রিয়া।

১ম। স্নায়ুমণ্ডলী এবং মস্তিকের উপর ইহার কোন ক্রিয়া নাই।

২য়। কশেরুকা মজ্জা বিশেষরূপে আক্রান্ত হওয়ায় পৈশিক দুর্ব্বলতা এবং অবশেষে পক্ষাঘাত হয়। উহার প্রত্যাবর্ত্তন শক্তি একেবারে নষ্ট হইয়া থাকে।

৩য়। প্রথমাবস্থায় ইহা দ্বারা যদিও মোটার স্নায়ুসমূহ আক্রান্ত হয় না, তথাপি দ্বিতীয়াবস্থায় উহার পরিচালনা কম হয়। সিম্প্যাথেটিক্ সিষ্টেম্ প্রথমে উত্তেজিত, পরে, অবসাদিত হয়।

৪র্থ। রক্ত সঞ্চালন যন্ত্রের উপর অল্প মাত্রায় ইহা দ্বারা হৃৎপিণ্ডের ক্রিয়া মন্দগামী ও সবল হয়। ইহাতে ধামনিক চাপ বৃদ্ধি পায়। কিন্তু ইহা দ্বারা বিষাক্ত হইলে হৃৎপিণ্ডের গতি দুর্ব্বল ও অনিয়মিত হইয়া, অবশেষে বন্ধ হইয়া থাকে। নিউমোগ্যাষ্ট্রিক্ স্নায়ুর যে সকল সূত্র হৃৎপিণ্ডকে পরিপুষ্ট করে, তাহাদিগকে প্রথমে উত্তেজিত, পরে অবসাদিত করে বলিয়া, ধমনী সকল প্রথমে উত্তেজিত এবং পরে অবসাদিত হইয়া থাকে।

৫ম। শ্বাস প্রশ্বাসের উপর। শ্বাস প্রশ্বাসের ক্রিয়া সচরাচর মৃদু ও অনিয়মিত হয় ও শারীরিক উত্তাপ লাঘব হয়।

৬ষ্ঠ। নিঃস্রাবন যন্ত্রের উপর। ইহা দ্বারা বমন হয় ও পাকাশয়ের বেদনাজনক সঙ্কোচন এবং অন্ত্রের কৃমিবৎ গতি বর্দ্ধিত হয়। লালাস্রাব ও ঘর্ম্মের পরিমাণ বৃদ্ধি হইয়া থাকে।

ডাক্তার ক্রিষ্টিশন্ নিজ শরীরে ১২ গ্রেণ্ মাত্রায় ক্যালাবারবিন্ সেবন করিয়া শিরোঘূর্ণন, অত্যন্ত দৌর্ব্বল্য, নাড়ীক্ষীণতা, হৃৎপিণ্ডের অনিয়মিত স্পন্দন, পেশীর বললোপ প্রভৃতি কুলক্ষণ সকল উপলব্ধি করিয়াছেন। ক্যালাবার বিন্ নিম্নলিখিত পীড়ায় ব্যবহার করিলে উপকার পাওয়া যায়। যথা,

১ম। ইহার জলীয় সার কিম্বা চাক্তি চক্ষে লাগাইলে কনীনিকা কুঞ্চিত হয়।

২য়। কশেরুকা মজ্জার প্রত্যাবৃত্ত ক্রিয়ার উপর ইহা অবসাদকত্বশতঃ ধনুষ্টঙ্কার রোগে এবং কুচিলাবীর্য্য দ্বারা বিষাক্ত হইলে ইহা সেবনে উপকার দর্শে।

৩য়। কোরিয়া রোগে ও উন্মাদ রোগীর সাধারণে পক্ষাঘাতে ইহা সেবনে উপকার দর্শে।

৪র্থ। এট্রোপিন্ ও ফাইসস্টীগ্মিন্ উভয় ঔষধের বিপরীত ক্রিয়া হেতু ফাইসস্টিগ্মিন্ দ্বারা বিষাক্ত হইলে এট্রোপিন্ দ্বারা উপকার পাওয়া যায়; কিন্তু এ বিষয়ে এখনও প্রমাণ সাপেক্ষ।

আময়িক প্রযোগ। ফ্রেজর সাহেব ধনুষ্টঙ্কার রোগে ইহা ব্যবহার করিতে বলেন। ইহা দ্বারা উক্তরোগের লক্ষণ দমিত হয়। ইহা মৃগী ও অন্যান্য স্নায়বীয় পীড়ায় ব্যবহৃত হয়। উন্মাদের পক্ষাঘাত রোগে ইহা দ্বারা উপকার হয়। লোকোমোটার এটাক্সি ও রাইটরস্ (Writers) ক্র্যাম্প্ রোগে ইহা বিশেষ উপকার করে। চূর্ণের মাত্রা ১—৪ গ্রেণ্।

প্রয়োগরূপ। ১ম। এক্স্ট্রাক্টম্ ফাইসস্টিগমেটিস্ (Extractum Physostigmatis)। ক্যালাবারবিন্ ৪০ নম্বরের চূর্ণ ১ পৌং, শোধিত সুরা ৪ পাঃ। ১ পাইন্ট সুরাতে ক্যালেবারবিন্কে আবৃত পাত্রমধ্যে ৪৮ ঘণ্টা ভিজাইয়া রাখিবে এবং মধ্যে মধ্যে আলোড়িত করিবে; পরে পার্কলেশম্ যন্ত্র দ্বারা চুয়াইয়া ফেলিবে ও ইহাতে অবশিষ্ট সুরা সংযোগ করিবে। অবশেষে জল স্বেদন যন্ত্র দ্বারা গাঢ় করিয়া লইবে। মাত্রা ১/১৬—১/৪ গ্রেণ্।

প্রয়োগরূপ। ফাইসস্টিগ্মিনা (Physostigmina)। প্রতিসংজ্ঞা এজেরিন্। ক্যালাবার্ বিনের সুরাঘটিত সারকে দ্রব করিয়া বাইকার্বোনেট অব্ সোডা ও ইথার সংযোগকরতঃ উৎপাতিত করিলে এই উপক্ষার পাওয়া যায়।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। বর্ণহীন, দানযুক্ত পদার্থ, এল্কোহল্ ও জলমিশ্রিত দ্রাবকে দ্রব হয়। চক্ষে লাগাইলে কনীনিকা কুঞ্চিত হয়।

প্রয়োগরূপ। ১ম। ল্যামেলি ফাইসস্টিগ্মিনি (Lamellæ Physostigminæ); ইং (Discs of Physostigmine)। ইহা জেলাটিন্ ও গ্লিসীরিন্ মিশ্রিত চাক্তি। প্রত্যেকের ওজন ১/৫০ গ্রেণ্ এবং প্রত্যেক চাক্তিতে ১/১০০০ গ্রেণ্ ফাইসস্টিগমিন্ আছে। বিবিধ চক্ষুরোগে ইহা প্রয়োগ করা হয়। ইহা দ্বারা কনীনিকা কুঞ্চিত হয়।

ক্রাইসরোবিনম্ (Chrysarobinum); ইং (Chrysarobin);

প্রতিসংজ্ঞা। এ্যারারোবা পাউডার, গোয়া পাউডার।

লেগুমিনোসি জাতীয় এণ্ডিরা এ্যারারোবা নামক বৃক্ষের কাষ্ঠ ও শাখা সকলের শুষ্ক ও চূর্ণীকৃত মজ্জাপদার্থ। বৃক্ষের বয়স ও তেজ অনুসারে ইহাতে কম বেশি ক্রাইসোফ্যানিক্ এসিড্ পাওয়া যায়; এবং অক্সিজেন্ গ্রহণ দ্বারা ইহা হইতে আরও অধিক ক্র্যাইসোফ্যানিক্ এসিড্ পাওয়া যায়।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। ঈষৎ ধূসর মিশ্রিত পীতবর্ণ, সূক্ষ্মদানাযুক্ত চূর্ণ, গন্ধাস্বাদ বিহীন, জলে অল্পমাত্র দ্রব হয়, শোধিত সুরায় সম্পূর্ণরূপে দ্রব হয়।

ক্রিয়া। ইহার আভ্যন্তরিক প্রয়োগ বড় দেখা যায় না। ইহা প্রবল উত্তেজক ও পরাঙ্গপুষ্টকীট নাশক। একজিমা, সোরাএসিস্ প্রভৃতি বিবিধ পরাঙ্গপুষ্টকীটজনিত চর্ম্মরোগে ইহার স্থানিক প্রয়োগ উপকারী। মাত্রা ১/৬—৷৹ গ্রেণ।

প্রয়োগরূপ। অঙ্গুয়েন্টম্ ক্রাইসরোবাইনাই (Unguentum Chrysarobini) ক্রাইসারোবিন্ ২০ গ্রেণ, বেন্‌জোয়েটেড্ লার্ড ৪৮০ গ্রেণ। বসা গলাইয়া, তাহাতে ক্রাইসোরবিন্ সংযোগ করতঃ, এরূপ ভাবে নাড়িবে, যেন সমস্ত দ্রব হয়। পরে উত্তাপ সরাইয়া, যে পর্য্যন্ত না শীতল হয়, ততক্ষণ তাহাকে আলোড়িত করিবে।

সিস্‌ল্‌পাইনিয়ি (Cæsalpinieæ) উপশ্রেণী।

হিমাটক্সিলাই লিগনম্ (Hæmatoxyli Lignum), ইং (Log Wood)। লেগুমিনোসি জাতীয় হিমাটক্সিলন্ ক্যাম্পিচিয়ানম্ নামক বৃক্ষের আভ্যান্তরিক কাষ্ঠ। মার্কিনখণ্ড ও ভারতবর্ষে জন্মে।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। খণ্ড খণ্ড কাষ্ঠ, কঠিন ও জলাপেক্ষা গুরু, গাঢ় লোহিত বর্ণ, কষায় আস্বাদ, জলে ও সুরাবীর্য্যে ইহার সারাংশ দ্রব হয়।

ইহাতে হিমাটক্সিলিন্ নামক একপ্রকার লোহিতবর্ণ দানাযুক্ত পদার্থ পাওয়া যায়। ইহা ভিন্ন ট্যানিক্ এসিড্ ও ধুনা ইহাতে থাকে।

ক্রিয়া। বিশুদ্ধ সঙ্কোচক। সেবন করিলে প্রস্রাবের বর্ণ লোহিত হয়।

আময়িক প্রয়োগ। পুরাতন উদরাময় ও অতিসার রোগে ব্যবহৃত হয়।

প্রয়োগরূপ। ১ম। ডিকক্টম্ হিমাটক্সিলাই (Decoctum Hæmatoxyli)।

লগ্ উডের খণ্ড ১ আং, দারুচিনির কুট্টিত ত্বক্ ৫৫ গ্রেণ্, পরিশ্রুত জল ১ পাং। আবৃত পাত্রে ১০ মিনিট কাল লগ্ উড্ ফুটাইয়া, দারুচিনিমিশ্রিত করতঃ ছাঁকিয়া, পরিশ্রুত জল সহযোগে ১ পাং পূর্ণ করিবে। মাত্রা ১—২ আং।

২য়। এক্স্ট্রাক্টম্ হিমাটক্সিলাই (Extractum Hæmatoxyli)। লগ্ উডের সূক্ষ্ম খণ্ড ১ পোঃ, ফুটিত পরিশ্রুত জল ১ গ্যালন্। ২৪ ঘণ্টা কাল লগ্ উড্‌কে ভিজাইয়া লইয়া, ফুটাইবে। অর্দ্ধেক জল থাকিতে, তাহা ছাঁকিয়া লইয়া, জলস্বেদন যন্ত্রে গাঢ় করিবে। ইহা প্রস্তুত করিতে লৌহ পাত্র ব্যবহার করিবে না। মাত্রা ১০—৩০ গ্রেণ।

সোনামুখী (Senna); ইং (Senna)। লেগুমিনোসি জাতীয় *বিবিধ প্রকার ক্যাসিয়া বৃক্ষের পত্র। বৃটিশ্ ফার্ম্মাকোপিয়ায় দুই প্রকার সোনামুখী গৃহীত হইয়াছে।*

১ম। সেনা এলেক্‌জ্যাণ্ড্রিনা। ২য়। সেনা ইণ্ডিকা।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। ভল্লাকৃতি বা অণ্ডাকৃতি পত্র সকল, ঈষৎ মিষ্ট ও তিক্ত স্বাদ, জল ও সুরা দ্বারা ইহার ধর্ম্ম গৃহীত হয়। সোনামুখীতে এক প্রকার বায়ীতৈল ও ক্যাথার্টিন্ নামক বীর্য্য আছে।

অসম্মিলন। দ্রাবক, ক্ষার কার্ব্বনেট্, চূণের জল, সীস, রৌপ্য ও তাম্র-ঘটিত লবণ, করোসিভ্ সবলিমেট্, টার্টার এমেটিক্ সিঙ্কোনা বল্কল প্রভৃতি।

ক্রিয়া। বিরেচক। ইহার ক্রিয়া কোলন্ ও রেক্‌টম্ অপেক্ষা ক্ষুদ্রান্ত্রে বিশেষরূপে প্রকাশ পায়। ইহা দ্বারা অন্ত্রের কৃমিক্রিয়া বৃদ্ধি পায় ও এবিধায় অন্ত্রের শ্লৈষ্মিক ঝিল্লি হইতে অধিক পরিমাণে রস নির্গত হইয়া তরল ভেদ হয়।

ইহা সেবনে বিবমিষা ও উদরে কুন্থন উপস্থিত হয়। তন্নিবারনার্থ বিবিধ বায়ুনাশক ও গন্ধদ্রব্য, এপ্সম্ সল্ট্ ও টার্ট্রেট্ অব্ পটাশিয়ম্ সংযোগে ইহা প্রয়োগ করা উচিত। ইহা শোষিত হইয়া কার্য্য করে, তাহার প্রমাণ এই যে, প্রসূতীকে সেবন করাইলে তাহার স্তনদুগ্ধের বিরেচক গুণ দর্শে। ইহা সেবনে প্রস্রাবের বর্ণ লোহিত হয়।

আময়িক প্রয়োগ। কোষ্ঠবদ্ধ রোগে বিরেচক লবণ ও সুগন্ধ ঔষধ সহযোগে সেবন করিলে বিশেষ উপকার পাওয়া যায়।

প্রয়োগরূপ। ১ম। কন্‌ফেক্‌শিয়ো সেনি (Confectio Sennæ) সোনামুখীর সূক্ষ্ম চূর্ণ ৭ আং, ধনিয়ার সূক্ষ্ম চূর্ণ ৩ আং, ডুমুর ১২ আং, তেঁতুল ৯ আং, ক্যাসিয়া পল্প ৯ আং, আলুবোখারা ৬ আং, যষ্টিমধুর সার ১ আং, বিশুদ্ধ শর্করা ৩০ আং, পরিস্রুত জল ২৫ আং, পূর্ণ করিবার জন্য যথা প্রয়োজন। ডুমুর ও আলুবোখারাকে ২৪ ঘন্টা আবৃত পাত্রে ২৪ আং, পরিস্রুত জলে ৪ ঘন্টা পর্য্যন্ত মৃদু মৃদু ফুটাইবে। পরে ইহাতে তেঁতুল ও ক্যাসিয়া পল্প পরিস্রুত জলে গুলিয়া মিশাইবে ও ইহা ২ ঘন্টা পর্য্যন্ত রাখিবে। পরে শর্করা ও যষ্টিমধুর সার ইহাদের সহিত মিশ্রিত করিবে এবং উত্তপ্ত করিতে থাকিবে ও ইহাতে সোনামুখী ও ধনিয়া চূর্ণ ক্রমশঃ সংযোগ করিয়া উত্তম রূপে মিশাইবে ইহাকে সামান্যতঃ মেনেটিভ্ ইলেক্ চুয়োরি কহে। মাত্রা ৬০—১২০ গ্রেণ্।

২য়। ইন্‌ফিউসম্ সেনি (Infusum Sennæ)। সোনামুখী ১ আং, জিঞ্জার খণ্ড ২৮ গ্রেণ্, স্ফুটিত পরিস্রুত জল ১০ আং। আবৃত পাত্রে অর্দ্ধ ঘন্টা কাল ভিজাইয়া ছাঁকিয়া লইবে। মাত্রা ১—২ আং। মিশ্চুরা সেনি কম্পোজিটা প্রস্তুত করিতে ইহার আবশ্যকতা হয়।

৩য়। মিশ্চুরা সেনি কম্পোজিটা (Mistura Sennæ Composita)। প্রতিসংজ্ঞা (Black Draught)। সল্‌ফেট্ অব্ ম্যাগ্‌নিসিয়ম্ ৪ আং, যষ্টিমধুর তরল সার ১ আং, টিংচ্যার অব্ সেনা ২॥০ আং, কম্পাউণ্ড টিংচ্যার অব্ কার্ডেমম্ ১॥০ আং, ইন্‌ফিউসম্ অব্ সেনা ১৫ আং। সোনামুখীর ফাণ্টে মৃদু তাপে সল্‌ফেট্ অব ম্যাগ্নিসিয়ম্ দ্রব করিয়া, তাহাতে যষ্টিমধু সার ও অবিষ্ট-দ্বয় মিলাইবে। মাত্রা ১—১॥০ আং।

৪র্থ। সাইরাপস্ সেনি (Syrupus Sennæ)। সোনামুখী ১৬ আং, ধনের তৈল ৩ মিং, বিশুদ্ধ শর্করা ২৪ আং, পরিস্রুত জল ৫ পাং, শোধিত সুরা ৩ আং। মাত্রা ১—৪ ড্রাম।

৫ম। টিংচুরা সেনি (Tinctura Sennæ)। সোনামুখী ২॥০ আং, বীজ-বিহীন কিস্‌মিস্ ২ আং, বিলাতি জীরা ॥০ আং, ধনে ॥০ আং, প্রুফ্ স্পিরিট ১ পাং। যথাবিধি পার্কোলেসন্ দ্বারা প্রস্তুত করিবে। মাত্রা ১—৪ ড্রাম। মিশ্চুরা সেনি কম্পোজিটা প্রস্তুত করিতে ইহার আবশ্যক। ইহা ভিন্ন সোনা-মুখী, পল্‌ভিস্ গ্লাইসিরাইজি কম্পোজিটসে আছে।

ক্যাসিয়া পল্পা (Cassiæ Pulpa)। লেগুমিনোসি জাতীয় ক্যাসিয়া ফিশ্চুলা নামক বৃক্ষের ফলাভ্যন্তরীয় শস্য। ভারতবর্ষে জন্মে।

স্বরূপ ও রাসয়নিক তত্ত্ব। আঠাযুক্ত ঘোর পাটলবর্ণ, বিশেষ গন্ধযুক্ত ও মিষ্টাস্বাদ। ইহাতে শর্করা, মণ্ড, পেক্‌টিন প্রভৃতি পদার্থ যাহা সোনামুখীতে পাওয়া যায়, তাহা ইহাতেও পাওয়া যায়।

ক্রিয়া। মৃদুবিরেচক। ইহা সেবনে উদরাধ্মান উপস্থিত হয়, এ কারণ অন্যান্য বিরেচক ঔষধের সহিত ইহা ব্যবহৃত হয়। কন্‌ফেক্‌শিয়ো সেনি প্রস্তুত করিতে ইহার আবশ্যক হয়।

ট্যামারিণ্ডস্ (Tamarindus); ইং (Tamarind)। বাং তেঁতুল। লেগুমিনোসি জাতীয় ট্যামারিণ্ডস্ ইণ্ডিকা নামক পক্ক ফলের শস্য।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। ফল ৪।৫ ইঞ্চ দীর্ঘ, প্রস্থ ৸০ ইঞ্চ, চেপ্টা এবং বক্র। ভিতরে বীজবেষ্টিত শস্য, অম্লাস্বাদ। ইহাতে শর্করা, গঁদ, পেক্‌টিন্, টার্টারিক্ এসিড্ সাইট্রিক্ এসিড্, ও বাইটার্ট্রেট্ অব্ পটাশিয়ম্ প্রভৃতি দ্রব্য পাওয়া যায়।

ক্রিয়া। মৃদুবিরেচক ও শৈত্যকারক। জ্বরাদিরোগে ইহার পানীয় শৈত্য ও স্নিগ্ধকারক। কন্‌ফেক্‌শিয়ো সেনি প্রস্তুত করিতে ইহা ব্যবহৃত হয়।

কোপেবা (Copaiba); ইং (Copaiva)। লেগুমিনোসি জাতীয় কোপেফারা ল্যাঙ্গস্‌ডর্ফিয়াই এবং অন্যান্য প্রকার কোপেফারা বৃক্ষের তৈল ও ধুনাযুক্ত রস। বৃক্ষের স্কন্ধে অস্ত্রাঘাত করিলে এই রস নির্গত হয়।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। দেখিতে স্বচ্ছ, গাঢ়, পীতবর্ণ পদার্থ, বিশেষ গন্ধযুক্ত। ইহাতে রেজিন্ ও বায়ী তৈল পাওয়া যায়।

ক্রিয়া। ইহা সমুদয় শ্লৈষ্মিক ঝিল্লির উত্তেজক। ইহা শোষিত হইয়া মূত্র ও শ্বাসপ্রশ্বাস দ্বারা নির্গত হয়। অধিক মাত্রায় সেবন করিলে উদরে বেদনা, বিবমিষা, বমন ও উদরাময় উপস্থিত হয়। ইহার দ্বারায় প্রস্রাবের পরিমাণ বৃদ্ধি হয়। কখন কখন শরীরে কণ্ডুয়ন ও রক্তবর্ণ দানা নির্গত হয়।

আময়িক প্রয়োগ। প্রমেহ রোগে ইহা বিশেষরূপে ব্যবহৃত হয়। পুরাতন শ্বাসনলী প্রদাহ এবং পুরাতন কাশরোগে ইহা ব্যবস্থা করা যায়। মাত্রা ৷০—১ ড্রাম্।

প্রয়োগরূপ। ১ম। ওলিয়ম্ কোপেবি (Oleum Copaibæ)। কোপেভা হইতে চুয়াইয়া এই তৈল প্রস্তুত করা হয়। মাত্রা ৫—২০ মিং।

মাইমোসিয়ি (Mimoseæ) উপশ্রেণী।

গঁদ। (Acaciæ Gummi); ইং (Gum Acacia)। লেগুমিনোসি জাতীয় একেসিয়া সেনিগাল্ এবং অন্যান্য জাতীয় একেসিয়া বৃক্ষ হইতে নির্গত গঁদ।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। অণ্ডাকার খণ্ড সকল, ভঙ্গুর, জলে দ্রবনীয়, ইহাতে এরাবিন্ নামক সার পাওয়া যায়।

অসম্মিলন। তীব্র ধাতব অম্ল, ইথার, সুরাবীর্য্য, সব্ এসিটেট্ অব্ লেড্, টিংচার্ ফেরি পার্ক্লোরাইড্।

ক্রিয়া। স্নিগ্ধকারক, শ্লৈষ্মিক ঝিল্লির আবরক। বিসমথ্ সব্ নাইট্রাস্ প্রভৃতি গুরু দ্রব্যকে সমান অংশে মিশ্রে রাখিবার জন্য ইহার ব্যবহার হয়।

প্রয়োগরূপ। মিউসিলেগো একেসিয়ি (Mucilago Acaciæ)। গম্একেশিয়া চূর্ণ ৪ আং, পরিশ্রুত জল ৬ আং। যে পর্য্যন্ত না দ্রব হয়, ততক্ষণ ভিজাইয়া রাখিবে। ফার্ম্মাকোপিয়ার সমুদয় ট্রোচিসাই প্রস্তুত করিতে ইহার আবশ্যকতা হয়। মাত্রা ১—৪ ড্রাম্।

মিশ্চুরা ক্রিটা, মিশ্চুরা গোয়েসাই, পল্ভিস্ এমিগ্ডেলি কম্পোজিটস্ পল্ভিস্ ট্রাগা ক্যান্থি কম্পোজিটসেও আরবী গঁদ পাওয়া যায়।

কৃষ্ণখদির। (Catechu Nigrum)। বৃটিশ ফার্ম্মাকোপিয়ায় ইহার প্রয়োগ নাই।

মাইমোসি জাতীয় একেসিয়া ক্যাটিকিউ নামক বৃক্ষের আভ্যন্তরিক কাষ্ঠের সার। দেখিতে কৃষ্ণবর্ণ, ভঙ্গুর, কঠিন, গুরু, জলে ডুবিয়া যায়।

ক্রিয়া। সঙ্কোচক।

রোজেসিয়ি (Rosaceæ) জাতি।

১। রোজি সেন্টিফোলিয়া পেটালা। (Rosæ Centifoliæ Petala) ইং (Cabbage Rose Petals)। রোজেসিয়ি জাতীয় রোজা সেন্টিফোলিয়া নামক বৃক্ষের সরস পূর্ণবিকশিত পুষ্পদল।

স্বরূপ। বৃহৎ, পাতলা, গন্ধযুক্ত পুষ্প, মিষ্ট কষায় ও তিক্ত আস্বাদ।

প্রযোগরূপ। একোয়া রোজি (Aqua Rosæ) ; ইং (Rose Water) বাং গোলাব জল।

গোলাবের পত্র ১০ পৌং, জল ৫ গ্যাং। চুয়াইয়া ১ গ্যালন প্রস্তুত করিবে। মিক্‌চুরা ফেরি কম্পোজিটা ও টোচিসাই বিসমথাই প্রস্তুত করিতে গোলাব জলের আবশ্যকতা হয়।

২। রোজি গ্যালিসি পেটালা (Rosæ Gallicæ Petala) ; ইং (Red Rose Petals) ; বাং রক্তগোলাব।

রোজেসিয়ি জাতীয় রোজাগ্যালিকা নামক বৃক্ষের সরস ও শুষ্ক পুষ্পদল। ইহাতে ট্যানিক্‌ ও গ্যালিক্‌ এসিড্‌, বর্ণদ্রব্য ও কিঞ্চিৎ বায়বীতৈল পাওয়া যায়।

ক্রিয়া। ইহার ক্রিয়া মৃদু সঙ্কোচক ও মৃদু বলকারক। সুগন্ধ ও উত্তম বর্ণের জন্য অন্যান্য ঔষধের সহিত ব্যবহৃত হয়।

প্রয়োগরূপ। ১ম। কন্‌ফেক্‌শিয়ো রোজি গ্যালিসি (Confectio Rosæ Gallicæ)। সরস লোহিত গোলাব ১ পৌং, বিশুদ্ধ শর্করা ৩ পৌং। প্রস্তর খলে পুষ্পদলকে মর্দ্দন করতঃ, কোমল করিয়া, শর্করা সংযোগে উত্তম-রূপে মর্দ্দন করিয়া লইবে। পাইল্যুলা এলোজ্‌ বার্ব্বেডেন্সিস্‌, পাইল্যুলা এলোজ্‌ এট্‌ এসাফোটিডি, পাইল্যুলা এলোজ্‌ এট্‌ ফেরি, পাইল্যুলা এলোজ্‌ সকোট্রাইনি, পাইল্যুলা ফেরি কার্ব্বোনেটিস্‌, পাইল্যুলা হাইড্রার্জিরাই, পাইল্যুলা প্লম্বাই কম্‌ ওপিও প্রস্তুত করিতে ইহার আবশ্যকতা হয়। মাত্রা ৩০—৬০ গ্রেণ্‌।

২য়। ইন্‌ফিউসম্‌ রোজি এসিডম্‌ (Infusum Rosæ Acidum)। শুষ্ক লোহিত গোলাব পুষ্পের দল ।০ আং, জলমিশ্র গন্ধকদ্রাবক ১ ড্রাম, স্ফুটিত পরিস্রুত জল ১০ আং। জলে গন্ধক দ্রাবক মিশাইয়া, তাহাতে গোলাবের দলকে অর্দ্ধঘণ্টাকাল ভিজাইয়া, ছাঁকিয়া লইবে। মাত্রা ১—২ আং।

৩য়। সাইরূপস্‌ রোজি গ্যালিসি (Syrupus Rosæ Gallicæ)। শুষ্ক লোহিত গোলাব পুষ্পদল ২ আং, বিশুদ্ধ শর্করা ৩০ আং, স্ফুটিত পরিস্রুত জল ১ পাং। জলে গোলাবের দলকে ২ ঘণ্টাকাল ভিজাইয়া, ছাঁকিয়া, নিঙ্‌ড়াইয়া লইয়া, তাহাতে শর্করা মিশাইয়া, মৃদু তাপে দ্রব করিয়া লইবে। মাত্রা ১ ড্রাম।

৩। রোজি কেনাইনি ফ্রুকটস্ (Rosæ Caninæ Fructus) ; ইং (Dog Rose)। রোজেসিয়ি জাতীয় রোজা কেনাইনা বৃক্ষের পক্ব ফল।

প্রয়োগরূপ। কন্ফেক্‌শিয়ো রোজি কেনাইনি (Confectio Rosæ Caninæ)। বীজরহিত রোজফ্রুট্ ১ পৌঃ, শর্করা ২ পৌঃ। প্রস্তর খলে হিপ্স্‌কে মর্দ্দন করিয়া, কোমল করতঃ, ছাঁকুনী দিয়া ঘষিয়া লইয়া, শর্করা সংযুক্ত করতঃ মর্দ্দন করিয়া লইবে। মাত্রা ৬০ গ্রেণ্।

ক্রিয়া। শৈত্যকারক ও ঈষৎ সঙ্কোচক।

এমিগ্‌ডেলা এমেরা। (Amygdala Amara) ইং (Bitter Almond)। রোজেসিয়ি জাতীয় প্রুনস্ এমিগডেলস্ এমেরা নামক বৃক্ষশ্রেণীর পক্ব বীজ। মগাডোরে জন্মে।

এমিগ্‌ডেলা ডল্‌সিস্। (Amygdala Dulcis) ইং (Sweet Almond)। উপরোক্ত জাতীয় বিবিধ প্রকার ডল্‌সিস্ নামক বৃক্ষ শ্রেণীর পক্ব বীজ।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। উভয় প্রকার বাদামের আকৃতি একরূপ। প্রভেদের মধ্যে একটির আস্বাদ তিক্ত ও অপরটীর মিষ্ট।

ক্রিয়া। তিক্ত বাদামে প্রুসিক্ এসিড্ থাকা প্রযুক্ত ইহার আভ্যন্তরিক প্রয়োগ হয় না। মিষ্ট বাদাম পোষক ও স্নিগ্ধকারক।

প্রয়োগরূপ। ১ম। ওলিয়ম্ এমগ্‌ডেলি (Oleum Amygdalæ)। ইহা দুই প্রকার বাদামে পাওয়া যায়। ওলিয়ম ফস্‌ফরেটম্, অঙ্গুয়েণ্টম্ সিটেসিয়ি, রেজাইনি ও সিম্‌প্লেক্সে ইহা পাওয়া যায়। মাত্রা ২—৪ ড্রাম্।

এমিগ্‌ডেলা ডল্‌সিসের প্রয়োগরূপ। ১ম। মিশ্চুরা এমিগ্‌ডেলি (Mistura Amygdalæ) ; ইং (Almond Mixture)। কম্পাউণ্ড্ পাউডার্ অব্ আমণ্ড্ ২ আং, পরিশ্রুত জল ১৬ আং। একত্রে মিশাইয়া লইবে। মাত্রা ১—২ আং।

২য়। পল্‌ভিস্ এমিগ্‌ডেলি কম্পোজিটস্ (Pulvis Amygdalæ Compositus)। মিষ্ট বাদাম ৮ আং, বিশুদ্ধ শর্করা চূর্ণ ৪ আং, আরবী গঁদ চূর্ণ ১ আং। একত্রে মর্দ্দন করিয়া লইবে। মাত্রা ১—২ ড্রাম।

আলবোখারা (Prunum) ; ইং (Prune)। রোজেসিয়ি জাতীয় প্রুনস্ ডোমেষ্টিকা নামক বৃক্ষের শুষ্কীকৃত ফল। পারস্য দেশে জন্মে।

স্বরূপ। কিয়ৎ পরিমাণে অণ্ডাকার কৃষ্ণবর্ণ, কুঞ্চিত, মিষ্ট, মণ্ডবৎ, অম্লাক্ত আস্বাদ।

ক্রিয়া। মৃদুবিরেচক। ইহাতে ম্যালিগ্ এসিড্, শর্করা ও বিরেচক বিশিষ্ট সার পাওয়া যায়। অন্যান্য বিরেচক ঔষধের সহিত ইহা ব্যবহৃত হয়। ইহা কন্‌ফেক্‌শন্ সেনাতে আছে।

লরোসিরেসাই ফোলিয়া (Laurocerasi Folia) ; ইং (Cherry Laurel Leaves)।

রোজেসিয়ি জাতীয় প্রুনস্ লরোসিরেসস্ নামক বৃক্ষের সরস পত্র। ইউরোপ খণ্ডে জন্মে।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। ভল্লাকৃতি, ৫—৭ ইঞ্চ্ লম্বা, মর্দ্দন করিলে বিশেষ গন্ধযুক্ত। ইহাতে এমিগ্‌ডেলিন্ ও বায়ী তৈল পাওয়া যায়।

ক্রিয়া। হাইড্রোসিয়ানিক্ এসিডের ন্যায়।

প্রয়োগরূপ। একোয়া লরোসিরেসাই (Aqua Laurocerasi)। সরস চেরি লরেল্ পত্র ১ পৌং, জল ২॥০ পাং। চুয়াইয়া ১ পাং প্রস্তুত হয়। মাত্রা ।৫—২ ড্রাম।

কসো (Cusso) ; ইং (Kousso)। রোজেসিয়ি জাতীয় হেজেনিয়া অ্যাবিসিনিকা নামক বৃক্ষের শুষ্কীকৃত সরস পুষ্প বা প্যানিকল্ (প্রধানতঃ স্ত্রী-পুষ্পের)। আবিসিনিয়ায় জন্মে।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। নিপীড়িত গুচ্ছাকার বা নলাকার, ১০ ইঞ্চ্ দীর্ঘ, অথবা শরপুষ্প ক্ষুদ্র খণ্ড খণ্ড। স্ত্রীপুষ্প সকল লোহিতাভ, পুষ্প সকল বহু সংখ্যক। ইহাতে তিক্ত ধুনা এবং বায়ী তৈল ও ট্যানিন্ আছে।

ক্রিয়া। কৃমিনাশক। কিতার ন্যায় কৃমি রোগে ইহা ব্যবহৃত হয়। ইহা সেবনে কখন কখন বিবমিষা ও বমন হয়। চূর্ণের মাত্রা ।০—॥০ আং।

প্রয়োগরূপ। ইন্‌ফিউসম্ কসো (Infusum Cusso)। কসু স্থূল চূর্ণ ।০ আং, ফুটিত পরিশ্রুত জল ৮ আং। আবৃত পাত্রে উহাদিগকে ২৫ মিনিট

ভিজাইয়া লইয়া, না ছাঁকিয়া, সর্ব্বসমেত শূন্যোদরে বিধান করিবে। মাত্রা ৪—৮ আং।

মার্টেসিয়ি (Myrtaceæ) জাতি।

লবঙ্গ (Caryophyllum); ইং (Clove)। মার্টেসিয়ি জাতীয় ইউজিনিয়া ক্যারিয়োফাইলেটা নামক বৃক্ষের শুষ্ক কলিকা। পিনাং, এম্বয়ন্া প্রভৃতি স্থানে জন্মে।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। ক্ষুদ্র, পেরেকের ন্যায় একদিক মোটা ও অপরদিক সরু, অগ্রভাগে গোলাকার মণ্ডে পুষ্প সকল দেখা যায়। সুগন্ধযুক্ত, তীব্র আস্বাদ। ইহাতে বায়ী তৈল, ট্যানিক্ এসিড্ ও ধুনা পাওয়া যায়।

অসম্মিলন। লৌহ, দস্তা, সীস, রৌপ্য ও রসাঞ্জন ঘটিত লবণ।

ক্রিয়া। উত্তেজক, বায়ুনাশক এবং আগ্নেয়। অজীর্ণ ও উদরাধ্মান রোগে ইহা সেবনে উপকার পাওয়া যায়।

প্রয়োগরূপ। ১ম। ইন্‌ফিউসম্ ক্যারিয়োফাইলাই (Infusum Caryophylli)। লবঙ্গ কুট্টিত ।• আং; স্ফুটিত পরিশ্রুত জল ১০ আং। আবৃত পাত্রে অর্দ্ধ ঘণ্টা কাল ভিজাইয়া, ছাঁকিয়া লইবে মাত্রা ১—৪ আং।

২য়। ওলিয়ম্ ক্যারিয়োফাইলাই (Oleum Caryophylli)। লবঙ্গ চুয়াইয়া তৈল প্রস্তুত করা হয়। মাত্রা ১—৪ মি°।

এই সকল ভিন্ন ইন্‌ফিউসম্ অরেন্‌সিয়াই কম্পোজিটা, মিশ্চুরা ফেরি অ্যারম্যাটিকা, পল্‌ভিস্ ক্রিটি অ্যারম্যাটিকস্ ও ভাইনম্ ওপিয়াই প্রস্তুত করিতে লবঙ্গের আবশ্যকতা হয়।

পাইমেণ্টা (Pimenta); ইং (Pimento)। মার্টেসিয়ি জাতীয় পাইমেণ্টা অফিসিনেলিস্ নামক বৃক্ষের অপক্ক ফল। জ্যামেকায় জন্মে।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। মটরের ন্যায় গোলাকার। সুগন্ধ যুক্ত ও তীব্র আস্বাদ। ইহাতে বায়ী ও স্থায়ী তৈল ও কিঞ্চিৎ ট্যানিন্ আছে।

ক্রিয়া। উত্তেজক, বায়ুনাশক এবং আগ্নেয়। অন্যান্য বিরেচক ঔষধের উগ্রতা দমনার্থ প্রয়োগ করা হয়।

প্রয়োগরূপ। ১ম। একোয়া পাইমেণ্টা (Aqua Pimentæ)। পাইমেণ্টা কুট্টিত ১৪ আং ; জল ২ গ্যাং। চুয়াইয়া ১ গ্যাং, প্রস্তুত করিবে। মাত্রা ১—২ আউন্স।

২য়। ওলিয়ম্ পাইমেণ্টা (Oleum Pimentæ) ; পাইমেণ্টা চুয়াইয়া এই তৈল প্রস্তুত হয়। মাত্রা ১—৪ মিং।

ওলিয়ম্ ক্যাজুপটি (Oleum Cajuputi)। মার্টেসিয়ি জাতীয় মেলা লিউকা মাইনর্ নামক বৃক্ষের পত্র চুয়াইয়া এই তৈল প্রস্তুত হয়। ম্যালেকা দ্বীপে জন্মে।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। হরৎ মিশ্রিত সবুজ বর্ণ, তরল, স্বচ্ছ ও উৎপ্রতপ্ত।

ক্রিয়া। উত্তেজক, আক্ষেপনিবারক, প্রত্যুগ্রতা সাধক ও বায়ুনাশক। বাত ও পুরাতন প্রদাহাদিতে মর্দ্দন করিলে উপকার পাওয়া যায়। কোরিয়া ও হিষ্টিরিয়া রোগে ইহা সেবনে উপকার দর্শে। মাত্রা ১—৪ মিং।

প্রয়োগরূপ। স্পিরিটস্ ক্যাজুপটি (Spiritus Cajuputi)। ক্যাজুপটি তৈল ১ আং ; শোধিত সুরা ৪৯ আং। দ্রব করিয়া লইবে। মাত্রা ॥০—১ ড্রাম।

লিনিমেণ্টস্ ক্রোটনিস্ প্রস্তুত করিতে ক্যাজুপটি তৈলের আবশ্যকতা হয়।

ইউক্যালিপ্টাই ফোলিয়া (Eucalypti Folia)। মার্টেসিয়ি জাতীয় ইউকেলিপটাস্ গ্লবুলস্ নামক বৃক্ষের পত্র। ট্যাসমেনিয়া দেশে জন্মে ফার্ম্মাকোপিয়ায় ইহা গৃহীত হয় নাই।

ওলিয়ম্ ইউক্যালিপ্টাই (Oleum Eucalypti)। ইউক্যালিপ্টসের সরস পত্র হইতে চুয়াইয়া এই তৈল প্রস্তুত হয়।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। বর্ণহীন, অধিক দিন রাখিলে গাঢ় হয়, সদাকযুক্ত ও তীব্র আস্বাদ।

ক্রিয়া। ইহা পচননিবারক ও দুর্গন্ধহারক। স্থানিক প্রয়োগে উগ্রতা সম্পাদন করে। ইহা লাগাইলে কখন কখন চর্ম্মে ফোস্কা পড়ে।

আময়িক প্রয়োগ। ওজিনা, ব্রঙ্কাইটিস, থাইসিস্ প্রভৃতি রোগে ইহার ধূম আঘ্রাণ করিলে বিশেষ উপকার হয়। পুঁজজ্বরে (Pyæmia) ;

পিচকারী দ্বারা চর্ম্ম মধ্যে প্রয়োগ করিলে উপকার পাওয়া যায়। মাত্রা ১—৪ মিং।

প্রয়োগরূপ। অঙ্গুয়েণ্টম্ ইউক্যালিপ্টাই (Unguentum Eucalypti)। ইউক্যালিপ্টাস্ তৈল ১ আং, কোমল ও কঠিন প্যারাফিন্, প্রত্যেকে, ২ আং।

ইউক্যালিপ্টস্ গমাই (Eucalypti Gummi)। ইউক্যালিপ্টস্ রসটেটা নামক বৃক্ষের বল্কল হইতে প্রাপ্ত উজ্জ্বল লোহিত বর্ণ নির্য্যাস অষ্ট্রেলিয়ায় জন্মে।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। ইহা শতকরা ৮০।৯০ ভাগ শীতল জলে দ্রবনীয়, দ্রব ও সমক্ষারাম্ল গুণবিশিষ্ট, শোধিত সুরায় দ্রব হয়।

ক্রিয়া। ইহা সঙ্কোচক। এই হেতু উদরাময় রোগে ইহার প্রয়োগ হয়। দন্তক্ষত ও মুখ মধ্যের ক্ষতাদিতে ইহার কুল্লি প্রয়োগে উপকার হয়। লিউকোরিয়া, শ্বেতপ্রদর ও অধিক পরিমাণে রক্তস্রাবে ইহার পিচকারী উপকারক। ২—১০ গ্রেণ্। মাত্রা।

গ্র্যানেটাই র‍্যাডিসিস্ কর্টেক্স্ (Granati Radicis Cortex) ; ইং (Pomegranate Root Bark)। মার্টেসিয়ি জাতীয় পিউনিকা গ্রাণেটম্ নামক বৃক্ষ মূলের বল্কল।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। নলাকারে গুটিত খণ্ড, বাহ্যপ্রদেশ ধূসর বর্ণ, অভ্যন্তর পীতবর্ণ, ঈষৎ গন্ধযুক্ত ও তিক্ত কষায় আস্বাদ। ইহাতে পেলিটিয়ারিণ্ এবং আইসোপিলিটিয়ারিণ্ নামক উপক্ষার ও ট্যানিক্ এসিড্ আছে।

ক্রিয়া। সঙ্কোচক ও কৃমিনাশক।

প্রয়োগরূপ। ডিকক্টম্ গ্রাণেটাই র‍্যাডিসিস্ (Decoctum Granati Radicis)। দাড়িম্ব মূলের ত্বক্ খণ্ড খণ্ড ২ আং, পরিস্রুত জল ২ পাং। ফুটাইয়া ১ পাইণ্ট রাখিবে। মাত্রা ২—৪ আং।

কুকার্ব্বিটেসিয়ি (Cucurbitaceæ) জাতি।

ইন্দ্রবারুণী (Colocynthidis Pulpa) ইং (Colocynth Pulp)

কুকার্ব্বিটেসিয়ি জাতীয় সাইট্রলস্ কলোসিন্থিস্ নামক বৃক্ষের উপত্বক্ ও বীজবিহীন শুষ্কীকৃত ফল। ভারতবর্ষে জন্মে।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। গোলাকার, প্রায় ২ ইঞ্চ্ ব্যাস, কঠিন, পীত-বর্ণ ত্বক্ দ্বারা আচ্ছাদিত; আভ্যন্তরিক শস্য শ্বেতবর্ণ ও লঘু, তিক্ত আস্বাদ। ইহাতে কলোসিন্থিস্ নামক ধূনাযুক্ত বীর্য্য আছে।

ক্রিয়া। অতিবিরেচক। ইহার দ্বারা জলবৎ ভেদ হয়। বস্তিকোটর-স্থিত যন্ত্র সকল ইহা দ্বারা উত্তেজিত হয়। ইহা প্রয়োগে অন্ত্রে বেদনা উপস্থিত হয় বলিয়া, অন্যান্য বিরেচক ও বায়ুনাশক ঔষধের সহিত প্রয়োগ করা হয়। ইহা দ্বারা বৃহৎ অন্ত্রের উত্তেজনা ঘটাইয়া বিরেচন ক্রিয়া প্রকাশ পায়।

আময়িক প্রয়োগ। কোষ্ঠ কাঠিন্যে ইহা দ্বারা অত্যন্ত উপকার পাওয়া যায়। শোথ (Dropsy), লুপ্তরজো ও অন্যান্য জরায়ুসম্বন্ধীব পীড়ায় ইহা সেবনে বিশেষ উপকার পাওয়া যায়। ইহার কম্পাউণ্ড্ সার এবং বটিকা হেন্‌বেনের সাহত প্রয়োগ করিলে, অন্ত্রের কৃমিক্রিয়া হইয়া বৃদ্ধি অধিক পরিমাণে ভেদ হয়। অধিক মাত্রায় সেবনে ইহা দ্বারা অন্ত্রের প্রদাহ জন্মে। মাত্রা ২—৮ গ্রেণ্।

প্রয়োগরূপ। ১ম। এক্স্‌ট্রাক্টম্ কলোসিন্থিডিস্ কম্পোজিটম্ (Extractum Colocynthidis Compositum)। কালোসিন্থ শস্য ৬ আং, সকোট্রাইন্ এলোজের সার ১২ আং, স্ক্যামোনি রেজিন্ ৪ আং, কাড্‌সোপ চূর্ণ ৩ আং, এলাচের দানা সূক্ষ্ম চূর্ণ ১ আং, প্রুফ্ স্পিরিট্ ১ গ্যাং। ৪ দিন সুরাতে ইন্দ্রবারুণী ভিজাইয়া, ছাঁকিয়া, সুরা চুয়াইয়া ফেলিবে। পরে, মুসব্বরের সার সাবান ও স্ক্যামনি সংযুক্ত করিয়া, জলবেষ্টন যন্ত্রে গাঢ় করতঃ তাহাতে এলাচী চূর্ণ মিশাইবে। মাত্রা ৩—১০ গ্রেণ্।

২য়। পাইল্যুলা কলোসিন্থিডিস্ কম্পোজিটা (Pilula Colocynthidis Composita)। কলোসিন্থ চূর্ণ ১ আং, বার্ব্বেডোজ্ এলোজ্ চূর্ণ ২ আং, স্ক্যামোনি রেজিন্ চূর্ণ ২ আং, সলফেট্ অব্ পটাসিয়ম্ চূর্ণ ।০ আং, লবঙ্গের তৈল ২ ড্রাম্, পরিশ্রুত জল যথাপ্রয়োজন। একত্রে মর্দ্দন করিয়া, মিশ্রিত করিবে। মাত্রা ৫—১০ গ্রেণ্।

৩য়। পাইলুলা কলোসিন্থিডিস্ এট্ হাইয়োসায়েমাই (Pilula Colocynthidis et Hyoscyami)। কম্পাউণ্ড পিল অব্ কলোসিন্থ্ ২ আং, হেনবেনের সার ১ আং। মিশ্রিত করিয়া লইবে। মাত্রা ৫—১০ গ্রেণ্।

একবেলিয়াই ফ্রুক্টস্ (Ecballii Fructus)। কুকার্বিটেসিয়ি জাতীয় একবেলিয়ম্ বৃক্ষের প্রায় সম্পূর্ণ পক্ক ফল।

প্রয়োগরূপ। ইলেটিরিয়ম্ (Elaterium)। স্কোয়ার্টিন্ ককম্বর ফলের রসের গাদ। মাত্রা ১/১৬—১/২ গ্রেণ্।

ইলাটেরিনম্, (Elaterinum) ইং (Elaterin)। ইহা ইলাটিরিয়মের বীর্য্য। ইলাটিরিয়মের সহিত ক্লোরোফরম্ ও ইথার সংযোগে প্রস্তুত হয়।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। সমক্ষারাম্ল, ক্ষুদ্র, বর্ণহীন দানাযুক্ত পদার্থ, জলে দ্রব হয় না, তিক্ত আস্বাদ। মাত্রা ১/৪০—১/১০ গ্রেণ্।

প্রয়োগরূপ। পলভিস্ ইলাটেরিণি কম্পোজিটস্ (Pulvis Elaterini Compositus)। ইলাটেরিণ্ ৫ গ্রেণ্, দুগ্ধশর্করা ১৯৫ গ্রেণ্। খলে একত্রে মাড়িয়া সূক্ষ্ম রূপে চূর্ণীত করিয়া, উত্তমরূপে মিশাইয়া লইবে। মাত্রা ।০—৫ গ্রেণ্।

ক্রিয়া। অতিবিরেচক। হৃৎপিণ্ডের পীড়াপ্রযুক্ত উদরীরোগে ব্যবহৃত হয়। ইহা সেবনে কখন কখন বিবমিষা, বমন ও অবসাদন ক্রিয়া প্রকাশ পায়। ইহা দ্বারা অন্ত্রের বেদনা উপস্থিত হয়।

অম্বেলিফারি (Umbelliferæ) জাতি।

কোনিয়াই ফোলিয়া এট্ ফ্রুক্টস্ (Conii Folia et Fructus); ইং (Hemlock Leaves and Fruit)। অম্বেলিফারি জাতীয় কোনায়ম্ ম্যাকুলেটম্ নামক বৃক্ষের সরস পত্র এবং তরুণ শাখাগ্র ও পূর্ণবর্দ্ধিত শুষ্ক ফল।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। পত্র ত্রিখণ্ড উজ্জ্বল ও হরিদ্বর্ণ। ফল বাদামের ন্যায় চ্যাপ্টা, গাত্র আলিযুক্ত, পত্রে বায়বীতৈল পাওয়া যায় এবং পত্র ও ফলে কোনিন্ ও মিথিল্ কোনিন্ নামক উপক্ষার পাওয়া যায়। ফোনিয়ার মাত্রা ২—৮ গ্রেণ্।

ক্রিয়া। আক্ষেপনিবারক, কশেরুকামজ্জার অবসাদক ও বেদনানিবারক।

১। মস্তিষ্কের উপর ইহার কোনরূপ ক্রিয়া নাই। কিন্তু কেহ কেহ বলেন যে, সঞ্চালক গ্যাংগ্লিয়া (Motor-Ganglia); বিশেষতঃ, কর্পস্ ষ্ট্রায়েটমের (Corpus Striatum) উপর ইহার ক্রিয়া দৃষ্ট হয়।

২। কশেরুকা মজ্জার উপর ইহার কোন ক্রিয়া লক্ষিত হয় না। কিন্তু ইহার উপক্ষার মিথিল কোনাইন্ (Methyl Conine) মজ্জার প্রত্যাবর্ত্তন ক্রিয়াকে প্রথমে উত্তেজিত, পরে, অবসাদিত করে।

৩। স্নায়ুমণ্ডলের উপর ইহার ক্রিয়া সহজেই বুঝা যায়। তৃতীয় স্নায়ুর উপর ইহার বিশেষ ক্রিয়া আছে বলিয়া, চক্ষুপল্লবের পক্ষাঘাত (Ptosis), কনীনিকার প্রসারণ এবং চক্ষুগোলকের গতির ব্যাঘাত জন্মায়। তৎপরে মোটার ও অন্যান্য স্নায়ুসমূহ আক্রান্ত হয়। ইহাতে পা ভার বোধ, দুর্ব্বলতা, যাতায়াতে কষ্ট এবং অবশেষে পক্ষাঘাত হইয়া, চলৎশক্তি রহিত হয়। ইহার অবসাদন ক্রিয়া প্রথমে স্নায়ুদিগের শেষ সীমা হইতে আরম্ভ হইয়া, পরে, মজ্জাকে আক্রমণ করিয়া থাকে। মাংসপেশী সমূহের শিথিলতা হয় বলিয়া, ইহা আক্ষেপ নিবারক। চৈতন্যোৎপাদক স্নায়ু ইহা দ্বারা আক্রান্ত হয় না।

৪। হৃৎপিণ্ড ও রক্তসঞ্চালক যন্ত্রের উপর ইহার ক্রিয়া লক্ষিত হয় না।

৫। ইহা দ্বারা প্রথমে নিশ্বাসপ্রশ্বাস আক্রান্ত হয় না। যখন ইহা বিষ-মাত্রায় ব্যবহৃত হয়, তখন শ্বাস প্রশ্বাস কেন্দ্রের পক্ষাঘাত হইয়া, শ্বাস রোধে মৃত্যু ঘটে।

৬। নিঃসারক যন্ত্রের উপর ইহার কোন ক্রিয়া নাই।

আময়িক প্রয়োগ। ইহার পুলটিস্ ক্যান্সার্ রোগের বেদনা নিবারণ জন্য ব্যবহৃত হয়। অর্ব্বুদ সকল শোষণ করিবার জন্য উহা সময়ে সময়ে ব্যবহৃত হয়। মাংসপেশী সমূহকে শিথিল করে বলিয়া, ল্যারিঞ্জস্মাস্ ট্রাইভিউলাস্, টীস্মাস্, রাইনেক্, স্প্যাজ্মডিক্ ষ্ট্রীকচার্, কোরিয়া, প্যারালিসিস্ এজিটান্স্ প্রভৃতি রোগে ইহা দ্বারা উপকার হয়। হেমিপ্লিজিয়া ও প্যারাপ্লিজিয়া রোগে যখন পায়ের অত্যন্ত আক্ষেপ হয়, সেই সময় ইহা ব্যবহার্য্য। শিশুদিগের কন্ভলসন্ হইলে, ইহা দ্বারা উপকার হয়। অন্যান্য স্পর্শহারক ঔষধ যখন অবিধেয়, তখন হার্ণিয়া (Hernia) ও সন্ধির স্থানচ্যুতি রিডিউস্ (Reduce) করিবার জন্য ইহা ব্যবহৃত হয়।

ইহার বাষ্প আঘ্রাণে ব্রাঙ্কাইটিস্, প.র্টুসিস্, কয়কাশ প্রভৃতি রোগ কথঞ্চিৎ উপশমিত হইয়া, উপকার দর্শায়। ইহা একিউট্ ম্যানিয়াতে (Acute-mania) উপকার করে।

প্রয়োগরূপ। ১ম। ক্যাটাপ্লাজ্‌মা কোনিয়াই (Cataplasma Conii)। হেম্‌লকের রস ১ আং, তিসির খলি ৪ আং, ফুটিত জল ১০ আং। রসকে গাঢ় করতঃ, অর্দ্ধেক করিয়া লইয়া, খলি ও জল একত্রে মিশ্রিত করিয়া উহার সহিত মিশ্রিত করিয়া লইবে।

২য়। এক্স্‌ট্রাক্টম্ কোনিয়াই (Extractum Conii)। হেমলকের সরস পত্র এবং তরুণ শাখা ১১২ পৌং, সার প্রস্তুত করিবার প্রণালী মতে প্রস্তুত করিবে। মাত্রা ২—৬ গ্রেণ্।

৩য়। পাইল্যুলা কোনিয়াই কম্পোজিটা (Pilula Conii Composita)। হেম্‌লকের সার ২॥০ আং, ইপিকাক্ চূর্ণ ৷০ আং, গুড় যথা প্রয়োজন। একত্রে মর্দ্দন করিয়া লইবে। মাত্রা ৫—১০ গ্রেণ্।

৪র্থ। সকস্ কোনিয়াই (Succus Conii)। হেম্‌লকের সরস পত্র এবং তরুণ শাখা ৭ পৌং, শোধিত সুরা যথাপ্রয়োজন। প্রস্তর খলে হেম্‌লকে কুটিয়া, নিঙড়াইয়া, তাহার রস বাহির করিবে। তাহার প্রতি ৩ অংশে ১ অংশ সুরা মিশাইয়া, রাখিয়া দিয়া, সপ্তাহ পরে, ছাঁকিয়া লইবে ও শীতল স্থানে রাখিবে। মাত্রা ॥০—১ ড্রাম।

৫ম। ভেপার্ কোনাইনি (Vapor Coninæ)। হেম্‌লকের রস ৷০ আং, সলিউসন্ অব্ পটাশ্ ১ ড্রাম্, পরিশ্রুত জল ১ আং। একত্রে মিশাইয়া লইবে।

এই মিশ্রের ২০ মিনিম্, স্পঞ্জ বা উপযুক্ত যন্ত্র মধ্যে রাখিয়া শ্বাস গ্রহণ করিবে। ইহার প্রত্যেক আউন্সে ৫৪১/২ গ্রেণ ফল আছে।

ফলের প্রয়োগরূপ। ১ম। টিংচুরা কোনিয়াই (Tinctura Conii)। হেম্‌লকের ফল সূক্ষ্মরূপে কুট্টিত ২॥০ আং, প্রুফ্ স্পিরিট্ ১ পাং। যথাবিধি পার্কোলেসন্ দ্বারা প্রস্তুত করিবে। মাত্রা ২০—৬০ মিং।

৬ষ্ঠ। অঙ্গুয়েন্টম্ কোনিয়াই (Unguentum Conii)। হেম্‌লকের রস ৮০ আং, ল্যানোলিন্ ১০ আং, বোরিক্ এসিড্ সূক্ষ্ম চূর্ণ ১০ গ্রেণ। ১৪০

গ্লিসিরিন (কার্বণ্হীট্) অনধিক তাপে জেম্লকের রসকে গাঢ় করিয়া, ২ ড্রাম করতঃ, বোরিক্ এসিড্ ও ল্যানোলিন্ সংযুক্ত করিয়া, উত্তমরূপে মিশ্রিত করিবে।

হিঙ্গু (Asafœtida)। অম্বেলিফারি জাতীয় ফেরুলা নার্থেক্স ও অন্যান্য প্রকার এই শ্রেণীর বৃক্ষের গঁদ ও ধুনাযুক্ত নির্য্যাস। বৃক্ষের সরস-যুক্ত মূলে অস্ত্রাঘাত করিলে এই নির্য্যাস নির্গত হয়। আফ্গানিস্থানে জন্মে।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। ক্ষুদ্র ক্ষুদ্র খণ্ড, ঘোর পাটলবর্ণ, বিশেষ দুর্গন্ধযুক্ত, তিক্ত কদর্য্য আস্বাদ। ইহাতে বায়ীতৈল (Sulphur Oil) গঁদ ও ধুনা পাওয়া যায়।

ক্রিয়া। স্নায়বীয় উত্তেজক ও আক্ষেপনিবারক, ক্রিমিনাশক, কফঃনিঃ-সারক এবং বায়ুনাশক।

আময়িক প্রয়োগ। কোরিয়া, হিষ্টিরিয়া, এজ্মা ও পার্টসিস্ প্রভৃতি স্নায়বীয় আক্ষেপজনক রোগে ইহা সেবনে উপকার পাওয়া যায়। পুরাতন ব্রঙ্কাইটিস্ রোগে ইহা দ্বারা কফনিঃসরণ হয়। উদরাধ্মান, পেট ফাঁপা, রোগে ইহার পিচকারী প্রয়োগে সুফল পাওয়া যায়। মাত্রা ৫—২০ গ্রেণ্।

প্রয়োগরূপ। ১ম। এনিমা এসাফোটিডা (Enema Asafœtidæ)। হিঙ্গু ৩০ গ্রেণ; পরিস্রুত জল ৪ আং। খলে হিঙ্গুকে ক্রমশঃ জল সংযোগে মর্দ্দন করতঃ ইমল্সনের মত করিয়া লইবে।

২য়। পাইলুলা এসাফোটিডি কম্পোজিটা (Pilula Asafoetidæ Composita)। হিঙ্গু, গল্বেনম্ ও মার প্রত্যেকে ২ আং; গুড় ১ আং। একত্র করতঃ, জলস্বেদন যন্ত্রে উত্তপ্ত করতঃ, আলোড়ন দ্বারা মিশ্রিত করিবে। মাত্রা ৫—১০ গ্রেণ্।

৩য়। স্পিরিটস্ এমোনিয়ি ফিটিডস্ (Spiritus Ammoniæ Fœtidus)। হিঙ্গু ১॥০ আং; উগ্র এমোনিয়া দ্রব ২ আং; শোধিত সুরা যথা-প্রয়োজন। আবৃত পাত্রে ১৫ আং সুরায় ২৪ ঘণ্টা কাল হিঙ্গু ভিজাইয়া লইয়া, সুরা চুয়াইয়া, তাহাতে এমোনিয়া দ্রব মিশাইয়া লইয়া, সুরা সংযোগে ৩ প্যাং পূর্ণ করিবে। মাত্রা ॥০—১ ড্রাম্।

৪র্থ। টিংচুরা এসাফোটিডি (Tinctura Asafœtidæ)। হিঙ্গু চূর্ণ

২॥০ আং ; শোধিত সুরা ১ পাইন্ট পূর্ণ করিতে যথা প্রয়োজন। আবৃত পাত্রে ১৫ আং সুরায় হিঙ্গুকে সপ্তাহকাল ভিজাইবে ও মধ্যে মধ্যে আলোড়িত করিবে। পরে, ছাঁকিয়া লইয়া, প্রয়োজনীয় সুরা সংযোগে ১ পাং পূর্ণ করিবে। মাত্রা ॥০—১ ড্রাম।

পাইল্যুলা এলোজ এট্ এসাফোটিডা প্রস্তুত করিতে হিঙ্গুর আবশ্যকতা হয়।

গ্যালবেনম্। (Galbanum)। অম্বেলিফারি জাতীয় ফেরুলা গ্যাল্‌বেনি ফ্লুয়া ও অন্যান্য জাতীয় বৃক্ষের গঁদ ও ধুনাযুক্ত নির্য্যাস। পারস্য দেশে জন্মে।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। ক্ষুদ্র ক্ষুদ্র খণ্ড, লোহিত মিশ্রিত পাটলবর্ণ, বশেষ সুগন্ধযুক্ত ও তিক্ত আস্বাদ। ইহাতে বায়ীতৈল, গঁদ ও ধুনা পাওয়া যায়। গম রেজিনের মাত্রা ১০—১৫ গ্রেণ্।

প্রয়োগরূপ। ১ম। এম্‌প্লাষ্ট্রম গ্যালবেনাই (Emplastrum Galbani)। গ্যালবেনম্ এমোনাইকম্ ও পীতমোম্, প্রত্যেকে, ১ আং, লেড্ পলস্তা ৮ আং। অগ্নিতাপে গ্যালবেনম্ ও এমোনাইকম্‌কে একত্রে দ্রব করিয়া, নিঙড়াইয়া লইয়া, মোম ও সীসপলস্তা একত্রে অগ্নিতাপে দ্রব করিয়া, ইহার সহিত সংযোগ করতঃ, উত্তমরূপে মিশাইয়া লইবে।

হিঙ্গুর কম্পাউণ্ড পিল প্রস্তুত করিতে গলবেনমের আবশ্যকতা হয়।

ক্রিয়া। হিঙ্গুর ন্যায়, কিন্তু মৃদু। ইহা অধিক মাত্রায় রজোনিঃসারক বলিয়া, লৌহ সহযোগে এমিনোরিয়া রোগে ব্যবহৃত হয়। হিষ্টিরিয়ার সহিত কষ্টরজঃ বর্ত্তমান থাকিলে, কটিদেশে ইহার প্ল্যাষ্টার্ প্রয়োগে উপকার হয়। জরায়ুর উপর উত্তেজক ক্রিয়া থাকা প্রযুক্ত, এমিনোরিয়া রোগে কেহ কেহ ইহা ব্যবহার করেন।

এমোনায়েকম্। (Ammoniacum)। অম্বেলিফারি জাতীয় ডোরিমা এমোনায়েকম্ নামক বৃক্ষের গঁদ ও ধুনাযুক্ত নির্য্যাস। পারস্যদেশে জন্মে।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। ক্ষুদ্র ক্ষুদ্র খণ্ড অস্বচ্ছ, উগ্র তিক্ত আস্বাদ। ইহাতে বায়ীতৈল, ধুনা ও গঁদ আছে।

ক্রিয়া। হিঙ্গুর ন্যায়।

প্রয়োগরূপ। ১ম। এম্‌প্লাষ্ট্রম্‌ এমোনিয়েসাই কম্‌ হাইড্রার্জিরো। (Emplastrum Ammoniaci cum Hydrargyro.)। (পৃষ্ঠা ১৬১ দেখ)

২য়। মিশ্চুরা এমোনিয়েসাই (Mistura Ammoniaci)। এমোনায়েকম্‌ স্থূলচূর্ণ।॰ আং; পরিশ্রুত জল ৮ আং। একত্রে মর্দ্দন করিয়া লইবে। মাত্রা ॥॰—১ আং।

ইহাদের ভিন্ন এম্‌প্লাষ্ট্রম্‌ গ্যালবেনাই, পাইলুলা সিলি কম্পোজিটা, পাইলুলা ইপিক্যাকুয়ানি কম্‌ সিলা প্রস্তুত করিতে এমোনায়েকম্‌ আবশ্যক হয়।

মৌরি। (Anisi Fructus)। অম্বেলিফারি জাতীয় পিম্পিনেলা এনেসি নামক বৃক্ষের শুষ্ক ফল। এসিয়ায় জন্মে।

স্বরূপ। সুগন্ধ ও মিষ্টাস্বাদযুক্ত অতি ক্ষুদ্র ফল।

ক্রিয়া। উত্তেজক, বায়ুনাশক এবং আগ্নেয়। কফ নিবারক ঔষধ সহযোগে ব্যবহৃত হয়।

প্রয়োগরূপ। ১ম। একোয়া এনিসি (Aqua Anisi)। এনিসি ফল কুট্টিত ১ পৌং; জল ২ গ্যাং। চুয়াইয়া ১ গ্যাং প্রস্তুত করিবে।

২য়। ওলিয়ম্‌ এনিসি (Oleum Anisi)। মৌরি হইতে চুয়াইয়া এই তৈল প্রস্তুত করা হয়। মাত্রা ১—৪ মিং।

প্রয়োগরূপ। এসেন্সিয়া এনিসি (Essentia Anisi)। মৌরির তৈল ১ আং; শোধিত সুরা ৪ আং দ্রব করিয়া লইবে। মাত্রা ১০—২০ মিং।

টিংচুরা ক্যাম্ফরি কম্পোজিটা ও টিংচ্যুরা ওপিয়াই এমোনিয়েটা প্রস্তুত করিতে ইহার আবশ্যকতা হয়।

পানমৌরি। (Fœniculi Fructus)। অম্বেলিফারি জাতীয় ফেনিকিউলম্‌ ক্যাপিলেসিয়ম্‌ নামক ওষধির শুষ্ক ফল।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। অষ্টশিরাযুক্ত অতি ক্ষুদ্র অণ্ডাকৃতি ফল। সুগন্ধ ও সুস্বাদবিশিষ্ট। ইহাতে বায়ীতৈল আছে।

ক্রিয়া। বায়ুনাশক, আগ্নেয় এবং উত্তেজক।

প্রয়োগরূপ। একোয়া ফেনিকিউলাই (Aqua Fœniculi)। পানমৌরি কুট্টিত ১ পৌং; জল ২ গ্যাং। চুয়াইয়া ১ গ্যাং প্রস্তুত করিবে।

পলভিস্‌ গ্লাইরিজি কম্পোজিটা প্রস্তুত করিতে পানমৌরির আবশ্যকতা হয়।

ধনিয়া। (Coriandri Fructus)। অম্বেলিফারি জাতীয় কোরিয়াণ্ড্রম্ সেটাইভম্ নামক ওষধির শুষ্ক পক্ক ফল। ভারতবর্ষে জন্মে।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। ক্ষুদ্র, গোলাকার, সুগন্ধযুক্ত ও সুস্বাদ। ইহাতে বায়ীতৈল আছে।

ক্রিয়া। আগ্নেয় বায়ুনাশক এবং উত্তেজক।

প্রয়োগরূপ। ওলিয়ম্ করিয়েণ্ড্রাই (Oleum coriandri)। ধনিয়া হইতে চুয়াইয়া এই তৈল প্রস্তুত করা হয়। ফার্মাকোপিয়ায় সোণামুখীর খণ্ড, অরিষ্ট, রেউচিনির পাক ও অরিষ্ট প্রস্তুত করিতে ধনিয়া আবশ্যক হয়।

বিলাতী জীরা। (Carui Fructus)। অম্বেলিফারি জাতীয় ক্যারম্‌ক্যারুই ওষধির ফল। ইউরোপে জন্মে।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। পঞ্চশিরাযুক্ত ক্ষুদ্র জীরার ন্যায়। সুস্বাদ ও সদ্গন্ধযুক্ত। ইহাতে বায়ীতৈল আছে।

ক্রিয়া। উত্তেজক, আগ্নেয় এবং বায়ুনাশক।

প্রয়োগরূপ। ১ম। একোয়া ক্যারুই (Aqua Carui)। বিলাতী জীরা কুট্টিত ১ পৌং; জল ২ গ্যাং। চুয়াইয়া ১ গ্যালন্ প্রস্তুত করিবে।

২য়। ওলিয়ম্ ক্যারুই (Oleum Carui)। বিলাতী জীরা চুয়াইয়া এই তৈল প্রস্তুত করা হয়। মাত্রা ১—৪ মিং। এ্যামোনির খণ্ড ও পাইল্যুলা এলোজ্ বার্ব্বাডেন্সিস্ প্রস্তুত করিতে ইহার আবশ্যক হয়।

ইহা ভিন্ন বিলাতী জীরা, ওপিয়ম্ ও গোলমরিচের খণ্ড, পল্‌ভিস্ ওপিয়াই কম্পোজিটা, এলাচি ও সোণামুখীর অরিষ্ট প্রস্তুত করিতে, ব্যবহৃত হয়।

এনিথাই ফ্রুক্টস্। (Anethi Fructus), ইং (Dill Fruit)। অম্বেলিফারি জাতীয় এনিথম্ গ্র্যাভিয়োলেন্স্ নামক বৃক্ষের ফল। ইউরোপে জন্মে।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। জীরার ন্যায় ক্ষুদ্র, সদ্গন্ধযুক্ত, ঈষৎ তিক্ত আস্বাদ। ইহাতে বায়ী তৈল আছে।

ক্রিয়া। আগ্নেয়, উত্তেজক ও বায়ুনাশক।

প্রয়োগরূপ। ম। একোয়া এনিথাই (Aqua Anethi)। ডিল্ ফল কুট্টিত ১ পৌং, জল ২ গ্যাং। চুয়াইয়া ১ গ্যাং প্রস্তুত করিবে।

২য়। ওলিয়ম্ এনিথাই (Olcum Anethi)। ডিল্ ফল চুয়াইয়া এই তৈল প্রস্তুত করা হয়। মাত্রা ১—৪ মিং।

সম্বল্ র‍্যাডিক্স্। (Sumbul Radix)। প্রতিসংজ্ঞা। মস্করুট্। অম্বেলিফারি জাতীয় ফেরুলা সম্বল নামক বৃক্ষের মূল। ভারতবর্ষে জন্মে।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। খণ্ড সকল চক্রাকার, ব্যাস ৩/৪ হইতে ১ ইঞ্চ; বাহ্যপ্রদেশ পাটল বর্ণ ত্বক্ দ্বারা আচ্ছাদিত। মৃগনাভির ন্যায় গন্ধযুক্ত। ইহাতে বায়ী তৈল, ধূ1 ও এসিড্ থাকে।

ক্রিয়া। আক্ষেপনিবারক, বলকারক ও স্নায়বীয় উত্তেজক।

আময়িক প্রয়োগ। কোরিয়া, হিষ্টিরিয়া, পুরাতন ব্রঙ্কাইটিস্ ও নিউ-মোনিয়া রোগে উত্তেজনার্থ ব্যবহৃত হয়।

প্রয়োগরূপ। টিংচ্যুরা সম্বল (Tinctura Sumbul)। সম্বল মূল ৪০ নং চূর্ণ ২॥০ আং; শোধিত সুরা ১ পাং। যথাবিধি পার্কোলেসন্ দ্বারা প্রস্তুত করিবে। মাত্রা ১০—৩০ মিং।

ক্যাপ্রিফোলিয়েসিয়ি (Caprifoliaceæ) জাতি।

স্যাম্বুসাই ফ্লোরিস্ (Sambuci Floris); ইং (Elder Flower), ক্যাপ্রিফোলিয়েসিয়ি জাতীয় স্যাম্বুকস্ নাইগ্রা নামক বৃক্ষের পুষ্প। ইউরোপে জন্মে।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। সরস শ্বেতবর্ণ পুষ্প, সদ্গন্ধযুক্ত, ঈষৎ তিক্ত আস্বাদ। ইহাতে বায়ী তৈল আছে।

ক্রিয়া। উত্তেজক ও বায়ুনাশক। সদ্গন্ধের জন্য অন্যান্য ঔষধের সহিত ব্যবহৃত হয়।

প্রয়োগরূপ। একোয়া স্যাম্বুসাই (Aqua Sambuci)। এল্ডার ফ্লাউয়র্ ১০ পৌং; জল ৫ গ্যাং। চুয়াইয়া ১ গ্যাং প্রস্তুত করিবে।

সিঙ্কোনেসিয়ি (Cinchonaceæ) জাতি।

সিঙ্কোনি কর্টেক্স্ (Cinchonæ Cortex)। সিঙ্কোনেসিয়ি জাতীয়

বিবিধ বৃক্ষের বন্ধল। ফার্মাকোপিয়ায় তিন প্রকার বন্ধল ব্যবহৃত হয়। যথা,—১ম। সিঙ্কোনি ফ্লেভা (Cinchonæ Flava); ইং (Yellow Bark)। ইহা সিঙ্কোনা ক্যালিসিয়া হইতে প্রাপ্ত হওয়া যায়।

২য়। **সিঙ্কোনি প্যালিডা** (Cinchonæ Palida); ইং (Pale Bark)। ইহা সিঙ্কোনা কণ্ডামিনিয়া হইতে প্রাপ্ত হওয়া যায়।

৩য়। **সিঙ্কোনি রুব্রা** (Cinchonæ Rubra), Red Bark)। ইহা সিঙ্কোনা সকসিরুব্রা হইতে পাওয়া যায়। এতদ্ভিন্ন আরও অনেক প্রকার সিঙ্কোনা পাওয়া যায়।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। ১। পীত বন্ধল। দেখিতে চেপ্টা খণ্ড বা নলাকারে গুটিত, দারুচিনির ন্যায় বর্ণ এবং তিক্তাস্বাদ।

২য়। পাণ্ড বন্ধল। কলমের ন্যায় স্থূল, নলাকারে গুটিত। তিক্ত ও কষায় আস্বাদ।

৩য়। রক্ত বন্ধল। চেপ্টা অথবা বক্র খণ্ড। অর্দ্ধ ইঞ্চ স্থূল। বাহ্যপ্রদেশ রক্ত পাটল ও অভ্যন্তর লোহিতবর্ণ। তিক্ত ও কষায় আস্বাদ।

এই সকল বন্ধলে কুইনাইন্, কুইনিডিয়া ও সিঙ্কোনিডিন্ নামক বীর্য্য পাওয়া যায়। এতদ্ভিন্ন ট্যানিক্ এসিড্, কাইনিক্ এসিড্ ও বায়ী তৈল পাওয়া যায়।

সিঙ্কোনি কর্টেক্স্ (Cinchonæ, Cortex); ইং (Cinchona Bark)। সিঙ্কোনা ক্যালিসেয়া, সিঙ্কোনা অফিসিনেলিস্, সিঙ্কোনা সকসিরুব্রা, সিঙ্কোনা ল্যান্সিফোলিয়া ও অন্যান্য সিঙ্কোনা জাতীয় যে সকল বৃক্ষের বন্ধল হইতে উপকার পাওয়া যায়, সেই সকল বৃক্ষের শুষ্ক বন্ধল।

প্রয়োগরূপ। সিঙ্কোনিডাইনি সল্ফাস্ (Cinchonidinæ.Sulphas) সিঙ্কোনাইনি সল্ফাস্ (Cinchoninæ Sulphas); কুইনাইনি হাইড্রোক্লোরাস্ (Quininæ Hydrochloras); কুইনাইনি সল্ফাস্ (Quininæ Sulphas)।

সিঙ্কোনি রুব্রাই কর্টেক্স্ (Cinchonæ Rubri Cortex); ইং (Red Cinchona Bark); রোপিত সিঙ্কোনা সকসিরুব্রা বৃক্ষের কাণ্ড ও শাখার শুষ্ক বন্ধল।

প্রয়োগরূপ। ডিকক্টম্ সিঙ্কোনি (Decoctum Cinchonæ)। লোহিত সিঙ্কোনা ২০ নম্বরের চূর্ণ ১।০ আং; পরিস্রুত জল ১ পাং। দশ মিনিট পরিস্রুত জল ফুটাইয়া ছাঁকিয়া লইবে। মাত্রা ১—২ আং।

এক্‌ষ্ট্রাক্টম্ সিঙ্কোনি লিকুইডম্ (Extractum Cinchonæ Liquidum)। লোহিত সিঙ্কোনা বার্ক ৬০ নম্বরের চূর্ণ ২০ আং; লবণদ্রাবক ৫ ড্রাম; গ্লিসিরীন্ ২।০ আং; শোধিত সুরা ও পরিস্রুত জল, প্রত্যেকে, যথা প্রয়োজন। সার প্রস্তুত করিবার প্রণালীমতে প্রস্তুত করিবে। মাত্রা ৫—১০ মিঃ।

ইন্‌ফিউসম্ সিঙ্কোনি এসিডম্ (Infusum Cinchonæ Acidum); লোহিত সিঙ্কোনাবার্ক ৪০ নম্বরের চূর্ণ ।০ আং; এ্যারম্যাটিক্ সল্‌ফিউরিক্ এসিড্ ১ ড্রাম্; ফুটিত পরিস্রুত জল ১০ আং। আবৃত পাত্রে ১ ঘণ্টা কাল ভিজাইয়া রাখিয়া, ফাণ্ট প্রস্তুত করিয়া, ছাঁকিয়া লইবে। মাত্রা ১—২ আং।

টিংচ্যুরা সিঙ্কোনি (Tinctura Cinchonæ); লোহিত সিঙ্কোনাবার্ক ৪০ নম্বরের চূর্ণ ৪ আং; প্রুফ্ স্পিরিট্ ১ পাং। মাত্রা ।০—২ ড্রাম।

টিংচুরা সিঙ্কোনি কম্পোজিটা (Tinctura Cinchonæ Composita)। লোহিত সিঙ্কোনা বার্ক ৪০ নম্বরের চূর্ণ ২ আং; তিক্ত কমলার ত্বক্ কুট্টিত ১ আং; সার্পেণ্টারি কন্দ কুট্টিত ।০ আং; স্যাফ্রন্ ৫৫ গ্রেণ্; কোচিনিল্ চূর্ণ ২৮ গ্রেণ্; প্রুফ্ স্পিরিট্ ১ পাং। আবৃত পাত্রে ১৫ আং সুরায় বল্কল ও অন্যান্য কঠিন পদার্থকে ৪৮ ঘণ্টা কাল ভিজাইয়া রাখিয়া, মধ্যে মধ্যে আলোড়িত করিয়া, যথাবিধি পার্কোলেসন্ দ্বারা অরিষ্ট প্রস্তুত করিবে। মাত্রা ।০—২ ড্রাম্।

মিশ্চুরা ফেরি এরোমেটিক্ প্রস্তুত করিতে লোহিত সিঙ্কোনার আবশ্যক হয়।

সিঙ্কোনা বার্কের ক্রিয়া। পর্য্যায়নিবারক, বলকারক ও আগ্নেয়। অধিক মাত্রায় সেবনে ইহা দ্বারা ক্ষুধামান্দ্য, বিবমিষা, বমন, শিরঃপীড়া, শিরোঘূর্ণন ইত্যাদি লক্ষণ সকল প্রকাশ পায়।

আময়িক প্রয়োগ। দ্রাবক সহযোগে রোগান্তে দৌর্ব্বল্য নিবারণার্থ ইহা প্রয়োগে বিশেষ উপকারী। পর্য্যায়জ্বরে অধিকমাত্রায় প্রয়োগ করিলে সুফল পাওয়া যায়। বার্কের বীর্য্য বা উপক্ষার সমূহ।

১। সিঙ্কোনিডাইনি সল্‌ফাস্ (Cinchonidinæ Sulphas)। সল্‌ফেট্ অব্ কুইনাইনের দানা বাঁধিয়া লইলে যে দ্রব থাকে, তাহাতে উষ্ণ জল ও সুরা-বীর্য্য দ্বারা শোধিত করিয়া দানা বাঁধিয়া প্রস্তুত করা হয়।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। বর্ণহীন, সূচ্যাকার দানাযুক্ত। জল, সুরা বীর্য্যও ইথরে দ্রবনীয়। তিক্তাস্বাদ। মাত্রা ১—১০ গ্রেণ্।

২য়। সিঙ্কোনাইনি সল্‌ফাস্ (Cinchoninæ Sulphas)। সল্‌ফেট্ অব্ কুইনাইন্, সল্‌ফেট্ অব্ সিঙ্কোনিডাইনিও সল্‌ফেট্ অব কুইনিডাইনি প্রস্তুতের পর যে দ্রব থাকে, তাহাতে কষ্টিক্ সোডা সহযোগে উপক্ষার অধঃস্থ করিবে। আবার সুরা সহযোগে উহাকে ধৌত করিলে অন্যান্য উপক্ষার বিলীন হইবে; পরে উহা গন্ধকদ্রাবকে দ্রব করিয়া ও জান্তব অঙ্গার দ্বারা শোধিত করিয়া দানা বাঁধিয়া লইলে ইহা প্রস্তুত হয়।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। বর্ণহীন, ক্ষুদ্র স্তম্ভাকার দানাযুক্ত, উজ্জ্বল, শোধিত সুরায় ও জলমিশ্র দ্রাবকে দ্রবনীয় এবং তিক্তাস্বাদ।

৩য়। কুইনাইনি হাইড্রোক্লোরাস্ (Quininæ Hydrochloras)। সল্‌ফেট্ অব্ কুইনাইনি প্রস্তুত করিতে যে সকল প্রণালীর প্রয়োজন, ইহা প্রস্তুত করিতেও তাহাদের আবশ্যক। কেবল লবণদ্রাবক দ্বারা উপক্ষারকে সমক্ষারাম্ল করিয়া লইবে।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। সল্‌ফেট্ অব্ কুইনাইনের ন্যায় দানাবিশিষ্ট, তবে দানা সকল কিয়ৎপরিমাণে বৃহৎ।

প্রযোগরূপ। টিংচ্যুরা কুইনাইনি (Tinctura Quininæ)। হাইড্রোক্লোরেট্ অব্ কুইনাইন্ ১৬০ গ্রেণ্; টিংচার অব অরেঞ্জ পিল ১ পাং। মৃদু তাপে স্পিরিটে, হাইড্রোক্লোরেট্ অব্ কুইনাইন্ দ্রব করিয়া, তিন দিন আবৃত পাত্রে রাখিয়া, মধ্যে মধ্যে আলোড়িত করতঃ, ছাঁকিয়া লইবে। মাত্রা ।০ ২—ড্রাম্। ১ ড্রামে ১ গ্রেণ কুইনাইন্ থাকে।

৪র্থ। কুইনাইনি সল্‌ফাস্ (Quininæ Sulphas); ইং (Sulphate of Quinine)। বিবিধ প্রকার সিঙ্কোনা ত্বকের চূর্ণ শোধিত সুরা সহযোগে ইহার সার বাহির করিয়া প্রথমে চূণ ও অম্ল দ্বারা সমক্ষারাম্ল করা হয়।

পরে উহাতে যে উপকার পাওয়া যায়, তাহাকে আবার গন্ধকদ্রাবক সহ-যোগে দানা বাঁধিয়া ইহা প্রস্তুত করা হয়।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। রেশমের ন্যায় সূক্ষ্ম খণ্ডবৎ, শ্বেতবর্ণ দানা-যুক্ত ও তিক্তাস্বাদ।

প্রয়োগরূপ। ১ম। টিংচ্যুরা কুইনাইনি এমোনিয়েটা (Tinctura Quininæ Ammoniata)। সল্‌ফেট্‌ অব্‌ কুইনাইন্‌ ১৬০ গ্রেণ্‌; এমোনিয়া দ্রব ২।০ আঃ; প্রুফ্‌ স্পিরিট্‌ ১৭।।০ আঃ। মৃদু তাপে সুরায় সল্‌ফেট্‌ অব্‌ কুইনাইন দ্রব করিয়া, এমোনিয়া দ্রব সংযুক্ত করিবে। মাত্রা ।০—২ ড্রাম্‌।

২য়। ভাইনম্‌ কুইনাইনি (Vinum Quininæ)। সল্‌ফেট্‌ অব্‌ কুইনাইন্‌ ২০ গ্রেণ্‌; সাইট্রিক্‌ এসিড্‌ ৩০ গ্রেণ্‌; অরেঞ্জ ওয়াইন্‌ ১ পাঃ। প্রথমে অম্লীরায় ও পরে সল্‌ফেট্‌ অব্‌ কুইনাইনকে ওয়াইনে দ্রব করিয়া, তাহাকে ৩ দিন আবৃত পাত্রে রাখিয়া দিয়া, মধ্যে মধ্যে নাড়িবে। অবশেষে তাহা ছাঁকিয়া লইবে। প্রতি আউন্সে ১ গ্রেণ্‌ কুইনাইন্‌ থাকে।

৩য়। পাইল্যুলা কুইনাইনি (Pilula Quininæ)। সল্‌ফেট্‌ অব্‌ কুইনাইন্‌ ৬০ গ্রেণ, গোলাপের খণ্ড ২০ গ্রেণ। একত্রে মর্দ্দন করিয়া লইবে। ইহার ৪ গ্রেণে, ৩ গ্রেণ সলফেট্‌ অব্‌ কুইনাইন্‌ আছে। মাত্রা ১—১০ গ্রেণ। ইহা বৃটিশ্‌ ফার্ম্মাকোপিয়ায় গৃহিত নাই।

ইহা ভিন্ন ফেরি এট্‌ কুইনাইনি সাইট্রাস্‌ প্রস্তুত করিতে সল্‌ফেট্‌ অব্‌ কুইনাইনের আবশ্যকতা হয়।

ক্রিয়া। পরীক্ষা দ্বারা সিঙ্কোনাবীর্য্য বা উপক্ষারের নিম্নলিখিত গুণ জানা গিয়াছে।

১ম। ইহা দ্বারা নিকৃষ্ট জান্তব ও উদ্ভিদ জীব নষ্ট হয়। এই হেতু ইহা পচননিবারক।

২য়। ইহা দ্রাক্ষরসের উৎসেচন ক্রিয়ার প্রতিরোধ করে। এ কারণ পাকাশয়স্থ অম্লরস দ্বারা যে বিউটিরিক্‌ ও ভাইনস্‌ উৎসেচন (Fermentation) ক্রিয়ার উৎপাদন করে, ইহা দ্বারা তাহা প্রতিরুদ্ধ হয়।

৩য়। ইহা রক্তের শ্বেত কণিকার সঞ্চালন প্রতিরোধ করে।

৪র্থ। মধ্যবিৎ মাত্রায় ইহা ব্যবহার করিলে, হৃৎপিণ্ডের শক্তি ও ধমনীর গতি বর্দ্ধিত হয়। অধিক মাত্রায় ইহা সেবনে হৃৎপিণ্ডের পক্ষাঘাত উপস্থিত করে ও রক্তের চাপন শক্তির (Blood Pressure) লাঘব হয় এবং অবশেষে আক্ষেপ ও মৃত্যু পর্য্যন্তও ঘটিতে পারে।

৫ম। অধিক মাত্রায় কুইনাইন ব্যবহার করিলে, দৃষ্টির ব্যাঘাত, বধিরতা, কানে ঝন্ ঝন্ শব্দ, শিরোঘূর্ণন, কপালে বেদনা, আকৃতি ভাবি প্রভৃতি মস্তিষ্ক সম্বন্ধীয় যে লক্ষণ বর্ত্তমান থাকে, তাহাকে "কুইনিজম্" বা 'সিঙ্কোনিজম্" কহে। হাইড্রোব্রোমেট্ অব্ কুইনাইন্ ব্যবহারে উপরোক্ত লক্ষণ সমূহ লাঘব হয়। কশেরুকা মজ্জা ও মস্তিকের উপর অবসাদকক্রিয়া প্রকাশ হেতু কশেরুকা মজ্জার প্রত্যাবৃত্ত ক্রিয়ারও (Reflex Movements) হ্রাস করে।

৬ষ্ঠ। সুস্থ শরীরে ইহা সেবনে শরীরের উত্তাপ লাঘব হয়।

৭ম। মধ্যবিৎ মাত্রায় ইহা লালাস্রাব বর্দ্ধিত করে। অন্যান্য অধিকাংশ তিক্ত ঔষধের ন্যায় ইহা পাকাশয়িক রস নিঃসরণ বর্দ্ধিত করিয়া, ক্ষুধার অধিক বৃদ্ধি করিয়া থাকে। অধিক মাত্রায় ব্যবহারে বিপরীত ফল দেখা যায়।

আময়িক প্রযোগ। ১ম। বলকারক। অল্প মাত্রায় ইহা সেবনে ক্ষুধা বৃদ্ধি পায়, এই নিমিত্ত সমুদয় পেশী ও অন্যান্য যন্ত্র সতেজ হয়। ইহা সেবনে দুর্ব্বল রোগীর প্রচুর ঘর্ম্ম নিবারণ করে। আহারের সহিত ইহা ব্যবস্থা করিবে না।

২য়। পর্য্যায়নিবারক। বিবিধ প্রকার পর্য্যায় জ্বরে ইহা সেবনে বিশেষ উপকার পাওয়া যায়। কোটিডিয়েন্, টার্সিয়েন্ এবং কোয়ার্টান্ জ্বর রোগে ইহা বিশেষ উপকার করে। এগিউ বা কম্পজ্বর, ম্যালেরিয়াজনিত সবিরাম জ্বর, ম্যালেরিয়াজনিত স্নায়ুশূল, যকৃত ও প্লীহার বিবৃদ্ধি প্রভৃতিতে ইহা অমোঘ ঔষধ।

৩য়। ম্যালেরিয়া ঘটিত বিবিধ প্রকার স্নায়ুশূল রোগে ইহা দ্বারা উপকার পাওয়া যায়। বিশেষতঃ এই স্নায়বীয় বেদনা পর্য্যায়ঘটিত হইলে

ইহা দ্বারা সমধিক উপকার দর্শে। এই অবস্থার ইহা আইয়োডাইড্ অব্ পটাশিয়মের সহিত প্রয়োগ করিলে যথেষ্ট ফল পাওয়া যায়।

৪র্থ। উত্তাপহারক। ৫—১৫ গ্রেণ্ মাত্রায় প্রয়োগ করিলে যে কোন প্রকার জ্বরের উত্তাপ দমন করা যায়; কিন্তু স্থায়ীরূপে এই উত্তাপের লাঘব হয় না। ইহা এন্টারিক্, টাইফয়েড্, টাইফস্, বাতজ্বর, নিউমোনিয়া, যক্ষা, স্কার্লেটিনা এবং হেক্টিক্ বিকার্ প্রভৃতিতে ব্যবস্থা করা হইয়া থাকে।

৫ম। বিবিধ যন্ত্রের ও টিশুর তরুণ প্রদাহে কুইনাইন্ দ্বারা উত্তাপ দমন ব্যতীত পূযোৎপত্তির প্রতিরোধ করে।

৬ষ্ঠ। রক্তের নানাপ্রকার দূষিত অবস্থায় (Septic condition) কুই-নাইন্ সেবনে উপকার পাওয়া যায়। সেই জন্য সেপ্টিসিমিয়া, পাইমিয়া, পিউয়ারপ্যারাল্ ফিভার প্রভৃতিতে ইহা অধিক মাত্রায় ব্যবহার করা আবশ্যক।

৭ম। সবিরাম জ্বরে কুইনাইন প্রয়োগ করা হয়; কিন্তু ইহা জ্বরের গতি রোধ করিতে পারে না কেবল অন্যান্য উপসর্গের লাঘব করে। পৌনঃপুনিক জ্বরে (Relapsing fever) ইহা দ্বারা কোন উপকার পাওয়া যায় না।

৮ম। বাহ্যপ্রয়োগে বিবিধ পচা ক্ষতে উত্তেজক ও পচননিবারক বলিয়া প্রয়োগ করা হয়। সেই জন্য পচা দুষ্ট ক্ষতে ধৌত স্বরূপ এবং দন্তমাড়ী স্পঞ্জীভূত হইলে দন্ত মঞ্জন স্বরূপ ব্যবহার করা যাইতে পারে।

ফার্ম্মাকোপিয়ায় উল্লিখিত প্রয়োগরূপ ভিন্ন ইহার নিম্নলিখিত প্রয়োগরূপ গুলি ব্যবহৃত হয়।

১ম। কুইনি সলফোকার্ব্বোলাস্ (Quinæ Sulphocarbolas)। সলফেট্ অব্ কুইনাইন ২ আং, এ্যাবসোলিউট্ ফেনল ২ আং, যথানিয়মে প্রস্তুত করিবে। মাত্রা ১—৬ গ্রেণ্।

২য়। কুইনি ভ্যালিরিয়েনি (Quinæ Valerianæ)। সলফেট্ অব কুইনাইন্কে এমোনিয়া দ্বারা বিযুক্ত করিলে যে কুইনাইন্ পাওয়া যায় তাহাতে ভ্যালিরিয়ানিক্ এসিড্ সহযোগে ইহা প্রস্তুত হয়। মাত্রা ১—৫ গ্রেণ্।

৩য়। কুইনি হাইড্রোব্রোমাস্ (Quinæ Hydrobromas), মাত্রা ১—৫ গ্রেণ্।

৪র্থ। কুইনি স্যালিসিলাস্ (Quinæ Salicylas)। মাত্রা ২—৩ গ্রেণ্।

৫ম। কুইনি আর্সেনিয়াস্ (Quinæ Arsenias)। মাত্রা ১/৪—১/২ গ্রেণ্।

৬ষ্ঠ। কুইনি ক্লোরাস (Quinæ Chloras)। মাত্রা ১—৫ গ্রেণ্।

৭ম। কুইনি সাইট্রাস্ (Quinæ Citras)। মাত্রা ১—৫ গ্রেণ্।

৮ম। কুইনি ফস্ফস্ (Quinæ Phosphos)। মাত্রা ১—৬ গ্রেণ্।

৯ম। কুইনি ল্যাক্টাস্ (Quinæ Lactas)। মাত্রা ১—৫ গ্রেণ্।

১০ম। কুইনি আইয়োডাইডম্ (Quinæ Iodidum)। ২—৮ গ্রেণ্।

১১শ। ফেরিএট্ কুইনি ক্লোরাইডম্ (Ferri et Quinæ Chloridum)। মাত্রা ১—২ গ্রেণ্।

১২শ। কুইনি হাইড্রোক্লোরো সলফাস্ (Quinæ Hydrochloro Sulphos)। মাত্রা ১—১০ গ্রেণ্।

ইহা বিশেষতঃ পিচকারী রূপে ব্যবহৃত হয়। মাত্রা ২—১২ ফোঁটা।

ইপিক্যাকুয়ান্হা (Ipecacunha)। সিঙ্কোনেসিয়ি জাতীয় সিফেলিস্, ইপিকাকুয়ান্হা নামক লতার শুষ্কীকৃত মূল। মার্কিন খণ্ডে জন্মে।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। বক্র, গ্রন্থিল ও ৪।৫ ইঞ্চ দীর্ঘ। বিশেষ গন্ধযুক্ত; তিক্ত এবং কটু আস্বাদ। ইহাতে এমিটিন্ নামক বীর্য্য আছে।

ক্রিয়া। মস্তিষ্কের উপর ইহার কোন ক্রিয়া দেখা যায় না। মেডুলা অবলঙ্গেটার ভমিটিং সেণ্টারকে উত্তেজিত করিয়া বমন উৎপাদন করে। রক্তসঞ্চালক যন্ত্রের উপর ইহার কোন ক্রিয়া নাই। তবে বমনজনিত অবসাদ হয়। ইহা দ্বারা ব্রঙ্কিয়েল্ টিউবের শ্লৈষ্মিক ঝিল্লি হইতে স্রাবণ রস বৃদ্ধি পাইয়া থাকে। ভেগাস নার্ভের শেষ শাখা সকল যাহা পাকাশয়ে পর্য্যবসিত হইয়াছে, তাহাদিগকে উত্তেজিত করিয়া রিফ্লেক্স্ ক্রিয়া দ্বারা বমন আনয়ন করে। স্বর যন্ত্রের মিউকাস্ মেম্ব্রেণের উপর ঐ রূপে ইপিকাক্ কার্য্য করিয়া থাকে। ইপিকাক্ দ্বারা যকৃত হইতে পিত্ত নিঃসরণ বৃদ্ধি পাইয়া থাকে। ইহার ঘর্ম্মকারক ক্রিয়া আছে। শ্লৈষ্মিক ঝিল্লির

উপর স্থানিক প্রয়োগে ইপিক্যাকুয়াস্থা ও এমিটিন্ উগ্রতাজনক। পরীক্ষা দ্বারা জানা গিয়াছে যে, এমিটিন্ পিচকারি দ্বারা ত্বক নিম্নে প্রয়োগ করিলে বমন হয়। অল্প মাত্রায় এমিটিন্ সেবনেও বমন হইয়া থাকে। এমিটিন্ দ্বারা নাড়ীর গতি মন্দ হয় এবং ষ্ট্রীক্‌নাইন্ দ্বারা বিষাক্ত হইলে পেশী সকলের যে স্পন্দন হয়, তাহা এমিটিন্ সেবনে হ্রাস হয়। এমিটিন্ সেবনে মৃত্যু হইলে, শবচ্ছেদ করিয়া দেখিলে ফুসফুসে রক্তাধিক্য দেখা যায়।

ইপিক্যাকুয়াস্থা বমনকারক, কিন্তু সল্‌ফেট্ অব্ জিঙ্কের ন্যায় অতি শীঘ্র ইহার ক্রিয়া প্রকাশ পায় না। ইহার অবসাদক ক্রিয়া, টার্টার এমিটিক্ অপেক্ষা মৃদু। অল্প মাত্রায় প্রয়োগে ইহা দ্বারা বিবমিষা কখনও বা বমন হইয়া থাকে। ইহা শোষিত হইয়া ভিন্ন ভিন্ন শ্লৈষ্মিক ঝিল্লির উপর ক্রিয়া প্রকাশ করে। ইহা কফ ও পিত্তনিঃসারক, ঘর্ম্মকারক, মৃদুবিরেচক এবং আন্ত্রিক শ্লৈষ্মিক ঝিল্লির পরিবর্ত্তক। অত্যন্ত অল্প মাত্রায় প্রয়োগে ইহা দ্বারা বমন নিবারণ হয়।

আময়িক প্রয়োগ। বিবিধ কাশরোগে যথা—তরুণ ও পুরাতন শ্বাসনলী প্রদাহে, ইহা কফনিঃসারক ও স্বেদজনক হইয়া উপকার করে। অন্ত্রের ক্ষীণতাবশতঃ কোষ্ঠকাঠিন্য রোগে নক্স্‌ভমিকা ও জেন্‌সিন্ সহ প্রত্যহ প্রয়োগে উপকার পাওয়া যায়।

উদরাময় এবং অতিসার রোগে ইহা দ্বারা বিশেষ উপকার পাওয়া যায়। রোগের তরুণাবস্থায় ১০—৩০ গ্রেণ্ পর্য্যন্ত প্রতি মাত্রায় প্রয়োগ করা হয় এবং সেবনের পর রোগীকে ৩।৫ ঘণ্টা কোনরূপ জলীয় পদার্থ খাইতে দিবে না। পুরাতন অতিসার রোগে ইহা অহিফেনের সহিত ব্যবহার করিলে সুফল পাওয়া যায়।

গর্ভাবস্থায় বমন নিবারণের জন্য প্রত্যুষে রোগীকে ১ মিনিম্ মাত্রায় ভাইনম্ ইপিক্যাকুয়াস্থা, ৷৷০ আং জলের সহিত সেবন করাইলে উপকার পাওয়া যায়। মাত্রা কফনিঃসারক ৷৷০—২ গ্রেণ্; বমনকারক ১৫—৩০ গ্রেণ্।

প্রয়োগরূপ। ১ম। এসিটম্ ইপিক্যাকুয়াস্থা (Acetum Ipecacuanhæ)। ইপিক্যাকুয়াস্থা ২০ নম্বরের চূর্ণ ১ আং; জলমিশ্র এসিটিক্ এসিড্ ২০ আং, প্রস্তুত করিতে যথা প্রয়োজন। কফনিঃসারক মাত্রা ৫—৪০ মিং।

২য়। পল্ভিস্ ইপিক্যাকুয়াহ্বা কম্পোজিট। (Pulvis Ipecacuanhæ Compositus)। (২৫১ পৃষ্ঠা দেখ।) ইহাকে ডোভার্স পাউডার কহে।

৩য়। ভাইনম্ ইপিক্যাকুয়াহ্বা (Vinum Ipecacuanhæ)। ইপিকাকুয়ানহা স্থূল চূর্ণ ১ আং ; এসিটিক্ এসিড্ ১ আং ; পরিশ্রুত জল, যথা-প্রয়োজন, সেরি ১ পাং। কফনিঃসারক মাত্রা ৫—৪০ মিং ; বমনকারক ৩—৬ ড্রাম।

৪র্থ। পাইল্যুলা ইপিকাকুয়াহ্বা কম্ সিলা (Pilula Ipecacuanhæ Cum Scilla)। (২৫১ পৃষ্ঠা দেখ।)

৫ম। ট্রোচিসাই ইপিক্যাকুয়াহ্বা (Trochisci Ipecacuanhæ)। ইপিক্যাকুয়ানহা চূর্ণ ১৮০ গ্রেণ ; বিশুদ্ধ শর্করা চূর্ণ ২৫ আং ; আরবি গঁদ চূর্ণ ১ আং ; গঁদের মণ্ড ২ আং ; পরিশ্রুত জল ১ আং। একত্রে মিশাইয়া, ৭২০ চাক্তি করিবে। ইহার প্রতি চাক্তিতে ইপিক্যাকুয়ানহা ।০ গ্রেণ্। মাত্রা ১—৩ চাক্তি।

৬ষ্ঠ। ট্রোচিসাই মর্ফিয়া এট্ ইপিকাকুয়াহ্বা (Trochisci Morphiæ Et Ipecacuanhæ) ইপিকাক্ ১/১২ গ্রেণ্ ও মর্ফিয়া ১/৩৬ গ্রেণ্ প্রত্যেক চাক্তিতে থাকে (২৫৭ পৃষ্ঠা দেখ)।

ইহাদের ভিন্ন পাইল্যুলা কোনিয়াই কম্পোজিটা, ট্রোচিসাই মর্ফিয়া এট্ ইপিক্যাকুয়াহ্বা প্রস্তুত করিতে ইপিক্যাকুয়াহ্বার আবশ্যক হয়।

খদির (Catechu)। প্রতিসংজ্ঞা। ক্যাটিকিউ প্যালিডম্। সিঙ্কো-নেসিয়ি জাতীয় অন্কেরিয়া গ্যাম্বির নামক বৃক্ষের পত্র ও তরুণ শাখাগ্রের জলীয় সার। ইহাকে পাণ্ডুখদির কহে।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। ইহা দেখিতে পাণ্ডুবর্ণ, লঘু পদার্থ। তিক্ত কষায় আস্বাদ। ইহাতে মাইমোট্যানিক্ এসিড্ এবং ক্যাটিকিন্ নামক বীর্য্য আছে।

অসম্মিলন। চূণের জল, কষ্টিকিরি, অণ্ডলাল, যবক্ষার, ক্ষার, মর্ফিয়া ও ইপিক্যাকুয়াহ্বা ইত্যাদির সহিত প্রয়োগ নিষিদ্ধ।

ক্রিয়া। প্রবলসঙ্কোচক।

আময়িক প্রয়োগ। উদরাময় রোগে ইহা অহিফেনসহ প্রয়োগে বিশেষ

উপকার দর্শে। চুচুকক্ষতাদিতে ইহার চূর্ণ স্থানিক প্রয়োগে বিশেষ উপকার পাওয়া যায়।

পারদ বা অন্যান্য ঔষধ দ্বারা মুখ আসিলে ইহার কুল্ল উপকারী। মুখ মধ্যে ক্ষতে খদিরঘটিত মঞ্জন প্রয়োগে সুফল পাওয়া যায়।

শ্বেতপ্রদর রোগে খদিরের ক্বাথ দিবসে ২।৩ বার পিচকারি দ্বারা প্রয়োগে ক্লেদনিঃসরণ লাঘব হয়। মাত্রা ১০—৩০ গ্রেণ্‌।

প্রয়োগরূপ। ১ম। ইন্‌ফিউসম্‌ ক্যাটিকিউ (Infusum Catechu)। খদির চূর্ণ ১৬০ গ্রেণ্‌; দারুচিনির ত্বক্‌ কুট্টিত ৩০ গ্রেণ্‌; স্ফুটিত পরিশ্রুত জল ১০ আং। আবৃত পাত্রে অর্দ্ধ ঘণ্টা কাল ভিজাইয়া ছাঁকিয়া লইবে। মাত্রা ১—২ আং।

২য়। পল্‌ভিস্‌ ক্যাটিকিউ কম্পোজিটস্‌ (Pulvis Catechu Compositus)। খদির চূর্ণ ৪ আং; কাইনো চূর্ণ ২ আং; রাট্যানি মূল চূর্ণ ২ আং; দারুচিনির ত্বক্‌ চূর্ণ ১ আং; জায়ফল চূর্ণ ১ আং। পৃথক্‌ পৃথক্‌ চূর্ণীত করিয়া, একত্রে মিশাইয়া, ছাঁকিয়া লইবে। মাত্রা ২০—৪০ গ্রেণ্‌।

৩য়। টিংচুরা ক্যাটিকিউ (Tinctura Catechu)। খদির চূর্ণ ২॥০ আং; দারুচিনির ত্বক্‌ চূর্ণ ১ আং; প্রুফ্‌ স্পিরিট্‌ ১ পাং। সপ্তাহ কাল ভিজাইয়া, পাত্রের মুখ বন্ধ করিয়া রাখিয়া, মধ্যে মধ্যে আলোড়িত করিবে। পরে, নিঙড়াইয়া ছাঁকিয়া, পরীক্ষিত সুরা দ্বারা ১ পাং পূর্ণ করিবে। মাত্রা ॥০—২ ড্রাম।

৪র্থ। ট্রোচিসাই ক্যাটিকিউ (Trochisci Catechu)। খদির চূর্ণ ১২০ গ্রেণ্‌, বিশুদ্ধ শর্করা চূর্ণ ২৫ আং; আরবি গঁদ চূর্ণ ১ আং; গঁদের মণ্ড ২ আং; পরিশ্রুত জল যথাপ্রয়োজন। সমুদায় মিশ্রিত করিয়া ১২০ চাক্তি করিবে। প্রত্যেক চাক্তিতে ১ গ্রেণ্‌ খদির। মাত্রা ১—৬ চাক্তি।

ভ্যালিরিয়েনেসিয়ি (Valerianaceæ) জাতি।

ভ্যালিরিয়েনি রাইজোমা (Valerianæ Rhizoma)। ভ্যালিরিয়েনিসিয়ি জাতীয় ভ্যালিরিয়েনা অফিসিনেলিস নামক বৃক্ষের শুষ্কীকৃত নিরাট কন্দ ও ক্ষুদ্র মূল সকল। ইউরোপ খণ্ডে জন্মে।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। ঈষৎ পীতবর্ণ, কন্দ। ইহার গাত্র হইতে

৩। ৪ ইঞ্চ দীর্ঘ শাখা নির্গত হয়। দুর্গন্ধযুক্ত ও তিক্তাস্বাদ। ইহাতে বায়ী তৈল, ভ্যালেরিয়ানিক্ এসিড্ ও ধুনা পাওয়া যায়।

ক্রিয়া। স্নায়বীয় উত্তেজক, আক্ষেপনিবারক ও বলকারক।

ব্যবহার। কোরিয়া, হিষ্টিরিয়া, হেমিক্রেনিয়া ও বিবিধ আক্ষেপজনক রোগে। মাত্রা ১০—৩০ গ্রেণ্।

প্রয়োগরূপ। ১ম। ইন্‌ফিউসম্ ভ্যালিরিয়ানি (Infusum Valerianæ)। ভ্যালেরিয়ান্ কুট্টিত ।০ আং, স্ফুটিত পরিস্রুত জল ১০ আং। আবৃত পাত্রে ১ ঘণ্টা কাল ভিজাইয়া, ছাঁকিয়া লইবে। মাত্রা ১—২ আং।

২য়। টিংচ্যুরা ভ্যালিরিয়ানি (Tinctura Valerianæ)। ভ্যালিরিয়ান্ কন্দ ৪০ নম্বরের চূর্ণ ২॥০ আং, প্রুফ্ স্পিরিট্ ১ পাং। যথাবিধি পার্কোলেসন্ দ্বারা প্রস্তুত করিবে। মাত্রা ১॥—২ ড্রাম।

৩য়। টিংচ্যুরা ভ্যালিরিয়ানি এমোনিয়েটা (Tinctura Valerianæ Ammoniata)। ভেলিরিয়ান্ কন্দ ৪০ নম্বরের চূর্ণ ২॥০ আং, এ্যারোমেটিক্ স্পিরিট্ অব্ এমোনিয়া ১ পাং। আবৃত পাত্রে সপ্তাহ কাল ভিজাইয়া, ছাঁকিয়া লইয়া, এরম্যাটিক্ স্পিরিট্ অব্ এমোনিয়া দ্বারা ১ পাং পূর্ণ করিবে। মাত্রা ॥০—১ ড্রাম।

সোডিয়াই ভ্যালিরিয়ানস্ (Sodii Valerianas)। এমিলিক্ এল্‌কোহল্ ৪ আং, বাইক্রমেট্ অব্ পটাশিয়ম্ ৯ আং, গন্ধকদ্রাবক ৬॥০ আং, সোডা দ্রব যথাপ্রয়োজন, জল ॥০ গ্যালন। ১০ আং জলে গন্ধকদ্রাবক মিশাইয়া এবং অগ্নিতাপে বাইক্রোমেট্ অব্ পটাশিয়মকে অবশিষ্ট জলে দ্রব করিয়া, শীতল হইলে, উহাদিগকে ফৌসেল্ অয়েল্ সহ বক যন্ত্র মধ্যে আবর্তন দ্বারা মিশ্রিত করিবে। ৯০ তাপাংশ পর্য্যন্ত শীতল হইলে, ॥০ গ্যালন্ চুয়াইয়া লইয়া, তাহা সোডা দ্রব করিয়া সমক্ষারাম্ল করিবে। উপরে যদি তৈল ভাসে, সাবধানে তাহা তুলিয়া লইবে। অনন্তর যে পর্য্যন্ত না জলীয় বাষ্প নির্গমন শেষ হয়, ততক্ষণ তাহা গাঢ় করিবে এবং যে পর্য্যন্ত না লবণ গলিয়া যায়, ততক্ষণ উত্তাপ বর্দ্ধিত করিবে। অবশেষে শুষ্ক হইয়া সংযত হইলে, খণ্ড খণ্ড করিয়া বোতলে উত্তমরূপে বন্ধ করিয়া রাখিবে।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। শ্বেতবর্ণ, পিণ্ডাকার, জল ও সুরাতে দ্রবনীয়,

ভ্যালিরিয়ান্ গন্ধাস্বাদযুক্ত। ক্রিয়াদি ভ্যালিরিয়নের ন্যায়। মাত্রা ১—৫ গ্রেণ্। জিঙ্কাই ভ্যালিরিয়েনাস্ প্রস্তুত করিতে ব্যবহৃত হয়।

জিঙ্কাই ভ্যালিরিয়েনাস্ (Zinci Valerianas)। প্রস্তুতকরণ। সল্‌ফেট্ অব্ জিঙ্ক্ ৫।০ আং, ভেলিরিয়েনেট্ অব্ সোডা ৫ আং, পরিস্রুত জল যথাপ্রয়োজন।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। শ্বেতবর্ণ, মুক্তার ন্যায় উজ্জ্বল চ্যাপ্টা দানাযুক্ত, ভেলিরিয়ান্ গন্ধযুক্ত, ধাতব অস্বাদ, উষ্ণজলও ইথারে দ্রবনীয়।

ক্রিয়া। স্নায়বীয় বলকারক, আক্ষেপনিবারক ও কৃমিনাশক।

ব্যবহার। হিষ্টিরিয়া, কোরিয়া প্রভৃতি। মাত্রা ১—৩ গ্রেণ্।

কম্পোজিটি (Compositæ) জাতি।

পাইরিথ্রি র‍্যাডিক্স্ (Pyrethri Radix) ইং (Pellitory Root)। কম্পজিটি জাতীয় এনাসাইক্লস্ পাইরিথ্রম্ নামক বৃক্ষের শুষ্কীকৃত মূল। স্পেন রাজ্যে জন্মে।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। ক্ষুদ্র অঙ্গুলির ন্যায় দীর্ঘ, কুঞ্চিত, গন্ধহীন ও ধূষরবর্ণ ত্বক্ দ্বারা আবৃত। ইহাতে দুইটী ধুনা, কটু তৈল এবং ট্যানিক্ এসিড্ আছে।

ক্রিয়া, লালানিঃসারক, স্থানিক উগ্রতাসাধক। চর্ব্বণ করিলে অধিক পরিমাণে লালানিঃসরণ হয়। দন্তশূলে স্থানিক প্রয়োগে উপকার পাওয়া যায়।

প্রয়োগরূপ। টিংচুরা পাইরিথ্রি (Tinctura Pyrethri)। পেলিটরি রূট্ ৪০ নম্বরের চূর্ণ ৪ আং শোধিত সুরা ১ পাং। যথাবিধি পার্কোলেসন্ দ্বারা প্রস্তুত করিবে। ইহার আভ্যন্তরিক প্রয়োগ হয় না।

স্যান্টোনিকা (Santonica)। কম্পোজিটি জাতীয় আর্টিমিশিয়া নামক বৃক্ষের শুষ্কীকৃত অপ্রস্ফুটিত মঞ্জরী। রুসিয়া দেশে জন্মে।

স্যান্টোনাইনম্ (Santoninum) ইং (Santonin)।

প্রস্তুতকরণ। স্যান্টোনিকা কুট্টিত ১ পৌং, অম্ল চূর্ণ ৭ আং, লবণদ্রাবক যথা প্রয়োজন, এমোনিয়া দ্রব ।০ আং, শোধিত সুরা ১৪ আং, বিশুদ্ধ জান্তব অঙ্গার ৬০ গ্রেণ, পরিস্রুত জল যথা প্রয়োজন। উপকার প্রস্তুত প্রণালী মতে প্রস্তুত করিবে।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। শ্বেতবর্ণ, উজ্জ্বল, চতুষ্প্রদেশযুক্ত, দানাবিশিষ্ট, গন্ধহীন, সমক্ষারাম্ন এবং ঈষৎ তিক্তাস্বাদ।

ক্রিয়া। কৃমিনাশক। ইহা সেবনে দৃষ্টি পীতবর্ণ ও প্রস্রাব হরিদ্রাবর্ণ হয়, অধিক মাত্রায় সেবনে শিরঃপীড়া, বিবমিষা বমন ও মৃত্যু-পর্য্যন্ত ঘটিতে পারে।

ইহা দ্বারা গোলাকৃতি কৃমি (Ascaris Lumbricoides) নষ্ট হয়। ইহা সেবনের পর মৃদুবিরেচক ব্যবস্থা করিলে মলের সহিত মৃত কৃমি নির্গত হইয়া যায়। মাত্রা যুবার ২—৬ গ্রেণ; শিশু পক্ষে ১—৪ গ্রেণ।

প্রয়োগরূপ। ট্রোচিসাই স্যাণ্টোনাইনি (Trochisci Santonini)। স্যাণ্টোনিন্ ১২০ গ্রেণ, বিশুদ্ধ শর্করা চূর্ণ ২৫ আং, আরবী গঁদ চূর্ণ ১ আং, গঁদের মণ্ড ২ আং, পরিস্রুত জল যথা প্রয়োজন। সমুদয়ে একত্র মিশ্রিত করিয়া ১২০ চাক্তিতে বিভক্ত করিবে। ইহার প্রতি চাক্তিতে ১ গ্রেণ স্যাণ্টোনিন্ থাকে। মাত্রা ১—৬ চাক্তি।

এ্যান্থিমিডিস্ ফ্লোরিস্ (Anthemidis Floris); ইং (Chamomile Flower)। কম্পোজিটি জাতীয় এ্যান্থিমিস্ নোবিলিস্ নামক বৃক্ষের পুষ্প। ইউরোপখণ্ডে জন্মে।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। চন্দ্রমল্লিকার ন্যায় সগন্ধযুক্ত ও উগ্র তিক্ত আস্বাদ।

ক্রিয়া। আগ্নেয়, বায়ুনাশক, বলকারক এবং অধিক মাত্রায় বমনকারক। ইহার পর্য্যায়নিবারক গুণও আছে। ইহার তৈল উত্তেজক ও বায়ুনাশক।

প্রয়োগরূপ। ১ম। এক্স্ট্রাক্টম্ এ্যান্থিমিডিস্ (Extractum Anthemidis)। ক্যামোমাইল্ পুষ্প ১ পৌং, ক্যামোমাইল্ তৈল ১৫ মিং, পরিস্রুত জল ১ গ্যালন। জলে পুষ্প ফুটাইয়া, অর্দ্ধেক থাকিতে নামাইয়া নিঙড়াইয়া, চাপিয়া ছাঁকিয়া লইয়া, জলস্বেদন যন্ত্রে গাঢ় করিবে। অবশেষে তাহাতে তৈল মিশাইবে। মাত্রা ২—১০ গ্রেণ।

২য়। ইন্‌ফিউসম্ এ্যান্থিমিডিস্ (Infusum Anthemidis); ক্যামোমাইল্ পুষ্প ।০ আং, ফুটিত পরিস্রুত জল ১০ আং। আবৃত পাত্রে ১৫ মিনিট ভিজাইয়া, ছাঁকিয়া লইবে। মাত্রা ১—৪ আং।

৩য়। ওলিয়ম্ এ্যান্থিমিডিস্ (Oleum Anthemidis)। ক্যামোমাইল পুষ্প হইতে চুয়াইয়া এই তৈল প্রস্তুত হয়। মাত্রা ১—৪ মিঃ। এক্সট্রাক্টম্ এ্যান্থিমিডিসে ইহা পাওয়া যায়।

ট্যারাক্সেসাই র‍্যাডিক্স্ (Taraxaci Radix); ইং (Dandelion Root)। কম্পোজিটি জাতীয় ট্যারাক্সেকম্ অফিসিনেলিস্ নামক বৃক্ষের সরস ও শুষ্কীকৃত মূল। ইউরোপ খণ্ডে জন্মে।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। অঙ্গুলির ন্যায় স্থূল, মূলার ন্যায় আকার, ছেদন করিলে দুগ্ধবৎ গন্ধহীন রস নির্গত হয়; তিক্ত আস্বাদ, ইহাতে শর্করা গঁদ ও তিক্ত সার (Taraxacin) পাওয়া যায়।

ক্রিয়া। আগ্নেয়, বলকারক, পরিবর্ত্তক, মৃদুবিরেচক, স্বেদজনক ও পিত্তনিঃসারক।

আময়িক প্রয়োগ। বিবিধ প্রকার যকৃত রোগে ইহা সেবনে উপকার পাওয়া যায়। এটনিক্ ডিস্পেপসিয়াই বিশেষ উপকার দর্শায়।

প্রয়োগরূপ। ১ম। ডিকক্টম্ ট্যারাক্সেসাই (Decoctum Taraxaci)। শুষ্ক ড্যাণ্ডিলিয়ান্ রূট্ কুট্টিত ১ আং, পরিশ্রুত জল ১ পাং। ১০ মিনিট ফুটাইয়া, ছাঁকিয়া লইবে। মাত্রা ২—৪ আং।

২য়। এক্সট্রাক্টম্ ট্যারাক্সেসাই (ExtractumTaraxaci)। সরস ড্যাণ্ডিলিয়ন্ রূট্ ৪ পোঃ। সরস মূল হইতে হরিৎ সারের ন্যায় প্রস্তুত করিবে। মাত্রা ৫—৩০ গ্রেণ্।

৩য়। এক্স্ট্রাক্টম্ ট্যারাক্সেসাই লিকুইডম্ (Extactum Taraxaci Liquidum)। শুষ্ক ড্যাণ্ডিলিয়ন্ রূট্ ২০ নম্বরের চূর্ণ ৪০ আং, রেক্ স্পিরিট্ ৪ পাং, পরিশ্রুত জল যথাপ্রয়োজন। মাত্রা ।০—২ ড্রাম।

৪র্থ। সক্কাস্ ট্যারাক্সেসাই (Succus Taraxaci)। সরস ড্যাণ্ডিলিয়ান্ রূট্ ৭ পোঃ, শোধিত সুরা যথাপ্রয়োজন। ড্যাণ্ডেলিয়ন মূলকে প্রস্তর খলে মাড়িয়া, চাপন দ্বারা তাহার রস নিঙড়াইয়া লইয়া, তাহার প্রত্যেক ৩ আং রসে ১ আং সুরা সংযোগ করতঃ, সপ্তাহ কাল রাখিয়া দিয়া, ছাঁকিয়া, শীতল স্থানে রাখিবে। মাত্রা ১—২ ড্রাম।

ল্যাকটুকা (Lactuca) ইং (Lettuce)। কম্পোজিটি জাতীয়

ল্যাক্‌টুকা ভিরোসা নামক বৃক্ষের পুষ্পিত ঔষধি। বৃক্ষের স্কন্ধে অস্ত্রাঘাত করিলে শ্বেতবর্ণ দুগ্ধবৎ রস নির্গত হয়, পরে ইহাকে জলস্বেদন যন্ত্রদ্বারা যথা-যোগ্য ঘনীভূত করা হয়।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। ক্ষুদ্র ক্ষুদ্র পিণ্ডাকার, তিক্তাস্বাদ; অহি-ফেনের ন্যায় গন্ধযুক্ত। ইহাতে তিক্ত পদার্থ ল্যাক্‌টুকেরিয়ম্ (Lactucarium) ও ল্যাক্‌টুসিক্ এসিড্ (Lactucic Acid) আছে।

ক্রিয়া। নিদ্রাকারক, বেদনানিবারক ও স্নায়বীয় অবসাদক।

যে সকল স্থলে অহিফেন প্রয়োগ নিষিদ্ধ সেই স্থলে ইহা প্রযুজ্য। ইহা দ্বারা কনীনিকা প্রসারিত হয়। মাত্রা ৫—১৫ গ্রেণ্।

প্রয়োগরূপ। এক্স্‌ট্রাক্টম্ ল্যাক্‌টুসি (Extractum Lactucæ)। মাত্রা ৫—১৫ গ্রেণ্।

আর্ণিসি রাইজোমা (Arnicæ Rhizoma)। কম্পোজিটি জাতীয় আর্ণিকা মন্টেণা নামক বৃক্ষের শুকীকৃত নিরাট কন্দ ও উপমূল। ইহার পুষ্পও ঔষধার্থে ব্যবহৃত হয়।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। মূল ২।৩ ইঞ্চ দীর্ঘ; ।০ ইঞ্চস্থূল, ইহার গাত্র হইতে সূক্ষ্ম শাখা সকল নির্গত হয়। বাহ্যপ্রদেশ বন্ধুর ও পাটলবর্ণ, ঈষৎ-সদ্গন্ধযুক্ত, কটু, তিক্ত ও কুদর্য্য আস্বাদ।

ক্রিয়া। আভ্যন্তরিক প্রয়োগে ইহা উত্তেজক ও উগ্রতাজনক। কশেরুকা মজ্জার উপর ইহার ক্রিয়া বিশেষরূপে প্রকাশ পায়। ইহা বাহ্যপ্রয়োগের জন্য বিশেষ ব্যবহৃত।

আময়িক প্রয়োগ। পতনজনিত বেদনাদিতে উপকারী।

প্রয়োগরূপ। টিংচ্যুরা আর্ণিসি (Tinctura Arnicæ)। আর্ণিকা কন্দ ৪০ নম্বরের চূর্ণ ১ আং, শোধিত সুরা ১ পাং। যথাবিধি পার্কোলেসন্ দ্বারা প্রস্তুত করিবে। মাত্রা ॥০ —১ ড্রাম।

লোবেলিয়েসিয়ি (Lobeliaceæ) জাতি।

লোবেলিয়া (Lobelia)। লোবেলিয়েসিয়ি জাতীয় লোবেলিয়া ইন্‌ফ্লেটা নামক শুকীকৃত ও পুষ্পিত ওষধি। মার্কিণখণ্ডে জন্মে।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। ইহার পত্র সকল দেখিতে বাদামের ন্যায় ফল অণ্ডাকার, উগ্র কটু আস্বাদ ও উগ্র গন্ধযুক্ত। ইহাতে লোবেলিন্ নামক বীর্য্য ও এক প্রকার বায়ীতৈল পাওয়া যায়।

ক্রিয়া। কফনিঃসারক, ঘর্ম্মকারক ও আক্ষেপনিবারক। অধিক মাত্রায় বিরেচক, বমনকারক এবং অবসাদক। বিষমাত্রায় সেবনে শিরঃপীড়া, শিরোঘূর্ণন হস্ত পদের শীতলতা ও অবশেষে শ্বাসপ্রশ্বাস স্নায়ুকেন্দ্রের পক্ষাঘাত উপস্থিত হইয়া মৃত্যু হয়। ইহার ক্রিয়া তাম্রকূটের ন্যায়।

প্রয়োগরূপ। ১ম। টিংচুরা লোবেলিয়ি (Tinctura Lobeliæ)। লোবেলিয়া ৪০ নম্বরের চূর্ণ ২॥০ আং, প্রুফ্ স্পিরিট্ ১ পাং। যথাবিধি পার্কোলেসন্ দ্বারা প্রস্তুত করিবে। মাত্রা ১০—৩০ মিনিম্।

২য়। টিংচুরা লোবেলিয়ি ইথিরিয়া (Tinctura Lobeliæ Ætherea) লোবেলিয়া স্থূল চূর্ণ ২॥০ আং, স্পিরিট্ অব্ ইথার ১ পাং। আবৃত পাত্রে সপ্তাহ কাল ভিজাইয়া, নিঙড়াইয়া, চাপিয়া ছাঁকিয়া লইয়া, স্পিরিট্ অব্ ইথার সহ যোগে ১ পাং পূর্ণ করিবে। মাত্রা ১০—৩০ মিনিম্।

এরিকেসিয়ি (Ericaceæ) জাতি।

ইউভি আর্সাই ফোলিয়া (Uvæ ursi Folia), ইং (Bear Berry Leaves)।

এরিকেসিয়ি জাতীয় আর্কটাষ্টফাইলস্ ইউভি আর্সাই নামক ক্ষুদ্র বৃক্ষের শুষ্ক পত্র। ইউরোপখণ্ডে জন্মে।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। পত্র দেখিতে বাদামী আকার ও কামিনীপত্রের ন্যায়, স্থূল, ধার মসৃণ, অত্যন্ত কষায়, ঈষৎ তিক্ত মিষ্টাস্বাদ। ইহাতে ট্যানিক্ এসিড্, গ্যালিক্ এসিড্ ও আর্সিন্ নামক তিক্ত সার আছে।

অসম্মিলন। সিঙ্কোনার কাথ, টার্টার এমিটিক্, লৌহ ও সীস ধাতু ঘটিত লবণ ও নাইট্রেট্ অব্ সিল্ভার।

ক্রিয়া। সঙ্কোচক ও মূত্রকারক। মূত্রাশয় ও মূত্রযন্ত্রের বিবিধ পীড়ায় যথা মূত্রাশয়ের পুরাতন প্রদাহ, গ্লিট ইত্যাদি রোগে, ক্ষার বা অম্লের সহিত ব্যবহার করা হয়।

প্রয়োগরূপ। ইন্ফিউসম্ ইউভি আর্সাই (Infusum Uvæ Ursi)।

বেয়ারবেরি পত্র কুট্টিত ॥০ আং, স্ফুটিত পরিশ্রুত জল ১০ আং। আবৃত পাত্রে ১ ঘণ্টা ভিজাইয়া, ছাঁকিয়া লইবে। মাত্রা ১—২ আং।

স্যাপোটেসি (Sapotaceæ) জাতি।

গ্যাটাপার্চা (Guttapercha)। স্যাপোটেসিয়ি জাতীয় আইক্‌-সিস্‌ গটা নামক বৃক্ষের জমান রস। বোর্ণিয়ো ও সুমাত্রা প্রদেশে জন্মে।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। দেখিতে ধূসর বর্ণ, কঠিন ও নমনীয়। ক্লোরোফরমে দ্রব হয়।

ক্রিয়া। অবসাদক। স্পিল্‌ট্‌ ও অন্যান্য দ্রব্য প্রস্তুত করিতে ব্যবহৃত হয়।

প্রয়োগরূপ। লাইকর্ গ্যটাপার্চা (Liquor Guttapercha) গ্যটাপার্চা স্থূল ১ খণ্ড ১ আং, ক্লোরোফরম্ ৮ আং, কার্ব্বনেট্ অব্ লেডের সূক্ষ্ম চূর্ণ ১ আং। গ্যটাপার্চাকে ক্লোরোফরমের সহিত দ্রব করিয়া উহার সহিত কার্ব্বনেট্ অব্ লেড্ চূর্ণ মিশ্রিত করিবে। চার্টা সিনাপিস্ প্রস্তুত করিতে ইহার আবশ্যক হয়।

ষ্টাইরেকেসিয়ি (Styracaeæ) জাতি।

বেঞ্জোইনম্ (Benzoinum) ; ইং (Benzoin)। ষ্টাইরেকেসিয়ি জাতীয়; ষ্টাইর্যাক্স্ বেঞ্জোইন্ নামক বৃক্ষের বল্কল হইতে নিঃসৃত ধুনাযুক্ত রস। বাং ইহাকে লোবান কহে।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। ক্ষুদ্র ক্ষুদ্র কাণ্ড সকল, পৃথক্ বা পিণ্ডাকারে সংযত, সদ্গন্ধযুক্ত, কটু আস্বাদ ও অগ্নিদাহ্য।

এসিডম্ বেঞ্জোইকম্ (Acidum Benzoicum)। বেঞ্জোইন্‌কে উর্দ্ধ-পাতন দ্বারা ইহা প্রস্তুত হয়।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। ইহা স্বচ্ছ, দানাযুক্ত, মুক্তার ন্যায় বর্ণ ও অগ্নিদাহ্য।

ক্রিয়া। উত্তেজক, কফনিঃসারক ও মূত্রকারক। বাহ্যপ্রয়োগে ক্ষতা-দির উপর প্রয়োগ করা হয়। পুরাতন ব্রঙ্কাইটিস্ ও মূত্রাশয়ের পুরাতন প্রদাহে ইহার আভ্যন্তরিক্ প্রয়োগ হয়। প্রস্রাবের ক্ষারাধিক্য নিবন্ধন দুর্গন্ধ নাশ করিতে ইহা বিশেষ উপযোগী।

প্রয়োগরূপ। ১ম। টিংচ্যুরা বেঞ্জোইনি কম্পোজিটা (Tinctura Benzoinæ Composita)। বেঞ্জোইনের স্থূল চূর্ণ ২ আং, প্রিপেয়ার্ড ষ্টোয়াক্স ১॥০, টলুবাল্‌সাম্ ॥০ আং, সকোট্রাইন্ এলোজ্ ১৬০ গ্রেণ্ শোধিত সুরা ১৭ আং। আবৃত পাত্রে সপ্তাহ কাল ভিজাইয়া, ও মধ্যে মধ্যে আলোড়িত করিয়া, ছাঁকিয়া শোধিত সুরা সংযোগে ২ পাং পূর্ণ করিবে। মাত্রা ॥০—১ ড্রাম। ইহাকে ফ্রায়ার্স বাল্‌সম্ (Friars Balsam) কহে।

২য়। ট্রোচিসাই এসিডাই বেঞ্জোইসাই (Trochisci Acidi Benzoici)। বেঞ্জোইক্ এসিড্ ৩৬০ গ্রেণ্, টিংচ্যার অব্ টলু ॥০ আং, বিশুদ্ধ শর্করা চূর্ণ ২৫ আং, আরবীগঁদ চূর্ণ ১ আং, গঁদের মণ্ড ২ আং, পরিস্রুত জল যথা-প্রয়োজন। সমুদয় একত্রিত করিয়া ৭২০ চাক্তিতে বিভক্ত করিবে। প্রত্যেক চাক্তিতে অর্দ্ধ গ্রেণ্ বেঞ্জোইক্ এসিড্ আছে। মাত্রা ২—৫ চাক্তি।

৩য়। এডেপ্স্ বেঞ্জোয়েটস্ (Adeps Benzoatus); ইং (Benzoated Lard)। প্রিপেয়ার্ড লার্ড ১ পৌং, বেঞ্জোইনের স্থূল চূর্ণ ১৪০ গ্রেণ্। জলস্বেদন যন্ত্রোত্তাপে শূকরের বসা দ্রব করিয়া, তাহাতে লোবান্ সংযোগ করতঃ, ২ ঘণ্টা কাল অনবরত আলোড়িত করিয়া, ছাঁকিয়া লইবে। ইহা বিবিধ প্রকার মলম প্রস্তুত করিতে ব্যবহৃত হয়।

প্রস্তুতকরণ। এমোনিয়াই বেঞ্জোয়াস্ (Ammonii Benzoas)। এমোনিয়া দ্রব ৩ আং, বেঞ্জোইক্ এসিড্ ৫ আং, পরিস্রুত জল ৪ আং। জল এবং এমোনিয়া দ্রব একত্রে মিশাইয়া, তাহাতে বেঞ্জোয়িক্ এসিড্ দ্রব করিয়া, মৃদু তাপে গাঢ় করিয়া রাখিয়া দিলে দানা প্রস্তুত হয়।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। শ্বেতবর্ণ লবণ, দানাযুক্ত পিণ্ডাকার, তিক্ত আস্বাদ ও জলশোষক।

ক্রিয়া। মূত্রকারক ও উত্তেজক। প্রস্রাবে ফস্‌ফেটের পরিমাণ অধিক হইলে ইহা দ্বারা উপকার দর্শে। পুরাতন মূত্রাশয় প্রদাহে ব্যবহৃত হয়। মাত্রা ১০—২০ গ্রেণ্।

সোডিয়াই বেঞ্জোয়াস্ (Sodii Benzoas)। ২০০ পৃষ্ঠায় দেখ।

ওলিয়েসিয়ি (Oleaceæ) জাতি।

ওলিয়ম্ অলিভি (Oleum Olivæ); ইং (Olive Oil) ওলিয়ে-

সিয়ি জাতীয় ওলিয়াই ইউরোপীয়া নামক বৃক্ষের পক্ক ফল নিষ্পীড়ন করিয়া এই তৈল প্রস্তুত করা হয়।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। দেখিতে ঈষৎ পীতবর্ণ, গন্ধাস্বাদ বিহীন, ইথারে অধিক পরিমাণে দ্রব হয়। বিবিধ প্রকার পলস্ত্রা, মলম, ও মালিশ প্রস্তুত করিতে ইহার আবশ্যক হয়।

ক্রিয়া। স্নিগ্ধকারক। অধিক মাত্রায় সেবনে মৃদুবিরেচক।

স্যাপো ডুরস্ (Sapo Durus); ইং (Hard Soap) অলিভ্ অয়েল এবং সোডার মিশ্রণে ইহা প্রস্তুত হয়।

স্যাপোমোলিস্ (Sapomollis); ইং (Soft Soap)। অলিভ্ অয়েল্ এবং পটাশ্ সহযোগে ইহা প্রস্তুত হয়।

স্যাপো এ্যানিমেলিস্ (Sapo Animalis); ইং (Curd Soap)। সোডা এবং বিশুদ্ধ জান্তব চর্ব্বি মিশ্রিত করিয়া ইহা প্রস্তুত হয়।

ক্রিয়া। অম্লনাশক, কিন্তু উহাতে বসা থাকাতে অধিক ব্যবহৃত হয় না। অন্যান্য ঔষধের সহিত বটিকাকারে ব্যবহৃত হয়। ইহার বাহ্যপ্রয়োগ অধিক হইয়া থাকে।

লিনিমেণ্টম্ স্যাপোনিস্; ও পাইল্যুলা স্যাপোনিস্ কম্পোজিটা প্রস্তুত করিতে ইহার আবশ্যক হয়। লিনিমেণ্টম্ টেরিবিন্থিনি প্রস্তুত করিতে সফ্ট্ সোপের আবশ্যক হয়।

কার্ড্ সোপের প্রয়োগরূপ। ১ম। এমপ্লাষ্ট্রম্ স্যাপোনিস্ (Emplastrum Saponis)। কার্ড্ সোপ্ ৬ আং, লেড্ প্ল্যাষ্টার্ ২।০ পৌং, রেজিন্ ১ আং। অগ্নিতাপে সীস পলস্ত্রা গলাইয়া, তাহাতে ধুনা ও সাবান গলাইয়া মিশাইবে। পরে যতক্ষণ না উপযুক্ত ঘনত্ব প্রাপ্ত হয়, ততক্ষণ উহাকে অনবরত আলোড়িত করিবে।

২য়। এমপ্ল্যাষ্ট্রম্ স্যাপোনিস্ ফস্কাম্ (Emplastrum Saponis Fuscum)। কার্ড্ সোপ্ চূর্ণ ১০ আং, পীতমোম ১২।।০ আং, অলিভ্ অয়েল্ ১ পাং, অক্সাইড্ অব্ লেড্ ১৫ আং, ভিনিগার ০১ গ্যালন্।

এসিডম্ ওলিইকম্ (Acidum Oleicum); ইং (Oleic Acid)। ওলিইনকে সাবানরূপে পরিবর্ত্তিত করিয়া যথানিয়মে প্রস্তুত করা হয়।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। দেখিতে সেরির ন্যায় বর্ণ, গন্ধাস্বাদ বিহীন, এল্‌কোহল, ইথার ও ক্লোরোফরমে দ্রব হয়।

প্রয়োগরূপ। ১ম। ওলিয়েটম্ জিঙ্কাই (Oleatum Zinci)। অক্সাইড্ অব্ জিঙ্ক্ ১ আং, ওলিইক্ এসিড্ ৯ আং। ওলিইক্ এসিডের সহিত অক্সাইড্‌কে আলোড়িত করিয়া, ঐ মিশ্রকে ২ ঘণ্টা কাল রাখিবে। পরে জলস্বেদন যন্ত্রোত্তাপে অক্সাইড্‌কে দ্রব করিবে।

অঙ্গুয়েণ্টম্ জিঙ্কাই ওলিয়েটাই (Unguentum Zinci Oleati)। ওলিয়েট্ অব্ জিঙ্ক্ ১ আং, সফ্‌ট্ প্যারাফিন্ ১ আং। অল্প উত্তাপ দ্বারা মিশাইয়া লইয়া, যে পর্য্যন্ত না শীতল হয়, ততক্ষণ তাহাকে আলোড়িত করিবে।

ওলিয়েটম্ হাইড্রার্জিরাই প্রস্তুত করিতে ওলিইক্ এসিডের আবশ্যকতা হয়।

গ্লিসিরাইনম্ (Glycerinum); ইং (Glycerine)। বসা ও স্থায়ী তৈল, জলীয় তরল পদার্থের সহিত প্রতিক্রিয়া দ্বারা প্রাপ্ত মিষ্ট পদার্থ বিশেষ। ইহাতে অল্প পরিমাণ জল থাকে।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। তৈলবৎ স্বচ্ছ তরল পদার্থ, মিষ্টাস্বাদ, জলে ও এল্‌কোহলে দ্রব হয়। মাত্রা ১—২ ড্রাম।

ক্রিয়া। স্নিগ্ধকারক। বাহ্যপ্রয়োগে আর্দ্রকারক। কেহ কেহ ইহাকে কড্‌লিভার্ অয়েলের পরিবর্ত্তে ব্যবহার করিয়া থাকেন। অর্দ্ধ ড্রাম মলদ্বারে পিচকারী সহ লাগাইলে সত্বর মল নির্গত হইয়া যায়।

প্রয়োগরূপ। ১ম। গ্লাইসিরাইনম্ এসিডাই কার্ব্বলিসাই (Glycerinum Acidi Carbolici)। কার্ব্বলিক্ এসিড্ ১ আং, গ্লিসিরিন্ ৪ আং। একত্রে মর্দ্দন করিয়া, মিশ্রিত করিবে।

২য়। গ্লাইসিরাইনম্ এসিডাই গ্যালিসাই (Glycerinum Acidi Gallici)। গ্যালিক্ এসিড ১ আং, গ্লিসিরিন্ ৪ আং। চীন পাত্রে একত্রে মর্দ্দন করিয়া, গ্যালিক্ এসিড্ সম্পূর্ণ রূপে দ্রব না হওয়া পর্য্যন্ত, তাহাতে উত্তাপ দিবে।

৩য়। গ্লাইসিরাইনম্ এসিডাই ট্যানিসাই (Glycerinum Acidi

Tannici)। ট্যানিক্ এসিড্ ১ আং, গ্লিসিরিন্ ৪ আং। চীন পাত্রে একত্রে মর্দ্দন করিয়া, ট্যানিক এসিড্ সম্পূর্ণরূপে দ্রব না হওয়া পর্য্যন্ত, তাহাতে উত্তাপ দিবে।

৪র্থ। গ্লাইসিরাইনম্ এ্যালুমিনিস্ (Glycerinum Aluminis)। এ্যালম্ চূর্ণ ১ আং, গ্লিসিরিন্ ৫ আং। চিন পাত্রে একত্রে মর্দ্দন করিয়া ফটকিরি দ্রব না হওয়া পর্য্যন্ত তাহাতে উত্তাপ দিবে।

৫ম। গ্লাইসিরাইনম্ এমিলাই (Glycerinum Amyli)। ষ্টার্চ ১ আং, গ্লিসিরিন্ ৫ আং, পরিশ্রুত জল ৩ আং। সপোজিটোরিয়া এসিডাই কার্ব্বোলিসাই কম্ স্যাপোনি, সাপোজিটোরিয়া এসিডাই ট্যানিসাই কম্ স্যাপোনি ও সপোজিটোরিয়া মর্ফাইনি, কম্ স্যাপোনি প্রস্তুত করিতে ইহার আবশ্যকতা হয়।

৬ষ্ঠ। গ্লাইসিরাইনম্ বোরাসিস্ (Glycerinum Boracis)। বোরাক্স্ চূর্ণ ১ আং, গ্লিসিরিন্ ৪ আং, পরিশ্রুত জল ২ আং। যে পর্য্যন্ত না সোহাগা দ্রব হয়, ততক্ষণ তাহাদিগকে একত্রে মর্দ্দন করিয়া লইবে।

৭ম। গ্লাইসিরাইনম্ প্লম্বাই সব্ এসিটেটিস্ (Glycerinum Plumbi Subacetatis)। এসিটেট্ অব লেড্ ৫ আং, অক্সাইড্ অব্ লেড্ চূর্ণ ৩॥০ আং, গ্লিসিরিন্ ১ পাং পরিশ্রুত জল ১২ আং। একত্রে মিশাইয়া ১৫ মিনিট ফুটাইবে পরে ছাঁকিয়া, যে পর্য্যন্ত না বিক্ষিপ্ত হইয়া যায়, ততক্ষণ উৎপাতিত করিবে।

অঙ্গুয়েন্টম্ গ্লাইসিরানাই প্লম্বাই সবএসিটেটিস্ প্রস্তুত করিতে ইহার আবশ্যকতা হয়।

৮ম। গ্লাইসিরাইনম্ ট্রাগাক্যান্থি (Glycerinum Tragacanthæ)। ট্রাগাক্যান্থ চূর্ণ ১১০ গ্রেণ, গ্লিসিরিন্ ১ আং, পরিশ্রুত জল ৭৪ আং। ট্রাগাক্যান্থ ও গ্লিসিরিন্ খলে মাড়িয়া লইবে পরে জল মিশাইয়া যে পর্য্যন্ত না জেলির মত হয়, ততক্ষণ ক্রমাগত রগড়াইতে থাকিবে।

৯ম। সপোজিটোরিয়া গ্লাইসিরাইনাই (Suppositoria Glycerini)। জিলাটিন্ ক্ষুদ্র খণ্ড ।০ আং, গ্লিসিরিন্ ২॥০ আং, পরিশ্রুত জল যথা-প্রয়োজন।

ম্যানা (Manna)।—ওলিয়েসিয়ি জাতীয় ফ্রাকসিনস্ অর্ণস্ নামক বৃক্ষের ঘনীভূত রস। বৃক্ষের স্কন্ধে অস্ত্রাঘাত করিলে এই রস নির্গত হয়। ইউরোপ খণ্ডে জন্মে।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। পাতলা চাপ্টা খণ্ড, মিষ্ট গন্ধাস্বাদ। ইহাতে শর্করা ও তিক্তসার আছে।

ক্রিয়া। মৃদুবিরেচক। শিশুদের কোষ্ঠবদ্ধ রোগে ইহা দুগ্ধের সহিত ব্যবহৃত হয়। মাত্রা ৬০ গ্রেণ্।

লোগ্যানিয়েসিয়ি (Loganiaceæ) জাতি।

কুঁচিলা (Nuxvomica); ইং (Nuxvomica)। লোগ্যানিয়েসিয়ি জাতীয় ষ্ট্রীক্‌নস্ নক্স্ ভমিকা নামক বৃক্ষের বীজ। ভারতবর্ষে জন্মে।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। কমলালেবুর ন্যায় গোলাকার, পক্ক হইলে কমলালেবুর বর্ণ হয়। অভ্যন্তরে বীজ সকল শস্যু মধ্যে থাকে। বীজ পয়সার ন্যায় চক্রাকার ও চেপ্টা। আস্বাদ অত্যন্ত তিক্ত। ইহাতে ষ্ট্রীক্‌নিয়া ও ব্রুসিয়া নামক দুইটী বীর্য্য আছে। ব্রুসিয়া যবক্ষার দ্রাবক সহযোগে লোহিত বর্ণ হয়।

ক্রিয়া।—ইহার ক্রিয়া, ইহার বীর্য্য ষ্ট্রিক্‌নাইনের উপর নির্ভর করে। অল্প মাত্রায় আগ্নেয়, বলকারক ও কামোদ্দীপক। মস্তিষ্কের উপর ইহার কোন ক্রিয়া নাই। ইহার দ্বারা স্পাইন্যাল্ কর্ড শীঘ্র আক্রান্ত হয় এবং উহা উত্তেজিত হয় বলিয়া, ধনুষ্টঙ্কারবৎ আক্ষেপ জন্মিয়া থাকে। ইহা দ্বারা এক্যুরেণ্ট্ মোটার স্নায়ু সমূহের পক্ষাঘাত হয়। কেহ কেহ বলেন যে, ইহা ভ্যাসো মোটার স্নায়ুকেন্দ্রকে উত্তেজিত করিয়া, রক্তের চাপ বর্দ্ধিত করে। ইহাতে শ্বাস প্রশ্বাসের গতি গভীর ও চঞ্চল হয়, ইহা দ্বারা আর্টিরিয়াল্ টেন্‌সন্ বৃদ্ধি হয়। শ্বাস প্রশ্বাস যন্ত্রের উপর ইহা দ্বারা বিষক্রিয়া প্রকাশ পাইলে, ডায়াফ্রাম্ ও শ্বাস প্রশ্বাস সম্বন্ধীয় পেশী সমূহের আক্ষেপ হইয়া থাকে। ইহা পরিপাক শক্তির উপর বলকারক ক্রিয়া প্রকাশ করে, এবং খাদ্যদ্রব্য শীঘ্র পচিতে দেয় না।

আময়িক প্রয়োগ। ইহা নার্ভাইন্ টনিক্। এই জন্য সামান্য দুর্ব্বলতা,

স্নায়ু ঘটিত দৌর্ব্বল্য জনিত রোগে এবং সর্ব্বদা প্রস্রাবত্যাগের ইচ্ছা প্রভৃতি সকল লক্ষণ বর্ত্তমান থাকিলে ইহা বিশেষ উপকার করে। ধ্বজভঙ্গ রোগে ইহা সেবনে সুফল পাওয়া যায়।

প্যারালিসিসে ১/২০ গ্রেণ্ মাত্রায় ষ্ট্রিক্নাইন্ হাইপোডার্ম্মিক্ ইঞ্জেক্সনে বিশেষ উপকার পাওয়া যায়।

হৃৎপিণ্ডের ডাইলেটেসন্ রোগে টনিক্ মাত্রায় ইহা দ্বারা বিশেষ উপকার হইয়া থাকে।

হাঁপানি রোগে ইহা ব্যবহৃত হয়।

ইহা ক্ষুধাবৃদ্ধিকারক। অজীর্ণ, বুকজ্বালা, বিবমিষা, পেটফাঁপা প্রভৃতিতে ইহা বিশেষ উপকার করে। কোষ্ঠকাঠিন্য রোগে এলোজ্ সহিত ইহা প্রয়োগ করিলে, সুফল পাওয়া যায়।

গর্ভাবস্থায় প্রাতঃকালে কিম্বা অন্য সময়ে বমন হইলে, কুচিলার টিং তিন ফোটা মাত্রায় দিবসে তিন বার প্রয়োগ করিলে, বিশেষ উপকার পাওয়া যায়।

কিঞ্চিৎ অধিক মাত্রায় সেবনে ইহার ক্রিয়া কশেরুকা মজ্জার উপর প্রকাশ পায় ও পেশী সকলের আক্ষেপ হয়। হস্ত পদাদিতে কম্প হইতে থাকে ও শ্বাসপ্রশ্বাস লইতে কিঞ্চিৎ কষ্ট বোধ হয়। আরও অধিক মাত্রায় সেবন করিলে পেশী সকলের আক্ষেপ ও স্পর্শশক্তি বৃদ্ধি পায়, এমনি কি, শরীরের কোন অংশ স্পর্শ করিলে সর্ব্বাঙ্গের পেশী সকল আক্ষিপ্ত হইয়া ধনুষ্টঙ্কারের লক্ষণ প্রকাশ করে। বিষমাত্রায় সেবন করিলে পেশী সকলের আক্ষেপ আরও বৃদ্ধি পায় ও দুই চারি মিনিট অন্তর সর্ব্বশরীর ধনুকের ন্যায় বক্র হইতে থাকে। চোয়াল বদ্ধ হয় ও মুখ কোনমতে খোলা যায় না। শ্বাস প্রশ্বাসের পেশী সকল আক্ষিপ্ত হইয়া ক্রমে দুর্ব্বল হইতে থাকে। নাড়ীক্ষীণ, কচিৎ বা মন্দ গতি হয়। এইরূপ, আক্ষেপ ক্রমাগত প্রকাশ পাইয়া একেবারে শ্বাস রোধ হইয়া মৃত্যু হয়। মৃত্যু হইবার সময়ও রোগীর চৈতন্য থাকে। কোন কোন রোগীর, বিষলক্ষণ প্রকাশ পাইতে অর্দ্ধঘণ্টার বেশী লাগে না। কাহারও বা ৫।৬ বার আক্ষেপের পর মৃত্যু হইয়া থাকে। ইহার বীর্য্য ষ্ট্রিক্নাইন্ ।০ গ্রেণ্ মাত্রায় সেবন করিয়া এক ব্যক্তির মৃত্যু হইয়াছে।

চিকিৎসা। কুঁচিলা দ্বারা বিষাক্ত হইলে বমনকারক ঔষধ সেবন করাইয়া বমন করাইবে, পরে ষ্টম্যাক্ পম্প দ্বারা পাকাশয় ধৌত করিবে। বিষ নাশার্থ যথেষ্ট পরিমাণে জান্তব অঙ্গার প্রয়োগ করিবে। ইহা ভিন্ন ট্যানিক্ এসিড যুক্ত ক্বাথ, গ্রীণ্ চা, আইয়োডিন্ দ্রব সেবন করাইবে। যে সকল ঔষধ দ্বারা পেশী সকলের শৈথিল্য সম্পাদন হয়, এরূপ ঔষধ প্রয়োগ করিবে। যথা—অহিফেন, গাঁজা, তাম্রকূট, ক্লোর‍্যাল্ ক্যালাবার্‌বীন্ ইত্যাদি। রোগী গিলিতে অশক্ত হইলে পিচকারী দ্বারা ঔষধ প্রয়োগ করিবে। অবসন্নাবস্থায় উত্তেজক ঔষধ প্রয়োগ ও শ্বাস রোধের উপক্রম হইলে কৃত্রিম শ্বাসক্রিয়া সংস্থাপন করিবে।

প্রয়োগরূপ। ১ম। এক্স্‌ট্রাক্টম্ নিউসিস্ ভমিসি (Extractum Nucis Vomicæ)। কুঁচিলা ১ পৌঃ; শোধিত সুরা ৬৪ আঃ; পরিশ্রুত জল ১৬ আঃ। সার প্রস্তুত করিবার প্রণালী মতে প্রস্তুত করিবে। মাত্রা ।০—১ গ্রেণ্।

২য়। টিংচ্যুরা নিউসিস্ ভমিসি (Tinctura Nucis Vomicæ)। কুঁচিলার সার ১৩৩ গ্রেন্; পরিশ্রুত জল ৪ আঃ; শোধিত সুরা ২০ আঃ পূর্ণ করিতে যথাপ্রয়োজন। এরূপ পরিমাণে জলে সুরা সংযোগ করিবে, যেন তাহা ২০ আঃ হয়। পরে, ঐ মিশ্রে সার দ্রব করিয়া লইবে। ইহার প্রতি আউন্সে ১ গ্রেণ ষ্ট্রিকনিয়া আছে। মাত্রা ১০—২০ মিঃ।

৩য়। ষ্ট্রীকনাইনা (Strychnina) ইং (Strychnine)।

প্রস্তুতকরণ। কুঁচিলা ১ পৌঃ; এসিটেট্ অব্ লেড্ ১৮০ গ্রেণ্; এমোনিয়া দ্রব, শোধিত সুরা ও পরিশ্রুত জল প্রত্যেকের যথা প্রয়োজন। টিপক্কার প্রস্তুত করিবার প্রণালী মতে প্রস্তুত করিবে।

স্বরূপ রাসায়নিক তত্ত্ব। চতুষ্প্রদেশ বা অষ্টপ্রদেশযুক্ত দানাবিশিষ্ট; স্বচ্ছ তিক্তাস্বাদ। মাত্রা ১/৩০—১/১২ গ্রেণ্।

প্রয়োগরূপ। লাইকর্ ষ্ট্রিকনাইনি হাইড্রোক্লোরেটিস্ (Liquor Strychninæ Hydrochloratis)। ষ্ট্রিকনাইন্ ৯ গ্রেণ্; জলমিশ্র লবণ-দ্রাবক ১৪ মিঃ; শোধিত সুরা ।০ আঃ, পরিশ্রুত জল ১।০ আঃ। ৪ ড্রাম জল এবং লবণদ্রাবক একত্রে মিশাইয়া, উত্তাপ বাহায্যে তাহাতে ষ্ট্রিকনাইন্

দ্রব করিয়া, সুরা সংযুক্ত করতঃ অবশিষ্ট জল মিশ্রিত করিবে। মাত্রা ৫—১০ মিং।

ফেবা স্যাংটি ঈগনেসিয়াই (Faba Sancti Ignatii)। ষ্ট্রিকনস্ ইগনেসিয়া নামক বৃক্ষের বীজ। ফিলিপাইন্ দ্বীপে জন্মে। বৃটিশ ফার্ম্মাকোপিয়ায় গৃহীত নহে। ইহার বীজে অধিক পরিমাণে ষ্ট্রিকনাইন্ ও ব্রুসাইন্ পাওয়া যায়।

জেলসিমিয়ম্। (Gelsimium)। প্রতিসংজ্ঞা। ইয়োলো জেস্মিন্। লোগানিয়েসিযি জাতীয় জেলসিমিয়ম্ নিটিডম্ নামক বৃক্ষের শুষ্ক নিরাট কন্দ ও ক্ষুদ্র মূল।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। নলাকার, ১—৬ ইঞ্চ্ দীর্ঘ, বৃহৎখণ্ড সকলের সহিত ক্ষুদ্র ক্ষুদ্র মূল সংলগ্ন। রেশমের ন্যায় পাতলা ত্বক্ দ্বারা আবৃত। সদ্গন্ধযুক্ত তিক্তাস্বাদ। ইহাতে জেলসিমিক্ বীর্য্য ও জেলসিমিক্ এসিড্ আছে। ইহার মূল হইতে ধুনা পাওয়া যায়। মাত্রা ৫—৩০ গ্রেণ্।

ক্রিয়া। ইহা চক্ষে প্রয়োগ করিলে কনীনিকা প্রসারিত হয়; এ কারণ দর্শনশক্তির লাঘব হয়। স্নায়ুমণ্ডলীর উপর ইহার ক্রিয়া বিশেষরূপে প্রকাশ পায়। ইহা কশেরুকা মজ্জার মোটর কেন্দ্রের উপর ক্রিয়া প্রকাশ করতঃ ঐচ্ছিক পেশী সকলের শক্তির লাঘব করে। ইহা দ্বারা হৃৎপিণ্ডের ক্রিয়ার কোনরূপ ব্যতিক্রম ঘটে না। ইহার ক্রিয়ার সহিত কোনায়মের ক্রিয়ার প্রভেদ এই যে, কোনায়মের ক্রিয়া কেবল মোটর স্নায়ুর উপর প্রকাশ পায়; কিন্তু জেলসিমিয়মের ক্রিয়া মোটর ও সেন্সরি, উভয় প্রকার স্নায়ুর উপর প্রকাশ পায়।

আময়িক প্রয়োগ। ৫ম স্নায়ুর (Trifacial Nerve) নিউর‍্যাল্‌জিয়া হইলে, ইহা দ্বারা বিশেষ উপকার হয়। ইন্টারকষ্টাল্, ওভারিয়্যাল্ নিউর‍্যাল্‌জিয়া ও মায়াল্‌জিয়া রোগে ইহা উপকারক। দন্তের কেরিজ্ বা দন্তশূল রোগে, ইহা দ্বারা বেশ উপকার হয়।

ইহার ক্রিয়া সম্বন্ধে আশ্চর্য্যের বিষয় এই যে, ইহা যখন সেবন করা যায়, তখন কনীনিকা সঙ্কুচিত এবং স্থানিক প্রয়োগে তাহা প্রসারিত হয়।

ডায়াফ্রাম্ পেশীর পক্ষাঘাত বশতঃ, শ্বাস প্রশ্বাস কষ্টদায়ক, অগভীর এবং অনিয়মিত হইয়া, শ্বাসরোধ দ্বারা মৃত্যু হয় এবং অপরিমিত ঘর্ম্ম জন্য শারীরিক তাপের লাঘব হয়। সেই জন্য আক্ষেপ জনক কাশি প্রভৃতিতে ইহা ব্যবহৃত হয়। বিবিধ প্রকার স্নায়ুশূলে ইহা দ্বারা বিশেষ উপকার পাওয়া যায়। বাতরোগে ও পেশী সকলের স্পন্দনে, ইহা সেবনে উপকার দর্শে। টেটেনাস্, এজ্‌মা, হুপিংকাফ্ এবং অপরাপর আক্ষেপজনক পীড়ায় ইহার ব্যবহার হয়। মাত্রা ৫—৩০ গ্রেণ্।

প্রয়োগরূপ। ১ম। এক্স্‌ট্রাক্টম্ জেল্‌সিমিয়াই এল্‌কোহলিকম্ (Extractum Gelsimii Alcoholicum)। জেল্‌সিমিয়ম্ ৬০ নম্বরের চূর্ণ ১ পৌং, শোধিত সুরা ও পরিস্রুত জল, প্রত্যেকে, যথাপ্রয়োজন। মাত্রা ।০—২ গ্রেণ্।

২য়। টিংচ্যুরা জেল্‌সিমিয়াই (Tinctura Gelsemii)। জেল্‌সিমিয়ম্ ৪০ নম্বরের চূর্ণ ২॥০ আং, প্রুফ্ স্পিরিট্ ১ পাং। মাত্রা ৫—২০ মিং।

অ্যাস্‌ক্লিপিয়েডেসিয়ি (Asclepiadaceæ) জাতি।

অনন্তমূল। (Hemidesmi Radix)। হেমিডেস্‌মস্ ইণ্ডিকস্ নামক লতার শুষ্কীকৃত মূল। ভারতবর্ষে জন্মে।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। নলাকার, বক্র, লম্বা শিরাযুক্ত, সদ্‌গন্ধযুক্ত ও ঈষৎ তিক্তাস্বাদ।

ক্রিয়া। বলকারক, ঘর্ম্মকারক, মূত্রকারক ও পরিবর্ত্তক। ইহা সার্জ্জার পরিবর্ত্তে ব্যবহৃত হয়।

প্রয়োগরূপ। সাইরূপস্ হেমিডেস্‌মাই (Syrupus Hemidesmi)। অনন্তমূল কুট্টিত ৪ আং, বিশুদ্ধ শর্করা ২৮ আং, স্ফুটিত পরিস্রুত জল ১ পাং। আবৃত পাত্রে অনন্তমূলকে ৪ ঘণ্টা কাল স্ফুটিত পরিস্রুত জলে ভিজাইয়া, ছাঁকিয়া রাখিয়া দিবে। নীচে গাদ পড়িলে, উপরের স্বচ্ছাংশ লইয়া, তাহাতে মৃদু উত্তাপ দ্বারা শর্করা দ্রব করিবে। মাত্রা ১ ড্রাম।

কণ্ডুর্‌র্যাঙ্গো। (Condurango)। গনোলোবস্ কণ্ডুর্‌র্যাঙ্গো নামক বৃক্ষের শুষ্ক কন্দ ও বল্কল। নিউইয়র্কে পাওয়া যায়।

ক্রিয়া। কর্কট ক্ষতের উপর ইহা লাগাইলে উপকার পাওয়া যায়।

জেন্সিয়েনেসিয়ি (Gentianaceæ) জাতি।

জেন্সিয়ানি র‍্যাডিক্স্ (Gentianæ Radix)। জেন্সিয়ানা লুটিয়া নামক বৃক্ষের শুষ্ক মূল। আল্‌স্ পর্ব্বতে পাওয়া যায়।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। অর্দ্ধ হইতে ১" ইঞ্চ্ স্থূল ও প্রায় এক ফুট্ দীর্ঘ শাখাবিশিষ্ট, বাহ্যপ্রদেশ পাকান ও তিক্তাস্বাদ। ইহাতে জেন্সিয়ানিন্ নামক বীর্য্য এবং জেন্সিয়ানিক্ এসিড্ আছে।

ক্রিয়া। বলকারক ও আগ্নেয়।

আময়িক প্রয়োগ। অজীর্ণ ও রোগান্ত দৌর্ব্বল্যে ইহা কুইনাইনের সহিত সেবনে উপকার পাওয়া যায়।

প্রয়োগরূপ। ১ম। এক্স্‌ট্রাক্টম্ জেন্সিয়ানি (Extractum Gentianæ)। জেন্সিয়ান্‌রুট কুট্টিত ১ পৌং, স্ফুটিত পরিশ্রুত জল ১ গ্যাং। দুই ঘণ্টা ভিজাইয়া রাখিয়া, ১৫ মিনিট কাল ফুটাইয়া, ছাঁকিয়া, নিঙড়াইয়া, জলস্বেদন যন্ত্রে যথাযোগ্য গাঢ় করিবে। মাত্রা ২—১০ গ্রেণ্।

২য়। ইন্‌ফিউসম্ জেন্সিয়ানি কম্পোজিটম্ (Infusum Gentianæ Compositum)। জেন্সিয়ান্‌রুট খণ্ড ও তিক্ত কমলার ত্বক্‌খণ্ড, প্রত্যেকে, ৫৫ গ্রেণ্, সরস লেবুর ত্বকখণ্ড ।০ আং, স্ফুটিত পরিশ্রুত জল ১০ আং। আবৃত পাত্রে অর্দ্ধ ঘণ্টা কাল ভিজাইয়া, ছাঁকিয়া লইবে। মাত্রা ১—২ আং।

৩য়। টিংচুরা জেন্সিয়ানি কম্পোজিটা (Tinctura Gentianæ Composita)। জেন্সিয়ান্ রুট্ কুট্টিত ১॥০ আং, তিক্ত কমলার ত্বকের ক্ষুদ্র খণ্ড কুট্টিত ৸০ আং, এলাচির বীজ কুট্টিত ।০ আং, প্রুফ্ স্পিরিট্ ১ পাং। যথাবিধি পার্কোলেসন দ্বারা প্রস্তুত করিবে। মাত্রা ॥০—২ ড্রাম।

চিরেতা (Chirata)। অফিলিয়া চিরেতা নামক ওষধি। ঔষধার্থ ইহার সমুদয় অংশ ব্যবহৃত হয়। ইহাতে তিক্ত সার আছে।

ক্রিয়া। জেন্সিয়ানের ন্যায়।

প্রয়োগরূপ। ১ম। ইন্‌ফিউসম্ চিরাটি (Infusum Chiratæ)

চিরেতা খণ্ড ।০ আং, পরিশ্রুত জল ১২০ তাপাংশে ১০ আং। আবৃত পাত্রে অর্দ্ধ ঘণ্টা কাল ভিজাইয়া, ছাঁকিয়া লইবে। মাত্রা ১—২ আং।

২য়। টিংচ্যুরা চিরাটি (Tinctura Chiratæ)। চিরেতা কুট্টিত ২॥০ আং, প্রুফ্ স্পিরিট্ ১ পাং। যথাবিধি পার্কোলেসন দ্বারা প্রস্তুত করিবে। মাত্রা ॥০—২ ড্রাম।

কনভলভিউলেসিয়ি (Convolvulaceæ) জাতি।

স্ক্যামোনিয়ি র‍্যাডিক্স্ (Scammoniæ Radix)। কনভলভুলস্ স্ক্যামোনিয়া নামক বৃক্ষের শুষ্ক মূল।

স্ক্যামোনিয়ম্ (Scammonium)। স্ক্যামোনিয়া বৃক্ষের সরস মূল হইতে প্রাপ্ত গঁদ ও ধুনাযুক্ত রস। মূলকে ছেদন করিলে এই রস নির্গত হয়। এসিয়া মাইনরে জন্মে।

স্ক্যামোনির মূল দেখিতে গাজরের ন্যায়, বিশেষ গন্ধযুক্ত। ইহাতে জ্যালাপিন্ নামক বীর্য্য পাওয়া যায়।

ক্রিয়া। অতিবিরেচক। ইহা সেবনে উদরের কর্ত্তনবৎ বেদনা ও জলীয় ভেদ হয়। অন্যান্য বিরেচক ঔষধের সহিত ইহা প্রয়োগ করা হয়। ইহা কৃমিনাশক।

আময়িক প্রয়োগ। উদরী বা শোথ রোগে এবং মস্তিষ্ক বা স্নায়ুঘটিত বিবিধ রোগে ইহা প্রয়োগ করা হয়; কিন্তু অন্ত্রের প্রদাহ থাকিলে ইহার প্রয়োগ নিষিদ্ধ।

স্ক্যামোনিয়ি রেজিনা (Scammoniæ Resina)। শুষ্ক স্ক্যামোনি মূল ৮ আং, শোধিত সুরা ও পরিশ্রুত জল যথা প্রয়োজন। মাত্রা ৩—৮ গ্রেণ্।

আবৃত পাত্রে ১৬ আং সুরায় স্ক্যামোনি মূলকে ২৪ ঘণ্টা কাল ভিজাইবে এবং মৃদু তাপ দিবে। পরে, পার্কোলেসন্ যন্ত্রে রাখিয়া, যে পর্য্যন্ত না স্ক্যামোনি মূল অসার হয়, ততক্ষণ তাহাতে ক্রমশঃ সুরা দিবে। অনন্তর সেই অরিষ্টে ৪ আং জল সংযোগ করিয়া, বকযন্ত্র দ্বারা জলস্বেদন যন্ত্রোত্তাপে সুরা চুয়াইয়া ফেলিয়া যাহা অবশিষ্ট থাকিবে তাহাকে একটা অনাবৃত পাত্রে রাখিয়া শীতল হইতে দিবে। ধুনা অধঃস্থ হইলে, উপরের স্বচ্ছ জল ফেলিয়া, তপ্ত জল দিয়া উত্তমরূপে ধুইয়া, অগ্নিত্তাপে শুকাইয়া লইবে।

রেজিনের প্রয়োগরূপ। ১ম। কন্‌ফেক্‌শিয়ো স্ক্যামোনিয়াই (Confectio Scammonii)। স্ক্যামোনি রেজিন্ চূর্ণ ৬ আং, জিঞ্জার সূক্ষ্মচূর্ণ ৩ আং, ক্যারায়োয়ে তৈল ।০ আং, লবঙ্গ তৈল ✓/৮ আং, সিরাপ্ ৬ আং, বিশুদ্ধ মধু ৩ আং। একত্রে মর্দ্দন করিয়া লইবে। মাত্রা ১০—৩০ গ্রেণ্।

২য়। পাইলুলা স্ক্যামোনিয়াই কম্পোজিটা (Pilula Scammonii Composita)। স্ক্যামোনি রেজিন্ চূর্ণ ১ আং, রেজিন্ অব্ জ্যালাপ্ ১ আং, কার্ডসোপ চূর্ণ ১ আং, উগ্র জিঞ্জারের অরিষ্ট ১ আং, শোধিত সুরা ২ আং। সুরা ও অরিষ্টকে রজন ও সাবানের সহিত একত্র করিয়া, মৃদু উত্তাপে দ্রব করতঃ, যে পর্য্যন্ত না বটিকা প্রস্তুতের উপযুক্ত হয়, ততক্ষণ জল-স্বেদন যন্ত্রোত্তাপে শুষ্ক করিবে। মাত্রা ৫—১৫ গ্রেণ্।

৩য়। পল্‌ভিস্ স্ক্যামোনিয়াই কম্পোজিটস্ (Pulvis Scammonii Compositus)। স্ক্যামেনি রেজিন্ চূর্ণ ৪ আং, জ্যালাপ্ চূর্ণ ৩ আং, জিঞ্জার চূর্ণ ১ আং মিশাইয়া, ছাঁকিয়া লইবে। মাত্রা ১০—২০ গ্রেণ্।

ইহা ভিন্ন এক্স্‌ট্রাক্টম্ কলোসিন্থিডিস্ কম্পোজিটা ও পাইলুলা কলো-সিন্থিডিস্ কম্পোজিটা প্রস্তুত করিতে ইহার আবশ্যকতা হয়।

স্ক্যামোনিয়মের প্রয়োগরূপ। ১ম। মিশ্চুরা স্ক্যামোনিয়াই (Mistura Scammonii)। স্ক্যামোনি চূর্ণ ৬ গ্রেণ্, দুগ্ধ ২ আং। একত্রে মর্দ্দন করিয়া লইবে। মাত্রা ১—৩ আং।

জ্যালাপা (Jalapa)। এয়োগোনিয়ম্ পার্গা নামক লতার শুষ্কীকৃত কন্দগ্রন্থি। মেক্সিকোদেশে জন্মে।

জ্যালাপি রেজাইনা (Jalapæ Resina)। জ্যালাপ্ ৮ আং, শোধিত সুরা ও পরিস্রুত জল যথা প্রয়োজন। স্ক্যামোনিয়া রেজিন্ প্রস্তুত করিবার প্রণালী অনুসারে এই রেজিন্ প্রস্তুত করা হয়।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। দেখিতে অনেকাংশে গুবাকের ন্যায়, দুর্গন্ধ-যুক্ত, কটু ও কদর্য্য আস্বাদ। ইহাতে জেলাপিন্ ও কন্‌ভল্‌ভুলিন্ নামক বিরেচক পদার্থ আছে।

ক্রিয়া। স্ক্যামোনির ন্যায় বিরেচক, কিন্তু অপেক্ষাকৃত মৃদু। জ্যালাপের

ক্রিয়া ক্ষুদ্র অন্ত্রের উপর প্রকাশ পায়। সুগন্ধের সহিত ব্যবস্থা করিলে পেটের বেদনা জন্মে না। এসিড্ টার্টেট্ অব্ পটাশিয়ম্ বা ক্যালোমেলের সহিত প্রয়োগ করিলে উপকার পাওয়া যায়। ইহার ক্রিমিনাশক গুণও আছে।

প্রয়োগরূপ। ১ম। এক্স্‌ট্রাক্টম্ জ্যালাপি (Extractum Jalapæ)। জ্যালাপ্ স্থূল চূর্ণ ১ পৌঃ, শোধিত সুরা ৪ পাঃ, পরিশ্রুত জল ১ গ্যালন। সুরাতে জ্যালাপ্ ১ সপ্তাহ পর্য্যন্ত ভিজাইয়া রাখিবে; পরে, নিঙ্‌ড়াইয়া, ছাঁকিয়া, এবং সুরা চুয়াইয়া কোমল সার প্রস্তুত করিবে। অনন্তর ঐ জ্যালাপ্‌কে ৪ ঘণ্টা কাল জলে ভিজাইয়া ফ্লানেল বস্ত্রে ছাঁকিয়া, জলস্বেদন যন্ত্রোত্তাপে গাঢ় করিয়া কোমল সার প্রস্তুত করিবে। পরিশেষে উভয় সারকে একত্রে মিশাইয়া, ১৪০ তাপাংশের সন্তাপে গাঢ় করিয়া লইবে। মাত্রা ৫—১৫ গ্রেণ্।

২য়। পল্‌ভিস্ জ্যালাপি কম্পোজিটস্ (Pulvis Jalapæ Compositus)। জ্যালাপ্ চূর্ণ ৫ আঃ, এসিড্ টার্টেট্ অব্ পটাশিয়ম্ ৯ আঃ; জিঞ্জার চূর্ণ ১ আঃ। একত্রে উত্তমরূপে মিশাইয়া, সূক্ষ্ম ছাঁকুনী দিয়া ছাঁকিয়া, খলে মৃদুভাবে মাড়িয়া লইবে। মাত্রা ২০—৬০ গ্রেণ্।

৩য়। টিংচুরা জ্যালাপি (Tinctura Jalapæ)। জ্যালাপ্ ৪০ নম্বরের চূর্ণ ২॥০ আঃ, প্রুফ্ স্পিরিট্ ১ পাঃ। যথাবিধি পার্কোলেসন্ দ্বারা প্রস্তুত করিবে। মাত্রা ॥০—২ ড্রাম। ইহা ভিন্ন পল্‌ভিস্ স্ক্যামোনিয়াই কম্পোজিটসে জ্যালাপ্ আছে।

সোলেনেসিয়ি (Solanaceæ) জাতি।

লঙ্কা মরিচ (Capsici Fructus)। ক্যাপ্সিকম্ ফ্যাষ্টিজিয়েটম্ নামক বৃক্ষের শুষ্কীকৃত পক্ক ফল।

ক্রিয়া। অল্পমাত্রায় ধামনিক উত্তেজক ও আগ্নেয়। অধিক মাত্রায় পাকাশয়ে প্রদাহ ও উগ্রতা জন্মে। বাহ্যপ্রয়োগে চর্ম্মে উগ্রতাসাধন করে।

প্রয়োগরূপ। টিংচুরা ক্যাপ্সিসাই (Tinctura Capsici)। লঙ্কা মরিচ কুট্টিত ৮০ আঃ, শোধিত সুরা ১ পাঃ। যথাবিধি পার্কোলেসন্ দ্বারা প্রস্তুত করিবে। মাত্রা ১০—২০ মিঃ।

এট্রোপেসিয়ি (Atropaceæ) জাতি।

বেলেডোনি ফোলিয়া এট্ র‍্যাডিক্স্ (Belladonnæ Folia et Radix)। এট্রোপা বেলেডোনা নামক বৃক্ষের সরস বা শুষ্ক পত্র, তরুণ শাখা এবং মূল। বৃটনরাজ্যে জন্মে।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। বেলেডোনা পত্র দেখিতে অণ্ডাকার, সূচাগ্র, ৩—৮ ইঞ্চ দীর্ঘ, তিক্ত ও ঈষৎ কষায় আস্বাদ। ইহার মূল ১—২ ফুট দীর্ঘ, মূলার ন্যায় আকার, শাখাবিশিষ্ট। ইহার মূল হইতে এট্রোপিন্ নামক বীর্য্য পাওয়া যায়।

স্থানিক ক্রিয়া ও ব্যবহার। বাহ্য প্রয়োগে সেন্সারি নার্ভের শেষ সীমাকে অবসন্ন করে বলিয়া, ইহা স্থানিক প্রয়োগে স্পর্শহারক ও বেদনা-নিবারক। মোটার নার্ভের যে সকল সূত্র মাংশ পেশীতে পর্য্যবসিত হইয়াছে, তাহাদের ক্রিয়ার ইহা দ্বারা লাঘব হয়। ইহা দ্বারা রক্তবহা নাড়ীর প্রথমে কিয়ৎপরিমাণে সংকুচিত হয়; পরে, তাহা শিথিল হইয়া থাকে। ঘর্ম্মনিঃসারক গ্রন্থি এবং মেমারি গ্ল্যাণ্ড স্নায়ুদিগের শেষ সীমা উপরোক্ত প্রকারে অবসন্ন হয়। এই জন্য, স্তনে ও চর্ম্মে বেলেডোনা লাগাইলে, দুগ্ধ ও ঘর্ম্মনিঃসরণ বন্ধ হইয়া থাকে। ইহার লিনিমেণ্ট, কিম্বা মলম মস্কুলার রিউম্যাটিজমে বাহ্যপ্রয়োগ দ্বারা উপকার পাওয়া যায়। একিউট্ গাউট, বয়েলস্, ইরিসিপেলাস্ এবং অন্যান্য চর্ম্মোপরি প্রদাহে, গ্লিসিরীণ ও বেলেডোনা, সমপরিমাণে বাহ্য প্রয়োগে বেদনার ও প্রদাহের উপশম করে।

আভ্যন্তরিক ক্রিয়া। মেডিসিনাল্ ডোজে বেলেডোনা দ্বারা ডিলিরিয়ম্ প্রায়ই দেখা যায় না। ইহার ব্যবহারে জড়তা, অবসন্নতা, নিদ্রার ইচ্ছা, অচৈতন্যতা প্রভৃতি মস্তিষ্কের অবসন্নতার লক্ষণ দেখা দেয়।

ইহা দ্বারা রিফ্লেক্স্ ইরিটিবিলিটী প্রথমতঃ অল্প পরিমাণে বর্দ্ধিত হইয়া থাকে।

শরীরে যে তিনটী প্রধান ভাইট্যাল্ সেণ্টার আছে, ইহা দ্বারা তাহা বিশেষ প্রকারে আক্রান্ত হয়।

(ক) রেস্পিরেটারি সেণ্টার ইহা দ্বারা প্রবলরূপে উত্তেজিত হয় বলিয়া,

বক্ষ গহ্বরের গতি অতিশয় চঞ্চল ও গভীর হইতে দেখা যায়। অধিক মাত্রায় রেস্পিরেটারি সেণ্টারের পক্ষাঘাত হয়।

(খ) কার্ডিয়াক্ সেণ্টার অল্প সময়ের জন্য উত্তেজিত হয়, ও তৎপরে অবসন্ন হয়।

(গ) ভ্যাসো মোটার সেণ্টার প্রথমে উত্তেজিত হয়, পরে অবসন্ন হয়। এই জন্য শরীরের ধমনী সকল সঙ্কুচিত এবং তাহাতে রক্তের চাপ বর্দ্ধিত হয়। পরে, ধমনী সকল শিথিল এবং রক্তের চাপ কম হওয়ায়, চর্ম্ম রক্তিম বর্ণ হয়।

ইহা দ্বারা ঐচ্ছিক মাংস পেশী সকল আক্রান্ত হয় না। ইহা দ্বারা সেন্সারি স্নায়ু অবসাদিত হয় বলিয়া, বেদনার উপশম হইয়া থাকে। ইহা দ্বারা তৃতীয় স্নায়ুর অন্ত সকল, যাহা কনীনিকার স্ফিংটার পেশীতে এবং সিলিয়ারি পেশীতে পর্য্যবসিত হয়, তাহাদের পক্ষাঘাত হওয়া বশতঃ, কনীনিকা প্রসারিত এবং দৃষ্টিশক্তির বৈলক্ষণ্য হইয়া থাকে। সব্-ম্যাগ্জিলারি গ্ল্যাণ্ডের কর্ডা টিম্পেনাই নামক স্নায়ুর যে শেষ অন্ত পর্য্যবসিত হইয়াছে, তাহা এট্রোপিন্ দ্বারা পক্ষাঘাতগ্রস্ত হয় বলিয়া, লালাস্রাব বন্ধ এবং মুখ ও কণ্ঠনলী শুষ্ক হইয়া থাকে। এই কারণ বশতঃ বিউকল্ গ্ল্যাণ্ড্ সকল পক্ষাঘাতগ্রস্ত হয়। ইহা দ্বারা সিউডোরিপেরাস্ ও ল্যাক্টিয়াল্ গ্ল্যাণ্ডের স্নায়ুর শেষ সীমা অবসাদিত হয়। এ কারণ ঘর্ম্ম বন্ধ হয় ও দুগ্ধস্রাব বিদ্যমান থাকিলে তাহা ও বন্ধ হইয়া যায়।

ভেগাস্ স্নায়ু ও তাহার ইন্হিবিটারী শাখার শেষ সীমা, যাহা হৃৎপিণ্ডে পর্য্যবসিত হইয়াছে, তাহা এট্রোপিন্ দ্বারা পক্ষাঘাতগ্রস্ত হয় বলিয়া, হৃৎপিণ্ডের ক্রিয়ার সংখ্যা ও বল বর্দ্ধিত হয়। কিন্তু প্রথমে এট্রোপিন্ দ্বারা ভেগাসের ইন্হিবিটারী শাখা অল্প পরিমাণে উত্তেজিত হয়; তজ্জন্য প্রথমে হৃৎপিণ্ড মন্দগামী হয় এবং ধামনিক চাপ বর্দ্ধিত হইয়া থাকে। ভেগাস্ স্নায়ুর যে সকল তন্তু শ্বাসনলীতে আছে, এট্রোপিন্ দ্বারা তাহা অবসাদিত হয় বলিয়া, শ্বাসনলীর মাংশপেশীর আবরণ শিথিল হয় এবং বায়ু সহজে তন্মধ্যে প্রবেশ করে। এই কারণে ইহা আক্ষেপ নিবারক। ভেগাসের একারেণ্ট্ শাখা, যাহা শ্বাসনলীতে আছে, ইহা দ্বারা তাহার

পক্ষাঘাত হওয়াতে, তৎস্থানের চেতনাশক্তি এবং প্রত্যাবর্ত্তন ক্রিয়ার লাঘব হয়। শ্বাসকৃচ্ছ্র ও কাশি কম হইয়া থাকে। এট্রোপিন্ দ্বারা অন্ত্রে এস্প্লাঙ্কনিক্ (Splanchnic) স্নায়ুর ইন্‌হিবিটারি শাখার পক্ষাঘাত হয় বলিয়া, অন্ত্রের কৃমিগতির বৃদ্ধি এবং কোষ্ঠশুদ্ধি হইয়া থাকে।

এট্রোপিন্ দ্বারা, বোধ হয়, মূত্রনলী, মূত্রাশয় এবং ভেসিকিউলি সেমিনেলিসের স্নায়ু সকলের শেষ সীমা আক্রান্ত হয়। এই জন্য বেলেডোনা অধিক মাত্রায় সেবনে বারম্বার মূত্রত্যাগের ইচ্ছা এবং কখনও কখনও প্রস্রাবত্যাগের অক্ষমতা হইয়া থাকে।

ক্রিয়া। ইহা স্নায়বীয় উত্তেজক, মাদক, নিদ্রাকারক, বেদনা নিবারক, মূত্রকারক, আক্ষেপ নিবারক, এবং বাহ্যপ্রয়োগে, বেদনানিবারক, ও স্পর্শহারক।

আময়িক প্রয়োগ। জ্বরে যখন ডিলিরিয়ম্ কিম্বা কন্‌ভল্‌সন্ বর্ত্তমান থাকে, তখন বেলেডোনা ব্যবহারে বিশেষ উপকার পাওয়া যায়। এপিলেপ্সি, কোরিয়া, হুপিং কাফ্, লেরিঞ্জিস্মস্‌ষ্ট্রেডিউলস্, এজ্‌মা প্রভৃতি নানাবিধ আক্ষেপজনক পীড়া ইহা দ্বারা উপশমিত হয়। চক্ষুপরীক্ষায় এট্রোপিন্ বহুল পরিমাণে ব্যবহৃত হইয়া থাকে।

পারদ ব্যবহার জনিত লালা নিঃসরণ এবং সেরিব্রাল্ ডিজিজ্ জনিত লালানিঃসরণ এবং গর্ভাবস্থায় লালানিঃসরণ এট্রোপিন্ দ্বারা নিবারিত হয়। থাইসিস্ রোগে হেক্টিক্ ফিভার্ দ্বারা যে প্রচুর ঘর্ম্ম হয়, তাহা বেলেডোনা দ্বারা উপশমিত হইয়া থাকে। স্তনে স্ফোটক ও ঠুনকা রোগে ইহা গ্লিসিরিণ্ সহ বাহ্য প্রয়োগ দ্বারা ব্যবহৃত হয়।

যখন হৃৎপিণ্ডের বাম ভেন্ট্রিকেল্ রক্তশূন্য এবং শরীরের ধমনী সকল শিথিল হয়; তখন কেবল মাত্র বেলেডোনা কিম্বা ডিজিটেলিস্ এবং বেলেডোনা একত্রে প্রয়োগ করিলে, বিশেষ উপকার হইয়া থাকে। হৃৎপিণ্ডের বেদনায় এবং প্যাল্পিটিসনে বেলেডোনা অহিফেনাপেক্ষা বিশেষ উপকারক। পুরাতন কোষ্ঠবদ্ধ রোগে এলোজ্ সহযোগে বেলেডোনা, প্রয়োগ করিলে উপকার পাওয়া যায়। ধ্বজভঙ্গ, ডায়াবিটিস্ ইন্‌সিপিডাস্, নক্টার্নেল্ এমিসন্ ও কর্ড়ি ইত্যাদি রোগে ইহা বিশেষ উপকার করে। শিশুদের

রাত্রে শয্যায় মূত্রত্যাগ ও ঘন ঘন মূত্রত্যাগ রোগে ইহা বিশেষ উপকারক। শ্বেত প্রদর রোগের সহিত জরায়ুমুখে ক্ষত থাকিলে, ৬। ৮ গ্রেণ ট্যানিক্ এসিডের সহিত ১।২ গ্রেণ ইহার সার ক্ষতস্থানে প্রয়োগ করিলে, উহার সিক্রিসান্ বন্ধ হইয়া যায়। কর্ণে বেদনা ও পূঁজ হইলে, বেলেডোনা ও গ্লিসিরীণ্ দ্রব একত্র প্রয়োগ করিলে উপকার হয়।

বেলেডোনা অল্পমাত্রায় সেবনে নাড়ীর গতির বৃদ্ধি হৃৎস্পন্দন সবল, দ্রুত ও সর্ব্বশরীর উত্তেজিত হয়। মুখ তালু ও গলা শুষ্ক হইয়া পিপাসা উপস্থিত হয়। ইহা সেবনে কনীনিকা প্রসারিত হয়। অধিক মাত্রায় বিষক্রিয়া প্রকাশ পায় ও এই সকল লক্ষণ দেখা যায়, যথা—চক্ষু রক্তবর্ণ ও পাগলের ন্যায় হাস্য ও ক্রন্দন, পরে অবসাদনের লক্ষণ প্রকাশ পায়। শরীর দুর্ব্বল, নাড়ী ক্ষীণ, আক্ষেপ, পক্ষাঘাত, অবশেষে জীবননাশ পর্য্যন্ত হইয়া থাকে।

অহিফেন ও বেলেডোনার ক্রিয়ার প্রভেদ এই যে, বেলেডোনা দ্বারা কনীনিকা প্রসারিত হয়; কিন্তু অহিফেন দ্বারা উহা কুঞ্চিত হয়। অহিফেন সেবনে কোষ্ঠবদ্ধ ও প্রস্রাবের পরিমাণের হ্রাস হয়; কিন্তু বেলেডোনা সেবনে প্রস্রাবের পরিমাণ বর্দ্ধিত হয় ও অন্ত্রের বিরেচন ক্রিয়া প্রকাশ পায়।

বেলেডোনা দ্বারা উচ্চ প্রলাপ ও পেশীর আক্ষেপ হয়; কিন্তু অহিফেন সেবনে এ সকল লক্ষণ দেখা যায় না।

অহিফেনের ক্রিয়া কশেরুকা মজ্জার উপর প্রকাশ পায় না; কিন্তু বেলেডোনার ক্রিয়া বিলক্ষণ প্রকাশ পায়।

অহিফেন ও বেলেডোনা, উভয়েরই বেদনানিবারক গুণ আছে। বালকেরা অহিফেন সহ্য করিতে পারে না; কিন্তু বেলেডোনা সহজে সহ্য করিতে পারে। বেলেডোনা দ্বারা চর্ম্মের উপর এরিথিমার ন্যায় রক্তবর্ণ গুটিকা বহির্গত হয়।

বেলেডোনার দ্বারা বিষাক্ত হইলে, অহিফেন সেবনে বিষ নাশ হয়।

অসম্মিলন। সোডা ও পটাস্ দ্রবের সহিত বেলেডোনা প্রয়োগ করিবে না; কিন্তু বাইকার্ব্বনেট্ অব্ সোডা ও বাইকার্ব্বনেট্ অব্ পটাশের সহিত প্রয়োগে কোন অনিষ্ট ঘটে না।

বেলেডোনার প্রয়োগরূপ। ১ম। এক্স্ট্রাক্টম্ বেলেডোনি (Extractum

Belladonnæ)। বেলেডোনার সরস পত্র ও তরুণ শাখাগ্র (১১২ পৌঃ) হইতে হরিৎসার প্রস্তুত করিবে। মাত্রা ।০—১ গ্রেণ্।

২য়। সক্কস্ বেলেডোনি (Succus Belladonnæ)। বেলেডোনার সরস পত্র ও তরুণ শাখাগ্র ৭ পৌঃ, শোধিত সুরা যথাপ্রয়োজন। খলে বেলেডোনাকে মর্দ্দন করিবে। পরে, রস নিঙড়াইয়া, প্রত্যেক তিন অংশে এক অংশ পরিমাণ সুরা সংযোগ করিবে। অবশেষে সপ্তাহকাল রাখিয়া, ছাঁকিয়া লইয়া, শীতল স্থানে রাখিবে। মাত্রা ৫—১৫ মিঃ।

৩য়। টিংচুরা বেলেডোনি (Tinctura Belladonnæ)। বেলেডোনার পত্র ২০ নম্বরের চূর্ণ ১ আং, প্রুফ্ স্পিরিট্ ১ পাং। যথাবিধি পার্কোলেসন্ দ্বারা প্রস্তুত করিবে। মাত্রা ৫—২০ মিঃ।

বেলেডোনার মূলের প্রয়োগরূপ। ১ম। এক্স্‌ট্রাক্টম্ বেলেডোনি এল্কোহলিকম্ (Extractum Belladonnæ Alcoholicum)। বেলেডোনার মূল ২০ নম্বরের চূর্ণ ১ পৌঃ, শোধিত সুরা ও পরিস্রুত জল, প্রত্যেকে যথাপ্রয়োজন। মাত্রা ./১৬—./৪ গ্রেণ্।

২য়। এম্প্ল্যাষ্ট্রম্ বেলেডোনি (Emplastrum Balladonnæ)। এল্কোহলিক্ এক্স্‌ট্রাক্ট্ অব্ বেলেডোনা ৪ আং, রেজিন্ ও সাবানের পলস্ত্রা, প্রত্যেকে ৮ আং।

৩য়। লিনিমেণ্টম্ বেলেডোনি (Linimentum Belladonnæ)। বেলেডোনা রুট্ ৪০ নম্বরের চূর্ণ ২০ আং, কর্পূর ১ আং, শোধিত সুরা ৩০ আউন্স পূর্ণ করিতে যথাপ্রয়োজন।

৪র্থ। অঙ্গুয়েণ্টম্ বেলেডোনি (Unguentum Belladonnæ)। এল্কোহলিক্ এক্স্‌ট্রাক্ট্ অব্ বেলেডোনা ৫০ গ্রেণ্, বেন্‌জোয়েটেড্ লার্ড্ ১ আং। উত্তমরূপে মিশাইয়া লইবে।

এট্রোপিনা (Atropina); ইং (Atropin)। প্রতিসংজ্ঞা। এট্রোপিয়া। ইহা বেলেডোনার বীর্য্য।

প্রস্তুত করণ। বেলেডোনার মূল স্থূল চূর্ণ ২ পৌঃ, শোধিত সুরা ১০ পাং, আর্দ্র চূণ ১ আং, জলমিশ্রিত গন্ধকদ্রাবক ও কার্ব্বনেট্ অব্ পটাশিয়ম্,

প্রত্যেকে যথাপ্রয়োজন, ক্লোরোফরম্ ৩ আং, বিশুদ্ধ জান্তব অঙ্গার যথা-প্রয়োজন, পরিশ্রুত জল ১০ আং। বেলেডোনার মূলকে ৪ পাইন্ট্ সুরায় ২৪ ঘণ্টা ভিজাইয়া, পার্কোলেশন্ যন্ত্রে রাখিয়া, সুরা দ্বারা অসার করিবে। ঐ অরিষ্টতে চুণ মিশাইয়া মধ্যে মধ্যে নাড়িবে। পরে, ছাঁকিয়া অধিক পরিমাণে গন্ধক দ্রাবক মিশাইয়া, পুনরায় ছাঁকিয়া লইবে। অনন্তর ৮০ অংশ সুরা চুয়াইয়া, পরিশ্রুত জল মিশাইয়া, তৃতীয় অংশ অবশিষ্ট পর্য্যন্ত মৃদু সন্তাপ দ্বারা শোধিত করিবে। পরে, কার্ব্বনেট্ অব্ পটাসিয়ম্ সংযোগ করিয়া, সমক্ষারাম্ল হওয়া পর্য্যন্ত আবর্ত্তিত করিবে। ৬ ঘণ্টার পর ইহাতে কার্ব্বনেট্ অব্ পটাসিয়ম্ মিশাইয়া ক্লোরোফর্মের সহিত আলোড়িত করিবে। ইহা ফ্লানেলে ঢালিয়া ক্লোরোফর্ম অধঃস্থ হওয়া পর্য্যন্ত বদ্ধ করিয়া রাখিয়া দিবে। পরে, ক্লোরোফর্মকে, কণ্ডেন্সর্ সংযুক্ত বকযন্ত্রে জলস্বেদন যন্ত্র দ্বারা চুয়াইয়া, অবশিষ্ট দ্রবকে উষ্ণ শোধিত সুরাতে দ্রব করিয়া, কিঞ্চিৎ জান্তব অঙ্গার দিয়া রাখিবে। পরে গাঢ়করতঃ শীতল স্থানে রাখিয়া দিবে।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। বর্ণহীন, সূচ্যাকার দানাযুক্ত, স্বচ্ছ, গন্ধহীন, বিশুদ্ধ ইথারে সম্পূর্ণ দ্রব হয়।

ক্রিয়া। বেলেডোনার ন্যায়।

প্রয়োগরূপ। ১ম। এট্রোপাইনি সল্ফাস্ (Atropinæ Sulphas)। এট্রোপিন্ ১২০ গ্রেণ, পরিশ্রুত জল ৪ ড্রাম, জলমিশ্রিত গন্ধকদ্রাবক যথা প্রয়োজন। এট্রোপাইন্‌কে জলে মিশ্রিত করিয়া, এট্রোপাইন্ দ্রব হওন পর্য্যন্ত গন্ধক দ্রাবক সংযোগ করিবে এবং আবর্ত্তিত করিবে। পরে ১০ তাপাংশের সন্তাপে শুষ্ক করিয়া লইবে।

ইহার প্রয়োগরূপ। ১ম। লাইকর্ এট্রোপাইনি সল্ফেটিস্ (Liquor Atropinæ Sulphatis)। সল্ফেট্ অব্ এট্রোপিন্ ৯ গ্রেণ, ক্যাম্ফর ওয়াটার ১৬৷০ ড্রাম। দ্রব করিয়া লইবে। মাত্রা ১—৪ মিং।

২য়। ল্যামেলি এট্রোপাইনি (Lamellæ Atropinæ)। ইহা জেলেটিন্ ও গ্লিসিরিণ্ সংযুক্ত ক্ষুদ্র চাক্তি। প্রত্যেক চাক্তির ওজন ১/৫০ গ্রেণ, এবং ইহাতে ১/৫০০০ গ্রেণ্ সল্ফেট অব্ এট্রোপাইন্ থাকে।

৩য়। অঙ্গুয়েণ্টম্ এট্রোপাইনি (Unguentum Atropinæ); এট্রো-

পিন্ ৮ গ্রেণ্, শোধিত সুরা ৷৹ ড্রাম, বেন্জোয়েটেড্ লার্ড ১ আং। শোধিত সুরায় এট্রোপাইন্ দ্রব করিয়া, বসার সহিত মিশ্রিত করিয়া লইবে।

ষ্ট্রামোনিয়াই ফোলিয়া এট্ সেমিনা (Stramonii Folia et Semina); ইং (Stramonium Leaves and Seeds); বাং ধুতুরা পত্র এবং বীজ। ড্যাটুরা ষ্ট্রামোনিয়ম্ নামক বৃক্ষের শুষ্ক পত্র এবং বীজ।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। পত্র অণ্ডাকৃতি খণ্ডিত, সূচ্যগ্র, তিক্ত কদর্য্য আস্বাদ। বীজ কৃষ্ণবর্ণ, বক্র, বন্ধুর, গন্ধহীন ও ঈষৎ তিক্তাস্বাদ। ইহাতে ড্যাটুরিণ্ নামক বীর্য্য আছে।

ক্রিয়া। বেলেডোনার ন্যায়; কিন্তু দুইটী বিষয়ে পার্থক্য আছে।

১। বেলেডোনার সার অপেক্ষা ষ্ট্রামোনিয়মের সার অধিক প্রবল।

২। ষ্ট্রামোনিয়াম্ শ্বাসনলীদিগের উপর অধিক অবসাদন ক্রিয়া প্রকাশ করে।

ব্রঙ্কাইটিস্, এজ্‌মা প্রভৃতি শ্বাস প্রশ্বাস যন্ত্রের আক্ষেপ জনক পীড়ায় ষ্ট্রামোনিয়াম্ অধিক ব্যবহৃত হয়।

আময়িক প্রয়োগ। শ্বাসকাশ রোগে ইহার ধূম সেবনে বিশেষ উপকার পাওয়া যায়।

অসম্মিলন। সোডা ও পটাস্ দ্রবের সহিত ব্যবহার করিবে না। উহাদের কার্ব্বনেট্ ও বাইকার্ব্বোনেট্ সহ প্রয়োগ করিবে।

বীজের প্রয়োগরূপ। ১ম। এক্স্‌ট্রাক্টম্ ষ্ট্রামোনিয়াই (Extractum Stramonii)। ধুতুরার বীজ ৪০ নম্বরের চূর্ণ ১ পোং, ইথার ১ পাং, পরিশ্রুত জল ও প্রুফ্ স্পিরিট্ প্রত্যেকে যথাপ্রয়োজন। একটী বোতলে অর্দ্ধ পাং জলের সহিত ইথারকে আলোড়িত করিয়া, ইথার পৃথক হইলে, উহাকে পাত্রান্তর করিবে। ধুতুরাকে পার্কোলেশন যন্ত্রে রাখিবে এবং ধৌত ইথার সংযোগ করিয়া, ইহার তৈলাংশ নির্গত করিবে। ইথার সংযুক্ত দ্রব ত্যাগ করিয়া পার্কোলেশন যন্ত্রস্থ অবশিষ্টাংশের উপর সুরা ঢালিবা, উহাকে অসার করিবে। পরে, নিঃস্যন্দিত অরিষ্টের সুরা চুয়াইবে। মাত্রা ।০—৷০ গ্রেণ্।

২য়। টিংচুরা ষ্ট্রামোনিয়াই (Tinctura Stramonii)। ধুতুরার

বীজ কুট্টিত ২।০ আং, প্রুফ্ স্পিরিট্ ১ পাং। যথাবিধি পার্কোলেসন্ দ্বারা প্রস্তুত করিবে। মাত্রা ১০—৩০ মিং।

হাইয়োসায়েমাই ফোলিয়া (Hyoscyami Folia) ; ইং (Henbane Leaves)। হাইয়োসায়েমাস্ নাইগার্ নামক বৃক্ষের সরস পত্র, পুষ্প ও তরুণ শাখাগ্র। ইংলণ্ডে জন্মে।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। হরিদ্বর্ণ পত্র, লোমশ ও দুর্গন্ধযুক্ত। ইহাতে হাইয়োসায়েমিন্ নামক বীর্য্য আছে।

ক্রিয়া। বেলেডোনার ন্যায় ; কিন্তু অপেক্ষাকৃত মৃদু।

প্রয়োগরূপ। ১ম। এক্স্ট্রাক্টম্ হাইয়োসায়েমাই (Extractum Hyoscyami)। হেন্‌বেনের সরস পত্র ও পুষ্প সহিত তরুণ শাখাগ্র (১১২ পোং) হইতে হরিৎসার প্রস্তুত করিবে। মাত্রা ৫—১০ গ্রেণ্।

২য়। সকস্ হাইয়োসায়েমাই (Succus Hyoscyami)। হেন্‌বেনের সরসপত্র ও পুষ্পের সহিত তরুণ শাখাগ্র ৭ পোং, শোধিত সুরা যথাপ্রয়োজন। খলে হাইয়োসায়েমাস্‌কে মর্দ্দন করিয়া, নিঙড়াইয়া রস বাহির করিয়া লইবে। উহার ৩ অংশে ১ অংশ পরিমাণ সুরা সংযোগ করিযা সপ্তাহ পর্য্যন্ত রাখিবে। পরে ছাঁকিয়া শীতল স্থানে রাখিবে। মাত্রা ॥০—১ ড্রাম।

৪র্থ। পাইল্যুলা কলোসিন্থিডিস্ এট্ হাইয়োসাইয়েমাই (Pilula Colocynthidis et Hyoscyami) ৩০৪ পৃষ্ঠা দেখ।

৩য়। টিংচ্যুরা হাইয়োসায়েমাই (Tinctura Hyoscyami)। হেন্‌বেনের পত্র কিম্বা পুষ্পের সহিত শাখাগ্র ২০ নম্বরের চূর্ণ ২॥০ আং, প্রুফ্ স্পিরিট্ ১ পাং। যথাবিধি পার্কোলেসন দ্বারা প্রস্তুত করিবে। মাত্রা ॥০—১ ড্রাম্।

হাইয়োসায়েমাইন্ (Hyoscyamine)।

ইহা হাইয়োসায়েমাসের বীর্য্য। ইহা সেবনে কিয়ৎপরিমাণে শ্বাস প্রশ্বাস ক্রিয়ার লাঘব হয়। এট্রোপিনের ন্যায়, ইহা দ্বারা মুখ শুষ্ক এবং কনীনিকা প্রসারিত হয় ; কিন্তু তাহার ন্যায় ঘর্ম্ম বন্ধ করে না।

উন্মাদ রোগে প্রধানতঃ নিদ্রার জন্য ইহা ব্যবহৃত হয়। মানসিক পীড়া-জনিত প্রলাপ উপশমের জন্য ইহা উৎকৃষ্ট ঔষধ। ১/১০০—১/১৫০ গ্রেণ মাত্রায়, ব্যবহারে ইহা যথেষ্ট হয়।

মেনিয়া রোগে ১/১০০ গ্রেণ পরিমাণে চর্ম্ম নিম্নে পিচকারী দ্বারা ব্যবহার করা হয়। অতিরিক্ত কর্ম্মজনিত বিরক্তি ও মস্তিকের চাঞ্চল্য বোধ হইলে ইহা দ্বারা উপকার পাওয়া যায়। প্যারালিসিস্ এজিটান্স্ রোগে কম্পন নিবারণ জন্য ইহা ব্যবহৃত হয়। স্প্যার্মেটোরিয়া রোগে ইহা ব্যবহার্য্য। ইহার বেদনা নিবারক গুণ আছে।

নানাপ্রকার পর্য্যায় উন্মাদ রোগে, যখন রোগীকে স্থিরভাবে রাখা যায় না, তখন ইহা বিশেষ ব্যবহার্য্য।

ইহা মস্তিক স্নায়ুমণ্ডলীর উপর ক্রিয়া প্রকাশ করতঃ রোগীকে সুস্থির করে। মাত্রা ১/১৫০ গ্রেণ্। প্রত্যহ একবার মাত্র চর্ম্ম নিম্নে পিচকারী দ্বারা ব্যবহার্য্য, অথবা ১/৫০ গ্রেণ্ মাত্রায় দিবসে সেব্য।

টেবেসাই ফোলিয়া (Tabaci Folia) বাং তাম্রকূট। নিকোসিয়ানা টেবেকম্ নামক বৃক্ষের শুষ্ক পত্র। ইহাতে নিকোটিন্ নামক উপক্ষার ও নিকোটিয়ানিন্ নামক বায়ীতৈল আছে।

ক্রিয়া। অবসাদক। হৃৎপিণ্ডের উপর ইহার অবসাদন ক্রিয়া বিশেষ রূপে প্রকাশ পায়। ইহা মুত্রকারক; বাহ্যপ্রয়োগে স্থানিক উগ্রতাসাধক। শ্বাসকাশে পত্রের ধূম পান করিলে অবসাদক ও কফনিঃসারক গুণ প্রকাশ পায়; কিন্তু অভ্যস্ত হইলে অল্প মাত্রায় আর উপকার পাওয়া যায় না।

স্ক্রফুলারিয়েসিয়ি (Scrophulariaceæ) জাতি।

ডিজিটেলিস্ ফোলিয়া (Digitalis Folia)। ইহা ডিজিটেলিস্ পার্পুরিয়া নামক বৃক্ষের শুষ্কপত্র। ইউরোপখণ্ডে জন্মে।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। পত্র সকল বৃহৎ অণ্ডাকার ও সূচ্যগ্র, ধার করাতের ন্যায়, তিক্ত কদর্য্য আস্বাদ।

অসম্মিলন। লৌহ, সীসঘটিত লবণ এবং ট্যানিক্ সংযুক্ত উদ্ভিদ্।

পরীক্ষা দ্বারা জানা গিয়াছে যে, অল্পমাত্রায় ডিজিটেলিস্ সেবনে সিষ্টেমিক্ আর্টিরিয়েলসের পরিধি কুঞ্চিত হয় ও সেই হেতু ধমনীতে রক্তের চাপনক্রিয়া বৃদ্ধি পায়। হৃৎপিণ্ড ধীরে ধীরে সবলে কুঞ্চিত হয়। বিষমাত্রায় ইহা দ্বারা

হৃৎস্পন্দন দ্রুত হয়; কিন্তু অনতিবিলম্বে আবার অনিয়মিতরূপে স্পন্দিত হয়। অবশেষে হৃৎস্পন্দন একেবারে বন্ধ ও হৃদাশয় দৃঢ়রূপে কুঞ্চিত হয়।

ক্রিয়া। ইহা স্নায়বীয় অবসাদক, মূত্রকারক এবং শৈত্যকারক। ডিজি-টেলিনের ক্রিয়া দ্বিবিধ প্রকারে প্রকাশ পায়। যথা (১) ইহা কার্ডিয়াক্ স্নায়ুদিগকে উত্তেজিত করিয়া, (২) ভেগাস্ স্নায়ু সকলের অবসাদন ক্রিয়া প্রকাশ করে।

হৃৎপিণ্ড এবং রক্তসঞ্চালক যন্ত্রের উপর বল বিধান করিয়া, হৃৎপিণ্ডকে মৃদুগতি বিশিষ্ট এবং বলবান করতঃ অধিক্ষণ ব্যাপিয়া, প্রসারণ (Diastole) করে। এই জন্য ক্লান্ত হৃৎপিণ্ডকে ইহা যে কেবল বিশ্রাম দান করে তাহা নহে, উহা দ্বারা হৃৎপিণ্ডের পোষণ ক্রিয়ারও সহায়তা হইয়া থাকে। উহার অধিকক্ষণ বিস্তারণ প্রযুক্ত, করোনারি ধমনী, হৃৎপিণ্ডে যথোপযুক্ত রক্ত প্রদান করিয়া মাংসপেশীর পরিপোষণে সহায়তা করে, ও এই কারণে ইহাকে "কার্ডিয়াক্ টনিক্" কহে। হৃৎপিণ্ডের মাংসপেশীর গঠনের উপর ইহা সাক্ষাৎ ক্রিয়া দ্বারা কিয়ৎ পরিমাণে উক্ত কার্য্য নির্ব্বাহিত করে এবং ভেগস্ স্নায়ুর কার্ডিয়্যাক্ ইনহিবিটোরি শাখাকে উত্তেজিত করিয়া, সিমপ্যাথেটিক্ স্নায়ু দ্বারা, যে উক্ত যন্ত্রের দ্রুত ক্রিয়া হয়, তাহা দমন করে। অধিক দিবস ইহা ব্যবহার করিলে ভেগস্ স্নায়ু অতিরিক্ত উত্তেজিত হইয়া অবসন্ন হয়। তখন হৃৎপিণ্ডের গতি পুনরায় দ্রুত ও দুর্ব্বল হয়।

ইহার বলকারক ক্রিয়া আছে বলিয়া ধামনিক চাপ বর্দ্ধিত করে।

ইহা দ্বারা প্রস্রাব বৰ্দ্ধিত হয়, কিন্তু উহার ঘন উপাদানের কোন পরি-বর্ত্তন হয় না। ইহা ছোট ছোট ধমনীদিগকে সঙ্কুচিত করিয়া, মূত্রযন্ত্রের গ্লমেরিউল্ দিগের মধ্যে রক্তচাপ বৰ্দ্ধিত করতঃ মূত্রযন্ত্রের ক্রিয়ার বৃদ্ধি করে, এই জন্য ইহাকে "ভ্যাসোমোটার ডাইয়ুরেটিক্" কহে।

ইহা, জরায়ুর অনষ্ট্রাইপ্ট্ মাংসপেশী সূত্রদের উপর ক্রিয়া থাকা প্রযুক্ত জরায়ুকে উত্তেজিত করিয়া সঙ্কুচিত করে।

ইহা ডিলিরিয়ম্ ট্রিমেন্স্ রোগে ব্যবহৃত হয়।

১। হৃৎপিণ্ডের যান্ত্রিক পীড়া কিম্বা অন্য কারণ বশতঃ প্যাল্‌পিটেশন্, ও অনিয়মিত ক্রিয়া হইলেই ইহা দ্বারা বিশেষ উপকার পাওয়া যায়।

২। মাইট্রাল্ ডিজিজে, যখন হৃৎপিণ্ড দুর্ব্বল ও রক্ত পরিচালনে অক্ষম হওয়াতে মুখ নীলবর্ণ এবং উদরী হইবার উপক্রম ও ফুসফুসে রক্তাধিক্যবশতঃ হৃৎপিণ্ডের দক্ষিণপার্শ্ব পরিপূরিত হয়, তখন লৌহঘটিত ঔষধ সহযোগে ইহা দ্বারা বিশেষ উপকার হয়।

৩। ক্ষুদ্র ক্ষুদ্র ধমনীদিগকে সঙ্কুচিত করিবার ক্ষমতা আছে বলিয়া নানাপ্রকার রক্তস্রাবে, যথা হিমপ্‌টিসিস্ ও মেনোরেজিয়া রোগে, ব্যবহৃত হয়। কিন্তু আর্গট দ্বারা ইহা অপেক্ষা বেশী ফল পাওয়া যায়।

৪। হৃৎপিণ্ডের প্রসারণ (Dilatation) রোগে হৃৎপিণ্ডের ক্রিয়া যখন দুর্ব্বল ও অনিয়মিত হয়, তখন দেখা যায় যে মাইট্রাল্ ও ট্রাইকস্‌পিড্ ভ্যাল্‌ব্‌স্ (Mitral and Tricuspid Valves) ভালরূপ বন্ধ হয় না, সেই জন্য শ্বাস কৃচ্ছ ও প্যাল্‌পিটেসন্ হয় এবং সেই সময় হৃৎপিণ্ডের উপর কর্ণ লাগাইয়া শুনিলে একপ্রকার হু হু শব্দ শুনা যায়। এই প্রকার অবস্থায় ডিজি-টেলিস্ প্রয়োগে উপকার পাওয়া যায়।

৫। এয়োটিক্ ডিজিজে যে পর্য্যন্ত হৃৎপিণ্ডের ক্ষতিপূরক বিবৃদ্ধি না হয়, সেই পর্য্যন্ত ইহা ব্যবহার্য্য। হৃৎপিণ্ডের মেদাপকৃষ্টতা রোগে ইহা অব্যবহার্য্য।

৬। এনিউরিজম্ রোগের ইহা উৎকৃষ্ট ঔষধ। তরুণ প্রদাহে যথা, নিউমোনিয়া, এরিসিপেলস্, এণ্টারিক্‌ফিভার, রিউমাটিজম্ প্রভৃতি রোগে উপকারক। ইহা সেবনে ধমনীর গতি মৃদু ও উত্তাপের লাঘব হয়।

শ্বাস প্রশ্বাস যন্ত্রের উপর ইহার কোন ক্রিয়া নাই। অল্পবয়স্কায় ইহা দ্বারা শারীরিক উত্তাপের লাঘব হয়। এজন্য ইহার উত্তাপহারক গুণ আছে।

ইহার তিক্ত আস্বাদ আছে, বলিয়া পাকাশয় ও অন্ত্রের বলকারক গুণেরই উপলব্ধি হইয়া থাকে। কিন্তু ইহা দ্বারা বমন হইয়া ক্ষুধা বৃদ্ধি না হইয়া পরিপাকের ব্যতিক্রম ঘটায়।

ইহা একটি উত্তম মূত্রকারক ঔষধ। সেইজন্য কার্ডিয়াক্ এবং ভাস্কিউলার ডিজিজে স্কুইল্ ও পারদ সহযোগে ব্যবহার্য্য।

পুরাতন ব্রাইট্‌স্‌ রোগে ধমনীর চাপ বৃদ্ধি থাকে বলিয়া ইহা দ্বারা কোন উপকার হয় না।

ইহা মেনোরেজিয়া ও এমিনোরিয়া রোগে বিশেষ উপকারী।

ইহার সঞ্চিত গুণ আছে বলিয়া ইহা সেবনে কখন কখন বিষ লক্ষণ প্রকাশ পায়, এ কারণ ইহা সেবন কালে, মধ্যে মধ্যে দুই তিন দিবস বন্ধ দিবে।

প্রয়োগরূপ। ১ম। ইন্‌ফিউসম্‌ ডিজিটেলিস্‌ (Infusum Digitalis) ডিজিটেলিসের শুষ্কপত্র ২৮ গ্রেণ্‌, স্ফুটিত পরিস্রুত জল ১০ আং। আবৃত পাত্রে ১৫ মিনিট কাল ভিজাইয়া, ছাঁকিয়া লইবে। মাত্রা ২—৪ ড্রাম্‌।

২য়। টিংচুরা ডিজিটেলিস্‌ (Tinctura Digitalis) ডিজিটেলিসের শুষ্কপত্র ২০ নম্বরের চূর্ণ ২॥০ আং. প্রুফ্‌ স্পিরিট্‌ ১ পাং। যথাবিধি প্যার্কোলেশন্‌ দ্বারা প্রস্তুত করিবে। মাত্রা ১০—৩০ মিং।

লেবেয়েটি (Labiatæ) জাতি।

ওলিয়ম্‌ রোজমেরিনি (Oleum Rosmarini)। রোজ-মেরাইনস্‌ অফিসিনেলিস্‌ নামক বৃক্ষের মঞ্জরী চুয়াইয়া এই তৈল প্রস্তুত করা হয়।

ক্রিয়া। উত্তেজক ও বায়ুনাশক। বাহ্যপ্রয়োগে প্রদাহক। হিষ্টিরিয়া ও কোরিয়া প্রভৃতি বিবিধ রোগে ব্যবহৃত হয়। মাত্রা ১—৪ মিং।

প্রয়োগরূপ। স্পিরিটস্‌ রোজমেরিনি (Spiritus Rosmarini) অয়ল্‌ অব্‌ রোজমেরি ১ আং, শোধিত সুরা ৪৯ আং। দ্রব করিয়া লইবে মাত্রা ৷০—১ ড্রাম্‌।

লিনিমেন্টম্‌ স্যাপোনিস্‌ ও টিংচুরা ল্যাভেণ্ডুলি কম্পোজিটা প্রস্তুত করিতে ইহার আবশ্যক হয়।

ওলিয়ম্‌ ল্যাভেণ্ডুলি (Oleum Lavandulæ)। ল্যাভেণ্ডুলি ভিরা নামক বৃক্ষের পুষ্প চুয়াইয়া এই তৈল প্রস্তুত করা হয়।

ক্রিয়া। উত্তেজক, বায়ুনাশক। মাত্রা ১—৪ মিং।

প্রয়োগরূপ ১ম। স্পিরিটস্‌ ল্যাভেণ্ডুলি (Spiritus Lavandulæ)। অয়েল্‌ অব্‌ ল্যাভেণ্ডার ১ আং, শোধিত সুরা ৪৯ আং। দ্রব করিয়া লইবে। মাত্রা ৷০—১ ড্রাম।

২য়। টিংচুয়া ল্যাভেণ্ডুলি কম্পোজিটা (Tinctura Lavandulæ Composita)। অয়েল্ অব্ ল্যাভেণ্ডার ১॥০ ড্রাম, অয়েল্ অব্ রোজমেরি ১০ মিং, দারুচিনির ত্বক্ ও জায়ফল কুট্টিত প্রত্যেকে ১৫০ গ্রেণ্, রক্তচন্দন কাষ্ঠ ৩০০ গ্রেণ্, শোধিত সুরা ২ পাঃ। মাত্রা ॥০—২ ড্রাম।

লাইকার্ আর্সেনিকেলিসে ইহা পাওয়া যায়। লিনিমেণ্টম্ ক্যাম্ফরি কম্পোজিটাতেও ল্যাভেণ্ডার অয়েল্ পাওয়া যায়।

ওলিয়ম্ মেন্থিপাইপারিটি (Oleum Menthæ Piperitæ)। মেন্থা পাইপারিটা নামক বৃক্ষের সরস পুষ্প চুয়াইয়া এই তৈল পাওয়া যায়।

ক্রিয়া। উত্তেজক ও বায়ুনাশক। মাত্রা ১—৪ মিং।

প্রয়োগরূপ। ১ম। একোয়া মেন্থি পাইপারিটি (Aqua Menthæ Piperitæ)। পিপারমেণ্ট তৈল ১॥০ ড্রাম, জল ১॥০ গ্যালন, চুয়াইয়া ১ গ্যালন প্রস্তুত করিবে। মিশ্চুরা ক্রেটি এ্যারোমেটিকাতে ইহা পাওয়া যায়। মাত্রা। ১—২ আং।

২য়। এসেন্সিয়া মেন্থি পাইপারিটি (Essentia Menthæ Piperitæ) অয়েল্ অব্ পিপারমেণ্ট ১ আং, শোধিত সুরা ৪ আং। দ্রব করিয়া লইবে। মাত্রা ১০—২০ মিং।

৩য়। স্পিরিটস্ মেন্থি পাইপারিটি (Spiritus Menthæ Piperitæ)। পিপারমেণ্ট তৈল ১ আং, শোধিত সুরা ৪৯ আং। দ্রব করিয়া লইবে। মাত্রা ॥০—১ ড্রাম।

পাইলুলা রিয়াই কম্পোজিটা ও টিংচুয়ার্ ক্লোরোফর্মাই এট্ মর্ফাইনিতে ইহা আছে।

মেন্থল্ (Menthol)। মেন্থা আর্ভেন্সিস্ নামক সরস গুল্মের চোয়ান তৈলকে শীতল করিয়া প্রাপ্ত দানাযুক্ত পদার্থ।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। বর্ণহীন, সূচ্যাকার, দানাযুক্ত পদার্থ, পিপারমেণ্টের গন্ধযুক্ত।

ক্রিয়া। পচননিবারক। স্থানিক স্পর্শ হারক ও বেদনা নিবারক।

আময়িক প্রয়োগ। ফেসিয়েল্, সায়েটিকা ও প্লুরোডিনিয়া প্রভৃতি বিবিধ স্নায়ুশূলে ইহা প্রয়োগে উপকার পাওয়া যায়।

প্রয়োগরূপ। এমপ্লাষ্ট্রম্ মেন্থল্ (Emplastrum Menthol)। মেন্থল্ ৫ আং, পীত মোম ১ আং, রেজিন্ ৭ আং। মোম ও রজন একত্রে গলাইয়া, শীতল হইতে থাকিলে, মেন্থল্ সংযুক্ত করিয়া আলোড়ন দ্বারা দ্রব করিয়া লইবে।

ওলিয়ম্ মেন্থি ভিরিডিস্ (Oleum Menthæ Viridis)। মেন্থি ভিরিডিস্ নামক ওষধি চুয়াইয়া এই তৈল প্রস্তুত করা হয়।

ক্রিয়া। উত্তেজক ও বায়ুনাশক। অন্যান্য বিরেচক ঔষধের উগ্রতা নিবারণের জন্য ইহা ব্যবহৃত হয়।

প্রয়োগরূপ। একোয়া মেন্থি ভিরিডিস্ (Aqua Menthæ Viridis) পুদিনার তৈল ১।৹ ড্রাম, জল ১০ গ্যালন্। ১ গ্যালন্ চুয়াইয়া লইবে।

থাইমল্ (Thymol)। থাইমস্ ভল্‌গেরিস্, মনর্ডা পঙ্কটেটা এবং ক্যারম্ অজোয়ানের বায়ী তৈলকে কষ্টিক্ সোডা সহযোগে সাবান প্রস্তুত করিয়া এবং ঐ সাবানের সহিত লবণদ্রাবক মিশ্রিত করিয়া, চুয়াইয়া লইলে এই দানাযুক্ত পদার্থ পাওয়া যায়।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। বৃহদাকার, তীর্য্যক দানাবিশিষ্ট ও উগ্র গন্ধযুক্ত পদার্থ।

ক্রিয়া। পচননিবারক। ইহা স্প্রে রূপে বা এ্যান্টিসেপ্‌টিক্ রূপে ব্যবহার করা যায়। দদ্রু, সোরাএসিস্; একজিমা প্রভৃতি বিবিধ চর্ম্মরোগে ইহা স্থানিক প্রয়োগে উপকার পাওয়া যায়। ডিপ্‌থিরিয়া ও টাইফয়েড্ রোগে ইহা প্রয়োগ করা যায়। মাত্রা ।৹—২ গ্রেণ্।

পলিগনেসিয়ি (Polygonaceæ) জাতি।

রিয়াই র‍্যাডিক্স্ (Rhei Radix)। রিয়ম্ পল্‌মেটম্ নামক বৃক্ষের শুষ্কীকৃত বল্কল বিহীন মূল। তিব্বতদেশে জন্মে।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। নলাকার বা চেপ্টা, পীতবর্ণ, তিক্ত এবং ঈষৎ কষায় আস্বাদ। ইহাতে ট্যানিক্ ও গ্যালিক্ এসিড্, ধুনা, বর্ণদ্রব্য, শ্বেত অক্‌জ্যালেট্ অব্ লাইম্ ও ক্রাইসোফেনিক্ এসিড্ আছে।

ক্রিয়া। আগ্নেয়, অল্প মাত্রায় সঙ্কোচক, অধিক মাত্রায় বিরেচক। ইহা দ্বারা অন্ত্রে বেদনা উপস্থিত হয় না, সেবন করিলে প্রস্রাব, ঘর্ম্ম ও দুগ্ধ

করিয়া বর্ণ ধারণ করে। বালকদিগের উদরাময় রোগে ম্যাগ্নিসিয়া সহ প্রয়োগে উপকার পাওয়া যায়।

প্রয়োগরূপ। ১ম। এক্স্ট্রাক্টম্ রিয়াই (Extractum Rhei)। রুবার্ব্ রুট ৪০ নম্বরের চূর্ণ ১ পৌং, প্রূফ্ স্পিরিট্ ও পরিশ্রুত জল প্রত্যেকে যথা-প্রয়োজন। সার প্রস্তুত করিবার প্রণালীমতে প্রস্তুত করিবে। মাত্রা ৫—১৫ গ্রেণ্।

২য়। ইন্ফিউসম্ রিয়াই (Infusum Rhei)। রুবার্ব রুটের পাতলা খণ্ড ।০ আং, ফুটিত পরিশ্রুত জল ১০ আং। আবৃত পাত্রে অর্দ্ধ ঘণ্টা কাল ভিজাইয়া; ছাঁকিয়া লইবে। মাত্রা ১—২ আং।

৩য়। পাইল্যুলা রিয়াই কম্পোজিটা (Pilula Rhei Composita)। রুবার্ব মূল চূর্ণ ২ আং, সকোট্রাইন্ এলোজ্ চূর্ণ ২॥০ আং, মার চূর্ণ ও হার্ডসোপ্ চূর্ণ প্রত্যেককে ১॥০ আং, অয়েল্ অব্ পিপারমেণ্ট ১॥০ ড্রাম, গ্লিসিরিন্ ১ আং, গুড় ৩ আং। চূর্ণ সকলকে তৈলসহ মিশ্রিত করিয়া, গ্লিসিরিন্ ও প্রয়োজনীয় গুড় সংযোগে মর্দ্দন করিয়া, যথোপযুক্ত পিণ্ড প্রস্তুত করিবে। মাত্রা ৫—১০ গ্রেণ্।

৪র্থ। পল্ভিস্ রিয়াই কম্পোজিটস্ (Pulvis Rhei Compositus) রুবার্ব্ মূল চূর্ণ ২ আং. লাইট্ ম্যাগ্নিসিয়া চূর্ণ ৬ আং, জিঞ্জার চূর্ণ ১ আং। উত্তমরূপে মিশাইয়া লইবে। মাত্রা ২০—৬০ গ্রেণ্। ইহাকে গ্রেগরীজ্ পাউডার কহে।

৫ম। সাইরূপস্ রিয়াই (Syrupus Rhei)। রুবার্ব্ মূল ও ধনে প্রত্যেকের ২০ নম্বরের চূর্ণ ২ আং, বিশুদ্ধ শর্করা ২৪ আং, শোধিত সুরা ৮ আং, পরিশ্রুত জল ২৪ আং। মাত্রা ১—৪ ড্রাম।

৬ষ্ঠ। টিংচ্যুরা রিয়াই (Tinctura Rhei)। রুবার্ব্ মূল ২০ নম্বরের চূর্ণ ২ আং, এলাচের বীজ কুট্টিত, ধনেফল কুট্টিত, ও স্যাফ্রান্ প্রত্যেকের ।০ আং, প্রূফ্ স্পিরিট্ ১ পাং। যথ বিধি প্যার্কোলেসন্ দ্বারা প্রস্তুত করিবে। মাত্রা ১—২ ড্রাম আগ্নেয়; ৪—৮ ড্রাম বিরেচক।

৭ম। ভাইনম্ রিয়াই (Vinum Rhei)। রুবার্ব্ মূল কুট্টিত ১॥০ আং, ক্যানেলা ত্বক্ কুট্টিত ৬০ গ্রেণ্, সেরি ১ পাং। আবৃত পাত্রে সপ্তাহ কাল ভিজাইয়া, নিঙড়াইয়া ছাঁকিয়া লইয়া, সেরি দ্বারা ১ পাং পূর্ণ করিবে। মাত্রা ১—২ ড্রাম।

মিরিষ্টিকেসিয়ি (Myristicaceæ) জাতি।

জায়ফল (Myristica) ; ইং (Nutmeg)। মাইরিষ্টিকা ফ্রেগ্রান্স্ নামক বৃক্ষের বীজাভ্যন্তরীয় শস্য। মলক্কায় জন্মে।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। দেখিতে হরিতকীর ন্যায়, সুগন্ধযুক্ত। ইহাতে বায়ী ও স্থায়ী তৈল এবং মিরিষ্টীক্ এসিড্ আছে।

ক্রিয়া। বায়ুনাশক, আগ্নেয়, উত্তেজক ও আক্ষেপনিবারক। অধিক মাত্রায় মাদক।

প্রয়োগরূপ। ১ম। ওলিয়ম্ মাইরিষ্টিসি (Oleum Myristicæ)। জায়ফল চুয়াইয়া এই তৈল প্রস্তুত করা হয়। মাত্রা ১—৪ মিং।

২য়। ওলিয়ম্ মাইরিষ্টিসি এক্স্প্রেসম্ (Oleum Myristicæ Expressum)। জায়ফলকে নিষ্পীড়িত করিয়া এই তৈল প্রস্তুত করা হয়। এম্প্লাষ্ট্রম্ ক্যালিফেসিয়েন্স্ ও এম্প্লাষ্ট্রম্ পাইসিস্ প্রস্তুত করিতে ইহার আবশ্যকতা হয়।

৩য়। স্পিরিটস্ মাইরিষ্টিসি (Spiritus Myristicæ)। জায়ফলের বায়ী তৈল ১ আং, শোধিত সুরা ৪৯ আং। দ্রব করিয়া লইবে। মাত্রা ॥০—১ ড্রাম। মিশ্চুরা ফেরি কম্পোজিটায় ইহা আছে।

পাইলুলা এলোজ্ সকোট্রাইনা ও স্পিরিটস্ এমোনিয়া এ্যারম্যাটিকস্ প্রস্তুত করিতে জায়ফলের বায়ী তৈল আবশ্যক হয়।

পল্ভিস্ ক্যাটিকিউ কম্পোজিটস্, পল্ভিস্ ক্রিটি এ্যারমেটিকস্ স্পিরিটস্ আর্মোরেসিয়ি কম্পোজিটস্ ও টিংচ্যুরা ল্যাভেন্ডিউলি কম্পোজিটস্ প্রস্তুত করিতে জায়ফলের আবশ্যকতা হয়।

লরেসিয়ি (Lauraceæ) জাতি।

দারুচিনি (Cinnamomi Cortex) ; ইং (Cinnamon Bark)। সিনেমোমম্ জীলানিকম্ নামক বৃক্ষের বকলের আভ্যন্তরিকাংশ। সিংহল দ্বীপে জন্মে।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। পাতলা নলাকার, সগন্ধযুক্ত, তীক্ষ্ণ মিষ্টাস্বাদ। ইহাতে বায়ী তৈল ও ট্যানিক্ এসিড্ পাওয়া যায়।

ক্রিয়া। ঈষৎ সঙ্কোচক, আগ্নেয়, বায়ুনাশক এবং উত্তেজক।

প্রয়োগরূপ। ১ম। একোয়া সিনেমোমাই (Aqua Cinnamomi)। দারুচিনি কুট্টিত ২০ আং, জল ২ গ্যাং। চুয়াইয়া ১ গ্যাং প্রস্তুত করিবে। মিশ্চুরা ক্রিটি, মিশ্চুরা গুয়েসাই ও মিশ্চুরা ভাইনাই গ্যালিসাই প্রস্তুত করিতে ইহার আবশ্যক হয়।

২য়। ওলিয়ম্ সিনেমোমাই (Oleum Cinnamomi)। দারুচিনি চুয়াইয়া এই তৈল প্রস্তুত হয়। মাত্রা ১—৪ মিং।

প্রয়োগরূপ। স্পিরিটস্ সিনেমোমাই (Spiritus Cinnamomi)। দারুচিনির তৈল ১ আং, শোধিত সুরা ৪৯ আং; দ্রব করিয়া লইবে। মাত্রা ॥০—১ ড্রাম। এসিডম্ সল্ফিউরিকম্ এ্যারোমেটিকমে ইহা আছে।

৩য়। পল্ভিস্ সিনেমোমাই কম্পোজিটস্ (Pulvis Cinnamomi Compositus)। দারুচিনি চূর্ণ, এলাচের বীজ চূর্ণ ও জিঞ্জার চূর্ণ, প্রত্যেকে, ১ আং। পৃথক পৃথক সূক্ষ্মরূপে চূর্ণ করিয়া, একত্রে মিশাইয়া ছাঁকিয়া লইবে। মাত্রা ৩—১০ গ্রেণ্।

৪র্থ। টিংচ্যুরা সিনেমোমাই (Tinctura Cinnamomi)। দারুচিনি কুট্টিত ২॥০ আং, শোধিত সুরা ১ প্যাং। যথাবিধি পার্কোলেসন্ দ্বারা প্রস্তুত করিবে। মাত্রা ॥০—২ ড্রাম।

ডিকক্টম্ হিমেটক্সিলাই, ইন্ফিউসম্ ক্যাটিকিউ, পল্ভিস্ ক্যাটিকিউ, পল্ভিস্ ক্যাটিকিউ কম্পোজিটস্, পল্ভিস্ ক্রিটি এ্যারোমেটিকস্, পল্ভিস্ কাইনো কম্পোজিটস্, টিংচ্যুরা কার্ডেমোমাই কম্পোজিটা, টিংচ্যুরা ক্যাটিকিউ, টিংচ্যুরা ল্যাভেণ্ডিউলি কম্পোজিটা ও ভাইনম্ ওপিয়াই প্রস্তুত করিতে দারুচিনি আবশ্যক।

কর্পূর (Camphora)। সিনেমোমম্ ক্যাম্ফরা নামক বৃক্ষের কাষ্ঠ হইতে প্রাপ্ত সংযত বায়বী তৈল। বোর্ণিয়ো দ্বীপে জন্মে। মাত্রা ১—১০ গ্রেণ্।

স্বরূপ ও রাসায়নিক গুণ। শ্বেতবর্ণ দানাযুক্ত, বিশেষ তীক্ষ্ণ গন্ধযুক্ত ও অগ্নিদাহ্য পদার্থ।

ক্রিয়া। ইহা মস্তিষ্ক উত্তেজক, আক্ষেপনিবারক, নিদ্রাকারক, ঘর্ম-জনক, বেদনানিবারক ও জননেন্দ্রিয়ের উগ্রতাহারক। অধিক মাত্রায় অবসাদক। ইহা দ্বারা নিকৃষ্ট জান্তব উদ্ভিদবীজ নষ্ট হয়।

আমরিক প্রয়োগ। ইহা পূয়জ্বরে (Pyemia) শরীরের উত্তাপ ও নাড়ীর বেগ শান্তকরে। বাহ্য প্রয়োগে পুতিগন্ধনাশক। অধিক মাত্রায় সেবনে বিষক্রিয়ার লক্ষণ সকল দেখা যায়। যথা,--শিরোঘূর্ণন, দৌর্ব্বল্য, হস্ত পদ শীতল, নাড়ীর গতি মন্দ, স্মরণশক্তি লোপ ও মৃত্যু পর্য্যন্ত ঘটিয়া থাকে। অল্প মাত্রায় সেবনে ইহা উত্তেজক ও আক্ষেপনিবারক। ইহা দ্বারা শরীরের উত্তাপের হ্রাস হয়। কোরিয়া, হিষ্টিরিয়া, ইত্যাদি রোগে ব্যবহৃত হয়। লিঙ্গোচ্ছাসে (Chordee) ইহা সেবনে উপকার পাওয়া যায়। বাহ্য-প্রয়োগে বেদনানিবারক বলিয়া অন্যান্য ঔষধের সহিত মর্দ্দনরূপে ব্যবস্থা করা যায়। সর্দ্দিতে ইহার ধূম উপকারী।

টাইফাস্, টাইফয়েড্ এবং অন্যান্য দুর্ব্বলকারী জ্বরের বর্দ্ধিতাবস্থায় যখন অবসন্ন (Prostration), অনিদ্রা ঝিমুনি (Drowsiness), লো-মাটারিং ডিলিরিয়ম্ (Low muttering delerium) বর্ত্তমান থাকে তখন ইহা অন্যান্য উত্তেজক এবং সিডেটিভ্ ঔষধের সহিত ব্যবস্থা করিলে বিশেষ উপকার হয়।

উন্মাদ রোগে অধিক মাত্রায় অবসাদক বলিয়া বিশেষ উপকার হয়।

ইহা দ্বারা ধমনীর ক্রিয়ার বৃদ্ধি এবং স্নায়বীয় উত্তেজনার হ্রাস হয়, তজ্জন্য মেনিয়া রোগে যখন অহিফেন দ্বারা উপকার হয় না তখন ইহা ব্যবহারে উৎকৃষ্ট ফল পাওয়া যায়। প্রুরিটস্ পিউডেণ্ডাই রোগে ইহার চূর্ণ সমপরিমাণ শ্বেতসারের সহিত মিশ্রিত করিয়া উক্ত আক্রান্ত স্থানে প্রক্ষেপ করিলে বিশেষ উপকার দর্শায়। দন্তমঞ্জন স্বরূপ সচরাচর ব্যবহৃত হয়। স্তনের রক্তাধিক্য ও স্ফোটক হওয়ার উপক্রম হইলে ইহা স্থানিক প্রয়োগে উপকার দর্শায়।

সমার ডায়েরিয়া (Summer Diarrhœa) ও কলেরার প্রথম অবস্থায় ইহা ব্যবহার করিলে উত্তম ফলপ্রদ হয়। বেড্সোর (Bed Sore) হওয়ার উপক্রম হইলে তাহা নিবারণ জন্য ক্যাম্ফরেটেড্ স্পিরিট্ অব্ ওয়াইন্ দ্বারা আক্রান্ত স্থান ধৌত করিলে উপকার হয়। একজিমা এবং অন্যান্য প্রকার চর্ম্মরোগে ক্যাম্ফর স্থানিক প্রয়োগে স্নিগ্ধকারক বলিয়া ব্যবহৃত হয়।

প্রয়োগরূপ। ১ম। একোয়া ক্যাম্ফরি (Aqua Camphoræ)। কর্পূর চূর্ণ ।০ আং, পরিস্রুত জল ১ গ্যালন। কর্পূরকে এক খণ্ড বস্ত্রে বাঁধিয়া, জলে ডুবাইয়া রাখিয়া, বোতলের মুখ উত্তম রূপে বন্ধ করিবে। অন্ততঃ দুই দিবস পরে, তাহাতে প্রয়োজনীয় জল দিবে। মাত্রা ১—২ ০আং। ইঞ্জেক্শিয়ো এপোমর্ফাইনি হাইপোডার্ম্মিকা, ইঞ্জেক্শিয়ো আর্গটাইনি হাইপোডার্ম্মিকা, লাইকার এট্রোপাইনি সল্‌ফেটিসে ইহা পাওয়া যায়।

২য়। লিনিমেণ্টম্ ক্যাম্ফরি (Linimentum Camphoræ)। কর্পূর ১ আং, অলিভ্ অয়েল ৪ আং। মিশ্রিত করিয়া লইবে। লিনিমেণ্টম্ ক্লোরোফর্মাই, লিনিমেণ্টম্ হাইড্রার্জিরাই ও লিনিমেণ্টম্ টেরিবিন্থিনি এসেটিকমে কর্পূর আছে।

৩য়। লিনিমেণ্টম্ ক্যাম্ফরি কম্পোজিটম্ (Linimentum Camphoræ Compositum)। কর্পূর ২।০ আং, ল্যাভেণ্ডার তৈল ১ ড্রাম, উগ্র এমোনিয়ার দ্রব ৫ আং, শোধিত সুরা ১৫ আং। কর্পূর এবং ল্যাভেণ্ডার তৈল সুরাতে দ্রব করিয়া, তাহাতে ক্রমশঃ এমোনিয়া মিশাইবে।

৪র্থ। স্পিরিটস্ ক্যাম্ফরি (Spiritus Camphoræ)। কর্পূর ১ আং, শোধিত সুরা ৯ আং। দ্রব করিয়া লইবে। মাত্রা ১০—৩০ মিং।

৫ম। টিংচুরা ক্যাম্ফরি কম্পোজিটা। (২৫২ পৃষ্ঠা দেখ।)

লিনিমেণ্টম্ একোনিটাই, লিনিমেণ্টম্ বেলেডোনি, লিনিমেণ্টম্ ওপিয়াই, লিনিমেণ্টম্ স্যাপোনিস্, লিনিমেণ্টম্ সিনাপিস্ কম্পোজিটম্, লিনিমেণ্টম্ টেরিবিন্থিনি ও অঙ্গুয়েণ্টম্ হাইড্রার্জিরাই কম্পোজিটম্ প্রস্তুত করিতে ইহা ব্যবহৃত হয়।

স্যাসাফ্রাস্ র‍্যাডিক্স্ (Sassafras Radix)। স্যাসাফ্রাস্ অফিসিনেলিস্ নামক বৃক্ষের মূল। আমেরিকায় জন্মে।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। সূক্ষ্ম সূক্ষ্ম উপমূল-সংযুক্ত খণ্ডসমূহ। গন্ধযুক্ত। ইহাতে ধুনা, বায়ীতৈল ও ট্যানিন্ পাওয়া যায়।

ক্রিয়া। উত্তেজক, পরিবর্ত্তক ও ঘর্ম্মজনক। ডিকক্টম্ সার্জি কম্পোজিটাতে ইহা আছে।

নেক্ট্যাণ্ড্রি কর্টেক্স্ (Nectandræ Cortex) ; ইং, Beheeru Bark)

নেক্ট্যাণ্ড্রা রোডিয়াই বৃক্ষের বল্কল। বৃটিশ গায়নায় জন্মে।

স্বরূপ ও রাসায়নিক তত্ব। বল্কল দেখিতে চ্যাপ্টা ও শুষ্ক, অভ্যন্তর দারুচিনির ন্যায়, অত্যন্ত তিক্ত কষায় ও উগ্র আস্বাদ। ইহাতে ট্যানিক্ এসিড্, ধূনা ও বেবেরিণ্ নামক বীর্য্য আছে।

ক্রিয়া। সঙ্কোচক, বলকারক ও পর্য্যায়নিবারক।

প্রয়োগরূপ। বেবেরাইনি সল্ফাস্ (Beberinæ Sulphas)।

বেবেরুবল্কল স্থূল চূর্ণ ১ পোঃ, গন্ধদ্রাবক ॥০ আং, আর্দ্র চূণ ৮ আং, এমোনিয়া দ্রব যথাপ্রয়োজন, শোধিত সুরা ১৬ আং জলমিশ্র গন্ধক দ্রাবক যথা-প্রয়োজন, জল ১ গ্যালন, পরিশ্রুত জল যথাপ্রয়োজন। মাত্রা ১—১০ গ্রেণ্। অন্যান্য উপক্ষার প্রস্তুত করিবার প্রণালী মতে প্রস্তুত করিবে। ক্রিয়াদি কুইনাইনের ন্যায়।

এ্যারিষ্টোলোকিয়ি (Aristolochiæ) জাতি।

সার্পেণ্টারিয়ি রাইজোমা (Serpentariæ Rhizoma)। এ্যারিষ্টো-লোকিয়া সার্পেণ্টারিয়া বৃক্ষের নিরাট কন্দ ও ক্ষুদ্র মূল। আমেরিকায় জন্মে।

স্বরূপ ও রাসায়নিক তত্ব। ১ ইঞ্চ দীর্ঘ পাকান কন্দ, নিম্নে বহুসংখ্যক সূক্ষ্ম শাখাবিশিষ্ট, কর্পূরের গন্ধ ও আস্বাদ। ইহাতে বায়ীতৈল ও তিক্ত সার আছে।

ক্রিয়া। বলকারক, আগ্নেয়, উত্তেজক, ঘর্ম্মকারক ও মূত্রকারক।

আময়িক প্রয়োগ। পর্য্যায়জ্বর ও টাইফয়েড্ জ্বরে ইহাদ্বারা উপকার হয়।

প্রয়োগরূপ। ১ম। ইন্‌ফিউসম্ সার্পেণ্টারিয়ি (Infusum Serpentariæ)। সার্পেণ্টারী ২০ নম্বরের কন্দ চূর্ণ ।০ আং, স্ফুটিত পরিশ্রুত জল ১০ আং। মাত্রা ১—২ আং। আবৃত পাত্রে অর্দ্ধ ঘণ্টা কাল ভিজাইয়া, ছাঁকিয়া লইবে।

২য়। টিংচ্যুরা সার্পেণ্টারিয়ি (Tinctura Serpentariæ। সার্পেণ্টারী কন্দ ৪০ নম্বরের চূর্ণ ২॥০ আং, প্রুফ্ স্পিরিট্ ১ পাং। যথাবিধি পার্কলেশন্

দ্বারা প্রস্তুত করিবে। মাত্রা ½—২ ড্রাম। টিং সিঙ্কোনি কম্পোজিটাতে ইহা আছে।

থাইমেলেসিয়ি (Thymelaceæ) জাতি।

মেজেরিয়াই কর্টেক্স্ (Mezerei Cortex)। ড্যাফ্‌নি মেজেরিয়ন্ নামক বৃক্ষের শুষ্ক বল্কল। ইউরোপে জন্মে।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। নলাকারে গুটিত চ্যাপ্টা খণ্ড, দুর্গন্ধযুক্ত, উগ্র কটু আস্বাদ। ইহাতে উগ্র বায়ীতৈল ও ধুনা এবং ড্যাফ্‌নি নামক বীর্য্য আছে।

ক্রিয়া। অল্পমাত্রায় স্বেদজনক, মূত্রকারক ও পরিবর্ত্তক। অধিক মাত্রায় অন্ত্রের ও পাকাশয়ের প্রদাহ উপস্থিত করে। বাহ্যপ্রয়োগে উগ্রতা-সাধক।

আময়িক প্রয়োগ। পুরাতন বাত ও চর্ম্মরোগে উপকার করে।

প্রয়োগরূপ। এক্স্‌ট্রাক্টম্ মেজেরিয়াই ইথিরিয়ম্ (Extractum (Mezerei Ethereum)। মেজেরিয়ন্ বার্ক ক্ষুদ্র খণ্ড ১ পোং শোধিত, সুরা ৮ পাং, ইথার ১ পাং। ইহা লিনিমেণ্টম্ সিনেপিস্ কম্পোজিটমে আছে।

ডিকক্টম্ সার্সি কম্পোজিটম্ প্রস্তুত করিতে মেজিরিয়ন্ বার্কের আবশ্যকতা হয়।

ইউফর্ব্বিয়েসিয়ি (Euphorbiace) জাতি।

ক্যাস্কেরিলা কর্টেক্স্ (Cascarillæ Cortex)। ক্রোটন্ ইলিউ-টিরিয়া বৃক্ষের শুষ্কীকৃত বল্কল। বাহামায় জন্মে।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। কলমের ন্যায় নলাকারে গুটিত, সুগন্ধবিশিষ্ট ও কদর্য্য তিক্ত আস্বাদ।

ক্রিয়া। বলকারক, আগ্নেয় ও বায়ুনাশক।

প্রয়োগরূপ। ১ম। ইন্‌ফিউসম্ ক্যাস্কেরিলি (Infusum Cascarillæ)। ক্যাস্কেরিলা বল্কল ২০ নম্বরের চূর্ণ ১ আং, ফুটিত পরিস্রুত জল ১০ আং। আবৃত পাত্রে অর্দ্ধ ঘণ্টা কাল ভিজাইয়া ছাঁকিয়া লইবে। মাত্রা ১—২ আং।

ষষ্ঠ। টিংচুরা ক্যাস্কেরিলি (Tinctura Cascarillæ)। ক্যাস্কেরিলা ৪০ নম্বরের চূর্ণ ২৷৷০ আং, প্রুফ্ স্পিরিট্ ১ পাং। যথাবিধি পার্কোলেশন্ দ্বারা প্রস্তুত করিবে। মাত্রা ৷৷০—২ ড্রাম।

জয়পালের তৈল (Oleum Crotonis); ইং (Croton Oil)। ক্রোটন্ টিগ্লিয়ম্ নামক বৃক্ষের বীজের তৈল। বীজকে নিষ্পীড়িত করিয়া এই তৈল পাওয়া যায়।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। ইহা দেখিতে এরণ্ডবীজের ন্যায়, কটু আস্বাদ, ইথার ও বায়ীতৈলে দ্রবনীয়।

ক্রিয়া। অতিবিরেচক। সেবন করিলে পাকাশয় ও অন্ত্রে জ্বালা ও বেদনা উপস্থিত হয়। অধিক মাত্রায় প্রাদাহিক বিষক্রিয়া করে। চর্ম্মোপরি বাহ্যপ্রয়োগে স্থানিক উগ্রতাসাধক। চর্ম্মোপরি মর্দ্দন করিলে চর্ম্মের উপর রক্তবর্ণ দানা নির্গত হয়। কোষ্ঠবদ্ধ, সংন্যাসাদি রোগে বিরেচনার্থ ইহা ব্যবহার করা যায়। মাত্রা ১/৩—১ মিং।

প্রয়োগরূপ। লিনিমেণ্টম্ ক্রোটোনিস্ (Linimentum Crotonis)। জয়পালের তৈল ১ আং, ক্যাজুপটি অয়েল্ ও শোধিত সুরা, প্রত্যেকে, ৩৷৷০ আং। একত্রে মিশ্রিত করিয়া লইবে।

এরণ্ড তৈল (Oleum Ricini), ইং (Castor Oil)। রিসিনস্ কমিউনিস্ বৃক্ষের বীজ হইতে নিষ্পীড়িত তৈল। ভারতবর্ষে জন্মে।

ক্রিয়া। বিরেচক। এই বিরেচন ক্রিয়া ৩।৪ ঘণ্টার মধ্যে মাধুর্য্যভাবে প্রকাশ পায়। মাত্রা —৮ ড্রাম।

আময়িক প্রয়োগ। ইহা অন্ত্র পরিষ্কারের উদ্দেশ্যে সচরাচর ব্যবহৃত হয়। মৃদু ও উত্তম বিরেচক বলিয়া, ইহা দ্বারা কোন অসুখ বা পেটকামড়ানি না হইয়া, অন্ত্র পরিষ্কার হইয়া থাকে। ইহা সচরাচর ব্যবহার করা উচিৎ নহে। কারণ, ইহার ব্যবহারের পর কিছুক্ষণ কোষ্ঠবদ্ধ হইয়া থাকে। ডায়েরিয়া রোগে অন্ত্রে যখন অপরিপাক সামগ্রী থাকে, তখন ইহা ব্যবহারে সুন্দর ফল পাওয়া যায়। স্বাভাবিক কোষ্ঠবদ্ধে ইহার ন্যায় বিরেচক ঔষধ আর নাই। ইহা শিশু ও গর্ভবতী স্ত্রীলোকদিগের পক্ষে বিশেষ উপকারক।

প্রয়োগরূপ। মিশ্চুরা ওলিয়াই রিসিনাই (Mistura Olei Ricini)। এরণ্ডতৈল ৬ ড্রাম, লেবুর তৈল ১০ মিং, লবঙ্গের তৈল ২ মিং, সিরাপ্ ১॥০ ড্রাম, পটাশ্ দ্রব ১ ড্রাম, অরেঞ্জ ফ্লাউয়ার ওয়াটার সমুদয়ে ২ আং, প্রস্তুত করিতে যথাপ্রয়োজন। মাত্রা ॥০—২ আং।

ক্যামেলা (Kamala)। মেলোটাস্ ফিলিপিনেন্সিস্ নামক বৃক্ষের ফলের গাত্রলগ্ন লোহিতবর্ণ চূর্ণ পদার্থ। ভারতবর্ষে পাওয়া যায়।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। লোহিতবর্ণ চূর্ণ, অগ্নিদাহ্য, সুরা ও ইথারে দ্রব হয়।

ক্রিয়া। কৃমিনাশক ও বিরেচক। ইহা দ্বারা ফিতার ন্যায় কৃমি নষ্ট হয়। মাত্রা ৩০ গ্রেণ্—১০ আং।

স্যাণ্টালেসিয়ি (Santalaceæ) জাতি।

ওলিয়ম্ স্যাণ্টালি (Oleum Santalæ)। স্যাণ্টেলম্ এলবম্ নামক কাষ্ঠ চুয়াইয়া এই তৈল প্রস্তুত হয়।

ক্রিয়া। উত্তেজক ও শ্লৈষ্মিক ঝিল্লির সঙ্কোচক।

ব্যবহার। প্রমেহ, গ্লিট, শ্বেতপ্রদর, উদরাময় প্রভৃতি রোগে ব্যবহৃত হয়। মাত্রা ১০—৩০ মিং।

পাইপারেসিয়ি (Piperaceæ) জাতি।

পাইপার্ নাইগ্রাম্ (Piper Nigrum)। পাইপার্ নাইগ্রাম্ নামক বৃক্ষের শুষ্ক অপক্ক ফল।

ক্রিয়া। অল্প মাত্রায় আগ্নেয়, বায়ুনাশক ও উত্তেজক। সরলান্ত্র, মূত্রযন্ত্র ও জনেন্দ্রিয়ের উপর ইহার ক্রিয়া দর্শে।

আময়িক প্রয়োগ। অজীর্ণ, অর্শ, প্রমেহ, গ্লিট্ প্রভৃতি বিবিধ রোগে ব্যবহৃত হয়।

প্রয়োগরূপ। কন্‌ফেক্‌শিয়ো পাইপরিস্ (Confectio Piperis)। কৃষ্ণমরিচ সূক্ষ্ম চূর্ণ ২ আং, ক্যারাওয়েফ্ট্ সূক্ষ্ম চূর্ণ ৩ আং, বিশুদ্ধ মধু ১৫ আং। একত্রে মর্দ্দন করিয়া লইবে। মাত্রা ৬০—১২০ গ্রেণ্। পল্‌ভিস ওপিয়াই কম্পোজিটসে কৃষ্ণ মরিচ পাওয়া যায়।

কাবাবচিনি (Cubeba)। পাইপার্ কিউবেবা নামক শুষ্ক অপক্ক ফল। দেখিতে অনেকাংশে গোলমরিচের ন্যায়। মাত্রা ৩০—১২০ গ্রেণ।

ক্রিয়া। মূত্রমার্গ ও মূত্রাশয়ের শ্লৈষ্মিক ঝিল্লির উত্তেজক, সঙ্কোচক, ও মূত্রকারক। প্রমেহাদি রোগে উপকারী।

প্রয়োগরূপ। ১ম। ওলিয়োরেজাইনা কিউবেবি (Oleo Resina Cubebæ)। কাবাবচিনি স্থূল চূর্ণ ২ পৌং, ইথার ৪ পাং। পার্কোলেটর যন্ত্রে কাবাবচিনি ঠাসিয়া আস্তে আস্তে ইথার ঢালিবে; নির্গত হইবার পর প্রথমে স্বতঃ, পরে জলস্বেদন যন্ত্রোত্তাপে ঐ দ্রব হইতে ইথার উৎপাতিত করিবে অথবা চুয়াইয়া ইথার পৃথক করিয়া লইবে। পরে অবশিষ্ট দ্রব আবৃত পাত্রে রাখিয়া দিবে। দানাযুক্ত পদার্থ অধঃস্থ হওনে স্থগিত হইলে, ওলিয়োরেজিন্ ঢালিয়া কাচের ছিপিযুক্ত বোতলে রাখিবে। মাত্রা ৫—৩০ মিং।

২য়। ওলিয়ম্ কিউবেবি (Oleum Cubabæ)। কাবাবচিনি চুয়াইয়া এই তৈল প্রস্তুত করা হয়। মাত্রা ৫—২০ মিং।

৩য়। টিংচ্যুরা কিউবেবি (Tinctura Cubabæ)। কাবাবচিনি চূর্ণ ২৷৷০ আং, শোধিত সুরা ১ পাং। যথাবিধি পার্কোলেসন্ দ্বারা প্রস্তুত করিবে। মাত্রা ৷৷০—২ ড্রাম।

ম্যাটিসি ফোলিয়া (Maticæ Folia)। পাইপার্ এ্যাঙ্গাষ্টিফোলিয়ম্ নামক বৃক্ষের পত্র। পেরুতে জন্মে।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। পত্র সকল ৮ ইঞ্চ দীর্ঘ, লোমশ, কষায় আস্বাদ এবং গন্ধযুক্ত। ইহাতে বায়ীতৈল ও আর্টাম্বিক্ এসিড্ ও ট্যানিন্ পাওয়া যায়।

ক্রিয়া। পত্রের চূর্ণ কিম্বা পত্র রক্তরোধক। আভ্যন্তরিক প্রয়োগে সঙ্কোচক। ব্যবহার ও ক্রিয়াদি মরিচ ও কাবাবচিনির ন্যায়।

প্রয়োগরূপ। ইন্‌ফিউসম্ ম্যাটিসি (Infusum Maticæ) ম্যাটিকো পত্রখণ্ড কুট্টিত ৷০ আং, ফুটিত পরিশ্রুত জল ১০ আং। আবৃত পাত্রে অৰ্দ্ধ ঘণ্টা কাল ভিজাইয়া, ছাঁকিয়া লইবে। মাত্রা—১—৪ আং।

স্যালিকেসিয়ি (Salicaceæ) জাতি।

স্যালিসিনম্ (Salicinum)। স্যালিক্স্ এল্‌বা নামক বৃক্ষের বঙ্কল হইতে প্রাপ্ত দানাযুক্ত বীর্য্য।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। বর্ণহীন ও উজ্জ্বল দানাযুক্ত পদার্থ।

ক্রিয়া। পর্য্যায়নিবারক ও বলকারক। ইহা কুইনাইনের পরিবর্ত্তে ব্যবহৃত হয়। ইহা দ্বারা পাকাশয়ের উগ্রতা ও শিরঃপীড়া জন্মে না। মাত্রা। ৩—২০ গ্রেণ্।

লিকুয়িড্যাম্বারেসিয়ি (Liquidambaraceæ) জাতি।

ষ্টাইর‍্যাক্স্ প্রিপ্যারেটস্ (Styrax Præparatus)। লিকুইড্যাম্বার ওরিএন্টল্ নামক বৃক্ষের রস। ইহাকে শোধিত সুরা দ্বারা দ্রব করিয়া, ছাঁকিয়া লইয়া পরিস্কৃত করিলে ইহা প্রস্তুত হয়।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। দেখিতে মধুর ন্যায়, উগ্র সদ্গন্ধযুক্ত, রুক্ষ আস্বাদ। ইহাতে ষ্টাইরেসিন্ সিনেমিন্ ও বেঞ্জিন্ পাওয়া যায়।

ক্রিয়া। বাল্‌সম্ অব্ পেরু ও টলুর ন্যায়। ইহা টিংচ্যুরা বেঞ্জোইনি কম্পোজিটা প্রস্তুত করিতে ব্যবহৃত হয়।

কিউপিউলিফ্যারি (Cupuliferæ) জাতি।

কোয়ার্কস্ কর্টেক্স্ (Quercus Cortex); ইং (Oak Bark)। কোয়ার্কস্ পিডাঙ্কিউলেটা নামক বৃক্ষের ক্ষুদ্র শাখার ও কাণ্ডের শুষ্ক বঙ্কল।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। লম্বা কলমের ন্যায় শুষ্ক বঙ্কল, কষায় আস্বাদ। ইহাতে ট্যানিক্, গ্যালিক্ এসিড্ ও পেক্‌টিন্ আছে।

ক্রিয়া। সঙ্কোচক। বাহ্যপ্রয়োগের জন্য ব্যবহৃত হয়। গলক্ষত, শ্বেতপ্রদর প্রভৃতি রোগে ইহার ধৌত, কুল্ল ও পিচকারী উপকারী।

প্রয়োগরূপ। ডিকক্টম্ কোয়ার্কস্ (Decoctum Quercus), ওক্ বার্ক্ কুট্টিত ১।০ আং, পরিস্রুত জল ১ পাং। ১০ মিনিট্ ফুটাইয়া ছাঁকিয়া লইবে।

মাজুফল (Galla)। কোয়ার্কস্ ইন্‌ফেক্টোরিয়স্ নামক বৃক্ষের তরুণ

শাখাগ্রে সিনিপিস্ গ্যালিটিংটোরি নামক ক্ষুদ্র পতঙ্গ ছিদ্র নির্ম্মাণ করিয়া তন্মধ্যে অণ্ড প্রসব করে। ইহাকে মাজুফল কহে।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। গোল গুবাকের ন্যায়। ইহাতে ট্যানিক্ এসিড্ ও গ্যালিক্ এসিড্ পাওয়া যায়।

ক্রিয়া। বিশুদ্ধ সঙ্কোচক এবং এই সঙ্কোচন ক্রিয়া ট্যানিক্ এসিডের উপর নির্ভর করে।

মাজুফলের প্রয়োগরূপ। ১ম। টিংচুরা গ্যালি (Tinctura Gallæ)। মাজুফল ৪০ নম্বরের চূর্ণ ২॥০ আং, প্রুফ্ স্পিরিট্ ১ পাং। মাত্রা ।০—২ ড্রাম।

২য়। অঙ্গুয়েণ্টম্ গ্যালি (Unguentum Gallæ)। মাজুফল সূক্ষ্ম চূর্ণ ৮০ গ্রেণ্, বেঞ্জোয়েটেড্ লার্ড ১ আং। উত্তমরূপে মর্দ্দন করিয়া মিশাইয়া লইবে।

৩য়। অঙ্গুয়েণ্টম্ গ্যালিকম্ ওপিও (Unguentum Gallæcum Opio) ২৫৩ পৃষ্ঠা দেখ।

৪র্থ। এসিডম্ গ্যালিকম্ (Acidum Gallicum)। মাজুফলকে জলমিশ্র গন্ধকদ্রাবকের সহিত মিশ্রিত করিয়া ছাঁকিয়া বিশুদ্ধ করিলে ইহা প্রস্তুত হয়।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। সূচ্যাকার, দানাযুক্ত, পাটলবর্ণ ঈষৎ অম্ল ও কষায়াস্বাদ। মাত্রা ২—১০ গ্রেণ্।

ক্রিয়া। ট্যানিক্ এসিড্ দেখ।

প্রয়োগরূপ। গ্লাইসিরাইনম্ এসিডাই গ্যালিসাই (Glycerinum Acidi Gallici)। ৩৩৩ পৃষ্ঠা দেখ।

৫ম। এসিডম্ ট্যানিকম্ (Acidum Tannicum)। মাজুফল চূর্ণ ও ইথার একত্র মিশ্রিত করিয়া কর্দ্দমাকার করতঃ ২৪ ঘণ্টা রাখিলে, পরে যন্ত্র দ্বারা তাহার রস নিঙড়াইয়া মাজুফলকে চূর্ণ করিবে। অনন্তর ইথার ও ১/১৬ অংশ জল একত্র মিলাইয়া ঐ চূর্ণকে আর্দ্র করিয়া কর্দ্দমাকার করিবে। তদনন্তর পুনরায় তাহার রস নিঙড়াইয়া লইবে। ঐ উভয় রস মিশ্রিত

করিয়া, কিয়ৎকাল বায়ুতে রাখিবে। পরে তাপ দ্বারা গাঢ় সারের ন্যায় করিবে। পরিশেষে মৃৎফলকে রাখিয়া, উষ্ণ বায়ুকক্ষ মধ্যে শুষ্ক করিয়া লইবে।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। ইহা দেখিতে গ্যালিক্ এসিডের ন্যায়। ইহার বর্ণ দেখিতে গ্যালিক্ এসিড্ অপেক্ষা ঈষৎ শ্বেতাভ।

ক্রিয়া। প্রবল সঙ্কোচক। শ্লৈষ্মিক ঝিল্লির উপর লাগাইলে ঐ স্থানের শিরা সমূহ কুঞ্চিত ও নীলবর্ণ হয়। আভ্যন্তরিক প্রয়োগে মুখ ও তালু শুষ্ক, পিপাসা ও কোষ্টবদ্ধ প্রভৃতি লক্ষণ সকল প্রকাশ পায়। ইহা রক্তের সহিত শোষিত হইয়া গৌণ সঙ্কোচক ক্রিয়া প্রকাশ করে ও শরীর হইতে প্রস্রাব দ্বারা গ্যালিক্ ও পাইরোগ্যালিক্ এসিডাকারে বহির্গত হইয়া যায়। ইহা সেবনে প্রস্রাব কৃষ্ণবর্ণ হয়। ট্যানিক্ এসিড্ অন্ত্রের উপর গ্যালিক্ এসিডের ক্রিয়া প্রকাশ করে। ট্যানিক্ এসিড্ স্থানিক সঙ্কোচক ও গ্যালিক্ এসিড্ গৌণ সঙ্কোচক।

আময়িক প্রয়োগ। বিবিধ প্রকার রক্তস্রাব, যথা, রক্তোৎকাশ, রক্তবমন, রক্তপ্রস্রাব এবং উদরাময়,—রক্তামাশয় ও যক্ষ্মা রোগীর নিশাঘর্ম্ম নিবারণার্থ ইহা ব্যবহৃত হয়। গ্লিট্, লিউকোরিয়া, হেমরয়েড্ প্রভৃতিতে ইহার কুল্লি, পিচকারী ও চূর্ণ নিক্ষেপ (Dusting) উপকারক।

প্রয়োগরূপ। ১ম। গ্লাইসিরাইনম্ এসিডাই ট্যানিসাই (Glycerinum Acidi Tannici)। ৩৩৩ পৃষ্ঠা দেখ।

২য়। সপোজিটোরিয়া এসিডাই ট্যানিসাই (Suppositoria Acidi Tannici)। ট্যানিক্ এসিড্ ৩৬ গ্রেণ্, অয়েল্ অব্ থিয়োব্রোমা ১৪৪ গ্রেণ্। প্রত্যেক সপোজিটরিতে ৩ গ্রেণ্ ট্যানিক্ এসিড্ আছে।

৩য়। সপোজিটোরিয়া এসিডাই ট্যানিসাই কম্ সেপোনি (Suppositoria Acidi Tannici cum Sapone)। ট্যানিক্ এসিড্ ৩৬ গ্রেণ্, গ্লিসিরিণ্ অব্ ষ্টার্চ ৩০ গ্রেণ্, কার্ডসোপ্ চূর্ণ ১০০ গ্রেণ্, ষ্টার্চ চূর্ণ যথা প্রয়োজন। প্রত্যেক সপোজিটরিতে ৩ গ্রেণ ট্যানিক্ এসিড্ আছে।

৪র্থ। ট্রোকিসাই এসিডাই ট্যানিসাই (Trochisci Acidi Tannici)। ট্যানিক্ এসিড্ ৩৬০ গ্রেণ্, টিং অব্ টলু ॥০ আং, বিশুদ্ধ শর্করা চূর্ণ ২৫ আং, গম্ এবেসিয়া চূর্ণ ১ আং, গঁদের মণ্ড ২ আং, পরিশ্রুত জল ১ আং। ইহাতে,

১২০ চাক্তি প্রস্তুত করিবে। মাত্রা ২—৬ চাক্তি। প্রতি চাক্তিতে ।০ গ্রেণ্ ট্যানিক্ এসিড্ আছে।

মোরেসিয়ি (Moraceæ) জাতি।

ডুম্বুর (Ficus)। ফাইকস্ ক্যারিকা নামক বৃক্ষের শুষ্ক ফল। ইহাতে স্যাকেরিণ্ ও গঁদযুক্ত পদার্থ পাওয়া যায়। কন্‌ফেক্‌শিয়ো সেনা প্রস্তুত করিতে ইহা ব্যবহৃত হয়।

ক্রিয়া। স্নিগ্ধকারক, মৃদুবিরেচক ও পোষক।

তুঁতফলের রস (Mori Succus); ইং (Mulberry juice)।

ক্রিয়া। শৈত্যকারক। জ্বররোগে পিপাসা দমনার্থ উপযোগী।

প্রয়োগরূপ। সাইরূপস্ মোরাই (Syrupus Mori)। তুঁতফলের রস ১ পাং, বিশুদ্ধ শর্করা ২॥০ পোং, শোধিত সুরা ২॥০ আং। রস যতক্ষণ না ফুটিয়া উঠে, ততক্ষণ তাহাতেউত্তাপ দিবে। পরে, ছাঁকিয়া, তাহাতে মৃদু তাপে শর্করা দ্রব করিয়া, সুরা মিশাইবে। মাত্রা ১ ড্রাম।

ক্যানাবিনেসিয়ি (Cannabinaceæ) জাতি।

গাঁজা (Cannabis Indica)। ক্যানাবিস্ স্যাটাইভা নামক স্ত্রীবৃক্ষের শুষ্ক মুঞ্জরীত ও ফলিত শাখাগ্র।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। এক এক জটাতে তরুণ পত্র, পুষ্পকলিকা ও কয়েকটী পক্ব ফল থাকে। ইহা হইতে একপ্রকার ধুনা নিঃসৃত হয়। তাহাকে "চরশ" (Cannabin) কহে, এবং তাহাই ইহার বীর্য্য।

ক্রিয়া। মস্তিষ্ক উত্তেজক, মাদক, নিদ্রাকারক, বেদনা নিবারক, আক্ষেপ নিবারক, কামোদ্দীপক, জরায়ু সঙ্কোচক ও পর্য্যায়নিবারক।

আময়িক প্রয়োগ। বিবিধ প্রকার শূলবেদনা, আক্ষেপজনক কাশ, ধনুষ্টঙ্কার, শ্বেতপ্রদর, প্রমেহ, পুরাতন জ্বর ও রজোধিক প্রভৃতি রোগে ব্যবহার করা যায়। ইহাও অহিফেনের ন্যায় কিছুদিন সেবন করিলে অভ্যাস হইয়া যায় ও ঐরূপ মাত্রায় আর কার্য্য করে না।

প্রয়োগরূপ। ১ম। এক্স্‌ট্রাক্টম্ ক্যানাবিস্ ইণ্ডিসি (Extractum

Cannabis Indicæ)। গাঁজা স্থূল চূর্ণ ১ পৌঃ, শোধিত সুরা ৪ পাঃ। সপ্তাহ কাল ভিজাইয়া, অরিষ্ট প্রস্তুত করিয়া লইবে। পরে, এই অরিষ্টের অধিকাংশ সুরা চুয়াইয়া ফেলিয়া, জলস্বেদন যন্ত্রে গাঢ় করিবে। মাত্রা ।০—১ গ্রেণ্।

২য়। টিংচুরা ক্যানাবিস্ ইণ্ডিসি (Tinctura Cannabis Indicæ)। গাঁজার সার ১ আং, শোধিত সুরা ১ পাঃ। দ্রব করিয়া লইবে। মাত্রা ৫—২০ মিং।

ল্যুপুলস্ (Lupulus); ইং (Hop)। হিউমিউলস্ ল্যুপুলস্ নামক লতার পুষ্প গুচ্ছ (Strobile)।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। পুষ্পগুচ্ছ ক্ষুদ্র ক্ষুদ্র পত্র দ্বারা শঙ্কাকারে আচ্ছাদিত। ইহাদের মূলে ল্যুপুলিন্ নামক এক প্রকার সোনার বর্ণের রেণু সংলগ্ন থাকে। ইহাতে বায়বীতৈল ও তিক্তবীর্য্য আছে।

ক্রিয়া। বলকারক, আগ্নেয়, নিদ্রাকারক, কিয়ৎ পরিমাণে মাদক ও ঈষৎ সঙ্কোচক।

আময়িক প্রয়োগ। সুনিদ্রা আনয়নের জন্য কোন কোন পীড়াতে ইহার বালিস ব্যবহৃত হয়। স্বপ্নদোষ ও লিঙ্গোচ্ছ্বাস রোগে ইহা দ্বারা বিশেষ উপকার দর্শে। মদাতঙ্ক রোগে নিদ্রানয়নার্থ ইহা ব্যবহৃত হয়।

প্রয়োগরূপ। ১ম। এক্স্ট্রাক্টম্ ল্যুপুলাই (Extractum Lupuli)। হপ্ ১ পৌঃ, শোধিত সুরা ১॥০ পাঃ, পরিশ্রুত জল ১ গ্যাঃ। হপ্‌কে সুরাতে সপ্তাহ পর্য্যন্ত ভিজাইয়া, নিঙ্ড়াইয়া ছাঁকিয়া লইবে। পরে চুয়াইয়া ফেলিলে কোমল সার থাকিবে। অনন্তর ঐ হপ্‌কে জলের সহিত ১ ঘণ্টা সিদ্ধ করিয়া, নিঙ্ড়াইয়া ছাঁকিয়া লইবে। পরে জলস্বেদন যন্ত্র দ্বারা গাঢ় করিয়া কোমল সার প্রস্তুত করিবে। অবশেষে দুই সারকে একত্র করিয়া অগ্নি সন্তাপে গাঢ় করিবে। মাত্রা ৫—১৫ গ্রেণ্।

২য়। ইন্‌ফিউসম্ ল্যুপুলাই (Infusum Lupuli)। হপ্ ।০ আং, স্ফুটিত পরিশ্রুত জল ১০ আং। আবৃত পাত্রে ১ ঘণ্টা কাল ভিজাইয়া, ছাঁকিয়া লইবে। মাত্রা ১—২ আং।

৩য়। টিংচুরা ল্যুপুলাই (Tinctura Lupuli)। হপ্ ২॥০ আং,

ক্রুক্ স্পিরিট্ ১ পাং। যথাবিধি পার্কোলেসন্ দ্বারা প্রস্তুত করিবে। মাত্রা ॥০—২ ড্রাম।

ইহার রেণু, ল্যুপুলিনম্ (Lupulinum)। মাত্রা ২—৫ গ্রেণ্।

কোনিফারিয়ি কিম্বা পাইনেসিয়ি।

(Coniferæ ox Pinaceæ) জাতি।

তার্পিণ তৈল (Oleum Terebinthinæ)। পাইনস্ অষ্ট্রেলিস্, প্যাইনস্ টিডা ও পাইনম্ পিনাষ্টর প্রভৃতি বিবিধ পাইন বৃক্ষ হইতে যে তৈল ও ধুনাযুক্ত রস পাওয়া যায়, তাহাকে চুয়াইয়া এই তৈল প্রস্তুত করা হয়। এই তৈল চুয়াইয়া লইলে আধার ভাণ্ডে যাহা অবশিষ্ট থাকে, তাহাকে রেজিন্ বা ধুনা কহে।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। তরল ও স্বচ্ছ, বর্ণহীন, বিশেষ গন্ধযুক্ত এবং উৎপতিষ্ণু।

ক্রিয়া। উত্তেজক, বায়ুনাশক, আক্ষেপনিবারক, মূত্রকারক, কফনিঃসারক, পচননিবারক, বিরেচক, কৃমিনাশক ও সঙ্কোচক। বাহ্যপ্রয়োগে উগ্রতাসাধক, অধিক্ষণ রাখিলে ফোকাকারক। ইহার সঙ্কোচক ক্রিয়া কৈশিক নাড়ীর উপর প্রকাশ পায়। অধিক মাত্রায় বিরেচক।

আময়িক প্রয়োগ। অন্ত্রে কৃমি জন্মিলে ইহা সেবনে উপকার দর্শে। টাইফয়েড্ ও স্বল্পবিরাম জ্বরে পেটফাঁপা ও উদরাধ্মান থাকিলে ইহা প্রয়োগ করা যায়। রক্তোৎকাশ, রক্তবমন, রক্তপ্রস্রাবে ইহার ২।৩ মিনিম্ অল্প গঁদের মণ্ডের সহিত প্রয়োগে বিশেষ উপকার পাওয়া যায়। বাত রোগে ও বিবিধ প্রকার বেদনায় ইহার মর্দ্দন উপকারক। ইহা সময়ে সময়ে শরীরে শোষিত হইয়া মাদকতা গুণ প্রকাশ করে। মাত্রা ১০ মিং—৪ ড্রাম।

প্রয়োগরূপ। কন্‌ফেক্‌শিয়ো টেরিবিন্থিনি (Confectio Terebinthinæ)। তার্পিণ তৈল ১ আং, যষ্টিমধু চূর্ণ ১ আং, বিশুদ্ধ মধু ২ আং। একত্রে মর্দ্দন করিয়া লইবে। মাত্রা ৬০—১২০ গ্রেণ্।

২য়। এনিমা টেরিবিন্থিনি (Enema Terebinthinæ)। তার্পিণ তৈল ১ আং, গঁদের মণ্ড ১৫ আং। মিশ্রিত করিয়া লইবে।

লিনিমেণ্টম্ টেরিবেন্থিনি (Linimentum Terebinthinæ)। তার্পিন তৈল ১৬ আং, কোমল সাবান ২ আং, পরিশ্রুত জল ২ আং, কর্পূর ১ আং। টার্পিণ তৈলে কর্পূর দ্রব করিয়া, জলের সহিত সাবান মিশাইয়া, একত্রে উত্তমরূপে মর্দ্দন করিয়া লইবে।

৪র্থ। লিনিমেণ্টম্ টেরিবিন্থিনি এসিটিকম্ (Linimentum Terebinthinæ Aceticum)। তার্পিন তৈল ৪ আং, গ্লেসিয়েল্ এসিটিক্ এসিড্ ১ আং, লিনিমেণ্ট অব্ ক্যাম্ফর ৪ আং। একত্রে মিশ্রিত করিয়া লইবে।

৫ম। অঙ্গুয়েণ্টম্ টেরিবেন্থিনি (Unguentum Terebintnihæ)। তার্পিন তৈল ১ আং, রেজিন্ স্থূল চূর্ণ ৪৫ গ্রেণ, পীতমোম ।০ আং, প্রিপেয়ার্ড লার্ড ।০ আং। জলস্বেদন যন্ত্রে একত্রে গলাইয়া, পরে নামাইয়া, যে পর্য্যন্ত না ঘন হয়, ততক্ষণ তাহাকে উত্তমরূপে আবর্ত্তিত করিবে।

প্রয়োগরূপ। ১ম। এম্প্লাষ্ট্রম্ রেজাইনি (Emplastrum Resinæ)। রেজিন্ ৪ আং, লেড্ প্ল্যাষ্টার ২ পৌং, কার্ডসোপ্ ২ আং। মৃদু তাপে সীস পলস্ত্রা গলাইয়া, তাহার সহিত অগ্নি তাপে ধুনা ও সাবান (গলাইয়া) লইবে। ইহাকে "এডোসিভ্ প্ল্যাষ্টার্" (Adhesive Plaster) কহে। এম্প্ল্যাষ্ট্রম্ বেলেডোনি, এম্প্ল্যাষ্ট্রম্ ক্যালিফেসিয়েন্স্, এম্প্ল্যাষ্ট্রম্ ওপিয়াই প্রস্তুত করিতে ইহার আবশ্যকতা হয়।

২য়। অঙ্গুয়েণ্টম্ রেজাইনি (Unguentum Resinæ)। রেজিন্ স্থূল চূর্ণ ৮ আং, পীতমোম ৪ আং, সিম্পিল্ অয়েণ্টমেণ্ট ১৬ আং, বাদামের তৈল ২ আং। মৃদুতাপে একত্রে ফ্লানেল দ্বারা ছাঁকিয়া, শীতল হওন পর্য্যন্ত, অনবরত আবর্ত্তিত করিবে।

ক্যালিফেসিয়েন্স্, ক্যান্থ্যারাইডিস্ পাইসিস্ গ্লবাই আইয়োডিডাই ও স্যাপোনিস্ প্রভৃতির পলস্ত্রা ও টার্পিনের মলম প্রস্তুত করিতে রেজিনের আবশ্যকতা হয়।

টেরিবিন্থিনা ক্যানাডেন্সিস্ (Terebinthina Canadensis)। পাইনস্ বাল্সেমিয়া নামক বৃক্ষের শাখার বল্কল হইতে প্রাপ্ত ধুনাযুক্ত রস।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। পীতবর্ণ, তরল, উগ্র সদ্গন্ধযুক্ত ও কটু আস্বাদ। ইহাতে বায়ীতৈল ও ধুনা আছে। মাত্রা ২০—৩০ গ্রেণ্।

ক্রিয়া। তার্পিন তৈলের ন্যায়। চার্টা এপিস্পাষ্টিকা ও কলোডিয়ান্ ফ্লেক্সাইল্ প্রস্তুত করিতে ইহার আবশ্যকতা হয়।

ল্যারেসিস্ কর্টেক্স্ (Laricis Cortex)। ইহা পাইনস্ লেরিক্স্ নামক বৃক্ষের উপত্বক্ বিহীন বল্কল। ইহাতে লেরিক্সিন্, ট্যানিক্ এসিড্ ও বায়ী তৈল আছে।

ক্রিয়া। তার্পিণ তৈলের ন্যায়।

প্রয়োগরূপ। টিংচুরা ল্যারেসিস্ (Tinctura Laricis)। লার্চের ত্বক্ ৪০ নম্বরের চূর্ণ ২॥০ আং, শোধিত সুরা ১ পাঃ। মাত্রা ২০—৩০ মিং।

থস্ অ্যামেরিকেনম্ (Thus Americanum)। পাইনস্ অষ্ট্রেলিস্ নামক বৃক্ষ হইতে প্রাপ্ত ঘনীভূত টার্পেন্টাইন্। এম্প্ল্যাষ্টম্ পাইসিস্ প্রস্তুত করিতে ইহা ব্যবহৃত হয়।

পিক্স্ বর্গণ্ডিকা (Pix Burgundica)। পাইনস্ পিশিয়া নামক বৃক্ষের স্কন্ধ হইতে প্রাপ্ত ধূনাযুক্ত রসকে গলাইয়া পরিষ্কৃত করিয়া লওয়া হয়।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। ইহা দেখিতে পাটলবর্ণ, অস্বচ্ছ ও সুগন্ধযুক্ত আস্বাদ। ইহাতে বায়ীতৈল এবং রেজিন্ আছে।

ক্রিয়া। বাহ্যপ্রয়োগে ঈষৎ উত্তেজক।

প্রয়োগরূপ। এম্প্ল্যাষ্ট্রম্ পাইসিস্ (Emplastrum Picis)। বর্গণ্ডিপিচ্ ২৬ আং, কমন্ ফ্রাঙ্কিন্সেন্স্ ১৩ আং, রেজিন্ ও পীতমোম,—প্রত্যেকে, ৪॥০ আং, স্বয়ী জায়ফলের তৈল ১ আং, অলিভ্ অয়েল্ এবং জল,—প্রত্যেকে, ২ আং। অগ্নিতাপে ঘন দ্রব্য সকল গলাইয়া, তৈল এবং জলমিশ্রিত করিয়া লইবে। এম্প্ল্যাষ্ট্রম্ ফেরাইয়ে ইহা আছে।

ওলিয়ম্ পাইনাই সিল্ভের্ষ্ট্রস্ (Oleum Pini Sylvestris)। পাইনস্ সিলভেষ্ট্রীস্ নামক বৃক্ষের সরস পত্র চুয়াইয়া এই তৈল প্রস্তুত করা হয়। ইহাকে "Fir Wool Oil" কহে।

ক্রিয়া। বাহ্যপ্রয়োগে উত্তেজক। এ কারণ বাত রোগে ইহার মর্দ্দন উপকারক। ফেরিংসের পুরাতন প্রদাহে ও গলক্ষত রোগে ইহার ধূমাঘ্রাণে উপকার পাওয়া যায়।

প্রয়োগরূপ। ভেপর ওলিয়াই পাইনাই সিলভেস্ট্রিস (Vapor Olei Pini Sylvestris)। ফারউল অয়েল ৪০ মিং, লাইট কার্ব্বনেট অব ম্যাগনিসিয়ম ২০ গ্রেণ; জল যথাপ্রয়োজন। ফার উল অয়েলকে কার্ব্বনেট অব ম্যাগনিসিয়মের সহিত মিশ্রিত করিয়া ক্রমশঃ জল সংযোগ করতঃ ১ আং দ্রব পূর্ণ করিবে। ইহার ধূম শ্বাসদ্বারা গ্রহণ করা হয়।

পিক্স্ লিকুইডা (Pix Liquida); টার (Tar)। পাইনস্ সিলভেস্ট্রিস ও অন্যান্য পাইন বৃক্ষের কাষ্ঠকে আবৃত স্থানে দগ্ধ করিলে আলকাতরা পাওয়া যায়।

ক্রিয়া। ইহা আভ্যন্তরিক ও বাহ্যপ্রযোগে উত্তেজক। এ কারণ সোরায়েসিস, একজিমা প্রভৃতি বিবিধ চর্ম্ম রোগে ইহা প্রয়োগ করা হয়। ইহার ধূম পুরাতন ব্রঙ্কাইটিস ও যক্ষ্মা রোগে উপকারক।

প্রযোগরূপ। অঙ্গুয়েন্টম্ পাইসিস লিকুইডি (Unguentum Picis Liquidæ)। টার ৫ আং, পীতমোম ২ আং। মৃদুতাপে মিশাইবে।

ওলিয়ম্ জুনিপারাই (Oleum Juniperi)। জুনিপারস কমিউনিস নামক বৃক্ষের পূর্ণ বর্দ্ধিত অপক্ব ফল চুয়াইয়া এই তৈল প্রস্তুত করা হয়।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। বর্ণহীন বা সবুজ পীতাভ এবং সুগন্ধযুক্ত।

ক্রিয়া। উত্তেজক ও মূত্রকারক। ইহার ক্রিয়া মূত্রযন্ত্রের উপর অধিক প্রকাশ পায়। একারণ উদরী রোগে ইহা ব্যবহার করা হয়। মাত্রা ১—৪ মিং।

প্রয়োগরূপ। স্পিরিটস জুনিপারাই (Spiritus Juniperi)। জুনিপার অয়েল ১ আং, শোধিত সুরা ৪৯ আং। দ্রব করিয়া লইবে। মাত্রা ॥০—১ ড্রাম। মিশ্চুরা ক্রিয়েজোটাই প্রস্তুত করিতে ইহার আবশ্যকতা হয়।

ওয়িলম্ ক্যাডিনম্ (Oleum Cadinum)। জুনিপারস অক্সিসিস নামক বৃক্ষের কাষ্ঠকে আবৃত স্থানে দগ্ধ করিয়া এই তৈল প্রস্তুত করা হয়।

ক্রিয়া। আলকাতরার ন্যায়।

স্যাবাইনি ক্যাকুমিনা (Sabinæ Cacumina)। জুনিপারস স্যাবাইনা নামক বৃক্ষের সরস ও শুষ্ক শাখাগ্র। বৃটন রাজ্যে জন্মে।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। শাখাগ্রভাগ নব পল্লব দ্বারা চারিভাগে মণ্ডিত, পীত হরিতবর্ণ, উগ্র দুর্গন্ধযুক্ত ও তিক্ত উগ্রাস্বাদ। ইহাতে এক প্রকার বায়ী তৈল আছে।

ক্রিয়া। আভ্যন্তরিক ও বাহ্যপ্রয়োগে উত্তেজক। জরায়ুর উপর এই উত্তেজক ক্রিয়া বিশেষরূপে প্রকাশ করতঃ রজোনিঃসরণ করে। অধিক মাত্রায় প্রাদাহিক বিষক্রিয়া প্রকাশ করে। স্থানিক প্রয়োগে প্রদাহ জন্মে। অধিকক্ষণ রাখিলে ফোস্কা হয়। গর্ভবতী স্ত্রীলোককে সেবন করাইলে উহার গর্ভপাত হয়।

প্রয়োগরূপ। ১ম। ওলিয়ম্ স্যাবাইনি (Oleum Sabinæ)। সরস স্যাভিন্ শাখাগ্র চুয়াইয়া এই তৈল প্রস্তুত করা হয়। মাত্রা ১—৪ মিং।

২য়। টিংচ্যুরা স্যাবাইনি (Tinctura Sabinæ)। শুষ্ক স্যাভিন্ শাখাগ্র স্থূল কুট্টিত ২॥০ আং, প্রুফ স্পিরিট ১ পাং। যথাবিধি পার্কোলেসন্ দ্বারা প্রস্তুত করিবে। মাত্রা ২০ মিং—১ ড্রাম।

৩য়। অঙ্গুয়েন্টম্ স্যাবাইনি (Unguentum Sabinæ)। স্যাভিন্ শাখাগ্র স্থূল চূর্ণ ৮ আং, পীতমোম্ ৩ আং, বেঞ্জোয়েটেড্ লার্ড ১৬ আং। জলস্বেদন যন্ত্রোত্তাপে বসা এবং মোম্ গলাইয়া, তাহাতে ২০ মিনিট্ কাল স্যাভিন্ ভিজাইয়া, ছাঁকিয়া লইবে।

জিঞ্জিবারেসিয়ি (Zingiberaceæ) জাতি।

আদ্রক (Zingiber)। জিঞ্জিবার্ অফিসিনেলি নামক উদ্ভিদের শুষ্ক নিয়েট কন্দ।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। ৩—৪ ইঞ্চ্ দীর্ঘ, সদ্গন্ধযুক্ত, কটু আস্বাদ। ইহাতে বায়ী তৈল, ধুনা ও শ্বেতসার পাওয়া যায়। মাত্রা ১০—২০ গ্রেণ্।

ক্রিয়া। আগ্নেয়, উত্তেজক, ও বায়ুনাশক। সেবন করিলে পাকাশয়ের উগ্রতা জন্মে। চর্ব্বন করিলে লালানিঃসরণ হয়। অন্যান্য বিরেচক ঔষধের উগ্রতানাশ করিবার জন্য ইহা ব্যবহৃত হয়।

প্রয়োগরূপ। ১ম। সাইরূপস্ জিঞ্জিবারিস্ (Syrupus Zingiberis)। উগ্র জিঞ্জারের অরিষ্ট ৬ ড্রাম্, সিরাপ্ ২০ আউন্স প্রস্তুত করিতে যথাপ্রয়োজন। মিশ্রিত করিয়া লইবে। মাত্রা ১ ড্রাম্।

২য়। টিংচ্যুরা জিঞ্জিবারিস্ (Tinctura Zingiberis)। জিঞ্জার চূর্ণ ২॥০ আং, শোধিত সুরা ১ পাং। যথাবিধি পার্কোলেসন্ দ্বারা প্রস্তুত করিবে। মাত্রা ১৫ মিং—১ ড্রাম্।

৩য়। টিংচ্যুরা জিঞ্জিবারিস্ ফর্সিয়র (Tinctura Zingiberis Fortior)। জিঞ্জার সূক্ষ্ম চূর্ণ ১০ আং, শোধিত সুরা ১ পাইন্ট পূর্ণ করিতে যথাপ্রয়োজন। জিঞ্জার চূর্ণকে পার্কোলেশন্ যন্ত্রে রাখিয়া, তাহাতে ক্রমশঃ অর্দ্ধ পাইন্ট সুরা প্রয়োগ করিয়া, ২ ঘণ্টার পর পুনর্ব্বার সুরা সংযোগ করতঃ, যে পর্য্যন্ত না আধার ভাণ্ডে ১ পাং অরিষ্ট সংগৃহীত হয়, ততক্ষণ তাহাকে ধীরে ধীরে পার্কোলেট্ হইতে দিবে। মাত্রা ৫—২০ মিং।

এসিডম্ সল্ফিউরিকম্ এ্যারোমেটিকম্, পাইলুলা এ্যামোনিয়াই কম্পোজিটা, সাইরূপস্ জিঞ্জিবারিস্ প্রস্তুত করিতে ইহার আবশ্যকতা হয়।

ছোটএলাচ (Cardamomi Semina)। ইলেটেরিয়া কার্ডেমোমম্ নামক বৃক্ষের ফলের বীজ। মলক্কায় জন্মে। ইহাতে বায়ী তৈল আছে।

ক্রিয়া। আগ্নেয়, উত্তেজক ও বায়ুনাশক। সুগন্ধের নিমিত্ত বিবিধ ঔষধের সহিত ব্যবহৃত হয়।

প্রয়োগরূপ। টিংচ্যুরা কার্ডেমোমাই কম্পোজিটা (Tinctura Cardamomi Composita)। এলাচের বীজ কুট্টিত ও বিলাতী জীরা কুট্টিত প্রত্যেকে ।০ আং, বীজবিহীন কিস্মিস্ ১ আং, দারুচিনির ত্বক্ কুট্টিত ॥০ আং, কোচিনীল চূর্ণ ৫৫ গ্রেণ, প্রুফ্ স্পিরিট্ ১ পাং। যথাবিধি পার্কোলেসন্ দ্বারা প্রস্তুত করিবে। মাত্রা ॥০—২ ড্রাম।

ডিকক্টম্ এলোজ্ কম্পোজিটম্, মিশ্চুরা ফেরি এ্যারোমেটিকা, মিশ্চুরা সেনি কম্পোজিটা ও টিংচ্যুরা ক্লোরোফর্মাই কম্পোজিটা প্রস্তুত করিতে ইহার ব্যবহৃত হয়।

এক্‌ষ্ট্রাক্টম্ কলোসিন্থিস্ কম্পোজিটম্, পল্‌ভিস্ সিনামোমাই কম্পোজিটস্, পল্‌ভিস্ ক্রিটি এরোমেটিকস্, টিংচ্যুরা জেন্সিয়েনি কম্পোজিটা, টিংচ্যুরা রিয়াই ও ভাইনম্ এলোজ্ প্রস্তুত করিতে ছোট এলাচের আবশ্যক হয়।

আইরিডেসিয়ি (Iridaceæ) জাতি।

কুম্‌কুম্ (Crocus) ; ইং (Saffron)। ক্রোকস্ স্যাটাইভস্ নামক পুষ্পের শুষ্ক গর্ভকেশর। কাশ্মীরে জন্মে।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। সূত্রবৎ সূক্ষ্ম বৃন্ত অগ্রভাগ স্থূল ও তিন ভাগে বিভক্ত ; কমলা লেবুর বর্ণ। ইহাতে বায়ী তৈল ও পোলিক্রোযাইট্ নামক বর্ণজ পদার্থ আছে।

ক্রিয়া। উত্তেজক। ঔষধের বর্ণ করিবার জন্য ইহা বিশেষতঃ ব্যবহৃত হয়।

প্রয়োগরূপ। টিংচ্যুরা ক্রোশাই (Tinctura Croci)। স্যাফ্রন্, ১ আং, প্রুফ্ স্পিরিট ১ পাং। যথাবিধি পার্কোলেসন্ দ্বারা প্রস্তুত করিবে। মাত্রা ॥০—২ ড্রাম।

স্মাইলেসিয়ি (Smilaceæ) জাতি।

সার্জি র‍্যাডিক্স্ (Sarsæ Radix)। স্মাইল্যাক্স্ অফিসিনেলিস্ নামক লতার শুষ্ক মূল।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। ১৮ ইঞ্চ দীর্ঘ, ৬ বা ততোধিক জড়িত লতা দ্বারা বেষ্টিত, হংস পক্ষের ন্যায় স্থূল, ও সূক্ষ্ম উপমূল দ্বারা আবৃত, গন্ধবিহীন, ঈষৎ তিক্ত ও কটু আস্বাদ। ইহাতে শ্বেত সারের অংশ অধিক আছে।

ক্রিয়া। পরিবর্ত্তক, আগ্নেয়, বলকারক, ঘর্ম্মকারক ও মূত্রকারক।

আময়িক প্রয়োগ। ইহা প্রচুর পরিমাণে সর্ব্বাঙ্গিক উপদংশ পীড়াতে ব্যবহৃত হয়। ইহা নাইট্রিক্ এসিড্, আইয়োডাইড্ অব্ পটাস্ প্রভৃতি প্রবল ঔষধের সহিত ব্যবহার করা যায়। ইহার কম্পাউণ্ডডিকক্সন্ সচরাচর পুরাতন বাতরোগে ব্যবহৃত হয়। গাউট্, পুরাতন চর্ম্মরোগে, স্ক্রফিউলা প্রভৃতি রোগে ইহা ব্যবস্থা করা যায়। বিশেষতঃ, উপদংশজনিত চর্ম্মরোগে ইহা অতিশয় উপকারক।

প্রয়োগরূপ। ১ম। ডিকক্টম্ সার্জি (Decoctum Sarsæ)। জ্যামেকা স্যাসাপেরিলা খণ্ড খণ্ড কর্ত্তিত ২॥০ আং, ফুটিত পরিস্রুত জল ১॥০ পাং।

আবৃত পাত্রে ১ ঘণ্টাকাল ভিজাইয়া, ১০ মিনিট কাল ফুটাইবে; শীতল হইলে ছাঁকিয়া, প্রয়োজনানুসারে ছাঁকুনীর উপর পরিশ্রুত জল সংযোগে অথবা ছাঁকা দ্রবকে গাঢ় করিয়া, ১ পাং পূর্ণ করিবে। মাত্রা ২–১০ আং।

২য়। ডিকক্টম্ সার্সি কম্পোজিটম্ (Decoctum Sarsæ Compositum)। জ্যামেকা সার্সাপেরিল্লা খণ্ড খণ্ড কর্ত্তিত ২॥০ আং, সাসাফ্রাস্ মূল খণ্ড, গোয়াকম্ কাষ্ঠের খণ্ড ও শুষ্ক যষ্টিমধু কুট্টিত প্রত্যেকে ।০ আং, মেজেরিয়ম্ বল্কল ১/৮ আং, ফুটিত পরিশ্রুত জল ১॥০ পাং। এক ঘণ্টাকাল ভিজাইয়া রাখিয়া আবৃত পাত্রে ১০ মিনিট কাল ফুটাইবে। পরে, শীতল হইলে ছাঁকিয়া, প্রয়োজনানুসারে ছাঁকনীর উপর পরিশ্রুত জল সংযোগে কিম্বা ছাঁকা দ্রবকে গাঢ় করিয়া ১০ পাইন্ট পূর্ণ করিবে। মাত্রা ২—১০ আং।

৩য়। এক্স্ট্রাক্টম্ সার্সি লিকুইডম্ (Extractum Sarsæ Liquidum)। জ্যামেকা সার্সাপেরিলা ৪০ নম্বরের চূর্ণ ৪০ আং, প্রোফ্ স্পিরিট্ ২ পাং, শর্করা ৫ আং, পরিশ্রুত জল ১২ পাং। সার্জাপেরিলাকে সুরায় আবৃত পাত্রে দশদিন ভিজাইয়া রাখিবে। পরে, চাপিয়া ২০ আং দ্রব বাহির করিয়া, সতন্ত্র রাখিবে। অবশিষ্ট দ্রবে জল মিশাইয়া, ১৬ ঘণ্টাকাল ১৬০ তাপাংশে ভিজাইয়া রাখিবে। অনন্তর নিঙড়াইলে যে দ্রব হইবে তাহাতে শর্করা দ্রব করিয়া যন্ত্রোত্তাপে গাঢ় করতঃ ১৮ আং পূর্ণ করিবে। পরে উভয় দ্রব মিশ্রিত করিয়া, পরিশ্রুত জল সংযোগে ৪০ আং পূর্ণ করিবে। মাত্রা ২–৪ ড্রাম।

লিলিয়েসিয়ি (Liliaceæ) জাতি।

সিলা (Scilla); ইং (Squill)। আর্জিনিয়া সিলা নামক বৃক্ষের কন্দ। ইউরোপের দক্ষিণ খণ্ডে জন্মে।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। দেখিতে পলাণ্ডুর ন্যায়, ওজনে ।০ পাউণ্ড হইতে ৪ পাউণ্ড, কদর্য্য আস্বাদ, ইহাতে উগ্র ধুনা ও সিলিটক্সিলিন্ নামক তিক্ত বীর্য্য আছে। মাত্রা ১—৩ গ্রেণ্।

ক্রিয়া। উত্তেজক, কফঃনিঃসারক ও মূত্রকারিক। অধিক মাত্রায় সেবনে ভেদ ও বমন হইয়া থাকে। ইহা ব্রঙ্কিয়েল্ শ্লৈষ্মিক ঝিল্লির উত্তেজনাসাধক

এই হেতু ব্রঙ্কাইটিস্ ও নিউমোনিয়া প্রভৃতি রোগের প্রথম অবস্থায় ব্যবহৃত হয় না; কিন্তু এই সকল রোগের পুরাতন অবস্থায় এমোনায়েকম্ ও ইপিক্যাকোয়াস্থার সহিত প্রয়োগে উপকার পাওয়া যায়। মূত্রকরণার্থ ইহা ডিজিট্যালিস্ ও পারদের সহিত ব্যবহৃত হয়।

প্রয়োগরূপ। ১ম। এসিটম্ সিলি (Acetum Scillæ)। স্কুইল্ কুট্টিত ২৷৷০ আং জলমিশ্রিত এসেটিক্ এসিড্ ১ পাং। স্কুইল্‌কে সির্কা দ্রবকে ভিজাইয়া লইয়া, ছাঁকিয়া, নিঙড়াইয়া লইবে। পূর্ণ করিতে যথা প্রয়োজন। মাত্রা ১৫—৪০ মিঃ।

২য়। অক্সিমেল্ সিলি (Oxymel Scillæ)। ভিনিগার্ অব্ স্কুইল্ ১ পাং, বিশুদ্ধ মধু ২ পৌঃ। একত্রে মিশাইয়া জলস্বেদন যন্ত্রোতাপে গাঢ় করিবে। মাত্রা ৷৷০—১ ড্রাম।

৩য়। সাইরূপস্ সিলি (Syrupus Scillæ)। ভিনিগার্ অব্ স্কুইল্ ১ পাং, বিশুদ্ধ শর্করা ২৷৷০ পৌঃ। অগ্নিতাপে দ্রব করিবে। মাত্রা ৷৷০—১ ড্রাম।

৪র্থ। টিংচুরা সিলি (Tinctura Scillæ)। স্কুইল কুট্টিত ২৷৷০ আং, প্রুফ্ স্পিরিট্ ১ পাং। যথাবিধি পার্কোলেসন্ দ্বারা প্রস্তুত করিবে। মাত্রা ১০—৩০ মিঃ।

৫ম। প্যাইলুলা সিলি কম্পোজিটা (Pilula Scillæ Composita)। স্কুইল চূর্ণ ১৷০ আং, জিঞ্জার, এমোনায়েকম্ ও কঠিন সাবান প্রত্যেকের চূর্ণ ১ আং, গুড় ২ আং। চূর্ণ গুলিকে মিশাইয়া, গুড় সংযোগে একত্রে মর্দ্দন করিয়া লইবে। মাত্রা ৫—১০ গ্রেণ্।

৬ষ্ঠ। পাইলুলা ইপিক্যাকোয়াস্থ কম্ সিলা। (২৫১ পৃষ্ঠা দেখ।)

মুসব্বর (Aloes)। বৃটিশ ফার্ম্মাকোপিয়ায় দুই প্রকার এলোজ্ গৃহীত হইয়াছে। যথা—

১ম। এলো বার্ব্বেডেন্সিস্ (Aloe Barbadensis) ইহা এলো ভল্‌গেরিস্ নামক বৃক্ষের পত্র কর্ত্তন করিয়া প্রাপ্ত ঘনীভূত রস।

২য়। এলো সকোট্রাইনা (Aloe Socotrina)। এলোয়ি পেরিল নামক বৃক্ষের পত্র কর্ত্তন করিয়া প্রাপ্ত ঘনীভূত রস।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। অস্বচ্ছ, তিক্তাস্বাদ এবং উগ্র সদ্গন্ধযুক্ত। দুই প্রকার এলোতেই, এলোইন্ ও এলোসিন্ নামক বীর্য্য আছে।

ক্রিয়া। অল্পমাত্রায় বলকারক, আমের ও পিত্তনিঃসারক। অধিক মাত্রায় বিরেচক। ইহার ক্রিয়া অন্ত্রের নিম্নাংশের উপর প্রকাশ পায়, ইহা দ্বারা অন্ত্রে বেদনা উপস্থিত করে। এ কারণ ইহা সেবনে অর্শ হইবার আশঙ্কা থাকে। ইহার রজোনিঃসারক গুণও আছে।

আময়িক প্রয়োগ। স্বাভাবিক কোষ্ঠকাঠিন্য ও পুরাতন অজীর্ণ রোগে কলোসিন্থ, স্ক্যামোনি ও রুবার্ব্বের সহিত প্রয়োগে উপকার পাওয়া যায়। ইহা এনিমিক্ দুর্ব্বল স্ত্রীলোকের স্বল্পরজো রোগে উপকারী ; কিন্তু অন্ত্রের প্রদাহ থাকিলে ইহার প্রয়োগ নিষিদ্ধ। ইহার বীর্য্য এলোইন্ সেবনে বিরেচক গুণ প্রকাশ পায় ; কিন্তু ইহা দ্বারা এলোজের ন্যায় উদরে অধিক বেদনা জন্মে না এলোজের মাত্রা ২—৬ গ্রেণ্।

প্রয়োগরূপ। ১ম। এলোইন্ (Aloin)। ইহা এলোজের বীর্য্য। ইহা উভয় প্রকার এলোজেই পাওয়া যায়। মাত্রা ॥০—২ গ্রেণ্।

২য়। এনিমা এলোজ (Enema Aloes)। ইহা উভয় প্রকার এলোজ্ দ্বারা প্রস্তুত হয়। এলোজ্ ৪০ গ্রেণ্, কার্ব্বনেট্ অব্ পটাশিয়ম্ ১৫ গ্রেণ্, শ্বেতসারের মণ্ড ১০ আং। একত্রে মর্দ্দন করিয়া মিশাইবে।

এক্সট্রাক্টম্ এলোজ্ বার্ব্বাডেন্সিস (Extractum Aloes Barbadensis)। বার্ব্বাডোজ্। এলোজ্ ১ পৌং, স্ফুটিত পরিশ্রুত জল ১ গ্যাং। জলে এলোজ্ ফেলিয়া আবর্ত্তন দ্বারা মিশ্রিত করিয়া, ১২ ঘণ্টা রাখিয়া দিবে ; নিম্নে গাদ পড়িলে উপরের স্বচ্ছাংশ ঢালিয়া এবং গাদ নিঙড়াইয়া লইয়া, উভয় দ্রব একত্র করতঃ, বায়ু প্রবাহে গাঢ় করিয়া শুষ্ক করিয়া লইবে। মাত্রা ॥০—২ গ্রেণ্।

৪র্থ। *পাইলুলা এলোজ্ বার্ব্বেডেন্সিস্* (Pilula Aloes Barbadensis)। বার্ব্বেডোজ্ এলোজ্ চূর্ণ ২ আং কঠিন সাবান চূর্ণ ১ আং,

বিলাতী জীরার তৈল ১ ড্রাম, গোলাপের খণ্ড ১ আং। একত্রে মর্দ্দন করিয়া বটিকা প্রস্তুত করিবে। মাত্রা ৫—১০ গ্রেণ্।

৫ম। পাইলুলা এলোজ্ এট্ ফেরি (Pilula Aloes et Ferri)। সল্‌ফেট্ অব্ আয়রণ ১॥০ আং, বার্ব্বেডোজ্ এলোজ চূর্ণ ২ আং, কম্পাউণ্ড পাউডার অব্ সিনামন্ ৩ আং, কন্‌ফেকশন্ অব্ রোজেস্ ৪ আং। একত্রে মর্দ্দন করিয়া লইবে। মাত্রা ৫—১০ গ্রেণ্।

পাইলুলা ক্যাম্বোজিয়ি কম্পোজিটা, পাইলুলা কলোসিস্থিডিস্ কম্পোজিটা, পাইলুলা কলোসিস্থিডিস্ এট্ হাইওসায়েমাইতে বার্ব্বেডোজ এলোজ্ আছে।

সকোট্রিন্ এলোজের প্রযোগরূপ। ১ম। এলোইন্ (Aloin)। মাত্রা ১॥০—২ গ্রেণ্।

২য়। ডিকক্টম্ এলোজ কম্পোজিটম্ (Decoctum Aloes Compositum)। সকোট্রিন্ এলোজের সার ॥০ আং, মার্হ, স্যাফ্রান্ ও কার্ব্বনেট্ অব্ পটাশিয়ম্ প্রত্যেকে ।০ আং, এক্স্‌ট্রাক্ট অব্ লিকোরিস্ ২ আং, কম্পাউণ্ড টিংচার অব্ কার্ডেমম্ ১৫ আং, পরিশ্রুত জল ৫০ আং পূর্ণ করিতে যথা-প্রয়োজন। মাত্রা ॥০—২ আং।

৩য়। এনিমা এলোজ্ (Enema Aloes)।

৪র্থ। এক্স্‌ট্রাক্টম্ এলোজ্ সকোট্রাইনি (Extractum Aloes Socotrinæ)। সকোট্রাইন্ এলোজ্ ১ পৌং, ফুটিত পরিশ্রুত জল ১ আং। মাত্রা ২—৫ গ্রেণ্।

৫ম। পাইলুলা এলোজ্ এট্ এসাফোটিডি (Pilula Aloes et Asafœtidæ)। সকোট্রাইন্ এলোজ্ চূর্ণ ১ আং, হিঙ্গু ১ আং, কঠিন সাবান চূর্ণ ১ আং, কন্‌ফেকশন্ অব্ রোজেস্ ১ আং। একত্রে মর্দ্দন করিয়া বটিকা প্রস্তুত করিবে। মাত্রা ৫—১০ গ্রেণ্।

৬ষ্ঠ। পাইলুলা এলোজ্ এট্ মার্ (Pilula Aloes et Myrrhæ)। সকোট্রাইন্ এলোজ্ চূর্ণ ২ আং, মার ১ আং, শুষ্ক স্যাফ্রন্ ॥০ আং, গুড় ১ আং, গ্লিসিরিন্ যথাপ্রয়োজন। প্রথমোক্ত তিন দ্রব্যকে সূক্ষ্মরূপে চূর্ণ

করিয়া, ছাঁকিয়া লইয়া, গোলাব খণ্ডের সহিত মিশাইবে। মাত্রা ৫—১০ গ্রেণ্।

৭ম। পাইলুলা এলোজ্ সকোট্রাইনি (Pilula Aloes Socotrinæ)। সকোট্রাইন্ এলোজ্ চূর্ণ ২ আং, কঠিন সাবান চূর্ণ ১ আং, জায়ফলের বায়ী তৈল ১ ড্রাম্ কন্‌ফেক্‌শন্ অব রোজেস্ ১ আং। একত্রে মর্দ্দন করিয়া বটিকা প্রস্তুত করিবে। মাত্রা ৫—১০ গ্রেণ্।

৮ম। টিংচুরা এলোজ্ (Tinctura Aloes)। সকোট্রাইন্ এলোজের স্থূল চূর্ণ ।০ আং, যষ্টিমধুর সার ১।০ আং, প্রুফ্ স্পিরিট্ ১ পাইন্ট পূর্ণ করিতে যথাপ্রয়োজন। আবৃত পাত্রে ১৫ আং সুরায় সপ্তাহ কাল ভিজাইয়া রাখিবে ও মধ্যে মধ্যে আলোড়িত করিবে। মাত্রা ১—২ ড্রাম্।

৯ম। ভাইনম্ এলোজ্ (Vinum Aloes)। সকোট্রাইন্ এলোজ্ চূর্ণ ১।০ আং, এলাচের বীজ কুট্টিত ও জিঞ্জার স্থূল কুট্টিত, প্রত্যেকে, ৮০ গ্রেণ্ সেরি ২ পাং। আবৃত পাত্রে সপ্তাহ কাল ভিজাইয়া, ছাঁকিয়া লইবে। মাত্রা ১—২ ড্রাম্।

পাইলুলা রিয়াই কম্পোজিটা ও টিংচুরা বেন্জইনি কম্পোজিটা ও এক্‌স্ট্রাক্টম্ কলোসিন্থিডিস্ কম্পোজিটম্ প্রস্তুত করিতে ইহার আবশ্যকতা হয়।

মেলান্থেসিয়ি (Melanthaceæ) জাতি।

ভিরেট্রাই ভিরিডিস্ রাইজোমা (Veratri Viridis Rhizoma)।

ভিরেট্রম্ ভিরিডি নামক বৃক্ষের শুষ্ক নিরাট কন্দ। আমেরিকায় জন্মে।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। ভিরেট্রম্ এ্যাল্‌বমের ন্যায়, ইহাতে কতকগুলি বীর্য্য আছে, তন্মধ্যে ভিরেট্রিন্ প্রধান।

ক্রিয়া। স্থানিক উগ্রতাসাধক। ইহা সেবনে গলার ভিতর শুষ্ক হইয়া বমন হইয়া থাকে। শোষিত হইয়া হৃৎপিণ্ড, ধমনী ও স্নায়ু সকলের অবসাদন প্রকাশ করে। বিবিধ প্রকার প্রাদাহিক পীড়ায় যথা—বাত, স্বল্পবিরাম জ্বর,

গাউট্ প্রভৃতি রোগে ইহা দ্বারা উপকার পাওয়া যায়। ইহা সেবনে নাড়ীর গতি মন্দ হওয়া, ইহার প্রধান লক্ষণ।

প্রয়োগরূপ। টিংচ্যুরা ভিরেট্রাই ভিরিডিস্ (Tinctura Veratri Viridis)। গ্রিন্ হেলিবোর কন্দ ৪০ নম্বরের চূর্ণ ৪ আং, শোধিত সুরা ১ পাং। যথাবিধি পার্কোলেশন্ দ্বারা প্রস্তুত করিবে। মাত্রা ৫—২০ মিং।

স্যাবাডিলা (Sabadilla); ইং (Cevadilla)। সিবোকলন্ অফিসিনেলিস্ নামক বৃক্ষের শুষ্ক পক্ব বীজ। মেক্সিকোতে জন্মে।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। সরু, কিয়ৎ পরিমাণে চ্যাপ্টা, ।০ ইঞ্চ দীর্ঘ, অত্যন্ত কটু আস্বাদ। ইহাতে ভিরাট্রিয়া নামক বীর্য্য আছে।

ক্রিয়া। অবসাদক। নাসারন্ধ্রের শ্লৈষ্মিক ঝিল্লিতে প্রয়োগে ক্ষুৎকারক। ইহা চর্ম্মের উপর মর্দ্দন করিলে ঐ স্থান উষ্ণ হইয়া চুল্‌কাইতে থাকে। আভ্যন্তরিক প্রয়োগে বিবমিষা, বমন, ভেদ, হস্তপদাদি ঠাণ্ডা, নাড়ীক্ষীণ ও উহার গতি অনিয়মিত হয়। শরীরের উত্তাপের হ্রাস ও পেশী সকলের দৌর্ব্বল্য এবং স্পন্দন হইতে থাকে, অবশেষে আক্ষেপ, হিমাঙ্গ ও মৃত্যু হয়।

মোটর গ্যাংগ্লিয়ার উপর ইহার উত্তেজন ক্রিয়া বিধায় হৃৎপিণ্ডের গতি ক্ষণকালের জন্য দ্রুত হয়; কিন্তু ইহার ক্রিয়া আবার ভেগস্ স্নায়ুর উপর প্রকাশহেতু ঐ উত্তেজন ক্রিয়া বন্ধ হইয়া যায়। ইহা সেবনে ঐচ্ছিক পেশী সকলের স্পন্দন হইয়া থাকে। এমন কি, পেশী সকলের সহিত সংলগ্ন কশেরুকা মজ্জার স্নায়ু সকল কর্ত্তন করিলেও উক্ত পেশীগণের স্পন্দন লক্ষিত হয়।

আময়িক প্রয়োগ। তরুণ বাত, গাউট্, বিসর্প প্রভৃতি রোগে ইহা ব্যবহৃত হয়।

প্রয়োগরূপ। ১ম। ভিরাট্রিনা (Veratrina)। স্যাবাডিলা ৩২ পৌং, শোধিত সুরা, লবণদ্রাবক, এমোনিয়া দ্রব ও পরিস্রুত জল, প্রত্যেকে, যথা-প্রয়োজন, বিশুদ্ধ জান্তব অঙ্গার ৬০ গ্রেন্। আবৃত পাত্রে স্যাভেডিলাকে তাহার অর্দ্ধেক ওজনের ফুটিত পরিস্রুত জলে ২৪ ঘণ্টা কাল ভিজাইয়া রাখিবে। পরে, তাহা উঠাইয়া, উত্তমরূপে নিঙ্ড়াইয়া, মৃদু তাপে শুষ্ক করিয়া কুটিয়া লইয়া বীজ সকল পৃথক করিবে। তৎপরে, বীজ কুটিয়া, শোধিত সুরা

সহযোগে কর্দমাকার করিয়া, পার্কোলেসন্ যন্ত্রে রাখিয়া, যে পর্য্যন্ত না নিস্যন্দিত সুরা বর্ণহীন হয়, ততক্ষণ তাহাতে শোধিত সুরা দিবে। এই নিস্যন্দিত অরিষ্ট চুয়াইয়া ক্রমশঃ গাদ করিবে। নীচে গাদ সংযত হইতে আরম্ভ হইলে, তপ্ত থাকিতে থাকিতে, ইহার দ্বাদশগুণ শীতল পরিশ্রুত জল ইহার সহিত মিশাইয়া ছাঁকিবে। ধৌত জলে এমোনিয়া দিলে ছাঁকুনীতে যাহা অবশিষ্ট থাকিবে, তাহা কিছুই অধঃস্থ না হওয়া পর্য্যন্ত, তাহাকে পরিশ্রুত জল দিয়া ধুইবে। ছাঁকিয়া এবং ছাঁকুনী ধুইয়া যে জল পাওয়া যাইবে, তাহাতে কিঞ্চিৎ অধিক পরিমাণে এমোনিয়া মিশাইয়া রাখিয়া দিলে যাহা অধঃস্থ হইবে, তাহা ছাঁকিয়া লইয়া, যে পর্য্যন্ত না ধৌত জল বর্ণহীন হয়, ততক্ষণ পরিশ্রুত জল সাহায্যে ধৌত করিবে। পরে, ইহাতে ১২ আং পরিশ্রুত জল মিশাইয়া, ক্রমশঃ লবণদ্রাবক সংযোগ করিবে, এবং যে পর্য্যন্ত না ইহাতে কিঞ্চিৎ অম্লত্ব বর্ত্তে, ততক্ষণ আলোড়িত করিবে। তৎপরে, জান্তব অঙ্গার মিশাইয়া, ২০ মিনিট কাল মৃদু তাপ দিয়া ছাঁকিবে। শীতল হইলে কিঞ্চিৎ অধিক মাত্রায় এমোনিয়া দিয়া, যাহা অধঃস্থ হইবে, তাহাকে ছাঁকিয়া, ধৌত জলে যবক্ষার-দ্রাবক-সংযুক্ত নাইট্রেট্ অব্ সিল্ভার্ দিলে কিছুই অধঃস্থ না হওন পর্য্যন্ত, পরিশ্রুত জল দিয়া ধুইবে। অবশেষে শোষক কাগজের উপর রাখিয়া, জল শোষিত হইলে, উত্তাপ দ্বারা শুষ্ক করিবে।

২য়। অঙ্গুয়েন্টম্ ভিরাট্রাইনি (Unguentum Veratrinæ)। ভিরেট্রিন্, ৮ গ্রেণ্; কঠিন প্যারাফিন্, ।০ আং; কোমল প্যারাফিন্, ৸০ আং; জলপাইয়ের তৈল, ১ ড্রাম্। তৈলে ভিরাট্রাইন্ মর্দ্দন করিবে। শীতল হইবার সময় ঘন হইতে আরম্ভ হইলে, উহাতে কঠিন ও কোমল প্যারাফিন্ গলাইয়া থলে, উত্তমরূপে মিশ্রিত করিবে।

কল্‌চিসাই কর্ম্মাস্ এট্ সেমিনা (Colchici Cormus et Semina)।

কল্‌চিকম্ অটম্‌নেল্ নামক বৃক্ষের কন্দ বীজ। ইউরোপ-খণ্ডে জন্মে।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। ইহার বীজ দেখিতে কৃষ্ণ সর্ষপের ন্যায়। কদর্য্যাস্বাদ, ইহার কন্দ ক্ষুদ্র আলুর ন্যায়, পাটলবর্ণ ত্বক্ দ্বারা আচ্ছাদিত.

ইহাকে চাকা চাকা করিয়া কাটিয়া বোতল মধ্যে রাখা হয়। ইহাতে কল্‌-চিসিন্ নামক বীর্য্য আছে।

ক্রিয়া। অল্পমাত্রায় পরিবর্ত্তক, পিত্তনিঃসারক, মূত্রকারক, হৃৎপিণ্ডের অবসাদক, বেদনানিবারক ও স্বেদজনক।

আময়িক প্রয়োগ। বাতরোগে ইহা সেবনে বিশেষ উপকার পাওয়া যায়। ইহা সেবনে বাতরোগের যন্ত্রণা ও ফুলা কমিয়া যায়। কখন কখন ইহা দ্বারা বিরেচন ক্রিয়া উপস্থিত হয়।

কন্দের প্রয়োগরূপ। ১ম। এক্স্‌ট্রাক্টম্ কল্‌চিসাই (Extractum Colchici)। বাহ্যত্বক্ বিহীন কল্‌চিকমের সরস কন্দ ৭ পোঃ। হরিৎসারের ন্যায় প্রস্তুত করিবে। মাত্রা ॥০—২ গ্রেণ্।

২য়। এক্স্‌ট্রাক্টম্ কল্‌চিসাই এসিটিকম্ (Extractum Colchici Aceticum)। বাহ্যত্বক্ বিহীন কল্‌চিকমের সরস কন্দ ৭ পোঃ, এসেটিক্ এসিড্ ৬ আং। মিশাইয়া লইবে। মাত্রা ॥০—২ গ্রেণ্।

৩য়। ভাইনম্ কল্‌চিসাই (Vinum Colchici)। কল্‌চিকম্ কন্দের শুষ্ক চাক্তি ২০ নম্বরের চূর্ণ ৪ আং, সেরি ১ পাং। সপ্তাহ কাল ভিজাইয়া, ছাঁকিয়া লইয়া সেরি সংযোগে ১ পাইণ্ট্ পূর্ণ করিবে। মাত্রা ১০—২০ মিঃ।

বীজের প্রয়োগরূপ। টিংচুরা কল্‌চিসাই সেমিনম্ (Tinctura Colchici Seminum)। কল্‌চিকম্ বীজ অতি সূক্ষ্মরূপে কুট্টিত ২॥০ আং, প্রুফ্-স্পিরিট্ ১ পাং। যথাবিধি পার্কোলেসন্‌ দ্বারা, প্রস্তুত করিবে। মাত্রা ১০—৩০ মিঃ।

গ্রামিনেসিয়ি (Graminaceæ) জাতি।

ফেরিনা ট্রিটিসাই (Farina Tritici)। ট্রিটিকম্ সেটাইভম্ নামক ওষধির বীজ।

ক্রিয়া। পুলটিসের জন্য ব্যবহৃত হয়। স্নিগ্ধকারক ও আবরক।

ক্যাটাপ্লাজ্‌মা ফার্মেন্টাই প্রস্তুত করিতে ইহার আবশ্যক হয়।

মাইকা পেনিস্ (Mica Panis); ইং (Crumb of Bread)।

ক্যাটাপ্লাজ্‌মা কার্ব্বোনিস্ প্রস্তুত করিতে ইহার আবশ্যক হয়।

শ্বেতসার (Amylum)। ট্রিটিকম্ সেটাইভম্ নামক ওষধির বীজ হইতে প্রস্তুত করা হয়।

প্রয়োগরূপ। ১ম। গ্লাইসিরাইনম্ এমিলাই (Glycerinum Amyli); ইং (Glycerine of Starch)। শ্বেতসার ১ আং, গ্লিসিরিন্ ৫ আং, পরিশ্রুত জল ৩ আং। চীন পাত্রে একত্রে মর্দ্দন করিয়া, মিশাইবে। পরে, তাহাতে উত্তাপ প্রয়োগ করিবে, এবং যে পর্য্যন্ত না শ্বেতসার দ্রব হইয়া থক্‌থকে হয়, ততক্ষণ তাহাকে আবর্ত্তিত করিবে। সপোজিটোরিয়া এ্যাসিডাই ট্যানিসাই কম্ সেপোনি, সপোজিটোরিয়া এসিডাই কার্ব্বোলিসাই কম্ সেপোনি ও সপোজিটোরিয়া মর্ফাইনি কম্ সেপোনি প্রস্তুত করিতে ইহার আবশ্যকতা হয়।

২য়। মিউসিলেগো এমিলাই (Mucilago Amyli)। শ্বেতসার ১২০ গ্রেণ, পরিশ্রুত জল ১০ আং। একত্রে মর্দ্দন করিয়া, কয়েক মিনিট ফুটাইয়া লইবে। এমিনা এলোজ্, এমিনা ম্যাগ্‌নিসিয়াই সল্‌ফেটিস্, এমিনা ওপিয়াই ও এমিনা টেরিবিন্থিনি প্রস্তুত করিতে ইহার আবশ্যকতা হয়। পল্‌ভিস্ ট্র্যাগাক্যান্থি কম্পোজিটাসে ষ্টার্চ আছে।

হর্ডিয়ম্ ডিকর্টিকেটম্ (Hordeum Decorticatum); ইং (Pearl Barley)। হর্ডিয়ম্ ডিষ্টিকন্ নামক ওষধির শুষ্ক নিস্তুক বীজ।

ক্রিয়া। স্নিগ্ধকারক ও পোষক।

প্রয়োগরূপ। ডিকক্টম্ হর্ডিয়াই (Decoctum Hordei)। পার্ল্‌ বার্লি ২ আং, পরিশ্রুত জল ১॥০ পাং, ২০ মিনিট ফুটাইয়া শীতল জলে ধৌত করিয়া, ছাঁকিয়া লইবে। মাত্রা ১-৪ আং।

আর্গটা (Ergota); ইং Ergot। সিকেলি সিরিয়েলি নামক

ওষধির বিকৃত শস্য। শস্যে এক প্রকার ফঙ্গস্ জাতীয় উদ্ভিদ্ জন্মে ; সেই হেতু ইহা বিকৃত হয়। ইহা ইউরোপে জন্মে।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। দেখিতে অনেকাংশে যবের ন্যায় শীষবিশিষ্ট। ইহাতে তৈল ও আর্গটিন্ নামক বীর্য্য পাওয়া যায়।

ক্রিয়া। জরায়ু সঙ্কোচক ও রজোনিঃসারক।

পরীক্ষা দ্বারা জানা গিয়াছে যে, ইহা সেবনে ক্ষুদ্র ক্ষুদ্র ধমনীর পেশী সমূহ সঙ্কুচিত হয় ও সেই কারণে ধমনীগণের পরিধির হ্রাস হয়। সেবনের পূর্ব্বে ভাসোমোটর্ স্নায়ু কাটিয়া দিলেও পূর্ব্বোক্ত ক্রিয়ার কোনরূপ ব্যতিক্রম হয় না। ইহা দ্বারা পাল্মোনারি আর্টিরিয়োলস্ (Pulmonary Arterioles) দিগের পরিধিও কুঞ্চিত হয় এবং সেই হেতু সিষ্টেমিক্ ধমনীর রক্তের চাপনের লাঘব হয়। ইহা কশেরুকা মজ্জার শিরা ও ধমন্যাদির পরিধি কুঞ্চিত করে। সেই হেতু জরায়ুর উপর ইহার সঙ্কোচক ক্রিয়া প্রকাশ পায়।

অল্প মাত্রায় অধিক দিন সেবন করিলে, শরীরের নানা স্থান সিনাইল্ গ্যাংগ্রিণের ন্যায় পচিয়া, খসিয়া যাইতে থাকে। ইহার কারণ এই যে, শরীরস্থ সমুদয় ক্ষুদ্র ক্ষুদ্র শিরা ও ধমনীগণের পরিধির কুঞ্চন হেতু ঐ সকল স্থানে রক্ত সঞ্চালনের ব্যাঘাত জন্মে ও সেই হেতু এই পচনক্রিয়া সংসাধিত হয়। অধিক মাত্রায় ইহা দ্বারা বমন, প্রলাপ, তন্দ্রা ও মৃত্যু পর্য্যন্ত ঘটিতে পারে। ইহা সেবনে নাড়ীর পুষ্টি ও দ্রুততার হ্রাস হয়। প্রসবকালে যে স্থলে দেখা যায়, বস্তিকোটর পরিসরবিশিষ্ট এবং জরায়ুর মুখ খুলিয়া গিয়াছে, কিন্তু জরায়ুর সঙ্কোচনাভাবে প্রসবের বিলম্ব হইতেছে, এরূপ স্থলে ইহার তরল সার ১—২ ড্রাম মাত্রায় সেবনে শীঘ্র জরায়ুর সঙ্কোচন-ক্রিয়া বর্দ্ধিতকরতঃ প্রসবের সাহায্য করে। আবার প্রসবান্তে ইহা সেবনে প্রসবান্তিক রক্তস্রাব (Post Partum Hæmorrhage), ভেদাল ব্যাথা (After Pains) দমন হয়।

স্বাভাবিক প্রসব বেদনায় সন্তান ভূমিষ্ঠ না হওয়া পর্য্যন্ত জরায়ু যেরূপ একবার শিথিল ও একবার সঙ্কুচিত হয়, আর্গট্ সেবনে তদ্রূপ না হইয়া কেবল সঙ্কোচন ক্রিয়াই বৃদ্ধি পায়। স্বল্পরজঃ যদি এনিমিয়া ঘটিত না হয়, তাহা হইলে ইহা দ্বারা বিশেষ উপকার পাওয়া যায়। রজোধিক রোগ,

শ্বেতপ্রদর, রক্তোৎকাশ ও রক্তবমনে ইহা দ্বারা সুফল পাওয়া যায়। অধো অঙ্গের তরুণ পক্ষাঘাত ও অন্ত্রের পেশী সকলের শৈথিল্য হেতু কোষ্ঠ কাঠিন্যে ইহা সেবনে উপকার পাওয়া যায়।

জরায়ুমধ্যে অর্ব্বুদাদি রোগে ইহার হাইপোডার্ম্মিক্ প্রয়োগে স্থানিক উগ্রতা জন্মে ও সেই কারণে অর্ব্বুদ বর্জ্জিত হইয়া পড়ে।

প্রয়োগরূপ। ১ম। এক্‌ষ্ট্রাক্টম্ আর্গটি লিকুইডম্ (Extractum Ergotæ Liquidum)। আর্গট্ কুট্টিত ১ পৌং, পরিস্রুত জল ৬ পাং, শোধিত সুরা ৬ আং। আর্গট্‌কে ৪ পাং জলে ১২ ঘণ্টা কাল ভিজাইয়া রাখিবে। যে ফাণ্ট প্রস্তুত হইবে তাহা নির্গত করিয়া, অবশিষ্ট জলে, পুনরায় উহাকে ভিজাইয়া রাখিবে। পরে চাপিয়া নিঙড়াইয়া, জল স্বেদন যন্ত্রোত্তাপে গাঢ় করিয়া ১১ আং করিবে। শীতল হইলে সুরা সংযোগ করিয়া ১ ঘণ্টা কাল রাখিয়া দিবে। পরে সংযোগ হইলে ছাঁকিয়া লইবে। মাত্রা ১০—৩০ মিং।

২য়। ইন্‌ফিউসম্ আর্গটি (Infusum Ergotæ)। আর্গট্ কুট্টিত ।০ আং, ফুটিত পরিস্রুত জল ১০ আং। আবৃত পাত্রে অর্দ্ধ ঘণ্ট কাল ভিজাইয়া, ছাঁকিয়া লইবে। মাত্রা ১—২ আং।

৩য়। টিংচুরা আর্গটি (Tinctura Ergotæ)। আর্গট্ সূক্ষ্মরূপে কুট্টিত ৫ আং, প্রুফ্ স্পিরিট্ ১ পাং। যথাবিধি পার্কোলেসন্ দ্বারা প্রস্তুত করিবে। মাত্রা ৫—৩০ মিং।

৪র্থ। আর্গটাইনাম (Ergotinum)। বিশুদ্ধ আর্গটের সারকে কহে।

প্রস্তুতকরণ। লিকুইড্ এক্ষ্ট্রাক্ট্ অব্ আর্গট্ ও শোধিত সুরা প্রত্যেকে ৪ আং। তরল সারকে জলস্বেদন যন্ত্রোত্তাপে উৎপাতিত করিয়া, পাকের ন্যায় গাঢ় করতঃ, শীতল হইলে, সুরার সহিত মিশাইয়া অর্দ্ধঘণ্টা কাল রাখিয়া দিবে; পরে ছাঁকিয়া দ্রবকে উৎপাতিত করিয়া কোমল সারের ন্যায় গাঢ় করিবে। মাত্রা ২—৫ গ্রেণ্।

প্রয়োগরূপ। ইন্‌জেক্‌শিয়ো আর্গটাইনি হাইপোডার্ম্মিকা (Injectio Ergotini Hypodermica)। আর্গটিন্ ১০০ গ্রেণ্, ক্যাম্ফর ওয়াটার ২০০

ফ্লুইড্ গ্রেণ্। উভয়কে একত্রে আলোড়িত করিয়া দ্রব করিবে। চর্ম্ম নিম্নে পিচকারীর মাত্রা ৩—১০ মিং।

স্যাকেরাম্ পিউরিফিকেটম্ (Saccharum Purificatum)।

স্যাকেরম্ অফিসিনেরম্ (ইক্ষু) নামক ওষধির রসকে বিশুদ্ধ করিয়া প্রস্তুত করা হয়। ইহা ভারতবর্ষে জন্মে।

কন্‌ফেক্‌শিয়ো রোজি কেনাইনি, কন্‌ফেক্‌শিযো রোজি গ্যালিসি, কন্‌ফেক্‌শিযো সেনি, এক্স্‌ট্রাক্টম সার্সি লিকুইডাম, ফেরি কার্বোনাস্ স্যাকারেটা, লাইকর্ ক্যাল্‌সিস্ স্যাকারেটস্, মিক্‌চুরা ফেরিস্ কম্পোজিটস্, মিক্‌চুরা গোয়েসাই, মিক্‌চুরা স্পিরিটস্ ভাইনাই গ্যালিসাই, পাইলুলা ফেরিস্ আইয়োডিডাই, পল্‌ভিস্ এমিগ্‌ডেলি কম্পোজিটস্, পল্‌ভিস্ ক্রিটি এরোমেটিকস্, পল্‌ভিস্ গ্লাইসেরিজি কম্পোজিটস্, পল্‌ভিস্ ট্রাগাক্যান্থি কম্পোজিটস, সোডিয়াই সাইট্রো টার্টাস্ এফারভেসেন্স্ ও ফার্মাকোপিয়ার সমুদয় সিরাপ ও চাক্তি প্রস্তুত করিতে ইহা ব্যবহৃত হয়।

ক্রিয়া। স্নিগ্ধকারক ও শৈত্যকারক। অন্যান্য ঔষধের কদর্য্য আস্বাদ দূর করিতে ব্যবহৃত হয়।

প্রয়োগরূপ। সাইরূপস্ (Syrupus); ইং Syrup। বিশুদ্ধ শর্করা ৫ পৌং, পরিস্রুত জল ২ পাং। পরিস্রুত জলে দ্রব করিয়া লইয়া, জল সংযোগে ৭।০ পৌং করিবে। কন্‌ফেক্‌শিযো ওপিয়াই, কন্‌ফেক্‌শিয়ো স্ক্যামোনিয়াই, মিক্‌চুরা ক্রিয়াজোটাই মিক্‌চুরা ক্রিটি পাইলুলা ক্যাম্বোজিয়ি কম্পোজিটা, সাইরূপস্ অরেন্সিয়াই, সাইরূপস্ ক্লোরাল্, সাইরূপস্ জিঞ্জিবারিস্ টিংচুরা ক্লোরোফর্মাই এট্ মর্ফাইনি প্রস্তুত করিতে ইহার আবশ্যকতা হয়।

গুড় (Theriaca) ; ইং Treacle। বিশুদ্ধ শর্করা প্রস্তুতের পর যে গাঢ় লোহিতবর্ণ পদার্থ অবশিষ্ট থাকে তাহাকে "গুড়" কহে।

ক্রিয়া। মৃদুবিরেচক। টিংচুরা ক্লোরোফর্মাই এট্ মর্ফাইনি ও বিবিধ প্রকার বটিকা প্রস্তুত করিতে ইহার আবশ্যকতা হয়।

সিলাষ্ট্রেসিয়ি (Sylastraceæ) জাতি।

ইউনিমাই কর্টেক্স্ (Euonymi Cortex)। ইউনিমস্ এট্রোপা-পিউরিয়স্ নামক বৃক্ষের শুষ্ক মূলের বল্কল।

স্বরূপ। নলাকারে গুটিত বা বক্র খণ্ড সকল, বাহ্যপ্রদেশ ধূসরবর্ণ, অভ্যন্তর প্রদেশ পিঙ্গলবর্ণ, বিশেষ গন্ধযুক্ত, তিক্ত ও ঈষৎ তীব্র আস্বাদ।

ক্রিয়া। বলকারক, পিত্তনিঃসারক, মৃদুবিরেচক ও মূত্রকারক।

আময়িক প্রয়োগ। যকৃতের ক্রিয়াবিকার জনিত শিরঃপীড়া ও কোষ্ঠ কাঠিন্যে ইহা সেবনে বিশেষ উপকার পাওয়া যায়।

প্রয়োগরূপ। ১ম। এক্স্ট্র্যাক্টম্ ইউনিমাই সিকম্ (Extractum Euonymi Siccum)। ইউনিমস্ বল্কল ২০ নম্বরের চূর্ণ ১ পৌং, শোধিত সুরা, পরিস্রুত জল ও সুগার অব্ মিল্ক্ প্রত্যেকের যথাপ্রয়োজন। ইউনি-মস্‌কে সমান পরিমাণ শোধিত সুরা এবং পরিস্রুত জলের ৮ আং মিশ্রণে ভিজাইবে। পরে পার্কোলেসন্ যন্ত্র মধ্যে রাখিয়া, যে পর্য্যন্ত না ইউনিমস্ নিঃশেষিত হয়, সে পর্য্যন্ত তাহাতে ক্রমশঃ জলমিশ্র সুরা প্রয়োগ করিবে। নিঃসৃত দ্রব সংগ্রহ করিবে এবং সুরা উৎপাতিত করিবে বা চুয়াইয়া ফেলিবে। যে সার প্রস্তুত হইতে থাকিবে, তাহাতে তরল অবস্থায় এ পরিমাণে ক্ষীর শর্করা সংযোগ করিবে যে, পরিশেষে যে চূর্ণ প্রস্তুত হইবে, তাহাতে শতকরা ৮০ অংশ শুষ্ক সার থাকে। অনন্তর জলবেদনী যন্ত্রোত্তাপে উৎপাতিত করিবে, যতক্ষণ না মিশ্র শীতল হইলে ভঙ্গুর হয়। পরিশেষে ঐ পিণ্ডকে চূর্ণ করিয়া বোতলে উত্তমরূপে আবদ্ধ করিয়া রাখিবে। ইহার অন্য নাম ইউনোমিন্। মাত্রা ১—৪ গ্রেণ্।

হেমামেলাসিয়ি (Hamamelecæ) জাতি।

হেমেমেলিডিস্ কর্টেক্স্ এট্ ফোলিয়া (Hamamelidis Cortex et Folia)। হেমেমেলিস্ ভার্জিনিকা নামক বৃক্ষের শুষ্ক বল্কল ও পত্র। মার্কিন্ খণ্ডে জন্মে।

স্বরূপ। মূল নলাকারে গুটিত ঈষৎ বক্র অভ্যন্তর প্রদেশ দারুচিনির ন্যায়, ঈষৎ কষায় আস্বাদ, পত্র সকল ক্ষুদ্র বৃন্তযুক্ত অণ্ডাকার, স্থূলাগ্র, ঈষৎ গন্ধযুক্ত, কষায় ও তিক্তাস্বাদ।

ক্রিয়া। সঙ্কোচক ও রক্তরোধক।

আময়িক প্রয়োগ। আভ্যন্তরিক বিবিধ প্রকার রক্তস্রাবে, যথা, রক্তোৎকাশ, রক্তবমন, রক্তামাশয, প্রসবান্তিক রক্তস্রাব প্রভৃতি বিবিধ পীড়ায় ইহা উপযোগী।

পত্রের প্রয়োগরূপ। ১ম। এক্স্‌ট্রাক্টম্ হেমেমেলিডিস্ লিকুইডম্ (Extractum Hamamelidis Liquidum)। হেমেমেলিস্ পত্র ৪০ নম্বরের চূর্ণ ২০ আং, শোধিত সুরা ও পরিশ্রুত জল, প্রত্যেকে যথাপ্রয়োজন। চূর্ণকে ১ ভাগ শোধিত সুরা ও ২ ভাগ পরিশ্রুত জলের ৮ আং মিশ্রে ভিজাইয়া পার্কোলেসন যন্ত্রে সিক্ত করিয়া স্থাপন করিবে। মাত্রা ২—৫ মিং।

২য়। অঙ্গুয়েন্টম্ হেমেমেলিডিস্ (Unguentum Hamamelidis) লিকুইড্ এক্স্‌ট্রাক্ট্ অব্ হেমেমেলিস্ ৫০ মিং, সিম্পিল্ অয়েন্টমেন্ট ৪১০ গ্রেণ্। উত্তমরূপে মিশাইয়া লইবে।

মূলের প্রয়োগরূপ। ১ম। টিংচারা হেমেমেলিডিস্ (Tinctura Hamamelidis)। হেমেমেলিসের বল্কল ২০ নম্বরের চূর্ণ ২ আং, প্রুফ্ স্পিরিট্ ১ প্যাইন্ট্ পূর্ণ করিতে যথাপ্রয়োজন। মাত্রা ৫—৬০ মিং।

এপোনেসিয়ি (Aponaceæ) জাতি।

ষ্ট্রোফান্থাস্ (Strophanthus)। ষ্ট্রোফান্থাস্ হিস্পিডস্ নামক লতার শোঁয়াবিহীন বীজ। আফ্রিকায় জন্মে।

স্বরূপ। অণ্ডাকার, ক্রমশঃ সূক্ষ্ম অগ্রভাগ, পার্শ্বদেশ চ্যাপ্টা, বিশেষ গন্ধ ও সাতিশয় তিক্তাস্বাদযুক্ত। ইহাতে ষ্ট্রোফান্থিন্ ও ইনিইন্ নামক বীর্য্য আছে।

ক্রিয়া। অল্প মাত্রায় হৃৎপিণ্ডের বলকারক ও মূত্রকারক। বিষমাত্রায় প্রয়োগে হৃৎপিণ্ডের ক্রিয়া একেবারে লোপ পাইয়া মৃত্যু ঘটে।

আময়িক প্রয়োগ। হৃৎপিণ্ডের মেদাপকৃষ্টতা, অবষ্ট্রকশন্ (Obstruction) ও দৌর্ব্বল্যে ইহা দ্বারা উপকার পাওয়া যায়। কলেরায় ইহা বিশেষ উপকারী।

প্রয়োগরূপ। টিংচ্যুরা ষ্ট্রোপান্থাই (Tinctura Strophanthi)। ষ্ট্রোপন্থাস্ (৩০ নম্বরের চূর্ণ ও ১০০ ডিগ্রি ফারণ্‌হিটে শুষ্কীকৃত) ১ আং, বিশুদ্ধ ইথার যথাপ্রয়োজন ও শোধিত সুরা ২০ অ উন্স পূর্ণ করিতে যথা-প্রয়োজন। চূর্ণকে পার্কোলেসন্ যন্ত্রে, ইথার দ্বারা ভিজাইয়া রাখিবে। চব্বিশ ঘণ্টা কাল রাখিয়া, নির্গতদ্রব বর্ণহীন হওয়া পর্য্যন্ত, প্রক্রিয়া হইতে দিবে এবং ইহার সংযোগ করিতে থাকিবে। পরে পার্কোলেসন্ যন্ত্র হইতে বাহির করিয়া ১২০ তাপাংশের উত্তাপে শুষ্ক করিয়া লইবে। পুনরায় উহাকে চূর্ণ করিয়া, পার্কোলেসন্ যন্ত্রে পুনঃস্থাপন করতঃ, শোধিত সুরা সংযোগে ৪৯ ঘণ্টা ভিজাইয়া রাখিবে। অনন্তর অর্দ্ধ পাঃ অরিষ্ট নির্গত হওন পর্য্যন্ত সুরা দ্বারা ধীরে ধীরে পার্কোলেট্ করিবে। অবশেষে সুরা সংযোগে ১ পাঃ পূর্ণ করিবে। মাত্রা ২—২০ মিঃ।

ফিলিসিস্ (Filices) জাতি।

ফিলিক্স্ মাস্ (Filix Mas); ইং (Male Fern)। এস্পিডিয়ম্

ফিলিক্স্ মাস্ নামক বৃক্ষের কন্দ। ইউরোপ খণ্ডে জন্মে। কন্দ এক বৎসরের অধিক থাকিলে নষ্ট হইয়া যায়।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। ৩—৬ ইঞ্চ দীর্ঘ, ব্যাস ১ ইঞ্চ পর্য্যন্ত; অনেক পরিমাণে হরিদ্রা বর্ণ, কোমল শল্কদ্বারা আচ্ছাদিত, দুর্গন্ধযুক্ত তিক্ত আস্বাদ। ইহাতে বায়বী ও স্থায়ী তৈল এবং ধুনা আছে।

ক্রিয়া। কৃমিনাশক। ইহা সেবনে কৃমি সকল বিনষ্ট হইয়া অন্ত্র হইতে বাহির হইয়া যায়। ফিতার ন্যায় কৃমিরোগে ইহা বিশেষ উপকারক। ইহা শূন্যোদরে সেবন করাইবে ও ২।৩ ঘণ্টা পরে মৃদুবিরেচক প্রয়োগ করিবে। মাত্রা ১—২ ড্রাম।

প্রয়োগরূপ। এক্সট্রাক্টম্ ফিলিসিস্ লিকুইডম্ (Extractum Filicis

Liquidum)। মেলকার্ণ স্থূল চূর্ণ ২ পৌং, ইথার ৪ পাঃ। পার্কোলেশন্ দ্বারা কার্ণরুট্‌কে অসার করিয়া, জলস্বেদন যন্ত্র সাহায্যে এই অরিষ্টকে ইথারশোষণ দ্বারা তৈলবৎ করিবে। মাত্রা ১৫—৩০ মিঃ।

লাইকেনিস্ (Lichenes) জাতি।

সিট্রেরিয়া (Cetraria); ইং (Iceland Moss) সিট্রেরিয়া আইস্‌ল্যাণ্ড্ নামক শৈবাল বিশেষ। আইস্‌ল্যাণ্ডে জন্মে।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। দেখিতে পত্রের ন্যায়, স্থূল, ধূসবর্ণ ও তিক্ত আস্বাদ। ইহাতে সিট্রেরিক্ এসিড্, গঁদ. শর্করা এবং সার আছে।

ক্রিয়া। স্নিগ্ধকারক, পোষক ও বলকারক. ইহার সিট্রেরিক্ এসিড্ কুইনাইনের পরিবর্ত্তে পর্য্যায়নাশক বলিয়া ব্যবহৃত হয় এবং সিট্রেরিয়ার তিক্ত সার বাহির করিয়া, সিট্রেরিয়াকে স্থানীয় অধিবাসীরা ভক্ষ্য দ্রব্যরূপে ব্যবহার করে।

প্রয়োগরূপ। ডিকক্টম্ সিট্রেরিরি (Decoctum Cetrariæ)। আইস্‌ল্যাণ্ড্ মস্ ১ পৌং, পরিশ্রুত জল ১ পাঃ। ১০ মিনিট ফুটাইয়া প্রস্তুত করিবে। মাত্রা ১—৪ আং।

পঞ্চম অধ্যায়।

জান্তব ঔষধ শ্রেণী (ANIMAL KINGDOM)।

ম্যামেলিয়া (Mammalia) উপশ্রেণী।

জাতি; রোমন্থক (Ruminantia)।

মৃগনাভি (Moschus), ইং (Musk)। মস্কস্ মস্কিফারস্ নামক

মৃগ বিশেষের নাভির পশ্চাৎ ও লিঙ্গের আবরক চর্ম্মে সম্মুখস্থিত কোষ মধ্যে ইহা পাওয়া যায়। তিব্বত ও চিন দেশে এই মৃগের বাসস্থান।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। কোষ দেখিতে গোলাকার, ২ ইঞ্চ ব্যাস, একধার রোমাবৃত, অপর ধার রোমবিহীন। প্রতি কোষ মধ্যে প্রায় ১০০ হইতে ২০০ গ্রেণ্ ছোট এলাচের দানার ন্যায় মৃগনাভি পাওয়া যায়। অত্যন্ত সুগন্ধযুক্ত, তিক্তাস্বাদ। ইহাতে বায়ীতৈল, এমোনিয়া, ষ্টিরিণ, ওলিইন্ ও বিবিধ লবণ পাওয়া যায়।

ক্রিয়া। উত্তেজক; আক্ষেপনিবারক, বায়ুনাশক, কামোদ্দীপক ও মূত্রকারক। মাত্রা ৫—১০০ গ্রেণ্।

আময়িক প্রয়োগ। সমুদয় সাংঘাতিক পীড়ার আবসন্নাবস্থায় জীবনী-শক্তিকে উন্নত করিতে ইহা বিশেষ উপযোগী। ইহার আক্ষেপজনক গুণ থাকাতে হিষ্টিরিয়া, এপিলেপ্সি, টাইফয়েড্, নিউমোনিয়া প্রভৃতি দুর্ব্বলকারক পীড়ায় উত্তেজক বলিয়া ব্যবহৃত হয়। হিক্কা ও বিসূচিকা রোগের পতনা-বস্থায় ইহার ব্যবহারে ফল লাভ হয়। এরূপ অবস্থায় ৩/৪ গ্রেণ্ মৃগনাভি ১ গ্রেণ্ কর্পূরের সহিত ২।৩ ঘণ্টা অন্তর সেবন করাইলে বিশেষ উপকার পাওয়া যায়।

প্রয়োগরূপ। টিংচ্যার্ মস্কাই (Tiucture Muschi) মৃগনাভি ১২০ গ্রেণ্; শোধিত সুরা ১ পাং) বৃটিশ্ ফার্ম্মাকোপিয়াতে গৃহীত হয় নাই।

১০ হইতে ৩০ মিনিম্ মাত্রায় ব্যবহৃত হয়।

মেষের বসা (Sevum Præparatum); ইং (Prepared Suet)।

মেষের উদর-গহ্বরস্থিত বসাকে উত্তাপ দ্বারা ছাঁকিয়া লইয়া প্রস্তুত হয়।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। দেখিতে শ্বেতবর্ণ, মসৃণ ও গন্ধহীন। ইহাতে ষ্টিয়ারিণ, ওলিইন্, মার্গারিণ নামক স্নৈহিক বীর্য্য আছে। ইহা এমোনিয়াইম্ ফস্ফ্যারাইডিন ও অনুমেইম্ হাইড্রোজিনে আছে।

ক্রিয়া। স্নিগ্ধকারক। পুল্‌টিসের সহিত ব্যবহৃত হয়।

দুগ্ধ (Lac); ইং Milk। গাভীর (Bos. Taurus) টাট্‌কা দুগ্ধ। মিস্চুরা অ্যামোনিয়াই প্রস্তুত করিতে ইহা ব্যবহৃত হয়।

ক্ষীরশর্করা (Saccharum Lactis); ইং Sugar of Milk। দুগ্ধ হইতে ছানা প্রস্তুতের পর যে ঘোল থাকে, তাহাকে গাঢ় করিয়া, উহাতে এক খণ্ড কাষ্ঠ বা রজ্জু ফেলিয়া দিলে তদুপরি যে শর্করার দানা পড়ে, তাহাকে ক্ষীরশর্করা কহে।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। দানাযুক্ত ধূসরবর্ণ পদার্থ; মিষ্টাস্বাদ।

ক্রিয়া। স্নিগ্ধকারক, কোন কোন বালককে স্তনদুগ্ধের পরিবর্ত্তে ইহা গোদুগ্ধের সহিত পান করিতে দেওয়া হয়। ইহা পল্‌ভিস্ ইলাটিরিণি কম্পোজিটা প্রস্তুত করিতে আবশ্যক হয়।

বিশুদ্ধ বৃষপিত্ত (Fel Bovinum Purificatum); ইং Purified OxBile।

প্রস্তুত করণ। টাট্‌কা বৃষপিত্ত ১ পাঃ, শোধিত সুরা যথাপ্রয়োজন। বৃষপিত্তকে গাঢ় করিয়া ৫ আং করতঃ, একটী বোতলে অর্দ্ধ পাঃ সুরার সহিত আবর্ত্তন দ্বারা মিশাইয়া, রাখিয়া দিয়া ১২ ঘণ্টার পর উপরের পরিষ্কার দ্রব ঢালিয়া লইবে এবং অবশিষ্ট অংশকে ছাঁকিয়া ও ছাঁকুনীতে আরও কিছু সুরা দিয়া ধৌত করিয়া, উভয় দ্রবকে মিশ্রিত করতঃ, উহার সুরা চুয়াইয়া ফেলিবে। যাহা অবশিষ্ট থাকিবে, তাহা চীনপাত্রে জল-স্বেদন যন্ত্রোত্তাপে গাঢ় করিয়া উদ্ভিজ্জ সারের ন্যায় ঘন প্রাপ্ত করাইবে।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। পীতাভ হরিদ্বর্ণ, বিশেষ গন্ধযুক্ত, মিষ্ট ও তিক্তাস্বাদ, জল ও সুরাতে দ্রবনীয়।

ক্রিয়া। বিরেচক, পিত্তনিঃসারক ও আগ্নেয়।

আময়িক প্রয়োগ। কোষ্ঠবদ্ধ রোগে পিত্তঃনিঃসরণ ক্রিয়ার হ্রাসতাপ্রযুক্ত কোষ্ঠ কাঠিন্যে ইহা বিশেষ উপকারী। পরিপাকযন্ত্রের বিবিধ পীড়ায়

বিশেষতঃ যে স্থলে আহারের পর বমন হয়, তথায় ইহা দ্বারা বিশেষ উপকার পাওয়া যায়। মাত্রা ৫—১০ গ্রেণ্।

পেপ্সিন্ (Pepsin)। মেষ, গো বা শূকর শাবকের সুস্থ সদ্য পাকাশয়ের শ্লৈষ্মিক ঝিল্লি হইতে প্রস্তুতীকৃত পদার্থ।

প্রস্তুতকরণ। এই সকল জন্তুকে বিনাশ করিয়া উহাদিগের পাকাশয় কাটিয়া বাহির করিবে ও পাকাশয়স্থ ভক্ষ্যদ্রব্য সকল ফেলিয়া দিয়া শ্লৈষ্মিক ঝিল্লিকে শীতল জলে ধৌত করিবে। পরে শ্লৈষ্মিক ঝিল্লি সকলকে ভোঁতা ছুরি দ্বারা চাঁচিয়া লইবে ও তৎপরে চাঁচনিগুলিকে কাচ বা পোর্শিলিন্ পাত্রে ১০০ ফারণ্হিট উত্তাপে শুষ্ক করিয়া লইবে; শুষ্ক হইলে চূর্ণাকারে কুটিয়া বোতল মধ্যে রাখিবে।

ক্রিয়া। পাচক। অজীর্ণ রোগে ইহা বিশেষ উপযোগী। মাত্রা ২—৫ গ্রেণ। আহারের সহিত ব্যবস্থা করিবে।

প্যাকিডার্ম্মেটা (Pachydermata) জাতি।

বিশুদ্ধ শূকরের বসা (Adeps Præparatus); ইং Prepared Lard। শূকরের উদর-গহ্বরস্থ বসা, জলস্বেদনযন্ত্রের উত্তাপে দ্রব করিয়া ছাঁকিয়া লইয়া ইহা প্রস্তুত করা হয়।

স্বরূপ। শ্বেতবর্ণ, গন্ধহীন, কোমল পদার্থ। ইহাতে ষ্টিরিন্, পালমেটিন্ ও ওলিইন্ নামক পদার্থ আছে।

ক্রিয়া। স্নিগ্ধকারক ও আবরক। হাম, বসন্ত, স্কার্লেট্ ফিভার্, বিসর্প প্রভৃতি রোগে স্নিগ্ধকরণার্থ মর্দ্দন করা হয়। হাইড্রার্জ্জিরাই, হাইড্রার্জ্জিরাই নাইট্রেটিস্ আইয়োডিডাই, টেরিবিস্থিনি প্রভৃতির মলম ও এম্প্ল্যাষ্ট্রম্ ক্যান্থারাইডিস্ প্রস্তুত করিতে বিশুদ্ধ শূকরের বসার আবশ্যক হয়।

প্রয়োগরূপ। ১ম। এ্যাডেপ্স্ বেঞ্জোয়েটস্ (Adeps Benzoatus)। বিশুদ্ধ শূকরের বসা ১ পৌং, বেঞ্জোইন্ স্থূল চূর্ণ ১৪০ গ্রেণ্। জলস্বেদন যন্ত্রো-

তাপে বসা গলাইয়া, তাহাতে বেঞ্জোইন্ সংযোগ করিয়া আবর্ত্তিত করতঃ ৩ ঘণ্টার পর ছাঁকিয়া লইবে। একোনিটাইনি, এট্রোপাইনি, বেলেডোনি, ক্যালামিনি, ক্রাইসেরোবিনি, গ্যালি, হাইড্রার্জিরাই সব্‌ক্লোরাইডি, আইয়োডোফর্ম্যাই, প্লম্বাই এসিটেটিস্ পটাশিয়াই আইয়োডিডাই, সেবাইনি, ষ্ট্যাফিস্যাগ্রিয়ি, সল্‌ফিউরিস্ ও জিঙ্কাই প্রভৃতির মলম প্রস্তুত করিতে ইহার আবশ্যকতা হয়।

২য়। অঙ্গুয়েন্টম্ সিম্‌প্লেক্স (Unguentum Simplex)। শ্বেতমোম্ ২ আং, বেঞ্জোয়েটেড্ লার্ড ৩ আং, বাদামের তৈল ৩ আং। জলস্বেদন যন্ত্রোত্তাপে দ্রব করিয়া লইবে। এণ্টিমোনিয়াই টার্টারেটাই, ক্রিয়োজোটাই এলিমি, হাইড্রার্জিরাই এমোনিয়েটাই, হাইড্রার্জিরাই আইয়োডিডাই রুব্রাই, প্লম্বাই কার্ব্বোনেটিস, প্লম্বাই আইয়োডিডাই, রেজাইনি প্রভৃতির মলম প্রস্তুত করিতে সিম্পিল্ অয়েণ্টমেণ্টের আবশ্যকতা হয়।

এ্যাডেপ্স্ লেনি (Adeps Lanæ); ইং Wool Fat। মেষের লোমের বসা হইতে প্রস্তুত বিশুদ্ধ কোলেষ্ট্রেন্।

প্রয়োগরূপ। এ্যাডেপ্স্ লেনি হাইড্রোসস্ (Adeps Lanæ Hydrosus); ইং Lanoline। মেষের লোমের চর্ব্বি ৭ আং, পরিস্রুত জল ৩ আং। চর্ব্বিকে উত্তপ্ত খলে গলাইয়া, আলোড়ন দ্বারা ক্রমশঃ এবং উত্তমরূপে মিশাইয়া লইবে। অঙ্গুয়েন্টম্ কোনিয়াই প্রস্তুত করিতে ইহা ব্যবহৃত হয়।

ক্রিয়া। ইহা সহজে ও সত্বর চর্ম্মে শোষিত হয়। এই নিমিত্ত অন্যান্য ঔষধের সহিত ইহা মলমাকারে ব্যবহৃত হয়।

সিটেসিয়া (Cetacea) জাতি।

তিমিরবসা (Cetaceum); ইং Spermaceti। ফাইসিটর ম্যাক্রোক্যাফেলস্ নামক তিমির মস্তকস্থিত বসা। ভারত সমুদ্র ও প্রশান্ত মহাসাগরে ইহারা বাস করে।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। শ্বেতবর্ণ দানাযুক্ত, গন্ধাস্বাদ রহিত, জলে ও সুরাতে অদ্রবনীয়, উষ্ণ ইথারে দ্রব হয়।

ক্রিয়া। স্নিগ্ধকারক।

প্রয়োগরূপ। অঙ্গুয়েন্টম্ সিটেসিয়াই (Unguentum Cetacei)। তিমির বসা ৫ আং, শ্বেতমোম ২ আং, বাদামের তৈল ১০ পাং, বেঞ্জোইন্ স্থূল চূর্ণ ।০ আং। চার্টা এপিস্প্যাষ্টিকা প্রস্তুত করিতে ইহার আবশ্যকতা হয়।

এভিস্ (Aves) জাতি।

অণ্ডলাল (Ovi Albumen) ; ইং Egg Albumen।

ডিম্ব কুসুম (Ovi Vitellus) ; ইং Yolk of egg। মিশ্চুরা ভাইনাই গ্যালিসাই প্রস্তুত করিতে ইহা ব্যবহৃত হয়।

উভয়ের ক্রিয়া। রসকর্পূর প্রভৃতি উগ্র ঔষধ সেবনে বিষাক্ত হইলে অণ্ডলাল দ্বারা উহাদের বিষ নাশ হয়। ইহা ভিন্ন ইহাদের বলকারক গুণ ও আছে। ক্ষতাদিতে ইহাদের সহিত ফটকিরির চূর্ণ মিশ্রিত করিয়া প্রয়োগ করিলে উপকার দর্শে।

পাইসেস্ (Pisces) জাতি।

কড্‌লিভার্ অয়েল্ (Oleum Morrhuæ) ; ইং Codliver Oil। গ্যাডস্ মর্হুয়া নামক মৎস্যের যকৃত হইতে প্রস্তুতীকৃত তৈল। ১৮০ ফারেন্‌হিট্ উত্তাপে যকৃতকে উত্তপ্ত করিয়া এই তৈল বাহির করা হয়।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। পাণ্ডু বা পাটলবর্ণ মৎস্যগন্ধযুক্ত তৈল, সুরাবীর্য্যে অল্প দ্রব হয়, ইথারে সম্পূর্ণরূপে দ্রব হয়। ইহাতে অল্প পরিমাণে আইয়োডিন্ ও ব্রোমিন্ আছে।

ক্রিয়া। পরিবর্ত্তক, বলকারক, সংস্কারক ও পোষক। ইহা সেবনে ক্ষুধা বৃদ্ধি হয় ; রক্তহীন রোগী ইহা সেবন করিলে রক্তের পরিমাণের ও শোণিত-কণিকার বৃদ্ধি হয় ; কিন্তু কি কারণে যে ঐরূপ হয়, তাহা অদ্যাপি স্থিরীকৃত হয় নাই। ক্ষয়কাশ, গণ্ডমালা প্রভৃতি বিবিধ ক্ষয়কারী পীড়ায় ইহা

সেবনে বিশেষ উপকার পাওয়া যায়। বিবিধ চর্ম্ম ও সন্ধির পুরাতন প্রদাহে ইহা মর্দ্দন রূপে ব্যবহার করা হয়। মাত্রা ১—৮ ড্রাম্। অল্পমাত্রায় আরম্ভ করিয়া ক্রমশঃ মাত্রা বৃদ্ধি করিবে।

ট্রাইমেথিল্যামিন্ (Trimethylamin)। ইহা বৃটিশ ফার্ম্মাকোপিয়ায় গৃহীত নহে। প্রতিসংজ্ঞা। হাইড্রোক্লোরেট্ অব্ ট্রাইমেথিল্যামিন্।

প্রস্তুত করণ। আইয়োডাইড্ অব্ টেট্রামিথিল এমোনিয়ম্‌কে উত্তাপ দ্বারা প্রস্তুত করা হয়।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। সূচ্যাকার, দানাযুক্ত, অত্যন্ত জলশোষক, জল ও সুরাবীর্য্যে দ্রব হয়।

ক্রিয়া। ইহা সেবনে শরীরের উত্তাপ ও নাড়ীর গতি মন্দ হয়। ইহা মূত্রকারক। অধিক মাত্রায় সেবনে স্পর্শ বোধের লোপ, তন্দ্রা, আক্ষেপ ও মৃত্যু পর্য্যন্ত হইতে পারে।

আময়িক প্রয়োগ। তরুণ বাত রোগে ইহা সেবনে বিশেষ উপকার পাওয়া যায়। বাত রোগে ইহার মলম বা মর্দ্দন বাহ্যপ্রয়োগার্থ ব্যবহৃত হয়। মাত্রা ২—৩ গ্রেণ্।

হাইমেন্অপ্টারা (Hymenoptera) জাতি।

মধু (Mel); ইং Honey। ইহা মধুচক্র হইতে প্রাপ্ত হওয়া যায়।

প্রস্তুত করণ। জলস্বেদন যন্ত্র দ্বারা ইহাকে গলাইয়া শোধিত করা হয়। শোধিত মধুকে মেল্ ডেপোরেটম্ (Mel Depuratum) কহে। পাইপারিস্, এ্যামোনিয়াই, টেরিবিস্থিনি প্রভৃতির খণ্ড, মেল বোরেসিস্, অক্সিমেল্ ও অক্সিমেল্ সিলি প্রস্তুত করিতে বিশুদ্ধ মধুর আবশ্যক হয়।

ক্রিয়া। স্নিগ্ধকারক ও অধিক মাত্রায় বিরেচক।

প্রয়োগরূপ। অক্সিমেল্ (Oxymel)। বিশুদ্ধ মধু ৪০ আং, এসিটিক্ এসিড্ ও পরিস্রুত জল, প্রত্যেকে, ৫ আং। অগ্নিতাপে মধু দ্রব করিয়া, সির্কা দ্রাবক ও জল মিশ্রিত করিবে। মাত্রা ১—২ ড্রাম।

পীতমোম (Cera Flava) ; ইং Yellow Wax। মধুচক্র হইতে ইহা প্রস্তুত করা হয়।

প্রয়োগরূপ। সিরা অ্যাল্‌বা (Cera Alba), ইং White Wax। পীত মোমের বর্ণ বিচ্যুত করিয়া ইহা প্রস্তুত করা হয়। ইহাতে মাইরোসিন্, ও সিরোলিন্ নামক পদার্থ বিশেষ আছে। চার্টা এপিস্প্যাষ্টিকা, অঙ্গুয়েন্টম্ সিটেসিয়িও সিম্পিল অয়েন্টমেন্ট, প্রস্তুত করিতে শ্বেত মোমের আবশ্যক হয়। ক্যালিফেসিয়েন্স্ ক্যান্থারাইডিস্, গ্যাল্ বেনাই, পাইস্লিস্, স্যাপোনিস্ ফক্সম্ প্রভৃতির পলস্তা, পাইলুলা ফক্সাই, ক্যান্থারাইডিস্, হাইড্রার্জিরাই কম্পোজিটম্, পাইসিস্ লিকুইডি, রেজাইনি, সেভাইনি ও টেরিবিন্থিনি প্রভৃতির মলম প্রস্তুত করিতে পীত মোমের আবশ্যক হয়।

হেমিপ্ট্যারা (Hemiptera) জাতি।

ক্রিমিদানা (Coccus) ; ইং Cochineal। কক্কস্ ক্যাক্টাই নামক স্ত্রী পতঙ্গ। ফার্মাকোপিয়ায় ইহা লোহিত বর্ণের জন্য ব্যবহৃত হয়।

প্রয়োগরূপ। টিংচ্যুরা ককাই (Tinctura Cocci)। কোচিনীল চূর্ণ ২।০ আং প্রুফ স্পিরিট ১ পাং। আবৃত পাত্রে সপ্তাহ কাল ভিজাইয়া নিঙড়াইয়া ছাঁকিয়া লইবে।

টিংচ্যুরা কর্ডেমোমাই কম্পোজিটা ও টিংচ্যুরা সিঙ্কোনি কম্পোজিটা প্রস্তুত করিতে ইহার আবশ্যকতা হয়।

কোলিয়প্টারা (Coleoptera) জাতি।

ক্যান্থারিস্ (Cantharis) ; ইং Cantharides। ক্যান্থারিস ভেসিকেটোরিয়া নামক পতঙ্গবিশেষ ; ইহাকে স্প্যানিশ্ ফ্লাই কহে।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। পতঙ্গ দীর্ঘে ৷৩৷৪ ইঞ্চ ও প্রস্থে ৷০ ইঞ্চ। দুইটী পাতলা স্বচ্ছ পক্ষযুক্ত, পক্ষদ্বয় উজ্জ্বল হরিদ্বর্ণ কোষ দ্বারা আচ্ছাদিত। ইহাতে ক্যান্থারাইডিন্ নামক বীর্য্য, বায়ীতৈল এবং রীস আছে।

ক্রিয়া। বাহ্যপ্রয়োগে স্থানিক উগ্রতা প্রকাশ করতঃ ফোস্কা উৎপাদন

করে এবং উহার বীর্য্য শোষিত হইয়া আভ্যন্তরিক প্রয়োগের লক্ষণ সকল প্রকাশ করে।

অল্প মাত্রায় আভ্যন্তরিক প্রয়োগে ইহা মূত্রকারক। এ অবস্থায় প্রস্রাব পরীক্ষা করিলে প্রস্রাবে এলবুমেন্ ও রক্তের চিহ্ন দেখিতে পাওয়া যায়। মাত্রাধিক্য হইলে প্রস্রাব করিতে জ্বালা ও রক্তস্রাব হয়। লিঙ্গোচ্ছাসের লক্ষণ দেখা যায় ও কোন কোন স্থলে প্রস্রাবের পরিমাণের হ্রাস বা একেবারে বন্ধ হইয়া আক্ষেপ এমন কি মৃত্যু পর্য্যন্ত হয়। ইহা কশেরুকা মজ্জার উত্তেজক।

আময়িক প্রয়োগ। প্লুরিসি পেরি কার্ডাইটিস্, নিউমোনিয়া প্রভৃতি বিবিধ আভ্যন্তরিক প্রদাহিক রোগে ইহার মর্দ্দন পলস্ত্রা, দ্রব ও মলম বাহ্য-প্রয়োগার্থ ব্যবহৃত হয়। পুরাতন স্নায়ুঘটিত বিবিধ পীড়ায় যথা, প্যারা-প্লিজিয়া, মূত্রাশয়ের পীড়াবশতঃ মূত্রধারণে অক্ষমতা রোগে টিংচার অব ক্যান্থারাইডিস্ সেবনে উপকার পাওয়া যায়। গ্লিট ও প্রদর রোগে ইহার অরিষ্ট অল্প মাত্রায় সেবনে উপকার করে।

ক্যান্থারাইডিস্ প্রয়োগকালে নিম্নলিখিত বিষয়গুলি স্মরণ রাখা কর্ত্তব্য।

১। মূত্রগ্রন্থির প্রদাহে ইহার আভ্যন্তরিক বা বাহ্যপ্রয়োগ একেবারে নিষিদ্ধ, কারণ, ইহার বীর্য্য কান্থারিডিন্ শরীরে শোষিত হইয়া রক্তস্রাব করাইতে পারে। গর্ভাবস্থায় ইহার প্রয়োগ নিষিদ্ধ।

২। অল্পবয়স্ক বা ক্ষীণ রোগীর ইহা দ্বারা ফোস্কা উৎপাদন করিবেন না, কারণ, ইহাতে ঐ স্থানে গ্যাংগ্রিণ (Gangrene) হইবার সম্ভাবনা।

প্রয়োগরূপ। ১ম। এসিটম্ ক্যান্থারাইডিস্ (Acetum Cantharidis)। ক্যান্থারাইডিস্ কুট্টিত ২ আং গ্লেসিয়াল্ এসেটিক্ এসিড্ ২ আং, এসেটিক্ এসিড ২ আং পূর্ণ করিতে যথাপ্রয়োজন।

২য়। চার্টা এপিস্প্যাষ্টিকা (Charta Epispastica)। শ্বেতমোম ৪ আং, তিমির বসা ১৸০ আং, অলিভ্ অয়েল্ ২ আং, রেজিন্ ১০ আং, ক্যানাডা বালসাম্ ।০ আং, ক্যান্থারাইডিস্ চূর্ণ ১ আং, পরিস্রুত জল ৬ আং।

ক্যানেডা বালসাম্ ভিন্ন অন্যান্য সমুদায় দ্রব্যকে জলস্বেদন যন্ত্রোত্তাপে দুই ঘণ্টা পর্য্যন্ত তপ্ত করিবে ও অনবরত আলোড়ন করিবে। পরে জল

ছাঁকিবার পর যে পলস্ত্রা থাকিবে তাহাকে অগ্নিতাপে গলাইয়া তাহাতে ক্যানেডা বালসাম্ মিলাইবে। পরে তপ্ত থাকিতে কাগজ খণ্ড খণ্ড করিয়া তাহার এক পৃষ্ঠা ইহার উপর বুলাইবে।

৩য়। এমপ্ল্যাষ্ট্রম ক্যালিফেসিয়েন্স (Emplastrum Calefaciens) ক্যান্থারাইডিস স্থূল কুট্টিত, জায়ফলের বায়ীতৈল, পীতমোম ও রেজিন্ প্রত্যেকের ৪ আং রেজিন্ প্ল্যাষ্টার ৩।০ পৌং, সাবানের পলস্ত্রা ২ পৌং, স্ফুটিত জল ১ পাং, ক্যান্থারাইডিসকে ৬ ঘণ্টা জলে ভিজাইবে; পরে নিঙড়াইয়া ছাঁকিয়া লইবে; অনন্তর জলস্বেদন যন্ত্র দ্বারা গাঢ় করিবে; তৃতীয়াংশ অবশিষ্ট থাকিতে অন্যান্য দ্রব্য জলস্বেদন যন্ত্রোত্তাপে দ্রব করিয়া ইহার সহিত মিলাইবে।

৪র্থ। এমপ্ল্যাষ্ট্রম ক্যান্থারাইডিস্ (Emplastrum Cantharidis)। ক্যান্থারাইডিস চূর্ণ ১২ আং, পীতমোম ও মেষের বসা প্রত্যেকে ৭।০ আং, শূকরের বসা ৬ আং, মোম শূকরের এবং মেষের বসা একত্রে জলস্বেদন যন্ত্রোত্তাপে গলাইবে; পরে ধূনা পৃথক্ গলাইয়া তাহার সহিত সংযোগ করিবে; শীতল হইয়া ঘন হইতে আরম্ভ হইলে ক্যান্থিরিডিস চূর্ণ মিশাইবে।

৫ম। লাইকার এপিস্প্যাষ্টিকস (Liquar Epispasticus)। ক্যান্থারাইডিস চূর্ণ ৫ আং, এসিটিক্ ইথার ২০ আং প্রস্তুত করিতে যথাপ্রয়োজন। ইহাকে লিনিমেণ্টম ক্যান্থারাইডিস কহে। কলোডিয়ান্ ভেসিকেন্স প্রস্তুত করিতে ইহার আবশ্যকতা হয়।

৬ষ্ঠ। টিংচ্যুরা ক্যান্থারাইডিস (Tinctura Cantharidis)। ক্যান্থারাইডিসের স্থূল চূর্ণ ।০ আং, প্রুফ্ স্পিরিট ১ পাং। আবৃত পাত্রে সপ্তাহ কাল ভিজাইয়া, ও মধ্যে মধ্যে আলোড়িত করিয়া, ঢালিয়া নিঙড়াইয়া ছাঁকিয়া, পরীক্ষিত সুরা সংযোগে ১ পাং পূর্ণ করিবে। মাত্রা ৫—২০ মিং।

৭। অঙ্গুয়েণ্টম ক্যান্থারাইডিস্ (Unguentum Cantharidis)। ক্যান্থারাইডিস ও পীতমোম প্রত্যেকে ১ আং, অলিভ অয়েল ৬ আং।

অ্যানেলিডা (Annelida) জাতি।

জলৌকা (Hirudo), ইং Leech। সাঙ্গুইসুগা মেডিসিনেলিস বা

স্পোকেল্ড নামক লীচ এবং সাঙ্গুইস্থগা অফিসিনেলিস বা গ্রীন্ লিচ। কোন স্থানের রক্তমোক্ষণ করিতে হইলে জলৌকা দ্বারা করান যাইতে পারে। প্রত্যেক জলৌকা ১—১।৷০ ড্রাম রক্তোমক্ষণ করে, কিন্তু এক্ষণে সেঁক (Fomentation), জলৌকার পরিবর্ত্তে ব্যবহৃত হয়, কারণ সেঁক দ্বারা বিশেষ উপকার পাওয়া যায়। জলের সহিত জলৌকা উদরস্থ হইলে, সামান্য পরিমাণ লবণ সেবন করিলে উহা মরিয়া যায়। জলৌকা দংশনজনিত রক্ত-রোধার্থ কলোডিয়ান্ কিম্বা কষ্টিক প্রয়োগে উপকার দর্শে।

স্পাঞ্জিডা (Spongida) জাতি।

স্পঞ্জিয়া অষ্টা (Spongia Usta); ইং Burnt Sponge। বৃটিশ ফার্ম্মাকোপিয়ায় গৃহীত নহে।

গলগণ্ড ও গণ্ডমালাগ্রস্ত লোকে ইহা সেবন করিলে উপকার পায়। মাত্রা ৩য়—১১০ গ্রেণ্।

জিলাটিনম্ (Gelatinum)।

প্রস্তুত প্রণালী। চর্ম্ম, পেশীবন্ধনী ও সন্ধিবন্ধনীগণ, অস্থি প্রভৃতি জেলেটিন্ সংযুক্ত জান্তব তন্তু হইতে ফুটিত জল দ্বারা প্রাপ্ত বায়ুদ্বারা শুষ্ক পদার্থ।

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। স্বচ্ছ, ফলক বা খণ্ডাকার। ঈষৎ দ্রব বর্ণহীন ও গন্ধবিহীন, শীতল হইলে ঘন আটার ন্যায় দেখায়। শির্কাদ্রাবকে দ্রব হয়। সপোজিটোরিয়া গ্লিসিরাইনম প্রস্তুত করিতে ইহার আবশ্যকতা হয়।

পরিশিষ্ট।

১৮৮৭ খৃঃ অব্দে ব্রিটিস্ ফার্ম্মাসুটিকাল কন্ফারেন্স্ সমিতির যে অধিবেশণ হয়, তাহাতে নিম্নলিখিত প্রয়োগরূপ গুলি গৃহিত হইয়াছে।

ক্লোর‍্যাল্ কাম্ ক্যাম্ফোরা (Chloral cum Camphora)। কর্পূর, ১ আং; হাইড্রেট্ অব্ ক্লোর‍্যাল্, ১ আং। উষ্ণ খলে উভয়কে মর্দ্দন করিয়া দ্রবীভূত করিবে, ও আবশ্যক হইলে ছাঁকিয়া লইবে।

এলিক্‌সার্ ক্যাস্কারা স্যাগ্রাডা (Elixir Cascara Sagrada)। সরস কমলা ত্বকের অরিষ্ট, ২ আং; শোধিত সুরা, ১ আং; দারুচিনির জল, ৩ আং; শর্করার পাক, ৬ আং; ক্যাস্কারা স্যাগ্রাডার তরলসার, ৮ আং। একত্র মিশ্রিত করিয়া লইবে। মাত্রা ১৫ মিং হইতে ২ ড্রাম। এলিক্‌সার্ গুয়ারানা; Elixir Guarana)। গুয়ারানা, নং ৬০ চূর্ণ, ৮ আং; লঘুম্যাগ্নিসিয়া, ॥০ আং; দারুচিনির তৈল, ৬ মিং; শর্করার পাক, ২ আং; পরীক্ষিত সুরা যথাপ্রয়োজন। চূর্ণ দ্বয়কে উত্তম রূপে মিশ্রিত করিবে ও ৩ আং পরীক্ষিত সুরা সংযোগে উহা আর্দ্র করিবে; ২৪ ঘণ্টা ভিজাইয়া রাখিয়া, ৮ আং স্থূল বালুকার সহিত মিলাইয়া পার্কোলেটর্ মধ্যে স্থাপন করিবে। ১৩ আং পরিমাণ নির্গত পর্য্যন্ত, যন্ত্র মধ্যে পরীক্ষিত সুরা ঢালিয়া দিবে; পরে যন্ত্রস্থ পিণ্ডকে "চাপস্থলী" নামক যন্ত্রে স্থাপন করিয়া সন্তাপ প্রয়োগ করিবে। যাহা পার্কোলেট্ হইয়া আসিবে তাহাতে শর্করার পাক ও দারুচিনির তৈল সংযোগ করিবে এবং নিষ্পেষিত তরল পদার্থ সংযোগে এক পাইন্ট পূর্ণ করিয়া লইবে; যদি প্রয়োজন হয়, তাহা হইলে নিপীড়িত দ্রবকে, সংযোগের পূর্ব্বে উৎপাতন দ্বারা উহারপরিমাণ হ্রাস করিয়া লইবে। মাত্রা, ॥০— ২ ড্রাম।০

এলিক্‌সার্ সিম্পেলক্স্ (Elixir Simplex)।

তিক্ত কমলার তৈল, ৩০ মিং; শোধিত সুরা, ৬ আং; দ্রব করিয়া লইবে। পরে পরিশ্রুত দারুচিনির জল, ৭ আং, শর্করার পাক, ৭ আং; সংযোগ করিয়া সমুদয়কে একত্রে মিশাইবে। পরীক্ষিত সুরায় কাগজ ভিজাইয়া ও উহাতে সুন্দর রূপে কেয়োলিন্ ছিটাইয়া, তন্মধ্যদিয়া ছাঁকিবে; প্রথম যে অংশ ছাঁকিয়া পড়িবে, তাহা ছাঁকনী নির্গত দ্রব উজ্জল বর্ণ হয়ন পর্য্যন্ত পুনঃ পুনঃ ছাঁকনীতে ঢালিয়া দিবে মাত্রা ২০—৬০ মিনিম।

ইমাল্‌শিয়ো ওলিয়ী মর্হুই; (Emulson Olei Morrhuæ)। কড্‌লিভার্ তৈল, ৪০ আং; ট্রাগাকান্থ চূর্ণ, ২০০ গ্রেণ; বেন্‌জোইনের সামান্য অরিষ্ট, ॥০ আং; স্পিরিট্ অব্ ক্লোরোফর্ম ॥০ আং; গ্লিসিরিন্, ২ আং; অয়েল্ অব্ ক্যাসিয়া, ২ ড্রাম; পরিশ্রুত জল, যথাপ্রয়োজন। একটি শুষ্ক উইন্‌চেষ্টার্ কোয়ার্ট মধ্যে তৈল স্থাপন করিবে; ট্রাগাকান্থ, বেন্‌জোইনের অরিষ্ট ও স্পিরিট্

অব্ ক্লোরোফর্ম্ একত্রে মিশ্রিত করিয়া তন্মধ্যে ঢালিয়া দিবে ; এক মিনিট কালতীব্র আলোড়ন করিয়া, এক কালে ১ পাইন্ট্ পরিশ্রুত জল ঢালিয়া দিয়া পূর্ব্বোক্ত প্রকারে আলোড়ন করিবে ; অবশেষে ক্যাসিয়া তৈল, গ্লিসিরিন্ ও যথাপ্রয়োজন পরিশ্রুত জল সংযোগে ৪ পাইন্ট্ পূর্ণ করিবে। সমুদয়কে কয়েক মিনিট পর্য্যন্ত সজোরে আলোড়ন করিবে। মাত্রা, ২ হইতে ৮ ড্রাম।

এক্স্‌ট্রাক্টাম্ গ্রিণ্ডেলিয়ী লিকুইডম্ ; (Extractum Grindelæ Liquidum)। গ্রিণ্ডেলিয়া নং চূর্ণ ২০ আং ; শোধিত সুরা যথাপ্রয়োজন। চূর্ণকে ৮ আং জলে ভিজাইয়া দৃঢ় ভাবে পার্কোলেশন্ যন্ত্র মধ্যে স্থাপন করিবে ও এ পরিমাণে সুরা ঢালিয়া দিবে যে সমুদয় চূর্ণ পূর্ণ হইয়া উপরে কতকাংশ অধিক হয়। যন্ত্র হইতে দ্রব নির্গত হইতে আরম্ভ হইলে যন্ত্রের নিম্নদেশস্থ ছিদ্র বন্ধ করিয়া দিবে, ও ৪৮ ঘণ্টা ভিজাইয়া রাখিবে। গ্রিণ্ডেলিয়া নিঃশেষ হওন পর্য্যন্ত সুরা সংযোগে ক্রমশঃ পার্কোলেট্ করিবে। চুয়াইয়া যাহা নির্গত হইবে তাহার প্রথম ১৭ আউন্স রাখিয়া দিবে, অবশিষ্টাংশের সুরা নিস্যন্দিত করিয়া ফেলিয়া, অবশিষ্ট দ্রবকে উৎপাতনদ্বারা কোমলসারের ন্যায় করিবে, ইহাকে পূর্ব্বরক্ষিত দ্রবে দ্রবীভূত করিয়া লইবে ; অনন্তর যথোচিত সুরা সংযোগে ১ পাইন্ট পূর্ণ করিবে। মাত্রা ১০—৩০ মিং।

এক্স্‌ট্রাক্টম হেমেমেলিডিস্ লিকুইডাম্ ; (Extractum Hamamelidis Liquidum)। (৩৯২ পৃষ্ঠা দেখ)।

এক্স্‌ট্রাক্টাম্ হাইড্রাষ্টিস্ লিকুইডাম, (Extractum Hydrastis Liquidum)। (২৪৩ পৃষ্ঠা দেখ)।

ইন্‌জেক্‌শিয়ো ক্যুরেরি হাইপোডার্ম্মিকা (Injectio Curaræ Hypodermica)। ক্যুরেরি, ৫ গ্রেণ্ ; পরিশ্রুত জল, যথাপ্রয়োজন। ক্যুরেরিকে এ প্রণালীতে চূর্ণ করিবে যেন উহা হস্তে সংলগ্ন না হয় এবং পরিশ্রুত জল সংযোগ তরল মণ্ডের ন্যায় হয়। পরে একটি ক্ষুদ্র ফনেলের নিম্ন মুখ, শোষক তুলা (এব্‌সর্ বেন্টউল) দ্বারা বদ্ধ করিয়া তন্মধ্যে স্থাপন করিবে, পরে যে পর্য্যন্ত না এক ড্রাম হয় সে পর্য্যন্ত কেবল পরিশ্রুত জল উহার উপর ঢালিয়া দিবে; যদি সদ্য প্রস্তুত প্রয়োজন হয়, তাহা হইলে নিম্নলিখিত প্রক্রিয়া অবলম্বন করিবে। ৫ গ্রেণ্ ক্যুরেরিতে ১ ড্রাম পরিশ্রুত

জল সংযোগ করিবা, উহাকে ফিলটার নামক ছাঁকনীতে ঢালিয়া দিবে, নিম্নে দ্রব ছাঁকিয়া পতন বন্ধ হইলে, ছাঁকনীতে এ পরিমাণে পরিস্রুত জল ঢালিয়া দিবে যে এক ড্রাম পরিমাণ ছাঁকিয়া আইসে। মাত্রা ১ হইতে ৬ মিং।

লিনিমেণ্টাম্ ওপিয়াই এমোনিয়েটাম্ (Linimentum Opii Ammoniatum)। সাবান মর্দ্দন, ৬৷আং; কর্পূরাদি মর্দ্দন, ৬৷আং; অহিফেনের অরিষ্ট, ৬ আং, বেলেডোনা মর্দ্দন, ১ আং; এমোনিয়ার উগ্রদ্রব ১ আং। একত্র মিশ্রিত করিয়া ছাঁকিয়া লইবে।

লাইকর্ ফেরি হাইপোফস্ফাইটিস্ কম্পোজিটাস্ (Liquor Ferri Hypophosphitis Compositus)। প্রতিসংজ্ঞা লাইকর ফেরি হাইপোফস্ফিস্ কোঃ হাইপোফস্ফাইট্ অব্ ক্যাল্সিয়াম, ৩২০ গ্রেণ্; হাইপোফস্ফাইট্ অব্ সোডিয়ম্, ৩২০ গ্রেণ্; হাইপোফস্ফাইট্ অব্ ম্যাগ্নিসিয়ম, ১৬০ গ্রেণ্, সল্‌ফেট্ অব্ আয়রন্, ২৪০ গ্রেণ্; কার্ব্বনেট্ অব্ সোডিয়ম, ৩৭৮ গ্রেণ্, হাইপোফস্ফরাস্ এসিড (আপেক্ষিক ভার ১০১৩৬) আং পরিস্রুত জল যথাপ্রয়োজন। হাইপোফস্ফাইট্ অব্ ক্যাল্সিয়াম সোডিয়াম ও ম্যাগ্নিসিয়াম্‌কে ৮ আং জলে দ্রবীভূত করিবে। হিরাকসেস্ ও কার্ব্বনেট্ অব্ সোডিয়ম্‌কে পৃথক পৃথক জলে দ্রব করিয়া লইবে, একত্রে মিশ্রিত করিবা, যে কার্ব্বনেট্ অব আয়রণ্ অধঃস্থ হইবে, তাহাকে ধৌত জলে নাইট্রেট্ অব্ বেরিয়মের দ্রব সংযোগ অধঃস্থ হওনী স্থগিত পর্য্যন্ত হয় শর্করাক্ত জলে ধৌত করিবে। আর্দ্র অধঃস্থ পদার্থকে হাইপোফস্ফাইটের দ্রবের সহিত মিশ্রিত করিবে এবং ক্রমশঃ হাইপোফস্ফরাস্ এসিড্ সংযোগ করিবে; অনন্তর পরিস্রুত জল সংযোগে এক পাইন্ট পূর্ণ করিবে। ইহার প্রতি ড্রামে দুই গ্রেণ্ হাইপোফস্ফাইট্ অব্ সোডিয়াম্, ২ গ্রেণ্ হাইপোফস্ফাইট্ অব্ ক্যালসিয়ম্, এক গ্রেণ্ হাইপোফস্ফাইট্ অব্ ম্যাগনিসিয়াম্ এবং ১॥০ গ্রেণ্ হাইপোফস্ফাইট্ অব্ আয়রন্ আছে। মাত্রা, ॥০—২ ড্রাম।

লাইকর্ পাইসিস্ কার্ব্বনিস্ (Liquor Picis Carbonis)। প্রস্তুত কোল টার্, ৪ আং; ক্যুইলেয়া অরিষ্ট, ১ পাইন্ট। ১২০ তপাংশ ফার্ণহীট উত্তাপে ২ দিবস পর্য্যন্ত ভিজাইয়া রাখিবে, শীতল হইলে উপরাংশ পাত্রান্তর করিয়া ছাঁকিয়া লইবে।

পাইলুলা ফেরি (Pilula Ferri)। (১৪৯ পৃষ্ঠা দেখ)।

পিক্স্ কার্ব্বনিস্ লিকুইডা প্রিপারেটা (Pix Carbonis Liquida Præparata)। অগভীর পাত্রে সাধারণ বাজারের কোলটারকে ২২০ তাপাংশে ফার্ণহীট উত্তাপে ৪ ঘণ্টা কাল উত্তপ্ত করিবে ও এই সময়ে উহাকে ঘন ঘন আলোড়ন করিবে।

সাইরূপস্ এপোমর্ফাইন্ হাইড্রোক্লোরেটিস (Syrupus Apohmorphinæ Hydrochloratis)। হাইড্রোক্লোরেট্ অব্ এপোমরাপাইন্ ৫ গ্রেণ্ ডাইলিউটেড্ হাইড্রোক্লোরিক্ এসিড্, ২ ড্রাম; শোধিত সুরা, ৭ ড্রাম; পরিস্রুত জল ৭ ড্রাম, শর্করার পাক, ২৮ ড্রাম। শোধিত সুরা ও পরিস্রুত জল একত্র মিশ্রিত করিয়া এই মিশ্র আলোড়ন দ্বারা হাইড্রোক্লোরেট্ অব্ এপোমর্ফাইন্ দ্রব করিয়া লইবে; পরে হাইড্রোক্লোরিক্ এসিড্ সংযোগ করিয়া শর্করার পাক মিশাইয়া লইবে। মাত্রা ।০—২০ ড্রাম।

সাইরূপাস্ বিউটিল্ ক্লোর‍্যাল্ (Syrupus Butyl Chloral)হাইড্রেট্ অব্ বিউটিল্ ক্লোর‍্যাল্, ৩২ গ্রেণ্; শর্করার পাক ২ পাইন্ট পূর্ণ করণার্থ যথা-প্রয়োজন। শর্করার পাককে উত্তপ্ত করিয়া তাহাতে হাইড্রেট্ অব্ বিউটিল্ ক্লোর‍্যাল্ দ্রবীভূত করিয়া লইবে। মাত্রা ২—৪ ড্রাম।

সাইরূপাস্ ক্যাল্সিয়াই, ম্যাঙ্গানেসিয়াই এট্ পোটাসিয়াই হাইপোফাস্ফাইটাম (Syrupus Manganasii et Potassii Hypophosphitum)। হাইপোফসফাইট্ অব্ ক্যাল্সিয়াম্ ৩২০ গ্রেণ্। হাইপোফস্ফাইট্ অব্ ম্যাঙ্গানিস্, ১৬০ গ্রেণ। হাইপোফসফাইট অব পোটেসিয়ম্ ১৬০ গ্রেণ। স্ফুটিত পরিস্রুত জল, ৪ আং। উষ্ণ জলে সমুদয়কে মর্দ্দন করিয়া প্রায় দ্রবীভূত করিয়া লইবে। পরে যথাপ্রয়োজন শর্করা পাক সংযোগে ১ পাং পূর্ণ করিবে। মাত্রা ।০—১ ড্রাম্।

সাইরূপাস্ ক্যাস্কারা স্যাগ্রাডা (Syrupus Cascara Sagrada)। ক্যাস্কারা স্যাগ্রাডার তরল সার, ৩ আং, কার্মিনেটিভ্ টিংচার্ (বায়ুনাশক অরিষ্ট) ২ ড্রাং, শর্করার পাক, ১ পাইন্ট পূর্ণ করণার্থ যথাপ্রয়োজন। একত্র মিশ্রিত করিয়া লইবে। মাত্রা ১—৪ ড্রাম্।

সাইরূপাস্ ফেরি হাইপোফসফাইটিস (Syrupus Ferri Hypophosphatis)। সাল্ফেট্ অব্ আয়রন্ ২৩২ গ্রেণ্; শীতল পরিস্রুত জল ২ আং;

দ্রব করিয়া লইবে ; পরে হাইপোফস্‌ফাইট্‌ অব্‌ ক্যাল্‌সিয়াম্‌ ১৬০ গ্রেণ্‌ ; হাইপোফস্‌ফরাস্‌ এসিড্‌ (আপেক্ষিকভার ১.১.৩৬) ২ ড্রাম্‌ শীতল পরিশ্রুত জল ৪ আং দ্রব করিয়া লইবে। এই পাক বোতলে পূর্ণ করিয়া রাখিবে ; এবং প্রয়োজন মত সাইফন্‌ দ্বারা বাহির করিয়া লইবে। মাত্রা ||০—২ ড্রাম।

সাইরূপাস্‌ ফেরি ফস্‌ফেটিস্‌ কম্পোজিটাস্‌ (Syrupus Ferri Phosphatis Compositus) কলঙ্কবিহীন লৌহতার, ৩৭||০ গ্রেণ্‌ ; গাঢ় ফস্‌ফরিক্‌ এসিড্‌ (আপেক্ষিকভার ১.৫) ১ আং পরিশ্রুত জল ৫ ড্রাম্‌, সমুদয়কে একটি কাঁচ ভাণ্ডে স্থাপন করিবে যেন লৌহ তার সমুদয় দ্রবে নিমগ্ন হইয়া থাকে। ভাণ্ডের মুখ তুলা দ্বারা বদ্ধ করিবে এবং যে পর্য্যন্ত না দ্রব হয় সে পর্য্যন্ত মৃদু উত্তাপ প্রয়োগ করিবে। অনন্তর নিম্ন লিখিত রূপে প্রস্তুত দ্রব শীতল হইলে তাহাতে এই দ্রব সংযোগ করিবে;—প্রিসিপিটেটেড্‌ কার্ব্বনেট্‌ অব্‌ ক্যালসিয়াম্‌ ১২০ গ্রেণ্‌ ; গাঢ় ফস্‌ফরিক্‌ এসিড্‌ ৪ ড্রাম্‌, পরিশ্রুত জল ২ আং একত্র মিশ্রিত করিয়া বাইকার্ব্বনেট্‌ অব্‌ পোটাসিয়াম্‌ ৯ গ্রেণ্‌ ও ফস্‌ফেট্‌ অব্‌ সোডিয়াম্‌ ৯ গ্রেণ্‌ সংযোগ করিবে এবং ছাঁকিয়া স্বতন্ত্র রাখিয়া দিবে। পরে কোচিনীয়াল্‌ ৩০ গ্রেণ, পরিশ্রুত জল ৭||০ আউন্স একত্রে লইয়া ১৫ মিনিট পর্য্যন্ত ফুটাইয়া ছাঁকিবে। ছাঁকনীতে এ পরিমাণে পরিশ্রুত জল ঢালিয়া দিবে যে সর্ব্বসমেত ৭ আং পরিমাণ পূর্ণ হয়। ইহাতে শোধিত শর্করা ১৪ আং মিশ্রিত করিবে ; যে পর্য্যন্ত না দ্রব হয় ততক্ষণ উত্তাপ প্রয়োগ করিবে এবং পরে ছাঁকিয়া নিঙড়াইয়া লইবে। শীতল হইলে পূর্ব্বরক্ষিত ছাঁকা দ্রব মিশ্রিত করিবে ও এ পরিমাণে জল সংযোগ করিবে যেন সমুদয়ে ১ পাং পূর্ণ হয়। ইহার প্রতি ড্রামে প্রায় অর্দ্ধ গ্রেণ্‌ ফস্‌ফেট্‌ অব্‌ আয়রন্‌, ৪/৫ গ্রেণ্‌ ফসফেট্‌ অব্‌ ক্যাল্‌-সিয়াম্‌ ও অল্প পরিমাণে ফস্‌ফেট্‌ অব্‌ পোটেসিয়ম্‌ ও সোডিয়াম্‌ আছে। এই পাক বোতলে পূর্ণ করিয়া রাখিবে। মাত্রা ||০ —২ ড্রাম।

সাইরূপাস্‌ ফেরি কুইনাইনী এট্‌ ষ্ট্রিকনাইনী ফস্‌ফেটাম্‌ (Syrupus Ferri Quininæ et Strychninæ Phosphatum) ষ্ট্রিকনাইন্‌ চূর্ণ ৫ গ্রেণ্‌ ; গাঢ় ফস্‌ফরিক্‌ এসিড্‌ (আপেক্ষিক ভার ১.৩) ৭৫ মিং ; পরিশ্রুত জল ২২৫ মিং দ্রব করিয়া পরে ফস্‌ফেট্‌ অব্‌ কুইনিন্‌ ১২০ গ্রেণ্‌ যোগ করিবে। সমুদায়কে মৃদু সন্তাপে দ্রব করিয়া সিরাপ্‌ অব্‌ ফসফেট্‌ অব্‌ আয়রণে

সংযোগ করিয়া ১ পাং পূর্ণ করিবে। সমুদায়কে উত্তমরূপে মিশ্রিত করিয়া লইবে। ইহার প্রতি ড্রামে ১ গ্রেণ্ ফস্ফেট্ অব্ আয়রণ্, ৩/৪ গ্রেণ্ ফস্ফেট্ অব্ কুইনাইন্ এবং এবং ১/৩২ গ্রেণ্ ষ্ট্রিক্নাইন্ আছে। মাত্রা ||০—১ ড্রাম।

সাইরূপাস্ হাইপোফস্ফাইটাম্ কম্পাজিটাস্ Syrupus Hypophosphitum Compositus। কুইনাইন উপক্ষার ২০ গ্রেণ্। ষ্ট্রিক্নাইন্ ১ গ্রেণ্। হাইপোফস্ফরাস্ এসিড্ (শতকরা ৩০) ২ ড্রাম্। হাইপোফস্ফাইট্ অব্ আয়রণের উগ্র দ্রবে ৩ আং দ্রব করিবে। অনন্তর হাইপোফস্ফাইট্ অব্ ক্যালসিয়াম্ ৮০ গ্রেণ্, হাইপোফস্ফাইট্ অব্ ম্যাঙ্গেনিজ্ ও পোটেসিয়ম্ প্রত্যেক ৪০ গ্রেণ্, দ্রব করিয়া মিশ্রিত করতঃ ছাঁকিবে; পরে শর্করার পাক সহযোগে ১ পাইন্ট্ পূর্ণ করিবে; ইহার প্রতি ড্রামে ১/১৬০ গ্রেণ্ ষ্ট্রীক্নাইন্ ১/৮ গ্রেণ্ কুইনাইন আছে। মাত্রা ||০—২ ড্রাম।

সাইরূপাস্ এল্থি (Syrupus Althæ) এল্থি রুট্ ও শোধিত সুরা যথাপ্রয়োজন। মাত্রা ||০ হইতে ২ ড্রাম।

টিংচ্যুরা বেন্জোয়েনী সিম্প্লেক্স্ (Tinctura Benzoini Simplex) বেন্জোয়াইন্ চূর্ণ ২ আং, শোধিত সুরা ১ পাং। ২৪ ঘণ্টা পর্য্যন্ত ভিজাইয়া রাখিয়া মধ্যে মধ্যে আলোড়িত করিবে, পরে ছাঁকিবে এবং যথাপ্রয়োজন শোধিত সুরা সংযোগে ১ পাইন্ট্ পূর্ণ করিবে।

টিংচ্যুরা ব্রাইয়োনিয়ী (Tinctura Bryoniæ) সরস ব্রাইয়োনীয়ার মূল শোধিত সুরা ও পরিশ্রুত জল যথাপ্রয়োজন। মাত্রা ১—১০ মিনিম্।

টিংচ্যুরা কার্ম্মিনেটিভা (Tinctura Carminativa) এলাচি বীজ কুট্টিত শুঠীর উগ্র অরিষ্ট, দারুচিনির তৈল, ক্যারাওয়ে তৈল; লবঙ্গের তৈল, শোধিত সুরা। মাত্রা ২—১০ মিনিম্।

টিংচ্যুরা কন্ভ্যালেরিয়া (Tinctura Convalaria) লিলি অব্ দি ভ্যালি পুষ্প ও বৃন্ত, পরীক্ষিত সুরা যথাপ্রয়োজন। মাত্রা ৫—২০ মিনিম্।

টিংচ্যুরা কোটো (Tinctura Coto) কোটো বল্কল, শোধিত সুরা। মাত্রা ১০—৩০ মিনিম্।

টিংচ্যুরা আর্গটি এমোনিয়েটা (Tinctura Argoti Emmoniata) আর্গট, এরোমেটিক্ স্পিরিট্ অব্ এমোনিয়া। মাত্রা ১০ –৫০ মিনিম।

টিংচ্যুরা এরিথ্রফ্লিয়ী (Tinctura Erithrofliæ) ক্যাক্কা বল্কল নং ২০ চূর্ণ, ২ আং শোধিত সুরা যথাপ্রয়োজন। পূর্ব্বোক্তের ন্যায় অরিষ্টের প্রস্তুত করিয়া লইবে। মাত্রা ৫—১০ মিং।

টিংচ্যুরা ইউফর্বিয়ী (Tinctura Euphorbiæ) ইউফর্বিয়া, নং ২০ চূর্ণ ৪ আং; পরীক্ষিত সুরা যথাপ্রয়োজন। পূর্ব্বোক্ত প্রকারে অরিষ্ট প্রস্তুত করিয়া লইবে। মাত্রা ১০—৩০ মিং।

টিংচ্যুরা হেমেমেলিডিস্ (Tinctura Hamamalidis) ৩৯২ পৃষ্ঠা দেখ।

টিংচ্যুরা আইয়োডাই ডিকোলারেট্ (Tinctura Iodi Decolarate) আইওডিন্ ২৫০ গ্রেণ্, শোধিত সুরা ৫।০ আউন্স; মৃদু সন্তাপে গলাইয়া লইবে শীতল হইলে কাঁচের ছিপিযুক্ত বোতল মধ্যে ঢালিয়া, উগ্র দ্রব ১০ ড্রাম্ সংযোগ করিবে অনন্তর যে পর্য্যন্ত না বিবর্ণ হয় সেই পর্য্যন্ত উষ্ণ স্থানে এই মিশ্র রাখিয়া দিবে, পরে শোধিত সুরা সংযোগে এক পাইন্ট্ পূর্ণ করিয়া লইবে।

টিংচ্যুরা প্রুনাই ভার্জিনিয়েনী (Tinctura Pruni Virginianæ) বন্যচেরির বল্কল নং ২০ চূর্ণ ৮ আং; পরিশ্রুত জল ১৫ আং; ২৪ ঘণ্টা আবৃত পাত্র মধ্যে ভিজাইয়া রাখিবে; পরে ২৫ আং শোধিত সুরা সংযোগে সপ্তাহ পর্য্যন্ত ভিজাইবে। অবশেষে নিঙড়াইয়া, ছাঁকিয়া, যথাপ্রয়োজন পরীক্ষিত সুরা সংযোগে ১ পাং পূর্ণ করিয়া লইবে। মাত্রা ২০—৬০ মিং।

টিংচ্যুরা কুইলেয়ী (Tinctura Quillayæ) কুইলিয়িয়ার বল্কল ২ আং, শোধিত সুরা ১ পাং। চূর্ণকে যথোচিত সুরা সংযোগে ২৪ ঘণ্টা ভিজাইয়া রাখিবে। পরে পার্কোলেটার যন্ত্রে স্থাপন করিয়া ক্রমশঃ শোধিত সুরা সংযোগে ১ প্যাং অরিষ্ট প্রস্তুত করিয়া লইবে। মাত্রা ২০—৬০ মিনিম্।

টিংচ্যুরা ষ্ট্রোফ্যান্থাই (Tinctura Stropanthi) ৩৯৩ পৃষ্ঠা দেখ।

সম্পূর্ণ।

নির্ঘণ্ট।

A.

বিষয়।		পৃষ্ঠা।

B

C.

বিষয়।		পৃষ্ঠা।

D.

বিষয়।		পৃষ্ঠা।
এক্স্‌ট্র্যাক্টম্‌ হেমাটক্সিলাই	Extractum Hæmatoxyli	২৯৪
„ হাইড্র্যাষ্টিস্‌ লিকুইডম্‌	„ Hydrastis Liquidum	২৪৩
„ হাইয়োসায়েমাই	„ Hyoscyami ...	৩৫০
„ জ্যাবোর‍্যাণ্ডি	„ Jaborandi ...	২৮০
„ জ্যালাপি	„ Jalapæ ...	৩৪২
„ ক্রামেরি	„ Krameriæ ...	২৬৬
„ ল্যাক্টুসি	„ Lactucæ ...	৩২৭
„ লুপুলাই	„ Lupuli ...	৩৭১
„ মেজেরিয়াই ইথিরিয়ম্‌	„ Mezerei Æthereum	৩৬৩
„ নিউসিস্‌ ভমিসি	„ Nucis Vomicæ	৩৩৬
„ ওপিয়াই	„ Opii ...	২৫০
„ „ লিকুইডম্‌	„ „ Liquidum ...	ঐ
„ প্যাপাভেরিস্‌	„ Papaveris ...	২৪৮
„ পেরাইরি	„ Pareiræ ...	২৪৬
„ „ লিকুইডম্‌	„ „ Liquidum	ঐ
„ ফাইসষ্টিগ্‌মেটিস	„ Physostigmatis	২৯২
„ কোয়াসিয়ি	„ Quassiæ ...	২৮১
„ র‍্যাম্‌নাই ফ্র্যাঙ্গুলি	„ Rhamni Frangulæ	২৮২
„ „ „ লিকুইডম্‌	„ „ „ Liquidum	ঐ
„ রিয়াই	„ Rhei	৩৫৭
„ সার্সি লিকুইডম্‌	„ Sarsæ Liquidum	৩৭৯
„ ষ্ট্র্যামোনিয়াই	„ Stramonii ...	৩৪৯
„ ট্যারাক্সেসাই	„ Taraxaci ...	৩২৬
„ „ লিকুইডম্‌	„ „ Liquidum ...	ঐ
„ এক্স্‌টার্নাল্‌ সিডেটিভ্‌স্‌	„ External Sedatives	[illegible]

বিষয়। পৃষ্ঠা।

J.

বিষয়। পৃষ্ঠা।

বিষয়। পৃষ্ঠা।

S.

বিষয়। পৃষ্ঠা।

বিষয়।		পৃষ্ঠা।
সপোজিটোরিয়া প্লম্বাই কম্পোজিটা	Suppositoria Plumbi Composita	২৫২
সাইরূপস্	Syrupus ...	৩৯০
,, এল্‌থি	,, Althæ ...	৪১০
,, এপোমর্ফাইনি হাইড্রোক্লোরেটিস্	,, Apomorphinæ Hydrochloratis	৪০৮
,, অরেন্সিয়াই	,, Aurantii ...	২৬৯
,, ,, ফ্লোরিস্	,, ,, Floris	২৭০
,, বিউটিল্ ক্লোরাল্	,, Butyl-Chloral ...	৪০৮
,, ক্যাস্কারা স্যাগ্রেডা	,, Cascara Sagrada	ঐ
,, ক্যাল্সিয়াই ম্যাঙ্গাসিয়াই এট পটাসিয়াই হাইপোফস্ফাইটম্	,, Calcii Manganasii et Potassii Hypophosphitum	ঐ
,, ক্লোরাল্	,, Chloral ...	২২৭
,, ফেরি হাইপোফস্ফাইটিস্	,, Ferri Hypophosphitis	৪০৮
,, ,, আইয়োডিডাই	,, ,, Iodidi ...	১৮০
,, ,, ফস্ফেটিস্	,, ,, Phosphatis	১৫১
,, ,, ,, কম্পোজিটস্	,, ,, ,, Compositus	৪০৯
,, ,, কুইনাইনি এট ষ্ট্রীক্নাইনি ফস্ফেটম্	,, ,, Quininæ et Strychninæ Phosphat...	
,, ,, সব্ক্লোরাইডি	,, ,, Subchloridi	১৪৫
,, হেমিডেস্মাই	,, Hemidesmi ...	৩৩৮
,, হাইপোফস্ফাইটম্ কম্পোজিটম্	,, Hypophosphitum Compositus ...	৪১০
	,, Limonis ...	২৭০
	,, Mori ...	[illegible]